الميه। (আলমিয়া) আঃ নাঃ পুং ; মর্মন্তুদ কাহিনী। ট্রাজেডী (Tragedy)।

الن। (উল্লান) হিঃ বিঃ ; বেকুফ নারী।

النٹنا। (উলান্ডনা) হিঃ মৃঃ ; উল্টানো।

الم غلم। (আল্লাম-গাল্লাম) হিঃ নাঃ পুং ; বাজে কথা, অসঙ্গত কথা, অর্থহীন প্রলাপ।

النکار। (অলঙ্কার) সং নাঃ পুং ; অলঙ্কার। অঙ্গভূষণ। প্রসাধন। কাব্যের ছন্দ-সৌকর্য।

الو। (আলু) হিঃ নাঃ পুং ; আলু। (শিকড় জাতীয় তরকারী বিশেষ)।

الو। (উল্লু) হিঃ নাঃ পুং ; পেঁচা, বোকা, হাবা। الوبنانا। (-বানানা) বোকা বানান। ঠকান। হাস্যস্পদ করা।

الوكا پٹها। (- কা পাঠ্‌ঠা) নেহাৎ বেকুফ। আহাম্মক।

الواح। (আলওয়াহ) আঃ নাঃ পুং ; (لوح -এর ব-ব) তক্তা। শিলা খন্ড। ফলক।

الواط। (আলওয়াত) আঃ নাং পুং ; কৌতুক-দর্শী।

الوپ। (অলূপ) হিঃ বিঃ ; লুক্কায়িত। গুপ্ত। অদৃশ্য।

الوداع। (আল-বিদা) আঃ নাঃ স্ত্রীং ; বিদায় সূচক সম্বোধন। جمعة الوداع (জুমা -) রমযানের শেষ শুক্রবার।

آلودگی (আ-লুদগী) ফাঃ নাঃ স্ত্রীং ; অপবিত্রতা। মলিনতা। অপবিত্র বা ঘৃণিত বস্তু মিশ্রিত হওয়া।

آلوده (আলুদাঃ) ফাঃ বিঃ ; অপবিত্র। মলিন। ক্লেদাক্ত।

الول। (অলোল) হিঃ নাঃ স্ত্রীং ; কৌতুক। ক্রীড়া। খেলা। الول كلول كرنا। (-কলোল করনা) ক্রীড়া কৌতুক করা। রঙ্গতামাসা করা।

الوهیت (উলূহিয়্যাত) ফাঃ নাঃ স্ত্রীং ; ঈশ্বরত্ব।

آله (আলাঃ) ফাঃ নাঃ পুং ; যন্ত্র। সরঞ্জাম। অস্ত্র। হাতিয়ার। মাধ্যম।

الول کلول (আলুল কিলোল) হিঃ নাঃ পুং ; খেলাধুলা।

المینیم (আলুমিনিয়াম-Aluminium) ইং ; এলুমিনিয়াম। সাদারঙের হাল্কা ধাতব পদার্থ।

الونا (আলুনা) হিঃ বিঃ ; লবণহীন। স্বাদহীন।

الونذ (আলুন্দ) ইরানের একটি প্রকান্ড পাহাড়।

الهام (ইলহাম) আঃ নাঃ পুং ; খোদার পক্ষ থেকে অন্তঃনিক্ষিপ্ত নির্দেশ বা বার্তা।

الهڑ (উল্লড়) হিঃ বিঃ ; বেপরোয়া। যেমন খুশী তেমন। মনচাহী চলন। নাদান। অল্পবয়স্ক। যে বাছুরের দাঁত গজায়নি। الهڑپن (– পন) ছেলেমি। ছ্যাবলামি। বোকামি। ভাঁওতাবাজী।

الهنا (উলাহনা) হিঃ মূঃ ; পয়ঃনিষ্কাশন। পানি সেচে ফেলা।

الیچنا (উলেচ্না) হিঃ মূঃ ; জল নিষ্কাশন করা।

الیاس (ইল্য়াছ) আঃ নাঃ পুং; একজন নবীর নাম।

الیکٹرک (Electric-ইলেক্ট্রিক) ইং বিঃ ; বৈদ্যুতিক।

الیکشن (Election-ইলেকশন) ইং নাঃ পুং ; ভোটাভুটি। রায় প্রদান। নির্বাচন।

الیل (উলায়ল) হিঃ বিঃ ; দাঁতহীন বাছুর। বেপরোয়া। ছেলেমি। অনভিজ্ঞ।

الیم (আলীম) আঃ বিঃ ; যন্ত্রণাদায়ক। পীড়াদায়ক। দৃষ্টান্তমূলক।

الیا (আলিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট তাক। ক্ষুদ্র র‍্যাক। স্বল্পস্তর।

ا – م

اَم (আ-ম) হিঃ নিঃ পুং ; আম, আম্র।

اَم (আ-ম্) ভাবপ্রকাশ শব্দ, দুধের বাচ্চার পানি পানের উক্তি।

اِم (ইম) ফাঃ নাঃ স্ত্রীং ; আজ। এই। যৌগিকভাবে ব্যবহৃত যেমন– امروز – امسال (আজকের দিন)। امسال (একবৎসর)।

اُم (উম্মুন) আঃ নাঃ স্ত্রীং ; মাতা। মা।

ام الامراض (–আল-আমরাজ) সকল রোগের মা। সকল রোগের মূল রোগ। সব চেয়ে বড় রোগ। রোগের তাকাব্বুর। অহংকার। আত্মগর্ব। ام الخبائث (– আল খাবায়েছ) মদ। ام العلوم (–আল উলুম) ইলমুস সরফ। ام القری (– আল কুরা) মক্কা মুকাররমা। ام الکتاب (–আল কিতাব) কোরআনের মূল। সূরা ফাতেহা।

ام الولد (–আলওয়ালাদ) মনিবের বাচ্চা প্রসব করেছে যে বাঁদী ام غیلان (– গায়লান) বাবলা। কাকড়ী।

الام (আল-উম্) আঃ নাঃ পুং ; ইমাম শাফেয়ী (রহঃ) লিখিত বিখ্যাত কিতাব।

اما (আম্মা) আঃ ; কিন্তু, পরে, অথচ। তা সত্ত্বেও। এরপরও। অবশ্য।

اما (ইম্মা) আঃ ; হয়ত। অথবা। বা।

آماج (আ-মাজ) ফাঃ নাঃ পুং ; নিশানা। নিদর্শন। ফলক। মাইল স্টোন। آماجگه (– জগাঃ) নিশানাস্থল।

آمادگی (আ-মাদগী) ফাঃ নাঃ স্ত্রীং ; প্রস্তুতি ; প্রবণতা। আসক্তি।

آماده (আ-মাদাহ) ফাঃ বিঃ ; সন্তুষ্ট। প্রস্তুত।

امارت (ইমারত) আঃ নাঃ স্ত্রীং ; রাষ্ট্র। বিত্তশালীতা। নেতৃত্ব। অধিনায়কত্ব।

اماره (আম্মারা) আঃ বিঃ ; অধিক

নির্দেশদাতা। কু-প্রবৃত্তি। দাম্ভিক। জালেম। খবিছ আত্মা।

آمس (আমাস) ফাঃ নাঃ পুং ; ফোলা-ফাঁপা। স্ফীতি।

اماس (আমাস) আঃ নাঃ পুং ; চন্দ্রমাসের ২৮ তারিখ। রাত্রি পূর্ণ আঁধারে আচ্ছাদিত।

امد (আমাদ) ফাঃ নাঃ পুং ; আসা। আগমন করা। তাশরীফ আনা।

امد آمد (-আমাদ) আসা-যাওয়া। আসতেই থাকা। আগমন ঘোষণা। বাশ্লোগান। আগমন।

آمدنی (আমদানী) ফাঃ নাঃ স্ত্রীং ; আমদানী। অর্জন। প্রাপ্তি। উপকার। বহিঃরাষ্ট্র থেকে। খরীদ। ইমপোর্ট। আয়। রাজস্ব। লাভ।

آمر (আমের) আঃ বি ; হুকুমদাতা। বস্। একনায়কতন্ত্রী (Dictator)।

اموزش (আমুরোজশ) ফাঃ নাঃ স্ত্রীং ; দান। উপহার।

امرزگار (-গার) দাতা।

آمریت (আ-মেরিয়্যাত) আঃ স্ত্রীং ; একনায়কতন্ত্রের একচ্ছত্র শাসন।

آمله (আ-মুলাঃ) ফাঃ নাঃ পুং ; আলো। উজ্জ্বল।

آمال (আ-মাল) আঃ নাঃ স্ত্রীং ; আশা-ভরসা। (امل -এর ব-ব)।

اماله (ইমালা) আঃ নাঃ পুং ; আকর্ষণ করা। বেঁকে পড়া। কুরআনে একটি আয়াতের মধ্যে এভাবে পড়া হয়। بسم الله مجرها বিসমিল্লাহি মাজরেহা।

امام (ইমাম) আঃ নাঃ পুং ; নেতা। দিশারী। নামায পড়ান যিনি। (ব-ব ائمة) امام اعظم (- আযম) আবু হানিফা (রহঃ)-এর খেতাব। امام باڑہ (-বাড়া) ইমামবাড়া। যেখানে তাজিয়া ইত্যাদি বানিয়ে শিয়া উৎসব (মুহাররম) পালন করা হয়।

امامت (ইমামত) আঃ নাঃ স্ত্রীং ; দিক নির্দেশনা। দিশা। নামাযে ইমামতি করা বা ইমামতির চাকুরী।

امامیه (ইমামিয়া) আঃ বিঃ ; শিয়াদের যারা বার ইমাম মেনে থাকে।

امان (আমান) আঃ নাঃ পুং ; আশ্রয়। নিরাপত্তা।

اماں (আঁমা) আহ্বানসূচক শব্দ ; হে ! ওহে ! ওগো ! আরে ! কিহে !

اماں (আম্মা) হিঃ নাঃ স্ত্রীং ; আম্মা, মাতা।

امانا (আমানা) হিঃ মূঃ ; ভরা। পূর্ণ করা। এঁটে যাওয়া।

امانت (আমানত) আঃ নাঃ স্ত্রীং ; আমানত। বিশ্বস্ততা। গচ্ছিত রাখা। যে জিনিষ ব্যবহার বা পরিবর্তন করা বৈধ নয়। অগোচরে হারিয়ে গেলে যার ক্ষতিপূরণ দিতে হয় না।

امانی (আমানী) স্ত্রীং ; স্বনির্ভর কাজ। নিরাপত্তা। জিম্মা। নিজের তত্ত্বাবধানে কাজ।

اماوٹ (আমাওট) হিঃ নাঃ পুং ; আমরস। আমসত্ব।

اماوس (আমাওস্) সং নাঃ স্ত্রীং ; কৃষ্ণ পক্ষের ১৫ তারিখ। চান্দ্র মাসের শেষ দিন। আমাবস্যা।

امبر (আম্বর) হিঃ নাঃ পুং ; চাদর। আসমান। মেঘ। রাজ পোষাক।

امبولنس (এম্বুলেন্স-Ambulance) ইং নাঃ স্ত্রীং ; এম্বুলেন্স। রোগীবাহী গাড়ি।

امپائر (আম্পায়ার-Umpire) ইং নাঃ পুং ; ক্রিকেট বা হকি খেলা পরিচালক। আম্পায়ার।

امپائر (ইম্পেয়ার-Empire) ইং নাঃ স্ত্রীং ; সাম্রাজ্য। রাজত্ব। সালতানাত।

امپراطور (ইম্পারাতোর) ফাঃ নাঃ পুং ; ইং 'ইম্পার'-এর ফারসী রূপান্তর। মহারাজা।

امپرر (ইম্পারার-Emperor) ইং নাঃ পুং ; বাদশাহ সম্রাট। রাজা।

امپورٹ (ইমপোর্ট–Import) ইং নাঃ পুং ; ইমপোর্ট। আমদানী।

امپریل (ইম্পেরিয়াল–Imperial) সাম্রাজ্য। رومن امپریل (রোমান-) রোম সাম্রাজ্য।

امت (উম্মত) আঃ নাঃ স্ত্রীং ; নবীর উম্মত। গোত্র। জামায়াত। অনুসারী। শিষ্য। জাত। দল। (ব–ব, امم)।

امتثال (ইমতিছাল) আঃ নাঃ পুং ; হুকুম মান্য করা। হুকুম তামীল করা।

امتحان (ইমতিহান) আঃ নাঃ পুং ; পরীক্ষা। মুসিবত। পরখ।

امتداد (ইমতিদাদ) আঃ নাঃ পুং ; প্রলম্ব। দৈর্ঘ্য।

امتلا (ইমতিলা) আঃ নাঃ পুং ; বদহজমী।

امتناع (ইমতিনা) আঃ নাঃ পুং ; বাধা। নিষেধ। প্রতিবন্ধন সৃষ্টি।

امتنان (ইমতিনান) আঃ নাঃ পুং ; এহসান করা। দয়া করা। উপকার করে খোটা দেয়া।

امتیاز (ইমতিয়ায) আঃ নাঃ পুং ; পার্থক্য। প্রাধান্য। বুঝ। উপলব্ধি। বৈশিষ্ট্য। امتیاز نامه (– নামা) লাইসেন্স।

امثال (আম্‌ছাল) আঃ নাঃ পুং ; (مثال মিছাল এর ব–ব) সাদৃশ্য। উদাহরণ। বাণী।

امٹ (আমাট) হিঃ বি ; অবিনশ্বর। স্থিতিশীল। অটুট।

ام جانا (আমজানা) মূঃ ; পক্ষাঘাত হওয়া।

امجد (আমজাদ) আঃ বিঃ ; বড় বুযুর্গ। সম্মানিত লোক।

امچور (আমচুর) হিঃ নাঃ পুং ; কুচি করে শুকানো গুটি আম। আমচুর। আচার। চাটনী।

امداد (ইমদাদ) আঃ নাঃ স্ত্রীং ; মদদ। সহায়তা। সাহায্য।

امدادی (ইমদাদী) ফ্রি। সাহায্যকৃত।

امر (আম্‌র) আঃ নাঃ পুং ; বিষয়। ঘটনা। আদেশ। امرتجویزشده (–ই-তজবীজ শুদাঃ) বিষয় সূচী। امر تنقیح طلب (–ই-তন্‌কী'হ তলব) মূল বিষয় বস্তু। امرونهی (–ও নহী) হাঁ ও না বাচক শব্দ। আদেশ-নিষেধ।

امر (আমর) সঃ বিঃ ; আমর। যার মৃত্যু নেই। নাঃ পুং ; দেবতাদের গুণ।

امراء (উমারা) আঃ নাঃ পুং ; (امیر আমীর এর ব–ব) অভিজাত সম্ভ্রান্ত ব্যক্তি। ধনী। বিত্তশালী।

امرت (আম্‌রিত) সঃ নাঃ পুং ; অমৃত, সঞ্জীবনী পানীয় বা সুধা। (آبحیات)।

امرد (আম্‌রদ) আঃ ; যার এখনও পর্যন্ত দাড়ি গজায়নি। বালক। কিশোর।

اَمرز (আ-মুরয্‌) ফাঃ নাঃ পুং ; ক্ষমা। ক্ষমাশীল। اَمرزش (আ-মুরযিশ) ফাঃ নাঃ স্ত্রীং ; ক্ষমাশীলতা। পাপের ক্ষমা (আল্লাহ্‌ কর্তৃক)।

امرمعروف (আম্‌রে ম'রূফ) নাঃ পুং ; ভাল ও মঙ্গলজনক কাজ।

امروز (ইম্‌রোয) ফাঃ বিণ ; অদ্য। আজ। امروز فردا (–ফরদা) আজ কাল।

امساک (ইম্‌সাক) আঃ নাঃ পুং ; বিরত থাকা। আটকিয়ে রাখন। বিলম্বে শুক্র ক্ষরণ।

امراض (আমরায) আঃ নাঃ পুং ; (مرض -এর ব–ব) অসুখ।

امرائی (আমরাঈ) হিঃ নাঃ পুং ; আম্রকানন। আমবাগান। আমঝুপি।

امرود (আমরূদ) ফাঃ নাঃ পুং ; জাম। আমরূদ।

امس (উমস) হিঃ স্ত্রীং ; বর্ষার দিনের গরম। অত্যন্ত গরম।

امشب (ইমশব) ফাঃ ; আজকের রাত। এই রাত্রি।

امصار (আমসার) আঃ নাঃ পুং ; (مصر -এর ব–ব) শহর। নগর।

امطار (আমতার) আঃ পুং ; (مطر-এর ব–ব) বৃষ্টি। বর্ষা।

امعاء (আম'আ) আঃ নাঃ পুং ; পাকস্থলি। নাড়িভূঁড়ি।

امعان (ইম'আন) আঃ নাঃ পুং ; অন্তর্দৃষ্টি। গভীর নযর।

امکا دھمکا (আমকা ধমকা) হিঃ ; এ সেই। এ রকম, সে রকম।

امکان (ইমকান) আঃ নাঃ পুং ; হতে পারে। সম্ভাব্যতা। সম্ভবতঃ। অবকাশ। গোঞ্জায়িশ।

امکا (উমগা) হিঃ বিঃ ; স্ফীত। উত্থিত।

امل (আমল) আঃ নাঃ পুং ; আশা-ভরসা।

امل (উমল) হিঃ ; নেশা।

املا (ইম্‌লা) আঃ নাঃ পুং ; ফাইল করণ। শুদ্ধভাবেলিখন। শ্রুত লিপি।

املاک (আম্‌লাক) আঃ নাঃ স্ত্রীং ; (ملك মিল্‌ক এ ব-ব) বিষয় সম্পত্তি জমিদারী। املاك غير منقوله (–ই-গায়রে মানকূ'লা) স্থাবর সম্পত্তি।

املتاس (অমল্‌তাস) হিঃ নাঃ পুং ; জোলাপের জন্য ব্যবহৃত ভারতীয় সোঁদাল। বানর লাঠি।

املی (আম্‌লী) হিঃ নাঃ স্ত্রীং ; তেঁতুল গাছ। তিন্তিড়ী বৃক্ষ।

امم (উমাম) আঃ নাঃ পুং ; (امت উম্মত এর ব-ব) জাতি। সম্প্রদায়।

امن (আম্‌ন) আঃ নাঃ পুং ; নিরাপত্তা। নীরবতা। শান্তি। امن و أمان (–ওআমান) শান্তি ও নিরাপত্তা।

أمنا سامنا (আম্‌না সাম্‌না) হিঃ নাঃ পুং ; সামনা সামনি। সম্মুখবর্তী। মুখোমখি।

امل بید (উমল বেদ) হিঃ নাঃ পুং ; কাগজী লেবু।

امل پتی (আমলপাত্তী) হিঃ নাঃ স্ত্রীং ; ভাং।

امنگ (উমাঙ্গ) হিঃ নাঃ স্ত্রীং ; জোশ। ঝোল। শখ।

اموات (আমওয়াত) আঃ নাঃ স্ত্রীং ; মউত। ওফাত। তিরোধান। (موت -এর ব-ব)

امواج (আমওয়াজ) আঃ নাঃ স্ত্রীং ; (موج -এর ব-ব) উর্মিমালা। উত্তাল তরঙ্গ। ঢেউঝুটি।

أموخته (আমোখ্‌তা) ফাঃ বিঃ ; পঠিত। পড়া হয়ে গেছে যা, পুরাতন পাঠ। أموخته پڑھنا (–পঢ়না) পুরাতন পাঠ পুনরায় পাঠাভ্যাস করা।

امور (উমূর) আঃ নাঃ পুং ; (امر আমর এর ব-ব) বিষয়। কাজ। সম্পাদিত ব্যাপার।

امول (আমূল) হিঃ বিঃ ; অমূল্য। দামী।

امهات (উম্‌মাহাত) আঃ ; (ام উম্‌ এর ব-ব) মা। জননী।

امی (উম্মী) আঃ বিঃ ; নিরক্ষর। অশিক্ষিত। যে কারও নিকট লেখাপড়া শিক্ষা করে নি।

امیٹهنا (উমেঠ্‌না) হিঃ কৃঃ ; পাক দেওয়া। গোল করা।

أميخته (আমেখ্‌তা') ফাঃ নাঃ স্ত্রীং ; মিশ্রিত।

امومت (উমুমাত) আঃ স্ত্রীং ; মাতৃত্ব।

امی ٹیشن (ইমিটেশন –Imitation) ইং নাঃ পুং ; নকল সোনা। বিকল্প স্বর্ণ। স্বর্ণ-প্রলেপ। ইমিটেশন।

امی جمی (আমীজামী) হিঃ নাঃ স্ত্রীং ; স্থির ও নিরাপত্তা, অবস্থা।

امید (উম্মীদ) ফাঃ নাঃ স্ত্রীং ; আশা। আকাঙ্খা। ভরসা। امید دلانا –দেলানা) আশা দান। আশাবাদ ব্যক্ত করা।

امیدوار (উম্মীদ্‌ওয়ার) নাঃ পুং ; প্রতীক্ষিতা আশান্বিত। প্রার্থী।

امیر (আমীর) আঃ বিঃ ; নির্দেশক। নেতা। আমীর। আদেশ-দাতা। বস্‌। অভিজাত। সম্ভ্রান্ত। ধনী। বিত্তশালী। امير الجيش (– আল জায়শ) সেনাবাহিনী প্রধান। امير البحر (– আল বাহর) নৌবাহিনী প্রধান। রিয়ার

এডমিরাল। امير الجويه (আল জাওয়িয়্যাহ) বিমান বাহিনী প্রধান। এয়ার ভাইস মার্শাল। امير المؤمنين (– আল মুমিনীন) মুসলিম রাজা। খলীফা। ইসলামী শাসন কাঠামোর শিরোমণি। امير زاده (– জাদা) আমীর পুত্র। আমীরজাদা।

اميرانه (আমীরানাঃ) আঃ ফাঃ বিঃ ; আমীর বৎ। আমীরের মত। রাজকীয়। বড়লোকী।

اميرى (আমীরী) আঃ নাঃ স্ত্রীং ; সর্দারী। বিত্তশালী হওন।

آميزش (আমেযাশ) ফাঃ নাঃ স্ত্রীং ; আদান-প্রদান। মিশাল। ভেজাল। মিশ্রণ।

آمين (আমীন) আঃ বিঃ ; তাই হোক। আমীন। হে আল্লাহ্ ! কবূল কর। প্রার্থনার পরে আমীন বলা হয়।

امين (আমীন) আঃ বিঃ ; আমানতদার। জায়গা-জমি পরিমাপকারী। বিশ্বস্ত।

ا – ن

آن (আন) ফাঃ নাঃ স্ত্রীং ; মনোহর অঙ্গভঙ্গি। লজ্জাশীলতা। ব্যবহার।

آن (আন) আঃ নাঃ স্ত্রীং ; ওয়াক্ত। সময়।

آن (আন) হিঃ নাঃ স্ত্রীং ; শান। অঙ্গভঙ্গি।

ان (অন্ন) সং নাঃ পুং ; অন্ন। খাদ্যশস্য। ان داتا (–দাতা) অন্নদাতা। রুজিদানকারী।

ان (ইন) হিঃ সর্বনাম ; (اِس -এর ব–ব) এ সকল।

ان (উন) হিঃ সর্বনাম ; (اُس -এর ব–ব) ঐ সকল।

ان (ইন) আঃ সর্বনাম ; যদি।

ان چت (আনচিত) হিঃ বিঃ ; আচানক। আচমকা। অপ্রত্যাশিত।

ان گنت (আন গিন্ত) হিঃ বিঃ ; অগণিত। অজস্র।

انا (আন্না) তুঃ নাঃ স্ত্রীং ; দাইমা। ধাত্রী। দুগ্ধপানকারীনি।

انا (আনা) আঃ ; আমি।

آنا (আ-না) হিঃ মূঃ ; আসা। হওয়া। উপস্থিত হওয়া। পর্যবসিত হওয়া।

انابت (ইনাবাত) আঃ নাঃ স্ত্রীং ; খোদার দিকে রুজু। তওবা। অক্ষমতা প্রকাশ।

انابيب (আনাবীব) আঃ নাঃ স্ত্রীং ; (انبوب -এর ব–ব) হস্তরেখা। টিউব লাইট।

اناپ شناپ (আনাপ শানাপ) হিঃ বিঃ ; বাহুল্য কথন। বক বক।

اناته (অনাথ) সঃ বিঃ ; পিতৃমাতৃহীন। ছিন্নমূল। অসহায়। اناته آشرم (–আশ্রম) এতিম খানা। অনাথ আশ্রম।

اناج (আনাজ) হিঃ নাঃ স্ত্রীং ; শস্য। সব্জি। তরকারী।

اناجيل (আনাজীল) হিঃ নাঃ পুং ; (انجيل -এর ব–ব) ইঞ্জিলের চার সুসমাচার- মার্ক, লুক, মথি, ইউহান্না।

انادى (অনাদী) সঃ বিঃ ; অনাদি। শুরু নেই যার।

انار (আনার) ফাঃ নাঃ পুং ; আনার। ফল বিশেষ। ডালিম। বেদানা। আতশবাজি।

اناڑى (আনাড়ী) হিঃ বিঃ ; আনাড়ী। অনভিজ্ঞ। অপরিনামদর্শী।

انام (আনাম) আঃ নাঃ পুং ; মানবজাতি সৃষ্টিজীব। আল্লাহ্‌র সৃষ্টি।

انانيت (অনানিয়ত্) আঃ নাঃ স্ত্রীং ; আমিত্ব। আত্মম্ভরিতা। গর্ব।

اناسى (উন্নাসী) হিঃ বিঃ ; সত্তর+নয়। উনআশী। ৭৯।

انامل (আনামেল) আঃ নাঃ পুং - স্ত্রীং ; (انملة -এর ব–ব) আংগুল। আংগুলের মাথা।

انبار (আম্বার) ফাঃ নাঃ পুং ; ভান্ডার। স্তুপ।

انبارى (আম্বারী) হিঃ নাঃ স্ত্রীং ; হাওদা। ছাতির বাট।

انبار (আম্বায) ফাঃ নাঃ পুং ; শরীক। সমসাময়িক। স্ত্রীং ; সুতা।
ان بان (আন্‌বান) নাঃ স্ত্রীং ; সম্মোহিনী শক্তি। সৌন্দর্য। রীতি। প্রতিজ্ঞা।
انبساط (ইম্‌বিসাত) আঃ নাঃ পুং ; আনন্দ। প্রফুল্লতা। সন্তুষ্টি। খেলাধুলা।
انبان (আম্বান) ফাঃ নাঃ স্ত্রীং ; পাকা চামড়া। পরিশোধিত চামড়া।
انبوه (আম্বুয়াহ) ফাঃ নাঃ পুং ; মজমা। ভীড়।
انبه (আন্‌বা) ফাঃ নাঃ পুং ; আম।
انبياء (আম্বিয়া) আঃ নাঃ পুং ; (نبى নবী এর ব-ব) পয়গম্বরগণ।
انبياها (আন্‌বিয়াহা) হিঃ নাঃ পুং ; অবিবাহিত। অনূঢ়। কুমার।
انبياهى (আন্‌বিয়াহী) হিঃ নাঃ স্ত্রীং ; অবিবাহিতা। অনূঢ়া। কুমারী।
انبيق (অন্‌বীক) আঃ নাঃ পুং ; প্রতিশোধ। জবাব।
ان بن (আন বান) হিঃ বিঃ ; অশিক্ষিত। মূর্খ। অক্ষর জ্ঞানহীন।
انت (আঁত) হিঃ নাঃ স্ত্রীং ; ভূড়ি। অন্ত্র। নাড়িভূড়ি। রূপক অর্থে, দীর্ঘকায়-প্রলম্বিত।
انت (অন্‌ত) সঃ নাঃ পুং ; অন্ত। শেষ। ফল। انت كال (– কাল) অনন্তকাল।
انتخاب (ইনতিখাব) আঃ নাঃ পুং ; নির্বাচন, ভোট, রায়।
انتر (অন্তর) হিঃ নাঃ পুং ; পার্থক্য। অন্তর, দূরত্ব। انتر بهومى (–ভূমি) ভূ-তল। ভূস্তর। পাতালপুরী।
انتاليس (উনতালিস) হিঃ সংখ্যা বিঃ ; ৩৯। উনচল্লিশ।
انترى (আঁতড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; পাকস্থলী।
انتساب (ইন্‌তিসাব) আঃ নাঃ পুং ; যোগাযোগ। বংশ। পিতৃপিতা। মহগণ। সম্পর্ক। আত্মীয়তা সম্পর্ক।
انتشار (ইনতিশার) আঃ নাঃ পুং ; ইতস্ততঃ বিক্ষিপ্ত অবস্থা। বিশৃঙ্খলা। প্রোপাগান্ডা।
انتظار (ইনতিযার) আঃ নাঃ পুং ; পথ চেয়ে থাকা। অপেক্ষা। প্রহর গোনা।
انتظام (ইনতিযাম) আঃ নাঃ ; বন্দোবস্ত। সুশৃঙ্খলা। ব্যবস্থা। ব্যবস্থাপনা।
انتفاع (ইনতিফা) আঃ নাঃ পুং ; উপকৃত হওয়া। সুবিধে লাভ।
انتقال (ইন্তেকাল) আঃ নাঃ পুং ; স্থানান্তর। প্রত্যাবর্তন। ইন্তেকাল। মৃত্যু। পরলোকগমন।
انتقام (ইনতিকাম) আঃ নাঃ পুং ; বদলা। প্রতিশোধ।
انتها (ইনতিহা) আঃ নাঃ স্ত্রীং ; সমাপ্তি। সীমা। প্রান্ত। দিগন্ত।
انتهائى (ইনতিহায়ী) আঃ বিঃ ; চূড়ান্তী।
انتيس (উনতীস্‌) হিঃ বিঃ ; উনত্রিশ। ২৯।
انٹا (আন্টা) হিঃ নাঃ স্ত্রীং ; আফিমের বড় গোলা। রেশমী দলা। انٹاچت (–চিত) নেশায় বুঁদ। বদকার।
انٹر ميڈيٹ (ইন্টারমিডিয়েড- Intermediate) ইং ; উচ্চ মাধ্যমিক।
انٹر (ইন্টার-Inter) ইং নাঃ পুং ; আভ্যন্তরীণ। নিজেদের।
انٹرسٹ (ইন্টারেস্ট-Interest) ইং নাঃ পুং; আকর্ষণ। উপকার। সুদ।
انٹرنيشنل (ইন্টারন্যাশনাল – International) আন্তর্জাতিক। انٹر نيشنل لا (–'ল) আন্তর্জাতিক আইন।
انڈيكس (ইনডেক্স–Index) নির্দেশিকা। নির্ঘন্ট। পুস্তক সন্দেশ।
انٹى (আন্টি) হিঃ নাঃ স্ত্রীং ; লাটাই। চড়কি।
انٹرويو (ইন্টারভিউ–Interview) ইঃ নাঃ পুং ; সাক্ষাৎকার। ইনটারভিউ। সাক্ষাৎকার।
انجام (আনজাম) আঃ নাঃ পুং ; ফলাফল। পরিণাম। পরিণতি।

انجانا। (আন্‌জানা) انجان (আন্‌জান) হিঃ বিঃ ; অজানা। অমনোযোগী। অশিক্ষিত। অচিন্তিত। নাঃ পুং ; অপরিচিত (ব্যক্তি)।

انجم। (আন্‌জুম) আঃ নাঃ পুং ; (نجم নজ্‌ম এর ব-ব) নক্ষত্র।

انجماد। (ইন্‌জিমাদ) আঃ নাঃ পুং ; শীলিভূত হওন। জমাট বাঁধন। ঘন হওন।

انجر پجر। (আঁজর-পাঁজর) হিঃ নাঃ পুং ; জোড়া হাড্ডি। পাঁজর-হাড়।

نجلی (অঞ্জলী) কোষ। অঞ্জলী।

انجمن। (আঞ্জুমান) ফাঃ নাঃ স্ত্রীং ; মজলিস। সংস্থা। কমিটি। সংগঠন।

انجن। (অঞ্জন) হিঃ নাঃ পুং ; সুরমা। কাজল।

انجن। (ইঞ্জিন-Engine) ইং নাঃ পুং ; মেশিন। ইঞ্জিন।

انجینئر। (ইঞ্জিনিয়ার -Engineer) ইং নাঃ পুং ; প্রকৌশলী। ইঞ্জিনিয়ার।

انچ। (ইঞ্চ–Inch) ইং নাঃ পুং ; ইঞ্চি। এক ফুটের দ্বাদশাংশ।

انچارج। (ইনচার্জ–Incharge) ইং ; স্থলাভিষিক্ত। সহকারী।

انچاؤ। (উঁচাও) হিঃ নাঃ পুং ; উচ্চতা।

انچاس। (উনচাস) হিঃ বিঃ ; উনপঞ্চাশ। ৪৯।

انچھر। (আনছর) হিঃ নাঃ পুং ; যাদুমন্ত্র। বিচ্ছু।

انحراف। (ইনহিরাফ) আঃ নাঃ পুং ; অবাধ্যতা, ধর্মত্যাগ। বিপথগমন। বিপর্যয়। পথচ্যুতি।

انحصار। (ইন্‌হিসার) আঃ নাঃ পুং ; পরিবেষ্টন। অবরোধ করণ। সীমিত হওন।

انحطاط। (ইনহিতাত) আঃ নাঃ পুং ; পদস্খলন। অবনতি। বিপর্যয়। অধঃপতন।

اندارا। (ইন্দারা) হিঃ নাঃ পুং ; গভীর কুঁয়ো। ইন্দিরা।

انداز। (আন্দায) ফাঃ নাঃ পুং ; ধারণা। আন্দায। পরিমাপ। অনুমান।

اندازہ। (আন্দাযা) ফাঃ নাঃ পুং ; আনুমানিক। আনুপাতিক। অনুমান করে।

اندام। (আন্দাম) ফাঃ নাঃ পুং ; শরীর। অবয়ব। রং। اندام نہانی (-নাহানী) লজ্জাস্থান।

اندر। (আন্দর) ফাঃ বিণ ; ভেতরে। মধ্যে। অন্দর। খাস কামরা।

اندر। (ইন্দ্র) সং নাঃ পুং ; দেবতাদের রাজা। দেবরাজ ইন্দ্র। বৃষ্টির দেবতা। اندر دھنش (- ধনশ্‌) রঙধনু, اندرجال (- জাল) ইন্দ্রজাল। যাদুবিদ্যা। ম্যাজিক।

اندر। (ইনদর) সঃ ; চালাকী। স্বর্গরাজ। গুর্জ। বিজলী।

اندراج। (ইন্‌দিরাজ) ফাঃ নাঃ পুং ; প্রবেশ। ঢুকিয়ে দেওন। বংশ লোপ।

اندرز। (অন্‌দরয্‌) ফাঃ নাঃ পুং ; শেষ ইচ্ছা। উপদেশ। অছিয়ত। অন্তিমবাণী।

اندرون। (অন্‌দরূন) ফাঃ বিণ ; ভিতরে।

اندرونی। (অন্‌দরূনী) ফাঃ বিঃ ; ভিতরের। মধ্যের। ব্যক্তিগত।

اندری। (ইন্দ্রী) হিঃ নাঃ স্ত্রীং ; ইন্দ্রিয়।

اندك। (আন্দুক) ফাঃ নাঃ পুং ; খোঁড়া। অল্প স্বল্প। সামান্য। যৎকিঞ্চিত।

اندلس। (আন্দালুস) আঃ নাঃ পুং ; আন্দালুসিয়া। স্পেন।

اندمال। (ইনদিমাল) আঃ নাঃ পুং ; আরোগ্য। রোগমুক্তি।

اندوختہ। (আন্দুখতাহ) ফাঃ বিঃ ; অর্জিত। লভ্য। লাভ। সঞ্চয়।

اندوہ। (আনদোহ) ফাঃ নাঃ পুং ; দুশ্চিন্তা। বেদনা। ভারাক্রান্ত। اندوہ گین (-গীন) পেরেশান, বেদনাদায়ক।

اندھا دھند। (আন্দাধুন্দা) ফাঃ : বেধড়ক।

বেপরোয়া।

اندھا (আন্ধা) হিঃ বিঃ ; অন্ধ, দৃষ্টিশক্তিহীন।

آندھی (আন্ধী) হিঃ নাঃ স্ত্রীং ; ধুলি ঘূর্ণি। ধুলোঝড়। সাইমুম।

اندھیر (আনধীর) হিঃ নাঃ পুং ; অত্যাচার। নিপীড়ন। স্বেচ্ছাচারিতা। মুসিবত। বেঈমানী। তমসা।

اندھیرا (আনধেরা) হিঃ নাঃ পুং ; অন্ধকার। কালিমা।

اندھیری (আনধেরী) হিঃ নাঃ স্ত্রীং ; অন্ধকার রাত্রি। চামড়া বা কাপড়ের পর্দা, যা দাম্ভিক ঘোড়ার চোখে বাধা হয়।

اندیشہ (আন্দেশাঃ) ফাঃ নাঃ পুং ; চিন্তা। শংকা, সম্ভাবনা।

اندیش (আন্দেশ) ফাঃ বিঃ ; চিন্তনীয়। বিবেচ্য। মনোযোগ্য।

اندیکھی (আনদেখী) হিঃ বিঃ ; না দেখে। আন্দাযে। তদন্তহীনভাবে।

انڈا (আনডা) হিঃ নাঃ পুং ; আন্ডা। বয়যা। ডিম।

انڈے بچے (আন্ডে বাচ্চে) ছেলে পেলে।

انڈامن ٹاپو (আন্দামান টাপু) হিঃ নাঃ পুং ; আন্দামান দ্বীপপুঞ্জ।

انڈو (আন্ডু) হিঃ নাঃ পুং ; অন্ডকোষযুক্ত প্রাণী।

انڈیلنا (উন্ডেলনা) হিঃ মূঃ ; নিষ্কাশন করা। বের করা। ফেলে দেয়া।

انڈین (ইন্ডিয়ান) ইং বিঃ ; ভারতীয়। হিন্দুস্তানী।

انڈین سول سروس (ইন্ডিয়ান সিভিল সার্ভিস–Indian Civil Service) ভারতীয় উচ্চ কর্মব্যবস্থা। সংক্ষেপে, আই, সি, এইচ।

انڈین نیشنل کانگرس (ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস–Indian National Congress) ভারতীয় কংগ্রেস পার্টি।

انڈین پینل کوڈ (ইন্ডিয়ান প্যানেল কোড – Indian Panal Code) ভারতীয় ফৌজদারী আইন।

انرتھ (আনরথ) সং বিঃ ; অনর্থক। অর্থহীন। খামোখা। অসাংবিধানিক।

انزال (ইনযাল) আঃ নাঃ পুং ; অবতীর্ণ হওন। শুক্রক্ষরণ। বীর্যপাত। রতেঃস্খলন। নিক্ষিপ্ত হওন।

انس (আন্‌স) হিঃ নাঃ পুং ; শক্তি। সামর্থ্য।

انس (ইনস্) আঃ নাঃ পুং ; মানুষ। ইনসান। লোক। ব–ব اناس ।

انس (উনস্) আঃ নাঃ পুং ; ভালবাসা। সম্প্রীতি। সৌহার্দ্য। অনুরাগ। মেলামেশা। আকর্ষণ। আপন মনে হওয়া।

انساب (আনসাব) আঃ নাঃ পুং ; (نسب –এর ব–ব) বংশ। খান্দান। বংশানুক্রম।

انسان (ইনসান) আঃ নাঃ পুং ; মানুষ। শ্রেষ্ঠজাতি।

انسانی (ইনসানী) আঃ বিঃ ; মানবিক।

انسانیت (ইনসানিয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; মানবতা। মানবীয়। মনুষ্যত্ব। উপলব্ধি। বিবেক। সভ্যতা।

انسائیکلو پیڈیا (এনসাইক্লোপেডিয়া – Encyclopedia) ইং নাঃ পুং-স্ত্রীং ; বিশ্বকোষ। জ্ঞান বিচিত্রা।

انسب (আনসাব) আঃ বিঃ ; উপযোগী। সুবিধাজনক। উচিৎ, উত্তম।

انسپکٹر (ইন্সপেক্টর – Inspector) গোয়েন্দা প্রধান। ইন্সপেক্টর।

انسٹی ٹیوٹ (ইন্সটিটিউট– Institute) ইং নাঃ স্ত্রীং ; প্রতিষ্ঠান।

انسداد (ইনসিদাদ) আঃ নাঃ পুং ; বাধা। প্রতিরোধ। বন্ধ করণ।

آنسو (আঁসূ) হিঃ নাঃ পুং ; অশ্রু। চোখের জল। آنسو بہانا (–বাহানা) কৃঃ ;

চোখের জল ফেলা।

انسيت (উনসিয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; ভালবাসা। প্রেম। অনুরাগ।

انشا (ইন্‌শা) আঃ নাঃ স্ত্রীং ; রচনা, প্রবন্ধ। নিবন্ধ।

انشاپر دازی (– পরদাযী) নাঃ স্ত্রীং ; পত্র লিখন। নিবন্ধ লিখন। গ্রন্থ লিখন।

انشاء الله (ইনশাআল্লাহ) আঃ বিণ ; আল্লাহর মর্জি হলে। আল্লাহ যদি চাহেন। ভবিষ্যতের শুভকাজের ব্যাপারে এ কথা বলা চাই।

انشائيه (ইনশাইয়্যাঃ) আঃ বিঃ ; নাহুর পরিভাষায় ঐ বাক্যকে বলে- যার মধ্যে সত্য-মিথ্যার অবকাশ নেই।

انشورنس (ইন্স্যুরেন্স–Insurence) ইং নাঃ স্ত্রীং ; বীমা।

انصار (আনসার) আঃ নাঃ পুং ; ناصر -এর ব–ব) সাহায্যকারীগণ। انصارى এর ব–ব। হযরত মুহাম্মদ (সাঃ)-কে সাহায্যকারী মদীনাবাসী সাহাবাবৃন্দ। বাংলাদেশ গ্রাম প্রতিরক্ষা বাহিনী। আনসার, বি. ডি. পি।

انصارى (আনসারী) আঃ বিঃ ; আনসারী সাহাবী। আনসারগণের বংশধর।

انصاف (ইনসাফ) আঃ নাঃ পুং ; সুবিচার। ন্যায় বিচার। ইনসাফ।

انصراف (ইনসিরাফ) আঃ নাঃ পুং ; প্রত্যাবর্তন করা। ফিরে আসা।

انصرام (ইন্‌সিরাম) আঃ নাঃ পুং ; সমাপ্তি। সমাধান। নির্বাহ করণ।

انضباط (ইনযিবাত) আঃ নাঃ পুং ; বিষয় বস্তু সংরক্ষন। নির্ধারণ। পরিপক্ককরণ। সম্বরণ। নিয়ম।

انضباطى (ইনযিবাতী) আঃ বিঃ ; ব্যবস্থাপনা। Disciplinary- ডিসিপ্লিনারী।

انطباع (ইন্‌তিবা') আঃ নাঃ পুং ; মুদ্রণ। ছাপান।

انظار (অন্‌যার) আঃ নাঃ পুং ; (نظر নযর এর ব–ব) দৃষ্টি। চাহনি।

انطباق (ইনতিবাক) আঃ নাঃ পুং ; জোড়ান। সামঞ্জস্যপূর্ণ। সৌসাদৃশ। ফিট হওয়া।

انعام (ইনআম) আঃ নাঃ পুং ; তোহফা। পুরস্কার। প্রাইজ। প্রতিদান।

انعقاد (ইন'ইকাদ) আঃ নাঃ পুং ; প্রতিষ্ঠিত হওয়া। আকদ হওয়া। সংঘটিত হওয়া। পরিপক্ক হওয়া। বাস্তবায়ন।

انف (আনফ) আঃ নাঃ স্ত্রীং ; নাক। নাসিকা। নাসা। ব–ব, انوف - آناف

انفارميشن (ইনফরমেশন– Information) নালিশ। অভিযোগ। খবরদান।

انفصال (ইনফিসাল) আঃ নাঃ পুং ; জুদা হওয়া। বিভক্ত হওয়া। পৃথক হওয়া।

انفعال (ইনফি'আল) আঃ নাঃ পুং ; লজ্জা। অনুতাপ। প্রতিক্রিয়া انفعالى (ইনফিয়ালী) আঃ বিঃ ; প্রতিক্রিয়ান্বিত। ইং ; (Passive)।

انفكاك (ইনফিকাক) আঃ নাঃ পুং ; আলাদা হওয়া, বিচ্ছিন্ন হওয়া।

انفكاك رهن (– রহন) ঋণশোধ করে জমি ফেরৎ নেয়া।

انفلوئنزا (ইনফ্লুয়েঞ্জা–Influenza) ইং নাঃ পুং ; নিমুনিয়া। ভাইরাসজনিত জ্বর।

انفينٹری (ইনফান্ট্রী–Infantry) ইঃ নাঃ স্ত্রীং ; পদাতিক বাহিনী। পদব্রজী সেনা।

انقباض (ইনকিবায) আঃ নাঃ পুং ; সঙ্কুচন। সংকোচ। লজ্জা। ধারণ। কোষ্ঠকাঠিন্য।

طبعى انقباض (তবয়ী –) প্রাকৃতিক চাপ। দুর্বিষহ বিরক্তি। লজ্জাভাব, সংকোচ।

انقسام (ইন্‌কি'সাম) আঃ নাঃ পুং ; বন্টন।

বাটোয়ারা। ভাগ।

انقضاء (ইন্‌কি'যা) আঃ নাঃ পুং ; (সময়ের) অবসান। (নির্ধারিত তারিখ) পার হয়ে যাওন। শেষ হওয়া।

انقطاع (ইনকিতা') আঃ নাঃ পুং ; কর্তন। বিয়োগ। ছিন্ন।

انقلاب (ইনকিলাব) আঃ নাঃ পুং ; পরিবর্তন ; বিপ্লব, বিদ্রোহ। আন্দোলন। পুরান সমাজ ভেঙ্গে নতুন সমাজ গড়া। ইং ; Revolution- রেভলিউশন।

انقلابی (ইনকিলাবী) আঃ নাঃ পুং ; বৈপ্লবিক, বিদ্রোহাত্মক। ইং , Revolutionary - রেভলিউশনারি।

انقیاد (ইনকিয়াদ) আঃ নাঃ পুং ; বশ্যতা। বাধ্যতা। আনুগত্য।

انک (আন্‌ক) সং নাঃ পুং ; নিশানা। হিস্যা। কাঁজল-টিপ। অংক। ১-৯ গণনা।

آنک (আংক) ফাঃ নাঃ পুং ; সীমা।

انکار (ইনকার) আঃ নাঃ পুং ; অস্বীকার।

انکرا (আঁক্রা) সঃ (হিঃ) নাঃ পুং ; আঁকড়া। অগ্রভাগ বাঁকান লোহার শলাকা।

انکس (অঙ্কুস) হিঃ নাঃ স্ত্রীং ; অঙ্কুশ। ডাঙ্গশ। انکس مارنا (- মার্‌না) মূঃ ; অঙ্কুশ দ্বারা হাতিকে তাড়না করা। বশ্যতা স্বীকার করা।

انکڑی (আংকুড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; লাঙ্গল। হুক। টাঙ্গায় লাগান লৌহ কড়া।

انکسار (ইনকিসার) আঃ নাঃ পুং ; নম্রতা। অক্ষমতা। শিষ্টতা। অনুনয়।

انکساف (ইন্‌কিসাফ) আঃ নাঃ পুং ; সূর্যগ্রহণ।

انکشاف (ইনকিশাফ) আঃ নাঃ পুং ; খোলা। উন্মুক্ত। প্রকাশ।

انکم ٹیکس (ইনকাম ট্যাক্স-Income tax) আমদানী কর। ইনকাম ট্যাক্স।

انکنا (আঁকনা) হিঃ মূঃ ; অঙ্কন করা। আঁকা।

انکوار (আঁকওয়ার) নাঃ স্ত্রীং ; আলিঙ্গন। বুক।

آنکھ (আঁখ) হিঃ নাঃ স্ত্রীং ; চক্ষু , দৃষ্টি । চাহনী। দৃষ্টি।

آنکھ آنا (- আনা) চক্ষু ওঠা।

انکھ سے گرنا (- সে গিরনা) প্রীতি বঞ্চিত হওয়া।

انکھ پلٹنا (- পলটনা) নযর ফেরান।

انگ (আঙ্গ) হিঃ নাঃ পুং ; অঙ্গ। শরীর।

انگا (আংগা) হিঃ নাঃ পুং ; জামা, হাতা। সাফারী।

انگار (অংগার) সং নাঃ পুং ; স্ফুলিঙ্গ। (ফাঃ) অঙ্গার।

انگارا (অংগারা) হিঃ নাঃ পুং ; ধিকিধিকি করে জ্বলা অগ্নিদলা। জ্বলন্ত কয়লা।

انگبین (অঙ্গবীন) ফাঃ নাঃ পুং ; মধু।

انگرکھا (অঙ্গরখা) হিঃ নাঃ পুং ; পুরুষের পরিধেয় আচকান বিশেষ।

انگریز (আংরেজ) নাং পুং ; ইংরেজ। ইউরোপিয়ান। বৃটিশ।

انگڑائی (অঙ্গড়ায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; হাইতোলা। অঙ্গ মোচড়ান।

انگشت (আঙ্গুশত্‌) ফাঃ নাঃ স্ত্রীং ; আঙ্গুল।।

انگشت شہادت (-ই- শাহাদত) তর্জনী।

انگشت نر (-নর) বৃদ্ধাঙ্গুলী। انگشت نمائی (-নুমাঈ) বদনামী।

انگشتری (আঙ্গুশতরী) ফাঃ নাঃ স্ত্রীং ; আংটি।

انگلی (উঙ্গলী) হিঃ নাঃ স্ত্রীং ; আঙ্গুল।

انگشتانہ (অঙ্গুশ্‌তানা) নাঃ পুং ; দর্জিরা সেলাই করার সময় সূচের খোঁচা হতে আঙ্গুলকে বাঁচাবার জন্য যে আংটি পরে।

انگنائی (অঙ্গ্‌নায়ী) সঃ নাঃ স্ত্রীং ; অঙ্গন। বাড়ীর মধ্যের উঠান।

انگنتی (অন্‌গিনতী) হিঃ বিঃ ; অগণন। অসংখ্য।

انگوٹھا (অঙ্গুঠা) হিঃ নাঃ পুং ; বৃদ্ধাঙ্গুলি।

انگھوٹھی (অঙ্গুঠী) হিঃ নাঃ স্ত্রীং ; আংটি। মোহর।

انگوچھا (আঙ্গুছা) হিঃ নাঃ পুং ; গামছা। তোয়ালে।

انگور (আঙ্গুর) ফাঃ নাঃ পুং ; আঙ্গুর ফল।

انگھائی (উংঘায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; নিদ্রাবেশ। তন্দ্রাচ্ছন্ন।

انگیا (আঙ্গিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; সীনাবন্দ। ব্লাউজ।

انگیٹھی (আঙ্গীঠী) হিঃ নাঃ স্ত্রীং ; এ্যাস্ট্রে। সিগারেট খেয়ে ফেলার দানি। অঙ্গরে দানী।

انگیز (অঙ্গেয) ফাঃ বিঃ ; ধৈর্য্য। বরদাশত্। (অন্য শব্দের সঙ্গে মিলে ব্যবহৃত হয়) কারককারী। যথা– فتنہ انگیز (ফি'ত্না) বিশৃংখলা সৃষ্টিকারী।

انمول (অন্‌মোল) হিঃ বিঃ ; মূল্যবান। বহুমূল্য।

اننـاس (আনান্নাস) পর্তুঃ নাঃ পুং ; আনারস।

اناسی (উনাসী) হিঃ বিঃ ; উনাশি। ৭৯।

آنو (আনু) হিঃ নাঃ পুং ; মলত্যাগের সময় শ্লেষ্মা নির্গমন। آنوکرنا (–কর্‌না) আমাশয় হওয়া।

انوار (আন্‌ওয়ার) আঃ নাঃ পুং ; (نور এর ব–ব) আলো। রশ্মি। জ্যোতি। চোখের জ্যোতি।

انواع (অন্‌ওয়া) আঃ নাঃ পুং ; (نوع এর ব–ব) প্রকার রকম। ধরণ জাতি। গোষ্ঠি।

انموزج (আনমুযাজ) আঃ ; নমুনা।

انور (আনওয়ার) আঃ বিঃ ; উজ্জ্বল। জ্যোতির্ময়।

انوکھا (আনুখা) হিঃ বিঃ ; অসাধারণ। একক। অপ্রাপ্য। দুষ্প্রাপ্য।

انند (আননদ্) হিঃ বিঃ ; আনন্দ। খুশী।

انواسی (আনওয়াসী) হিঃ বি; কুমারী। অনূঢ়া। অবিবাহিতা।

انوپ (আনুপ) হিঃ বিঃ ; অনুপম। বিরল। বেনজীর।

آنول نال (আনোল নাল) হিঃ নাঃ স্ত্রীং ; সদ্যভূমিষ্ঠ বাচ্চার নাভীর সাথে সংযুক্ত লম্বা নল।

انہتر (উন্‌হত্তর) হিঃ বিঃ ; উনসত্তর। ৬৯।

انہدام (ইন্‌হিদাম) আঃ নাঃ পুং ; ধ্বংস। উচ্ছেদ। জনশূন্য হওন।

انہونا (আন্‌হোনা) হিঃ বি ; অসম্ভব। ভবিষ্যৎ শুন্য।

آنہ (আনা) এক টাকার ষোল ভাগের এক ভাগ। আনা।

انہماک (ইনহিমাক) আঃ নাঃ পুং ; লিপ্ততা। কায়মনোবাক্য।

انی (আনী) হিঃ নাঃ স্ত্রীং ; নেযা-ফলা।

انیائی (অনয়ায়ী) হিঃ নাঃ পুং ; জালেম। স্বৈরাচারী।

انیس (উন্নীস্) হিঃ বিঃ ; উনিশ। ১৯।

انیس (আনীস) আঃ নাঃ পুং ; বন্ধু। প্রিয়জন। সাথী।

انیسواں (উন্নীসওয়াঁ) হিঃ বিঃ ; উনিশতম। উনবিংশতম।

انیق (অনীক) আঃ বিঃ ; শুভাগমন। আশ্চর্য। বিরল।

انیک (অনেক) সঃ বিঃ ; অনেক। বহুত।

انیلا (অনীলা) হিঃ বিঃ ; অনভিজ্ঞ।

انیمیا (আনীমিয়া – Aneemia) রক্তশূন্যতা। অসুখ বিশেষ।

ا – و

آو (আও) ফাঃ ; পানি।

او (আও) হিঃ আহ্বান সূচক ; এসো ! আরে।

آوا (আওয়া) হিঃ নাঃ পুং ; কুমারের ভাট্টি। ইটের পাঁজা। ইটখোলা।

اوارجہ (আওয়ারজাঃ) ফাঃ নাঃ পুং ; সাময়িক পত্র। বহি। রেজিস্টার।

ডায়েরী।

آواره (আওয়ারা) ফাঃ বিঃ ; বেপরোয়া। লম্পট। বদমাশ।

آوارگی (আওয়ারাগী) ফাঃ নাঃ স্ত্রীং ; লাম্পট্য। ভ্রষ্টামী। নষ্টামী। বেপরোয়া।

آواز (আওয়াজ) ফাঃ নাঃ স্ত্রীং ; শব্দস্বর। চিৎকার।

آوازه (আওয়াজা) ফাঃ নাঃ পুং ; রিপোর্ট, জনরব। খ্যাতি। জনগণনন্দিত।

اواب (আওয়াব) আঃ বিঃ ; খোদাভীরু।

اوابیت (আওয়্যাবিয়ত) আঃ নাঃ স্ত্রীং ; মাহাত্ম্য, প্রভুত্ব। শ্রেষ্ঠত্ব।

اوائل (আওয়ায়েল) আঃ নাঃ স্ত্রীং ; (اول আউব'ল এর ব-ব) আরম্ভ। শুরু। (সময়ের) প্রথম ভাগ, اوائل عمر ('উমর) নাঃ স্ত্রীং ; প্রথম জীবন। শৈশবকাল।

اوباش (আওবাশ) আঃ বিঃ ; লুচ্চা। লোফার। টাউট-বাটপার। লম্পট। ধোকাবাজ। প্রতারক। কমিনা।

اوبھگت (আওভগত্) হিঃ নাঃ স্ত্রীং ; স্বাগতম। অভ্যর্থনা। অভিবাদন (অতিথি বা নিমন্ত্রিতকে)।

اوپر (উপর) হিঃ বিণ ; উপরে। উপরিভাগে। উর্ধে। এছাড়াও।

اوپری (উপ্‌রী) হিঃ বিঃ ; উপরের। বাহিরের। ভাসাভাসা। আপাত। চাক্ষুষ।

اوب (উব) হিঃ নাঃ স্ত্রীং ; একঘেঁয়ে। বিরক্তি।

اوبی (উবী) হিঃ নাঃ স্ত্রীং ; হাতি শিকারের খেদা।

اوپ (উপ) হিঃ নাঃ স্ত্রীং ; চমক। রৌশন। উজালা।

اوتاد (আওতাদ) আঃ নাঃ পুং; (وتد -এর ব-ব) পেরেক। তাঁরকাটা। জিনারী। ডাবিশ লোহা।

اوتار (আওতার) সঃ নাঃ পুং ; হিন্দু বিশ্বাস মতে ইশ্বরের পৃথিবীতে অবতরণ। বিঃ ; অবতার। ফেরেশ্‌তা। নেককার।

اوٹانا (আ-ওটানা) হিঃ মূঃ ; জাল দেয়া। ফুটন্ত। ফোটান।

اوٹ (আওট) হিঃ নাঃ স্ত্রীং ; আড়। পর্দা।

اوٹ پٹانگ (উটপটাঙ্গ) হিঃ মূঃ ; অর্থহীন। অনর্থক। খামোখা।

اوثان (আওছান) আঃ (وثن -এর ব-ব) মূর্তি। প্রতিমা।

اونٹی (উঁটী) হিঃ নাঃ স্ত্রীং ; কাঠি। বেলন। খুনতি।

اوج (আওজ) আঃ নাঃ স্ত্রীং ; উচ্চ। উত্থান।

اوجڑ (উজাড়) হিঃ বিঃ ; উজার। পোড়া। বিরান। লয়প্রাপ্ত। ধ্বংসাবশেষ।

اوجھ (উঝ্) হিঃ নাঃ পুং ; ভূড়ি। উজড়ি।

اوجھا (ওঝা) হিঃ নাঃ পুং ; ওঝা। বৈদ্য। জ্যোতিষি। কবিরাজ। যাদুকর। ঝাড়ফুঁককারী।

اوجھڑ (উঝড়) হিঃ নাঃ স্ত্রীং ; ঢালের বাট। চোট। ঠোকর।

اوجھل (উঝল) হিঃ নাঃ স্ত্রীং ; লুকানো। আড়। পর্দা। নির্জনতা। একান্ত গোপনীয়।

اچھا (ওছা) হিঃ বিঃ ; নীচ। হীন। কমিনা। খোঁটা দেয়া। হালকা।

اودا (উদা) হিঃ বিঃ ; লাল ও কালিমা যুক্ত রং। বেগুনী রং।

اوداسا (উদাসা) হিঃ নাঃ পুং ; মুসিবত। কষ্ট। দুঃখ। বিপর্যয়।

اودھم (উধম্) হিঃ নাঃ পুং ; গোলমাল ; বিদ্রোহ, চিৎকার। গণ্ডগোল। اودھم مچانا (- মচানা) গুণ্ডগোল করা। গোলমাল সৃষ্টি করা।

اودبلاؤ (উদ্‌বিলাই) হিঃ নাঃ স্ত্রীং ; উদবিড়াল। মৎস্য খেকো। ভোঁদড়। বেকুফ লোক। ধেড়ে।

اور (অওর) كلمه عطف ; দ্বিতীয়। অন্য, এবং। পক্ষান্তরে। হ্যাঁ। এটাই। এটুকুই নয়। আরও।

اور (ওর) হিঃ নাঃ পুং ; পার্শ্ব। প্রান্ত।

اوراد (আওরাদ) আঃ নাঃ পুং ; (ورد এর ব–ব) ওজিফা, ধর্মীয় পাঠ। দোয়া-দরূদ। জিকির।

اوراق (আওরাক) আঃ নাঃ পুং ; (ورق এর ব–ব) পাতা। পত্র। পৃষ্ঠা।

آورده (আওয়ারদাঃ) ফাঃ নাঃ পুং ; আনীত। প্রীতি ধন্য। অসাধারণ ব্যক্তি বা বস্তু।

اور ٹائم (ওভার টাইম-Over Time) ইং ; অতিরিক্ত সময়। নির্ধারিত কাজের বাইরে কাজ করা।

اور کوٹ (ওভার কোট–Over Coat) ইং ; পা পর্যন্ত লম্বা কোট।

اورس چورس (আওয়ারস চাওয়ারস) হিঃ বিঃ স্ত্রীং ; আশপাশ। চার পাশ।

اورنگ (আওরঙ্গ) ফাঃ নাঃ পুং ; রাজসিংহাসন। একটি ফুলের নাম।

اورنگ زیب (আওরঙ্গযেব) ফাঃ নাঃ পুং ; সিংহাসন ধন্যকারী। ষষ্ঠ মোগল সম্রাট মুহিউদ্দীন আলমগীরের উপাধি।

اور یجنل (ওরিজিনাল–Original) ইং বিঃ; খাঁটি। নিখাদ। প্রকৃত।

اورئنٹیلسٹ (ওরিয়েন্টালিস্ট–Orienta -list) প্রাচ্যবিদ।

اوڑا (উড়া) হিঃ নাঃ পুং ; কম। সংকোচন। সংকীর্ণ।

اوڑھنا (ওড়না) সং মূঃ ; اوڑھنی উড়নী। চাদর। হিঃ নাঃ স্ত্রীং ; ওড়না।

اوزار (আওযার) আঃ নাঃ পুং ; (وزر -এর ব–ব) হাতিয়ার। অস্ত্র। যন্ত্র।

اوزان (আওযান) ফাঃ নাঃ পুং ; (وزن এর ব–ব) পরিমাপ, ওজন।

اوس (ওস্) হিঃ নাঃ স্ত্রীং ; শিশির। কুয়াশা।

اوس (আওস) আঃ ; মদীনায় বসবাসকারী আরবের প্রাচীন গোত্র।

اوسارا (উসারা) হিঃ নাঃ পুং ; বারান্দা। ঘরের অলিন্দ।

اوسان (আওসান) হিঃ নাঃ পুং ; জ্ঞান। বীরত্ব। স্বাধিকার। হিম্মত।

اوسر (আওসার) হিঃ নাঃ পুং-স্ত্রীং ; যে গাভী বা মেষ গাভীন হওয়ার বয়সে পা রেখেছে।

اوسر (উসর) হিঃ বিঃ ; অনুর্বর জমি।

اوسط (আওসাত্) আঃ বিঃ ; মধ্যস্থ– নাঃ ; মধ্যভাগ। গড়পড়তা। মধ্যম রকম। اوسط نکالنا (– নিকাল্না) গড় বাহির।

اوصاف (আওসাফ্) আঃ নাঃ স্ত্রীং ; (وصف এর ব–ব) গুণাবলী। বর্ণনা اوصاف حمیده (– ই-হামীদাঃ) প্রশংসনীয় গুণাবলী।

اوصیا (আওসিয়া) আঃ নাঃ পুং ; (وصی এর ব–ব) ; আইন সঙ্গত পরিচালক। উপদেষ্টা। 'ওসীয়ত'কৃত ব্যক্তি। মৃত যাকে শেষ কথা বলে যায়।

اوقات (আওক'াত) আঃ নাঃ স্ত্রীং ; (وقت এর ব–ব) সময় اوقات بسری (–বসরী) জীবিকা। জীবনোপায়।

اوساخ (আওসাখ) (وسخ -এর ব–ব) ময়লা।

اوشده (আওশাধ) সং নাঃ পুং ; দাওয়া। ঔষধ। মেডিসিন।

اوشدھالیه (আওশধালয়) সং নাঃ পুং ; ঔষধালয়। দাওয়াখানা। ফার্মেসী।

اوقاف (আওকাফ) আঃ নাঃ পুং ; (وقف এর ব–ব) ওয়াকফ।

اوقیه (উকিয়া) আঃ নাঃ পুং ; চল্লিশ দেরহাম সমপরিমাণ ওজন। ইংরেজী আউন্স সম পরিমাণ। আধা ছটাক প্রায়।

اوک (উক) হিঃ নাঃ স্ত্রীং ; কোষ। অঞ্জলী।

اوک چوک (–চুক) ভুলচুক। কদাচিৎ।

اوکنا (ওকনা) হিঃ মূঃ ; ওক দেয়া। বমি আসা। বমি করা।

اوکهه (উখ্) হিঃ নাঃ স্ত্রীং ; ইক্ষু। আখ।

اوکهد (উখদ) হিঃ নাঃ স্ত্রীং ; ঔষধ। দাওয়া, চিকিৎসা।

اوکهلی (উখলী) হিঃ নাঃ স্ত্রীং ; ঢেঁকি। মাড়াই যন্ত্র।

اوکھی (উখী) হিঃ বিঃ ; অপাত্র। খাদযুক্ত। অসম্পূর্ণ।

اوکیلنا (উকেলনা) হিঃ মূঃ ; পাকান দড়ির প্যাঁচ খোলা।

اوگڑا (ওগড়া) হিঃ বিঃ ; অখাদ্য। অরুচিকর খাবার।

اوکن (আওগন) হিঃ নাঃ পুং ; দুষ্ট। অসভ্য।

اوکھٹ (আওঘাট) হিঃ বিঃ ; অসমতল। বন্ধুর। দুর্গম।

اوکھی (আওঘী) হিঃ নাঃ স্ত্রীং ; লম্বা চাবুক।

اول (আউয়াল) আঃ বিঃ ; প্রথম। প্রধান। শুরু। সূচনা। উত্তম। (ব-ব, اوائل)।

اولا (ওলা) হিঃ নাঃ পুং ; শিলা। লাড্ডু।

اولا (আউয়ালান) সর্বপ্রথম। প্রথমতঃ।

اولو الابصار (উলুল্ অব্‌সার) আঃ বিঃ ; দৃষ্টিমান। চক্ষুষ্মান।

اولو الامر (উলুল্ আমর) আঃ নাঃ পুং ; সর্বোচ্চ ক্ষমতাশালী ব্যক্তি। সর্বাধিনায়ক।

اولو العزم (উলুল্ আযম) আঃ বিঃ ; উচ্চাকাঙ্ক্ষী। দুঃসাহসী। স্থির প্রতিজ্ঞ।

اولو العزمی (উলুল্'আয্‌মী) আঃ নাঃ স্ত্রীং ; উচ্চাকাঙ্ক্ষা। দুঃসাহস। অটলতা। স্থির প্রতিজ্ঞা, দৃঢ় ইচ্ছা।

اولتی (ওল্‌তী) হিঃ নাঃ স্ত্রীং ; ছাদের বৃষ্টি পড়ার নালা।

اولی (আওলা) আঃ বিঃ ; অধিকতর উত্তম। সর্বোত্তম।

اولیاء (আউলিয়া) আঃ নাঃ পুং ; (ولی এর ব-ব) মহাপুরুষ। বন্ধু। আল্লাহ্‌র ওলী।

اولین (আওয়া'লীন) আঃ বিঃ ; সর্বপ্রথম। প্রাচীণ। اولین وأخرین (– ও-আখি'রীণ) প্রাচীণ ও আধুনিকগণ।

اولاس (অভিলাস) হিঃ নাঃ পুং ; অভিলাস। শখ।

اولا مولا (আওলা মাওলা) বিঃ ; বেহুদা। এলোমেলো। এলেবেলে।

التی (উলতী) হিঃ নাঃ স্ত্রীং ; ডোবা। জলাশয়।

اول فول (আউল ফাউল) বিঃ ; আজে বাজে কথা। বকবক করা।

اول جلول (উল জুলুল) বিঃ ; বেঢঙ্গা। যুক্তিহীন। অশ্রাব্য কথা।

اولمپک (অলিম্পিক–Olympic) ইং বিঃ ; গ্রীসের অলিম্পিক স্টেডিয়াম সম্বন্ধীয়। প্রতি চার বছর অন্তর বিশ্বখ্যাত খেলাধুলার আয়োজন হয়ে থাকে এই নামে।

اولو (আউলু) হিঃ বিঃ ; নয়া। বিরল। বেনজীর।

اون (উন) হিঃ নাঃ পুং ; পশম।

انبھی (উম্ভী) হিঃ নাঃ স্ত্রীং ; খেদা।

اونٹ (উঁট) হিঃ নাঃ পুং ; উট, উষ্ট্র।

اونچا (উঁচা) হিঃ বিঃ ; বুলন্দ। উঁচু।

اونچی (উঁচী) হিঃ বিঃ ; উঁচু।

اَوْند (আওন্দ) ফাঃ নাঃ পুং ; পাত্র। কড়াই।

اوندھا (আওন্‌ধা) হিঃ বিঃ ; উপুড়। উল্টা। মুখ নীচের দিকে করে।

اونگھه (উঙ্গহ্) اونگھائی (উংঘাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; তন্দ্রাচ্ছন্নতা। নিদ্রাবেশ।

اوندھی (উনধী) হিঃ বিঃ ; চিৎ। মুখ থুবড়ে পড়ে– থাকা। উপুড়।

اونڑی (আঁড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; মশকের রশি।

اونگھنا (উঙ্গনা) হিঃ মূঃ ; ঝিমান। তন্দ্রা।

اونه (উহু) হিঃ নাঃ স্ত্রীং ; উহু।

اونی (উনী) হি ঃ বিঃ ; পশমী।

اویختہ (আবে'খ্‌তাঃ) ফাঃ বিণ ; ঝুলান। মুলতুবি রেখে, টাঙ্গিয়ে।

اوھا (আওহা) হিঃ পুং নাঃ ; চুলার ঝিক্, যেখানে হাড়ি বসানো হয়।

اوھواوھو (ওহো –ওহ-হো) হ্যাঁ–হ্যাঁ। ওহো ওহো। হ্যাঁ। তাই নাকি। আচ্ছা।

اویر (আবীর) হিঃ ; দেরী। ফুরসৎ। কালক্ষেপণ।

ا — ه

اه (আহ্) ফাঃ নাঃ স্ত্রীং ; হায়! ওহ ! আহা ! আফসোস। ইস্। ইস্রে। উফ্।

آها (আহা) আহা।

اهار (আহার) হিঃ নাঃ স্ত্রীং ; আহার। খানা। ভোজন খোরাক। ভরসা।

اهاب (ইহাব) আঃ নাঃ পুং ; কাঁচা চামড়া। অপরিশোধিত চামড়া।

اهالى (আহালী) আঃ নাঃ পুং ; (اهل -এর ব-ব) বাসিন্দা। শ্রমিক। পত্নী পরিবার।

اهانت (ইহানাত) আঃ নাঃ পুং ; ঘৃণা, অবজ্ঞা। অপমান। তিরস্কার। ভৎসনা। বেইজ্জতী।

اهتدا (ইহ্তিদা) আঃ নাঃ পুং ; সোজাপথ প্রাপ্ত হওন। সোজা পথে পরিচালন।

اهتزاز (ইহ্তিযায) আঃ নাঃ পুং ; পুষ্পের প্রস্ফুটিত হওন। সমীরণ প্রবাহিত হওন।

اهتمام (ইহতিমাম) আঃ নাঃ পুং ; ব্যবস্থাপনা। পরিচালনা। ইন্তেযাম। বন্দোবস্ত। গুরুত্ব দেওয়া।

آهٹ (আ-হট্) হিঃ নাঃ স্ত্রীং ; পদ শব্দ, পদ ধ্বনি। ধীর পদক্ষেপের আওয়াজ। মৃদু গোলমাল آهٹ ليتے رهنا (- লেতে রহ্না) কান পেতে থাকা। সাবধান থাকা।

آهر (আহ্র) اهرا (অহ্রা) হিঃ নাঃ পুং ; সেচের জন্য জলধারণকারী গর্ত বা চৌবাচ্চা। জলাশয়।

اهرام مصر (আহরামে মিস্র) আঃ বিঃ ; মিশরের ত্রিভুজ আকৃতির শিলা আস্তরণে নির্মিত যাদুঘর। মিসরের পিরামিড। নীলনদ থেকে পাঁচ কিলোমিটার দূরে অবস্থিত প্রাচীন স্থাপত্য শিল্প।

اهر تهر (আহর তাহর) হিঃ নাঃ স্ত্রীং ; ভীতিপ্রদ। বিভীষিকাময়।

اهرمن (আহরমন) ফাঃ নাঃ পুং ; শয়তান। মন্দের দেবতা। পারসিকদের খোদা।

آهرن (আহরণ) হিঃ নাঃ পুং ; লৌহনির্মিত।

آهستگى (আহিসতগী) ফাঃ নাঃ স্ত্রীং ; ধীরতা। বিলম্বন। মৃদুতা। শম্ভুক গতি। গজেন্দ্র গমন।

آهسته (আহিসতাঃ) ফাঃ বিণ ; ধীরে ধীরে। আস্তে আস্তে। এক এক করে। পালাক্রমে। ধীর। ধীরগতি।

آهك (আহক) ফাঃ নাঃ পুং ; সিমেন্ট। বালিচুন। আস্তর আটা।

آهن (আহেন) ফাঃ নাঃ পুং ; লোহা। ইস্পাত। লৌহজাত।

آهنگر (আহেঙ্গার) ফাঃ বিঃ ; লৌহকার, কর্মকার। কামার।

آهن جگر (- জিগর) লৌহমানব। নির্ভীক। পাষান।

آهو (আহু) ফাঃ নাঃ পুং ; হরিণ। দোষ-ক্রুটি। اهوبره (- বুরাঃ) হরিণ শাবক।

اهل (আহ্ল) আঃ নাঃ পুং ; মালিক। প্রভু। খোদাবন্দ। মনিব। বংশ। খান্দান। শরীফ। অভিজাত। মানবতাবাদী। পরিবার। স্ত্রী।

اهل الله (আহলুল্লাহ) আল্লাহ ওয়ালা।

اهل تسنن (-ই-তাসান্নুন) আহলে সুন্নাহ ওয়াল জামায়াত।

اهل تشيع (-ই-তাশাইয়ু') যারা কেবল আলী (রাঃ)-এর অনুসারী। শিয়া সম্প্রদায়।

اهل حديث (-ই-হাদীস) গায়রে মোকাল্লিদ। লা- মাযহাবী। যারা চার মাযহাবের কোনটি মানে না।

اهل حرفه (-ই-হেরফাঃ) পেশাদারী। কর্মজীবি।

اهل خرد (-ই-খেরাদ) জ্ঞানী। প্রজ্ঞাবান।

اهل دل (-ই-দিল) বাহাদুর। বীর। দাতা। মহানুভব। ওলী, সাধক, দরবেশ।

اهل الرائے (–আর–রায়) উপদেষ্টা। পরামর্শ মিশন। বিচক্ষণ।

اهل زبان (– যবান) ভাষাবিদ। সাহিত্যিক। পন্ডিত। ভাষাভাষি।

اهل سخن (–ই– সখুন) কবি। কথাশিল্পী। ঔপন্যাসিক। ভাষাবিদ। পন্ডিত।

اهل كتاب (আহলে কিতাব) নাঃ পুং ; যারা কুরআনের প্রতি ঈমান রাখেনা, কিন্তু পূর্ববর্তী আসমানী কিতাবে বিশ্বাস স্থাপন করে। যেমন– ইয়াহুদী, খৃষ্টান।

اهليت (আহ্লীয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; উপযুক্ততা। যোগ্যতা। পারদর্শিতা। মনুষ্যত্ব।

اهل سيف (–ই–সাইফ) সৈনিক। ফৌজ। বাহিনী।

اهل شر (–শার) দুষ্ট। লোফার। বাটপার। অসৎ।

اهل صفه (–ই– সুফ্‌ফা) কষ্টসহিষ্ণু ছাত্র। আহলে সুফ্‌ফা।

اهل صنعت (–ই–সানআত) কারিগর প্রকৌশলী।

اهل صورت (–ই–সুরত) বাস্তববাদী লোক।

اهل طريقت (–ই–তরীকত) তরীকত পন্থী। সূফী দরবেশ। পীর।

اهل عرفان (–ই–ইরফান) আওলিয়া। আরেফ বিল্লাহ।

اهل قلم (–ই–কলম) লেখক। কলামিষ্ট। প্রতিবেদক। প্রবন্ধকার। নিবন্ধকার। মুন্সী।

اهل قريه (–ই–কারয়া) গ্রাম্য। গ্রামবাসী।

اهل نشاط (–ই– নেশাত) বিলাসী।

اهلا وسهلا و مرحبا (আহলান ওয়া সাহলান ওয়া মারহাবা) শুভেচ্ছা, স্বাগতম।

اهليه (আহলিয়াঃ) আঃ নাঃ স্ত্রীং ; পত্নী। স্ত্রী। বউ। বধু।

اهم (আহাম) আঃ বিঃ ; অত্যাবশ্যকীয়। একান্ত জরুরী। আবশ্যক।

اهلى (আহলী) আঃ বিঃ ; গৃহপালিত পশু-পাখি।

اهمال (আহমাল) আঃ পুং ; বেপরোয়া। অলসতা। বিলম্ব। বিড়ম্বনা।

اهنكار (অহংকার) সঃ নাঃ পুং ; গর্ব। অহংকার। গৌরব।

آهنگ (আ-হঙ্গ) ফাঃ নাঃ পুং ; ইচ্ছা। অভিলাষ। শখ। হবি।

آهنى (আহ্‌নী) ফাঃ বিঃ ; লৌহের তৈরী, শক্ত। মজবুত।

اهير (আহীর) হিঃ নাঃ পুং ; গোয়ালা। রাখাল। হিন্দুজাত বিশেষ।

اهيرن (আহীরণ) হিঃ নাঃ স্ত্রীং ; গোয়ালিনী।

ء – ا

ائتلاف (ইতিলাফ) আঃ নাঃ পুং ; মেলা মেশা। ঐক্য। সম্প্রীতি।

ائمة (আইম্মা) আঃ নাঃ পুং ; (امام –এর ব–ব) নেতা। ইমাম। অনুকরণীয় ব্যক্তি।

ائڈيا (আইডিয়া–Idea) ইং নাঃ পুং ; ধারণা। পরিকল্পনা।

ائرش (আইরিশ-Irish) ইং বিঃ ; আয়ারল্যান্ড অধিবাসী। আইরিশ।

آئل (অয়েল-Oil) ইং নাঃ পুং ; তেল।
آئل پيپر (– পেপার Oil paper) তৈলকাগজ।

آئل كلاته (অয়েল ক্লথ -Oil Cloth) রঙিন কাপড়। পলিথিন।

آئنده (আয়েন্দাঃ) ফাঃ বিঃ ; আগত। ভবিষ্যত। পরের বার। আগামীতে।

آئى (আয়ী) হিঃ নাঃ স্ত্রীং ; মৃত্যু। আনীত।

اوٹ ڈور (আউটডোর–Out Door) ইং ; বহিঃর্বিভাগ

آئينه (আয়নাঃ) ফাঃ নাঃ পুং ; মুখ দর্শনের সীসা। দর্পন। দর্শন। আয়না। আরশী। উজালা।

آئینی (আইনী) ফাঃ বিঃ ; সাংবিধানিক ধারায়। আইনসম্মত।
آئیے (আইয়ে) আসুন, আসুন। এসো বোস ! ভদ্রোচিত সম্বোধন।

ا - ی

اے (আয়) ফাঃ আহ্বান সূচক ; আসুন !
آیا (আ-য়া) হিঃ নাঃ স্ত্রীং ; দাইমা। ধাত্রী। প্রশ্নবোধক শব্দ ; কি ? যেমন- সে করেছে কি? اس نے کیا ؟ آیاگری (- গিরী) দাই পেশা। ধাত্রী পেশা।
ایاز (আয়ায) তুঃ নাঃ স্ত্রীং ; সুলতান মাহ্মুদের গোলাম যাকে তিনি অত্যন্ত ভালবাসতেন।
آیات (আ-য়াত) آیت আঃ নাঃ স্ত্রীং ; কুরআনের (এর ব-ব) আয়াত।
آیات متشابہات (-মুতাশাবিহাত) কোরানের যে আয়াতের মর্ম দুর্বোধ্য।
آیات محکمات (- মোহকামাত) যে আয়াতের ব্যাখ্যা-বিশ্লেষণের দরকার পড়ে না। স্পষ্ট আয়াত।
ایاغ (আয়াগ) তুঃ নাঃ পুং ; পেয়ালা। পেগ। পান পাত্র।
ایال (আয়াল) তুঃ নাঃ পুং ; কেশর। ঘোড়ার গ্রীবাস্থ দীর্ঘ কেশ।
ایالت (ইয়ালত্) আঃ নাঃ স্ত্রীং ; প্রভুত্ব। শাসন। অধিকার। রাষ্ট্র।
ایام (আইয়াম) আঃ নাঃ পুং ; (یوم -এর ব-ব) দিন। দিবস।
ایام اسود (-ই- আসওয়াদ) চন্দ্রমাসের ২৭, ২৮ ও ২৯ তারিখ।
ایام بیض (-ই- বীয) চন্দ্রমাসের ১৩, ১৪ ও ১৫ তারিখ।
ایام معدودات (-ই-মা-দুদাত) জিলহজ্জের ১-১০ তারিখ।
ایبک (আইবক) তুঃ নাঃ পুং ; গোলাম। দাস। দূত। প্রেমাস্পদ। মূর্তি। কুতুবুদ্দীনের উপাধি।
ایتام (আইতাম) আঃ বিঃ ; (یتیم -এর ব-ব) এতিম। পিতৃহীন। সাধারণতঃ। কথাবার্তায় یتامی শব্দ ব্যবহৃত।
ایتر (ইতর) হিঃ বিঃ ; ইতর। কমিনা। নিকৃষ্ট। ছোট লোক।
ایٹم (এ্যাটম-Atom) ইং নাঃ পুং ; পরমাণু। জওহর। ঐ ক্ষুদ্রাতিক্ষুদ্র অনু পরমাণু, প্রাচীন মহামনীষীদের মতে যা বিভক্তি করা যায় না। পরিভাষায় তারা বলেন- جزء لا یتجزی (জুয-ই-লা ইয়াতাজাযযা)। কিন্তু আধুনিক বিজ্ঞান এই চিন্তাধারাকে খন্ডন করে বিশাল শক্তি অর্জন করেছে।
ایٹمی (এ্যাটমী-Atomic) ইং বিঃ ; পারমাণবিক। জওহরী।
ایثار (ঈছার) আঃ নাঃ পুং ; অপরকে নিজের ওপর প্রাধান্য দান। আত্মদান।
ایجاب (ইজাব) আঃ নাঃ পুং ; আবশ্যক সরন, বেচা-কেনা, বিবাহ ইত্যাদির প্রস্তাব।
ایجاد (ঈজাদ) আঃ নাঃ পুং ; অস্তিত্বদান। সৃষ্টি। আবিষ্কার। উদ্ভাবন।
ایجاز (ইজায) আঃ নাঃ পুং ; সংক্ষিপ্ত করণ।
ایجنٹ (এজেন্ট-Agent) ইং নাঃ পুং ; স্থলাভিষিক্ত। এজেন্ট।
ایجنڈا (এজেন্ডা-Agenda) ইং নাঃ পুং ; কোন সংস্থা বা পার্টির পক্ষ থেকে কন্ফারেন্স বা সভা শেষ হবার আগে প্রতিনিধি পাঠান। এজেন্ডা। স্মারক লিপি। আলোচ্য বিষয়।
ایجنسی (এজেন্সী-Agency) ইং নাঃ পুং ; কমিশন এজেন্ট। উপ-প্রতিষ্ঠান।
ایڈوکیشن (এডুকেশন-Education) ইং ; শিক্ষা-বিদ্যা।
ایڈوانس (এ্যাডভান্স -Advance) ইং নাঃ পুং ; অগ্রিম। আগাম। এডভান্স।
ایچ پیچ (এচ পেচ) হিঃ বিঃ ; জটিল। ধোকা।

ایڈوکیٹ (এডভোকেট-Advocate) ইং নাঃ পুং ; উকিল। কৌসুলী। এডভোকেট।

ایڈیٹر (এডিটর) পরিচালক। সম্পাদক। বিন্যাসক।

ایڈیٹوریل (এডিটোরিয়াল-Editorial) সম্পাদকীয়।

ایڈیشن (এডিশন-Edition) মুদ্রণ। প্রকাশন।

ایذا (ইযা) আঃ নাঃ স্ত্রীং ; দুঃখ দেয়া। কষ্ট দেয়া। দুঃখ-কষ্ট।

ایذارسانی (ঈযারাসানী) ফাঃ নাঃ স্ত্রীং ; দুঃখ বা কষ্ট দেওন।

ایرا (ইরা) নাঃ পুং ; দাবা খেলায় রাজা চেক পড়লে যে ঘুঁটি দিয়ে চেক সামলান হয়। আড়। পর্দা।

ایراد (ইরাদ) আঃ নাঃ পুং ; প্রশ্ন। আপত্তি। ছিদ্রান্বেষণ।

ایریا (এরিয়া-Aria) ইং নাঃ পুং ; এলাকা। ভূ-খণ্ড।

ایریل (এরিয়াল-Arial) ইং বিঃ ; এন্টিনা।

ایڑ (এড়) হিঃ নাঃ স্ত্রীং ; পদাঘাত।

ایڑی (এড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; গুড়মুড়ো। পায়ের পেছনের অংশ। গোড়ালী।

ایزد (ঈযদ) ফাঃ নাঃ পুং ; আল্লাহ তা'আলা।

ایزدی (ইযদী) ফাঃ বিঃ ; খোদায়িত্ব। প্রভুত্ব।

ایسا (এয়সা) হিঃ বিঃ ; এ-রকম। এমনটা। এমনটি।

ایسٹ انڈیا کمپنی (ইস্ট ইন্ডিয়া কোম্পানী-East India company) ইং নাঃ পুং ; পূর্ব ভারতীয় কোম্পানী। মসলার বাণিজ্যের ছদ্মাবরণে ইংরেজ বেনিয়াদের প্রথম দল, যারা প্রথম মহারাণী এলিজাবেথের যুগে পূর্বভারতে নোঙ্গর করেছিল। আস্তে আস্তে তারা গোটা ভারত বর্ষ কব্জা করে নেয়।

ایسوسی ایشن (এসোসিয়েশন-Asso-ciation) ইং নাঃ স্ত্রীং ; সংস্থা। সমিতি। পঞ্চায়েত।

ایشو (ইস্যু-Issue) ইং নাঃ পুং ; জারীকরণ। বৈধকরণ। নবায়ণ। সূত্র।

ایشور (ইশ্বোর) সঃ নাঃ পুং ; পরমেশ্বর। ভগবান। ইশ্বর। প্রভূ।

ایشیا (এশিয়া) ইঃ নাঃ ; পৃথিবীর সবচে, বড় মহাদেশ। এশিয়া।

ایصال (ঈসাল) আঃ নাঃ পুং ; পৌছান। মিলন। প্রেরণ। চালন। ایصال ثواب (- ছাওয়াব) ছওয়াব পৌছান।

ایضا (আইযান) আঃ বিণ ; পূর্ববৎ। আবার, এভাবে।

ایفا (ঈফা) আঃ নাঃ পুং ; পুরা করা। চুক্তি পূর্ণ করা। আদায় করা। শোধ করা।

ایقان (ইকান) আঃ নাঃ পুং ; নিশ্চিত হওন। বিশ্বাস করা।

ایک (এক) হিঃ বিঃ ; এক। একাকী। একটি । একক।

ایکاوشی (একাওশী) হিঃ নাঃ স্ত্রীং ; একাদশী। চন্দ্রমাসের ১১ তারিখ।

ایکانت (একান্‌ত) হিঃ নাঃ পুং ; নীরব ও গোপনীয় স্থান। বিঃ ; একাকী, দূর, স্বতন্ত্র।

ایکسپورٹ (এক্সপোর্ট-Export) ইং নাঃ পুং ; রপ্তানী।

ایکس رے (এক্স-রে) ইং নাঃ পুং ; এক্স-রে। রঞ্জন রশ্মি।

ایکر (একর) ইং নাঃ পুং ; একর। ৪৮৪০ বর্গগজ জমি।

اکلا (একলা) হিঃ বিঃ ; একাকী।

ایل ایل بی (এল, এল, বি- L. L. B.) Bachelor of Law -এর সংক্ষেপ। আইনের উচ্চ ডিগ্রী।

ایلچی (এলচী) তুঃ নাঃ পুং ; দূত। মুখপাত্র। প্রতিনিধি।

ایل (ইয়ল) আঃ নাঃ পুং ; পাহাড়ী ছাগল।

হরিণ।

ایلیا (ইলিয়া) ইবঃ পুং ; জেরুজালেম।

ایما (ঈমা) আঃ নাঃ পুং ; ইশারা। ইংগিত।

ایمان (ঈমান) আঃ নাঃ পুং ; মান্য করা। নির্ভীকতা। আন্তরিক বিশ্বাস। আকীদা। ধর্ম। ঈমান। মুসলমানদের ধর্ম বিশাস।

ایمانداری (ঈমানদারী) হিঃ নাঃ স্ত্রীং ; বিশ্বস্ততা।

ایماء (আয়্মা) আঃ নাঃ স্ত্রীং ; চিহ্ন। সঙ্কেত। ইঙ্গিত। রূপক। প্রতিরূপ। আদেশ।

ایمن (আয়মান) আঃ বিঃ ; ভয়শূন্য। ভয়হীন। নির্ভীক।

ایمن (আয়্মন্) ফাঃ ; ডান দিক। সেই প্রান্তর যেখানে 'তুর' পাহাড় অবস্থিত।

ایم -- آر - ائی ایس (এম, আর, আই, এস) Member of Royal Academy of Science –এর সংক্ষেপ) ইং ; বিজ্ঞানের উঁচুপদ।

ایم - او - ایل (এম, ও, এল -M. O. L.) Master of Oriental Languages –এর সংক্ষেপ ইং ; প্রাচ্যভাষার উঁচু ডিগ্রী।

ایم - اے (এম, এ–M. A.) Master of Arts-এর সংক্ষেপ। ইং ; শিক্ষার উঁচু ডিগ্রী।

ایم - ایس - سی (এম, এস, সি -M. S.c.) Master of Science-এর সংক্ষেপ) ইং ; শিক্ষার উঁচু ডিগ্রি বিশেষ।

ایم - بی - بی - ایس (এম, বি, বি, এস -M. B. B. S.) Bachelor of Medicine Bachelor of Surgery – ব্যাচেলার অফ মেডিসিন ব্যাচেলার অফ সার্জারী -এর সংক্ষেপ। ইং ; চিকিৎসা বিজ্ঞানের উঁচু ডিগ্রী।

ایم پی (এম, পি-M. P.) Member of parliament-এর সংক্ষেপ) ইং ; সাংসদ। সংসদ সদস্য।

اینٹ (ইঁট) হিঃ নাঃ স্ত্রীং ; ইট। ইস্টক।

ایندھن (ইন্ধন) হিঃ নাঃ পুং ; ইন্ধন। জ্বালানী কাঠ।

اینڈنا (এণ্ডনা) হিঃ মৃঃ ; বুক ফুলিয়ে চলা, সদর্পে হাঁটা।

اینڑا (ইন্ডা) হিঃ বিঃ ; টেরা। আঁকাবাঁকা। সর্পিল।

اینڈی مینڈی (এন্ডি মেন্ডি) আকাবাঁকা। বন্ধুর। অমসৃণ। দুর্গম।

اینگلو انڈین (এ্যাংলো ইন্ডিয়ান–Anglo Indian) ইং বিঃ ; ভারতীয় ইংরেজ।

اینگلو عربک (এ্যাংলো এরাবিক-Anglo Arabic) ইং ; ভারতীয় আরব।

ایوان (ইওয়ান) ফাঃ নাঃ পুং ; মহল, প্রাসাদ।

ایوان تجارت (–তেজারত) ব্যবসায়ীদের সংস্থা। ইং পুং ; Chamber of Commerce –চেম্বার অফ কমার্স।

ایوب (আইয়ূব) আঃ নাঃ পুং ; বিখ্যাত পয়গম্বর হযরত আইয়্যুব (আঃ)।

اینگور (ঈগোঁর) হিঃ নাঃ পুং ; লাল সীসা।

ائیمه (আইম্মাঃ) আঃ নাঃ পুং ; জায়গীর। নিষ্কর জমি।

آئین (আঈন) ফাঃ নাঃ পুং ; বিধি-বিধান, আইন।

ایورسٹ (এভারেস্ট) হিমালয়ের সবচেয়ে উঁচু পর্বতশৃঙ্গ। যা ২৯০০২ ফুট উঁচু।

ایهام (ঈহাম) আঃ নাঃ পুং ; সন্দেহ। সন্দেহে ফেলান। পরিভাষায়–কবির এমন পংক্তি চয়ন করা, যা দু'অর্থ বিশিষ্ট। এক অর্থ, নিকটবর্তী অপরটি দূরবর্তী। কবি নিয়েছেন, দূরবর্তী অর্থ।

اے هے (আয় হায়) আক্ষেপবাচক শব্দ ; হায় হায় ! আরে কপাল রে !

بْ আরবী, ফার্সী ও উর্দুর ২য় হরফ এবং হিন্দীর ২৩ তম হরফ। ابجد -এর হিসাবে এর মান ২। আরবী উচ্চারণ –বা। উর্দূ ও ফার্সী উচ্চারণ–'বে।

ب – ا

با (বা) ফাঃ حرف جر ; সাথে। জন্য। হতে।

باب (বাব) আঃ নাঃ পুং ; দরজা। কপাট। পরিচ্ছেদ। ব্যাপার। কর। ট্যাক্স। বাবদ। ব–ব, ابواب ।

با با (বাবা) ফাঃ নাঃ পুং ; বড় চাচা। বাবা। দাদা। ফকীর। সন্যাসী।

بابت (বাবত) আঃ নাঃ স্ত্রীং ; বাবদ। সম্বন্ধে। দফা। সংবাদ। প্রবন্ধ। ব্যাপার। বিষয়।

بابر (বাবর) তুঃ নাঃ স্ত্রীং ; এক প্রকার তৃণ।

بابر (বাবুর) তুঃ নাঃ পুং ; হিন্দুস্তানের প্রথম মোগল সম্রাট। বাদশাহ আকবরের দাদা। ফাঃ ; বাবর।

بابک (বাবক) ফাঃ নাঃ পুং ; জনৈক বাদশাহ যিনি উর্দুশীরের মামা। আইন।

بابل (বাবেল) আঃ নাঃ পুং ; ইরাকের একটি প্রাচীন নগরী। ফোরাত তীরে অবস্থিত। ব্যবিলন সভ্যতার দেশ।

بابل (বাবুল) হিঃ নাঃ পুং ; পিতা। বাবা। স্ত্রীং ; এক প্রকার গীত, যা কন্যা বিদায় কালে গাওয়া হয়।

بابن (বাবিন) ইং নাঃ পুং ; ফিতা। সুতা। বেল্ট।

بابو (বাবু) হিঃ নাঃ পুং ; শাহ্‌জাদা। বালক। শিশু। জেনারেল শিক্ষিত। জেন্টেলম্যান। অভিজাত হিন্দু। পোষাকী যুবক। ক্লার্ক, মুন্সী।

بابونہ (বাবুনা) ফাঃ নাঃ পুং ; ফুল বিশেষ।

باپ (বাপ) হিঃ নাঃ পুং ; পিতা। বাবা। জনক। আব্বা। বুযুর্গ। باپ دادا (– দাদা) চৌদ্দ পূর্ব পুরুষ। বংশ।

بات (বাত) হিঃ নাঃ স্ত্রীং ; কথা। শব্দ। বাক্য। কথাবার্তা। গল্প-গুজব। বাগ দান। بات اتنی هے (– এতনী হ্যায়) বাস্তবিকপক্ষে। প্রকৃতপক্ষে। মোট কথা।

بات بگرنا (– বেগাড়্‌না) মূঃ ; পরিকল্পনা। ব্যর্থ করা। بات بننا (– বন্‌না) ইজ্জত প্রাপ্তি।

بات (বাত) সঃ নাঃ পুং ; বাত। গাঁটের ব্যাথা। আমবাত। বাতরোগ।

باٹ (বাট) হিঃ নাঃ পুং ; বাটখারা।

باتھ روم (বাথরুম) ইং ; গোসলখানা। প্রক্ষালন। শৌচাগার।

باٹی (বাটী) হিঃ নাঃ স্ত্রীং ; বাটি। খোরা। পেয়ালা। তরকারী পাত্র।

باج (বাজ) ফাঃ নাঃ পুং ; ট্যাক্স। কর। ভাড়া। শুল্ক। باجگیر (– গীর) শুল্ক আদায়কারী।

باجگزار (বাজ্‌গুজার) ফাঃ ; ট্যাক্স বা মাশুলদাতা।

باجا (বাজা) হিঃ নাঃ পুং ; বাদ্য যন্ত্র। বাঁশী।

باجپئی (বাজপেয়ী) হিঃ নাঃ পুং ; হিন্দু ব্রাহ্মণদের একটি বংশ।

باجرا (বাজরা) হিঃ নাঃ পুং ; এক প্রকার শস্য। বাজরা।

باجن (বাজন) হিঃ নাঃ পুং ; ঢোল। তবলা।

باجنا (বাজনা) হিঃ নাঃ পুং ; বাদ্যযন্ত্র। রাষ্ট্র হওয়া। ছড়ানো।

باجنتری (বাজেনতরী) হিঃ নাঃ পুং ; আবগারী শুল্ক। বাদকদের ওপর

ধার্যকৃত ট্যাক্স।

باجه (বাজাঃ) হিঃ নাঃ স্ত্রীং ; বাজনা। গ্রামোফোন। বাদ্যযন্ত্র।

باچھ (বাছ্) হিঃ নাঃ স্ত্রীং ; ঠোটেরকিনারা। জমির নিরিখ। কর ধার্যকরণ। চাঁদা। ফান্ড। সমিতির জমা। কর।

باچها (বাছা) হিঃ নাঃ পুং ; গো-শাবক। বাছুর।

باخه (বাখাঃ) باخا (বাখা) ফাঃ নাঃ পুং ; কচ্ছপ।

باجی (বাজী) তুঃ নাঃ স্ত্রীং ; আপা। বড় বোন। বয়সী নারী।

باحث (বাহেছ) আঃ বিঃ ; তর্কবাগীশ। বহছকারী।

باختر (বাখতর) ফাঃ নাঃ পুং ; পূর্ব। পশ্চিম। খোরাসান দেশ। কান্দাহার অঞ্চল।

باد (বাদ) ফাঃ নাঃ স্ত্রীং ; হাওয়া। বাতাস। বায়ু। সমীর। باد رفتار (-ই-রফতার) বায়ুগতিতে যে চলে। ধুরন্ধর। দ্রুতগতি সম্পন্ন ঘোড়া। باد سموم (-ই-সামুম) মরু সাইমুম। লু-হাওয়া। باد موافق (- মুয়াফিক) অনুকূল আবহাওয়া। بادشمال (-শিমাল) উত্তরে হাওয়া। باد صبا (-সবা) ভোরের হাওয়া।

باد صر صر (- ই-সর সর) তীব্র বাতাস। باد نسیم (-ই-নসীম) স্বাস্থ্যকর প্রাতঃবায়ু।

باد مخالف (-ই-মুখালিফ) প্রতিকূল আবহাওয়া। দুর্যোগপূর্ণ হাওয়া।

باد بان (বাদবান) ফাঃ নাঃ পুং ; পাল। বাদাম। মাস্তুল।

بادپیما (বাদে -পায়মা) ফাঃ বিঃ ; বাচাল। বায়ূ নির্ণয়ক যন্ত্র। দ্রুত ঘোড়া।

باد شاه (বাদশাহ) ফাঃ নাঃ পুং ; বাদশাহ। সম্রাট। প্রেসিডেন্ট।

بادشاهانه (বাদশাহানা) ফাঃ বিঃ ; রাজকীয়।

بادشاهی (বাদ্শাহী) রাজত্ব। সাম্রাজ্য। রাজ্য।

بادام (বাদাম) ফাঃ নাঃ পুং ; বাদাম। চীনা বাদাম।

بادامی (বাদামী) ফাঃ বিঃ ; বাদামী রঙ।

بادکش (বাদকাশ) ফাঃ নাঃ পুং ; পাখা।

بادل (বাদল) হিঃ নাঃ পুং ; মেঘ।

بادنما (বাদ্নুমা) ফাঃ নাঃ পুং ; বায়ুমান যন্ত্র।

باده (বাদাঃ) ফাঃ নাঃ পুং ; মদ্য। মদ।

باده نوش (- নোশ) মদ্যপ।

بادی (বাদী) ফাঃ নাঃ পুং ; পেট ফোলা। পেটে ট্রাবল।

باؤنجان (বাউঁজান) ফাঃ নাঃ পুং ; বেগুন। তরকারী বিশেষ।

بادیان (বাদিয়ান) ফাঃ নাঃ স্ত্রীং ; গুয়ামৌরী, সওফ।

بادیه (বাদিয়াঃ) আঃ নাঃ পুং ; মরুভূমি। বন। জঙ্গল। ফাঃ ; পেয়ালা।

بار (বার) ফাঃ নাঃ পুং ; বোঝা। দুঃখ। দুর্বিষহ। গলগ্রহ। গর্ভ। দ্বার। প্রবেশ পথ। بار روم (- রুম) উকিল বার।

بارات (বারাত) হিঃ নাঃ স্ত্রীং ; বরযাত্রী।

باران (বারান) ফাঃ নাঃ স্ত্রীং ; বৃষ্টি। বর্ষা। বর্ষণকারী। باران رحمت (-ই-রহমত) রহমতী বৃষ্টি। কৃপা বর্ষণ। بارانی (বারানী) বর্ষানির্ভর জমি।

باراه (বারাঃ) হিঃ নাঃ পুং ; শুকর। হিন্দু মতে বিষ্ণুর তৃতীয় অবতার, যা শুকরের বেশে আবির্ভূত হয়েছিল।

بارثبوت (বারে ছুবুত) ফাঃ নাঃ পুং ; প্রমাণের দায়িত্ব।

بارخدا (বারে খুদা) ফাঃ নাঃ পুং ; মহান আল্লাহ্র দরবার।

بارد (বারিদ্) আঃ বিঃ ; ঠাণ্ডা। শীতল।

بارش (বারিশ) ফাঃ নাঃ স্ত্রীং ; বৃষ্টি। বর্ষণ।

বৃষ্টিপাত।

بارعام (বারে আম) ফাঃ নাঃ পুং ; সম্রাটের সাধারণ বিচার কক্ষ যেখানে জনগণের উপস্থিতি অনুমোদিত।

بارز (বারেয) আঃ বিঃ ; প্রকাশ্য। প্রাঞ্জল।

بارد (বারূদ) হিঃ নাঃ স্ত্রীঃ ; বালু। বালুকণা।

باروت (বারূত) ফাঃ নাঃ স্ত্রীঃ ; গোলা-বারুদ।

بارگاه (বারগাহ) ফাঃ নাঃ স্ত্রীঃ ; বিচারালয়। বিচার সভা। بارگاه رب الصمد (-ই রব্বুস সামাদ) আল্লাহর দরবার।

باره (বারাঃ) হিঃ বিঃ ; দ্বাদশ। বার। ১২।

بارندگی (বারেন্দগী) ফাঃ নাঃ স্ত্রীঃ ; বৃষ্টিপাত।

بارها (বারহা) ফাঃ বিণ ; বারংবার। বারবার। উত্তরোত্তর। ক্রমান্বয়ে।

باره سنگها (বারা-সিংঘা) হিঃ ; শিংওয়ালা হরিণ।

باری (বারী) আঃ নাঃ পুং ; আল্লাহ তা'আলার গুণবাচক নাম।

باری (বারী) হিঃ নাঃ পুং ; সময়। পালা। পাহারা। باری باری کرکے (-বারী করকে) পালাক্রমে।

باریک (বারীক) ফাঃ বিঃ ; সূক্ষ্ম। পাতলা। মিহি। জটিল।

بارے (বারে) ফাঃ বিণ ; একদা। হঠাৎ। অবশেষে। কিন্তু। ব্যাপারে।

باڑ (বাড়্) হিঃ নাঃ স্ত্রীঃ ; কিনারা। প্রান্ত সীমা। বেড়া। অস্ত্রের ধার।

باڑا (বাড়া) হিঃ নাঃ পুং ; বেড়া। পরিবেষ্টন। প্রতিবন্ধক। কবরস্তান। গোরস্তান।

باڑہ (বাড়াঃ) হিঃ নাঃ স্ত্রীঃ ; বাড়। বৃদ্ধি। বর্ধন। বন্যা। প্লাবন।

باڑی (বাড়ী) হিঃ নাঃ স্ত্রীঃ ; ঘর। বাড়ী। নিকেতন। বাগিচা। কার্পাস ক্ষেত।

باز (বায) ফাঃ নাঃ পুং ; বাজপাখি। খেলোয়াড়।

باز (বায্) ফাঃ বিঃ ; প্রত্যাবর্তন। بازآنا (- আনা) মূঃ ; অস্বীকার করা। ফিরে আসা। ত্যাগ করা।

بازدید (বাযদেদ) ফাঃ বিঃ ; জওয়াবী মোলাকাত। পুনর্মিলন।

بازار (বাযার) ফাঃ নাঃ পুং ; বাজার বিপণী। بازار گرم هونا (-গরম হোনা) ব্যাপক চাহিদা। ধুম।

بازپرس (বায পুরস) ফাঃ নাঃ স্ত্রীঃ ; পুনঃতদন্ত। পুনঃবিচার। পুনঃ পুনঃ তথ্যানুসন্ধান। পুনঃজিজ্ঞাসা। জবাবদেহী।

بازخواه (বাযখাঁ) ফাঃ বিঃ ; নিরীক্ষক। সমীক্ষক। পর্যবেক্ষক।

بازرگان (বাযুরগান) ফাঃ নাঃ পুং ; সওদাগর। ব্যবসায়ী।

بازگشت (বাযগশ্‌ত) ফাঃ নাঃ স্ত্রীঃ ; প্রত্যাবর্তন। পশ্চাদ্ধাবন। صدائے بازگشت (সদায়ে -) প্রতিধ্বণী। প্রতিশব্দ।

بازنده (বাযেন্দাঃ) ফাঃ নাঃ পুং ; খেলোয়াড়। বাজীগর।

باز نطینی (বাযেন্তীনী) ফাঃ তুঃ নাঃ পুং ; বায়জেন্টাইন সাম্রাজ্য। রোম সাম্রাজ্য।

بازو (বাযু) ফাঃ নাঃ পুং ; বাহু। সৈন্য দলের বাম বা দক্ষিণ পার্শ্বের যোদ্ধাগণ। بازو بند (- বন্দ) বাযুবন্দ। বাহুতে ব্যবহৃত অলংকার বিশেষ।

بازی (বাযী) ফাঃ নাঃ স্ত্রীঃ ; ক্রীড়া। খেলা-ধুলা। বাজী। بازی پانا (- পানা) মূঃ ; বিজয়ী হওয়া। খেলাতে জয়ী হওয়া। بازی لگانا (- লাগানা) বাজি ধরা।

بازیچه (বাযীচাঃ) ফাঃ নাঃ পুং ; ক্রীড়া। খেলাধুলা। খেলাসামগ্রী।

بازیچه اطفال (বাযীচা-য়ে-আতফাল) ফাঃ পুং ; শিশুর খেলা। অর্থহীন কথা.

ছেলেমি।

بازیگر (বাযীগর্) ফাঃ নাঃ পুং ; বাজীগর যাদুকর। بازیگری (বাযীগরী) নাঃ স্ত্রীং ; ভোজবাজী। বঞ্চনা। ভেল্কী। হস্তকৌশল।

باس (বাস) হিঃ নাঃ স্ত্রীং ; গন্ধ। আতর। সুবাস।

باسا (বাসা) হিঃ নাঃ পুং ; বাসা। অস্থায়ী বাসস্থান।

باسط (বাসিত্) আঃ ; আল্লাহ্ তালার গুণবাচক নাম। প্রাচুর্যদানকারী।

باسمتی (বাসমতি) হিঃ ; বাসমতি চাল। সুগন্ধি চাউল বিশেষ।

باسٹھ (বাষঠ্) হিঃ বিঃ ; বাষট্টি। ৬২।

باسک (বাসক) হিঃ নাঃ পুং ; হিন্দুদের বিশ্বাস মতে, পৃথিবী স্থির রাখছে যে সর্পরাজ। শীষ নাগ।

باسن (বাসন) হিঃ নাঃ পুং ; বাসন। পাত্র। থালা।

باسلیق (বাসলীক) আঃ নাঃ পুং ; অন্তর ও কলজের সাথে যে রগের সম্পর্ক।

باسی (বাসী) হিঃ বিঃ ; বাসি। পচা।

باش (বাশ) ফাঃ বিঃ ; জীবিত। অস্তিত্ব। সম্পন্ন। شب باش (শব –) রাত্রি যাপন।

باشد (বাশদ্) ফাঃ বিঃ ; হয়ত। সম্ভবতঃ।

باشنده (বাশিন্দাঃ) ফাঃ নাঃ পুং ; বাসিন্দা। অধিবাসী। অবস্থানকারী।

باشی (বাশী) তুঃ নাঃ পুং ; সর্দার। নেতা।

باشه (বাশাঃ) ফাঃ নাঃ পুং ; শ্যেনপক্ষী। (বাজের চেয়ে আকারে ছোট)।

باصره (বাসেরাঃ) আঃ বিঃ ; দৃষ্টিশক্তি।

باطل (বাতিল) আঃ বিঃ ; মিথ্যা। শূন্যতা। বাতিল। রহিত। নাকচ। অকার্যকর।

باطن (বাতিন) আঃ নাঃ পুং ; গোপনীয়। অন্তরঙ্গ। পেট। অন্দর। ভিতর।

باطنی (বাতিনী) আঃ বিঃ ; আন্তরিক। আধ্যাত্মিক। ভিতরগত। আভ্যন্তরীন।

باعتبار (বই'ত্বার) আঃ বিণ ; সম্বন্ধে। কারণে। মতে। হিসেবে।

باطنیه (বাতিনিয়্যাঃ) আঃ নাঃ পুং ; শিয়াদের একটি ফেরকা। হাসান বিন সাবা এদের নেতা।

باعث (বা'য়িছ) আঃ নাঃ পুং ; কারণ। ভিত্তি।

باغ (বাগ) ফাঃ নাঃ পুং ; বাগান। গোলজার। গুলিস্তান। কানন। পুষ্পোদ্যান। উপবন। কুঞ্জবন।

باغ باغ هونا (–বাগ হোনা) অতিশয় আনন্দিত হওয়া। খুশীতে আটখানা। গদগদ খুশি।

باغ وبهار (–ও বাহার) হাসিমুখ। পরিপাটি। সৃজনশীল। অলংকৃত।

باغات (বাগাত) ফাঃ নাঃ পুং ; باغ -এর ব–ব। বাগানসমূহ।

باغیچه (বাগীচাঃ) ফাঃ নাঃ পুং ; ছোট কানন। ছোট বাগান।

باغبان (বাগবান) ফাঃ নাঃ পুং ; মালি।

باغبانی (বাগ্বানী) ফাঃ নাঃ স্ত্রীং ; উদ্যানকার্য।

باغی (বাগী) আঃ বিঃ ; বিদ্রোহী। দাম্ভিক। ভ্রষ্ট।

بافته (বাফতাঃ) ফাঃ বিঃ ; বুননকৃত। মিহি বস্ত্র। কবুতরের পাখার রঙ।

بافراط (বইফ্রাত) ফাঃ বিঃ ; প্রচুর। অনেক।

بافنده (বাফি'ন্দাঃ) ফাঃ নাঃ পুং ; বুননকারী। জোলা।

باقر (বাকর) আঃ বিঃ ; বিজ্ঞ আলেম। বিত্তশালী। ধনাঢ্য। আবু জাফর মোহাম্মদ ইবনে আলী ইবনুল হোসাইন-এর উপাধি।

باقر خانی (বাকের খানী) চাপাতি রুটি। বাকরখানি।

باقلی ، باقلاء (বাকেলা) আঃ নাঃ পুং ; এক প্রকার তরকারী। মটর শুটি। শিম।

باقی (বাকী) আঃ বিঃ ; অবশিষ্ট। উদ্ধার। কর্জ। স্থিতিশীল। আল্লাহর গুণবাচক

নাম।

باقلی (বাকিল্লা) আঃ নাঃ পুং ; তরকারী বিশেষ। শিম।

باک (বাক) ফাঃ নাঃ পুং ; ভয়। ডর। ভীতি। শংকা। সন্ত্রস্ত ভাব। হিঃ ; ভাষা। কথা।

باکس (বক্স-Box) ইং নাঃ পুং ; বাক্স। বাক্স। অলংকৃত। সিন্দুক। থিয়েটারের মেকআপ রুম।

باکس پولیس (-পুলিশ) পুলিশ বক্স।

باکسر (বক্সার-Boxer) ইং নাঃ পুং ; মুষ্টিযোদ্ধা। বক্সার।

باکرہ (বাকেরাঃ) আঃ নাঃ স্ত্রীং ; কুমারী। অবিবাহিতা। কিশোরী।

باکورہ (বাকুরাঃ) আঃ বিঃ ; গাছের প্রথম ফল।

باکلی (বাকিলী) হিঃ নাঃ স্ত্রীং ; ঝিঙ্গা। দুনদোল। তরকারী বিশেষ।

باکھ (বাখ্) হিঃ নাঃ স্ত্রীং ; বান। থন। দুধের ওলান।

باکھڑی (বাখড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; যে গাভী পাঁচ মাস দুধ দেয়।

باکھل (বাখল) হিঃ নাঃ স্ত্রীং ; পাল। জন্তুদল।

باگ (বাঘ) আঃ নাঃ স্ত্রীং ; রশ্মি। লাগাম। বল্‌গা। باگ اٹھانا (- উঠানা) ঘোড়াকে পূর্ণ বেগে ধাবিত করা।

باگا (বাগা) হিঃ নাঃ পুং ; বিবাহের পোষাক। সম্মানজনক পোষাক।

باگھ (বাঘ্) হিঃ নাঃ পুং ; ব্যাঘ্র বাঘ। باگھن বাঘিন্- স্ত্রীং ; ব্যাঘ্র। বাঘিনী।

بال (বাল) আঃ ; অবস্থা। দেহসজ্জা। নিশ্চিন্ততা।

بال (বাল) ফাঃ নাঃ পুং ; পাখির ডানা।

بال (বাল) হিঃ নাঃ পুং ; চুল। কেশ। লোম। নাবালক। শিশু।

بالا (বালা) উপরে, উর্ধে। নাঃ পুং; চূড়া। শীর্ষ।

بال بال (বাল বাল) হিঃ ; চুলচুল করে। পাই পাই করে। নির্ঘন্ট আকারে।

بالادست (বালাদস্ত) ফাঃ ; হাকেম। প্রশাসক। ক্ষমতাবান।

بالائی (বালাঈ) ফাঃ নাঃ স্ত্রীং ; উচ্চতা, অসাধারণত্ব।

بالتخصیص (বিত্তাখ্‌সীস) আঃ বিণ ; বিশেষভাবে। নির্দিষ্টভাবে।

بالاتفاق (বিল ইত্তিফাক) আঃ বিণ ; সর্বসম্মতিক্রমে। ঐকমত্যে।

بالاجمال (বিল ইজমাল) আঃ বিণ ; সকলে। ঐক্য সহকারে। সংক্ষিপ্তা -কারে।

بالارادہ (বিল ইরাদাঃ) আঃ বিণ ; ইচ্ছাকৃতভাবে। স্বেচ্ছায়। সোৎসাহে।

بالاخانہ (বালাখানা) ফাঃ নাঃ পুং ; বালাখানা। প্রাসাদ। অট্টালিকা।

بالانفراد (বিল ইনফিরাদ) আঃ বিণ ; আলাদাভাবে। পৃথক পৃথক।

بالتصریح (বিত্তাসরীহ) আঃ বিণ ; সবিস্তার, পুঙ্খানুপুঙ্খরূপে। স্পষ্টভাবে। দ্ব্যর্থহীন ভাষায়।

بالتفصیل (বিত্তাফসীল) আঃ বিণ ; স্পষ্টভাবে। বিস্তারিতভাবে। বিশদাকারে। খুলে খুলে।

بالجبر (বিল জবর) আঃ বিণ ; জবর দস্তিমূলক। পেশী শক্তিতে। জোর পূর্বক।

بالجملہ (বিল জুমলা) আঃ বিণ ; মোটামুটিভাবে। একসাথে। খোলাসা।

بالذات (বিয্‌যাত) আঃ ; বিণ ; স্বভাবতঃ। মূলতঃ। بالذاتی (বিয্‌যাতী) মুলে, আসলে।

بال (বল-Ball) ইং নাঃ স্ত্রীং ; ফুটবল। গোলা। সূতার গোল্লা।

بال روم (বল রুম-Ball Room) নাচঘর। মঞ্চ। রঙ্গালয়।

بالائے بام (বালায়ে বাম) ফাঃ পুং ; কুঠিতে। ছাদের ওপরে।

بالٹی (বালটি) হিঃ নাঃ স্ত্রীং ; বালতি।

بالش (বালিশ) ফাঃ নাঃ পুং ; বালিশ। গদি। কোল বালিশ।

بالشت (বালিশ্ত) ফাঃ নাঃ পুং ; বিঘত। বার আঙ্গুল পরিমান।

بالضرور (বিয্যরূর) بالضرورت (বিয্যরূরত্) আঃ বিণ ; অবশ্যম্ভাবীরূপে। অনিবার্যরূপে। অবশ্যই।

بالعکس (বিল্-'আকস) আঃ বিণ ; বরং ; পক্ষান্তরে। বিপরীত।

بالعموم (বিল্উমুম) আঃ বিণ ; সাধারণতঃ।

بالشتیا (বালিশতিয়া) নাঃ পুং ; খর্বকায়। খাটোকায়। বেঁটে।

بالشوزم (বালশেভিজম-Bolshevism) ইং নাঃ স্ত্রীং ; কট্টর সামন্তবাদের আন্দোলন। বিপ্লব।

بالشوک (বালশেভিক-Bolshevik) ইং নাঃ পুং ; বলশেভিক। বিপ্লবী। উগ্র কমিউনিস্ট।

بالغ (বালিগ) আঃ নাঃ পুং ; প্রাপ্ত বয়স্ক। অভিজ্ঞ। জোয়ান। সেয়ানা। ১৫ বছর বয়স্ক। হুঁশিয়ার। চালাক।

بالغه (বালিগা) আঃ না স্ত্রীং ; যুবতী নারী। পূর্ণবয়স্কা কন্যা।

بالفرض (বিল্ফরয) আঃ বিণ ; সম্ভবতঃ। ধরে নেয়া হলে।

بالفعل (বিল্ফি'ল) আঃ বিণ ; প্রকৃত প্রস্তাবে। বর্তমানে। বাস্তবে। কার্যত।

بالقصد (বিল্কসদ) আঃ বিণ ; ইচ্ছাকৃতভাবে।

بالک (বালক) সঃ নাঃ পুং ; বাচ্চা। বালক। অপ্রাপ্ত বয়স্ক। মূর্খ।

بالکل (বিল্কুল) আঃ বিণ ; সম্পূর্ণ। সম্পূর্ণভাবে।

بالکونی (বালকোনী-Balcony) ইং নাঃ স্ত্রীং ; বেলকনী। ছায়ানীড়। বৃত্তাকায় বারান্দা বিশেষ।

بالم (বালাম) হিঃ নাঃ পুং ; স্বামী। প্রেমিক। প্রেমাস্পদ।

بالو (বালু) হিঃ নাঃ স্ত্রীং ; বালি। بالوبرد (- বরদ) পলিমাটি বিধৌত উর্বর ভূমি।

بالمیک (বাল্মীক) হিঃ পুং ; রামায়ণ রচয়িতার নাম। হিন্দি-সংস্কৃত ভাষার বিদগ্ধ কবি।

بالمیکی (বাল্মিকী) হিঃ পুং ; বাল্মিকের অনুগামী। অচ্ছুৎ। মেথর।

بالن (বালান) হিঃ পুং ; ইন্ধন।

بالی (বালী) হিঃ নাঃ স্ত্রীং ; কানের দুল।

بالین (বালীন) ফাঃ নাঃ স্ত্রীং ; মস্তকের উপাধান। কবর বা খাটের মাথার দিক।

بام (বাম) হিঃ নাঃ স্ত্রীং ; বাইন মাছ।

بام (বাম) ফাঃ নাঃ পুং ; অট্টালিকার উপর তলা। অলিন্দ।

بام (বাম-Balm) ইং নাঃ পুং ; বাম। মলম।

بامداد (বাম্দাদ) ফাঃ নাঃ স্ত্রীং ; প্রভাত। উষা।

بامن (বামন) হিঃ নাঃ পুং ; হিন্দু বিশ্বাসে বিষ্ণুর পঞ্চম অবতার। বামন। বেঁটে।

بامنی (বামনী) হিঃ নাঃ স্ত্রীং ; টিকটিকি জাতীয় পোকা। ব্রাহ্মণী।

بان (বান) হিঃ নাঃ স্ত্রীং ; প্রকৃতি। মেজাজ। প্রবণতা। অভ্যাস। খাসলত।

بان (বান) ফাঃ ; একটি উপসর্গ- শব্দের উত্তর ব্যবহৃত হলে রক্ষক ইত্যাদি অর্থ প্রকাশ করে, যথা- باغبان (বাগ্ -) বাগানরক্ষী ; دربان (দর -) দ্বাররক্ষী। দারোয়ান।

بانا (বানা) হিঃ নাঃ পুং ; লেবাস পোষাক। চেহারা। রূপ। স্বরূপ।

بانبی (বাঁবী) হিঃ নাঃ স্ত্রীং ; সাপের গর্ত।

بانٹ (বাঁট) হিঃ নাঃ পুং ; ওজন। পরিমিত। স্ত্রীং ; বন্টন।

بانٹنا (বাঁট্না) হিঃ মূঃ ; বণ্টন করা।

بانات (বানাত) নাঃ স্ত্রীং ; একপ্রকার গরম

কাপড়।

بانجھ (বান্‌ঝ) হিঃ নাঃ স্ত্রীং ; বন্ধ্যা। অনুর্বর।

باندھ (বান্‌ধ) হিঃ নাঃ পুং ; বাঁধ। কারাগার। বন্ধন।

باندی (বাঁদী) হিঃ নাঃ স্ত্রীং ; বাঁদী। দাসী। ছোকড়ী।

بانڈ (বন্ড–Bond) ইং নাঃ পুং ; চুক্তি। অঙ্গীকার নামা। দস্তাবেজ। বন্ড।

بانڈا (বান্ডা) হিঃ বিঃ ; ল্যাংড়া পা। খোঁড়া। লেজকাটা সাপ।

بانس (বাঁস) হিঃ নাঃ পুং ; বাঁশ। দশফিটের মাপ। নল।

بانسری (বাঁসরী) হিঃ নাঃ স্ত্রীং ; বাঁশী। মুরলী।

بانک (বাঁক) হিঃ নাঃ স্ত্রীং ; বক্রতা। নদীর বাঁক। মোড়। নুপুর। ঝুমুর।

بانکا (বাঁকা) হিঃ বিঃ ; টেরা। বাঁকা। বক্র। রঙ্গীলা। নির্ভীক। পুং ; লুচ্চা। মুক্ত প্রকৃতি। বীর।

بانکپن (বাঁকপন) হিঃ নাঃ পুং ; বিলাসিতা, সৌন্দর্য। সৌখিন।

بانگ (বাঙ্গ) ফাঃ নাঃ স্ত্রীং ; আওয়াজ। চিৎকার। ডাক। মোরগের ডাক।

بانگی (বাঙ্গী) হিঃ নাঃ স্ত্রীং ; আদর্শ। নমুনা। বাঙ্গী। খাদ্য বিশেষ।

بانو (বানু) ফাঃ নাঃ স্ত্রীং ; বেগম। স্ত্রী। বউ। বধু। শাহজাদী। খাতুন। রাণী।

بانوے (বানব্বে) হিঃ বিঃ ; বিরানব্বই। ৯২।

بانہہ (বাঁহ্) হিঃ নাঃ স্ত্রীং ; বাহু। (কনুই হতে কাঁধ পর্যন্ত)। সাহায্য। জামিন। بانہہ دینا (– দেনা) সাহায্য করা।

بانہ (বান্‌হ) হিঃ নাঃ স্ত্রীং ; বায়ু। ভরসা। মদদদাতা। শক্তি। উদ্ভাবক।

بانی (বানী) আঃ বিঃ ; স্থপতি। উদ্ভাবক। প্রতিষ্ঠাতা।

بانی (বাণী) হিঃ নাঃ স্ত্রীং ; বাণী। কথা। নসীহত। উপদেশ। বচন। ভাষা। শব্দ।

باوا (বাওয়া) হিঃ নাঃ পুং ; বাবা। পিতা।

باؤ (বাও) হিঃ নাঃ স্ত্রীং ; বাতাস। বায়ু। বাত। باوبتاس (–বাতাস) প্রেতাত্মার প্রভাব। রোগ।

باور (বাওয়ার) ফাঃ নাঃ পুং ; বিশ্বাস। আস্থা। ভরসা।

باورچی (বাওরচী) ফাঃ তুঃ নাঃ পুং ; বাবুর্চি। রন্ধক। পাচক। باورچی خانہ (– খানা) রন্ধনশালা। রান্নাঘর। পাক ঘর।

باؤلا (বাওলা) হিঃ বিঃ ; পাগল। উন্মাদ। باؤلا کتا (–কুত্তা) পাগলা কুকুর। باؤلا گانا (–গানা) বাউল গান। পাগলা গান।

باون (বাওয়ান) হিঃ বিঃ ; বায়ান্ন। বাহান্ন। ৫২।

باہ (বাহ্) আঃ নাঃ স্ত্রীং ; পৌরুষত্ব। পেশী বল। যৌনশক্তি। রতিশক্তি।

باہ (বাহ্) হিঃ নাঃ পুং ; বাহবা। সাবাস। খারাপ কি । ভালোই তো। সম্পর্ক।

باہا (বাহা) হিঃ নাঃ পুং ; নালা। পাইপ। নহর।

باہر (বাহির) আঃ বিঃ ; বাহির। উন্মুক্ত। খোলা।

باہر (বাহের) আঃ বিঃ ; অভিজ্ঞ। বিখ্যাত। প্রকাশিত। চমৎকার।

باہم (বাহাম) ফাঃ বিণ ; একত্রে। মিলে মিশে।

باہن (বাহন্) হিঃ নাঃ পুং ; বাহন। চাষের জন্য তৈরী জমি।

باہنا (বাহনা) হিঃ মৃঃ ; চাষ করা। লাঙ্গল দেওয়া।

باہن (বাহন) হিঃ নাঃ স্ত্রীং ; বাহন। গাড়ী।

باہنا (বাহনা) ফাঃ মৃঃ ; ছড়িয়ে পড়া। বিকশিত হাওয়া। হালচাষ। বপন করা।

بائی (বাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; লেডি। ভদ্র মহিলা। বেগম। বোন। বাতাস।

بائع (বায়ে') আঃ নাঃ পুং ; বিক্রেতা। দোকানী।

بائن (বাইন) আঃ বিঃ ; তালাকে বাইন। চূড়ান্তী।

بائیس (বাঈস) হিঃ বিঃ ; বাইশ। ২২।

بایاں (বায়াঁ) হিঃ বিঃ ; বাম। বামদিকস্থ।

باید شاید (বায়াদ শায়াদ) ফাঃ নাঃ পুং ; যেমন হওয়া উচিত। যেমনটি চাই। যেমনটা কাম্য।

بایستہ (বায়স্‌তাঃ) ফাঃ বিঃ ; দরকারী। প্রয়োজনীয়।

بائبل (বাইবেল) আঃ নাঃ পুং ; খ্রীস্টানদের ধর্মপুস্তক। পুরান-নতুন সুসমাচার মিলিত এই পুস্তক।

ب – ب

بباد (বিবাদ) সং নাঃ পুং ; বিবাদ। ঝগড়া।

بباعث (ববা–'ইছ) আঃ বিণ ; কারণে।

ببر (বব্‌র) ফাঃ নাঃ পুং ; সিংহ। ব্যাঘ্র।

ببری (বাবরী) হিঃ নাঃ স্ত্রীং ; বাবরী চুল।

ببوا (বব্‌ওয়া) হিঃ নাঃ পুং ; শিশু। খেলনা।

ببغا (বাবগা) আঃ ; তোতা পাখি।

ببول (বাবুল) হিঃ নাঃ স্ত্রীং ; বাবলা গাছ।

ببی (বাব্বী) হিঃ ; চুমো। চুম্বন।

بببیک (বিবেক) হিঃ নাঃ পুং ; বিবেক। বিবেচনা। বিচার। বোধ। জ্ঞান।

ببیا (বিবিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট-বৌ। সর্বশেষ বউ।

ب – پ

بپا (বাপা) ফাঃ বিঃ ; পায়ের ওপর। খাড়া। প্রতিষ্ঠিত।

بپت (বিপত) হিঃ স্ত্রীং ; বালা-মুসিবত। বিপদ। দুঃখ-কষ্ট।

بپتسما (ব্যাপতিসমা–Baptism) ইং নাঃ পুং ; খ্রীস্টানদের একটি প্রথা। সন্তান জন্মালে তারা ماءممودیہ (মা-ই-মামুদিয়া) নামীয় এক প্রকার হলুদ পানি ছিটায় ও বলে, সন্তান এখন প্রকৃত খ্রীস্টান হলো। আরবীতে একে বলা হয় اصطباغ –ইস্তেবাগ।

بپر (বিপার) হিঃ নাঃ পুং ; বিপ্র, ব্রাহ্মণ। পূজারী।

بپریت (বিপরীত) হিঃ বিঃ ; উল্টা। বিপরীত। প্রতিকূল। প্রতিদ্বন্দ্বী।

بپوتی (বাপুতী) হিঃ নাঃ স্ত্রীং ; মিরাছ। পৈত্রিক। সম্পত্তি।

بپہے (বিফে) হিঃ নাঃ স্ত্রীং ; বৃহস্পতিবার।

ب – ت

بت (বাত) হিঃ নাঃ স্ত্রীং ; কথা। بات -এর সংক্ষেপ।

بت (বিত) হিঃ নাঃ স্ত্রীং ; শক্তি। কুদরত। প্রভাব। ধন-দৌলত। বিত্ত–বৈভব। শান-শওকত। দাপট-প্রভাব।

بت (বুত) ফাঃ নাঃ পুং ; মূর্তি। প্রতিমা। প্রেমিকা। বিঃ ; চুপ। খামোশ। মূর্খ। ভাস্কার্য। بت تراش (– তরাশ) মূর্তি বা ভাস্কর নির্মাতা। بت پرست (– পরস্ত) মূর্তিপূজারী। بت پرستی (– পরস্তী) মূর্তিপুজা। بت خانہ (– খানা) মন্দির। শিবালয়। بت شکن (– শেকান) মূর্তিবিলোপ। বিনাশ।

بتا (বুত্তা) হিঃ নাঃ পুং ; ধোঁকা। বাহানা।

بتاشا (বাতাশা) হিঃ নাঃ পুং ; এক প্রকার মিষ্টান্ন। বাতাসা।

بوتام - بتام (বুতাম- বোতাম) নাঃ পুং ; বোতাম।

بتانا (বাতানা) হিঃ মূঃ ; বলা, ইংগিত করা। বর্ণনা করা। শিক্ষা দেয়া।

بتر (বোতরা) হিঃ বিঃ ; ভোঁতা। তীক্ষ্মহীন।

بتکدہ (বুতকাদাঃ) ফাঃ ; মন্দির।

بتدریج (বাতাদরীজ) ফাঃ আঃ বিণ ; পর্যায়ক্রমে। পালাক্রমে।

بتک (বত্‌ক) হিঃ নাঃ স্ত্রীং ; হাঁস।

بتول (বাতূল) আঃ বিঃ ; কুমারী। অনুঢ়া। হযরত ফাতেমা (রাঃ) ও মরিয়াম (আঃ) -এর উপাধি। সতি-সাধ্বী।

بتھا (বিথা) হিঃ নাঃ স্ত্রীং ; দুঃখ-বেদনা। কষ্ট। না বলা কথা।

بتھارنا (বিথারনা) হিঃ মূঃ ; বিক্ষিপ্ত করা।

بتی (বাত্তি) হিঃ নাঃ স্ত্রীং ; বাতি। চেরাগ। লণ্ঠন। মোমবাতি।

بتیس (বত্তীস) হিঃ বিঃ ; বত্রিশ। ৩২।

بتیسا (বত্তীসা) হিঃ নাঃ পুং ; বত্রিশ উপাদানের তৈরী হালুয়া টনিক।

ب – ٹ

بٹ (বট্‌) সঃ নাঃ পুং; হিন্দুস্তানী আঞ্জির গাছ। বড়ই গাছ।

بٹ (বট) হিঃ নাঃ পুং ; টুকরা। হিস্যা। বাটখারা। সরুপথ। গলি। بٹ مار (-মার) ডাকু। ডাকাত। ছিনতাইকারী। বাটপার।

بٹا (বাটটা) হিঃ নাঃ পুং ; বাটোয়ারা। বাটখারা। ভগ্নাংশ। ভাঙ্গন। ভাংতি। পার্থক্য। খাদ। দোষ। পানদান। রত্ন পেটক। মূল্যবান।

بٹلوهی (বাটলোহী) হিঃ নাঃ স্ত্রীং ; খাদ্য সাজাবার জন্য কাঁসার পাত্র।

بٹنا (বট্‌না) হিঃ মূঃ ; পাকান। মোচড়ান। বণ্টন করা।

بٹوا (বাটওয়া) হিঃ নাঃ পুং ; থলি। তোড়া।

بٹواره (বট্‌ওয়ারাঃ) হিঃ নাঃ পুং ; সম্পত্তি বা জমির বণ্টন কার্য, বাটোয়ারা।

بٹورنا (বাটোরনা) হিঃ মূঃ ; সঞ্চয় করা। একত্রিত করা।

بٹوهی (বটোহী) সঃ নাঃ পুং ; পথিক। যাত্রী। পর্যটক।

بٹھانا (বেঠা-না) হিঃ কৃঃ ; বসান। (ছেলে-মেয়েদের) স্কুলে ভর্তি করা। শক্তভাবে স্থাপন করা। স্থাপন করা। পরিকল্পনা করা। জোড়া দেওয়া। পঞ্চায়েত বসা।

بٹیر (বটের) হিঃ ; এক বিখ্যাত ক্ষুদ্র লড়াইবাজ পক্ষী।

بٹیری (বাটেরী) হিঃ নাঃ স্ত্রীং ; যৌতুক।

ب – ث

بث (বাছ) আঃ নাঃ পুং ; দুঃখ-কষ্ট। অসুস্থতা।

بثر (বুছার) আঃ বিঃ ; লাল গোটা, যা রক্ত খারাপ হলে শরীরে দেখা দেয়।

بثره (বুছরাঃ) আঃ বিঃ ; ছোট ফোড়া। লাল ঘোড়া।

بثور (বাছুর) আঃ ; بثره -এর ব–ব।

ب – ج

بجا (বজা) ফাঃ বিঃ ; স্থান মত। স্বস্থানে। ঠিকমত। যুৎসই। ঠিকই। সত্য। উপযোগী। উপযুক্ত। بجالانا (-লানা) মূঃ ; সমাপ্ত করা। তামিল করা।

بجانا (বাজানা) হিঃ মূঃ ; বাজান।

بجائے (বজায়ে) ফাঃ ; ব্যতিত। স্থানে। পরিবর্তে।

بجاج (বাজাজ) হিঃ নাঃ পুং ; হিন্দুদের একটি গোত্র। ভারতীয় একটি মোটর সাইকেল ও বেবিট্যাক্সী কোম্পানীর নাম।

بجار (বেজার) হিঃ নাঃ পুং ; ষাঁড়। জবরদস্ত। মোটাতাজা। হৃষ্টপুষ্ট।

بجٹ (বাজেট–Buget) ইং নাঃ পুং ; রাষ্ট্রীয় বাজেট। বার্ষিক আয়-ব্যয় নির্ণয়। খরচের পরিমাণ।

بجر (বজর) হিঃ বিঃ ; কঠিন। শক্ত। ভারী। নাঃ পুং ; বজ্র। হীরক।

بجز (বজুয) ফাঃ ; ছাড়া। ব্যতীত।

بجرا (বজরা) হিঃ নাঃ পুং ; ময়ূরপঙ্খী নৌকা। বজরা।

بجلی (বিজলী) হিঃ নাঃ স্ত্রীং ; বজ্র।

বিদ্যুৎ। একপ্রকার স্বর্ণালঙ্কার।

بجلی کی کڑک (- কি কড়ক) বজ্রপাত। ঠাণ্ডা গর্জন। বজ্রনির্ঘোষ।

بجلی گھر (বিজলী ঘর) পাওয়ার হাউস। Power House. বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র।

بجنا (বাজনা) হিঃ মূঃ ; ধনিত হওয়া। বাজা। গীত হওয়া।

بجنسه (বজিন্‌সিহি) ফাঃ বিঃ ; অভেদ। একরকম। হুবহু। – বিণ ; ঠিকমত।

بجهانا (বুঝানা) হিঃ মূঃ ; নিভিয়ে ফেলা। চরিতার্থ করা।

بجهانا (বুঝনা) হিঃ মূঃ ; নিভে যাওয়া। ভিজে যাওয়া।

بجے (বিজয়) সঃ নাঃ পুং ; জয়। বিজয়োল্লাস।

بجهيل (বুঝেল) হিঃ বিঃ ; ভারী।

ب - چ

بچ (বাচ) হিঃ নাঃ স্ত্রীং ; তেঁতো ঔষধ।

بچه (বাচ্চাঃ) হিঃ নাঃ পুং ; শাবক। সন্তান। শিশু।

بچار (বিচার) হিঃ নাঃ স্ত্রীং ; বিচার। চিন্তা। ইচ্ছাশক্তি।

بچارا (বেচারা) বিঃ ; বেচারা। নিরীহ। সাদাসিধা। গরীব।

بچانا (বাচানা) হিঃ মূঃ ; রক্ষা করা। ছাড়িয়ে যাওয়া। অব্যাহতি দেয়া। ত্যাগ করা। উদ্ধার করা।

بچاؤ (বাচাও) হিঃ নাঃ পুং ; বাঁচাও। নিরাপত্তা। উদ্ধার। পলায়ন। আশ্রয় চাওয়া। আত্মরক্ষা।

بچپن (বাচপান) হিঃ নাঃ পুং ; শৈশব। বাল্যকাল।

بچپنا (বাচপনা) হিঃ বিঃ ; ছেলেমি।

بچت (বাচাত) হিঃ নাঃ স্ত্রীং ; সঞ্চয়, উদ্বৃত। লাভ। সঞ্চয়।

بچتر (বাচতর) হিঃ পুং ; শিল্পী।

بچتر (বিচিত্‌র) হিঃ বিঃ ; বিচিত্র। নানারকম। রকমারী।

بچك (বিচুক) হিঃ নাঃ স্ত্রীং ; ভয়। ডর। পিছু হটা।

بچكانا (বাচকানা) বিঃ ; শিশু উপযোগী।

بچكانا (বিচুকানা) হিঃ মূঃ ; ভয় দেয়া।

بچكنا (বিচুক্‌না) হিঃ মূঃ ; ভীত হওয়া। সন্ত্রস্ত হওয়া। নিরাশ হওয়া। শঙ্কিত হওয়া।

بچ كچ (বাচকাচ) প্রাঃ নাঃ পুং ; বাচ্চা-কাচ্চা। ছেলে মেয়ে।

بچن (বচন) হিঃ নাঃ পুং; কথা। বচন। ভাষা। উক্তি।

بچنا (বাচ্‌না) হিঃ মূঃ ; রক্ষা পাওয়া। উদ্ধার হওয়া। সুস্থ হওয়া।

بچهڑا (বাছরা) হিঃ নাঃ পুং ; বাছুর। গরু শাবক।

بچهڑنا (বিছড়না) হিঃ মূঃ ; ইতস্তত। বিক্ষিপ্ত হওয়া।

بچهو (বিচ্ছু) হিঃ নাঃ পুং ; বৃশ্চিক। বিচ্ছু।

بچهوا (বিছওয়া) হিঃ নাঃ পুং ; নুপুর।

بچهناك (বিছনাক) হিঃ বিঃ ; বিষাক্ত ঔষধ।

بچهونا (বিছুনা) হিঃ নাঃ পুং ; বিছানা। ফরাশ। তোষক। জাজিম। চাটাই। মাদুর।

بچهيا (বাচছিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; গরু শাবক। চঞ্চল বালক।

بچهيرا (বছেরা) হিঃ নাঃ পুং ; অশ্ব (পুরুষ) শাবক।

بچهيرى (বছেরী) হিঃ নাঃ স্ত্রীং ; অপ্রাপ্ত বয়স্কা ঘোড়ী।

بچى (বাচ্চী) হিঃ নাঃ স্ত্রীং ; বালিকা।

بچيانا (বাচইয়ানা) হিঃ মূঃ ; ঘোড়ার কান খাড়া করা।

ب - ح

بحار (বেহার) আঃ নাঃ পুং ; সমুদ্র। (بحر -এর ব–ব)

بحال (বহাল) ফাঃ বিঃ ; বহাল। পুর্ববৎ।

প্রতিষ্ঠিত। بحال كرنا (-করনা) পুনঃনিয়োগ। বহাল করা।

بحث (বাহাছ) আঃ নাঃ স্ত্রীং ; যুক্তিতর্ক। বাদানুবাদ। তর্ক বিতর্ক। আলোচনা। আলোচ্য বিষয়।

بحر (বাহ্‌র) আঃ নাঃ পুং ; সমুদ্র। সাগর। بحر وبر (- ওয়া বর) জলস্থল।

بحرابيض (বাহ্‌রে আব্‌য়ায) আঃ নাঃ পুং ; উত্তর মহাসাগর। রাশিয়ার উত্তরে।

بحراحمر (বাহ্‌রে আহ্‌মার) আঃ নাঃ পুং ; ভারত মহাসাগরের সেই অংশ যা আরব ও আফ্রিকার মধ্যে অবস্থিত।

بحر اخضر (বাহ্‌রে আখযার) আঃ নাঃ পুং ; ভারত মহাসাগর। চীন সাগর।

بحران (বুহ্‌রান) আঃ নাঃ পুং ; পীড়িতাবস্থার বিশেষ দিন যখন রোগ বৃদ্ধি পায়।

بحر اوقيانوس (বহ্‌রে আওকিয়ানুস) আঃ নাঃ পুং ; আট্‌লান্টিক মহাসাগর।

بحر خضر (বহ্‌রে খিয্‌র) আঃ নাঃ পুং ; কাস্পিয়ান সাগর।

بحق (বহক্) ফাঃ আঃ বিণ ; (এই) ব্যাপারে। (এ) সম্পন্ধে, সত্যসহ।

بحمد (বিহামদি) আঃ অব্যয় ; প্রশংসায়। করুণায়। بحمد الله (-বিহামদি -ইল্লাহ) আল্লাহর করুণায়।

بحيره (বাহীরাঃ) আ নাঃ পুং ; ছোট সাগর। হ্রদ।

بحيثيت (বহয়ছিয়ত) আঃ বিণ ; যেমন। কারণে।

بحرى (বাহরী) আঃ বিঃ ; সামুদ্রিক।

بحريه (বাহরিয়্যাঃ) আঃ নাঃ স্ত্রীং ; নৌবহর। নৌবাহিনী।

بحل (বাহল) আঃ নাঃ পুং ; অর্থবহ। বিঃ ; অর্থবহুল।

بحيره (বুহায়রা) আঃ নাঃ পুং ; উপসাগর। بحيره قارون (-কারূন) কারুন উপসাগর। কারুনের সম্পদ যে মাটিতে দেবে গেছে তাকে 'বুহায়রা' কারূন বলা হয়। এটি ৮০ কিঃ মিঃ দৈর্ঘ্য।

ب - خ

بخ بخ (বাখ বাখ) আঃ ধ্বনি বিশেষ ; সাবাস। ধন্যবাদ।

بخار (বুখার) আঃ নাঃ পুং ; তাপ। বাষ্প। ভাঁপ। রাগ। জ্বর।

بخارى (বোখারী) নাঃ স্ত্রীং ; বোখারা বাসী। পুং ; কোরানের পর বিশ্বের বিশুদ্ধতম গ্রন্থ বোখারী শরীফের সংকলক ইমাম মুহাম্মদ ইবনে ইসমাঈল (রহঃ)-এর উপাধি।

بخت (বখত) ফাঃ নাঃ পুং ; হিস্যা। ভাগ। অংশ। কিসমত। ভাগ্য।

بختاور (বখ্‌তা ওয়ার) ফাঃ বিঃ ; সৌভাগ্যশালী।

بخره (বখ্‌রা) হিঃ নাঃ পুং ; অংশ। বন্টন।

بختى (বুখতী) ফাঃ আঃ পুং ; বড় উট।

بختيار (বখতিয়ার) ফাঃ বিঃ ; সৌভাগ্যশীল। খোশনসীব। রাজকপালে।

بخر (বখর) আঃ বিঃ ; মুখের দুর্গন্ধ।

بخرد (বা খেরাদ) ফাঃ বিঃ ; জ্ঞানী। প্রজ্ঞাবান।

بخس (বখস) আঃ বিঃ ; খাদযুক্ত। ভেজাল। নিম্নদাম।

بخشش (বখশিশ) ফাঃ নাঃ স্ত্রীং ; উপহার। ক্ষমা। পুরস্কার। বখশিশ।

بخشائش (বখ্‌শাইশ) ফাঃ নাঃ স্ত্রীং ; ক্ষমা। দয়া।

بخش (বখশ) ফাঃ বিঃ ; দান। দাতা। ওজিফা। ভাতা।

بخشى (বখশী) ফাঃ নাঃ পুং ; প্রধান সেনাপতি। বেতন। মাসোহারা বন্টন কারী। بخشى خانه (- খানা) বেতন বিভাগ।

بخل (বুখ্‌ল) আঃ নাঃ পুং ; কৃপণতা। লোভ লালসা। সংকীর্ণতা। কুঞ্জুসী।

بخيل (বখীল) বিঃ ; কৃপণ। শক্ত। কাঞ্জুস।
بخلاف (বা খিলাফ) ফাঃ বিণ ; পক্ষান্তরে। বিপরীত।
بخوبى (বা খুবী) ফাঃ বিণ ; ভালভাবে। নান্দনিক ভাবে।
بخوشى (বা খুশী) ফাঃ বিণ ; আনন্দিত মনে। হৃষ্ট চিত্তে।
بخيه (বখ্‌য়া) হিঃ নাঃ পুং ; সেলাই।
بخور (বুখুর) আঃ নাঃ পুং ; লোবান। খোশবু বিশেষ।
بخيانا (বখিয়ানা) মূঃ ; সেলাই।
بخير (বা খয়ের) ফাঃ বিণ ; নিরাপদে। সহি-সালামতে।
بخيده (বাখীদাঃ) ফাঃ বিঃ ; ধোনা তুলা।

ب — د

بد (বদ) ফাঃ বিঃ ; মন্দ। খারাপ।
بدآموز (– আমুয) কুশিক্ষা।
بداخلاق (– আখলাক) দুশ্চরিত্র।
بدتميز (– তমীয) গোস্তাখ। বেয়াদব।
بدامنى (– আমানী) হতাশা।
بدانديش (– আন্দীশ) দুশমন। বিরোধী।
بدبخت (– বখত) দুর্ভাগা। বদ কিসমত।
بدتر (– তর) অসৎ, নিকৃষ্ট।
بد تهذيب (– তাহযীব) অসভ্য।
بدچلن (– চলন) কুপ্রথা। কু- অভ্যাস।
بددعا (– দোয়া) বদদোয়া। অনিষ্ট কামনা।
بدذات (– যাত) বজ্জাত।
بدزبان (– যুবান) গালমন্দকারী। আকথা-কুকথা। যার মুখের ভাষা ভাল নয়।
بدسلوكى (– সুলুকী) দুর্ব্যবহার।
بدقماش (– কেমাশ) কুপ্রথা।
بدكيش (কেশ) বে-দ্বীন।
بدگمان (– গুমান) কু-ধারণা।
بدلهجه (– লাহজাঃ) কর্কশ। বাজখাই।
بدلگام (–লগাম) ফাঃ বিঃ ; অদম্য, দুর্দান্ত।
بدمزاج (–মেজায) বদমেজাজ। খিটমিটে প্রকৃতির।
بدمزه (– মজাঃ) তিক্ত বা বিস্বাদ। অরুচি।
بدمست (–মস্ত) ফাঃ বিঃ ; মাতাল। পাঁড়-মাতাল।
بدمعاش (– মায়াশ) বদমাশ। বাটপার। লোফার।
بدهضمى (– হজমী) পেটপীড়া। পেটের ট্রাবল।
بدا (বিদা) হিঃ নাঃ স্ত্রীং ; বিদায়। রুখসত।
بدامت (বদামত) আঃ নাঃ স্ত্রীং ; স্বতঃস্ফূর্ত কথা।
بداهة (বাদাহাতান) ফাঃ ; নিশ্চিন্তায়। তড়িঘড়ি করে। চিন্তা-ফিকির ছাড়াই।
بدائع (বাদায়ে’) আঃ নাঃ পুং ; (بديع -এর ব–ব) বিস্ময়কর। আশ্চর্যজনক।
بدر (বদর) হিঃ নাঃ পুং ; পূর্ণিমার চাঁদ। ইসলামের প্রথম সশস্ত্র সংগ্রাম–বদর যুদ্ধ। بدر الدجى (–দোযা) হুজুর (সাঃ) -এর উপাধি।
بدبد (বুদবুদ) সঃ নাঃ পুং ; বুদ্বুদ।
بدت (বিদত্‌) হিঃ বিঃ ; জ্ঞাত। পরিচিত। বিখ্যাত।
بدحواس (বদ্‌হওয়াস) ফাঃ বিঃ ; অজ্ঞান। ব্যাকুল। আশ্চর্যান্বিত। স্তম্ভিত। অনুভূতিহীন। পাগলামি।
بدررو (বদর্‌রও) ফাঃ নাঃ স্ত্রীং ; নর্দমা। নালা।
بدرقه (বদরিকাঃ) ফাঃ নাঃ পুং ; পরিচালক। পর্যটকসেবী।
بدرى (বদরী) নাঃ স্ত্রীং ; ছোট থলে। বদর যোদ্ধা। বদর যুদ্ধে অংশগ্রহণকারী। বিশেষ মর্যাদা প্রাপ্ত সাহাবী।
بدعت (বিদ’আত) আঃ নাঃ স্ত্রীং ; নতুনত্ব। উদ্ভাবন। বিদআত। দ্বীনের নামে কু-প্রথা। জুলুম। ব–ব, بدعات ।
بدكار (বদ্‌কার) ফাঃ নাঃ পুং ; অন্যায়কারী। অসৎ। মন্দকারী।
بدعتى (বিদআতী) ফাঃ নাঃ পুং ; অধর্মকে

ধর্ম বলে চালানকর্তা। বেদাতী। কুসংস্কারক।

بدکنا (বিদকনা) হিঃ মূঃ ; অশ্বকে ভয় দেয়া। চমকান। ত্রাস সৃষ্টি করা।

بدل (বদল) আঃ নাঃ পুং ; পরিবর্তন। পরিবর্ধন। বিনিময়।

بدلا (বদ্‌লা) আঃ নাঃ পুং ; আদান-প্রদান। প্রতিশোধ। ক্ষতিপূরণ।

بدلنا (বদল্‌না) হিঃ মূঃ ; পরিবর্তিত হওয়া। আদান-প্রদান করা। স্থানচ্যুত হওয়া।

بدله (বদলাঃ) আঃ বিঃ ; প্রতিশোধ। কেসাস। বদলা। শাস্তি।

بدن (বদন) আঃ নাঃ পুং ; শরীর। দেহ।

بدنا (বদনা) হিঃ মূঃ ; শর্ত জুড়ে দেয়া। অঙ্গীকার করা।

بدنام (বদ্‌নাম) ফাঃ বিঃ ; কুখ্যাত।

بدنامی (বদ্‌নামী) ফাঃ নাঃ স্ত্রীং ; কুখ্যাতি।

بدنما (বদ্‌নুমা) ফাঃ বিঃ ; কুশ্রী। বেঢপ।

بدنهاد (বদ্‌নিহাদ) ফাঃ বিঃ ; কুজাত।

بدنی (বদনী) আঃ বিঃ ; শারীরিক।

بدو (বুদু) আঃ নাঃ স্ত্রীং ; সূচনা। প্রারম্ভ।

بدو (বদ্দু) নাঃ পুং ; বুদ্দু। মরুচারী। বেদুঈন। গ্রাম্য। বিঃ ; বদনাম। কুপ্রথা।

بدولت (বদৌলত) ফাঃ বিণ ; কারণে। ভাগ্যে। বদৌলতে।

بدون (বেদুঁ) আঃ ; ব্যতীত। ছাড়া। সত্ত্বেও।

بده (বধ) সঃ নাঃ পুং ; কতল। বধকার্য।

بده (বুধ) হিঃ নাঃ পুং ; বুধবার। বুধ গ্রহ।

بدهاوا (বধাওয়া) হিঃ নাঃ পুং ; স্বাগতঃ-সংগীত। উপহার যা শিশুর জন্য ও বিবাহোৎসব উপলক্ষে দেওয়া হয়।

بدهک (বধিক্) সঃ নাঃ পুং ; ফুল বিশেষ। ব্যাধ, শিকারী। ঘাতক।

بدهنا (বধ্‌না) হিঃ নাঃ পুং ; নালীওয়ালা মাটির বা ধাতুর তৈরী জলপাত্র। বদনা। লোটা।

بدهو (বদ্‌ধু) হিঃ নাঃ পুং ; বোকা। অল্পবুদ্ধি।

بدهوا (বিধওয়া) সঃ নাঃ স্ত্রীং ; বিধবা। স্বামীহীনা স্ত্রীলোক।

بدهوار (বুধ্‌ওয়ার) হিঃ নাঃ পুং ; বুধবার।

بدهی (বদ্‌ধী) হিঃ নাঃ পুং ; ফুলের মালা যা গলা হতে কোমর পর্যন্ত ঝুলিয়ে দেয়া হয়।

بدهیا (বধিয়া) হিঃ নাঃ পুং ; বলদ। নপুংসক।

بدی (বদী) ফাঃ নাঃ স্ত্রীং ; মন্দ। অনিষ্ট। بدی کرنا (-করনা) অনিষ্ট করা। গালি দেওয়া।

بدئی - بدی (বিদী-বিদয়ী) সঃ নাঃ স্ত্রীং ; কৃষ্ণপক্ষ। চান্দ্র মাসের শেষ ১৫ দিন।

بدیا (বেদিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; বিজ্ঞ। বিদ্যা। চালাকী। ধোঁকা। চাল। বুদ্ধির দেবী।

بدیس (বিদেস) হিঃ নাঃ পুং ; বিদেশ। পরদেশ। ভিনদেশ।

بدیسی (বিদেসী) হিঃ বিঃ ; বিদেশী। অপরিচিত ব্যক্তি। পরদেশী। ভিনদেশী। আগন্তুক।

بدیع (বদী') আঃ বিঃ ; বিনা নমুনার শিল্পী। নতুন।

بدیه (বদীহা) আঃ বিঃ ; প্রকাশ্য। প্রাঞ্জল।

ب - ڈ

بڈارنا (বাডাড়না) হিঃ মূঃ ; দেশান্তর করা। বহিষ্কার করা। টুকরো টুকরো করা।

بڈها (বাড্‌ঢা) হিঃ নাঃ পুং ; লম্বা। চওড়া। গভীর। তলহীন।

بڈها (বুড্‌ঢা) হিঃ বিঃ ; বুড়ো। বয়সী।

بڈها پهوس (- ফোঁছ) প্রবীণ। থুত্থুরে বুড়ো।

بڈها ٹهڈا (- ঠাড্‌ডা) অশীতিপর বৃদ্ধ।

بڈهی (বুড্‌ঢী) হিঃ বিঃ স্ত্রীং ; বুড়ি।

بڈھی گھوڑی لال لگام (–ঘুড়ী লাল লাগাম) পরি ঃ ; বুড়ো বয়সে যৌবন চর্চার ক্ষেত্রে এ কথা বলা হয়।

ب – ذ

بذاته (বযাতিহি) আঃ বিণ ; স্বভাবতঃ। নিজেই। স্বয়ং।

بذر (বযর) আঃ নাঃ পুং ; বীজ।

بذل (বযল) আঃ নাঃ পুং ; পুরস্কার। বখশিস। দান।

بذل المجهود (– মাজহুদ) আবু দাউদ শরীফের বিখ্যাত ব্যাখ্যা গ্রন্থ।

بذله (বয্‌ল) আঃ নাঃ পুং ; প্রহসন। বিদ্রূপ (لطيفه)।

بذله سنج (বজলাঃ সাজ) খোশ প্রকৃতি। সূক্ষ্ম বক্তা। হাস্যমুখ।

بذى (বযী) আঃ বিঃ ; বেহায়া পুরুষ।

ب – ر

بر (বারর) আঃ নাঃ পুং; শুষ্কভূমি। স্থল।

بر (বর) হিঃ নাঃ পুং ; নির্বাচন। স্বামী। প্রস্থ। দোয়া।

بر (বর) ফাঃ ; উপর। ফল। সীনা। ক্রোড়। নারীর স্তন। برجوک (– জোগ) বিবাহযোগ্য নারী। কৃতকার্য হওয়া। برخلاف - খিলাফ। بر عکس (– আক্‌স) পক্ষান্তরে। বিপরীত।

بر (বুর) আঃ ; গম। নারীর যৌনাঙ্গ।

برا (বুরা) হিঃ বিঃ ; মন্দ। কুৎসিত। মূল্যহীন। – নাঃ পুং ; দুষ্ট। দুঃখ।

برابر (বরাবর) ফাঃ বিঃ ; সমান, সমকালীন। সমসাময়িক। সমতল। কিনারা। সরল-সোজা।

براءت (বরাত) ফাঃ নাঃ স্ত্রীং ; হিস্যা। ফরমান। নির্দেশ। شب برأت (শব –) বরাতের রাত্রি। শবে বরাত।

برات (বারাত) হিঃ নাঃ স্ত্রীং ; বরযাত্রী দল।

براتى (বারাতী) পুং ; বরযাত্রী।

براٹ (বরাট) হিঃ নাঃ স্ত্রীং ; সুন্দর। শান-শওকত।

براجنا (বরাজ না) হিঃ মূঃ ; সৌন্দর্য মন্ডিত।

برادر (ব্রাদার) ফাঃ নাঃ পুং ; ভাই। আত্মীয়। স্বজাতি। স্বধর্মী। সহকর্মী।

برادرى (ব্রাদরী) ফাঃ নাঃ পুং ; ভ্রাতৃত্ব। কুটুম্বিতা।

برادر اخيافى (– আখইয়াকী) মা-শরীক ভাই। মা এক, বাপ দু'জন। বৈপিতৃক ভাই।

برادر علاتى (– আল্লাতী) সৎভাই। বাপ এক, মা দু'জন। বৈমাতৃক ভাই।

براز (বরায) আঃ নাঃ পুং ; মল। মালিন্য। পায়খানা।

برازى (বরাযী) আঃ নাঃ পুং ; জংগল। জমীন। প্রান্তর।

براعت (–বারা'আত) আঃ নাঃ স্ত্রীং ; উজ্জ্বল। প্রান্তর।

براعت استهلال (–ইসতিহলাল) علم بديع-এর একটি অনুচ্ছেদ। ভূমিকা বা খুতবায় এমন শব্দ চয়ন করা যাতে মূল বিষয়ের দিকে ইংগিত হয়ে যায়।

براعظم (বররে আযম) আঃ ; মহাদেশ।

برصغير (বররে সগীর) আঃ ; উপমহাদেশ।

براق (বুরাক) আঃ বিঃ ; চমকপ্রদ। বেহেস্তী বাহন। বোরাক। তীব্রগতি সম্পন্ন। চতুর।

برامد (বরামদ) ফাঃ নাঃ স্ত্রীং ; ব্যয়। বহির্গমন। আমদানী। নদী সরে যাওয়ার ফলে যে চর জাগে।

برامده (বরা-মদাঃ) ফাঃ নাঃ পুং ; বারান্দা। অলিন্দ।

بران (বুররাঁ) ফাঃ বিঃ ; তীক্ষ্ম। ধারাল।

برانا (বররানা) মূঃ ; ঘুমন্ত অবস্থায় কথা কওয়া।

برانگیخته (বরআঙ্গেখতাঃ) ফাঃ ;

জাগ্রত। উত্তেজিত।

برآورد (বরআ-ওয়ারদ) ফাঃ নাঃ স্ত্রীং ; হিসাব। বাজেট।

برائی (বুরাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; মন্দ। দুষ্টামি। পাপ।

برانچ (ব্রাঞ্চ) ইং নাঃ পুং ; শাখা।

برانڈی (বিরান্ডী) উঃ নাঃ স্ত্রীং ; বৃষ্টিরোধক পোষাক। রেইন কোট।

براهٹ (বররাহট্) হিঃ নাঃ স্ত্রীং ; অতিরিক্ত। অনর্থক বাক্য।

براهمن (ব্রাহমন্) ফাঃ নাঃ পুং ; ব্রাহ্মণ।

براهی (বারাহী) হিঃ নাঃ স্ত্রীং ; ক্ষুদ্রকায় এক প্রকার ইক্ষু বিশেষ।

براهین (বারাহীন্) আঃ নাঃ পুং স্ত্রীং ; (برهان) এর ব-ব) দলীল। প্রমাণ। যুক্তি।

براءت (বারাআত্) আঃ নাঃ স্ত্রীং ; মুক্তি। পরিত্রান। উদ্ধার। রক্ষা।

براؤ (বরাউ) হিঃ নাঃ পুং ; সতর্কতা।, সংরক্ষণ।

براؤن (ব্রাউন্) ইঃ নাঃ পুং ; খাকী। বাদামী।

برائی (বুরাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; মন্দ। দুষ্টামী। পাপ। অন্যায়। দোষ। অনিষ্টতা। ভাগ্যবিড়ম্বনা। অপ্রকৃষ্ট। অভিযোগ।

برائے (বরায়ে) ফাঃ অব্যঃ ; জন্য, কারণে, পূর্বক।

برائے خدا (বরায়ে খোদা) ফাঃ বিঃ ; আল্লাহর জন্যে।

برائے مصلحت (বরায়ে মাস্লিহাত) ফাঃ বিঃ ; কৌশলগত কারণে। পরিনাম দর্শীতা হেতু।

برایا (বরায়া) আঃ নাঃ পুং ; সৃষ্টিজগত, দুনিয়া। পৃথিবী।

برباد (বরবাদ) ফাঃ বিঃ ; সম্পূর্ণ নষ্ট। লয়প্রাপ্ত। বিধ্বস্ত। উজাড়।

بربادی (বরবাদী) ফাঃ নাঃ স্ত্রীং ; ধ্বংসপ্রাপ্ততা। বিধ্বস্ততা। উৎসন্নতা।

بربرانا (বুরবরানা) হিঃ নাঃ মৃঃ ; কোন শুষ্ক পিষ্ট বস্তু অন্য বস্তুর উপর প্রক্ষেপন করা।

بربری (বারবারী) আঃ বিঃ ; উত্তর আফ্রিকাস্থিত বার্বার এলাকাসম্বন্ধীয়।

بربری (বারবারী) আঃ নাঃ পুং ; বার্বার জাতি। বার্বার এলাকার অধিবাসী। স্ত্রীং ; বার্বার এলাকার ছাগ।

بربری خانه (বারবারী খানাহ্) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; ছাগলের খোয়াড়।

بربریت (বঁরবরিয়্যত্) আঃ নাঃ স্ত্রীং ; বর্বরতা। অসভ্যতা। মূর্খতা। গোঁয়ার্তুমী।

بربط (বরবত) ফাঃ নাঃ স্ত্রীং ; এক প্রকার বাদ্যযন্ত্র।

برپا (বরপা) ফাঃ বিঃ ; দন্ডায়মান, স্থায়ী। জনরব।

برت (বরত্) হিঃ নাঃ পুং ; হিন্দুদের উপবাস ব্রত। পণ।

برت (বিরত্) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার ব্যাধি, কূপ থেকে পানি তোলার রশি। আঘাত চিহ্ন।

برت (বিরত্) সং নাঃ স্ত্রীং ; উপজীবিকা, আয়, উপার্জন, অর্থ, সম্পদ। প্রতিপালক। পুরস্কার। অধিকার।

برتا (বির্তা) হিঃ নাঃ পুং ; শক্তি। বল। বীরত্ব। প্রভাব। প্রতিপত্তি। ক্ষমতা। আশা। ভরসা। স্মরণ। উদ্যম। উদ্দীপনা। সামর্থ্য। সাহায্য। সহযোগিতা।

برتاؤ (বরতাও) হিঃ নাঃ পুং ; আচার-ব্যবহার। চালচলন। রীতি -নীতি। স্বভাব-চরিত্র।

برتر (বর্তর) ফাঃ বিঃ ; উর্ধ্বতন। উচ্চতম, মহত্তম। উন্নত। উৎকৃষ্ট।

برتش (বর্তশ) হিঃ নাঃ স্ত্রীং ; ধান কাটার পর যে ক্ষেতে ইক্ষু রোপণ করা হয়।

برتن (বর্তন্) হিঃ নাঃ পুং ; পাত্র। ভান্ড। বাসন। হাড়ি-পাতিল।

برتن بهانڈے (বরতনভান্ডে) হিঃ নাঃ পুং ;

হাড়ি-পাতিলসমূহ।

برتنا (বরতনা) হিঃ নাঃ মূঃ ; ব্যবহার করা। পরীক্ষা করা। অভিজ্ঞতা অর্জন করা। ব্যয় করা।

برته ڈے (বার্থ ডে- Birth day) ইং নাঃ পুং ; জন্মদিন।

برته كنٹرول (বার্থ কন্ট্রোল-Birth control) ইঃ নাঃ পুং ; জন্ম নিয়ন্ত্রণ। জন্ম নিরোধ।

برتها (ব্রিথা) হিঃ বিঃ ; বৃথা। নিস্ফল। নিস্প্রয়োজন।

برتيا (বরতিয়া) হিঃ নাঃ পুং ; উপজীবিকা সম্পন্ন। অপরিবর্তনীয় কৃষি কর।

برتيتر (বরতীতর) হিঃ নাঃ পুং ; বন্য তিতির পাখী।

برج (বিরিজ) ইং নাঃ পুং ; ব্রীজ, পুল, সেতু, সাঁকো।

برج (বিরজ) হিঃ নাঃ পুং ; যমুনাতীরস্থ এলাকা বিশেষ। মথুরা, গোকুল এবং বিন্ধ্যাবন উক্ত এলাকার অন্তর্ভুক্ত।

برج (বুরজ্) আঃ নাঃ পুং ; মিনার। শিখর। চূড়া। গ্রহ-নক্ষত্রের কক্ষপথ। রাশি। (ব-ব, بُرُوج)

برج ثور (বুরজে ছাওর) আঃ নাঃ পুং ; বৃষ রাশি।

برج جدى (বুরজে জদ্দী) আঃ নাঃ পুং ; মেষ রাশি।

برج جوزه (বুরজে জওযাঃ) আঃ নাঃ পুং ; মিথুন রাশি।

برج حمل (বুরজে হামল) আঃ নাঃ পুং ; মেঘ রাশি।

برج حوت (বুরজে হুত) আঃ নাঃ পুং ; মীন রাশি।

برج دلو (বুরজে দালব') আঃ নাঃ পুং ; কুম্ভ রাশি।

برج سرطان (বুরজে সারতান) আঃ নাঃ পুং ; কর্কট রাশি।

برج سنبله (বুরজে সম্বুলাঃ) আঃ নাঃ পুং ; কন্যা রাশি।

برج شرف (বুরজে শরফ) আঃ নাঃ পুং ; ধনু রাশি।

برج عقرب (বুরজে আক্‌রাব) আঃ নাঃ পুং ; বৃশ্চিক রাশি।

برج ميزان (বুরজেমীযান) আঃ নাঃ পুং ; তুলা রাশি।

برجى (বুরজী) উঃ নাঃ স্ত্রীং ; ক্ষুদ্রতম কক্ষ পথ।

برجسته (বরজাস্তহ্) ফাঃ বিঃ ; অনুকূল, তাৎক্ষণিক। ঠিক।

برجيس (বরজীস) ফাঃ নাঃ পুং ; বৃহস্পতি গ্রহ।

برچه (বিরছ) হিঃ নাঃ পুং ; বৃক্ষ। চারা গাছ।

برچها (বরছা) হিঃ নাঃ পুং ; বর্শা। বল্লম। পোলো।

برچهک (বৃছক্) হিঃ নাঃ পুং ; বৃশ্চিক রাশি।

برچهول (বিরছোল) হিঃ নাঃ পুং ; অশ্ব বা হরিণের উচ্ছলতা।

برچى (বুরছী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোটবল্লম বা বর্শা।

برچهيت (বরছেয়ত) হিঃ নাঃ পুং ; নেযাবাজ, বর্শা নিক্ষেপকারী।

برخاست (বরখাস্ত) ফাঃ নাঃ স্ত্রীং ; শেষ। রদ করণ। বরখাস্ত। অব্যাহতি। পদচ্যুতি। برخاست كرنا (কা-রণা) মূঃ ; কাজ হতে সরিয়ে দেয়া, বরখাস্ত করা। দায়িত্ব বা পদ থেকে অপসারণ।

برخلاف (বরখিলাফ) ফাঃ বিঃ ; বিপরীত। প্রতিদ্বন্দ্বী। পক্ষান্তরে।

برخوردار (বর্‌খুরদার) ফাঃ নাঃ পুং ; উন্নতিশীল। দীর্ঘজীবি। পুত্র।

برداشت (বরদাশ্‌ত) ফাঃ নাঃ স্ত্রীং ; সহ্য। সহনশীলতা। ধৈর্য।

برداشته (বরদাশ্‌তাঃ) ফাঃ বিঃ ; উচ্চ। উন্নত। স্থাপিত। স্থানান্তরিত।

برد (বারদ) আঃ নাঃ পুং ; শীতকাল। হিম, শীতল। ঠাণ্ডা।

برد اطراف (বরদে আত্‌রাফ) আঃ নাঃ পুং ; মৃত্যুর শীতলতা।

برد (বুরদ) আঃ নাঃ স্ত্রীং ; চাদর, কম্বল।

بردیمانی (বুরদে য়ামানী) আঃ নাঃ স্ত্রীং ; ইয়ামানী চাদর।

برد (বুর্‌দ) ফাঃ নাঃ স্ত্রীং ; লাভ, উপরি আয়। উপার্জন। দাবার চাল বিশেষ। ঘুষ। ধৈর্য ধারণ। সহ্যকরণ।

بردبار (বুরদবার) ফাঃ বিঃ ; ধৈর্যশীল, সহনশীল, সহিষ্ণু।

بردباری (বুর্‌দবারী) ফাঃ নাঃ স্ত্রীং ; ধৈর্যশীলতা। সহনশীলতা। সহিষ্ণুতা। ধীরতা। গাম্ভীর্য।

بردمارنا (বুরদ মারনা) উঃ মূঃ ; জেতা, ঘুষ গ্রহণ করা। উপকার, লাভ করা।

برده (বরদাঃ) ফাঃ নাঃ পুং ; দাস, ভৃত্য চাকর, ক্রীতদাস, অধীন।

برده فروش (বর্‌দাঃ ফুরুশ) ফাঃ নাঃ পুং ; দাস ব্যবসায়ী।

بردهائی (বর্‌ধায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; গরুর হাট।

برڑا (বর্‌ডা) হিঃ নাঃ স্ত্রীং ; ধূলিধূসর বা প্রস্তরময় ভূমি।

ببرڑنا (বর্‌ডনা) হিঃ নাঃ মূঃ ; বক্র হওয়া। গর্ব করা। অহংকার করা।

برزخ (বর্‌যখ) আঃ নাঃ পুং -স্ত্রীং ; আড়াল, অন্তরাল। পরদা। আবরণ। মৃত্যু এবং কেয়ামতের মধ্যবর্তী অবকাশ।

برزن (বরযন) ফাঃ নাঃ পুং ; গলি, পথ। সড়ক, বাজার।

برس (বরস) হিঃ নাঃ পুং ; বৎসর, বছর, সাল, সন।

برسابرس (বরসাবরস) হিঃ বিণ ; প্রতিব ৎসর, সারা বছর।

برسات (বরসাত) হিঃ নাঃ স্ত্রীং ; বর্ষাঋতু। বর্ষা মৌসুম।

برسات کی چاندنی (বরসাত কী চাঁদনী) হিঃ নাঃ স্ত্রীং ; অস্থায়ী বস্তু।

برساتی (বরসাতী) হিঃ নাঃ স্ত্রীং ; অশ্ব কিংবা উটের ব্যাধি বিশেষ, বর্ষাতি। বৃষ্টি নিবারক জামা, রেইন কোট। বর্ষা সংক্রান্ত।

برسر (বর্‌সর্‌) ফাঃ বিণ ; চূড়ায়। ব্যাপারে।

برساتی فصل (বরসাতী ফসল) হিঃ নাঃ পুং ; আউশ ফসল। বর্ষাকালীন শস্য।

برسام (বর্‌সাম্‌) ফাঃ নাঃ পুং ; বক্ষব্যাধি, বক্ষব্যথা।

برساپڑنا (বরস পড়না) হিঃ নাঃ মূঃ ; বর্ষণ শুরু হওয়া। ভর্ৎসনা করা। তিরস্কার করা। নিন্দা করা। প্রহার করা। রাগ করা।

برسنا (বরসনা) হিঃ নাঃ মূঃ ; বৃষ্টিপাত হওয়া। উত্তেজিত হওয়া, গোস্বা করা।

برسڑی (বরসাড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; বাৎসরিক কর বা ভাড়া। বার্ষিক আয়।

برسی (বরসী) হিঃ নাঃ স্ত্রীং ; মৃত্যু বার্ষিকী।

برسی (বুরসী) হিঃ না স্ত্রীং ; অঙ্গারধানি। আগুনের মালসা। তাওয়া। টালী।

برش (বরশ) ফাঃ নাঃ ; আফিম মিশ্রিত এক প্রকার ঔষধ।

برش (ব্রাশ–Brush) ইঃ নাঃ পুং ; ব্রাশ।

برش (বুররুশ) ফাঃ নাঃ স্ত্রীং ; তীক্ষ্নতা, ধার।

برشته (বেরেশ্‌তাঃ) ফাঃ বিঃ ; ভাজা, জোড়া। ভূনা। মচমচে।

برشکال (বর্‌শকাল) ফাঃ নাঃ স্ত্রীং ; বর্ষাকাল। বর্ষা ঋতু।

برشگال (বরশগাল) ফাঃ নাঃ স্ত্রীং ; বর্ষা, বৃষ্টি। মেঘ নিঃসৃত পানি।

برص (বরস) আঃ নাঃ পুং ; কুষ্ঠ, ধবল কুষ্ঠ। শ্বেত।

برطرف (বর্‌তরফ) ফাঃ বিঃ ; এক পাশে। নির্জন। আলাদাকৃত। পদচ্যুত।

برصیصا (বরসীসা) আঃ নাঃ পুং ; শয়তানকে ধোঁকাদাতা বুযুর্গ।

برف (বরফ) ফাঃ নাঃ স্ত্রীং ; বরফ। হিম।

কঠিন। পানি।

برفاب (বরফাব্) ফাঃ নাঃ পুং ; বরফের পানি। ঠাণ্ডা পানি।

برف باری (বরফবারী) ফাঃ নাঃ স্ত্রীং ; তুষারপাত।

برف کازمانہ (বরফ্‌কা যামানাঃ) উঃ নাঃ পুং ; পৃথিবীর তুষার আচ্ছাদিত থাকার কাল।

برفی (বরফী) ফাঃ নাঃ স্ত্রীং ; চিনি এবং দুধ দ্বারা তৈরীএক প্রকার মিষ্টি।

برفیا (বরফিয়া) হিঃ নাঃ পুং ; বরফ বিক্রেতা।

برق (বরক) আঃ নাঃ স্ত্রীং ; বিজলী। বিদ্যুৎ। বজ্র।

برقآسا (বরকাসা) আঃ ফাঃ বিঃ ; বিদ্যুত সদৃশ, অতিশয় তেজস্বী।

برق آب (বরক আ-ব) ফাঃ বিঃ ; বিজলীর ন্যায় উজ্জ্বল। পানি বিদ্যুত।

برق خرام (বরক খরাম) ফাঃ পুং বিঃ ; দ্রুতগতি সম্পন্ন।

برق رخسار (বরক্ রুখ্‌সার) আঃ ফাঃ বিঃ ; সুঢৌল, সুন্দর। লাবণ্যময়।

برق رفتار (বরক রফতার) আঃ ফাঃ বিঃ ; বিদ্যুত গতি সম্পন্ন।

برق زدہ (বরক্ যাদাঃ) আঃ ফাঃ বিঃ ; বিদ্যুতায়িত। বিদ্যুত চালিত।

برق نگاہ (বরক নিগাঃ) আঃ ফাঃ বিঃ ; কামুক দৃষ্টি। শ্যেন দৃষ্টি।

برقانا (বরকানা) উঃ মূঃ ; বিদ্যুৎ সঞ্চালন।

برقع (বুরকা-') আঃ নাঃ পুং ; বোরকা। মুসলিম নারীদের আপাদমস্তক ঢাকার অঙ্গাবরণ। আলখেল্লা।

برقع پوش (বুরকা' পোশ) ফাঃ বিঃ ; বোরখাধারী মহিলা। পর্দানশীন।

برقنداز (বরকন্‌দায) উঃ নাঃ পুং ; বন্দুকধারী। বরকন্দাজ, টহলদার সৈনিক।

برقی (বরকী) আঃ বিঃ ; বৈদ্যুতিক।

برقی لیمپ (বরকী লেম্প্‌) আঃ ফাঃ নাঃ পুং ; বিজলী বাতি। বৈদ্যুতিক বাতি। বাল্ব। টিউব।

برقیہ (বরকিয়াঃ) আঃ নাঃ পুং ; তারবার্তা। টেলিগ্রাম। ইলেকট্রন। (Electron)

برقرار (বরকারার) ফাঃ বিঃ ; বহাল। স্থায়ী। সুপ্রতিষ্ঠিত।

برک (বরক) ফাঃ নাঃ পুং ; এক প্রকার পশমী কাপড়। উষ্ট্র লোমে তৈরী পোষাক।

برکات (বারাকাত) আঃ নাঃ স্ত্রীং ; কল্যাণ। সৌভাগ্য। প্রাচুর্য। উন্নতি। (برکت -এর ব-ব)।

برکت (বরকত) আঃ নাঃ স্ত্রীং ; সৌভাগ্য, কল্যাণ। প্রাচুর্য। উন্নতি। অগ্রগতি।

برکت دینا (বরকত দেনা) উঃ বিণ ; উন্নতি দান করা। সমৃদ্ধি দেওয়া।

برکلا (বরকলা) হিঃ নাঃ পুং ; খুঁটিয়া। জ্বালানীরূপে ব্যবহৃত শুষ্ক গোবরের চাকতি বিশেষ। মুঠে।

برکنا (বুরক্‌না) হিঃ নাঃ পুং ; ছিটানো। নিক্ষেপণ করা। ছড়ানো।

برکہ (বরখ) হিঃ নাঃ পুং ; বৃষ রাশি।

برکھا (বরখা) হিঃ নাঃ স্ত্রীং ; বৃষ্টি। বর্ষণ। বর্ষাঋতু।

برکھارت (বরখারুত্) হিঃ নাঃ স্ত্রীং ; বর্ষাকাল।

برکی (বুরকী) হিঃ নাঃ স্ত্রীং ; একচিমটি পরিমাণ চূর্ণ।

برکے (বুরকে) আঃ ; পানির ট্যাঙ্কি। হাউজ। চৌবাচ্চা। ড্রাম।

برگ (বরগ) ফাঃ নাঃ পুং ; পাতা, পত্র। আসবাবপত্র। برگ گل (-গুল) গোলাপ পাপড়ি।

برگ سبز (বরগে্ সবয্) ফাঃ নাঃ পুং ; সবুজ পাতা।

برگ تنبول (বরগে তাম্বুল) ফাঃ নাঃ পুং ; পান। পান পাতা।

برگ ریز (বরগ রেয্) ফাঃ বিঃ ; শীতকাল, পাতা ঝরার মৌসুম।

برگ وبار (বরগ ও বার) ফাঃ নাঃ পুং ; ফল ও পাতা।

برگ وساز (বরগ ও সায্) ফাঃ নাঃ পুং ; আসবাবপত্র। জীবনোপকরণ। তৈজসপত্র। ফার্নিচার।

برگشتگی (বরগাশ্‌তগী) ফাঃ নাঃ স্ত্রীং ; বিদ্রোহ। মন উঠে যাওয়া।

برگشته (বর্‌গশতাঃ) ফাঃ বিঃ ; বিদ্রোহী। ধর্মত্যাগী। পশ্চাৎগামী।

برگا (বর্‌গা) হিঃ নাঃ পুং ; কড়িকাঠ। বরগা।

برگد (বরগত) হিঃ নাঃ পুং ; বড়ই গাছ।

برگزیده (বরগুজীদাঃ) ফাঃ নাঃ ; মনোনীত। নির্বাচিত। পূন্যবান।

برلا (বিরলা) হিঃ নাঃ পুং ; বিস্ময়কর। বিরল। দুর্লভ।

برما (বরমা) হিঃ নাঃ পুং ; তুরপুন। ছেদন যন্ত্র। বার্মা দেশ।

برملا (বরমালা) ফাঃ বিঃ ; খোলাখুলি। প্রকাশ্য। উন্মুক্ত।

برمانا (বরমানা) হিঃ নাঃ মৃঃ ; তুরপুন দ্বারা ছিদ্র করা। ভেদ করা।

برمک (বরমাক) ফাঃ নাঃ পুং ; বিখ্যাত পারসিক যিনি পরে মুসলমান হন।

برمانا (বিরমানা) হিঃ মৃঃ ; বাধ্য করা। অনুগত করা। বিরক্ত করা। ত্যক্ত করা। বিড়ম্বনা। উত্ত্যক্ত।

برموی (বুরমোয়ী) হিঃ বিঃ ; বিকট, কুৎসিত। বিসদৃশ।

برموهی (বরমোয়ী) হিঃ নাঃ স্ত্রীং ; বিড়াল।

برن (বরন) হিঃ নাঃ পুং ; রঙ্গ। রূপ। গঠন। বর্ণ। গোত্র। গোষ্ঠী। জাতি। অক্ষর।

برنی (বরনী) হিঃ নাঃ স্ত্রীং ; ওষ্ঠ প্রান্ত।

برن شنکر (বর্নশন্‌কর) হিঃ নাঃ পুঃ ; একজাতীয় পুরুষ অন্য জাতীয় স্ত্রীর মিলনজাত। সঙ্কর।

برن مالا (বরণ মালা) হিঃ নাঃ স্ত্রীং ; বর্ণমালা। অক্ষর সমষ্টি।

برنا (বরনা) ফাঃ বিঃ ; যুবক। তরুন।

برنا (বরনা) হিঃ নাঃ ; একপ্রকার বৃক্ষ।

برنائی (বর্‌নায়ী) ফাঃ নাঃ স্ত্রীং ; তারুণ্য। যৌবন।

برنج (বিরনজ) ফাঃ নাঃ স্ত্রীং ; চাউল। পিতল।

برنجن (বিরন্‌জন) ফাঃ নাঃ স্ত্রীং ; সোনা বা রূপার চুড়ি।

برنجی (বিরনজী) ফাঃ নাঃ পুং ; পিতলের তৈরী ছোট পেরেক। তার কাটা।

برنگا (বিরন্‌গা) হিঃ নাঃ পুং ; কড়ির কাষ্ঠ বিশেষ।

برنس (বুরনুস) আঃ ; পশমী কাপড়। পাদ্রীদের ব্যবহৃত উঁচু টুপি।

برنن (বর্ণন) হিঃ নাঃ পুং ; বর্ণনা। ব্যাখ্যা। বিবৃতি। বিজ্ঞপ্তি।

برنی (বরনী) হিঃ নাঃ স্ত্রীং ; নেত্রস্থল। চক্ষুকোটর।

بروا (বরওয়া) হিঃ নাঃ পুং ; নিকৃষ্টমানের প্রস্তরময় ভূমি। এক প্রকার রাগিণী বিশেষ।

بروا (বিরওয়া) হিঃ নাঃ পুং ; চারাগাছ। শিশু। অল্পবয়স্ক।

بروت (বুরুত) নাঃ স্ত্রীং ; গোঁফ। মোচ।

بروٹ (বরওট) হিঃ নাঃ স্ত্রীং ; পেটের ক্ষত বিশেষ।

بروٹها (বরৌঠা) হিঃ নাঃ পুং ; দেউড়ী। বারান্দা। অলিন্দ।

برودت (বুরূদাত) আঃ নাঃ স্ত্রীং ; শীতলতা। হিম। ঠান্ডা।

برودهی (বিরুধী) হিঃ নাঃ পুং ; কলহপ্রিয়। প্রতিদ্বন্দ্বী। বিরোধী।

بروکر (ব্রোকার-Broker) ইং নাঃ পুং ; দালাল, এজেন্ট।

بروقت (বর ওয়াক্ত) ফাঃ বিণ ; সময়মত। যুগোপযোগী। সুযোগমত।

بروگ (বিরোগ) হিঃ নাঃ পুং ; বিদায় বিচ্ছেদ। প্রস্থান। বিয়োগ। বিরহ।

بروگن (বিরোগন) হিঃ নাঃ স্ত্রীং ; পরিত্যক্তা রমণী।

بروگی (বিরোগী) হিঃ নাঃ পুং ; পরিত্যক্তা পুরুষ।

برومند (বরোমন্দ) ফাঃ বিঃ ; সৌভাগ্যশালী। আশীর্বাদপ্রাপ্ত। সুখী। উন্নত।

بروں (বেরুন) ফাঃ নাঃ পুং ; বাহির। উন্মুক্ত। খোলা। অবারিত।

برہ (বররাঃ) ফাঃ নাঃ পুং ; ছাগল ছানা। ভেঁড়ার বাচ্চা।

برۂ فلک (বরয়ে ফালাক্) ফাঃ নাঃ পুং ; মেঘ রাশি। আকাশের প্রথম কক্ষপথ।

برہ (বিরহ) হিঃ নাঃ পুং ; বিচ্ছেদ। বিরহ। বিরহ সংগীত।

برہا (বরহা) হিঃ নাঃ পুং ; রশি। দড়ি। রজ্জু। জলপ্রপাত। জমি পরিমাপের শিকল বা চেন। চারণ ভূমি।

برہا (বির্হা) হিঃ নাঃ পুং ; বিরহ। বিচ্ছেদ। বিরহ সংগীত।

برہان (বুরহান্) আঃ নাঃ স্ত্রীং ; প্রমাণ পত্র। দলিল। কারণ। সূত্র।

برہان انی (বুরহানে ইন্নী) আঃ নাঃ স্ত্রীং বস্তুর গতি প্রকৃতি বিশ্লেষণপূর্বক তার হেতু নির্ণয় মূলক প্রমাণ বিশেষ।

برہان لمی (বুরহানে লিম্মী) আঃ নাঃ স্ত্রীং ; কারণ বা হেতু বিশ্লেষণপূর্বক বস্তুর প্রকৃতি নির্ধারণমূলক প্রমাণ বা দলিল।

برہسپت (ব্রিহস্পত) হিঃ নাঃ পুং ; বৃহস্পতি গ্রহ। বৃহস্পতিবার।

برہم (বরহম) সং নাঃ পুং ; পরমেশ্বর। মহাপ্রভু। সার্বভৌম ক্ষমতার অধিকারী। পৃথিবীর অধিহেতু। পরাক্রমশালী। সৃষ্টিকর্তা। অনাদী সত্তা। পরমাত্মা।

برہمچاری (বর্হম্চারী) সং নাঃ পুঃ ; ব্রহ্মচারী। পরম তত্ত্বের অনুসন্ধানী। উপনয়নান্তে গুরুগৃহে অধ্যয়ন রত ব্রাহ্মণ কুমার। বেদশাস্ত্রবিদ।

برہم چرج (বরহমচর্য) সং নাঃ পুং ; ব্রহ্মচর্য। পবিত্র জীবন যাপন। ধর্মাদেশের অনুশীলন।

برہم (বর্হম্) ফাঃ বিঃ ; অসন্তুষ্ট। রুষ্ট। বিশৃঙ্খল। বিক্ষিপ্ত।

برہم درہم (বরহম্ দরহম্) ফাঃ বিঃ ; বিক্ষিপ্ত। বিপর্যস্ত। ওলট-পালট। গোলমেলে। এলেবেলে।

برہمن (বরহমন) হিঃ নাঃ পুং ; ব্রাহ্মণ। তত্ত্বজ্ঞানী। পন্ডিত। হিন্দুদের সর্বোচ্চ বর্ণ। বামন।

برہمنی (বরহমানী) হিঃ নাঃ স্ত্রীং ; ব্রাহ্মণী। ব্রহ্মার পত্নী। বামনী।

برہمو سماج (বরহমো সমাজ্) হিঃ নাঃ পুং ; ব্রহ্ম সমাজ। ব্রাহ্মণ সম্প্রদায়। রাজা রাম মোহন রায় কর্তৃক ১৮৩০ শতাব্দীতে প্রতিষ্ঠিত একটি সৃজনশীল হিন্দু সংগঠন বিশেষ।

برہمی (বরহমী) ফাঃ নাঃ স্ত্রীং ; অসন্তুষ্টি। অরাজকতা। বিশৃঙ্খলা। নৈরাজ্য। গণ্ডগোল। বিপর্যয়।

برہن (বরহন্) হিঃ নাঃ স্ত্রীং ; পরিত্যক্তা রমণী।

برہنگی (বরহঙ্গী) ফাঃ নাঃ স্ত্রীং ; নগ্নতা। বিবস্ত্রতা।

برہنہ (বরহানাঃ) ফাঃ বিঃ ; নগ্ন। উলঙ্গ। বিবস্ত্র। দিগম্বর।

برہی (বরহী) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার রুটি। যাতে ডাল কিমা কিংবা শাক মিশানো হয়।

برہیانا (বরহিয়ানা) উঃ নাঃ পুং ; বড়ই বাগান। কুল বাগান।

برہیانا (বরহিয়ানা) উঃ নাঃ পুং ; বরই বাগান। কুল বাগান।

برہیلا (বরহিলা) হিঃ নাঃ পুং ; বন্য শূকর।

براءاب (বারায়ী আব) হিঃ নাঃ পুং; পানচাষী ও বিক্রেতা।

برء (বর) হিঃ নাঃ স্ত্রীং ; কনের মেহেদী পরার সামগ্রী। ফল। পয়নামা সামগ্রী।

بری (বরী) আঃ বিঃ ; আযাদ। স্বাধীন। মুক্ত। নিষ্পাপ। নিরপরাধ।

بری الذمہ (বরী-উজ্জিম্মাহ) আঃ ; দায়িত্ব মুক্ত। দায়মুক্তি। নিষ্কৃতি।

بری (বাররী) আঃ বিঃ ; স্থল সম্বন্ধীয় ভৌগলিক।

بری (বিরী) হিঃ নাঃ স্ত্রীং ; মাহুতের হস্তি তাড়ানোর হুকুম বিশেষ।

بری (বুরী) হিঃ বিঃ ; মন্দ। নিকৃষ্ট। অপ্রকৃষ্ট। দোষযুক্ত।

بری بات (বুরী-বাত্) হিঃ নাঃ স্ত্রীং ; অন্যায় উক্তি। অন্যায় কর্ম।

بری نیت (বুরী-নিয়্যত) হিঃ নাঃ স্ত্রীং ; ষড়যন্ত্র। গুপ্তমন্ত্র। চক্রান্ত।

بری خبر (বুরী খবর্) হিঃ নাঃ স্ত্রীং ; দুঃসংবাদ।

بری زمانہ (বুরী যামানা) হিঃ নাঃ স্ত্রীং ; কটুকথা। অশ্লীল ভাষা। বাচালতা।

بری زبان (বুরী যুবান) হিঃ নাঃ স্ত্রীং ; দুঃসময়। ক্রান্তিকাল।

بری صحبت (বুরী সুহবাত্) হিঃ নাঃ স্ত্রীং ; অসৎ সংশ্রব। কুসংশ্রব।

بری گھڑی (বুরী-ঘড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; ক্রান্তি লগ্ন। অকাল।

بری خصلت (বুরী খছলত্) হিঃ নাঃ স্ত্রীং ; বদঅভ্যাস।

بریار (বর্য়ার্) হিঃ বিঃ ; শক্তিমান, উর্বর (ভূমি)।

بریان (বিরয়ান) ফাঃ বিঃ ; ভাজা। পোড়া। ভুনা।

بریانی (বিরয়ানী) ফাঃ নাঃ স্ত্রীং ; গোশ্ত পোলাও। বিরানী।

بریت (বরয়ত) হিঃ নাঃ স্ত্রীং ; প্রহারের চিহ্ন।

بریت (বির্য়ত) হিঃ নাঃ স্ত্রীং ; পানি উত্তোলনের রশি। বালতির দড়ি।

بریت (বারিয়্যত) হিঃ নাঃ স্ত্রীং ; মুক্তি। অব্যাহতি। নির্দোষ প্রমাণিত হওয়া।

بریٹھا (বরেঠা) হিঃ নাঃ পুং ; ধোপা।

بریٹھن (বরেঠন) হিঃ নাঃ স্ত্রীং ; ধোপ। কাঁচা। কাচানো। ধোলাই।

بریچ لوڈر (বরীচ্‌লোডর) ইং নাঃ স্ত্রীং ; স্বয়ংক্রিয় বন্দুক।

برید (বারীদ) ফাঃ নাঃ পুং ; বার্তাবাহক। দূত। চর।

برید فلک (বারীদে-ফলক) ফাঃ নাঃ পুং ; শনিগ্রহ। শনিবার। চাঁদ।

بریدہ (বুরীদা) ফাঃ বিঃ ; কর্তিত, কাটা। ছাঁটা।

برے لچھن (বুরে লাচ্ছন) হিঃ নাঃ পুং ; বদ অভ্যাস। গর্হিত কর্ম।

بریشم (বরেশম্) ফাঃ নাঃ পুং ; রেশম।

بریک (ব্রেক) ইং নাঃ পুং ; গতিরোধক (যন্ত্র)।

برکٹ (ব্রাকেট) ইং নাঃ পুং ; বন্ধনী। () - {} - [ ] এই চিহ্ন ।

بریگیڈ (ব্রিগেড-Brigade) ইং নাঃ পুং ; সাব ডিভিশন। সুসংবদ্ধ দল।

برگیڈیر (ব্রিগেডিয়ার-Brigadier) ইং নাঃ পুং ; সাব ডিভিশন প্রধান। খণ্ড দলপতি।

بریں (বরঁরী) ফাঃ বিঃ ; উন্নত। উচ্চ। উর্ধ্বতন। উঁচু।

بریں ہم (বরীহম) ফাঃ ; এতদসত্বেও। এতকিছুর পরও।

برین (বররীন) হিঃ নাঃ পুং ; কুসুমবর্ণের ফুলের বীজ।

بریہ (বারিয়্যাহ) আঃ নাঃ স্ত্রীং ; সৃষ্টি। বিশ্ব। ব-ব, برایا ।

ب - ڑ

بڑ (বড়া) হিঃ নাঃ স্ত্রীং ; বহেড়া, হরিতকী জাতীয় ফলবিশেষ। বাহুল্য বচন। অতিকথন। প্রলাপ।

بڑ (বড়) হিঃ বিঃ ; বৃহৎ, প্রকাণ্ড। বড়ো।
بڑپیٹا (– পেটা) বড় পেটবিশিষ্ট। লোভী।
بڑیاگڑ (বড়িয়াগড়) হিঃ নাঃ পুং ; বাদুড়। চামচিকার ন্যায় বৃহদাকার স্তন্যপায়ী পক্ষযুক্ত প্রাণী বিশেষ।
بڑالولا (বড়ালোলা) হিঃ বিঃ ; অতিভাষী, ধৃষ্ট।
بڑبھاگی (বড়ভাগী) হিঃ বিঃ ; অতিভাগ্যবান। সৌভাগ্যশালী।
بڑبھکوا (বড়ভক্‌ওয়া) হিঃ বিঃ ; বোকা। হাবা। নির্বোধ।
بڑپن (বড়ুপন্) হিঃ নাঃ পুং ; বড়ত্ব। মহত্ত্ব। মর্যাদা। জাঁকজমক।
بڑدنتا (বড়দন্‌তা) হিঃ বিঃ ; বৃহৎ দাঁত বিশিষ্ট।
بڑکنا (বড়কন্‌না) হিঃ বিঃ ; বড় কানবিশিষ্ট।
بڑمونھی (বাড়মোঁহী) হিঃ বিঃ ; বড় মুখবিশিষ্ট।
بڑنکا (বড়ুনক্কা) হিঃ বিঃ ; বড় নাক বিশিষ্ট।
بڑا (বাড়া) হিঃ বিঃ ; বৃহৎ। উন্নত। উচ্চ। লম্বা। আগ্রহ। বড়। মহান। উর্ধ্বতন। অধিক। অনেক। প্রধান।
بڑا آدمی (বাড়া আদ্‌মী) হিঃ নাঃ স্ত্রীং ; বড়লোক। সম্মানী। অভিজাত।
بڑا آزار (বাড়া আযার) হিঃ নাঃ পুং; মহাসংকট। মহা বিপর্যয়।
بڑا استاد (বাড়া উস্তাদ্) হিঃ নাঃ পুং ; অতিচালাক। সচেতন। গুরু।
بڑا بوڑھا (বাড়া বুড়হা) হিঃ বিঃ ; পৃষ্ঠপোষক। অতিশয় বৃদ্ধ।
بڑابول (বাড়াবোল) হিঃ নাঃ পুং ; ধৃষ্টতা। অহংকার। গর্ব। দর্প। অহমিকা।
بڑاچلا (বাড়া চিল্লা) হিঃ নাঃ পুং ; প্রসূতির চল্লিশা দিবসের স্নান।
بڑادانا (বাড়াদাতা) হিঃ নাঃ পুং ; অতিশয় দাতা। অতিদয়ালু। মহাদানশীল। দানবীর।
بڑادل ھے (বাড়া দিল হায়) হিঃ নাঃ পুং ; অতি উচ্চমন। অতি উদ্যম।
بڑادن (বাড়াদিন) হিঃ নাঃ পুং ; বড় দিন। হযরত ঈসা মসীহের জন্মদিন। ডিসেম্বরের পঁচিশ তারিখ।
بڑاروگ (বাড়ারোগ) হিঃ নাঃ পুং ; ক্ষয়জ্বর।
بڑاشخص (বাড়াশখ্‌স্) হিঃ নাঃ পুং ; দূরদর্শী ব্যক্তি। মহাজ্ঞানী। শয়তান। অনিষ্টকারী।
بڑاصاحب (বাড়াসাহেব) হিঃ নাঃ পুং ; প্রধান শাসক। বড়ো অফিসার। বড় সাহেব।
بڑاگھر (বাড়াঘর) হিঃ নাঃ পুং ; বন্দীশালা। জেলখানা।
بڑاگھرانا (বাড়াঘরানা) হিঃ নাঃ পুং ; অভিজাত। কুলীন। উচ্চ বংশ।
بڑے ابا (বাড়ে আব্বা) হিঃ নাঃ পুং ; শ্বশুর। বাপের বড়ভাই। জেঠা। তালই।
بڑے باپ کا بیٹا (বাড়ে বাপ্‌কা বেটা) হিঃ নাঃ পুং ; খান্দানী। সম্মানী। প্রভাবশালী।
بڑے بڑے (বাড়ে বাড়ে) হিঃ নাঃ পুং ; নামী লোক। সম্মানী ব্যক্তি।
بڑے زھد کا پیسہ (বাড়েযুহ্‌দকা পয়সা) হিঃ নাঃ পুং ; অতিশয় কষ্টে উপার্জিত পয়সা।
بڑے صاحب (বাড়ে সাহেব) হিঃ নাঃ পুং ; বিঃ ; বড় সাহেব। জ্যেষ্ঠ। প্রধান। শ্রেষ্ঠ। ডেপুটি কমিশনার।
بڑے لوگ (বাড়ে লোগ) হিঃ নাঃ পুং ; অভিজাত। কুলীন। উচ্চবংশীয়।
بڑے میاں (বাড়ে মিয়াঁ) হিঃ নাঃ পুং ; বৃদ্ধ। জ্যেষ্ঠ।
بڑاپا - بڑاپن (বড়াপা-বড়াপন) হিঃ নাঃ পুং ; জ্যৈষ্ঠতা। বড়ত্ব। মহত্ত্ব।
بڑاجانا (বড়ড়াজানা) হিঃ মূঃ ; ভীত হওয়া। সন্ত্রস্ত হওয়া। বিপন্ন হওয়া।

بڑانا (বড়ূড়ানা) হিঃ মূঃ ; ঢোকানো, প্রোথিত করা, ধাক্কা দেওয়া, তাড়ানো।

بڑانا (বড়ূড়ানা) হিঃ মূঃ ; বিড়বিড় করা। অনর্থক কথা বলা। বকবক করা। গন্ডগোল করা।

بڑائی (বড়ায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; বড়ত্ব। মহত্ত্ব। জ্যৈষ্ঠতা। দীর্ঘতা। ব্যপ্তি। উন্নতি। সমৃদ্ধি। অহংকার।

بڑائی چھٹائی ھونا (বড়ায়ী ছটায়ী হোনা) হিঃ নাঃ স্ত্রীং ; ব্যবধান হওয়া। পার্থক্য হওয়া। বেশ কম হওয়া।

بڑائی کرنا (বড়ায়ী করনা) হিঃ ক্রিঃ ; প্রশংসা করা। গর্ব করা। অহংকার করা।

بڑبڑ (বড় বড়) হিঃ নাঃ স্ত্রীং ; বিড় বিড়, বকাঝকা। গল্প।

بڑبڑانا (বিড় বিড়ানা) হিঃ মূঃ ; বিড়বিড় করে বলা। প্যান প্যানানি।

بڑبڑیا (বড়বড়িয়া) হিঃ নাঃ পুং এবং বিঃ ; বিড়বিড়কারী। বাচাল। অনর্থক ভাষী।

بڑبڑیڑی (বড়বড়ীড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; মৃত ব্যক্তির উদ্দেশ্যে পঠিত ফাতেহা বিশেষ।

بڑبھس (বুড়-ভস্) হিঃ নাঃ স্ত্রীং ; বৃদ্ধ বয়সে যৌবনের আলোচনা করা।

بڑرا (বড়ূরা) হিঃ নাঃ পুং ; চনা এবং গমের মিশ্রিত শস্য।

بڑك (বড়ক্) হিঃ নাঃ স্ত্রীং ; অবগাহন। নিমজ্জন। ডুব।

بڑما (বড়মা) হিঃ নাঃ স্ত্রীং ; বড়মা। বৃদ্ধা মহিলা।

بڑنا (বড়না) হিঃ নাঃ মূঃ ; প্রবেশ করা। প্রোথিত হওয়া। ঢোকা।

بڑنگا (বড়ুঙ্গা) হিঃ পুং ; কড়ি কাঠ্। আড়া।

بڑولی (বড়োলী) হিঃ নাঃ স্ত্রীং ; বহেড়া বৃক্ষের ফল।

بڑونکھا (বড়োঙ্খা) হিঃ নাঃ পুং ; এক প্রকার বৃহদাকারের ইক্ষু।

بڑہ جانا (বঢ় জানা) হিঃ ক্রিঃ ; অগ্রগামী হওয়া। সমৃদ্ধি অর্জন করা।

بڑہ چڑہ کے (বঢ় চঢ়ূকে) হিঃ বিঃ বিঃ ; অধিক। উন্নত। সর্বোচ্চ। ঊর্ধ্বতন।

بڑھاپا (বুড়হাপা) হিঃ নাঃ ; বার্ধক্য। বয়জ্যৈষ্ঠতা। প্রাচীনত্ব। বৃদ্ধবয়স।

بڑھاچڑھا (বঢ়াচঢ়া) হিঃ বিঃ ; নামীদামী। অতিশয় উত্তম। মহোত্তম।

بڑھادینا (বাঢ়াদেনা) হিঃ মূঃ ; অগ্রসর করা। নির্বাপিত করা।

بڑھار (বঢ়ার) হিঃ নাঃ স্ত্রীং ; কন্যাপক্ষ থেকে কন্যা বিদায়ের নিমন্ত্রণ।

بڑھانا (বাঢ়হানা) হিঃ মূঃ ; বৃদ্ধি করা। প্রসারিত করা। বিস্তৃত করা। প্রলম্বিত করা। উচুঁ করা। উন্নতি করা। অগ্রসর করা। দস্তরখান গুটিয়ে ফেলা। উদ্দীপ্ত করা।

بڑھاوا (বাঢ়াওয়া) হিঃ নাঃ পুং ; প্রবৃদ্ধি। বাহুল্য। মিথ্যা প্রশংসা। লোভ। লালসা। তোষামোদ। ফাঁদ। প্রবঞ্চনা।

بڑھاؤ (বঢ়াউ) হিঃ নাঃ পুং ; আধিক্য। উন্নতি।

بڑھتی (বাঢ়ূতী) হিঃ বিঃ ; অতিরিক্ত। ফালতু। বাজে।

بڑھتی (বাঢ়ূতী) হিঃ নাঃ স্ত্রীং ; আধিক্য। বাহুল্য। আতিশয্য। প্রাবল্য। প্রাধান্য।

بڑھتی دولت (বাঢ়ূতী দওল্ত) হিঃ নাঃ স্ত্রীং; উন্নতশীল সম্পদ।

بڑھتی کاپہرا (বাঢ়্তী কাপহ্রা) হিঃ নাঃ পুং ; সুদিন। উন্নতির যুগ।

بڑھل (বঢ়ল) হিঃ নাঃ পুং ; একপ্রকার গোলাকার হলুদ রঙের ফলদার বৃক্ষ।

بڑھنا (বাঢ়না) হিঃ মূঃ ; উন্নত হওয়া। উঁচু হওয়া। অতিরিক্ত হওয়া। সীমাতিক্রম করা। অগ্রসর হওয়া। মুলতবী হওয়া।

بڑھنت (বাঢ়ন্ত) হিঃ নাঃ স্ত্রীং ; বৃদ্ধিশীল। বর্ধমান। বাড়ন্ত। বর্ধনশীল।

بڑھوا (বাঢ়ওয়া) হিঃ বিঃ ; বৃদ্ধ।

بڑھوانگل (বাড়ওয়াঙ্গল) হিঃ নাঃ পুং ; বেনারসে অনুষ্ঠিত একপ্রকার মেলা।

بڑھوتری (বঢ়োতরী) হিঃ নাঃ স্ত্রীং ; অতিরিক্ত। উধৃত্ত। বাড়তি। উন্নতি। আধিক্য। প্রাবল্য।

بڑھوتی (বঢ়োতী) হিঃ নাঃ স্ত্রীং ; বার্ধক্য।

بڑھئی (বাঢ়য়ী) হিঃ নাঃ পুং ; ছুতার। কাঠ মিস্ত্রী।

بڑھیا (বাঢ়হিয়া) হিঃ বিঃ ; মূল্যবান, শ্রেষ্ঠতম, মহোত্তম।

بڑھیا (বুঢ়হিয়া) হিঃ নাঃ স্ত্রীং এবং বিঃ ; বুড়ী, বৃদ্ধা।

بڑھیل (বঢ়ীল) হিঃ বিঃ ; অতিশয় বৃদ্ধা। অশীতিপর বুড়ী। কুটনা বুড়ি।

بڑی (বড়ী) হিঃ বিঃ ; বৃহৎ। বড়।

بڑی آنت (বড়ী আঁত) হিঃ নাঃ স্ত্রীং ; মলধারী। তন্ত্র।

بڑی اسامی (বড়ী অসামী) হিঃ নাঃ স্ত্রীং ; সম্পদশালী। অর্থশালী।

بڑی الائچی (বাড়ী এলায়েচী) হিঃ নাঃ স্ত্রীং ; বড় বড় এলাচী।

بڑی بات (বাড়ী বাত্) হিঃ নাঃ স্ত্রীং ; জটিল বিষয়, দুরূহ কর্ম। সুবচন। উত্তম কথা।

بڑی بوڑھی (বাড়ী বোঢ়ী) হিঃ নাঃ স্ত্রীং ; বৃদ্ধা। পর্দানশীন।

بڑی بہو (বাড়ী বহু) হিঃ নাঃ স্ত্রীং ; বড় বউ। বড় ছেলের পত্নী।

بڑی بی (বাড়ীবী) হিঃ নাঃ স্ত্রীং ; বৃদ্ধা মহিলা।

بڑی ناک والا (বাড়ী নাক ওয়ালা) হিঃ বিঃ ; মর্যাদাশীল, অভিমানী।

ب - ز

بز (বুয) ফাঃ নাঃ স্ত্রীং ; ছাগ। ছাগল। ছাগী। বকরা। বকরী।

بزاخفش (বুযে-আখ্‌ফাশ) ফাঃ নাঃ স্ত্রীং ; বোকা। নির্বোধ। অবুঝ।

بزدلا (বুয্‌দিলা) ফাঃ বিঃ ; ভীরু, ভীতু, ভয়শীল। সহজে ভয় পায় যে। ভয়কাতুর।

بزدلی (বুযদিলী) ফাঃ নাঃ স্ত্রীং ; ভীরুতা। ভয়কাতুরে।

بزغاله (বুযগালহ্) ফাঃ নাঃ পুং ; ছাগল ছানা। বন্যছাগ। ছাগশিশু।

بزا (বুযা) হিঃ নাঃ পুং ; এক প্রকার পাখী।

بزاز (বায্‌যায) আঃ নাঃ পুং ; বস্ত্র ব্যবসায়ী।

بزازا (বাযাযা) উঃ নাঃ পুং ; বস্ত্রের দোকান। ক্লথ মার্কেট।

بزازی (বয্‌যাযী) ফাঃ নাঃ স্ত্রীং ; বস্ত্র ব্যবসা।

بزرجمهر (বুযর্‌চম্‌হর) ফাঃ নাঃ পুং ; ইরানের প্রাচীন সম্রাট নওশেরওয়াঁর প্রধান মন্ত্রীর নাম, জ্ঞানী, বুদ্ধিমান।

بزر قطونا (বযরকুতোনা) ফাঃ নাঃ পুং ; ইসবগুল।

بزرگ (বুযুরগ) ফাঃ বিঃ ; মহান। সম্মানিত। গুরুজন। আল্লাহভক্ত। সাধুজন।

بزرگ داشت (বুযুর্‌গ দাশ্‌ত) ফাঃ নাঃ স্ত্রীং ; সেবাপরায়ণতা। অতিথি সেবা। সমাদর।

بزرگ زاده (বুযুর্‌গ্ যাদাহ) ফাঃ নাঃ পুং ; কুলীন, অভিজাত, উচ্চবংশ। ভদ্রজাত।

بزرگ سال (বুযুরগ সাল) ফাঃ নাঃ পুঃ ; বৃদ্ধ। বয়স্ক।

بزرگ منش (বুযুর্‌গ্ মনিশ) ফাঃ বিঃ ; মহামনীষী। অসাধারণ প্রতিভার অধিকারী।

بزرگوار (বুযুর্‌গ্‌-ওয়ার) ফাঃ বিঃ ; মহান, মহত্ত্বের সদৃশ। মহত্ত্বের আধার।

بزرگانه (বুযুরগানাহ) ফাঃ বিঃ ; মহত্ত্ব সংক্রান্ত, মহানুভবতা।

بزرگی (বুযুরগী) ফাঃ নাঃ স্ত্রীং ; মহত্ব,মর্যাদা। ভদ্রতা। আভিজাত্য।

بزله (বয্‌লহ) ফাঃ নাঃ পুং ; চুটকি। কৌতুক। পরিহাস। ধাঁধাঁ। মানসঙ্ক।

بزم (বায্ম্) ফাঃ নাঃ পুং-স্ত্রীং ; সভা। সমাবেশ। জমায়েত। মেলা।

بزم آرا (বাযম আরা) ফাঃ নাঃ পুং ; সভার প্রধান আকর্ষণ। সভাপতি।

بزم افروز (বাযম আফরোয) ফাঃ বিঃ ; সভার শোভা বর্ধনকারী।

بزم سخن (বাযমে সুখন) ফাঃ নাঃ স্ত্রীং ; কবিতার আসর। কবিগান। কাব্য-চর্চা।

بزم طرب (বায্মে-তরব) ফাঃ নাঃ স্ত্রীং ; সংগীতের আসর। বিনোদন মজলিস।

بزم عیش (বাযমে-আয়েশ) ফাঃ নাঃ স্ত্রীং ; গানের আসর। রঙ্গ মজলিস।

بزم گاه (বায্ম্ গাহ্) ফাঃ নাঃ পুং; সভাস্থল।

بزم گرم ھونا (বায্ম গরমহোনা) উঃ ক্রিঃ ; সভায় লোক সমাগম হওয়া, জনাকীর্ণ। জনসমুদ্র। স্রোতার ঢল।

بزم ماتم (বায্মে্-মাতম) ফাঃ নাঃ স্ত্রীং ; শোকসভা।

بزم نشاط (বায্মে-নিশাত) ফাঃ নাঃ স্ত্রীং ; আনন্দমেলা। বিনোদন মজলিস।

بزم نشین (বায্মে্-নশীন) ফাঃ বিঃ ; সভাপতি। সভার মূল আকর্ষণ।

بزن (বিযন্) ফাঃ নাঃ পুং ; হত্যা। হত্যাদেশ। ব্যাপক হত্যালীলা। নরমেধযজ্ঞ।

بزن کرنا (বিযন করনা) উঃ বিঃ ; গণহত্যা, পাইকারী হত্যা।

بزنس (বিযনিস–Business) ইং নাঃ পুং ; ব্যবসা-বাণিজ্য। কায়-কারবার।

ب – س

بس (বাস–Bus) ইং নাঃ স্ত্রীং ; বাস, চার চক্রযান।

بس (বস) হিঃ নাঃ পুং ; শক্তি। বল। ক্ষমতা। জোর। অবকাশ। কর্তৃত্ব।

بس (বুস) ফাঃ বিণ ; মাত্রাতিরিক্ত। অত্যধিক। সমাপ্তি। শেষ।

بس (বস) ফাঃ বিঃ ; যথেষ্ট। এ পর্যন্ত। বস। আরনা। ফুরিয়েছে। কেবল। চুপ হও।

بس بس (বস্ বস্) ফাঃ বিঃ ; যথেষ্ট হয়েছে। হয়েছে হয়েছে।

بس (বিস) হিঃ নাঃ পুং ; বিষ। গরল। হলা হল। দোষ। বিবাদ। হিন্দুদের মুটে মজুর-বিস্ সম্প্রদায়।

بس (বিস্) হিঃ বিঃ ; ফন্দিবাজ। অনিষ্টকারী।

بس بونا (বিস্বোনা) হিঃ ক্রিঃ ; বিবাদের সূচনা করা। অন্যায়ের বীজ বপন করা।

بس بھری (বিসভরী) হিঃ বিঃ ; বিষাক্ত। কুটিল। ফন্দিবাজ। কুচক্রী।

بس گھولنا (বিসঘোলনা) হিঃ ক্রিঃ ; ফ্যাসাদ ছড়ানো। বিষ সংক্রমিত করা।

بسا (বাসা) ফাঃ বিঃ ; অনেক। অধিক।

بسا اوقات (বসা আওকাত্) ফাঃ ; অনেক সময়। বারবার।

بسار (বিসার) হিঃ নাঃ পুং ; ফসল উঠলে শোধ করা' শর্তে ধারকৃত বীজ।

بسارنا (বিসারনা) প্রাঃ নাঃ মূঃ ; ভুলানো। ভুলিয়ে দেয়া। পরিত্যাগ করা।

بساط (বিসাত্) আঃ পুং ; শয্যা। বিছানা। ফরাশ। মূলধন। উদ্যম। উৎসাহ। উদ্দীপনা। দাবা খেলার ছক।

بساط خانه (বসাতখানাহ্) ফাঃ নাঃ পুং ক্রয়-বিক্রয়ের স্থান। বাজার। মোকাম।

بساط سے باهر (বসাতসে বাহির) সামর্থ্যের বাইরে।

بساطی (বসাতী) ফাঃ নাঃ পুং ; পসারী। দোকানী।

بسالت (বাসালত্) আঃ নাঃ স্ত্রীং ; বীরত্ব। নির্ভীকতা।

بسالٹ (বাসালট–Baslat) ইং নাঃ পুং ; গাঢ় সবুজ বা বাদামী রঙ্গ। অগ্নিনির্ঝর পাথর।

بسانا (বাসানা) হিঃ নাঃ মূঃ ; আবাদ

করা। বসতি স্থাপন করা। সুপ্রতিষ্ঠিত করা। আবাসন।

بسانا (বিসানা) হিঃ মূঃ ; ক্রয় করা। কামাই করা। বিপদ ডেকে আনা। উপার্জণ করা। রোজগার করা।

بسانند (বিসানিন্দ) হিঃ নাঃ স্ত্রীং ; গন্ধ। সুবাস। ঘ্রাণ।

بساندا (বিসাঁদা) হিঃ বিঃ ; দুর্গন্ধযুক্ত।

بساوٹ (বসাব'ট্) হিঃ নাঃ স্ত্রীং ; সৌরভ, সুগন্ধি।

بساوری (বিসাব'রী) হিঃ নাঃ স্ত্রীং ; ভূমিকর। খাজনা।

بساها (বিসাহা) হিঃ নাঃ পুং ; বিষাক্ত দন্ত ও বিষ নখর বিশিষ্ট কুকুর।

بسائط (বাসাইত) আঃ নাঃ পুং ; মৌল উপাদান চতুষ্ঠয়।

بسباسه (বস্‌বাসাহ) আঃ নাঃ পুং ; একপ্রকার ঔষধ, জায়ত্রী।

بست (বস্‌ত) হিঃ নাঃ স্ত্রীং ; আসবাব। মালপত্র। সামান। ফার্নিচার।

بست (বস্‌ত্) ফাঃ বিঃ ; বন্ধনকৃত। গ্রথিত।

بست وکشاد (বস্‌ত্ ও কুশাদ্) ফাঃ ; মুক্তাবেষ্টন। চিন্তাভাবনা।

بست (বিস্‌ত) ফাঃ বিঃ ; বিশ। ২০।

بستار (বিস্‌তার) হিঃ নাঃ পুং ; বিস্তর। প্রসার। বর্ধন। ব্যাপ্তি। পরিসর।

بستار کرنا (বিস্‌তার কর্‌না) হিঃ ক্রিঃ ; বিস্তার করা, প্রসারিত হওয়া। অতিরঞ্জিত করে বলা।

بستان (বুস্‌তান্) ফাঃ নাঃ পুং ; বাগান। উদ্যান। কুঞ্জ। উপবন।

بستان افروز (বুস্‌তান আফ্‌রোয) ফাঃ বিঃ ; বাগানের শোভা বর্ধক। উদ্যান শোভা। শ্রী বর্ধক।

بستان پیرا (বুস্‌তান পয়রা) ফাঃ বিঃ ; উদ্যানকর্মী। মালী।

بستان سرا (বুস্‌তান সরা) ফাঃ নাঃ পুং ; উদ্যানভূমি। নার্সারী। চারাকেন্দ্র।

بستانی (বস্তর) হিঃ নাঃ পুং ; পোষাক। পরিচ্ছদ। ভদ্র। অভিজাত পোষাক।

بستر (বিস্তর) ফাঃ নাঃ পুং ; শয্যা। বিছানা। ফরশ।

بستر بچھانا (বিস্‌তার বিছানা) উঃ ক্রিঃ ; বিছানা পাতা। অবস্থান করা।

بسترا (বিস্তারা) উঃ নাঃ পুং ; বিছানাপত্র। লেপ তোষক। জাজিম। গদি।

بستگی (বস্‌তগী) ফাঃ নাঃ স্ত্রীং ; নির্লিপ্ততা। উদাসীনতা। অনাসক্তি। আনমনা।

بستم بسته (বাস্‌তাম বাস্‌তাহ্) উঃ নাঃ স্ত্রীং ; কথা বলার ব্যাপারে নিষেধাজ্ঞা আরোপ।

بستنی (বস্‌তনী) ফাঃ নাঃ স্ত্রীং ; গেলাফ। ওসার। আবরণ।

بسته (বস্‌তহ) ফাঃ বিঃ ; বন্ধনকৃত। বাধাপ্রাপ্ত। একত্রিত।

بسته (বস্‌তাহ) ফাঃ নাঃ পুং ; গেলাফ। জুযদান। বাক্স।

بستی (বস্‌তী) উঃ নাঃ স্ত্রীং ; গ্রাম। বস্তী। জনপদ। লোকালয়। তল্লাট।

بسد (বুস্‌সুদ) ফাঃ নাঃ পুং ; পলা। বিদ্রুপ। অঙ্কুর। প্রবাল।

بسر (বাসার্) ফাঃ নাঃ পুং ; যাপন। অতিবাহন। ক্ষেপণ। কাটান।

بستر (বস্‌তর) হিঃ নাঃ পুং ; বস্ত্র। কাপড়। পোষাক।

بسرانا (বসর্ আ-না) উঃ ক্রিঃ ; সফল হওয়া। বিজয় লাভ করা।

بسراوقات (বসর আওকাত্) নাঃ পুং ; সময় কাটানো। অবসর যাপন করা।

بسر (বিসর)হিঃ নাঃ পুং ; ভুল। ভ্রান্তি। ভ্রম। বিস্মৃতি। বেঠিক।

بسرا (বিস্‌রা) হিঃ বিঃ ; বিস্মৃত।

بسرام (বিস্‌রাম্) হিঃ নাঃ পুং ; আরাম। বিশ্রাম। শান্তি। অপনোদন। বিরাম। নিবৃত্তি।ক্ষান্তি। শান্তি।

بسرانا (বিস্‌রানা) হিঃ মূঃ ; বিস্মৃত করা।

ভুলানো।

بسرانا (বসরআনা) ফাঃ মূঃ ; পরিসমাপ্ত হওয়া। কৃতকার্য হওয়া।

بسرکرنا (বসর করনা) মূঃ ; শেষ করা। অতিবাহিত করা।

بسط (বসত্) আঃ নাঃ পুং ; প্রশস্ততা। বিস্তৃতি। চওড়া। ব্যাপ্তি। বিশ্লেষণ।

بسکٹ (বিসকিট–Biscuit) ইং নাঃ পুং ; বিস্কুট।

بس کھپڑا (বিস্ খপ্ড়া) হিঃ নাঃ পুং ; একপ্রকার থঙষধি উদ্ভিদ। টিকটিকি জাতীয় একপ্রকার বিষাক্ত প্রাণী।

بسم الله (বিস্‌মিল্লাহ্) আঃ ; (بسم الله الرحمٰن الرحیم-এর সংক্ষিপ্তি) আল্লাহর নামে আরম্ভ করছি।

بسم الله کرنا (বিস্‌মিল্লাহ কর্না) আরম্ভ করা। কার্যারম্ভ করা।

بسمل (বিস্‌মিল্) ফাঃ বিঃ ; ঘায়েল। আহত। উৎসর্গকৃত। আল্লাহর নামে জবাই। তাসমিয়াহ। সংক্ষিপ্তি।

بسمل کرنا (বিসমিল করনা) উঃ ক্রিঃ ; জবাই করা। উৎসর্গ করা।

بسنا (বাস্‌না) হিঃ মূঃ ; বাস করা। থাকা। বসবাস স্থাপন করা।

بسنا (বুস্‌না) হিঃ মূঃ ; পঁচে যাওয়া। দুর্গন্ধযুক্ত হওয়া।

بسنت (বসন্ত) হিঃ নাঃ পুং এবং স্ত্রীং ; বসন্তকাল। হোলি উৎসব।

بسنت پنجمی (বসন্ত্ পঞ্চমী) হিঃ নাঃ স্ত্রীং ; হিন্দুদের ধর্মীয় উৎসব বিশেষ। জয়ন্তী। পঞ্চমী।

بسنتی (বসন্তী) হিঃ নাঃ স্ত্রীং ; বাসন্তী। হলুদ।

بسنتی (বসন্তী) হিঃ নাঃ স্ত্রীং ; বাসন্তীরঙ। হিন্দু বিশ্বাসমতে, বসন্ত রোগের দেবী।

بسنتی پوش (বসন্তী পোশ) হিঃ বিঃ ; হলুদ পোষাকধারী।

بسنی (বসনী) হিঃ নাঃ স্ত্রীং ; থলে। থলি।

بسنی (বসনী) হিঃ বিঃ ; ভবঘুরে পুরুষ বা নারী।

بسوا (বিস্‌ওয়া) হিঃ নাঃ পুং ; একবিঘার বিশতম অংশ। জমির পরিমাপ। কাঠা।

بسوادار (বিস্‌ওয়াদার) হিঃ নাঃ পুং ; শস্য ভূমির স্বত্বাধিকারী।

بسوار (বিস্‌ওয়ার) হিঃ নাঃ পুং ; গুড়ো মসল্লা।

بسواری (বিস্‌ওয়ারী) হিঃ নাঃ পুং ; বাঁশ বাগান। বাঁশঝাড়।

بسواس (বিস্‌ওয়াস্) হিঃ নাঃ পুং ; বিশ্বাস। নির্ভর। প্রত্যয়। ভরসা।

بسوانسی (বিসওয়াঁসী) হিঃ নাঃ পুং ; বিংশতিতম। ২০তম।

بسورنا (বিসোরনা) হিঃ মূঃ ; নিরবে অশ্রুপাত। কাঁদার ভান করা।

بسولا (বাসোলা) হিঃ নাঃ পুং ; কুঠার। কুড়াল। করাত।

بسولی (বাসোলী) হিঃ নাঃ স্ত্রীং ; ইট তৈরীর যন্ত্রপাতি। ছুতারের কুঠার।

بسها (বিস্‌হা) হিঃ বিঃ ; বিষযুক্ত।

بسها (বিস্‌হা) হিঃ নাঃ স্ত্রীং ; বিষাক্ত প্রাণী। এক জাতীয় হিংস্র কুকুর।

بسهری (বিসহ্‌রী) হিঃ নাঃ স্ত্রীং ; হাতে পরা এক জাতীয় বিষাক্ত পাত বিশেষ।

بسے (বসে) ফাঃ বিঃ ; অধিক। অধিক হারে।

بسیار (বেসয়ার) ফাঃ বিঃ ; অত্যধিক। সীমাহীন।

بسیارگو (বেসয়ারগো) ফাঃ বিঃ ; অতিমাত্রায় কথা বলে এমন। বাচাল।

بسیت (বসীত্) হিঃ নাঃ পুং ; গ্রামের চৌধুরী। অগ্রণী।

بسیٹه (সেট) হিঃ নাঃ পুং ; দূত। প্রতিনিধি। সালিশ। তৃতীয় ব্যক্তি। কুটিল। চোগলখোর।

بسیرا (বসেরা) হিঃ নাঃ পুং ; রাত্রি যাপন, রাত্রি যাপনের স্থান।

بسیرا بولنا (বসেরা বোল্না) হিঃ ; সান্ধ্য পাখীর ডাক।

بسیرے کاوقت (বসেরেকা ওয়াক্ত) হিঃ নাঃ পুং ; সন্ধ্যাকাল।

بسیط (বসীত্) আঃ বিঃ ; প্রশস্ত, ব্যাপ্ত। প্রসারিত।

بسیکھ (বসীখ্) হিঃ নাঃ পুং ; স্বভাব। চরিত্র। অভ্যাস। স্বাতন্ত্র্য। বৈশিষ্ট্য।

بسیلا (বসেলা) হিঃ বিঃ ; বিষাক্ত। গরলযুক্ত। হলাহল মিশ্রিত।

بسیندھا (বসেন্ধা) হিঃ বিঃ ; পঁচা। দুর্গন্ধযুক্ত।

ب – ش

بشارت (বাশারত) আঃ নাঃ স্ত্রীং ; সুসংবাদ। আনন্দদায়ক খবর। স্বর্গীয় প্রেরণা।

بشاش (বাশ্শাশ) আঃ বিঃ ; আনন্দিত। উৎফুল্ল, উল্লসিত। পুলকিত। পরিতৃপ্ত। আহ্লাদিত। স্বতঃস্ফূর্ত।

بشاشت (বাশাশত) আঃ নাঃ স্ত্রীং ; সুখ, আনন্দ, তৃপ্তি। প্রফুল্লতা। হাসি। খুশি। ভদ্রতা।

بشپ (বিশপ-Bishop) ইং নাঃ পুং ; খ্রীস্টান পুরোহিত বা ধর্মপ্রচারক। পাদ্রী। পোপ।

بشر (বাশার) আঃ নাঃ পুং ; মানুষ। ব্যক্তি। মনুষ্য জাতি।

بشر طیکہ (বশরতেকে) ফাঃ বিণ ; এ শর্তে, যদি এরূপ হয় তবে।

بشرہ (বশ্রাহ) আঃ নাঃ পুং ; চেহারা। মুখ। আকৃতি। ললাট।

بشری (বাশারী) আঃ বিঃ ; মনুষ্য সংক্রান্ত। মানবীয়। মানবিক।

بشریت (বাশারিয়্যত্) আঃ নাঃ স্ত্রীং ; মনুষ্যত্ব। মানবতা। মানবোচিত গুণ। দয়া। প্রেম। ধর্ম। মানবিকতা।

بشقار (বুশকার) তুঃ নাঃ স্ত্রীং ; বড় ডিস। বাসন। গামলা।

بشکل (ব'শিকল) ফাঃ বিঃ ; আকার আকৃতিতে। অনুমান থেকে।

بشن (বিশন্) হিঃ নাঃ পুং ; বিষ্ণু। ভগবান।

بشن پد (বিশনপদ) হিঃ নাঃ পুং; স্তুতিমালা। বিষ্ণুর উদ্দেশ্যে রচিত প্রশংসামালা। একপ্রকার হিন্দী সংগীত।

بشنوی (বিশ্নবী') হিঃ নাঃ পুং ; বিষ্ণুর অনুসারী। লম্পট।

بشری (বুশরা) আঃ বিঃ ; সুসংবাদ।

بشیر (বশীর) আঃ নাঃ পুং এবং বিঃ ; সুসংবাদদাতা। পুণ্যের উপদেশ দানকারী। রাসূল (সঃ)-এর উপাধি।

ب – ص

بصارت (বাসারাত) আঃ নাঃ স্ত্রীং ; দৃষ্টিশক্তি। জ্ঞান। বুদ্ধি। যুক্তি।

بصائر (বসায়ির) আঃ নাঃ স্ত্রীং ; (بصیرت -এর ব-ব) জ্ঞান, দৃষ্টিশক্তি।

بصد (বাসদ্) আঃ বিঃ ; অধিক দিব্যদৃষ্টি। ভাব প্রকাশক শব্দ বিশেষ।

بصر (বাসর) আঃ নাঃ পুং ; দৃষ্টি। চোখ। জ্ঞান। বুদ্ধি।

بصل (বাসল্) আঃ নাঃ পুং ; পেঁয়াজ।

بصیر (বসীর) আঃ বিঃ ; চক্ষুষ্মান। দৃষ্টিমান। জ্ঞানী। আল্লাহর গুণ বাচক নাম।

بصیرت (বসীরত) আঃ নাঃ স্ত্রীং ; অন্তর্দৃষ্টি। মনোচক্ষু। ধীশক্তি। জ্ঞান। মেধা।

بصرہ (বাসরহ) আঃ নাঃ পুং ; ইরাকের অন্তর্গত একটি শহর। বসরা।

ب – ض

بضاعت (বযাআ'ত) আঃ নাঃ স্ত্রীং ; ধন, প্রাচুর্য। মূলধন। সম্ভার। সামগ্রী।

بضد (বযিদ্) ফাঃ বিঃ ; একগুঁয়ে।

بضعه (বুয্‌'আহ) আঃ নাঃ স্ত্রীং ; গোশতের টুকরা। নারীর যৌনাঙ্গ।

ب - ط

بط (বত্‌) আঃ নাঃ স্ত্রীং ; হাঁস।

بط باده (বত্‌বাদাহ) ফাঃ নাঃ পুং ; মদ্‌ শরাব।

بطِ مے (বত্‌-ই-ময়) ফাঃ নাঃ পুং; শরাবের মটকা।

بطال (বাত্তাল্‌) আঃ নাঃ পুং ; ছোট লোক। নীচুলোক। প্রতারক। ফটকাবাজ। ইতর।

بطالت (বাতালত্‌) আঃ নাঃ স্ত্রীং ; নীচতা। হীনতা। অধর্ম। হীনমন্যতা।

بطانه (বিতানাহ্‌) আঃ নাঃ পুং ; শিরস্ত্রাণের নীচস্থ বস্ত্র, টুপি।

بطحا (বাত্‌হা) আঃ নাঃ পুং ; শাব্দিকার্থে, প্রশস্ত খোলা ময়দান। মক্কা শরীফ।

بطخ (বাতখ্‌) উঃ নাঃ স্ত্রীং ; গৃহপালিত হাঁস।

بطخا (বাতখা) উঃ নাঃ পুং ; হাঁসা। নর হাঁস।

بطخی (বতখী) উঃ নাঃ স্ত্রীং ; হাঁসী। পাতিহাস। বারুদের খোসা।

بطریق (বিত্‌রীক্‌) আঃ নাঃ পুং ; খ্রিস্টান পুরোহিতদের প্রধান। অগ্নি পূজকদের অগ্রপথিক। পোপ জন পল।

بطك (বতক্‌) ফাঃ নাঃ স্ত্রীং ; পাতিহাঁস। মদের ছোট বোতল।

بطل (বাতল) আঃ নাঃ পুং ; বীর, বাহাদুর। খ্যাতনামা। বিজেতা।

بطلان (বুত্‌লান্‌) আঃ নাঃ পুং ; মিথ্যা। অসত্য। বাতিল। অগ্রাহ্য।

بطور (বাতুর) ফাঃ বিণ ; এভাবে, এরকমে। بطور خود (– ইখোদ) নিজের মতে।

بطن (বতন) আঃ নাঃ পুং ; পেট। উদর। কোন বস্তুর অভ্যন্তরীণ অংশ।

بطن بطونه (বতন বতোনা) আঃ নাঃ স্ত্রীং ; অতিশয় গভীর।

بطنا بعد بطن (বত্‌নান বা'দা বতনিন্‌) আঃ ; বংশ পরম্পরায়। বংশানুক্রমে। বংশীয়।

بطنی (বতনী) আঃ বিঃ ; গর্ভজাত।

بطون (বুতোন) আঃ নাঃ পুং ; রহস্য। গুপ্ত বাসনা। ইচ্ছা।

بطی (বাতী) আঃ বিঃ ; আলসে। মন্থর গতি সম্পন্ন। শম্বুক গতির।

بطی الحرکت (বাতীয়ুল হরকত) আঃ বিঃ ; ধীর, অলস।

بطیخ (বিত্‌তীখ) আঃ নাঃ পুং ; তরমুজ।

بطین (বতীন্‌) আঃ ফাঃ বিঃ ; পেটুক। লোভী।

ب - ع

بعث (বাআ'ছ) আঃ নাঃ পুং ; প্রেরণ। দূতপ্রেরণ। জাগরণ। পুনরুত্থান। পুনরুত্থান দিবস।

بعث ونشر (বাঅ'স্‌ ও নশর) আঃ নাঃ পুং ; পুনরুত্থান দিবস। রোজ কিয়ামত।

بعثت (বি'সাত্‌) আঃ নাঃ স্ত্রীং ; প্রেরণ। দূতপ্রেরণ। নবুওয়ত বা রিসালতের কাল।

بعد (বা'দ) আঃ বিঃ ; পরবর্তীতে। শেষে। পরে।

بعد ازاں (বাদ অযাঁ) ফাঃ বিঃ ; অতঃপর।

بعد (বু'দ) আঃ নাঃ পুং ; দুরত্ব। ব্যবধান। পার্থক্য। তারতম্য।

بعد المشرقین (বু'দুল মাশরিকাইন) আঃ বিঃ ; প্রাচ্য ও প্রতীচ্যের ব্যবধান। অতিশয় দূর।

بعده (বা'দাহু) আঃ ক্রিঃ বিঃ ; অতঃপর

بعض (বা'য) আঃ বিঃ ; কতক। কিছুমাত্র। কতিপয়।

بعض اوقات (বা'য্‌ আওকাত) ফাঃ নাঃ পুং ; কখনো কখনো। মাঝেমধ্যে। সময় বিশেষ। কালেভদ্রে।

بعل (বা'ল) আঃ নাঃ পুং ; আরব

পৌত্তলিকদের দেবতা বিশেষ। পতি। স্বামী। মালিক। অধিপতি।
بعید (বাঈদ) আঃ বিঃ ; দূর। অন্তর। ব্যবধান। অনিষ্ট।
بعید از وهم (বাঈদ আয্ ওহম) আঃ ফাঃ বিঃ ; ধারণার অতীত। ধারণাতীত।
بعید العقل (বাঈদুল আক্বল) আঃ বিঃ ; ইন্দ্রিয়াতীত। অবিশ্বাস্য। অযৌক্তিক।
بعید القیاس (বাঈদুল কিয়াস) আঃ বিঃ ; অচিন্তনীয়। যুক্তিহৃত।
بعیر (বাঈর) আঃ নাঃ পুং ; উট।
بعینه (বিআ'ইনিহী) আঃ বিঃ ; সঠিকভাবে। যথার্থরূপে। অবিকল সেইভাবে। হুবহু।

ب – غ

بغاره (বুগারাহ) ফাঃ নাঃ পুং ; ফাটল। বিদীর্ণস্থান, গভীর ক্ষত।
بغال (বিগাল) আঃ নাঃ পুং ; খচ্চর। অশ্বতর।
بغاوت (বাগাওয়াত) আঃ নাঃ স্ত্রীং ; অবাধ্যতা। ঔদ্ধত্য। বিদ্রোহ। বিরোধিতা।
بغبغا (বগ্বগা) আঃ নাঃ পুং ; থুতনির নিম্নভাগে ঝুলন্ত গোশ্তপিন্ড।
بغبغانا (বগ্বগানা) উঃ মূঃ ; উন্মত্ত হওয়া। কামাসক্ত হওয়া। দর্প করা।
بغچه (বগ্চহ) তুঃ নাঃ পুং ; বাক্স। পেটিকা। পেটরা। ঝাঁপি, তোরঙ্গ। গাঁটুরি। পুটলি।
بغچی (বাগচী) উঃ নাঃ স্ত্রীং ; ছোট গাঁটুরি। বোঁচকা। পুঁটলি।
بغدا (বাগদা) ফাঃ নাঃ পুং ; কসাইদের ব্যবহৃত ছুরি।
بغدی (বাগ্দী) আঃ নাঃ পুং ; উৎকৃষ্ট জাতের উট।
بغداد (বাগদাদ) আঃ নাঃ পুং ; ইরাকের রাজধানী শহর। বাগদাদ।
بغرا (বুগরা) ফাঃ নাঃ পুং ; কামাসক্ত উটের মুখের ফেনা বা বুদবুদ।
بغض (বুগ্য্) আঃ নাঃ পুং ; হিংসা। বিদ্বেষ। ঘৃণা। শক্রতা। ঈর্ষা।
بغض للهی (বুগয লিল্লাহী) আঃ নাঃ পুং ; আল্লাহকে রাজী করার উদ্দেশ্যে যে শক্রতা পোষণ করা হয়। অসত্যের প্রতি ঘৃণা।
بغضنی (বুগ্যনী) ফাঃ বিঃ ; বিদ্বেষ পোষণকারী। হিংসুক।
بغل (বগল) ফাঃ নাঃ স্ত্রীং ; কাঁধের নিম্নাংশ। বগল। বাহুমূলের নিম্নদেশ,পার্শ্ব। বক্ষ। সামীপ্য। আলিঙ্গন।
بغل بلائی (বগল বিলায়ী) ফাঃ নাঃ স্ত্রীং ; বাহুমূলের নিম্নাংশে উদগত ফোঁড়া।
بغل بجانا (বগল বাজানা) উঃ ক্রিঃ ; আনন্দ প্রকাশার্থে বগলে করতল চেপে শব্দ করা। বগল বাজানো। উল্লাস ধ্বনি করা।
بغل پرورده (বগল পরওয়ারদাহ) ফাঃ বিঃ ; সযত্নে প্রতিপালিত। আদরণীয়।
بغل کا پهوڑا (বগল কা ফোড়া) ফাঃ নাঃ পুং ; বগলের ফোঁড়া। অনিষ্টকারী। কষ্টদায়ক।
بغل کا دشمن (বগলকা দুশমন) ফাঃ নাঃ পুং ; বন্ধুবেশী শক্র। অসৎ বন্ধু। প্রিয়শক্র।
بغل گند (বগল্ গন্ধ) ফাঃ নাঃ পুং ; বগলের গন্ধ। এক ধরনের অসুখ।
بغل گیر هونا (বগল্গীর্ হোনা) উঃ ক্রিঃ ; আলিঙ্গনাবদ্ধ হওয়া।
بغل گیری (বগল-গীরী) ফাঃ নাঃ স্ত্রীং ; আলিঙ্গনাবদ্ধতা। কোলাকুলি।
بغل میں منڈی ڈالنا (বগলমেঁ মন্ডী ডালনা) ফাঃ ক্রিঃ ; লজ্জিত হওয়া।
بغلیں لینا (বগ্লেঁ লেনা) বগলের চুল পরিষ্কার করা।
بغلول (বগ্লোল) উঃ বিঃ ; বক্রস্বভাব। আহাম্মক। নির্বোধ।

بغلی (বগলী) ফাঃ বিঃ ; পার্শ্ব সম্বন্ধীয়। নৈকট্য সংক্রান্ত।

بغلی (বগলী) ফাঃ নাঃ স্ত্রীং ; মুগুর সঞ্চালনের বিশেষ পদ্ধতি। সুইদানী। সন্ন্যাসীর থলিয়া। একপ্রকার কুস্তীর প্যাঁচ। বগলের উপাধান। বুগলী কবর।

بغلی گھونسا (বগলী ঘোঁসা) ফাঃ নাঃ পুং ; আস্তীনের সাপ। বন্ধুবেশী শত্রু। দরদী দুশমন। প্রিয়শত্রু।

بغلی چور (বগলী চোর) হিঃ নাঃ পুং ; অপ্রকাশ্য শত্রু। অনিষ্টকারী সহচর। গুপ্তশত্রু।

بغياء (বগয়া) উঃ নাঃ স্ত্রীং ; উপবন। ছোট উদ্যান।

بغير (বাগয়ের) আঃ ফাঃ বিঃ ; ব্যতীত। ব্যতিরেকে। ছাড়া। বিহনী।

ب – ف

بفا (বফা) ফাঃ নাঃ স্ত্রীং ; মরাসাস। খুস্‌কি।

بفراسٹیٹ (বফরস্টেট-Bufferstate) ইং নাঃ স্ত্রীং ; বিতর্কিত জমিদারী।

ب – ق

بقا (বাকা) আঃ নাঃ পুং ; স্থায়িত্ব। স্থিতিশীলতা। অমরত্ব। নিত্যতা। জীবন। অবস্থিতি।

بقائے اصلح (বাকা-য়ে-ইসলহ্) আঃ নাঃ স্ত্রীং ; শ্রেষ্ঠতমের অবস্থিতি। দুর্বল এবং হীনতমের উৎসাধন।

بقائے باهم (বাকায়ে-বাহম) ফাঃ নাঃ স্ত্রীং ; নিজেও বেঁচে থাকা এবং অন্যকেও বাঁচিয়ে রাখা। সহজীবন।

بقائے دوام (বাকা-য়ে-দাওয়াম্) আঃ নাঃ স্ত্রীং ; অবিনশ্বরত্ব। অমরজীবন বা কীর্তি।

بقائے نام کرنا (বাকা-য়ে-নাম্ করনা) উঃ ক্রিঃ ; বংশ অমর করা। খ্যাতি অক্ষুন্ন রাখা।

بقال (বাক্কাল) আঃ নাঃ পুং ; তরকারী বিক্রেতা। মুদী। শস্য ব্যবসায়ী।

بقايا (বাকায়া) আঃ নাঃ পুং ; অবশিষ্টাংশ। বাকী। উদ্বৃত্ত। বকেয়া।

بقايا تقادی (বাকায়া তাকাদী) আঃ নাঃ স্ত্রীং ; অনাদায়ী কৃষিঋণ।

بق بق (বক্ব বক্ব) উঃ নাঃ স্ত্রীং ; বকবক। বাচালতা। বিরক্তিকর কথাবার্তা।

بق بق جهك جهك (বক্‌বক ঝক্‌ঝক্) উঃ নাঃ স্ত্রীং ; বাচালতা। বিরক্তিকর কথাবার্তা।

بقچه (বক্‌চহ্) ফাঃ নাঃ পুং ; বাক্স। পেটিকা। মঞ্জুষা। বোঁচকা। গাঁটুরি।

بقچی (বাক্বচী) উঃ নাঃ স্ত্রীং ; কাপড়ের গাঁট। সামগ্রীর পেটিকা।

بقر (বাক্বর) আঃ নাঃ পুং- স্ত্রীং ; গাভী। বলদ।

بقر عيد (বক্বরঈদ) আঃ নাঃ পুং ; ঈদুল আজহা। কোরবানির ঈদ।

بقعه (বুক্বআ'হ্) আঃ নাঃ পুং ; ফকীর-দরবেশের আস্তানা। স্বতন্ত্র ভূমি। অংশ। স্থান। আলয়।

بقعة نور (বুক্‌আ'-য়ে-নূর) আঃ নাঃ পুং; জ্যোতির্ময় ভূমি। আলোকিত স্থান। পুণ্যভুমি।

بقل - بقله (বাক্বল-বক্বলহ) আঃ নাঃ পুং ; শাক-সব্জী। তরকারী।

بقلة الحمقاء (বাক্বলাতুল হুমকা) আঃ নাঃ পুং ; একপ্রকার শাক।

بقول (বাক্বওল) ফাঃ বিঃ ; কথামত। বর্ণনানুযায়ী। একসূত্রে।

بقولات (বক্বোলাত্) উঃ নাঃ পুং; শাকসমষ্টি। শাকগুলো।

بقيه (বাক্বিয়াহ) আঃ নাঃ পুং ; অবশিষ্টাংশ, উচ্ছিষ্ট। বাকী।

بقية السلف (বাক্বিয়্যাতুস সলফ্) আঃ বিঃ ; বৃদ্ধমনীষী। বর্ষীয়ান আলেম।

بقية السرف (বাক্বিয়্যাতুস সরফ্) আঃ বিঃ ; যুদ্ধফেরত সৈনিক।

ب – ل

بک (বক) হিঃ নাঃ স্ত্রীং ; বকবক। অনর্থক কথাবার্তা। প্রলাপ।

بک بک کرنا (বক্‌বক্ কর্‌না) হিঃ ক্রিঃ ; অনর্থক কথা বলা। বাচালতা। প্রলাপ বকা।

بک (বুক-Book) ইং নাঃ পুং ; পুস্তক। বই। গ্রন্থ। খাতা।

بک اسٹال (বুক স্টল–Book stall) নাঃ পুং ; অস্থায়ী পুস্তকের দোকান।

بک سیلر (বুক্ সেলার–Book Seller) ইং নাঃ পুং ; পুস্তক বিক্রেতা। লাইব্রেরীয়ান।

بکا (বুকা) আঃ নাঃ পুং ; বিলাপ। ক্রন্দন। মাতম।

بکا (বুকা) হিঃ নাঃ স্ত্রীং ; মুষ্টি। মুঠা। মুঠি।

بکار (বকার) হিঃ নাঃ পুং ; অনিষ্ট। ক্ষতি, দ্বন্দ্ব। অনৈক্য। রোগ। ব্যাধি। স্বাস্থ্যহীনতা।

بکارا (বাকারা) হিঃ নাঃ পুং ; পথ প্রদর্শক। সংবাদ বাহক। পত্র।

بکارت (বাকারত) আঃ নাঃ স্ত্রীং ; সতীত্ব। কুমারিত্ব।

بکان (বকান) হিঃ নাঃ পুং ; নিমবৃক্ষ সদৃশ। বৃক্ষ বিশেষ।

بکاول (বকাবল্) ফাঃ নাঃ পুং ; বাবুর্চী। পাঁচক।

بکاؤ (বিকাউ) হিঃ বিঃ ; বিক্রয়যোগ্য। বিক্রয় সংক্রান্ত।

بکبکا (বক্‌বকা) হিঃ বিঃ ; বিস্বাদ, অতৃপ্ত।

بکتر (বাক্‌তার) ফাঃ নাঃ পুং ; বর্ম। সাঁজোয়া।

بکتر بند (বাক্‌তার্ বন্দ) ফাঃ নাঃ পুং ; সাঁজোয়া বাহিনী।

بکٹ (বিকট) হিঃ বিঃ ; বিকট। ভীতিজনক। ভয়ানক। জটিল। দুরূহ।

بکٹٹ (বাকটেট) হিঃ বিঃ ; এলোপাতাড়ি হাঁকান। এবড়ো থেবড়ো।

بکٹ (বুকট্) হিঃ নাঃ পুং ; থাবা। শিকারী পশুর নখর। একগ্রাসের উপযুক্ত মুষ্টি। পাঞ্জা।

بکٹا (বুক্‌টা) হিঃ নাঃ পুং ; এক থাবায় যে পরিমাণ ধাবিত হয় এমন।

بکٹابھرنا (বুক্‌টা ভর্‌না) হিঃ ক্রিঃ ; থাবা বিস্তার। কালোগ্রাস। নখরাঘাত করা।

بک جانا (বিক্‌জানা) হিঃ মূঃ ; বিক্রি হওয়া। স্বাধিকার ত্যাগ করা।

بکرا (বিক্‌রা) আঃ নাঃ স্ত্রীং ; সতীত্ব। কুমারীত্ব। অহল্যা।

بکر توڑنا (বিক্‌র তোড়না) উঃ ক্রিঃ কুমারীত্ব হরন করা। কুমারী নারীর সহিত সহবাস করা।

بکرا (বক্‌রা) হিঃ নাঃ পুং ; ছাগল, খাসী। বকরা।

بکرم (বুক্রম–Buckum) ইং নাঃ স্ত্রীং ; বক্রম। জামা বা কোটের কলারের মোটা কাপড়।

بکری (বক্‌রী) হিঃ নাঃ স্ত্রীং ; ছাগী। বকরী। ছাগ-স্ত্রী। অসহায়। দরিদ্র।

بکری کی اولاد (বক্‌রীকী আওলাদ্) হিঃ নাঃ স্ত্রীং ; জারজসন্তান।

بکری (বিক্‌রী) হিঃ নাঃ স্ত্রীং ; বিক্রি। বিক্রয়লব্ধ।

بکری بٹا (বিক্‌রী বট্টা) হিঃ নাঃ পুং ; বিক্রয়লব্ধ অর্থ।

بکری کھاتہ (বিক্‌রী খাতা) হিঃ নাঃ পুং ; বিক্রির হিসাবপত্র। হিসাব বহি।

بکس (বক্‌স্) ইং নাঃ পুং ; বাক্স, পেটিকা। মঞ্জুষা।

بکسا (বক্‌সা) হি বিঃ ; তিক্ত। তিতা। বিস্বাদ। তেঁতো।

بکساھٹ (বক্‌সাহট) হিঃ নাঃ স্ত্রীং ; তিক্ততা।

بکسنا (বিকস্‌না) হিঃ মূঃ ; মুকুলিত হওয়া। বিকশিত হওয়া। ওষ্ঠাধর

বিকশিত করা। উৎফুল্ল হওয়া।
بکسوا (বক্‌সুওয়া) হিঃ নাঃ পুং ; বৃত্ত সংযুক্ত লৌহনির্মিত কাঁটা বিশেষ।
بکسیلا (বক্‌সেলা) হিঃ বিঃ ; তিক্ত।
بکل - بکلا (বকল-বক্‌লা) হিঃ নাঃ পুং ; বাকল। বাকলা। গাছের ছাল–চামড়া।
بکل اتارنا (বকল্ উতারনা) হিঃ ক্রিঃ ; বাকল পরিষ্কার করা। অতিশয় প্রহার করা।
بکلانا (বক্‌লানা) হিঃ মূঃ ; আজগুবি কথা বলা। অনর্থক বকবক করা।
بکلس (বক্‌লস) ইঃ নাঃ পুং ; পেটিকোট ইত্যাদির সহিত কাঁটার সংযোজনী। বক্‌লস।
بکم (বুক্‌ম) আঃ বিঃ ; মূক। বোবা।
بکنا (বাক্‌না) হিঃ মূঃ ; গল্প করা। অতিরিক্ত কথা বলা। বকাঝকা করা। ধমক দেওয়া। তিরস্কার করা।
بکنا (বিক্‌না) হিঃ মূঃ ; বিক্রি হওয়া। অনুগত হওয়া। দাসত্ব স্বীকার করা।
بکنی (বুক্‌নী) হিঃ নাঃ স্ত্রীং ; চূর্ণ। গুড়া।
بکنی (বুক্‌নী) হিঃ বিঃ ; চূর্ণিত। গুঁড়ো।
بکواس (বক্‌ওয়াস) হিঃ নাঃ পুং ; বাজে কথা। প্রলাপ।
بکواسی (বক্‌ওয়াসী) হিঃ নাঃ পুং ; প্রলাপী। বাচালতা।
بکوانا (বিক্‌ওয়ানা) হিঃ মূঃ ; বিক্রি করানো। বিক্রি দেওয়া।
بکوائی (বিক্‌ওয়ায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; বিক্রির পারিশ্রমিক।
بکوٹنا (বকোট্‌না) হিঃ মূঃ ; নখরাঘাত। করাল থাবা।
بکولا (বকোলা) হিঃ নাঃ পুং ; যে কম্বল বা বস্ত্রখণ্ড দ্বারা সন্ন্যাসী তার মাথা আচ্ছাদিত করে।
بکولی (বকোলী) হিঃ নাঃ স্ত্রীং ; শস্যখাতক কীট বিশেষ। পামরী পোকা।
بکہ (বাক্কাহ্) আঃ নাঃ পুং ; মক্কা নগরী।
بکہ (বিখ) হিঃ নাঃ পুং ; হলাহল, বিষ।
بکھار (বখার) হিঃ নাঃ পুং ; গুদাম। গোডাউন। ভাণ্ডার।
بکھاری (বখারী) হিঃ নাঃ স্ত্রীং ; দেখুন– بکھار (বখার)।
بکھان (বখান্) হিঃ নাঃ পুং ; ব্যাখ্যা। বিশ্লেষণ। বর্ণনা। প্রশংসা।
بکھان کرنا (বখান্ করনা) হিঃ ; বর্ণনা করা। রহস্যভেদ করা।
بکھاننا (বখান্‌না) হিঃ মূঃ ; বারংবার বর্ণনা করা। গোপনীয়তা ফাঁস করা। গালমন্দ করা।
بکھر (বক্ষর) হিঃ নাঃ পুং ; চিনির আবর্জনা। ঘর। গোচালা। তৈলাক্ত দানা।
بکھرا جانا (বিখ্‌রাজানা) হিঃ মূঃ ; বিক্ষিপ্ত হওয়া, ছড়িয়ে পড়া। আয়ত্তের বাইরে নির্গমন করা।
بکھرنا (বিখরনা) হিঃ মূঃ ; ছড়িয়ে যাওয়া। প্রক্ষিপ্ত হওয়া। এলোমেলো হয়ে যাওয়া। অব্যবস্থিত হওয়া।
بکھری (বিখরী) হিঃ নাঃ স্ত্রীং ; ঝুপড়ী। কুঁড়েঘর।
بکھل (বক্ষল) হিঃ নাঃ স্ত্রীং ; পরিধি। সীমা। ঘর।
بکھی (বক্ষী) হিঃ নাঃ স্ত্রীং ; বাহুর হাড়ের নিম্নস্থ গোশ্‌ত।
بکھیر (বখের) হিঃ নাঃ স্ত্রীং ; বিক্ষিপ্ত বস্তু।
بکھیرنا (বখেরনা) হিঃ মূঃ ; বিক্ষিপ্ত করা। এলোমেলো করা। ছড়িয়ে দেওয়া।
بکھیڑا (বখেড়া) হিঃ নাঃ পুং ; অশ্বস্তি। জঞ্জাল। ঝঞ্ঝাট। কলহ। বিবাদ। হট্টগোল। হাঙ্গামা। বিতর্ক। বচসা। আলোড়ন। সংশয়। জটিলতা।
بکھیڑ چکانا (বখেড়াচুকানা) হিঃ ক্রিঃ ; বিবাদ মীমাংসা করা। সমস্যা নিরসন করা।
بکھیڑا ڈالنا (বখেড়া ডালনা) হিঃ ক্রিঃ ;

ঝগড়া সৃষ্টি করা। অনিষ্টতার সূত্রপাত ঘটানো।

بکھیڑیا (বখেড়িয়া) হিঃ নাঃ স্ত্রীং ; ঝগড়াটে। ফ্যাসাদি। প্রতারক। প্রবঞ্চক।

بکی (বকী) হিঃ বিঃ ; প্রলাপী।

بکی (বুকী) হিঃ নাঃ স্ত্রীং ; বগলের তল দিয়ে স্কন্ধে স্থাপিত বস্ত্রবিশেষ।

بکی مارنا (বুকী মারনা) হিঃ ক্রিঃ ; বগলের তল থেকে স্কন্ধে স্থাপন করা।

بکیت (বকয়ত) হিঃ নাঃ পুং ; প্রণয়ী। প্রেমপত্র। লাভ লেটার।

بکیلو (বকেলো) হিঃ নাঃ পুং ; একপ্রকার তৃণজাতের মূল যদ্বারা রশি প্রস্তুত করা হয়।

ب - گ

بگ (বগ্) হিঃ নাঃ স্ত্রীং ; বল্গা। বাগডোর। লাগাম। রশি। ঘোড়ার মুখের দড়ি।

بگچھوٹ (বগ্ছোট) হিঃ নাঃ স্ত্রীং ; বাগছুটে যাওয়া। নিয়ন্ত্রণহীন হয়ে যাওয়া। অশ্বের ক্ষিপ্রগতিতে ধাবিত হওয়া।

بگا (বগ্গা) হিঃ বিঃ ; সাদাসিধে। সরল। নিষ্কলুষ। নির্বোধ।

بگارنا (বগারনা) হিঃ মূঃ ; বিস্তৃত করা। ছড়ানো। বিক্ষিপ্ত করা। প্রক্ষিপ্ত করা।

بگاڑ (বিগাড়) নাঃ পুং ; ক্ষতি। অপকার। অমঙ্গল। অনিষ্ট। বৈরিতা। কলহ। দ্বন্দ্ব। বিবাদ। অনৈক্য। ঔদ্বত্য। হানি।

بگاڑ ڈالنا (বিগাড় ডালনা) ক্রিঃ ; শক্রতা সৃষ্টি করা। উৎপীড়ন চালানো।

بگاڑنا (বিগাড়না) হিঃ মূঃ ; বিনষ্ট করা। অসন্তুষ্ট করা। বিকৃত করা। ধ্বংস করা। নির্মূল করা। বিপথগামী করা। বেঁকে যাওয়া। বিগড়ানো। অচল হওয়া বা করা। অপব্যায় করা।

بگاڑو (বিগাড়ো) হিঃ বিঃ ; অপব্যয়ী। হিংসুক। নাশ বা বিকৃতকারী।

بگانا (বিগানা) উঃ বিঃ ; অপরিচিত। বিদেশী। ভিনদেশী। পর্যটক। আগন্তুক।

بگانی (বিগানী) উঃ বিঃ ; অপরিচিত। বিদেশিনী।

بگوبلی (বিগ্বেলী) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার ক্ষুদ্র পাহাড়ী পাখী।

بگڑ (বগড়) হিঃ নাঃ পুং ; চিল জাতীয় একপ্রকার প্রাণী।

بگڑا (বিগড়া) হিঃ নাঃ পুং ; বিধ্বস্ত। ধ্বংস প্রাপ্ত। পর্যুদস্ত। বিকৃত। অকেজো। অকর্মণ্য। ননীর পুতুল।

بگڑا وقت (বিগ্ড়া ওয়াক্ত) হিঃ নাঃ পুং ; ক্রান্তিকাল। বিপদ।

بگڑا ھوا (বিগ্ড়া হুয়া) হিঃ বিঃ ; বিকৃত। অসন্তুষ্ট। দুঃখিত। বিরক্ত। ভবঘুরে। আওয়ারা।

بگڑ بیٹھنا (বিগড়ু বয়ঠনা) হিঃ বিঃ মূঃ ; বিরক্ত হওয়া। অসন্তুষ্ট হওয়া। বিদ্রোহ করা। কলহের জন্য তৈরী হওয়া।

بگڑنا (বিগড়না) হিঃ মূঃ ; বিনষ্ট হওয়া। ধ্বংস হওয়া। বিদ্রোহী হওয়া। ক্ষতিগ্রস্ত হওয়া। বিগড়ে যাওয়া। নিঃস্ব হওয়া। বিবাদ হওয়া। অনৈক্য সৃষ্টি হওয়া। বিকৃত হওয়া।

بگڑی (বিগড়ী) হিঃ স্ত্রীঃ বিঃ ; বিপর্যস্ত। বিপন্ন। বিকৃত। বিরক্ত। ভবঘুরে।

بگڑی بات بنانا (বিগড়ী বাত্ বানানা) হিঃ ক্রিঃ ; ভুল সংশোধন করা।

بگڑی بنی (বিগ্ড়ী বনী) হিঃ বিঃ বিঃ ; ভাল-মন্দ। ন্যায়-অন্যায়।

بگڑی زبان (বিগ্ড়ী যুবান্) হিঃ নাঃ স্ত্রীং ; রুক্ষভাষী। তিক্তভাষী।

بگل (বিগল) ইং নাঃ পুং ; তাঁতের মাকু। তুরি। রণভেরী। শিঙ্গা।

بگلا (বগ্লা) হিঃ নাঃ পুং ; একপ্রকার শুভ্র জলজ প্রাণী। বিঃ ; সাদা ধবধবে।

بگلا بھگت (বিগলা ভাগাত্) হিঃ বিঃ ; সাধুবেশী শয়তান।

بگلے کا پر (বগলেকা পর) হিঃ বিঃ ;

অতিশয় সাদা।

بگولا (বাগোলা) হিঃ নাঃ পুং ; ঘূর্ণিবায়ু। ঝড়ো হাওয়া।

بگھار (বাঘার) হিঃ নাঃ পুং ; যে উষ্ণ তেল বা ঘিয়ে পেঁয়াজ-রসুন ইত্যাদি দাগানো হয়। বাগার।

بگھارنا (বাঘারনা) হিঃ মূঃ ; বাগার দেওয়া। ভাজা। ভর্জিত করা। জুস বানানো।

بگ ھنس (বগহংস) হিঃ নাঃ পুং ; ঈষৎ কালো-সাদাভ হাঁস।

بگھی (বঘঘী) হিঃ নাঃ স্ত্রীং ; বগী। ছাদযুক্ত ঘোড়ার গাড়ী। একপ্রকার মাছি। গোত্র। শক্‌ট।

بگھیل (বঘেল) হিঃ নাঃ পুং ; রাজপুতদের একটি গোত্রের নাম। শার্দুলছানা। ব্যাঘ্র-শাবক।

بگیری (বগীরী) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার ক্ষুদ্রকায় পাখী বিশেষ।

بگیلنا (বগীল্‌না) হিঃ মূঃ ; তাড়ানো। ধাক্কা দেওয়া। ঠেলামারা। নিক্ষেপ করা।

بگینی (বগেনী) হিঃ নাঃ স্ত্রীং ; দুগ্ধ হ্রাস প্রাপ্ত গাভী বা উট।

ب - ل

بل (বল্) সং নাঃ পুং ; দৈহিক শক্তি। ক্ষমতা। জোর। সহায়। জোর। বল।

بل (বল) হিঃ নাঃ পুং ; কুঞ্চন। কোঁকড়া। প্যাঁচ। পাক। মোচড়। তেরছা। বক্রতা। দিক। ব্যবধান। অহংকার। উৎসর্গ। হিংসা। বিদ্বেষ। মনস্তাপ।

بل دار (বলদার) হিঃ নাঃ পুং ; প্যাঁচ যুক্ত। বাঁকা। তেরছা। সর্পিল। বক্র।

بل دان (বলদান) হিঃ ফাঃ বিঃ ; বলিদান। উৎসর্গকরণ।

بل دینا (বলদেনা) হিঃ ক্রিঃ ; পাক দেওয়া। বটা। মোচড়ানো। উৎসর্গ করা।

بل کی بات (বল্‌কী বাত) হিঃ নাঃ স্ত্রীং ; চাতুর্য। ধূর্ততা। দুর্বোধ্য বিষয়।

بلوان (বল্‌বা'ন) হিঃ বিঃ ; বলবান। শক্তিশালী। ক্ষমতাবান। বাহাদুর।

بل (বিল) হিঃ নাঃ পুং ; ছিদ্র। সাপ। ইঁদুর ইত্যাদির গর্ত। গুহা।

بل ڈھونڈنا (বিল্‌ঢোন্ডনা) হিঃ ক্রিঃ ; আত্মগোপন করা। আত্মগোপনের স্থান।

بل (বিল-Bill) ইং নাঃ পুং ; বিক্রেতা কর্তৃক ক্রেতাকে প্রদত্ত বিক্রিত পণ্যের পরিমাণ বা মূল্যের হিসাব সম্বলিত লিপি। মেমো। সংসদ বা আইন সভায় উপস্থাপিত আইনের খসড়া। বিল।

بل بنانا (বিল্ বানানা) ক্রিঃ ; হিসাবের ফর্দ তৈরী করা।

بلا (বালা) আঃ নাঃ পুঃ ; বিপদ। ব্যাঘাত। বিপত্তি। বাধা। দুঃখ-কষ্ট। সংকট। বেদনা।

بلا (বলা) আঃ বিঃ ; ভীতিকর। ভয়ানক। ত্রাসমূল। অতিশয়। সীমাহীন।

بلاجھیلنا (বলা ঝীলনা) উঃ ক্রিঃ ; দুঃখ সহ্য করা।

بلاچٹ (বলাচট্) বিঃ বিঃ ; বিপন্ন। উৎপীড়িত।

بلاخیز (বলাখেয) ফাঃ বিঃ ; বিপজ্জনক। ভয়ানক।

بلاکا (বলা-কা) উঃ নাঃ পুং ; শক্ত। চতুর। বিপদের পাখী বিশেষ।

بلاکا پتلا (বলাকা পুতলা) উঃ নাঃ পুং ; অতিশয় চতুর। অতিশয় ফুর্তিবাজ।

بلاکش (বলাকশ) উঃ ফাঃ বিণ ; বিপদ সহিষ্ণু। দুর্দশা পীড়িত।

بلاکی (বলাকী) বিঃ নাঃ ; অতিশয়। সীমাহীন।

بلا نصیب (বেলা নসীব) ফাঃ বিঃ হতভাগ্য। দুর্দশাগ্রস্ত।

بلانوس (বেলানোশ) ফাঃ নাঃ পুং ; মদ্যপায়ী। শরাবখোর। মদ্যপ।

بلائے آسمانی (বালায়ে আসমানী) ফাঃ নাঃ পুং ; প্রাকৃতিক দুর্যোগ। আল্লাহর গযব।

بلائے بے درماں (বালায়ে-বেদরমা) ফাঃ নাঃ পুং ; অপ্রতিরোধ্য মুসীবত।

بلا (বল্লা) হিঃ নাঃ পুং ; দন্ড। ডান্ডা। হকিস্টিক।

بلا (বিলা) হিঃ নাঃ পুং ; ছোটগর্ত। ক্ষুদ্রগুহা।

بلا (বিলা) উঃ অব্যঃ বিঃ ; বিহীন। ব্যতিরেকে। ব্যতীত। ছাড়া।

بلا اجازت (বিলা ইজাযত) ফাঃ আঃ বিঃ ; অনুমতি ব্যতিরেকে।

بلا ارادہ (বিলা ইরাদহ্) ফাঃ আঃ বিঃ ; অনিচ্ছাকৃতভাবে।

بلا اشتباہ (বিলা ইশ্‌তিবাহ্) ফাঃ আঃ বিঃ ; নিঃসংশয়ে।

بلا اکراہ (বিলা ইকরাহ) ফাঃ আঃ বিঃ স্বতঃস্ফূর্তভাবে।

بلا تردد (বিলা তারাদ্দুদ) ফাঃ আঃ বিঃ ; নিঃসংকোচে।

بلاتصرف (বিলা তাসাররুফ) আঃ ফাঃ বিঃ ; হস্তক্ষেপহীন।

بلا شرکت غیرے (বিলা শিরকতে -গয়রে) ফাঃ বিঃ ; অন্যের অংশ গ্রহণ ছাড়া।

بلاتصنع (বিলাতাসন্নু) আঃ ফাঃ বিঃ ; অকৃত্রিমভাবে।

بلاتکلف (বিলাতাকাল্লুফ) আঃ ফাঃ বিঃ ; লৌকিকতা ব্যতীত।

بلا توقف (বিলাতাবাক্কুফ) আঃ ফাঃ বিঃ ; অনতিবিলম্বে।

بلا حساب (বিলাহিসাব) ফাঃ বিঃ ; অসংখ্য। অগণিত। অধিক।

بلاریب (বিলারয়ব্) ফাঃ বিঃ ; নিঃসন্দেহে। নিশ্চিতভাবে।

بلاساں وگماں (বিলাসান ওগুমান) ফাঃ বিঃ ; অপ্রত্যাশিতভাবে। অকস্মাৎ।

بلاسبب (বিলাসবব্) ফাঃ বিঃ ; অকারণে। অনর্থক।

بلا سمجھے سوچے (বিলাসামঝে সোচে) বিঃ ; নির্বিঘ্নে। সাথে সাথে।

بلاشبہ (বিলাশুবাহ্) ফাঃ বিঃ ; নিঃসন্দেহে।

بلاشرط (বিলাশর্‌ত) ফাঃ বিঃ ; নিঃশর্তভাবে।

بلافصل (বিলাফসল) ফাঃ আঃ বিঃ ; নিরবচ্ছিন্নভাবে। অবিরামভাবে।

بلا میعاد (বিলা-মীআ'দ্) ফাঃ বিঃ ; অনির্দিষ্টভাবে।

بلاناغہ (বিলা-নাগহ্) ফাঃ বিঃ ; নিত্য নৈমিত্তিক। লাগাতার। নিয়মিত।

بلاواسطہ (বিলা-ওয়াসতহ্) ফাঃ বিঃ ; সরাসরি।

بلا وجہ (বিলা-ওয়াজ্‌াহ) ফাঃ বিঃ ; অকারণে। অন্যায়ভাবে। খামোখা।

بلا (বিল্লা) হিঃ নাঃ পুং ; বিড়াল।

بلا (বুল্লা) হিঃ নাঃ পুং ; বুদবুদ। জলবিম্ব। পানির ভুড়ভুড়ি।

بلابھیجنا (বুলাভেজ্‌না) হিঃ মূঃ ; ডেকে পাঠানো। তলব করা।

بلاٹنگ پیپر (ব্লটিং পেপার) ইং নাঃ পুং ; শোষক পত্র। শোষক।

بلاجانا (বিলাজানা) হিঃ মূঃ ; অদৃশ্য হওয়া। বিলীন হওয়া। গায়েব করা। লীন করা।

بلاخ (বলাখ্) প্রাঃ নাঃ পুং ; নাসা গহ্বর।

بلاد (বিলাদ্) আঃ নাঃ পুং ; নগর। শহর। জনপদ। দেশ।

بلادت (বালাদত) আঃ নাঃ স্ত্রীং ; মেধাহীনতা। বোকামি।

بلاس (বিলাস) হিঃ নাঃ পুং ; বিহার। প্রমোদ। সুখভোগ। বাবুগিরি। লীলায়িত হাবভাব বা ভঙ্গি, বিলাস।

بلاسنا (বিলাসনা) হিঃ মূঃ ; বিলাসিতা করা। সুখভোগ করা। বাবুগিরি করা। বিহার করা।

بلاغ (বালাগ) আঃ নাঃ পুং ; পৌঁছানো।

بلاغت (বালাগত) আঃ নাঃ স্ত্রীঃ ; ভাষার অলঙ্কার। বাগ্‌বৈদগ্ধ্য। বাগ্মিতা।

بلاق (বুলাক') তুঃ নাঃ পুং ; নাকের অলঙ্কার বিশেষ। চশমা। পানি পরিমাপের সূত্র।

بلاك (ব্লক) ইং নাঃ পুং ; ব্লক। যার মধ্যে রেখে কোন বস্তুর আকার দেওয়া হয়। ছাঁচ।

بلالانا (বুলালানা) হিঃ মূঃ ; ডেকে আনা। সঙ্গে করে নেওয়া। মানিয়ে নেয়া। রাজী করানো।

بلانا (বল্লানা) হিঃ মূঃ ; অস্থিরভাবে ছটফট করা। কান্নাকাটি করা।

بلانا (বুলানা) হিঃ মূঃ ; ডাকা। আহ্‌বান করা। সম্বোধন করা। আমন্ত্রণ করা।

بلاوا (বুলাওয়া) হিঃ নাঃ পুং ; আহবান। আমন্ত্রণ। ডাক। সম্বোধন। অভিলাষ। ইচ্ছা। বাসনা।

بلاول (বলাব'ল) হিঃ নাঃ স্ত্রীঃ ; সান্ধ্যকালীন সংগীত বিশেষ।

بلاؤ (বিলাউ) হিঃ নাঃ পুং ; বিড়াল।

بلاؤز (ব্লাউজ) ইং নাঃ পুং ; ব্লাউজ। কাঁচুলি।

بلائی کند (বিলায়ী কনদ্) হিঃ নাঃ পুং ; একটি ঔষধের নাম।

بلب (বাল্ব) ইং নাঃ পুং ; গোলাকৃতি লণ্ঠন। কাঁচের গোলাকৃতি বেলুন। বিজলী বাতি। বাল্ব।

بلبل (বুলবুল) ফাঃ নাঃ পুং-স্ত্রীং ; পাখী। গানের পাখী। বুলবুল।

بلبل چشم (বুল্‌বুল চশ্‌ম) ফাঃ নাঃ পুং ; বুলবুলের ন্যায় চক্ষুবিশিষ্ট। এক জাতীয় কীট বিশেষ।

بلبل بزار داستان (বল্‌বুলে-বাযার দাস্‌তান) ফাঃ বিঃ ; বাকবিদগ্ধ। মিষ্টভাষী।

بلبل شیراز (বুলবুলে-শীরায) ফাঃ বিঃ ; শেখ সাদীর উপাধি।

بلبلا (বুলবুলা) উঃ নাঃ পুং ; বুদবুদ। পানি বিম্ব। রূপকার্থে, অস্থায়ী বস্তু।

بلبلا اٹهنا (বিলবিলা উঠ্‌না) হিঃ মূঃ ; ব্যাকুল হওয়া। অস্থির হওয়া।

بلبلانا (বল্‌বলানা) হিঃ মূঃ ; উত্তোলিত হওয়া। উচ্ছ্বাসিত হওয়া। কামমত্ত হওয়া।

بلبلانا (বিল্‌বিলানা) হিঃ আঃ মূঃ ; ছটফট করা। আনচান করা। উদ্বিগ্ন হওয়া। চিল্লানো।

بل بل جانا (বল্‌বল্ জানা) হিঃ মূঃ ; উৎকৃষ্ট হওয়া। উৎসর্গিত হওয়া।

بلبلی (বুলবুলি) ফাঃ নাঃ স্ত্রীঃ ; বুলবুল বর্ণের শরাব। বিঃ ; বুলবুলের বর্ণের।

بلبوس (বলবোস) ফাঃ নাঃ স্ত্রীঃ ; বন্য পেয়াজ। একপ্রকার উদ্ভিদ যা চিকিৎসা শাস্ত্র মতে পেঁয়াজের চেয়েও উপকারী।

بل بهکوا (বল্‌ভক্‌ওয়া) হিঃ বিঃ ; বৃদ্ধ-তরুণ। যৌন ক্ষমতাধারী বৃদ্ধ।

بلتاڑ (বল্‌তাড়) হিঃ নাঃ পুং ; তালগাছ (নর)।

بلتوڑ (বল্‌তোড়) হিঃ নাঃ পুং ; লোমকূপে উদ্গত ব্রণ বিশেষ।

بلٹانا (বিলটানা) হিঃ মূঃ ; বিন্যাস করা। ব্যয় করা। ওলটপালট করা।

بلٹنا (বিলট্‌না) হিঃ মূঃ ; ব্যায়িত হওয়া। নষ্ট হওয়া।

بلٹی (বিল্‌টী) ইং নাঃ স্ত্রীঃ ; মালের ছাড়পত্র। রশিদ। মালপত্রের তালিকা।

بلچك (বল্‌চুক) হিঃ নাঃ স্ত্রীঃ ; আঘাত। তরবারীর হাতল।

بلخ (বলখ) আঃ নাঃ পুং ; এক বিখ্যাত নগরীর নাম।

بلد - بلده (বালাদ্-বালাদাহ) আঃ নাঃ পুং; শহর, নগর, বস্তী, জনপদ।

بلدیه (বালাদিয়াহ) আঃ নাঃ স্ত্রীঃ ; পৌর সংঘ বা সভা, নগর তত্ত্বাবধানের জন্য নাগরিকগণের প্রতিনিধি নিয়ে গঠিত সংঘ বিশেষ।

بلڈاگ (বুল্‌ডগ) ইং নাঃ পুং ; বৃহৎ

মাথাওয়ালা জঘন্য প্রকৃতির কুকুর। বিলেতি কুকুর।

بل رانڈ (বল্‌রানড) হিঃ নাঃ স্ত্রীং ; বাল্য বিধবা।

بلسان (বল্‌সান) আঃ নাঃ পুং ; মিশরে উৎপন্ন একপ্রকার গাছ, যার পাতা থেকে তৈল নিষ্কাষণ করা হয়।

بلسنا (বিলাসনা) হিঃ মূঃ ; সুখ ভোগ করা। বাবুগিরি করা। বিলাসিতা করা। ব্যবহার করা।

بلغا (বুলগা) আঃ নাঃ পুং ; বিদ্বান। জ্ঞানী। পণ্ডিত।

بلغم (বলগম) আঃ নাঃ পুং ; কফ। শ্লেষ্মা।

بلغمی (বল্‌গমী) আঃ বিঃ ; শ্লেষ্মা উৎপাদক।

بلقیس (বিলকী'স) আঃ নাঃ স্ত্রীং ; সাবা জাতির মহারাণীর নাম।

بلکانا (বিল্‌কানা) হিঃ মূঃ ; আহাজারি করা। উদ্বেলিত করা। অস্থির করা। ব্যাকুলিত করা।

بلکو (বিলকো) হিঃ বিঃ ; অস্থির হওয়া, কাঁদা।

بلکنا (বিলক্‌না) হিঃ নাঃ মূঃ ; উদ্বেলিত হওয়া। অস্থির হওয়া। ব্যাকুল হওয়া।

بلکه (বল্‌কেহ্‌) হিঃ ; বরং । ব্যতীত। পক্ষান্তরে।

بل کوندهن (বল্‌গোন্ধন) হিঃ নাঃ স্ত্রীং ; চুলবিন্যাস। খোঁপা বাঁধা।

بلا (বিলল্লা) হিঃ বিঃ ; অসার। অনর্থক। নিস্ফল। বোকা।

بللی (বিলল্লী) হিঃ বিঃ ; বোকামি। আহাম্মকী। প্রলাপ। প্রগলভতা।

بلم (বলম) হিঃ নাঃ পুং ; পতি। স্বামী। প্রেমিকা।

بلم (বল্লম) হিঃ নাঃ পুং; বল্লম। বর্শা। তীর। লাঠি। প্রিয়তম। স্বামী। পতি।

بلم بردار (বল্লম্‌ বর্‌দার) হিঃ বিঃ তীরধারী। তীর নিক্ষেপকারী।

بلمانا (বলমানা) হিঃ মূঃ ; বিবাহ দেওয়া। পতিনির্ধারণ করা। লক্ষ হিসেবে স্থির করা। প্রণয়ী নিযুক্ত করা।

بلمب (বিলম্ব) হিঃ নাঃ পুং ; দেরী। বিলম্ব। কালক্ষেপণ।

بلمبنا (বিলম্বনা) হিঃ মূঃ ; দেরী করা। কাল ক্ষেপণ করা।

بلمپت (বিলম্পত) হিঃ নাঃ স্ত্রীং ; সংগীতের লয় বিশেষ।

بلم ٹیر (বলম্‌টিয়র) হিঃ নাঃ পুং ; ভলান্টিয়ার। স্বেচ্ছাসেবক। স্বেচ্ছা কর্মী।

بلنا (বলনা) হিঃ নাঃ মূঃ ; পাক দেওয়া। মোচড় দেওয়া। জ্বলা। আগুন ধরানো। উদ্ভাসিত হওয়া। আলোকিত হওয়া।

بلند (বুলন্দ) ফাঃ বিঃ ; উচ্চ। উন্নত। মহৎ। শ্রীবৃদ্ধি সম্পন্ন। শ্রেষ্ঠ।

بلند آشیاں (বুলন্দ আশিঁয়া) ফাঃ বিঃ ; উঁচু স্থানে যে নিজের ঘর নির্মাণ করে এমন।

بلند اختر (বুলন্দ আখ্‌তার) ফাঃ বিঃ ; সৌভাগ্য।

بلند بالا (বুলন্দ বালা) ফাঃ বিঃ ; উঁচু। লম্বা।

بلند پایه (বুলন্‌দ পায়াহ) ফাঃ বিঃ ; উচ্চ মর্যাদা। উচ্চ সম্মান।

بلند نظر (বুলনদ নযর) ফাঃ বিঃ ; উন্নত দৃষ্টি। উন্নত ধারণা। মহান চিন্তা।

بلند آواز (বুলন্দ আওয়ায) ফাঃ নাঃ পুং ; উচ্চ নিণাদ। সুউচ্চ রব। জোরালো আওয়াজ।

بلندی (বুলন্‌দী) ফাঃ নাঃ স্ত্রীং ; মহত্ত্ব। উন্নতি। সমৃদ্ধি। বড়ত্ব। উদারতা।

بلندی‌ویستی (বুলনদীওপাস্‌তী) ফাঃ নাঃ স্ত্রীং ; আকাশ-পাতাল। উন্নতি। অবনতি। উত্থান-পতন।

بلنگنا (বিলংগনা) হিঃ মূঃ ; ধরা। দৌড়ানো। ছোট।

بلنگنی (বিলঙ্গনী) হিঃ নাঃ স্ত্রীং ; দোল। দোলক। দোলনা। কাপড়ের দড়ি।

بلنی (বিলনী) হিঃ নাঃ স্ত্রীং ; চোখ উঠা। বীরাঙ্গনা। নারী।

بلوا (বাল্ওয়া) হিঃ নাঃ পুং ; হাঙ্গামা। গন্ডগোল। বিশৃঙ্খলা। নৈরাজ্য। দাঙ্গা। মারামারি। উৎপাত। কলহ। বিবাদ। ফ্যাসাদ। বিপত্তি।

بلوائے عام (বালওয়া-য়ে-আ'ম) হিঃ নাঃ পুং ; ব্যাপক বিশৃঙ্খলা। গণহত্যা।

بلوائی (বিল্ওয়ায়ী) ফাঃ নাঃ স্ত্রীং ; দাঙ্গাবাজ। ফ্যাসাদ সৃষ্টিকারী। নৈরাজ্য সৃষ্টিকারী।

بلوان (বল্ওয়ান) হিঃ বিঃ ; বীর। নির্ভীক। দুর্দান্ত। সাহসী। শক্তিশালী।

بلوانا (বুলওয়ানা) হিঃ মূঃ ; বোলানো। বলানো। ডেকে পাঠানো।

بلوبک (বলোবুক) ইং নাঃ স্ত্রীং ; আইন সভার বিশেষ নথিপত্র।

بلوٹا (বিলওটা) হিঃ নাঃ পুং ; বিড়াল ছানা।

بلوچ (বেলোচ্) ফাঃ নাঃ পুং ; বেলুচিস্তানের অধিবাসী। একটি জাতি।

بلور (বিল্লওর) আঃ নাঃ পুং ; স্ফটিক। কাঁচ।

بلوری (বিল্লওরী) ফাঃ বিঃ ; স্ফটিক বা কাঁচের তৈরী।

بلوط (বলোত্) আঃ নাঃ পুং ; এক জাতীয় বৃক্ষ।

بلوغ (বুলুগ) আঃ নাঃ পুং ; তারুণ্য। যৌবন। পরিণত বয়স। বিবাহ যোগ্য।

بلونا (বিলওনা) হিঃ মূঃ ; মন্থন করা। দলিত করা। মথিত করা। ক্রমাগতভাবে আলোচিত করা।

بلوں (বিলোঁ) হিঃ ; অনুতাপ। অনুশোচনা। পরিতাপ। আফসোস। স্বল্পতা। দারিদ্র্য।

بلوں بلوں کرنا (বিলোঁ-বিলোঁ কর্না) হিঃ ক্রিঃ ; হায় হায় করা। অনুতাপ করা। বিপদে কেঁদে ফেলা।

بلونی (বিলোনী) আঃ নাঃ স্ত্রীং ; দুগ্ধ মন্থন করা হয় এমন পাত্র।

بلہار بلہاری (বল্হার-বল্হারী) হিঃ নাঃ পুং ; অর্ঘ। উৎসর্গ। বলিদান। পূজার উপকরণ।

بلہاری جانا (বল্হারী জানা) হিঃ ক্রিঃ ; উৎসর্গকৃত হওয়া।

بلہرا (বলহ্রা) হিঃ নাঃ পুং ; পানের কৌটা।

بلہری (বলহ্রী) হিঃ নাঃ স্ত্রীং ; দেখুন- بلہر (বলহ্রা)

بلی (বালা) হিঃ বিঃ ; শক্তিশালী। বলবান। ক্ষমতাবান।

بلی (বল্লী) হিঃ নাঃ স্ত্রীং ; লম্বা বাঁশ। বাঁশের খুটি। নৌকার দাঁড় বা ক্ষেপনী। ইমারতের ভিতে দাবান শক্ত গাছ বিশেষ।

بلی مارنا (বল্লীমারনা) হিঃ ক্রিঃ ; দাঁড় বাওয়া। নৌকা চালানো।

بلی (বিল্লী) হিঃ নাঃ স্ত্রীং ; বিড়াল। দরজার খিল বা অর্গল।

بلی (বালা) আঃ অব্যঃ ; সম্মতি বা স্বীকৃতিরভাব প্রকাশক শব্দবিশেষ। হ্যাঁ, হাঁ। কেন নয় ? তাই না তো কি ?

بلے (বালে) ফাঃ ক্রিঃ বিঃ ; হ্যাঁ, সত্য। যথার্থ।

بلیات (বালিয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; বিপদ সকল। দুরাবস্থাগুলো।

بلیاں لینا (বলিয়াঁলেনা) হিঃ সঃ মূঃ ; নিবেদিত হওয়া। উৎসজনিত হওয়া।

بلید (বালীদ) আঃ বিঃ ; মেধাহীন। বোকা। হাবা। স্বল্প জ্ঞান সম্পন্ন।

بلیڈ (বেলেড-Blade) ইং নাঃ পুং ; ব্লেড।

بلیغ (বলীগ) আঃ বিঃ ; বাগবিদগ্ধ। বাকপটু। বাগ্মী। প্রত্যুৎপন্নমতীত্বের অধিকারী।

بلیلہ (বলীলহ) ফাঃ নাঃ পুং ; একপ্রকার ঔষধ। বহেড়া।

بلیندا (বঁলেডা) হিঃ নাঃ পুং ; আড়া।

আড়কাঠ। কড়িকাঠ।

بلیہ (বালিয়াহ) আঃ নাঃ স্ত্রীং ; বিপদ। বিধুর। দুঃখ। ক্লেষ। কাতরতা। মুসীবত।

ب – م

بم (বম) ফাঃ নাঃ স্ত্রীং ; রাগ বা সংগীতের উচ্চ সুর। গান-বাদ্যের আওয়াজ।

بم (বম) হিঃ নাঃ স্ত্রীং ; প্রস্রবণ। স্রোত। হৈচৈ। নাকাড়া। জোয়াল। যুগন্ধর।

بم پھوٹنا (বম্‌ফোটনা) হিঃ ক্রিঃ ; কূপের তলদেশ থেকে সবেগে পানি উপচে ওঠা।

بم پولیس (বম্‌পোলীস) হিঃ নাঃ পুং ; গণপায়খানা। পাবলিক টয়লেট।

بم چخ (বম্ চখ্) হিঃ নাঃ পুং ; হৈ চৈ। গোলমাল।

بم (বম) ইং নাঃ পুং ; মারাত্মক বিস্ফোরক অস্ত্র বিশেষ, যা ছুঁড়ে নিক্ষেপ করতে হয়। বোমা। পটকা। ককটেল।

بم بار (বম্‌বার) ইং বিঃ ; বোমারু। যার থেকে বোমা নিক্ষেপ করা হয় এমন। বোমাবাজ।

بمباری (বম্‌বারী) বোমা নিক্ষেপন।

بم کاگولا (বম কা গোলা) হিঃ নাঃ পুং ; আকস্মিক দুর্ঘটনা।

بمان (বিমান) হিঃ নাঃ পুং ; বিমান। এরোপ্লেন। জঙ্গী বিমান। বোমারু বিমান।

بمبا (বম্‌বা) উঃ নাঃ পুং ; উৎস। উৎপত্তি। প্রস্রবণ। ঝরনা। নির্ঝর। ক্ষরণ। নহর। খাল। নালা।

بمبو (বমবো) হিঃ নাঃ পুং ; বাঁশ-বজরা বা নৌকার লগি। বৈঠা। চাণ্ডপানের নৈচা বা নল।

بمپر (বাম্পার-Bumper) ইং নাঃ পুং ; মোটর গাড়ির সংঘর্ষ রোধক। সম্মুখস্থ লৌহ বেষ্টনী বিশেষ।

بمنا (বমনা) হিঃ নাঃ পুং ; একরঙের কবুতর। পায়রা বিশেষ।

بمنی (বমনী) হিঃ নাঃ স্ত্রীং ; এক রঙের কবুতর। পায়রী বিশেষ।

بمنینا (বম্‌নেনা) হিঃ প্রাঃ নাঃ ; ব্রাহ্মণ তনয়।

ب – ن

بن (বন) হিঃ নাঃ পুং ; বন। অরণ্য। কানন। জঙ্গল। গহন। বিপিন।

بن باس (বনবাস) হিঃ নাঃ পুং ; অরণ্যে নির্বাসন। বাস। দেশান্তর। বনবাস।

بن باس کرنا (বনবাস্ কর্‌না) হিঃ ক্রিঃ ; নির্বাসিত করা। গৃহবন্দীতে বাধ্য করা।

بن باسی (বন্‌বাসী) হিঃ নাঃ পুং ; বনবাসী। যে অরন্যে বাস করে। নির্বাসিত।

بن بلاؤ (বনবিল্লাও) হিঃ নাঃ পুং ; অরণ্যচর, হিংস্র বিড়াল বিশেষ। বনবিড়াল।

بن پرستھ (বন্‌পরস্‌থ) হিঃ নাঃ পুং ; সাধু। সন্ন্যাসী। অরণ্যের অধিবাসী।

بن کھنڈ (বন্‌খনড) হিঃ নাঃ পুং ; বনভূমি। কানন। বিপিন।

بن مانس (বন্‌মান্‌স) হিঃ নাঃ পুঃ ; নরাকৃতি ও গনচর বানর বিশেষ। বনমানুষ।

بن (বন) হিঃ ক্রিঃ ; তৈরী হও।

بن بناکر (বন্‌বনা কর) হিঃ ; তৈরী হয়ে। সাজগোজ করে।

بن (বিন্) আঃ নাঃ পুং ; পুত্র। ছেলে। বেটা।

بن (বিন) হিঃ অব্যঃ ; ব্যতীত। ছাড়া। বাদে। বিহীন। বিনে।

بن داموں غلام (বিন্‌দামোঁ গোলাম) হিঃ বিঃ ; বিনা পয়সার গোলাম। অতিশয় অনুগত।

بن دامونکی لونڈی (বিন্‌দামোঁকী লোনডী) হিঃ নাঃ স্ত্রীং ; – বিঃ ; অতিশয় অনুগতা। পতিপরায়ণা রমণী।

بن (বুন) আঃ নাঃ পুং ; বীজ বিশেষ। এর দ্বারা চায়ের ন্যায় পানীয় তৈরী করা হয়। কফি।

بن (বন্) ফাঃ নাঃ স্ত্রীং ; জড় ।শিকড়। মূল। ভিত্তি। তলদেশ। সূচনা।

بنابنا هوا (বনাবনা হুয়া) হিঃ বিঃ ; তৈরীকৃত। প্রস্তুতকৃত। সমাপ্তকৃত। কৃত্রিম নালা। ভিত্তিহীন। কাল্পনিক।

بنابنایا (বনাবনায়া) হিঃ বিঃ ; তৈরী সম্পন্ন।

بناٹهنا (বনাঠনা) হিঃ নাঃ পুং ; সাজগোজ। দেহসজ্জা।

بنارهنا (বনারহ্না) হিঃ ক্রিঃ ; জীবিতও নিরাপদে থাকা। উপস্থিত থাকা, প্রতিষ্ঠিত থাকা। হর্ষোৎফুল্ল থাকা। শ্রীবৃদ্ধি হওয়া।

بنالینا (বনালেনা) হিঃ ক্রিঃ ; প্রস্তুত করা। ব্যবস্থা করা। আবিষ্কার করা।

بنا (বনা) হিঃ নাঃ পুং ; বর। বিবাহের পাত্র। আদরের পাত্র। দুলাল।

بنا (বিনা) আঃ নাঃ স্ত্রীং ; বুনিয়াদ। মূল। ভিত্তি। সূচনা। মূল কারণ।

بنابریں (বিনাবরীঁ) ফাঃ বিঃ ; এই ভিত্তিতে। এ কারণে। এই সূত্রে।

بناپڑنا (বিনাপড়না) উঃ ক্রিঃ ; ভিত্তিপ্রস্তর স্থাপিত হওয়া। কার্যারম্ভ হওয়া।

بناء علیه (বিনায়ান্ আলায়হি) আঃ একারণে। এজন্য। সুতরাং। অতএব।

بنائے دعوی (বিনায়ে-দা'ওয়া) আঃ দাবীর কারণ।

بنات (বানাত) আঃ নাঃ স্ত্রীং ; মেয়ে সকল।

بنات النش (বানাত্ উন্‌ন'শ) আঃ নাঃ পুং; সপ্ত নক্ষত্র স্তবক।

بنادر (বানাদর্) আঃ নাঃ পুং : বন্দর।

بنادیق (বানাদীক) উঃ নাঃ স্ত্রীং ; বন্দুক গুলো।

بناس پتی (বনাসপতী) হিঃ নাঃ স্ত্রীং ; তৃণ। গুল্ম। ঘাস। বনস্পতি।

بناگوش (বুনাগোশ) ফাঃ নাঃ স্ত্রীং ; কানের লতি।

بنالا (বানালা) হিঃ নাঃ পুঃ ; রেশমের উপর সোনালী বা রূপালী তারের কাজ করা। শাড়ীর পাড় তৈরী করা।

بنامی (বিনামী) হিঃ নাঃ স্ত্রীং ; কল্পিত নামযুক্ত। বিনামা।

بنان (বানান্) আঃ নাঃ পুং ; আঙ্গুলের মাথা।

بنانا (বানানা) হিঃ মুঃ ; নির্মাণ করা। ঠিক করা। সুসজ্জিত করা। সংকলন বা প্রণয়ন করা। আবিষ্কার করা। সংস্কার করা। গড়া।

بناوٹ (বানাওট) হিঃ নাঃ স্ত্রীং ; লৌকিকতা। কৃত্রিমতা। মেকি। নকল। অপ্রকৃত। মিথ্যা। রচিত। কারিগরি।

بناوٹ (বুনাওট্) হিঃ নাঃ স্ত্রীং ; বুনন প্রণালী। বুনন। বুনন কর্ম।

بناوٹی (বানাওটী) হিঃ বিঃ ; কৃত্রিম। নকল। রচিত। মিথ্যা। লৌকিক।

بناو (বানাউ) হিঃ নাঃ পুং ; বেশভূষা। সাজগোজ। সজ্জা। শোভা। সৌন্দর্য। মৈত্রী। মিল।

بناؤسنگار (বানাউ সিঙ্গার) হিঃ নাঃ পুঃ ; অঙ্গরাগ। বেশবিন্যাস। অঙ্গসজ্জা সম্পাদন। প্রসাধন।

بناؤکرنا (বানাউ কর্‌না) হিঃ মূঃ ; প্রসাধন করা। বেশ বিন্যাস করা।

بنائے نه بننا (বানায়ে-নহ্‌বন্‌না) উঃ ; সামর্থ্যের বাইরে হওয়া। ব... হওয়া। চেষ্টা বিফলে যাওয়া।

بنت (বন্‌ত) হিঃ নাঃ স্ত্রীং; কাপড়ের উপর আঁকা ফুলপাতা।

بنت (বিন্‌ত) আঃ নাঃ স্ত্রীং ; কন্যা। মেয়ে।

بنت البحر (বিনতুল বাহর্) আঃ নাঃ স্ত্রীং ; মৎস্য কন্যা। জলপরী।

بنت العناب (বিনতুল ই'নাব) আঃ নাঃ স্ত্রীং ; আঙ্গুরের তৈরী মদ্য।

بنتی (বিন্তী) হিঃ নাঃ স্ত্রীং ; অপারগতা। মিনতি। প্রার্থনা। ক্ষমা।

بنٹا (বন্টা) হিঃ নাঃ পুং ; খানা পাকানোর বৃহৎ পাত্র। ডেগ।

بنج (বন্জ) হিঃ নাঃ পুং ; বেচাকেনা। ক্রয়-বিক্রয়। বাণিজ্য। ব্যবসা। কর্ম। বৃত্তি। পেশা। আত্মীয়তা।

بنجارا (বানজারা) হিঃ নাঃ পুং ; শস্য ব্যবসায়ী সওদাগর। ব্যবসায়ী। যাযাবর। পাহাড়ী উপজাতি বিশেষ।

بنجارن (বান্জারান) হিঃ নাঃ স্ত্রীং ; বাঞ্জারান। বাঞ্জারার স্ত্রী। ব্যবসা। কারবার। নর্তকী।

بنجانا (বানজানা) হিঃ ; মুখ প্রস্তুত হওয়া। সম্পন্ন হওয়া। নির্মিত হওয়া। সজ্জিত হওয়া। আবিষ্কৃত হওয়া।

بنجر (বন্জর তোড়না) হিঃ ক্রিঃ ; অনাবাদী ভূমিকে আবাদযোগ্য করে তোলা।

بنجنا (বন্জনা) হিঃ মূঃ ; ব্যবসা করা।

بنچ (বেন্চ-Bench) ইং নাঃ স্ত্রীং ; টুল, তক্তপোষ। লেখকবৃন্দ। বিচারক। আদালত।

بنچنا (বন্চ্না) হিঃ মূঃ ; পাঠ করা। অধ্যয়ন করা।

بند (বন্দ) ফাঃ নাঃ পুং ; সংযোগ, সন্ধি। গ্রন্থি। বিপত্তি। আশ্রয়। বন্ধন। বাঁধ। দড়ি। জেল। কারা রুদ্ধ। কবিতার অনুচ্ছেদ।

بند کرنا (বন্দ করনা) হিঃ ক্রিঃ ; বন্ধ করা। কারারুদ্ধ করা। নিশ্চুপ হওয়া।

بندی (বিন্দী) হিঃ নাঃ স্ত্রীং ; শূন্য। খালি।

بندا (বন্দা) হিঃ নাঃ পুং ; কুঁড়ি। কলিকা। বৌল। শস্যক্ষেত্র। শস্যের ভান্ডার।

بندا (বিন্দা) হিঃ নাঃ পুং ; হিন্দুদের মাথার টিকিয়া বিশেষ।

بندال (বিন্দাল) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার তিক্ত ঔষধ। একপ্রকার ফল।

بندر (বান্দর) হিঃ নাঃ পুং ; বানর।

بندر بانٹ (বান্দর বাঁট) হিঃ বিঃ ; বানরের বাঁট। পক্ষপাতমূলক বন্টন।

بندروالا (বানদর ওয়ালা) হিঃ বিঃ ; যে বানরের খেল দেখায় এমন। বানর ওয়ালা।

بندر (বন্দর) ফাঃ নাঃ পুং স্ত্রীং ; বন্দর। সমুদ্রযান ভিড়ানোর ঘাট। স্থান। জেটি।

بندریا (বান্দিরিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; বানরী।

بندش (বনদিশ্) ফাঃ নাঃ স্ত্রীং ; গেরো। গিঁট। বাঁধন। সুবিন্যস্ত। মনন। ষড়যন্ত্র। দূরত্ব। অপবাদ। শব্দ বিন্যাস। অনুক্রম।

بندکی (বুনদকী) হিঃ নাঃ স্ত্রীঃ ; বিম্ব। বুদবুদ।

بندن (বন্দন) হিঃ নাঃ পুং ; বন্দনা।

بندگان (বনদেগান) ফাঃ নাঃ পুং ; চাকর। ভৃত্য। পরিচারক। কর্মচারী। পালিত। পালতু।

بندگان عالی (বন্দে গানে-আলী) ফাঃ নাঃ পুং ; রাজ কর্মচারী।

بندگی (বনদেগী) ফাঃ নাঃ স্ত্রীং ; উপাসনা। পূজা। অর্চনা। আরাধনা। শিষ্টতা। কুর্নিশ। বিনয়। নম্রতা। সেবা। পরিচর্যা। আনুগত্য। বশ। বন্দেগী।

بندگی بجالانا (বন্দেগী বাজালানা) হিঃ ক্রিঃ ; সালাম করা। নমস্কার করা। কুর্নিশ করা। আজ্ঞা পালন করা। আনুগত্য করা।

بندلی (বন্দলী) হিঃ নাঃ পুং ; রোহিলা খন্ডে উৎপন্ন একপ্রকার চাউল।

بندلی (বিন্দলী) হিঃ নাঃ স্ত্রীং ; কাঁচের

বৃত্তাকার ক্ষুদ্রাংশ।

بندوبست (বন্দওবস্ত) ফাঃ নাঃ পুং ; বন্দোবস্ত। বিধি ব্যবস্থা। আয়োজন। শৃঙ্খলা।

بند وبست استمراری (বন্দওবসত ইসতিমরারী) ফাঃ নাঃ স্ত্রীং ; চিরস্থায়ী বন্দোবস্ত।

بندور (বন্দোর) হিঃ নাঃ স্ত্রীং ; সাধারণ বাঁদী।

بندوق (বান্দোক) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; গুলি। উঃ ; বন্দুক।

بندوقچی (বন্দোকচী) উঃ নাঃ পুং ; বন্দুক চালক। বন্দুকধারী।

بنده (বান্দাহ্) ফাঃ নাঃ পুং ; দাস। ভৃত্য। চাকর। পরিচারক। উপাসক। আরাধক। বাধ্য।

بنده ازاد (বান্দায়ে-আযাদ্) ফাঃ নাঃ পুং ; মুক্ত দাস। অধার্মিক।

بنده بشر (বান্দায়ে-বাসার) ফাঃ নাঃ পুং ; মানুষ।

بنده پرور (বান্দাহপরব'র) ফাঃ বিঃ ; মুনিব।

بنده پروری (বান্দাহ পরব'রী) ফাঃ নাঃ স্ত্রীং ; প্রতিপালন। উপকার। অনুগ্রহ।

بنده درگاه (বান্দায়ে-দরগাহ) ফাঃ নাঃ পুং ; রাজভৃত্য। রাজভক্ত। রাজসেবক।

بنده زاده (বান্দাহ যাদাহ) ফাঃ নাঃ পুং ; দাস তনয়। ভৃত্যজাত।

بنده زر (বান্দায়ে যর) ফাঃ নাঃ পুং ; টাকার গোলাম। লোভী। মোহগ্রস্ত।

بنده ناچیز (বান্দায়ে-নাচীয) ফাঃ নাঃ পুং ; অধম। অপকৃষ্ট। দীন। হীন।

بنده نواز (বান্দাহ নওয়ায) ফাঃ বিঃ ; প্রভু। স্বামী। মালিক। অধিকারী। দাস। পরিপোষণকারী। স্বাধীন।

بنده نوازی (বান্দাহ নওয়াযী) ফাঃ নাঃ স্ত্রীং ; ভৃত্যের পরিপোষণ। অনুগ্রহ। দয়া।

بنده (বন্ধ) সং নাঃ পুং ; জামানত। আমানত। গচ্ছিত। রক্ষিত। ন্যস্ত। মজুত। জমা। হরতাল। বনধ্।

بندها (বনধা) হিঃ বিঃ ; বন্ধনকৃত। একত্রিত। স্থিরকৃত।

بندها خرچ (বন্ধাখরচ) হিঃ নাঃ পুং ; নির্দিষ্ট ব্যয়।

بندهائی (বন্ধায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; বন্ধন। বন্ধনের। পারিশ্রমিক।

بندهك (বন্ধক) হিঃ নাঃ পুং; বন্ধক। গচ্ছিত দ্রব্য। গৃহীত ঋণের জামিন স্বরূপ কোন দ্রব্য গচ্ছিত রাখা।

بند هن (বন্ধন) হিঃ নাঃ পুং ; বাঁধন। বন্ধকরণ আবেষ্টন। আটক। অবরোধ বন্ধন। সম্পর্ক স্থাপন। একত্রকরণ। গ্রন্থন। রচনা। বেতন। ভাতা। কার্যপ্রনালী। বাঁধার উপকরণ।

بند هن دار (বন্ধন্দার) হিঃ নাঃ পুং ; পুষ্পমাল্য।

بندهنا (বন্ধনা) হিঃ নাঃ মূঃ ; বদ্ধ করা। আবিষ্ট করা। গ্রন্থিত করা। ধরা। চাকুরী হওয়া। আটক করা। বাঁধা। আটক করা। সংহত হওয়া।

بندهنا (বিন্ধনা) হিঃ মূঃ ; বিদ্ধ হওয়া। উৎকীর্ণ হওয়া। ছেদ করা। আহত হওয়া।

بندهو (বন্ধো) সং নাঃ পুং ; বন্ধু। মিত্র। সখা। সুহৃদ। হিতৈষী। স্বজন। প্রিয়জন। প্রণয়ী।

بندهوا (বন্ধওয়া) হিঃ নাঃ পুং; আটককৃত। বন্ধনরত। বন্ধী। অনুগামী। ভৃত্য। সেবক।

بندهیج (বন্ধেজ) হিঃ নাঃ পুং ; স্থায়িত্ব। রীতিনীতি। বাধা।

بند هوانا (বন্ধওয়ানা) হিঃ মূঃ ; বন্দী করা। গ্রেফতার করা। অভিযোগ করা। অপরাধী সাব্যস্ত করা। গ্রেফতারী

পরওয়ানা জারি করা।

بندهی (বন্‌ধী) হিঃ বিঃ ; কার্যকৃত। স্থিরকৃত। নিয়ন্ত্রিত।

بندهی آواز (বনধী আওয়াজ) হিঃ নাঃ স্ত্রীং ; নিয়ন্ত্রিত সুর।

بندهی بات (বন্‌ধী বাত) হিঃ নাঃ স্ত্রীং ; আইনানুগ। রীতিসিদ্ধ। সঠিক। নিয়ম মাফিক।

بندهی مٹهی (বন্‌ধী মুটঠী) হিঃ নাঃ স্ত্রীং ; একতা। ঐক্য। মিল। একত্ব। অভিন্নতা।

بندی (বান্‌দী) উঃ নাঃ স্ত্রীং ; বাঁদী। দাসী। ক্রীতদাসী।

بندی (বন্‌দী) ফাঃ নাঃ পুং ; বন্দী। অবরুদ্ধ ব্যক্তি। কয়েদী।

بندی خانه (বন্দী খানাহ) ফাঃ নাঃ পুং ; বন্দীশালা। জেলখানা। কারাগার। জিন্দানখানা।

بندی (বন্‌দী) হিঃ নাঃ স্ত্রীং ; বাধা। বিঘ্ন। ব্যাঘাত। নিষেধ। একপ্রকার অলঙ্কার।

بندی (বিন্‌দী) হিঃ নাঃ স্ত্রীং ; শূন্য। বিন্দু। চিহ্ন। তিলক।

بنديا (বুনদিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; শূন্য। চিহ্ন।

بنديلا (বুন্‌দেলা) হিঃ নাঃ পুং ; হিন্দুদের একটি সম্প্রদায় বিশেষ।

بنديلن (বুন্‌দেলন) হিঃ নাঃ স্ত্রীং ; বন্দেল সম্প্রদায়ের স্ত্রী। সুগন্ধি বিক্রেতা নারী।

بنڈا (বনডা) হিঃ নাঃ পুং ; একপ্রকার চিরশ্যামল পরাঙ্গপুষ্ট উদ্ভিদ। পরগাছা।

بنڈا (বিন্‌ডা) হিঃ নাঃ পুং ; জ্বালানী কাঠের আঁটি। তৃণগুচ্ছ।

بنڈی (বনডী) ইং নাঃ স্ত্রীং ; হাতাহীন ছোট কোট (পোষাক) বিশেষ। ছদরী।

بنڈئی (বন্‌ডীয়ী) হিঃ নাঃ স্ত্রীং ; আড়া। কড়িকাষ্ঠ।

بنڈيلا (বনডেলা) হিঃ নাঃ পুং ; বন্যশুকর।

بنرا (বনরা) হিঃ নাঃ পুং ; বর। বিবাহের পাত্র। স্বামী। পতি। বিবাহ সংগীত।

بنڑی (বনড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; কনে। বিবাহের পাত্রী। দুলহান।

بنس (বন্‌স) হিঃ নাঃ পুং ; সন্তান। উত্তরাধিকার। উত্তর পুরুষ। পরিজন। বাঁশ।

بنس پهوڑ (বন্‌সফোড়) হিঃ নাঃ পুং ; যে বাঁশ বেতের কাজ করে। ছৈয়াল। হস্তশিল্পী।

بنس لوچن (বন্‌সলোচন) হিঃ নাঃ পুং; বাঁশলোচন। বাঁশের রসনিসৃত এক প্রকার ঔষধ।

بنسواڑی (বন্‌স ওয়াড়ী) হিঃ নাঃ স্ত্রীং; বাঁশবন। বাঁশের ঝাড়।

بنسی (বন্‌সী) হিঃ নাঃ স্ত্রীং ; বাঁশী। বাঁশরি। মুরলী। ছিপ।

بنساولی (বন্‌শাব'লী) সঃ নাঃ স্ত্রীং ; বংশাবলী। (شجره)।

بنصر (বিন্‌সর) আঃ নাঃ পুং ; অনামিকা। অঙ্গুলী বিশেষ।

بنفشه (বনফ্‌শা) ফাঃ নাঃ পুং ; বেগুনী। একপ্রকার ঔষধের উপাদান।

بنفشی (বনফ্‌শী) ফাঃ বিঃ ; বেগুনী রঙ্গ। রক্তিম বর্ণ।

بنفشين (বনফ্‌শয়ন) ফাঃ নাঃ স্ত্রীং ; আঘাত বা ব্যথার ঔষধ বিশেষ।

بنك (বেনক-Bank) ইং নাঃ পুং ; ব্যাংক। ট্রেজারী।

بنكارنا (বন্‌কারনা) হিঃ মূঃ ; গন্ডগোল করা। হৈ চৈ করা। আস্ফালন করা।

بنكڑی (বন্‌কড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; কোঁকড়ানো। ঈষৎ কোঁকড়ানো এক প্রকার চুড়ি।

بنكيا (বন্‌কিরা) ফাঃ নাঃ স্ত্রীং ; এক প্রকার ছুরি।

بنكيت (বন্‌কয়ত) হিঃ নাঃ স্ত্রীং ; নির্ভীক সৈনিক। সমরবিশারদ।

بنگ (বঙ্গ) ফাঃ নাঃ স্ত্রীং ; ভাং। সিদ্ধিগাছ।

সিদ্ধিগাছের পাতা দ্বারা তৈরী মাদক বিশেষ।

بنگا (বান্‌গা) হিঃ নাঃ পুং ; বাঁশ। লাঠি।

بنگالن (বান্‌গালন) হিঃ নাঃ স্ত্রীং ; বাংলাদেশী নারী।

بنگالی (বান্‌গালী) হিঃ বিঃ ; বাঙ্গাল। বঙ্গীয়। বঙ্গদেশীয়। বাংলাদেশী।

بنگالی (বান্‌গালী) হিঃ নাঃ পুং ; বাঙ্গালী। বাংলা অধিবাসী। বাংলাদেশী।

بنگالی (বান্‌গালী) হিঃ নাঃ স্ত্রীং ; বাংলা ভাষা।

بنگالی جادو (বান্‌গালী জাদো) হিঃ নাঃ পুং ; অত্যন্ত প্রভাবশীল যাদু।

بنگاه (বন্‌গাহ) ফাঃ নাঃ স্ত্রীং ; ঘর। আলয়। মালপত্র রাখার স্থান।

بنگری (বন্‌গরী) হিঃ বিঃ ; বাঁকা, তেরছা। পাকযুক্ত। স্ত্রীং ; একপ্রকার। চুড়ি।

بنگش (বন্‌গশ্‌) ফাঃ নাঃ পুঃ ; কাশ্মীরের সংলগ্ন বলাকা বিশেষ। বাঙ্গালের অধিবাসী।

بنگلا (বাংলা) হিঃ নাঃ পুং; পান, কুঠি। বাংলো।

بنگلیا (বঙ্গলিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; ক্ষুদ্রগৃহ। ছোট কুঠি।

بنگی (বঙ্গী) হিঃ নাঃ স্ত্রীং ; তেরছা। বক্র। বাঁকা।

بننا (বন্‌না) হিঃ মূঃ ; সম্পন্ন হওয়া। নিষ্ক্রান্ত হওয়া। সমাপ্ত হওয়া। সজ্জিত হওয়া। নির্মিত হওয়া। শিষ্ট হওয়া। আবিষ্কৃত হওয়া।

بننا (বুন্‌না) হিঃ মূঃ ; বোনা। বুনন করা। কাপড় প্রস্তুত করা।

بن نہ آنا (বন্‌নহ্‌ আনা) উঃ মূঃ ; কাজে না আসা। বাধ্য হওয়া। উত্তর দানে অক্ষম হওয়া।

بنو (বন্‌নো) উঃ নাঃ স্ত্রীং; বানু। বেগম। স্ত্রী। পত্নী। কনে। সদ্য বিবাহিতা।

بنواں کنڈا (বিন্‌ওয়াঁ কুন্‌ডা) হিঃ নাঃ পুং ; শুষ্ক গোবর। ঘুঁটে। মুঠে।

بنوانا (বন্‌ওয়ানা) হিঃ মূঃ ; তৈরী করা। নির্মাণ করা। খাবার তৈরী করা।

بنوانا (বুন্‌ওয়ানা) হিঃ মূঃ ; বুনন করানো। চৌপায়ীর টানা ঠিক করা।

بنوائی (বুনওয়ায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; বুননের পারিশ্রমিক।

بنوٹ (বন্‌নোট) হিঃ নাঃ স্ত্রীং ; সমর কৌশল বিশেষ।

بنولا (বিনোলা) হিঃ নাঃ পুং ; কার্পাসের বীচি। তুলার দানা।

بنولی (বিনোলী) হিঃ নাঃ স্ত্রীং ; ক্ষুদ্র শিলাখণ্ড। বজ্র।

بنی (বনী) হিঃ নাঃ স্ত্রীং ; কনে। বিবাহের পাত্রী। উন্নতি। শ্রীবৃদ্ধিতা। সমঝতা। বিঃ ; সম্পন্ন। সিদ্ধান্তকৃত। ঐক্য।

بنی بنائی بات (বনী বনাঈ বাত্‌) হিঃ নাঃ স্ত্রীং ; সিদ্ধান্তকৃত। মিমাংসিত বিষয়।

بنی (বনী) আঃ নাঃ পুং ; পুত্র। ছেলে। সন্তান।

بنی آدم (বনীআদম) আঃ নাঃ পুং ; আদম সন্তান। মানব জাতি।

بنی اسرائیل (বনী ঈসরাঈল) আঃ নাঃ পুং ; ইহুদী সম্প্রদায়।

بنی جان (বনী জা-ন) আঃ নাঃ পুং ; জ্বিন সম্প্রদায়।

بنیا (বানিয়া) হিঃ নাঃ পুং ; বানিয়া। ব্যবসায়ী।

بنیا (বনিয়া) হিঃ বিঃ ; ভীতু। শঙ্কিত। কৃপণ। নীচ।

بنیاد (বুনয়াদ) ফাঃ নাঃ স্ত্রীং ; মূল। ভিত। উৎস। বুনিয়াদ। শক্তি। সামর্থ্য।

بنیاد ڈالنا (বুনয়াদ ডাল্‌না) ফাঃ ক্রিঃ ; উদ্বোধন করা। কাজের সূচনা করা।

بنیادی (বুনিয়াদী) ফাঃ বিঃ ; মৌলিক। আদিম। জন্মগত। প্রারম্ভিক।

بنیان (বুনয়ান) আঃ নাঃ স্ত্রীং ; জামার

নিচে পরিধেয় একজাতীয় বস্ত্র বিশেষ। গেঞ্জি।

بنیان (বুনয়ান) আঃ নাঃ স্ত্রীং ; সৌধ। দালান। ভিত্।

بنیٹی (বনেটী) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার ব্যায়াম।

بنیلا (বনেলা) হিঃ বিঃ ; বনজ। বন্য।

بنینی (বনেনী) হিঃ নাঃ স্ত্রীং ; বেনিয়ার স্ত্রী।

ب - و

بو (বু) ফাঃ নাঃ স্ত্রীং ; ঘ্রাণ। গন্ধ। সৌরভ। দুর্গন্ধ। লেশ।

بودار (বুদার) ফাঃ বিঃ বিঃ ; সুরভিত। সৌরভযুক্ত।

بوئے محبت (বুয়ে-মহব্বত) ফাঃ বিঃ বিঃ ; প্রেমের নিদর্শন। ভালবাসার চিহ্ন।

بوئے طفلی (বুয়ে-তিফলী) ফাঃ নাঃ স্ত্রীং ; শিশুত্ব। শিশুত্বের প্রভাব। ছেলেমি।

بو (বু) আঃ নাঃ পুং ; পিতা। জনক।

بو العجب (বুল-আজব) আঃ নাঃ পুং ; যাদুকর। ইন্দ্রজালিক। অদ্ভুত লোক। নির্বোধ। বিস্ময়কর।

بوالفضل (বুল-ফযল) আঃ বিঃ ; বাচাল। বাজে।

بوالہوس (বুল-হাওস) আঃ বিঃ ; লোভী। মোহাবিষ্ট।

بوالہوسی (বুল-হাওসী) আঃ নাঃ স্ত্রীং ; অতিলোভ। ষড়রিপুর তাড়না।

بوتراب (বু-তুরাব) আঃ বিঃ ; হযরত আলী (রাঃ)-এর উপনাম।

بو (বো) হিঃ ক্রিঃ ; অনুজ্ঞাসূচক ক্রিয়া। বপন করা।

بوا (বুয়া) হিঃ নাঃ স্ত্রীং ; বোন। সহোদরা।

بواب (বাওয়াব) আঃ নাঃ পুং ; দ্বাররক্ষী। চৌকিদার। প্রহরী। গার্ড।

بوار (বুওয়ার) হিঃ নাঃ পুঃ ; বপনকাল। বপনের সময়।

بواسیر (বওয়াসীর) আঃ নাঃ স্ত্রীং ; অর্শরোগ।

بوانا (বুওয়ানা) হিঃ মূঃ ; চাষাবাদ করানো। বীজ লাগানো।

بوائی (বুওয়ায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; বীজ বপনের কাল।

بوائی (বিওয়ায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; শীতের কারণে হস্ত পদাদির বিদারণ।

بوائے (বয়) ইঃ নাঃ পুং ; বালক। পাঁচক। পরিবেশক।

بوبا (বোবা) হিঃ নাঃ পুং ; উদর। আসবাব পত্র সামগ্রী।

بوبک (বোবক) হিঃ বিঃ ; বৃদ্ধ। শিশু। নির্বোধ।

بوبو (বুবু) হিঃ নাঃ স্ত্রীং ; বোন। ভগ্নি।

بوتا (বুতা) হিঃ নাঃ পুং ; হুঁক্কার নলিচা।

بوتا (বূতা) হিঃ নাঃ পুং ; শক্তি। বল। জোর। সামর্থ্য।

بوتام (বোতাম্) হিঃ নাঃ পুং ; বোতাম।

بوتل (বোতল) হিঃ নাঃ স্ত্রীং ; বোতল। শিশি।

بوتل کا نشه (বোতল্ কা নিশাহ্) হিঃ নাঃ পুং ; মদের নেশা।

بوته (বূতাহ্) ফাঃ নাঃ পুং ; সোনা বা রৌপ্য গলানোর মৃত পাত্র। উটশাবক। চারা গাছ।

بوته خاک (বূতাহ্খাক্) ফাঃ নাঃ পুং ; মৃতপাত্র। মানবদেহ। মানব কায়া। শবদেহ।

بوتیمار (বূতীমার) ফাঃ নাঃ পুং ; একপ্রকার সামুদ্রিক সাদা পাখী।

بوٹ (বূট–Boat) হিঃ নাঃ পুং ; চনা বুট।

بوٹ (বোট–Boot) ইং নাঃ স্ত্রীং ; নৌকা। নাও।

بوٹ (বূট) হিঃ নাঃ পুং ; পালকহীন পাখীর ছানা।

بوٹ (বুট–Boot) ইং নাঃ পুং ; ইংরেজ জুতা। বুট।

بوٹا (বোটা) হিঃ নাঃ পুং ; গোশতের বড় অংশ।

بوٹا (বোটা) হিঃ নাঃ পুং ; চারা গাছ। পুষ্প পত্র। কাপড়ে বুননকৃত ফুল।

بوٹا ساقد (বোটাসাকদ্) হিঃ বিঃ ; সুন্দর। সুগঠিত। সুডৌল।

بوٹی (বোটী) হিঃ নাঃ স্ত্রীং ; গোশ্‌তপিন্ড।

بوٹی (বোটী) হিঃ নাঃ স্ত্রীং ; গাছের শিকড়। ঘাসের চারা। ঔষধ। ভাং। কাপড়ের ফুল।

بوجوت (বোজোত) হিঃ নাঃ স্ত্রীং ; কৃষিকার্য। চাষাবাদ।

بوجھ (বূঝ্) হিঃ নাঃ পুং ; ভার। বোঝা। মুট। গাঁটুরি। চিন্তা। মনন। কল্পনা। উদ্বেগ। জটিল। কঠিন।

بوجھ اٹھانا (বোঝ উঠানা) হিঃ ক্রিঃ ; দায়িত্ব গ্রহণ করা। সহ্য করা। ঝামেলা পোহানো।

بوجھ بٹائی (বূঝ বটায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; আঁটিবদ্ধ করা। শাকের আঁটি বাঁধা।

بوجھ (বূঝ) হিঃ নাঃ স্ত্রীং ; বোধ। বৃদ্ধি। অনুভূতি। জ্ঞান। চেতনা। উপলব্ধি। ধারনা।

بوجھ بجھکڑ (বূঝ বুঝক্‌কড়্) হিঃ বিঃ ; চতুর। দূরদর্শী। ব্যঙ্গার্থে, বোকা। নির্বোধ।

بوجھ بجھول (বূঝ্‌বঝোল্) হিঃ নাঃ স্ত্রীং ; ইন্দ্রজাল। প্রহেলিকা। হেঁয়ালি।

بوجھا بوجھی (বুঝা বুঝি) হিঃ নাঃ স্ত্রীং ; শিশুদের এক প্রকার খেলা।

بوجھل (বূঝাল) হিঃ বিঃ ; অতিশয় ওজনের। গুরুভার। কঠিন। ভারী। দায়িত্বপূর্ণ।

بوجھنا (বূঝ্‌না) হিঃ মূঃ ; অনুধাবন করা। জ্ঞাত হওয়া। অনুমান করা। ধ্যান করা। বোধগম্য হওয়া। হেঁয়ালি করা।

بوجھوں (বূঝুঁ) হিঃ নাঃ পুং ; বোকাগুলো।

بوچا (বোচা) হিঃ নাঃ পুং ; বাবলা গাছের বাকলের টুকরা।

بوچا (বোচা) হিঃ বিঃ ; নির্লজ্জ। বেশরম। নাক কাটা।

بوچڑ (বুচাড়্) ইং নাঃ পুং ; কসাই। গোশ্‌ত বিক্রেতা।

بوچھار (বূছার) হিঃ নাঃ স্ত্রীং ; প্রবল বৃষ্টিপাত। অতিবৃষ্টি। মুষলধার বৃষ্টি। পানির ছিটা। আধিক্য।

بوچھاڑ کرنا (বূছাড়্ কারনা) হিঃ ক্রিঃ ; গালমন্দ করা। বর্ষণ করা। অপচয় করা।

بوچھاڑی (বূছাড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; বৃষ্টিত্রাণ বা ছাদের সম্মুখভাগ।

برچ (বোচ্) হিঃ নাঃ পুং ; কুমীর।

بوچی (বূচী) হিঃ বিঃ ; নাকহীন। মর্যাদাহীন। বেশরম।

بود (বূদ) ফাঃ নাঃ স্ত্রীং ; অস্তিত্ব। বিদ্যমানতা। স্থিতি। সত্তা।

بودوباش (বূদওবাশ) ফাঃ নাঃ স্ত্রীং ; অবস্থান। বসবাস।

بود ونا بود (বূদওনাবূদ) ফাঃ নাঃ স্ত্রীং ; আস্তিনাস্তি। থাকা না থ[illegible]। জীবন-মৃত্যু।

بودا (বূদা) হিঃ বিঃ ; ভীতু। শঙ্কিত। আতঙ্কিত। সন্ত্রস্ত। দুর্বল। কৃপণ।

بودلا (বূদ্‌লা) হিঃ পুঃ বিঃ ; সরল। অকপট। অকুটিল। সাদাসিধা। বোকা।

بودلی (বূদলী) হিঃ স্ত্রীং বিঃ ; অকপট নারী। বোকা মেয়ে।

بودھ (বোধ) সং নাঃ পুং ; চৈতন্য। জ্ঞান। বোধ। অনুধ্যান। বুদ্ধদেব।

بودی (বূদী) হিঃ বিঃ ; অবলা। অসহায়।

بودی بات (বূদীবাত) হিঃ নাঃ স্ত্রীং ; তুচ্ছ কথা। হাস্যস্পদ উক্তি।

بور (বূর) হিঃ নাঃ স্ত্রীং ; অধিকহারে দান করা। অপচয়। ক্ষতি। হাসি। লোকসান। অনিষ্ট।

بوربور کرنا (বূর্ বূর করনা) হিঃ ক্রিঃ ; খণ্ড বিখন্ড করা। টুকরা টুকরা করা।

بورکے لڈو (বূরকে লাড্‌ডু) হিঃ নাঃ পুং ; ভুসি এবং চিনির সংমিশ্রণে তৈরী

একপ্রকার লাড্ডু। শঠতা। ঠকবাজি।

بور (বুর) ইং বিঃ ; আশঙ্কাজনক। বিপজ্জনক।

بورا (বওরা) হিঃ নাঃ পুং ; উন্মাদ। পাগল। অপ্রকৃতস্থ।

بورا (বূরা) হিঃ নাঃ পুং ; চটের থলে।

بورا (বূরা) হিঃ নাঃ স্ত্রীং ; হাতের তৈরী চিনি। ভুসি।

بورانا (বূরানা) হিঃ মূঃ ; উম্মাদ হওয়া। পাগল হওয়া। উদভ্রান্ত। উদাসীন।

بورانی (বূরানী) ফাঃ নাঃ স্ত্রীং ; বোরহানি।

بورڈ (বোর্ড-Board) ইং নাঃ পুং ; তক্তা। কমিটি। সমিতি।

بورق (বওরক) আঃ নাঃ পুং ; একপ্রকার ঔষধ। সোহাগা।

بوری (বওরী) হিঃ বিঃ ; উন্মাদিনী। পাগলিনী।

بوری (বওরী) হিঃ নাঃ স্ত্রীং ; চটের ছোট বস্তা।

بوریا (বূরিয়া) ফাঃ নাঃ পুং ; মাদুর। চাটাই।

بوریا باف (বূরিয়া বাফ্) ফাঃ বিঃ ; মাদুর প্রস্তুতকারী।

بوڑ (বূড়) হিঃ বিঃ ; বৃদ্ধা। প্রাচীনা। প্রবীণা।

بوڑنا (বূড়না) হিঃ মূঃ ; অবগাহন করা। ডুব দেওয়া।

بوڑھا (বূঢ়া) হিঃ বিঃ ; বৃদ্ধ। প্রাচীন। প্রবীণ। পুরাতন।

بوڑھا بوبك (বূঢ়া বোবাক্) হিঃ বিঃ ; লোভীবৃদ্ধ। বৃদ্ধ কামুক।

بوڑھا بونگ (বূঢ়া বোঙ্গ) হিঃ বিঃ ; নির্বোধ বৃদ্ধ।

بوڑھا پھونس (বূঢ়া ফোনস্) হিঃ বিঃ ; অতিশয় বৃদ্ধ।

بڑڈھا چوچلا (বূঢ়াচোচ্‌লা) হিঃ নাঃ পুং ; বৃদ্ধ বয়সে কামোদ্দীপনা। কামোদ্দীপক ভাবভঙ্গি।

بوڑھاچونڈا (বূঢ়া চোন্ডা) হিঃ নাঃ পুং ; বৃদ্ধ মহিলার পক্ককেশ। বুড়ী।

بوڑھا خرانٹ (বূঢ়া খরানট) হিঃ বিঃ ; চতুর। চালাক। অভিজ্ঞ। বহুদর্শী।

بوڑھا کھپت (বূঢ়া খপত্) হিঃ নাঃ স্ত্রীং ; অতিবৃদ্ধ। অতিশয় প্রাচীন।

بوڑھا طوطا (বূঢ়া তোতা) হিঃ বিঃ ; বৃদ্ধনির্বোধ।

بوڑھا گھاگ (বূঢ়া ঘাগ) হিঃ নাঃ বিঃ ; ঘাগু। অভিজ্ঞ। ভূক্তভোগী। ঝানু। জাদরেল।

بوڑھی (বূঢ়ী) হিঃ স্ত্রীং বিঃ ; বুড়ী। বৃদ্ধা।

بوڑھی جروا (বূঢ়ী জরবা) হিঃ নাঃ স্ত্রীং ; বৃদ্ধা নারী।

بوڑھی ڈھڈو (বূঢ়ী ঢডডো) হিঃ নাঃ স্ত্রীং ; অতিশয় বৃদ্ধা।

بوڑھی عید (বূঢ়ী ঈদ্) হিঃ নাঃ স্ত্রীং ; ঈদুল ফিতর।

بوڑھے (বূঢ়ে) হিঃ নাঃ পুং বিঃ ; বৃদ্ধগণ।

بوڑی (বূড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; তীরের তীক্ষ্ণ প্রান্ত।

بوڑیا (বূড়িয়া) হিঃ নাঃ পুং ; অবগাহনকারী। ডুবুরী। নিমগ্নকারী।

بوزا (বূযা) ফাঃ নাঃ পুং ; একপ্রাকর মদ্য।

بوزنہ (বূযনহ) ফাঃ নাঃ পুং ; সামুদ্রিক বন্দর। অনুকূল।

بوزینہ (বুযীনা) بوزنہ (বুয্‌না) ফাঃ নাঃ পুং ; বাঁদর।

بوس (বোস্) بوسہ (বোসা) ফাঃ নাঃ পুং ; চুম্বন। بوسہ بازی کرنا (– বাযী করনা) চুম্বন ও আলিঙ্গন করা।

بوستان (বোস্‌তান) ফাঃ নাঃ পুং ; পুষ্পোদ্যান। বাগান।

بوستاں (বোস্‌তাঁ) ফাঃ নাঃ স্ত্রীং ; সুবিখ্যাত পারস্য কবি শেখ সাদীর এক অনন্য গ্রন্থ।

بوس وکنار (বূস্‌ও কিনার) ফাঃ নাঃ পুং ; চুষে খাওয়া। আলিঙ্গন করা। ভালবাসা।

بوسہ (বূসাহ্) ফাঃ নাঃ পুং ; চুমু। চুম্বন।

প্রণয়।
بوسه بازی (বূসাহ্ বাযী) ফাঃ নাঃ স্ত্রীং ; চুমোচুমি।
بوسه زن (বূসাহযন) ফাঃ নাঃ পুং ; চুম্বনকারী।
بوسیدگی (বূসীদগী) হিঃ নাঃ স্ত্রীং ; পুরানত্ব। বাঁসিত্ব। পচনত্ব।
بوسیده (বূসীদাহ) ফাঃ বিঃ ; পঁচা। বাঁসি। পুরানো।
بوسیله (ববসীলা) আঃ বিণ ; উপায়ে।
بوغ بند (বূগবন্দ) ফাঃ নাঃ পুং ; বাক্স। লাগেজ।
بوغما (বূগ্মা) ফাঃ নাঃ পুং ; অশ্বের রোগ বিশেষ। আবর্জনা। বাজে। অসার।
بوق (বোক্ব) আঃ নাঃ স্ত্রীং ; শিঙ্গা। একপ্রকার বাঁশি।
بوقلموں (বোক্বুল মোঁ) ফাঃ বিঃ ; বিচিত্র। নানা বর্ণবিশিষ্ট। বিভিন্নভাবে চিত্রিত।
بوقلمونی (বোক্বলমোনী) ফাঃ নাঃ স্ত্রীং ; নানারঙ। রঙ বেরঙ।
بوك (বোক্) হিঃ নাঃ পুং ; কামমত্ত ছাগ। বৃদ্ধ ছাগ।
بوکا (বোকা) হিঃ নাঃ পুং ; মশক বা বালতি।
بوکھل (বোখল্) হিঃ বিঃ ; ভীত। স্তম্ভিত। দিশেহারা।
بوکھلانا (বোখ্লানা) হিঃ মূঃ ; ভীত হওয়া। সন্ত্রস্ত হওয়া। ব্যাকুল হওয়া।
بوکھلاهٹ (বোখলাহাট) হিঃ নাঃ স্ত্রীং ; ভীতি, ব্যাকুলতা। ব্যস্ততা।
بوگس (বোগস) ইং বিঃ ; কৃত্রিম। অপ্রকৃত। অবাস্তব।
بوگی (বগী) ইং নাঃ স্ত্রীং ; রেলগাড়ীর ডাব্বা।
بول (বাওল্) আঃ নাঃ পুং ; পেশাব। প্রস্রাব। মূত্র।
بھیک (ভেক) সঃ নাঃ পুং ; ভেক, ব্যাঙ্গ।
بھیک (ভীক) হিঃ নাঃ স্ত্রীং ; ভিখ। ভিক্ষা। প্রার্থনা। দান রূপে প্রদত্ত বস্তু।
بھیک کا ٹکڑا (ভীক্‌কা টুক্‌ড়া) হিঃ নাঃ পুং ; ভিক্ষার অন্ন। জারজ সন্তান।
بھیک کا ٹیکرا (ভীক্‌কা ঠীকরা) হিঃ নাঃ পুং ; ভিক্ষার ঝুলি। উপজীবিকা। আয়ের উৎস।
بھیک مانگنا (ভীক্‌মাঙ্গনা) হিঃ ক্রিঃ ; ভিখ চাওয়া। বিনামূল্যে প্রার্থনা করা।
بھیگی (ভীগী) হিঃ বিঃ ; ভিজে যাওয়া। সিক্ত হওয়া। আনন্দে রাত যাপন করা।
بھیگی بلی (ভীগী বিল্লী) হিঃ নাঃ স্ত্রীং ; অসহায়। অনাথ। সম্ভ্রমহারা। লাঞ্ছিত। নিষ্পিষ্ট।
بھیگی رات (ভীগী রাত) হিঃ নাঃ স্ত্রীং ; রাতের শেষাংশ।
بھیگی مرغی (ভীগী মুরগী) হিঃ নাঃ স্ত্রীং ; বেগতিক অবস্থা। নিঃস্ব হাল। অতিশয় বিপন্ন।
بھیگی مسیں (ভীগী মসেঁ) হিঃ নাঃ পুং ; যৌবনোদয়। যৌবনারম্ভ। যৌবনোদগমের চিহ্ন।
بھیگا (ভীগা) হিঃ বিঃ ; ভিজা। আর্দ্র।
بھیگنا (ভীগ্‌না) হিঃ কৃঃ ; ভিজে যাওয়া। আর্দ্র হওয়া।
بھیل (ভীল) হিঃ নাঃ পুং ; ভিল। ভারতের আদিম জাতি বিশেষ। রাজপুতানা অঞ্চলে এখনো তাদের অস্তিত্ব লক্ষ্য করা যায়।
بھیلی (ভীলী) হিঃ নাঃ স্ত্রীং ; গুড়ের গোলাকার পিন্ড।
بھیلیا (বহেলিয়া) হিঃ নাঃ পুং ; শিকারীদের এক বিশিষ্ট সম্প্রদায়।
بھیمڑا (ভীম্‌ড়া) হিঃ নাঃ পুং ; আনন। মুখ। মুখমন্ডল।
بھیمڑاپسارنا (ভীম্‌ড়া পসারনা) হিঃ ক্রিঃ ; জেদি শিশুর মুখ বিকৃত করে সজোরে চিৎকার করা।
بھیں (ভেঁ) হিঃ নাঃ স্ত্রীং; ভেড়ার ভ্যাঁ ভ্যাঁ ধ্বনি।
بھینا (ভীনা) হিঃ বিঃ ; সূক্ষ্ম। মিহি। সরু। ক্ষীণ। তীক্ষ্ন। পাতলা। অতিশয় ক্ষুদ্র।
بھینٹ (ভেঁট) হিঃ নাঃ স্ত্রীং ; উপহার। উপঢৌকন। নজরানা। নৈবেদ্য। সাক্ষাত। মোলাকাত। দর্শন। মিলন। ঘুষ।
بھیٹنا (ভেট্‌না) হিঃ মূঃ ; মিলিত হওয়া। দর্শন লাভ করা। নজরানা পেশ করা।
بھینچنا (ভেঁচ্‌না) হিঃ মূঃ ; দাবা। চাপপ্রয়োগ করা। দমিয়ে রাখা। সজোরে আলিঙ্গন করা। বলপ্রয়োগ করা। পিষ্ট করা। পদদলিত করা। লাঞ্ছিত করা।
بھیس (ভয়স) হিঃ নাঃ স্ত্রীং ; স্ত্রী–মহিষ। মহিষী। হোঁদল কুতকুত রমণী।
بھینسا (ভঁয়সা) হিঃ নাঃ পুং ; মহিষ। নাদাপেটা ব্যক্তি।
بھینساداد (ভঁয়সাদাদ) হিঃ নাঃ পুং ;

দূষিত রক্তের কারণে সৃষ্টি এক প্রকার চর্মরোগ। দাদ।

بھینسا گوند (ভঁয়সাগোন্দ) হিঃ নাঃ পুং; ঔষধে ব্যবহৃত এক প্রকার গঁদ বা আঠা।

بھینکر (ভয়ঙ্কর) সঃ বিঃ; ভয়ঙ্কর। ভীতিপ্রদ।

بھینگا (ভেঙ্গা) হিঃ পুঃ বিঃ; ট্যারা চক্ষুবিশিষ্ট।

بھینگی (ভেঙ্গী) হিঃ স্ত্রীঃ বিঃ; ট্যারা চক্ষু ধারিণী।

بھینی (ভীনী) হিঃ বিঃ; মৃদু। ক্ষীণ। হালকা। লঘু। তীক্ষ্ণ।

بھینی بھینی بو (ভীনী ভীনী বো) হিঃ বিঃ; মৃদুমন্দ ফুলের ঘ্রাণ। তাজা ফুলের মিষ্টি গন্ধ।

بھینی بھینی روشنی (ভীনী ভীনী রোশ্‌নী) হিঃ বিঃ; নিভু নিভু আলো। ক্ষীণ রশ্মী।

ب – ی

بی (বী) উঃ নাঃ স্ত্রীং; বেগম। রাণী। সম্ভ্রান্ত মহিলা। বিবি।

بی بی (বীবী) উঃ নাঃ স্ত্রীং ; রাজকন্যা। বিবি। রাণী। খানম। খান্দানী মহিলা।

بی بی (বীবী) উঃ বিঃ; সাধ্বী। সতি। বিদূষী রমণী। সচ্চরিত্রা। পতিব্রতা। হযরত ফাতিমা (রাঃ)-এর উপাধি বিশেষ।

بی جی (বীজী) হিঃ নাঃ পুং; মেয়েলী স্বভাবে পুরুষ।

بی شادی (বী শাদী) হিঃ নাঃ স্ত্রীং; কল্পিত ছেলেধরা পিশাচী। জুজু বুড়ি।

بے (বে) হিঃ; সম্বোধন সূচক অব্যয় বিশেষ। হে।

بے (বে) হিঃ ফাঃ; সম্বন্ধবাচক অব্যয় বিশেষ। ছাড়া। ব্যতীত। ব্যতিরেকে। বিহীন।

بے آب (বে-আব) ফাঃ বিঃ; পানি ছাড়া। দীপ্তিহীন।

بے آبرو (বে-আবরো) ফাঃ বিঃ; বেশরম। নির্লজ্জ।

بے آبروئی (বে-আবরোয়ী) ফাঃ বিঃ; লজ্জাহীনতা। অমর্যাদা।

بے آب و رنگ (বে-আব্‌ওরঙ্গ) ফাঃ বিঃ; দীপ্তিহীন। প্রভাশূন্য।

بے آرامی (বে-আরামী) ফাঃ নাঃ স্ত্রীং; অস্থিরতা। অশান্তি। দুঃখ-বেদনা।

بے آزار (বে-আযার) ফাঃ নাঃ বিঃ; নিরহংকার। সৎ ভদ্র। মার্জিত। শান্ত। নিরীহ।

بے آس (বে আস্‌) হিঃ নাঃ স্ত্রীং; নিরাশ। হতাশ। আশাহীন।

بے اثر (বে আসর্‌) ফাঃ বিঃ; প্রভাব হীন। বেকার, অনর্থক।

بے احتیاط (বে ইহ্‌তিয়াত) ফাঃ বিঃ; অসাবধানী। অসতর্ক।

بے احتیاطی (বে ইহ্‌তিয়াতী) ফাঃ নাঃ স্ত্রীঃ; অসাবধানতা। অসতর্কতা।

بے اختیار (বে ইখ্‌তিয়ার) ফাঃ বিঃ; অক্ষম, ক্ষমতাহীন। দুর্বল। অপটু। অসমর্থ। আনাড়ী।

بے اختیاری (বে-ইখ্‌তিয়ারী) ফাঃ নাঃ স্ত্রীং; অক্ষমতা, অসহায়ত্ব। দুর্বল।

بے ادب (বে - আদব) ফাঃ বিঃ; ধৃষ্ট। অসুশীল। স্পর্ধিত। লম্পট।

بے ادبی (বে-আদবী) ফাঃ নাঃ স্ত্রীং; ধৃষ্টতা। অসভ্যতা, স্পর্ধা। ঔদ্ধত্য। লাম্পট্য। চরিত্রহীনতা।

بے اشتباہ (বে-ইশ্‌তিবাহ্‌) ফাঃ বিঃ; অকাট্য, অখন্ডনীয়, সন্দেহাতীত।

بے اصل (বে-আসল্‌) ফাঃ বিঃ; অমূলক। কাল্পনিক। অসার। মূলশূন্য। অযথার্থ। অসত্য।

بے اعتبار (বে-ই'তিবার) ফাঃ বিঃ; অগ্রহণযোগ্য। অগ্রহণীয়। অবজ্ঞেয়। বাতিল। অবজ্ঞা। না-মঞ্জুর।

بے اعتدالی (বে-ই'তিদালী) ফাঃ স্ত্রীং;

সীমালঙ্ঘন, সীমাতিক্রম। সীমালঙ্ঘনকারী। পক্ষপাতদুষ্ট।

بےاعتنائی (বে-ই'তেনায়ী) ফাঃ নাঃ স্ত্রীং ; ভ্রুক্ষেপহীনতা। অবজ্ঞা। তুচ্ছজ্ঞান।

بے امتیاز (বে-ইম্‌তিয়ায) ফাঃ বিঃ ; উদ্ধত। ধৃষ্ট।

بے انتہا (বে-ইন্‌তিহা) ফাঃ বিঃ ; অসীম। ধারণাতীত। অনন্ত। অশেষ।

بےاندازہ (বে-আন্দাযাহ্) ফাঃ বিঃ ; অকল্পনীয়। ধারণাতীত। অন্তহীন।

بے اولاد (বে-আওলাদ) ফাঃ বিঃ ; নিঃসন্তান। সন্তানহীন।

بےایمان (বে-ঈমান) ফাঃ বিঃ ; অধার্মিক। অবিশ্বাসী। কুটিল। অবিশ্বস্ত। প্রতারক। ধড়িবাজ। মিথ্যাবাদী। অন্যায়কারী।

بےایمانی (বে-ঈমানী) ফাঃ নাঃ স্ত্রীং ; অধার্মিকতা। কুটিলতা। অন্যায়। প্রবঞ্চনা। ধোঁকা। ফন্দি। বেঈমানী।

بے باق (বে-বাক্) ফাঃ বিঃ ; ঋণমুক্ত। দেনামুক্ত।

بےباق کرنا (বে-বাক্ব কর্‌না) উঃ ক্রিঃ ; হিসাব পরিষ্কার করা, পরিশোধ করা, সম্পূর্ণ করা, মীমাংসা করা।

بےباک (বে-বাক্) ফাঃ বিঃ ; নির্ভীক। নিঃশঙ্ক। অনাতঙ্ক। স্বাধীন। বাহাদুর। সাহসী। উদ্ধত। ধৃষ্ট।

بے باکی (বে-বাকী) ফাঃ নাঃ স্ত্রীং ; লাম্পট্য, ঔদ্ধত্য, কুটিলতা, ধৃষ্টতা।

بے بال وپر (বে-বাল্‌ও পর্) ফাঃ বিঃ ; নিঃসহায়। নিরাশ্রয়। অনাথ। দুর্বল।

بے بدل (বে-বদল্) ফাঃ বিঃ ; অনুপম। অনন্য। অদ্বিতীয়, একক, অদ্ভুত।

بےبرگ (বে-বুর্‌গ) ফাঃ বিঃ ; পত্রহীন। রূপকার্থে, অভাবী, দরিদ্র।

بے بس (বে-বস্) ফাঃ বিঃ ; দুর্বল। অসামর্থ। অবলম্বনহীন। আশ্রয়হীন।

بےبسی (বে-বসী) ফাঃ নাঃ স্ত্রীং ; অসহায়ত্ব। নিঃস্বতা। সামর্থ্যহীনতা।

بے بصر (বে-বসর্) ফাঃ আঃ বিঃ ; অন্ধ। দৃষ্টিহীন। অজ্ঞ।

بےبہا (বে-বহা) ফাঃ বিঃ ; দুর্মূল্য। অমূল্য। অতিমূল্য। দামী। দুর্লভ। উত্তম।

بےبہرہ (বে-বহ্‌রহ) ফাঃ বিঃ ; বঞ্চিত। অভাবক্লীষ্ট। দুর্ভাগা। অভাব কার। ধৃষ্ট। অবাধ্য।

بےپایان (বে-পাঁয়া) ফাঃ বিঃ ; অনন্ত। অসীম। অশেষ। সীমাহীন।

بےپر (বে-পর) ফাঃ বিঃ ; পলক শূন্য। পাল কর্তিত। অসহায়। নিঃস্ব। অসমর্থ।

بے پردگی (বে-পরদাগী) ফাঃ নাঃ স্ত্রীং ; বেহায়াপনা। বেলেল্লাপনা। অশালীন ও নগ্নতা। নির্লজ্জ আচরণ। আবরু হীনতা। নির্বিঘ্নতা।

بےپردہ (বে-পরদাহ) ফাঃ বিঃ ; বেলেল্লা। উচ্ছৃঙ্খল। বখাটে। অশালীন। অন্তঃপুরে থাকে না এমন। ঘোমটাহীন।

بے پروا (বে-পরওয়া) ফাঃ বিঃ ; বেপরোয়া। নির্ভিক। লজ্জা-সঙ্কোচহীন।

بےپروائی (বে-পরওয়ায়ী) ফাঃ নাঃ স্ত্রীং ; নিশ্চিন্ততা। নিঃশঙ্কতা। অগ্রাহ্যতা। ঔদাসীন্য।

بے پروانگی (বেপরওয়ানগী) ফাঃ নাঃ স্ত্রীং ; অনাদিষ্ট। অননুমোদিত।

بے پوچھے گچھے (বেপোছেগছে) হিঃ বিঃ ; জিজ্ঞাসাবাদ বিহীন। অনুমতি ছাড়া।

بےپیر (বেপীর) ফাঃ বিঃ ; মুরুব্বী ছাড়া। আধুনিক মনা। প্রগতিশীল। কঠোর। নীচ।

بے پیندی کا بدھنا (বেপয়ন্দী কা বধ্‌না) হিঃ বিঃ ; দুর্বল বিশ্বাস। অনাবিচলতা। অদৃঢ়ত্ব।

بےتاب (বে-তাব্) ফাঃ বিঃ ; অস্থির।

দুর্বল। অসমর্থ। অসহিষ্ণু। ব্যাকুল।
بےتابانہ (বেতাবানহ্) ফাঃ নাঃ পুং ; ভীতু। শঙ্কিত। আতঙ্কিত।
بےتابی (বেতাবী) ফাঃ নাঃ স্ত্রীং ; চাঞ্চল্য। ব্যাকুলতা। অস্থিরতা। অসহিষ্ণুতা।
بےتاثیر (বেতাসীর) ফাঃ বিঃ ; প্রতিক্রিয়াহীন। অনর্থক।
بےتالا (বে-তালা) হিঃ বিঃ ; বেতাল। তালভঙ্গ। কোন নিয়মের ধার ধারে না এমন লোক।
بے تامل (বে-তাআম্মুল)' ফাঃ বিঃ ; নিশ্চিন্ত। নিঃসংশয়াবিষ্ট। দ্বিধাহীন।
بےتحاشا (বে-তহাশা) ফাঃ বিঃ ; অশান্তভাবে। অতিশয়। অশেষ। অস্থিরত্ব।
بےتدبیر (বে-তদবীর) ফাঃ বিঃ ; নিঃচেষ্ট। বেপরোয়া। নির্ভয়। অগ্রাহ্যকারী।
بےترتیب (বে-তারতীব) ফাঃ বিঃ ; বিশৃংখল। অবিন্যস্ত। এলোমেলো।
بے تردد (বে-তারাদ্দুদ) ফাঃ বিঃ ; নিঃসংশয়।
بےترکیب (বে-তারকীব) ফাঃ বিঃ ; অসংলগ্ন। বিযুক্ত। পৃথক।
بےتصریع (বে-তাসরী') ফাঃ বিঃ ; অকৃত্রিম। শ্রমহীন।
بے تعلق (বে-তাআল্লুক) ফাঃ বিঃ ; নিঃসঙ্গ। নিঃসম্পর্ক। আলগ। যোগাযোগহীন।
بےتعویق (বে-ত'বীক) ফাঃ বিঃ ; দ্বিধাহীন। ইতস্ততঃহীন।
بے تقصیر (বে-তাক্বসীর) ফাঃ বিঃ ; নির্দোষ। নিরপরাধ। নিষ্কলঙ্ক। নিষ্পাপ।
بےتکا (বে-তুকা) ফাঃ বিঃ ; অসৌজন্য। অবাঞ্ছনীয়।
بےتکان (বে-তকান্) ফাঃ বিঃ ; অনায়াসে। সহজে। নিঃসংকোচে। অসীম।
بےتکلف (বে-তাকাল্লুফ) ফাঃ বিঃ ; অকৃত্রিম। স্বাভাবিক। সরল। নির্বিঘ্ন। অন্তরঙ্গ।
بےتکلفی (বে-তাকাল্লুফী) ফাঃ নাঃ স্ত্রীং ; সংকোচহীনতা। অকৃত্রিমতা। স্বাভাবিকতা। অন্তরঙ্গতা।
بےتکی (বে-তকী) ফাঃ নাঃ স্ত্রীং ; অবাঞ্ছনীয়। অবাঞ্ছিত। অপ্রত্যাশিত। অনাকাঙ্খিত।
بےتمیز (বে-তমীয) ফাঃ বিঃ ; অসভ্য। দুষ্ট। স্পর্ধিত।
بےتوجہ (বে-তাওয়া'জ্জুহ) ফাঃ বিঃ ; অমনযোগী। অন্যমনস্ক। উদাসীন। নিশ্চিন্ত।
بےتوفیق (বে-তাওফীক) ফাঃ বিঃ ; অতল। অত্যান্ত গভীর। অতলসমুদ্র।
بے ٹکٹ (বে-টিকিট্) ফাঃ বিঃ ; মাসুল ইত্যাদি প্রদানের নিদর্শন পত্রহীন। টিকিট নাই এমন।
بےٹھکانہ (বে-ঠিকানাহ্) ফাঃ বিঃ ; ঠিকানাহীন। পরিচয় হীন। বাস্তহারা। ভূমিহীন। ছিন্নমূল।
بےٹھور ٹھکانے (বে-ঠোর্ ঠিকানে) ফাঃ বিঃ ; ঘরছাড়া। ভবঘুরে।
بےثبات (বে-সবাত) ফাঃ বিঃ ; অস্থায়ী। স্থায়িত্বহীন। নড়বড়ে।
بےجا (বে-জা) ফাঃ বিঃ ; অস্থান। অসময়। অশোভন। অতিরঞ্জন। অনুচিত।
بےجابات (বে-জা-বাত্) হিঃ নাঃ স্ত্রীং ; অনুচিত কথা। অশোভনীয় কথা।
بےجان (বে-জান) ফাঃ বিঃ ; মৃত। মৃত্যু প্রাপ্ত। কৃশ। দুর্বল। বিহ্বল।
بے جرم (বে-জুরম) ফাঃ বিঃ ; নিরপরাধ। নিষ্কলঙ্ক। নির্দোষ।
بےجگر (বে-জিগর) ফাঃ বিঃ ; বেপরোয়া। নির্ভীক। বাহাদুর। বীরপুরুষ।
بےجگری (বে-জিগরী) ফাঃ নাঃ স্ত্রীং ; নির্ভীকতা। বীরত্ব।
بےجوڑ (বে-জোড়) ফাঃ বিঃ ; অসংলগ্ন। অসংহত। অশোভনীয়।

بےجہت (বে-জহত্) ফাঃ বিঃ ; অহেতুক। অকারণে।

بےچارہ (বে-চারা) ফাঃ বিঃ ; অসহায়। অনাথ। নিঃস্ব। হতভাগ্য। নিরাশ্রয়।

بےچراغ (বে-চেরাগ) ফাঃ বিঃ ; নাশিত। ধ্বংসপ্রাপ্ত। বিলীন।

بےچگول (বে-চগোল) ফাঃ বিঃ ; দুর্বোধ্য। অতীন্দ্রিয়।

بےچوبہ (বে-চওবাহ) ফাঃ বিঃ ; স্তম্ভহীন চাঁদোয়া। আকাশ।

بےچوں (বে-চোঁ) ফাঃ বিঃ ; বেনজির। অনুপম। অতুল। অনন্য।

بےچون وچرا (বে-চুঁ ও চিরা) ফাঃ বিঃ ; কোন প্রকার অজুহাত ব্যতিরেকে। বাদানুবাদ ছাড়া।

بےچین (বে-চাইন) ফাঃ বিঃ ; অস্থির। অশান্ত। ব্যাকূল।

بےچینی (বে-চাইনী) ফাঃ নাঃ স্ত্রীং ; আকুলতা। অশান্তি। চাঞ্চল্য।

بےحاصل (বে-হাসিল) ফাঃ বিঃ ; অনর্থক। সারবত্তাহীন।

بےحال (বে-হাল) ফাঃ বিঃ ; দিশেহারা। বেগতিক। দুর্দশাগ্রস্ত।

بےحجاب (বে-হিজাব) ফাঃ বিঃ ; খোলামেলা। উন্মুক্ত। অনাচ্ছাদিত। বে-শরম। বেতমিয। অশালীন। উলঙ্গ।

بےحجابانہ (বে-হিজাবানহ্) ফাঃ নাঃ পুং ; বাধাহীন। নির্বিঘ্ন। স্বাভাবিক।

بےحرکت (বে-হরকত) ফাঃ বিঃ ; অচঞ্চল। অনড়। স্থির। অবিচল।

بےحرمت (বে-হুরমত) ফাঃ বিঃ ; লাঞ্ছিত। অপদস্থ।

بےحرمت کرنا (বে-হুরমত কর্না) উঃ ক্রিঃ ; লাঞ্ছিত করা।

بےحرمتی (বে-হুরমতী) ফাঃ নাঃ স্ত্রীং ; লাঞ্ছনা। অমর্যাদা। অপদস্ততা।

بےحس (বে-হিস) ফাঃ বিঃ ; অনুভূতিহীন। বোধশক্তিহীন।

بےحس وحرکت (বে-হিস ওয়া হরকত) ফাঃ বিঃ ; অচঞ্চল। স্থির। দিশেহারা। বোধহীন।

بےحساب (বে-হিসাব) ফাঃ বিঃ ; অসংখ্য। অনন্ত। অশেষ।

بےحقیقت (বে-হাকীকত্) ফাঃ বিঃ ; মূলশূন্য। মর্যাদাহীন। ভিত্তিহীন। উদ্ভট।

بےحکمت (বে-হিক্মত) ফাঃ বিঃ ; অনভিজ্ঞ। আনাড়ি। ভালমন্দের বিচার বোধহীন।

بےحلاوت (বে-হালাওয়াত) ফাঃ বিঃ ; বিস্বাদ। অতৃপ্ত।

بےحمیت (বে-হামিয়্যত) ফাঃ বিঃ ; নির্লজ্জ। বে-শরম। অমানবিক।

بےحواس (বে-হওয়াস) ফাঃ বিঃ ; প্রগলভ। আত্মহারা। ব্যাকুল। স্তম্ভিত। দিশেহারা।

بےحوصلہ (বে-হওসিলাহ্) ফাঃ বিঃ ; নিরুৎসাহিত। নীচ। নিরুদ্দীপিত। অযোগ্য।

بےحیا (বে-হায়া) ফাঃ বিঃ ; নির্লজ্জ। বে-শরম। ধৃষ্ট। স্পর্ধিত। অসৎ। অসভ্য।

بےحیائی (বে-হায়ায়ী) ফাঃ নাঃ স্ত্রীং ; বেলেল্লাপনা। অসভ্যতা। অশ্লীলতা।

بےخار (বে-খার) ফাঃ বিঃ ; নিষ্কন্টক। নির্ভয়। যুবক। তরুণ। সন্ধিকাল।

بےخانماں (বে-খানমাঁ) ফাঃ বিঃ ; বাস্তহারা। অপরিচিত। ঠিকানাহীন।

بےخبر (বে-খবর) ফাঃ বিঃ ; অনবধিত। অনবহিত। নির্বোধ। অজ্ঞ। জ্ঞানহীন।

بےخبری (বে-খবরী) ফাঃ নাঃ স্ত্রীং ; ঔদাসীন্য। শিথিলতা। মূর্খতা। অজ্ঞতা।

بےخطا (বে-খতা) ফাঃ বিঃ ; নিরপরাধ। নির্দোষ। নিষ্কলুষ।

بےخطر (বে-খতর) ফাঃ বিঃ ; নির্ভয়। নিঃশঙ্ক। নিরাপদ। নিশ্চিন্ত।

بےخلش (বে-খলশ) ফাঃ বিঃ ; নিরুদ্বিগ্ন। নিঃসংশয়। নিশ্চিন্ত।

بےخواب (বে-খাব) ফাঃ বিঃ ; সজাগ। নিদ্রাহীন। অশান্ত।

بےخوابی (বে-খাবী) ফাঃ নাঃ স্ত্রীং ; নিদ্রাহীনতা। অস্থিরতা।

بےخود (বে-খোদ) ফাঃ বিঃ ; আত্মহারা। আত্মবিস্মৃত। নিজ সম্পর্কে অচেতন। আত্মচেতনাহীন।

بےخودی (বে-খোদী) ফাঃ বিঃ ; আত্মবিস্মৃতি। উন্মাদনা। আত্মনিয়ন্ত্রণহীনতা।

بےخوروخواب (বে-খোরওখাব) ফাঃ বিঃ ; আহার-বিহারহীন। অশান্তি। অসুখ।

بےخوف (বে-খওফ্) ফাঃ বিঃ ; বেপরোয়া। অবজ্ঞাকারী। নির্ভয়। নির্ভীক।

بےخیال (বে-খিয়াল) ফাঃ বিঃ ; অন্যমনস্ক। আনমনা। অগ্রাহ্যকারী।

بےداد (বে-দাদ) ফাঃ বিঃ ; অন্যায়। অত্যাচার। বেইনসাফী।

بےدادگر (বে-দাদ্গর) ফাঃ বিঃ ; অত্যাচারী। অনাচারী।

بےدادگری (বে-দাদ্গরী) ফাঃ বিঃ ; অন্যায়। অবিচার। অনাচার। স্পর্ধা।

بیدار (বেদার) ফাঃ বিঃ ; বিনিদ্র। জাগরিত। সজাগ।

بیدار باش (বেদার বাশ) ফাঃ ; হুঁশিয়ার থাকা। চৌকিদারের সাবধান বাণী।

بیدار بخت (বে-দার বখ্ত) ফাঃ বিঃ ; সৌভাগ্য। খোশনসীব।

بےدار مغز (বে-দার মগয) ফাঃ বিঃ ; উন্নত মস্তিষ্ক। সতর্ক। চৌকস।

بےداغ (বে-দাগ্) ফাঃ বিঃ ; নিষ্কলঙ্ক। পরিচ্ছন্ন। নিরপরাধ।

بےدام (বে-দাম) ফাঃ বিঃ ; মূল্যহীন। মুফ্ত। ফ্রী।

بےدام کاغلام (বে-দামকা গুলাম) ফাঃ নাঃ পুং ; মাগনা গোলাম। অনুগত। বাধ্যগত।

بےدانش (বে-দানিশ্) ফাঃ বিঃ ; জ্ঞানহীন। মূর্খ। বুদ্ধিহীন। নির্বোধ।

بےدانہ (বে-দানাহ্) ফাঃ বিঃ ; বিচিহীন ফল। বেদানা।

بےدخل (বে-দখল) ফাঃ বিঃ ; অধিকারচ্যুত। বে-দখল।

بےدخل کرنا (বে-দখলকরনা) উঃ ক্রিঃ ; অধিকারচ্যুত করা। বহিষ্কার করা।

بےدخلی (বে-দখলী) ফাঃ বিঃ ; বহিষ্করণ। বঞ্চিতকরণ। অধিকার বিচ্যুতকরণ।

بےدرد (বে-দরদ) ফাঃ বিঃ ; নির্দয়। নির্মম। কঠোর। প্রিয়তম। পাষাণ।

بےدردی (বে-দরদী) ফাঃ নাঃ স্ত্রীং ; অন্যায়। নির্দয়তা। নির্মমতা।

بےدرماں (বে-দরমাঁ) ফাঃ বিঃ ; অনারোগ্য। অচিকিৎসনীয়। হতাশ। দুরারোগ্য।

بےدرنگ (বে-দরঙ্গ) ফাঃ বিঃ ; অনতিবিলম্বে। শীঘ্র। সত্বর। ত্বরায়।

بےدریغ (বে-দরীগ) ফাঃ বিঃ ; নির্দ্বিধায়। নিঃসঙ্কোচে। নিশ্চিন্ত। বদান্য। দানশীল। অতিমাত্রায়। অধিকহারে।

بےدست وپا (বে-দস্তওপা) ফাঃ বিঃ ; আতুর। বিকলাঙ্গ। বিকলেন্দ্রিয়। অঙ্গহীন। প্রতিবন্ধী। বিকৃতাঙ্গ। দুর্বল। বাধ্য।

بےدستور (বে-দস্তুর) ফাঃ বিঃ ; বেআইনী। অরাজক। নিষিদ্ধ। আইন বিরুদ্ধ।

بےدل (বে-দিল) ফাঃ বিঃ ; মনঃক্ষুন্ন। উদাসীন। চিন্তিত। সংসার বিমুখ। মোহমুক্ত। নিরাসক্ত। নির্ভীক। বাহাদুর।

بےدم (বে-দম) ফাঃ বিঃ ; প্রাণহীন। মৃত। অক্ষম। অসমর্থ। শ্রান্ত। ক্লান্ত। অলস। নাজেহাল।

بےدماغ (বে-দিমাগ) ফাঃ বিঃ ; অখুশী। অপ্রসন্ন। নাখোশ। অসন্তোষ।

بےدوش (বে-দোশ) ফাঃ বিঃ ; নির্দোষ।

নিষ্পাপ। নিরপরাধ। উত্তম। উৎকৃষ্ট।

بےدولت (বে-দৌলত্) ফাঃ বিঃ ; ঐশ্বর্যহীন। দরিদ্র। নিঃস্ব।

بےدولہاکی برات (বে-দুলহাকী বরাত্) হিঃ নাঃ স্ত্রীং ; অযথা লোক সমাগম। নিরর্থক সমাবেশ।

بےدھڑک (বে-ধড়ক) হিঃ বিঃ ; বেধড়ক। বেজায়। নির্ভয়। নিঃশঙ্ক। স্বাভাবিক। নির্ভীক। বীরপুরুষ।

بےدھن (বে-দুহন্) ফাঃ বিঃ ; বাকশক্তিহীন। মূক।

بےدید (বে-দীদ) ফাঃ বিঃ ; চক্ষুলজ্জাহীন। বে-শরম।

بےدیکھے بھالے (বে-দেখেভালে) হিঃ বিঃ ; অপরীক্ষিত। দেখাশোনা ব্যতীত।

بےڈول (বে-ডোল) হিঃ বিঃ ; বিশ্রী। কুশ্রী। কুৎসিত। বিসদৃশ।

بےڈھب (বে-ঢপ) হিঃ বিঃ ; অযৌক্তিক। অনায়ত্ব। অপরিচিত। বেজায়। অদ্ভুত। নির্মম। নির্দয়। বিপজ্জনক।

بےڈھنگا (বে-ঢঙ্গা) হিঃ নাঃ পুং ; অসদাচরণ। অভদ্র। অসুশীল। বিপথে চালিত।

بےڈھنگی (বে-ঢঙ্গী) হিঃ নাঃ স্ত্রীং ; বিপথগামিনী।

بےڈھنگی بات (বে-ঢঙ্গীবাত) হিঃ নাঃ স্ত্রীং ; অযৌক্তিক কথা।

بے ذوق (বে-যওক) ফাঃ ; পানসে। বিস্বাদ। অসার। জলো। ফিকে।

بےراہ (বে-রাহ) ফাঃ বিঃ ; পথভ্রষ্ট। বে-আইনী। অশিষ্ট রীতি।

بےراہرو (বে-রাহ্‌রাও) ফাঃ বিঃ ; বিপথগামী। অসদাচরণকারী।

بےراہروی (বে-রাহ্‌রবী) ফাঃ নাঃ স্ত্রীং ; বিপথগামিতা। উচ্ছন্নতা।

بے ربط (বে-রব্‌ত) ফাঃ বিঃ ; সম্পর্কহীন। অমিল। যোগাযোগহীন।

بے رت (বেরুত) ফাঃ বিঃ ; অকাল। অসময়। বেমৌসুম।

بےرحم (বে-রহম) ফাঃ বিঃ ; নির্দয়। নির্মম। পাষাণ। কঠিন হৃদয়।

بےروخی (বে-রুখী) ফাঃ নাঃ স্ত্রীং ; অগ্রাহ্যতা। অবজ্ঞা, উপেক্ষা তুচ্ছজ্ঞান।

بےرنگ (বে-রঙ্গ) হিঃ বিঃ ; বিবর্ণ। অনুজ্জল। ফ্যাকাশে। ফিকে।

بارو پ (বে-রোপ) হিঃ নাঃ স্ত্রীং ; কুশ্রী। অসুন্দর। ত্রুটিপূর্ণ। অনুজ্জল।

بےروزگار (বে-রোজগার) ফাঃ বিঃ ; উপজীবিকাহীন।

بےروزہ (বে-রোযাহ্) ফাঃ বিঃ ; যার রোজা অশুদ্ধ।

بےروک ٹوک (বে-রোক টোক্) ফাঃ বিঃ ; নির্বিঘ্ন। বাধাহীন।

بےرونق (বে-রৌনক্) ফাঃ বিঃ ; নিস্প্রভ। দীপ্তিশূন্য। নিস্তেজ।

بےریا (বে-রিয়া) ফাঃ বিঃ ; লৌকিকতা বর্জিত। অকৃত্রিম। বিমল মনের অধিকারী।

بےریش (বে-রেশ) ফাঃ বিঃ ; দাড়ি গোঁফহীন। অনভিজ্ঞ। আনাড়ি। মাকুন্দু।

بےریشہ (বে-রেশাহ্) ফাঃ বিঃ ; লোমহীন। রগশুন্য। পরিস্কার।

بےزار (বে-যার) ফাঃ বিঃ ; বেজার। নাখোশ। অপ্রসন্ন। হতাশ।

بےزبان (বে-যুবান) ফাঃ বিঃ ; নির্বাক। নিশ্চুপ। বাকশক্তিহীন। মূক। স্বল্পভাষী।

بےزر (বে-যর) ফাঃ বিঃ ; দরিদ্র। অভাবী। কাঙ্গাল। গরীব।

بےزری (বে-যরী) ফাঃ নাঃ স্ত্রীং ; দরিদ্রতা। অভাব। অনটন। পরমুখাপেক্ষিতা।

بےزوال (বে-যওয়াল) ফাঃ বিঃ ; অব্যয়। অক্ষয়। অবিনশ্বর। স্থায়ী।

بےزہرہ (বে-যহ্‌রহ) ফাঃ বিঃ ; ধৈর্যশীল। পরিতৃপ্ত। সুশীল। সানন্দ চিত্তে।

بےساختگی (বে-সাখ্‌তগী) ফাঃ নাঃ স্ত্রীং ; সরলতা। অকৃত্রিমতা।

بےساختہ (বে-সাখ্‌তাহ) ফাঃ বিঃ ; স্বতঃস্ফূর্ত। তৎক্ষণাৎ। অকৃত্রিম। প্রাকৃতিক। স্বাভাবিক।

بےساختہ پن (বে-সাখ্‌তাহপন) ফাঃ নাঃ পুং ; স্বাভাবিকত্ব। সারল্য। তাৎক্ষণিকত্ব।

بےساز (বে-সায্‌) ফাঃ বিঃ ; পণ্যসামগ্রী ব্যতীত।

بےسامانی (বে-সামানী) ফাঃ নাঃ স্ত্রীং ; দরিদ্রতা। অভাব। অবলম্বনহীনতা।

بےسبب (বে-সবব) ফাঃ বিঃ ; অকারণে। খামাখা। নিষ্প্রয়োজন।

بےست (বে-সত) ফাঃ বিঃ ; অসমর্থ। শক্তিহীন।

بےستر (বে-সতর) ফাঃ বিঃ ; বেআব্রু। বেহায়া। উলঙ্গ। বিবস্ত্র।

بےستون (বেসতোন্‌) ফাঃ বিঃ ; খুঁটিহীন। ভিত্তিহীন। ইরানের একটি পর্বত।

بےسدہ (বে-সুধ) হিঃ বিঃ ; বোধহীন। অচেতন। অজ্ঞান।

بےسرا (বে-সিরা) হিঃ বিঃ ; ভবঘুরে। কুঅভ্যাস। নেতৃত্বহীন। বেওয়ারিস।

بےسرا (বে-সুরা) হিঃ বিঃ ; রাগিণীর তালের সমতাহীনতা। বেতালা। বেসুরো।

بےسروپا (বে-সির ওপা) ফাঃ বিঃ ; ব্যাকুল। অস্থির। অর্থহীন। অসত্য। শূন্যগর্ভ। ভিত্তিহীন।

بےسرت (বে-সুরত) হিঃ বিঃ ; আহাম্মক। অভাবী। বেহুঁশ।

بےسروسامان (বে-সরোসামান) ফাঃ বিঃ ; দরিদ্র। ফকীর। কাঙ্গাল।

بےسلیقہ (বে-সলীকহ্‌) ফাঃ বিঃ ; অনুভূতিহীন। ধৃষ্ট। বেতমীজ।

بےسود (বে-সোদ) ফাঃ বিঃ ; নিষ্ফল। বেফায়দা।

بےشائبہ (বে-শায়িবাহ্‌) ফাঃ বিঃ ; নিঃসন্দেহে। অবশ্যম্ভাবীরূপে।

بےشعور (বে-শউর) ফাঃ বিঃ ; বেকুল। বেতমীজ। আহাম্মক। বোকারাম। হাঁদারাম। মগা।

بےشک (বে-শক্‌) ফাঃ বিঃ ; সন্দেহহীন। সঠিক। নিঃসংশয়। আবশ্যিক।

بےشمار (বেশুমার) ফাঃ বিঃ ; অগণিত। অসংখ্য। বেহিসাব।

بےصبر (বে-সবর) ফাঃ বিঃ ; অধৈর্য। আকুল। অশান্ত।

بےصبری (বে-সবরী) ফাঃ নাঃ স্ত্রীং ; ব্যাকুলতা। অধৈর্যতা।

بےصرفہ (বে-সরফহ্‌) ফাঃ বিঃ ; অনর্থক। অতিশয়। অসতর্কতামূলক।

بےضابطہ (বে-যাবিতাহ্‌) ফাঃ বিঃ ; বেআইনী। আইন বিরুদ্ধ।

بےضابطگی (বে-যাবিতগী) ফাঃ নাঃ স্ত্রীং ; অনিয়মতান্ত্রিকতা।

بےضرورت (বে-যরুরত) ফাঃ বিঃ ; যার কোন প্রয়োজন নাই এমন।

بےطالع (বে-তালি') ফাঃ বিঃ ; হতভাগ্য। ভাগ্যহীন।

بےطرح (বে-তরহ্‌) ফাঃ বিঃ ; আশ্চর্যজনকভাবে। খারাপভাবে। অন্যায়ভাবে।

بےطریق (বে-তরীক) ফাঃ বিঃ ; অবৈধভাবে। খারাপভাবে। অন্যায়ভাবে।

بےطلب (বে-তলব) ফাঃ বিঃ ; যাঞ্চা ব্যতীত। অনাহুতভাবে।

بےطمع (বে-তমা) ফাঃ বিঃ ; লালসা ব্যতীত। স্বয়ংসম্পূর্ণ।

بےطور (বে-তোর) ফাঃ বিঃ ; অস্বাভাবিকভাবে। অতিশয়।

بےعدیل (বে-আদীল) ফাঃ বিঃ ; অনুপম। অনন্য।

بےعزت (বে-ইজ্জত) ফাঃ বিঃ ; লাঞ্ছিত। অপদস্ত। কুখ্যাত।

بےعزتی کرنا (বে-ইজ্জতী করনা) উঃ ক্রিঃ ; অবমাননা করা। লাঞ্ছিত করা।

بےعقل (বে-আকল্‌) ফাঃ বিঃ ; স্বল্পবুদ্ধি।

বেকুল।

بےعلت (বে-ইল্লত) ফাঃ বিঃ ; অকারণ। অহেতুক।

بےعنوان (বে-উনওয়ান) ফাঃ বিঃ ; শিরোনামহীন। ঠিকানাহীন। বেফায়দা।

بےعنوانی (বে-উনওয়ানী) ফাঃ বিঃ স্ত্রীং ; অনিয়মতান্ত্রিকতা। বিশৃংখলা।

بےعیب (বে-আইব) ফাঃ বিঃ ; নিষ্কলঙ্ক। কালিমাহীন। বিমল। উত্তম। ভাল।

بےعیب ذات (বে-আইবযাত) ফাঃ নাঃ স্ত্রীং ; নিষ্কলঙ্ক সত্তা।

بےغایت (বে-গায়াত) ফাঃ আঃ বিঃ ; অনন্ত। অসীম।

بےغرض (বে-গরয্) ফাঃ বিঃ ; অনভিলাষী। অগ্রাহ্যকারী। সংসার বিরাগী।

بے غل وغش (বে-গল্ওগশ) ফাঃ আঃ বিঃ ; নিঃসঙ্কোচে। নির্দ্বিধায়। বেপরোয়াভাবে। কোন প্রকার কায়-ক্লেশ ব্যতীত।

بےغم (বে-গম) ফাঃ বিঃ ; যার কোন চিন্তা নাই এমন, নিশ্চিন্ত। পুলকিত। আনন্দিত।

بےغیرت (বে-গয়রত) ফাঃ বিঃ ; বেহায়া। বেশরম। আত্মসম্ভ্রমবোধহীন।

بےفائدہ (বে-ফায়িদাহ্) ফাঃ বিঃ ; বেকার। নিস্প্রয়োজন। অর্থহীন। অকারণে।

بےفصل (বে-ফসল) ফাঃ বিঃ ; অসময়। বেমৌসুম। অনবরত।

بےفصل کی بہار (বে-ফসল্কী বাহার) ফাঃ নাঃ স্ত্রীং ; অমৌসুমী ফল। অকাল।

بےفکر (বে-ফিকির) ফাঃ বিঃ ; চিন্তামুক্ত। স্বাধীন।

بےفیض (বে-ফয়য) ফাঃ বিঃ ; কৃপণ। ব্যয়কুণ্ঠ। দুর্ভাগা।

بےقابو (বে-ক্বাবু) ফাঃ বিঃ ; অনায়ত্ত। অবশীভূত। স্বাধীন।

بےقاعدہ (বে-ক্বায়িদাহ) ফাঃ বিঃ ; নিয়ম বহির্ভূত। অনিয়মতান্ত্রিক।

بےقدر (বে-ক্বদর) ফাঃ বিঃ ; অকৃতজ্ঞ। লজ্জাহীন।

بےقرار (বে-ক্বরার) ফাঃ বিঃ ; অধৈর্য। অসহিষ্ণু। অসংযমী। অসংযতা।

بےقرینہ (বে-ক্বরীনাহ) ফাঃ বিঃ ; অসম্বন্ধ। পরস্পর সম্পর্কহীন।

بےقصد (বে-ক্বসদ) ফাঃ বিঃ ; অনিচ্ছাকৃতভাবে। এমনি এমনি।

بےقصور (বেকসুর) ফাঃ বিঃ ; নিরপরাধ। বেকসুর।

بےقیاس (বে-ক্বিয়াস) ফাঃ হিঃ ; অননুমিত। অকল্পনীয়। অগণিত।

بےقید (বে-ক্বয়দ) ফাঃ বিঃ ; বন্ধনহীন। মুক্ত। স্বাধীন।

بےکار (বে-কার) ফাঃ বিঃ ; বেকার। কর্মহীন। জীবিকাহীন। অকারণ। নিস্ফল। অপ্রকৃষ্ট।

بےکاری (বে-কারী) ফাঃ নাঃ স্ত্রীং ; বেকারত্ব। কর্মহীনতা।

بےکران (বে-করাঁ) ফাঃ বিঃ ; অত্যধিক। মাত্রাতিরিক্ত। কূলহীন।

بےکس (বে-কস) ফাঃ বিঃ ; সহায়হীন। স্বজনহীন। নিঃসঙ্গ। একা। অভাবী। বিদেশী।

بےکسی (বে-কাসী) ফাঃ নাঃ স্ত্রীং ; নিঃসঙ্গতা। একাকীত্ব। নিঃসহায়।

بےکل (বে-কুল) হিঃ নাঃ স্ত্রীং ; ব্যাকুল। উদগ্রীব। ব্যগ্র। উৎকণ্ঠিত।

بےکلی (বে-কুলী) হিঃ নাঃ স্ত্রীং ; উদ্বিগ্নতা। ব্যগ্রতা। উৎকণ্ঠা।

بےکم وکاست (বে-কম্ ও কাস্ত) ফাঃ বিঃ ; বেশ কমহীন। সঠিক।

بےگار (বেগার) ফাঃ বিঃ ; বিনা বেতনে খাটুনি। বেগার।

بےگانگی (বে-গানাগী) ফাঃ নাঃ স্ত্রীং ; সম্পর্কহীনতা।

بےگانہ (বে-গানাহ্) ফাঃ নাঃ স্ত্রীং ; অনাত্মীয়। অপরিচিত। বিদেশী।

بےگمان (বে-গুমাঁ) ফাঃ বিঃ ; নিশ্চিত। নিঃসন্দেহ।

بےگناہ (বে-গুনাহ্) ফাঃ বিঃ ; নিষ্পাপ। নির্দোষ।

بےگناہی (বেগুনাহী) ফাঃ নাঃ স্ত্রীং ; নিষ্কলুষতা।

بےگنت (বে-গিন্‌ত) ফাঃ বিঃ ; অগণিত। অশেষ।

بےگوروکفن (বে-গোরওকাফন) ফাঃ বিঃ ; যার ভাগ্যে সমাধি বা কাফন কিছুই মিলেনি এমন।

بےگھر (বে-ঘর) ফাঃ বিঃ ; ঘরছাড়া। ঠিকানাহীন। ভবঘুরে।

بےلحاظ (বে-লিহায) ফাঃ বিঃ ; অসংযত। অশিষ্ট। অশালীন।

بےلطف (বে-লুৎফ) ফাঃ বিঃ ; বিস্বাদ। বিবর্ণ।

بے لگام (বে-লাগাম্) ফাঃ বিঃ ; বলগা হীন। লাগাম ছাড়া। নিয়ন্ত্রনহীন। যথেচ্ছাচারী। অসংযত। ধৃষ্ট।

بےلگاؤ (বে-লাগাও) ফাঃ বিঃ ; বিযুক্ত। অসংলগ্ন। নাগালের বাইরে।

بے لوث (বে-লওস্) ফাঃ বিঃ ; খাঁটি। নির্ভেজাল।

بےلیے دے (বে-লে-দে) হিঃ ; নির্ব্যয়ে। উৎকোচ ব্যতিরেকে।

بے ماتر (বে-মাতর্) হিঃ বিঃ ; বৈমাত্রেয়। বিমাতার গর্ভজাত।

بے مدمن (বে-মাদ্‌মন) ফাঃ বিঃ ; নিরহঙ্কার।

بےمائگی (বে-মায়ীগী) ফাঃ নাঃ স্ত্রীং ; দরিদ্রতা। অনটন।

بےمایہ (বে-মায়াহ্) ফাঃ বিঃ ; দরিদ্র। প্রাচুর্যহীন।

بےمثال (বে-মিসাল্) ফাঃ বিঃ ; যার তুলনা হয় না এমন। অতুলনীয়।

بےمحابا (বে-মাহাবা) ফাঃ বিঃ ; নির্ভয়। নিশ্চিন্ত।

بےمحل (বে-মাহল্) ফাঃ বিঃ ; অস্থানে। অজায়গায়।

بےمروت (বে-মরুওয়ত) ফাঃ বিঃ ; চক্ষুলজ্জা নাই এমন। নির্দয়। অত্যাচারী। ধৃষ্ট। উদ্ধত।

بےمزگی (বে-মযগী) ফাঃ নাঃ স্ত্রীং ; নৈর্ব্যক্তিকতা। নির্লিপ্ততা। নিরাসক্তি। উৎকণ্ঠা। অস্বস্তি।

بےمزہ (বে-মযহ্) ফাঃ বিঃ ; বিস্বাদ। রুষ্ট। ক্ষুব্ধ। সন্তপ্ত। রোগগ্রস্ত।

بےمصرف (বে-মাস্‌রাফ) ফাঃ বিঃ ; বেকার। অর্থহীন।

بےمعنی (বে-মানা) ফাঃ বিঃ ; অর্থশূন্য। অযথা।

بےمقدور (বে-মাকদূর) ফাঃ বিঃ ; অসমর্থ। দরিদ্র। গুরুত্বহীন।

بےمغز (বে-মগ্‌য) ফাঃ বিঃ ; অসার। শূন্যগর্ভ।

بےمنت (বে-মিন্নত্) ফাঃ বিঃ ; অনপেক্ষ। ক্লেষশূন্য। নিরুদ্দেশ।

بے موجب (বে-মওজব) ফাঃ বিঃ ; অকারণ। অহেতুক। শুধুশুধু। মিছামিছি।

بےموسم (বে-মৌসম) ফাঃ বিঃ ; অকাল। অসময়।

بےموقع (বে-মও'ক') ফাঃ বিঃ ; অস্থানে। স্থানমত নয় এমন।

بےمہار (বে-মহার) ফাঃ বিঃ ; নির্বিঘ্ন। বন্ধুহীন।

بےمہری (বে-মহরী) ফাঃ নাঃ স্ত্রীং ; নিষ্ঠুরতা। অমনযোগিতা।

بےمیل (বে-ময়ল্) ফাঃ বিঃ ; বিমল। অকলুষিত।

بےمیل (বে-মীল) ফাঃ বিঃ ; সম্পর্কহীন।

بےنام (বে-নাম) ফাঃ বিঃ ; অখ্যাত। অপ্রসিদ্ধ।

بےنام و شان (বে-নাম ওনিশান) ফাঃ নাঃ ; অপরিচিত। জানা শুনা নাই এমন।

بےنصیب (বে-নসীব) ফাঃ বিঃ ; হতভাগা। বঞ্চিত। অশিষ্ট।
بےنظیر (বে-নযীর) ফাঃ বিঃ ; বে-নজির। অতুলনীয়। অনন্য।
بےنقط (বে-নোক্‌ত) ফাঃ বিঃ ; নুকতাশূন্য বর্ণমালার দ্বারা গঠিত শব্দ বিশেষ।
بےنماز (বে-নামায) ফাঃ বিঃ ; নামায বর্জনকারী। বেনামাযী।
بےنمك (বে-নিমক) ফাঃ বিঃ ; স্বাদহীন। ফিকে। বিবর্ণ। ফ্যাকাশে। উস্কুখুস্কু।
بےنمك آواز (বে-নিমক্ আওয়াজ) ফাঃ নাঃ পুং ; বেসুরো ধ্বনি।
بے نمود (বে-নমূদ) ফাঃ বিঃ ; গুরুত্বহীন। অপ্রসিদ্ধ। সাধারণ।
بےننگ (বে-নঙ্গ) ফাঃ বিঃ ; বেহায়া। লজ্জাহীন।
بےنوا (বে-নওয়া) ফাঃ বিঃ ; অবলম্বনহীন। সঙ্গতিহীন। অসহায়।
بےنوائی کرنا (বে-নওয়ায়ী করনা) উঃ বিঃ ; নিঃস্বের ভান করা।
بےنیاز (বে-নায়ায) ফাঃ বিঃ ; বেপরোয়া। স্বাধীন।
بےنیل مرام (বে-নয়লে-মুরাম) ফাঃ আঃ বিঃ ; অকৃতকার্য। অসাফল্য মন্ডিত।
بےوارثا (বে-ওয়ারিসা) ফাঃ বিঃ ; যার কোন সহায়তাকারী নাই এমন।
بےوجه (বে-অজ্‌হ) ফাঃ বিঃ ; কোন কারণ ছাড়া। অকারণে।
بےوحدت (বে-ওহ্‌দত) ফাঃ বিঃ ; বেআদব। স্পর্ধিত। উদ্ধত।
بےوطن (বে-অ'তন) ফাঃ বিঃ ; দেশান্তরিত। পর্যটক।
بےوطنی (বে-অ'তনী) ফাঃ নাঃ স্ত্রীং ; বিদেশ। স্বদেশের বাইরে হওয়া।
بےوسواس (বে-ওস্‌ওয়াস্‌) ফাঃ বিঃ ; প্রতিশ্রুতি ভঙ্গকারী। অকৃতজ্ঞ। কপট।
بےوفا (বে-ওফা) ফাঃ বিঃ ; নিঃসন্দেহে। নিশ্চিন্ত। সংশয়মুক্ত।
بےوفائی (বে-ওফায়ী) ফাঃ নাঃ স্ত্রীং ; অবিশ্বস্ততা। অকৃতজ্ঞতা।
بےوقار (বে-ওক্বার) ফাঃ বিঃ ; অপমানিত। লাঞ্ছিত। গুরুত্বহীন।
بےوقت (বে-ওক্‌ত) ফাঃ বিঃ ; অসময়। অকাল।
بےوقت كاالاپ (বে-ওক্‌তকা আলাপ) হিঃ নাঃ স্ত্রীং ; অহেতুক কলহ।
بےوقر (বে-ওক্বর) ফাঃ বিঃ ; সম্মানহীন। ছোটমনা।
بےوقری (বে-ওক্বরী) ফাঃ নাঃ স্ত্রীং ; সম্মানহীনতা। গুরুত্বহীনতা। অমর্যাদা।
بےوقعت (বে-অক্বআত) ফাঃ বিঃ ; শ্রদ্ধাহীন। অবজ্ঞেয়।
بےوقوف (বে-ওকূফ) ফাঃ বিঃ ; হাবা-গোবা। বোকা। বেকুফ।
بےوقوفی (বে-ওকূফী) ফাঃ নাঃ স্ত্রীং ; বোকামি। অজ্ঞতা। বেকুফী।
بےهمت (বে-হিম্মত) ফাঃ বিঃ ; নীচুমনা, নিরুদ্যমশীল। নিরুদ্যোগ। প্রযত্নহীন। ভীতু। কাপুরুষ। নিরুৎসাহিত।
بےهمتا (বে-হম্‌তা) ফাঃ বিঃ ; অনন্য। অতুলনীয়। সর্বোৎকৃষ্ট।
بےهمهوباهمه (বে-হামাহ্‌ওবাহামাহ) ফাঃ বিঃ ; স্বয়ম্ভু সত্তা। যে লোক পার্থিব লোভ-লালসা পরিহার করে সবার সাথে তাল রক্ষা করে চলে এমন।
بےهنر (বে-হুনার) ফাঃ বিঃ ; গৃহস্থালি কর্মে অনিপুণা। বৃত্তি বা জীবিকাহীন। অথর্ব। অকর্মণ্য।
بےهنگام (বে-হাঙ্গাম) ফাঃ বিঃ ; অনুপযুক্ত। অসংগত। প্রয়োজনের সাথে সঙ্গতিপূর্ণ নয় এমন।
بےهنگم (বে-হঙ্গম) ফাঃ বিঃ ; কদাকার। কদর্য। নোংরা। কুরূপ। অসুডৌল।
بےهودگی (বে-হুদগী) ফাঃ নাঃ স্ত্রীং ; অর্বাচীনতা। অকর্মণ্যতা। অনিপুণতা।
بےهوده گو (বেহুদাহ্-গো) ফাঃ বিঃ ; বাচাল। প্রগলভ। ফাজিল।
بےهوده گوئی (বে-হুদাহ্ গোয়ী) ফাঃ নাঃ

স্ত্রীং ; অশালীন কথাবার্তা। অমার্জিত উক্তি।

بےہوش (বে-হুশ) ফাঃ বিঃ ; সংজ্ঞাহীন। অচেতন। হেলাকারী। অমনযোগী।

بےہوشی (বে-হুশী) ফাঃ নাঃ স্ত্রীং ; অবহেলা। অচৈতন্য। আত্মবিস্মৃতি।

بےیار و مددگار (বে-ইয়ারওমদদগার) ফাঃ বিঃ ; সহায়হীন। অনাশ্রিত। নিঃসঙ্গ। একা।

بیا (বয়া) হিঃ নাঃ পুং ; গৃহনির্মাণে দক্ষ একজাতীয় ক্ষুদ্রকায় পক্ষী বিশেষ। বাবুই পাখী।

بیابان (বিয়াবান) ফাঃ নাঃ পুং ; মরুপ্রান্তর। বিজন ভূমি। অরণ্য।

بیاباں اگرد (বিয়াবাঁ গিরদ) ফাঃ বিঃ ; মরুযাত্রী। বেদুঈন। যাযাবর।

بیابان مرگ (বিয়াঁবাঁ মুরগ) ফাঃ বিঃ ; মরুভূমির বেওয়ারিশ লাশ।

بیابانی (বিয়াবানী) ফাঃ বিঃ ; মরুসংক্রান্ত। বনজ। অরণ্যচারী।

بیاپنا (বিয়াপনা) হিঃ মূঃ ; ধারণ করা। অভ্যন্তরে গ্রহণ করা। স্থানপূর্ণ করা। নিবাস গড়ে তোলা। বিস্তার লাভ করা। অবস্থান গ্রহণ করা।

بیاج (বিয়াজ) হিঃ নাঃ পুং ; সুদ। বৃদ্ধি। গৃহীত ঋণের পরিমাণের উপর হিসাবপূর্বক যে মূল্য নেওয়া হয়। লাভ।

بیاج بھرنا (বিয়াজ্ ভরনা) হিঃ মূঃ ; সুদ পরিশোধ করা।

بیاج پربیاج (বিয়াজ পর বিয়াজ) হিঃ নাঃ পুং ; চক্রবৃদ্ধি সুদ। বেশীর পর বেশী।

بیاج خور (বিয়াজ্খোর) হিঃ ফাঃ বিঃ ; সুদখোর। অবৈধ অর্থভোগী।

بیاجو (বিয়াজো) হিঃ নাঃ পুং ; সুদের শর্তে লগ্নিকৃত টাকা। সুদের টাকা।

بیار (বয়ার) হিঃ নাঃ স্ত্রীং ; বায়ূ। বাতাস। ঘূর্ণিঝড়। ঝড়ো হাওয়া।

بیاری (বয়ারী) হিঃ নাঃ স্ত্রীং ; নৈশভোজ। রাতের আহার।

بیاسی (বিয়াসী) হিঃ বিঃ ; বিরাশি। ৮২।

بیاض (বায়ায) আঃ নাঃ স্ত্রীং ; শুভ্রতা। শুক্লত্ব। নির্মলতা। ঔজ্জ্বল্য। দিনলিপি। কাব্যগ্রন্থ।

بیاع (বাইয়া) আঃ নাঃ পুং ; ক্রয়-বিক্রয়কারী। মধ্যসত্ত্ব ভোগী। দালাল।

بیاکرن (বিয়াকরন) সং নাঃ স্ত্রীং ; যে শাস্ত্র পাঠান্তে ভাষা বিশুদ্ধরূপে লিখতে, বলতে ও পড়তে পারা যায়—এমন শাস্ত্র বিশেষ। ব্যাকরণ শাস্ত্র।

بیاکل (বিয়াকূল) হিঃ বিঃ ; উৎকণ্ঠিত। উদ্বিগ্ন। চিন্তিত। ব্যাকুল।

بیاکھیان (বিয়াখিয়ান) হিঃ নাঃ স্ত্রীং ; বিশদ বিবরণ বা বর্ণনা। বিশ্লেষণ। ব্যাখ্যা।

بیاگریفی (বিয়াগ্রেফী) ইঃ নাঃ স্ত্রীং ; জীবন বৃত্তান্ত।

بیالو (বিয়ালো) হিঃ নাঃ স্ত্রীং ; নৈশ আহার্য।

بیالیس (বিয়ালীস) হিঃ বিঃ ; বিয়াল্লিশ। ৪২।

بیان (বায়ান্) আঃ নাঃ পুং ; উজ্জ্বল। দীপ্তিময়। বর্ণনা। ভাষণ। বক্তৃতা। সংবাদপ্রদান।

بیان امرواقعی (বায়ানে-আমরে ওকেয়ী) আঃ নাঃ পুং ; বস্তুনিষ্ঠ বর্ণনা। সঠিক বর্ণনা।

بیان تائیدی (বায়ানে-তায়ীদী) আঃ নাঃ পুং ; কারো সপক্ষে সাক্ষ্য প্রদান।

بیان تحریری (বয়ান-ই-তাহ্রীরী) আঃ নাঃ পুং ; বিবাদী কর্তৃক আদালতে পেশকৃত লিখিত আর্জি।

بیان تقریری (বায়ানে-তাক্বরীরী) আঃ নাঃ পুং ; মৌখিক বর্ণনা।

بیان دعوی (বায়ানে-দাওয়া) আঃ নাঃ পুং ; অভিযোগ—প্রমাণ। ঘটনার সুরত হাল।

بیان ضمنی (বায়ানে-যিম্নী) আঃ নাঃ পুং

; প্রাসঙ্গিক বর্ণনা।

بیان کرنا (বায়ান করনা) উঃ ক্রিঃ ; ভাষণ দেওয়া। বিবৃত করা। আলোচনা করা। প্রকাশ করা।

بیانا (বিয়ানা) হিঃ মূঃ ; সন্তান প্রসব করা। বাচ্চা দেওয়া।

بیاہ (বিয়াহ্) হিঃ নাঃ পুং ; বিবাহ। পরিণয়। নিকাহ।

بیاہ مانگنا (বিয়াহ্ মাঙ্গনা) হিঃ ক্রিঃ ; বিবাহের ইচ্ছা প্রকাশ করা। বিবাহের উপযুক্ত হওয়া।

بیاہا (বিয়াহা) হিঃ বিঃ ; বিবাহিত।

بیاہتا (বিয়াহ্তা) হিঃ নাঃ স্ত্রী ; বিবাহিতা। পরিণিতা।

بیاہنا (বিয়াহ্না) হিঃ মূঃ ; বিবাহ করা। পরিণয় সুত্রে আবদ্ধ হওয়া।

بیائی (বিয়ায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; শস্য কর্তনের মজুরী। শস্য কর্তনের মজুরী স্বরূপ প্রদত্ত শস্যবিশেষ।

بیپاری (বেপারী) হিঃ নাঃ পুং ; বেনিয়া। ব্যবসায়ী। বেপারী। সওদাগর।

بیت (বেত্) হিঃ নাঃ স্ত্রীং ; বেত্র। বেত।

بیت (বায়ত) আঃ নাঃ স্ত্রীং ; গৃহ। বাড়ি। বাসস্থান। আলয়। ঘর।

بیت الاقصی (বায়তুল আক্সা) আঃ নাঃ পুং ; বায়তুল মুকাদ্দাস।

بیت الامرا (বায়তুল উমারা) আঃ নাঃ পুং ; রাজন্য বর্গের জন্য নির্দিষ্ট ভবন।

بیت الحرام (বায়তুল হারাম) আঃ নাঃ পুং ; কাবাঘর। মক্কানগরী।

بیت الحزن (বায়তুল হুযন) আঃ নাঃ পুং ; শোকালয়। বিপদের ঘর।

بیت الخلاء (বায়তুল খলা) আঃ নাঃ পুং ; শৌচাগার। প্রক্ষালন। পায়খানা। টয়লেট।

بیت السقر (বায়তুস সাক্বর) আঃ নাঃ পুং ; জাহান্নাম।

بیت السلاح (বায়তুস্ সিলাহ্) আঃ নাঃ পুং ; অস্ত্রাগার।

بیت الشرف (বায়তুশ শরফ) আঃ নাঃ পুং ; শাহী অট্টালিকা। রাজ সাক্ষাতের ঘর। মর্যাদার ঘর।

بیت الصنم (বায়তুস সনম) আঃ নাঃ পুং ; মূর্তিঘর। মন্দির। মন্ডপ। বেদী।

بیت العتیق (বায়তুল আতীক্ব) আঃ নাঃ পুং ; প্রাচীন ঘর। কাবাঘর।

بیت العروس (বায়তুল আরুস) আঃ নাঃ পুং ; বর-কনের বাসর ঘর। ফুলশয্যা।

بیت العلوم (বায়তুল্ উলুম) আঃ নাঃ পুং ; স্কুল। মহাবিদ্যালয়। বিশ্ববিদ্যালয়। মাদ্রাসা।

بیت العنکبوت (বায়তুল আনকাবূত) আঃ নাঃ পুং ; মাকড়সার ঘর।

بیت العوام (বায়তুল আওয়াম) আঃ নাঃ পুং ; আইন সভায় সাধারণের জন্য নির্দিষ্ট স্থান।

بیت الغزل (বায়তুল গযল) আঃ নাঃ পুং ; উত্তম গযল।

بیت الله (বায়তুল্লাহ) আঃ নাঃ পুং ; আল্লাহর ঘর। কাবাঘর।

بیت المعمور (বায়তুল মামুর) আঃ নাঃ পুং ; পুণ্যঘর। কাবাঘর।

بیت المقدس (বায়তুল মুকাদ্দাস) আঃ নাঃ পুং ; (জেরুজালেমে অবস্থিত) বায়তুল মুকাদ্দাস।

بیت (বয়ত) আঃ নাঃ পুং ; একই পরিমিতির দুই পংক্তি। কবিতা।

بیت بازی (বয়ত্ বাযী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; কাব্য প্রতিযোগিতা।

بیت بندی (বয়ত বন্দী) ফাঃ নাঃ পুং ; কাব্য প্রণয়ন।

بیتال (বেতাল) হিঃ নাঃ পুং ; ভূত। প্রেত। ডাইনি। অপদেবতা।

بیتلا (বয়তলা) হিঃ নাঃ পুং ; পতিত সম্পত্তি। যে সম্পত্তির কোন দাবীদার নাই এমন। খারাপ মাল। হতভাগ্য। চর। খাস জমি।

بیتنا (বীতনা) হিঃ মূঃ ; যাপন করা। রাত

কাটানো। নিস্পত্তি হওয়া।

بیتی (বীতী) হিঃ নাঃ স্ত্রীং ; আগের কথা। অতীতের স্মৃতি।

بیٹ (বীট) হিঃ নাঃ স্ত্রীং ; বিষ্ঠা। পাখীর মল।

بیٹا (বেটা) হিঃ নাঃ পুং ; ছেলে। সন্তান। পুত্রবৎ।

بیٹھا (বইঠা) হিঃ বিঃ ; উপবিষ্ট। অধিষ্ঠিত।

بیٹھا جانا (বইঠা জানা) হিঃ ক্রিঃ ; ভড়কে যাওয়া। অস্থির হওয়া।

بیٹھ جانا (বয়ঠ জানা) হিঃ মূঃ ; উপবেশন করা। আসন গ্রহণ করা। বসা। ধারণ করা। স্থান করে নেওয়া। বিরত হওয়া। ভড়কে যাওয়া। কাজ কর্ম পরিত্যাগ করা। ঘণীভূত হওয়া।

بیٹھ رهنا (বয়ঠ রহনা) হিঃ মূঃ ; ধৈর্য ধরা। আশা ছেড়ে দেওয়া। বিলম্ব করা। পরাজিত হওয়া। বহিষ্কৃত হওয়া।

بیٹھانا (বয়ঠানা) হিঃ মূঃ ; বসান। রাখা। স্থাপন করা।

بیٹھک (বৈঠক) হিঃ নাঃ স্ত্রীং ; আসন। বসার স্থান। বসার প্রণালী। রাজভবন। জ্বিনের আসন। সভা।

بیٹھک دینا (বৈঠক দেনা) হিঃ ক্রিঃ ; জ্বিনের আসন দেওয়া। মানত পূরণ করা। সম্মান করা।

بیٹھکو (বৈঠকো) হিঃ বিঃ ; আলস্যে সময় যাপনকারী। যে কবুতর উড়াতে গিয়ে বসে পড়ে।

بیٹھن (বৈঠন) হিঃ নাঃ পুং ; বাঁধন, বন্ধন। টেবিলের যে বস্তুর উপর রেখে জামা-কাপড় ইস্ত্রী করা হয়।

بیٹھنا (বৈঠনা) হিঃ মূঃ ; বসা। নাগালে আসা। স্থলবর্তী হওয়া। স্বস্থানে স্থাপন করা। কাম বিগড়ে যাওয়া।

بیٹھو بھی (বৈঠো ভী) হিঃ ; খামোশ। চুপ।

بیٹھواں (বৈঠোয়াঁ) হিঃ বিঃ ; উপবিষ্ট, চেপটা।

بیٹی (বেটী) হিঃ নাঃ স্ত্রীং ; মেয়ে। বউ। কনে।

بیٹی کاباپ (বেটীকা বাপ) হিঃ বিঃ ; দুর্বল ব্যক্তি।

بیج (বেজ) হিঃ নাঃ পুং ; ব্যাজ। পতাকা। প্রতীক।

بیج (বীজ) হিঃ নাঃ পুং ; বীজ। বিচি। মূল। উৎস।

بیج کھاد (বীজখাদ্) হিঃ নাঃ পুং ; কৃষি ও খোরাকের বাবদ কৃষককে প্রদেয় শস্য।

بیجا (বীজা) হিঃ নাঃ পুং ; একপ্রকার বিকটাকার কৃত্রিম কাগুজে চেহারা। যার মুখোশ পরে ভয়প্রদর্শন করা হয়।

بیجا (বেজা) ফাঃ বিঃ ; অনুচিত। অনুপযোগী। অসঠিক।

بیجائی (বীজায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; বীজ বপনের সময়। বীজ লাগানোর পারিশ্রমিক।

بیجک (বীজক) হিঃ নাঃ পুং ; পণ্যের বিশদ তালিকা।

بیجو (বীজো) হিঃ বিঃ ; শস্যবীজ।

بیجو (বীজো) হিঃ নাঃ পুং ; একপ্রকার প্রাণী।

بیجنا (বীজনা) হিঃ নাঃ পুং ; পাখা। বায়ুদানী। মূঃ ; বপন করা। বীজ ছিটানো।

بیجھر (বীঝর) হিঃ নাঃ পুং-স্ত্রীং ; বিভিন্ন প্রকারের মিশ্রিত শস্য বিশেষ।

بیجھنا (বীঝনা) হিঃ মূঃ ; শিঙ দ্বারা মাটি উপড়ানো।

بیجھی (বেঝী) হিঃ নাঃ স্ত্রীং ; বেজি। নেউলে।

بیچ (বীচ) হিঃ নাঃ পুং ; মধ্যভাগ। অর্ধাংশ। ভিতর। ব্যবধান। দূরত্ব।

بیچ بچاؤ (বীচ্‌বাচাউ) হিঃ নাঃ পুং ; মীমাংসা। অনিষ্টতার উৎসাদন।

সন্ধিস্থাপন করা। একতা। ঐক্য।

بیچ کا (বীচকা) হিঃ বিঃ ; মধ্যস্থিত। মাঝামাঝি।

بیچ کی انگلی (বীচ্কী উঙ্গলী) হিঃ নাঃ স্ত্রীং ; মধ্যমা আঙ্গুল। বড় আঙ্গুল।

بیچ کی بات (বীচ্কী বাত্) হিঃ নাঃ স্ত্রীং ; পারস্পরিক ব্যাপার। পারস্পরিক কথাবার্তা।

بیچ کی راس (বীচ্কী রাস) হিঃ বিঃ ; মাঝামাঝি ধরনের। সাধারণ।

بیچ کے کھڑےکی (বীচ্কে খড়েকী) হিঃ বিঃ ; অতিশয় মাদকতাপুর্ণ শরাব।

بیچ والا (বীচ্ওয়ালা) হিঃ বিঃ ; সালিশ।

بیچوں بیچ (বীচুঁ বীচ) হিঃ বিঃ ; ঠিক মধ্যখানে।

بیچ (বেচ) হিঃ ক্রিঃ ; বিক্রি।

بیچا (বেচা) হিঃ নাঃ পুং ; বিক্রয়কারী।

بیچ کھانا (বেচ্খানা) হিঃ মূঃ ; বিক্রি করে খেয়ে ফেলা। নষ্ট করা।

بیچنا (বেচ্না) হিঃ মূঃ ; বিক্রি করা।

بیچو (বেচো) হিঃ নাঃ পুং ; বিক্রেতা।

بیخ (বিখ) ফাঃ নাঃ স্ত্রীং ; মূল। ভিত্। বুনিয়াদ। উৎস। উৎপত্তি।

بیخ کن (বিখ্কন) ফাঃ বিঃ ; উৎসাদনকারী। মূলোৎপাটনকারী। নির্মূলকারী।

بیخ کن کرنا (বিখ্কনী করনা) উঃ ক্রিঃ ; মূলোৎপাটন করা।

بیخ وبن (বিখওবুন) ফাঃ বিঃ ; মূল ও উৎপত্তি।

بید (বয়দ) হিঃ নাঃ পুং ; বৈদ্য। কবিরাজ। ওঝা। চিকিৎসক।

بید (বেদ) হিঃ নাঃ স্ত্রীং ; বেদ। হিন্দুদের ধর্মীয় গ্রন্থ।

بید (বেদ) ফাঃ নাঃ পুং ; বেত। বেত্র।

بید انجیر (বেদে-আঞ্জীর) ফাঃ নাঃ পুং ; এরন্ড। রেন্ডিবৃক্ষ।

بید باف (বেদ্বাফ) ফাঃ বিঃ ; বাঁশ বেত দ্বারা যে কাজ করে। বেতের টুকরী প্রস্তুতকারক।

بید بافی (বেদ্বাফী) ফাঃ নাঃ পুং ; বেত্রকর্ম। বেতের শিল্পকর্ম।

بید برگ (বেদ্বরগ) ফাঃ নাঃ স্ত্রীং ; বেতপত্র।

بید مال (বেদ্মাল) ফাঃ নাঃ পুং ; বেতের মার্জনী। বেতের ব্রাশ।

بید مجنون (বেদ্মজ্নূন) ফাঃ নাঃ পুং ; একজাতীয় আনত বৃক্ষ বিশেষ।

بیدار (বেদার) ফাঃ বিঃ ; বিনিদ্র। সজাগ। সচেতন।

بیدار بخت (বেদার বখ্ত) ফাঃ বিঃ ; সৌভাগ্যশালী। ভাগ্যবান।

بیداردل (বেদার্দিল) ফাঃ বিঃ ; অন্তরালোক সম্পন্ন।

بیدار مغز (বেদার মগয) ফাঃ বিঃ ; উন্নত মস্তিষ্ক। চিন্তাবিদ। বুদ্ধিমান।

بیداری (বেদারী) ফাঃ নাঃ স্ত্রীং ; বোধ। বুদ্ধি। চেতনা।

بیدانت (বেদান্ত) হিঃ নাঃ পুং ; বেদের শেষভাগ বা জ্ঞানকান্ড। উপনিষদ। বেদব্যাস কর্তৃক রচিত ব্রহ্ম প্রতিপাদক দর্শন শাস্ত্র।

بیدانتی (বেদান্তী) হিঃ নাঃ পুং ; বেদান্ত। বেদান্ত মতাবলম্বী। ব্রহ্মজ্ঞ।

بیدانہ (বেদানাহ্) হিঃ বিঃ ; বেদানা (ফল)। বিচ বা আঁটি শূন্য।

بیدک (বেদক্) হিঃ নাঃ পুং ; বৈদিক। বেদবিহিত চিকিৎসা পদ্ধতি বা জ্ঞান।

بید مشک (বেদমুশ্ক) হিঃ নাঃ পুং ; এক প্রকার সুগন্ধী বৃক্ষ, যার ফুল হতে নির্যাস লওয়া হয়।

بیدن (বেদন্) হিঃ নাঃ পুং ; ব্যথা। বেদনা। দুঃখ। কষ্ট।

بیدنا (বেদ্না) হিঃ নাঃ স্ত্রীং ; বেদনা। দুঃখ।

بیدوا (বেদ্ওয়া) হিঃ নাঃ পুং ; বেদপাঠক। বেদজ্ঞ।

بیدہ (বেধ) হিঃ নাঃ পুং ; বিঁধ। ছিদ্র। বিদ্ধ করণ। গভীরতা।

بیدھا (বেধা) হিঃ বিঃ ; যাদুর প্রভাব রয়েছে এমন ব্যক্তি। বিপন্ন।

بیدنہا (বিধ্‌না) হিঃ মূঃ ; বিঁধা। ছিদ্র করা। বিদ্ধ করা। ছেদন।

بیدھی (বেধী) হিঃ বিঃ ; বেধক। বিদ্ধকারী।

بیدی (বেদী) সঃ নাঃ স্ত্রীঃ ; বেদী। চত্বর। স্তুপ।

بیئر (বীয়ার-Beer) ইং নাঃ স্ত্রীঃ ; বিয়ার। একপ্রকার মদ্য।

بیر (বায়ার) হিঃ নাঃ পুং ; শত্রুতা। বৈরিতা। দ্বেষ। হিংসা। প্রতিশোধ।

بیرباندھنا (বয়র বাঁধনা) হিঃ ক্রিঃ ; বিবাদের জন্য তৈরী হওয়া। জিদ করা। দ্বেষোন্মত্ত হওয়া।

بیربسانا (বায়ার বসানা) হিঃ ক্রিঃ ; শত্রুতা ক্রয় করা। দুশমনি করা।

بیر کارشتہ (বায়ারকা রিশ্‌তাহ) হিঃ নাঃ পুং ; ননদ। জা। জ্যাঠাইমা। শাশুড়ী, বউ ও সতিন।

بیرلینا (বায়ার লেনা) হিঃ ক্রিঃ ; প্রতিশোধ নেওয়া। প্রতিহিংসা চরিতার্থ করা।

بیر (বীর) হিঃ নাঃ পুং ; পালোয়ান। ভাই। বেরাদর। বীর। বাহাদুর। নির্ভীক।

بیربل (বীরবল) হিঃ নাঃ পুং ; সম্রাট আকবরের বিখ্যাত সভাসদ রাজা মহেশ দাসের ওরফী নাম। শক্তিশালী। পালোয়ান।

بیر (বের) হিঃ নাঃ পুং ; বরদী ফল। কুল।

بیرا (বীরা) হিঃ নাঃ পুং ; ভাই। স্বজন।

بیرا (বয়রা) উঃ নাঃ পুং ; সেবক। পাঁচক।

بیرا کھیری (বয়রাখরী) হিঃ নাঃ স্ত্রীঃ ; শত্রুতা।

بیراگ (বয়রাগ) হিঃ নাঃ পুং ; বৈরাগ্য। সংসার বিমুখ।

بیراگ لینا (বয়রাগ্‌ লেনা) হিঃ ক্রিঃ ; বৈরাগ্য গ্রহণ করা।

بیراگا (বয়রাগা) হিঃ নাঃ পুং ; ক্ষুদ্রাকার বক্র কাষ্ঠখন্ড বিশেষ, যাতে ঠেক দিয়ে বৈরাগী আসন পাতে।

بیراگن (বয়রাগন) হিঃ নাঃ স্ত্রীঃ ; সন্ন্যাসিনী। যোগিনী।

بیراگی (বয়রাগী) হিঃ নাঃ পুং ; সংসার ত্যাগী। যোগী। বৈরাগী।

بیرتا (বীর্‌তা) হিঃ নাঃ স্ত্রীঃ ; বীরত্ব। সাহস।

بیربہٹی (বেরবহুটী) হিঃ নাঃ স্ত্রীঃ ; কেঁচো।

بیرسٹر (ব্যারিস্টার-Barrister) ইং নাঃ পুং ; বিলেত থেকে উকিল ডিগ্রী অর্জনকারী। ওকালতির সর্বোচ্চ ডিগ্রী।

بیرق (বেরক্ব) ফাঃ নাঃ পুং ; ক্ষুদ্রপতাকা। নিশান। ঝান্ডা।

بیرم (বেরম) তুঃ নাঃ পুং ; ঈদ উৎসব। বড়তীর।

بیرن (বয়রন) ইং নাঃ পুং ; লর্ড খেতাবে ভূষিত প্রথম ইংরেজ তালুকদার। জায়গীরদার।

بیرن (বীরন) হিঃ নাঃ পুং ; ভাই। ভ্রাতা।

بیرن (বয়রন) হিঃ নাঃ স্ত্রীঃ ; দুষ্ট মহিলা। গোপনে শত্রুতা পোষণকারী মহিলা।

بیرنگ (বিয়রিঙ্গ-Bearing) ইং নাঃ পুং ; বেয়ারিঙ্গ। যে পত্র বা মালের মূল্য বা কর প্রথমে পরিশোধ করা হয়নি।

بیروز (বেরোয) হিঃ নাঃ পুং ; একপ্রকার বৃক্ষজাত পদার্থ।

بیرون (বেরোন) ফাঃ ; বাহির। পরদেশী।

بیرون جات (বেরোনজাত) ফাঃ নাঃ স্ত্রীঃ ; গ্রাম্য লোক। শহরতলীর বাসিন্দা।

بیرونی (বেরূনী) ফাঃ বিঃ ; বাহিরের।

بیری (বয়রী) হিঃ নাঃ পুং ; শত্রু। প্রতিপক্ষ। বিরুদ্ধবাদী। অনিষ্টকামী।

بیڑ (বেড়) হিঃ নাঃ পুং ; বেড়ী। আইল। সীমানা।

بیڑا (বেড়া) হিঃ নাঃ পুং ; নৌকা। নৌ-বহর। নৌ-সেনা।

بیڑا پار لگانا (বেড়াপার লগানা) হিঃ

ক্রিঃ ; নৌকা বা জাহাজ তীরে ভিড়ানো। বিপদ দূর হওয়া। অভিষ্ট লক্ষ্যেপৌঁছা।

بیڑا (বীড়া) হিঃ নাঃ পুং ; পানের খিলি। তৈরীকৃত পান।

بیڑااٹھانا (বেড়া উঠানা) হিঃ ক্রিঃ ; দায়িত্ব গ্রহণ করা। অঙ্গীকার নেওয়া। প্রস্তুত হওয়া।

بیڑاچبانا (বীড়াচাবানা) হিঃ ক্রিঃ ; পানের খিলি চিবানো।

بیڑنی (বীড়নী) হিঃ নাঃ স্ত্রীং ; একদল পেশাদার নর্তকী।

بیڑوی (বেড়বী) হিঃ নাঃ স্ত্রীং ; মিষ্টিপূর্ণ একপ্রকার রুটি।

بیڑھا (বেঢ়া) হিঃ পুং বিঃ ; বাঁধা। বক্র।

بیڑی (বেঢ়ী) হিঃ স্ত্রীং বিঃ ; বাঁকা। তেরছা।

بیڑی (বেড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; বিড়ি। নস্য। পানের খিলি।

بیڑی (বেড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; শিকল। লোহার বন্ধনী।

بیڑی کٹنا (বেড়ী কাট্না) হিঃ ক্রিঃ ; মুক্তি পাওয়া ।

بیزار (বেযার) ফাঃ বিঃ ; অসন্তুষ্ট। নাখোশ। অপ্রসন্ন। মনমরা।

بیزاری (বেযারী) ফাঃ নাঃ স্ত্রীং ; অসন্তুষ্টি। অপ্রসন্নতা। উৎকণ্ঠা।

بیس (বয়স্) হিঃ নাঃ স্ত্রীং ; বৈশ্য। বর্ত্তুণাশ্রম ধর্মে চতুর্বর্ণের তৃতীয় বর্ণ ব্যবসায়ী বা কৃষক সম্প্রদায়।

بیس (বীস্) হিঃ বিঃ ; বিশ। ২০।

بیس بسوئے (বীস বসোয়ে) হিঃ নাঃ পুং ; সমস্ত। সম্পূর্ণ। সম্ভবত, নিশ্চিত। একবিঘার কুড়ি ভাগের একভাগ।

بیسا (বীসা) সং নাঃ পুং ; এক প্রজাতীয় কুকুর।

بیساکھ (বৈসাখ) হিঃ নাঃ পুং ; বৈশাখ মাস। বাংলা বর্ষ গণনায় প্রথম মাস।

بیساکھی (বৈসাখী) হিঃ নাঃ স্ত্রীং ; বৈশাখী মেলা। বাংলা নববর্ষের উৎসব।

بیساندو (বৈসাঁডো) হিঃ বিঃ ; অলস। অকর্মণ্য। অথর্ব।

بیستوں (বৈস্তোঁ) ফাঃ নাঃ পুং ; একবিখ্যাত পাহাড়। ফরহা নামক জনৈক ব্যক্তি উক্ত পাহাড়টি খনন করেছিলেন।

بیسر (বৈসর) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার নাকের অলংকার বিশেষ।

بیسن (বেসন্) হিঃ নাঃ পুং ; ডালের গুঁড়া। বেসন।

بیسنی (বেসনী) হিঃ বিঃ ; বেসন দ্বারা প্রস্তুত। বেসনযুক্ত।

بیسنی روٹی (বেসনী রোটি) হিঃ নাঃ স্ত্রীং ; বেসনের দ্বারা তৈরী রুটি।

بیسوا (বেসওয়া) হিঃ নাঃ স্ত্রীং ; নটী। বেশ্যা। দুশ্চরিত্রা মহিলা।

بیسواں (বীসওয়াঁ) হিঃ নাঃ পুং ; মৃত্যুর বিশতম দিবসে প্রদত্ত মৃতযজ্ঞের প্রথা।

بیسواں (বীসওয়াঁ) হিঃ বিঃ ; বিশতম। বিংশতম। ২০তম।

بیسوں (বীসোঁ) হিঃ বিঃ ; পরোপুররি বিশ। সম্পূর্ণরূপে। অতিমাত্রায়।

بیسوں بسوئے (বীসোঁ বসোয়ে) হিঃ নাঃ পুং ; সমস্ত। নিশ্চিত, নিঃসন্দেহ।

بیسی (বীসী) হিঃ বিঃ ; বিশ বৎসর বয়সের।

بیش (বেশ) ফাঃ বিঃ : অতি, অধিক। খুব। আরও। ভাল। উত্তম। চমৎকার। যথেষ্ট।

بیش ازبیش (বেশ আযবেশ) ফাঃ বিঃ ; অত্যধিক। অত্যন্ত। অত্যন্ত বেশী। অধিকতর।

بیش بہا (বেশ্‌বাহা) ফাঃ বিঃ ; অত্যন্ত দামী। চড়াদামী। বর্ধনশীল।

بیشتر (বেশতর) ফাঃ বিঃ ; অধিকাংশ। অধিকতম। অনেকবার।

بیش قر (বেশক্বরার) ফাঃ বিঃ যুক্তিসম্মত। বোধগম্য।

بيش قيمت (বেশকীমত্) ফাঃ বিঃ ; অত্যন্তদামী। মূল্যবান। উন্নত। উত্তম। উৎকৃষ্ট।

بيش وكم (বেশওকম্) ফাঃ বিঃ ; বেশকম। কিছুনা কিছু।

بيشه (বেশহ্) ফাঃ নাঃ পুং ; বনভূমি। যে জঙ্গলে বাঘ থাকে এমন।

بيشى (বেশী) ফাঃ নাঃ স্ত্রীং ; বেশী। আধিক্য। প্রাবল্য। আতিশয্য।

بيض (বয়য) আঃ বিঃ ; স্বাক্ষর। দস্তখত।

بيضا (বয়যা) আঃ বিঃ ; শুভ্র। আলো। দীপ্তি।

بيضاوى (বয়যাবী) আঃ বিঃ ; বায়জা নামক শহরের অধিবাসী।

بيضاوى (বায়যাবী) আঃ নাঃ পুং ; পবিত্র কালামে পাকের সুপ্রসিদ্ধ ব্যাখ্যাতা আবদুল্লাহ বিন ওমরের উপাধি বিশেষ, যিনি 'বায়জাবী' হিসেবে খ্যাত।

بيضاوى (বয়যাবী) আঃ নাঃ স্ত্রীং ; পবিত্র কোরআনের ব্যাখ্যাগ্রন্থ তফসীর-ই বায়জাবীর নাম। সৌর। সূর্য সম্পর্কিত।

بيضوى (বায়যবী) আঃ বিঃ ; ডিম্বাকৃতির।

بيضه (বয়যাহ) আঃ নাঃ পুং ; ডিম। আন্ডা। অন্ডকোষ। শুক্র।

بيضه نوروز (রয়যায়ে-নৌরোয) ফাঃ বিঃ ; ইরানীদের নববর্ষের উৎসব বিশেষ।

بيطار (বয়তার) আঃ নাঃ পুং ; পশু চিকিৎসক।

بيع (বায়') আঃ নাঃ স্ত্রীং ; কেনা-বেচা। ক্রয়-বিক্রয়। বিক্রয়।

بيع بالمرابحه (বায়' বিলমুরাবাহ) আঃ নাঃ স্ত্রীং ; লাভজনক বিক্রি।

بيع بالوفاء (বায়' বিল্‌ওফা) আঃ নাঃ স্ত্রীং ; শর্তসাপেক্ষ বেচা-কেনা।

بيع سلطانى (বায়'য়ে'সুলতানী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; রাজাজ্ঞায় সম্পাদিত বিক্রি।

بيع شرطى (বয়'য়ে- শরতী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; শর্তমাফিক সম্পাদিত বিক্রি।

بيع قطعى (বায়'য়ে কৃতয়ী') আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; পরিপূর্ণ বিক্রি।

بيع كرنا (বায়'করনা) উঃ ক্রিঃ ; বিক্রি করা। বেচা।

بيع ميعادى (বায়'য়ে-মীআ'দী) আঃ নাঃ স্ত্রীং; নির্দিষ্ট সীমা শর্তসাপেক্ষ বিক্রি।

بيع ناجائز (বায়'য়ে-নাজায়িয) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; বেআইনী বিক্রি।

بيع ناقص (বায়য়ে-নাকিস) ফাঃ নাঃ স্ত্রীং ; অসম্পূর্ণ বিক্রি।

بيع نامه (বায়'নামাহ্) আঃ ফাঃ নাঃ পুং ; বিক্রির স্বীকারপত্র। স্বীকৃতিপত্র। কবুলিয়ত। বায়না।

بيع شراء (বায় ও শেরা) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; কেনা-বেচা। লেন-দেন। বিনিময়।

بيعانه (বয়'আনহ) ফাঃ নাঃ পুং ; বায়না। দাদন। অগ্রিম মূল্য।

بيعت (বায়'আত) আঃ নাঃ স্ত্রীং; বশ্যতা স্বীকার। শিষ্যত্বগ্রহণ।

بيعت كرنا (বায়আ'ত্ করনা) উঃ মুঃ ; শিষ্য হিসাবে স্বীকার করা।

بيعت لينا (বয়'আত লেনা) উঃ মুঃ ; শিষ্যত্বে অঙ্গীকার গ্রহণ করা। আনুগত্যের স্বীকৃতি আদায় করা।

بيكا (বীকা) হিঃ বিঃ ; বাঁকা। বক্র। তেরছা।

بيكنته (বৈকণ্ঠ) হিঃ নাঃ পুং ; স্বর্গ। চিরসুখময় স্থান। জান্নাত।

بيكنته باسى (বৈকণ্ঠবাসী) হিঃ বিঃ ; জান্নাতবাসী। চিরসুখী।

بيگ (বেগ) হিঃ নাঃ পুং ; চর্মবস্ত্র প্রভৃতি দ্বারা নির্মিত থলি বা পেটিক ব্যাগ।

بيگار (বেগার) ফাঃ নাঃ স্ত্রীং ; বিনা বেতনের বা বাধ্যতামূলক খাটুনি।

بيگارى (বেগারী) ফাঃ নাঃ পুং ; যে লোক বিনা পারিশ্রমিকে খাটে বা খাটতে বাধ্য হয়।

بيگانگى (বেগানগী) ফাঃ নাঃ স্ত্রীং ; সম্পর্কহীনতা। পরিচয়হীনতা।

অনভিজ্ঞতা।

بیگانه (বেগানাহ্) ফাঃ বিঃ ; পর। অপরিচিত। অনাত্মীয়।

بیگانه خو (বেগানাহ্ খো) ফাঃ বিঃ ; কোপস্বভাব। ক্রোধপ্রবণ। অনন্তরঙ্গ।

بیگانه وار (বেগানহ্ওয়ার) ফাঃ বিঃ ; অপরিচিতের মত।

بیگانی (বেগানী) উঃ বিঃ ; অপরিচিতা।

بیگم (বেগম) তুঃ নাঃ স্ত্রীং ; মুসলমান রাণী বা সম্ভ্রান্ত মহিলা।

بیگمی (বেগমী) উঃ নাঃ পুং ; একপ্রকার উৎকৃষ্ট মানের চাউল। এক প্রকার পান।

بیگه (বীঘ) হিঃ নাঃ পুং ; বিঘা। জমির পরিমাপ বিশেষ। এক একরের $\frac{৫}{৮}$ ভাগ অথবা ১২০ বর্গফুট।

بیل (বয়ল) হিঃ নাঃ পুং ; বলদ। নপুংসক গবাদিপশু। বোকা। দামড়া। ষাঁড়।

بیل (বেল্) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার লতিয়ে যাওয়া চারাগাছ। কাপড়ের উপর বুনট করা ফুলপাতা। দান। সদকা।

بیل بٹا (বেলবটা) হিঃ নাঃ পুং ; নর্তক-নর্তকীদের প্রদত্ত উপহার সামগ্রী।

بیل بوٹا (বেল্‌বোটা) হিঃ নাঃ পুং ; কাপড়ের উপর বুনন করা ফুলপাতা।

بیل دار (বেলদার) হিঃ বিঃ ; লেসদার। পাড়যুক্ত। বেলদার।

بیل (বেল্) ফাঃ নাঃ পুং ; কোদাল জাতীয় খননাস্ত্র বিশেষ। বেলচা।

بیل دار (বেল্‌দার) ফাঃ বিঃ ; খননকারী।

بیلا (বেলা) হিঃ নাঃ পুং ; পানি পানের বৃহৎ ধাতব পাত্র। বেলফুল। মল্লিকা। সমুদ্রের তীর। সমুদ্রের তীরবর্তী জঙ্গল। একপ্রকার বাদ্যযন্ত্র।

بیلا بٹنا (বেলা বট্‌না) হিঃ ক্রিঃ ; দান করা। উৎসর্গ করা।

بیلٹ (বেলট) ইঃ নাঃ পুং ; গুপ্তভা মতামত জ্ঞাপন।

بیلٹ بکس (বেলট্ বক্স-Ballot Box) ইং নাঃ পুং ; ভোট বাক্স।

بیلچه (বেল্‌চাহ্) ফাঃ নাঃ পুং ; ছোট কোদাল। একপ্রকার খনন যন্ত্র। বেলচা।

بیلک (বেলক) ফাঃ নাঃ পুং ; তীরের ফলা। তীরের তীক্ষ্ণ প্রান্ত।

بیلن (বেলন) হিঃ নাঃ পুং ; বেলনা। রুটি লুচি প্রভৃতি বেলার জন্য ব্যবহৃত গোলাকার দন্ড। রোলার।

بیلنا (বেল্‌না) হিঃ মূঃ ; বেলন দ্বারা রুটি ইত্যাদি তৈরী করা।

بیلی (বেলী) হিঃ নাঃ পুং ; রক্ষক। সহযোগী। সঙ্গী।

بیم (বীম) ফাঃ নাঃ পুং ; ডর। ভয়। ভীতি। আশঙ্কা। আতঙ্ক। বিপদ।

بیما (বীমা) হিঃ নাঃ পুং ; বীমা। ইন্সুরেন্স।

بیمار (বীমার) ফাঃ বিঃ ; রুগ্ন। অসুস্থ। প্রেমিকা। নাঃ পুং ; রুগ্ন ব্যক্তি।

بیمار پرسی (বীমার পুরসী) ফাঃ নাঃ স্ত্রীং ; রুগীর সেবাযত্ন করা। শুশ্রূষা।

بیمار پڑنا (বীমার পড়না) হিঃ ক্রিঃ ; রোগাক্রান্ত হওয়া। অসুস্থ হয়ে পড়া।

بیمار خانه (বীমার খানাহ) ফাঃ নাঃ পুং ; রুগ্নশালা। হাসপাতাল।

بیماردار (বীমারদার) ফাঃ বিঃ ; রুগীর শুশ্রূষাকারী। রুগীর পরিচর্যাকারী।

بیمارداری (বীমারদারী) ফাঃ নাঃ স্ত্রীং ; রুগীর পরিচর্যা। রুগীর পরিচর্যা দায়িত্ব।

بیمار ستان (বীমারিস্তান) ফাঃ নাঃ ; হাসপাতাল। চিকিৎসাকেন্দ্র।

بیماری (বীমারী) ফাঃ নাঃ স্ত্রীং ; রোগ। ব্যাধি। অসুস্থতা।

بیمارسے اٹھنا (বীমারসে উঠনা) উঃ ক্রিঃ ; আরোগ্য হওয়া। সুস্থতা লাভ করা। রোগমুক্তি।

بیمه (বীমাহ্) ফাঃ নাঃ পুঃ ; বীমা।

بین (বীন্‌) হিঃ নাঃ পুং ; শোকগাঁথা। বিউগল।

بین (বাইন) আঃ নাঃ পুং ; মধ্যখান। মধ্যস্থল। দূরত্ব। ব্যবধান।

بین (বায়্যিন্‌) আঃ বিঃ ; পরিষ্কার। প্রকাশিত। উদ্‌ঘাটিত।

بین الاقوامی (বায়নাল আক্বওয়ামী) আঃ নাঃ পুং ; আর্ন্তজাতিক। বিভিন্ন জাতি সম্পর্কীয়।

بین السطور (বাইনাস সুতুর) আঃ নাঃ পুং ; দুই ছত্রের মধ্যবর্তী স্থান। দুই ছত্রের দূরত্ব।

بین بین (বায়ন বায়ন) আঃ বিঃ ; মাঝামাঝি। মধ্যম ধরনের। মিশ্রিত।

بین (বীন) ফাঃ বিঃ ; দৃষ্টিসম্পন্ন। দৃষ্টিমান।

بین (বীন) হিঃ নাঃ স্ত্রীং ; বাঁশী।

بینا (বীনা) হিঃ নাঃ পুং ; মিষ্টান্নের অংশ।

بینا (বীনা) হিঃ নাঃ পুং ; ঝুমুর জাতীয় একপ্রকার অলংকার।

بینا (বীনা) ফাঃ বিঃ ; বুদ্ধিমান। দৃষ্টিমান। দূরদর্শী।

بینات (বায়্যিনাত) আঃ বিঃ বিঃ ; সুস্পষ্ট প্রমাণ। সত্যসাক্ষ্য।

بینائی (বীনায়ী) ফাঃ নাঃ স্ত্রীং ; দৃষ্টিশক্তি। বুদ্ধিমত্তা। দূরদর্শিতা।

بینتی (বয়নতী) হিঃ নাঃ স্ত্রীং ; অভিলাষ। আকাঙ্খা।

بینٹ (বেয়োনেট–Bayonet) ইং নাঃ পুং ; বেয়নেট।

بیجنی (বেঁজনী) উঃ বিঃ ; ঈষৎ কালিমাযুক্ত রক্তিমাভ। বেগুনী রং।

بینچ (বেন্‌চ–Banch) ইঃ নাঃ পুং ; ন্যায়াসন। বিচারপীঠ।

بیند هنا (বীঁধনা) হিঃ মূঃ ; বিদ্ধ করা। ছিদ্রকরা। তিরস্কার করা।

بینڈ (বেনড) হিঃ নাঃ স্ত্রীং ; নলখাগড়ার আঁটি বা মুঠি।

بینڈا (বেঁড়া) হিঃ বিঃ ; বক্র। বাঁকা। তেরছা। জটিল। বিকট। কুশ্রী। অসভ্য। গন্ডমূর্খ।

بینڈا (বেঁড়া) হিঃ নাঃ পুং ; অর্গল। দরজার খিল বা গোঁজ।

بینڈا (বেন্‌ডা) হিঃ নাঃ পুং ; একপ্রকার বীট।

بینڈی (বেন্‌ডী) হিঃ বিঃ ; বক্র। তেরছা।

بینڈی کھوپری (বেন্‌ডী খোপরী) হিঃ বিঃ ; স্বল্প বুদ্ধি। মূর্খ।

بینڈی (বেঁডী) হিঃ নাঃ পুং ; চুলের গোছা।

بینڈیا (বেনড়িয়া) হিঃ নাঃ পুং ; বেজোড় হালের বলদ।

بینش (বীনশ) ফাঃ নাঃ স্ত্রীং ; দৃষ্টি। দৃষ্টিশক্তি। বুদ্ধিমত্তা। অভিজ্ঞান।

بینك (বেন্‌ক–Bank) ইং নাঃ পুং ; ব্যাংক। অধিকোষ।

بینگ (বেঙ) হিঃ নাঃ পুং ; ব্যাঙ।

بینگن (বেঁগন্‌) হিঃ নাঃ পুং ; এক প্রকার তরকারী। বেগুন।

بیننا (বীন্‌না) হিঃ মূঃ ; বাছাই করা। আলদা করা। ছাঁটা।

بیننده (বীনিন্দাহ) ফাঃ বিঃ ; দৃষ্টিমান। জ্ঞানীলোক। চক্ষুষ্মান।

بینه (বায়্যিনাহ্‌) আঃ নাঃ স্ত্রীং ; সুস্পষ্ট দলীল। সাক্ষী।

بیں هتها (বী হথথা) হিঃ নাঃ পুং ; বামহাত দ্বারা কর্ম সম্পাদনকারী। ডেবরা। বাউয়া।

بیں هتهی (বীঁ হথথী) হিঃ নাঃ স্ত্রীং বিঃ ; বাম হস্তদ্বারা কর্ম সম্পাদনকারিণী।

بینی (বীনী) উঃ নাঃ স্ত্রীং ; অর্গল। খিল।

بینی (বীনী) ফাঃ নাঃ স্ত্রীং ; নাসিকা। নাক।

بینی بریده (বীনী বুরীদাহ) ফাঃ বিঃ ; নাককাটা। ছিন্ন নাক। বেহায়া। নির্লজ্জ।

بینی پاك (বীনীপাক্‌) ফাঃ নাঃ পুং ; নাক পরিষ্কার রুমাল বিশেষ।

بینی کوه (বীনী কোহ্‌) ফাঃ নাঃ স্ত্রীং ; চূড়া। শিখর।

بیوپار (বেওপার) হিঃ নাঃ পুং ; ব্যবসা। বাণিজ্য।

بیوپاری (বেওপারী) হিঃ নাঃ পুং ; বণিক। ব্যবসায়ী। বেপারী।

بیوت (বুয়ূত) আঃ নাঃ স্ত্রীং ; ঘরসমূহ।

بیورا (বিয়োরা) হিঃ নাঃ পুং ; সংবাদ। বার্তা। পয়গাম। বৃত্তান্ত। সমাচার।

بیوراکرنا (বিয়োরা করনা) হিঃ ক্রিঃ ; জ্ঞাত করা। সংবাদ প্রদান করা।

بیورےدار (বিয়োরে দার) হিঃ বিঃ ; বৃত্তান্তকারী। বিশদভাবে বর্ণনা প্রদানকারী।

بیوستھا (বেবস্থা) হিঃ নাঃ পুং ; শাস্ত্রীয় বিধান। ধর্মীয় আজ্ঞা। ধর্মীয় বিধান। বিধি ব্যবস্থা।

بیوگ (বিয়োগ) হিঃ নাঃ পুং ; বিচ্ছেদ। বিরহ। মৃত্যু। অভাব। ত্যাগ। বর্জন। বিয়োগ।

بیوگی (বিয়োগী) হিঃ নাঃ স্ত্রীং ; বিধবা। রাঁঢ়ী।

بیوگی (বিয়োগী) হিঃ নাঃ পুং ; বিরহকাতর প্রেমিক। বিরহী। ছ্যাঁক ও পোড় খাওয়া প্রেমিক।

بیونت (বেবঁত) হিঃ নাঃ পুং ; কর্তন। ফাড়ন। পরিমাপ। উপায়। মতলব। বিভাজন। তৃপ্তিবিধান।

بیونتنا (বেওত্‌না) হিঃ মূঃ ; কাটা। খণ্ডিত করা। ফাড়া।

بیونگا (বেয়োঁগা) হিঃ নাঃ পুং ; চামড়া পরিষ্কার করার হাতিয়ার বিশেষ।

بیوہ (বেওহ্) ফাঃ নাঃ স্ত্রীং ; বিধবা। স্বামীহীনা।

بیوہ قابض (বেওহ্ ক্বাবিয্) ফাঃ নাঃ স্ত্রীং ; যে বিধবা মহিলা স্বামীর সম্পত্তির ভোগদখল করে।

بیوہار (বেওহার) হিঃ নাঃ পুং ; ব্যবস্থায়। কায়-কারবার। কাজকর্ম। পেশা। সম্পর্ক। ব্যবহার। রীতিনীতি।

بیوہارکی بات (বেওহার্‌কী বাত্) হিঃ নাঃ স্ত্রীং ; পত্নী। স্ত্রী। ঘরণী।

بیوی (বীবী) হিঃ নাঃ স্ত্রীং ; স্ত্রী। পত্নী।

بیوی کا غلام (বীবী কা গোলাম) উঃ নাঃ পুং-স্ত্রীং ; ঘরজামাই। স্ত্রীর বাধ্যগত। স্ত্রীর অঙ্গুলি হেলনে পদ সঞ্চালনকারী। স্ত্রৈন।

بیہ (বীহ্) হিঃ নাঃ পুং ; গর্ত। কান বা নাকের গহবর।

بیہن (বীহন) হিঃ নাঃ স্ত্রীং ; চারা ধানের জমি। বীজ-শস্যের জন্য প্রদত্ত অগ্রিম মূল্য।

بیہڑ (বেহড়) হিঃ নাঃ স্ত্রীং ; অসমতল ভূমি। পতিত। অকর্ষিত চারণভূমি।

بیہودہ (বেহূদা) ফাঃ বিঃ ; বোকা। অলস। অনর্থক। অসৎ। بیہودہ گوئی (-গোঈ) নাঃ স্ত্রীং ; বাজে কথা। অর্থহীন প্রলাপ।

پ

پ (পে) উর্দু ও ফার্সীর তৃতীয়, হিন্দীর ২১তম অক্ষর। আবজাদ-এর হিসাবে এর মান– ৩।

پ – ا

پا (পা) ফাঃ নাঃ পুং ; পদ। চরণ। পা। পদতল। স্থায়িত্ব। শক্তি। ভিত্তি।

پاافراز (পা আফ্‌রায) ফাঃ নাঃ পুং ; পাদুকা। জুতা।

پاافتاده (পা উফতাদাহ্) ফাঃ বিঃ ; অসহায়। নিরাশ্রয়। নিঃসঙ্গ।

پانداز (পা আন্‌দায) ফাঃ নাঃ পুং ; পাদানি। জুতা পরিষ্কার করার ন্যাকড়া বা ব্রাশ।

پابجولاں (পা বজোলাঁ) ফাঃ বিঃ ; পদবেড়ী। শিকল। জিঞ্জির। লৌহবেষ্টনী। বন্দী। কয়েদী। সেবক। সেকেলে।

پابدامن (পা বদামন্) ফাঃ বিঃ ; ঘরকুনো। অসামাজিক। অমিশুক।

پابرکاب (পা ব'রিকাব) ফাঃ বিঃ ; প্রস্থানোদ্যত। যাত্রার জন্য তৈরী এমন।

پابرهنه (পা ব'রহানাহ) ফাঃ বিঃ ; নগ্নপদ।

پابزنجیژ (পা ব'জিঞ্জীর) ফাঃ বিঃ ; পদবেড়ী সম্পন্ন।

پابست (পা বস্ত) ফাঃ বিঃ ; দৃঢ়। শক্ত। ধৃত।

پابگل (পাবগিল) ফাঃ বিঃ ; কয়েদী। অসহায়। কাদায় পতিত।

پابند (পাবন্‌দ) ফাঃ নাঃ স্ত্রীং ; অভ্যস্ত। চাকর। অশ্বের সম্মুখস্থ পদযুগল বাধার রশি। শৃঙ্খলিত। ধৃত। অনুগত। দৃঢ়।

پابندی (পাবন্দী) ফাঃ নাঃ স্ত্রীং ; নিয়মানুবর্তিতা। বাধ্যবাধকতা। দৃঢ়তা। বন্ধন। চাকরী।

پابوس (পাবুস) ফাঃ বিঃ ; পদচুম্বনকারী।

پابوسی (পাবোসী) ফাঃ নাঃ স্ত্রীং ; সম্মান। বিনয়। কুর্নিশ। পদচুম্বন। কদমবুছি।

پاپ (পাপ্) হিঃ নাঃ পুং ; পাপ। অন্যায়। অপরাধ।

پاپ کاپھل (পাপ কা ফল) হিঃ নাঃ পুং ; পাপের ফল। দুর্ভোগ।

پاپوش (পাপোশ) ফাঃ নাঃ স্ত্রীং ; পাপোশ। জুতা।

پاپوش کاری (পাপোশ কারী) ফাঃ নাঃ স্ত্রীং ; জুতাপেটা।

پاپیاده (পাপিয়াদাহ) ফাঃ ; পায়দল। পদব্রজী। পদাতিক।

پاتابه (পা তাবহ্) ফাঃ নাঃ পুঃ ; সুখতলা। মোজা।

پاتراب (পা তুরাব) ফাঃ নাঃ পুং ; স্থান পরিবর্তন। ভ্রমণের শুভাশুভ নির্ণয়ের জন্য ঘর থেকে বের হওয়া।

پاجامه (পা জামাহ্) ফাঃ নাঃ পুং ; পায়জামা। ঢিলা ট্রাউজার বিশেষ।

پادراز (পাদরায) ফাঃ বিঃ ; সখে। সানন্দে। পুলকিত মনে।

پادرهوا (পাদরহওয়া) ফাঃ বিঃ ; ভিত্তিহীন। কাল্পনিক। আজগুবি।

پاروب (পা রুব) ফাঃ নাঃ পুং ; অশ্বমল পরিষ্কার করার কাষ্ঠখণ্ড বিশেষ।

پازیب (পাযেব) ফাঃ নাঃ স্ত্রীং ; পদাভরণ। একপ্রকার পায়ের অলঙ্কার বিশেষ।

پاشکسته (পাশিকাস্‌তাহ) ফাঃ বিঃ ; চলৎশক্তি রহিত। অপারগ। অসহায়।

پاکوب (পাকোব) ফাঃ বিঃ ; নৃত্যকারী। নর্তক। ড্যান্সার।

پائےکوبی (পায়-কোবী) ফাঃ নাঃ স্ত্রীং ; নৃত্য, নর্তন। কুর্দন।

پامال (পামাল) ফাঃ বিঃ ; পদদলিত। নিষ্পেষিত। নির্যাতিত। অবহেলিত।

پامالی (পামালী) ফাঃ নাঃ স্ত্রীং ; দলন।

নিষ্পেষণ। নির্যাতন। কষ্ট। ধ্বংস। বিনাশ।

پامرد (পা মরদ) ফাঃ বিঃ ; দৃঢ়। সাহসী। উদ্যমশীল। নিঃশঙ্ক।

پامردی (পা মরদী) ফাঃ নাঃ স্ত্রীং ; সাহস। দৃঢ়তা। শক্তি। সমর্থ।

پاموز (পামোয) ফাঃ বিঃ ; কবুতর। মোরগ।

پاورق (পা–বরক) ফাঃ নাঃ পুং ; পুস্তকের প্রান্তলেখার নিম্নাংশে পরবর্তী পৃষ্ঠার প্রথম শব্দ।

پایاب (পায়াব) ফাঃ বিঃ ; পানিতে পায়দল চলার পথ। অগভীর পানি ঘাট।

پایابی (পায়াবী) ফাঃ নাঃ স্ত্রীং ; অগভীর। ভাসাভাসা।

پاپ (পাপ) সং নাঃ পুং ; অন্যায়। অপরাধ। পাপ।

پاپروپ (পাপ রূপ) হিঃ নাঃ পুং ; বিকট। কদাকার। অত্যাচারী। নির্মম। নিষ্ঠুর।

پاپ (পাপ) হিঃ নাঃ পুং ; সিফিলিস জাতীয় রোগ বিশেষ।

پاپ کٹنا (পাপ্ কাট্না) হিঃ ক্রিঃ ; পাপস্খলন হওয়া। ঝগড়া দূর হওয়া।

پاپکی پوٹ (পাপ্কীপোট) হিঃ বিঃ বিঃ ; পাপের আকর। পাপের মূর্তি।

پاپا (পাপা–Papa) ইং নাঃ পুং ; পিতা। বাবা। খ্রীস্টানদের ধর্মগুরু। ফাদার।

پاپائیت (পাপায়িয়্যত) ফাঃ নাঃ স্ত্রীং ; পোপের পদ বা ক্ষমতা। পোপতন্ত্র।

پاپا (পাপা) হিঃ নাঃ পুং ; চাউল বা শস্যের কীট। খুদ।

پاپاخ (পাপাখ) ফাঃ নাঃ পুং ; কাল দুম্বার চর্মদ্বারা প্রস্তুত লম্বা টুপি বিশেষ।

پاپڑ (পাপড়) সং নাঃ পুং ; পাতলা। অপুরু। মুগ ইত্যাদি ডালের গুঁড়া দ্বারা তৈরী পাতলা রুটি বিশেষ।

پاپڑا (পাপড়া) সংঃ নাঃ পুং ; একপ্রকার কলাগাছ।। ঢাক বৃক্ষের ফল।

پاپڑاکھار (পাপ্ড়াখার) হিঃ নাঃ পুং ; পাপড়ে মিশানো লবণ বিশেষ।

پاپنی (পাপ্নী) হিঃ বিঃ ; পাপিনী। কলঙ্কিনী।

پاپی (পাপী) হিঃ বিঃ ; পাপী। অপরাধী। অত্যাচারী। নিষ্ঠুর। কৃপণ।

پاپی کنواں (পাপীকুঁয়া) হিঃ নাঃ পুং ; মৃত্যুকূপ। প্রতিবছর কারো না কারো সলিল সমাধি ঘটে যেখানে।

پات (পাত) হিঃ নাঃ পুং ; কানের অলঙ্কার।

پات پات ڈال ڈال (পাত্পাত ডাল্ডাল) হিঃ নাঃ পুং ; সর্বত্র। সর্বস্থানে।

پاتال (পাতাল) হিঃ নাঃ স্ত্রীং ; নাগলোক। পাতাল। ভূগর্ভ। নরক।

پاتال جنتر (পাতাল্ জন্তর) হিঃ নাঃ পুং ; যে পাত্রে উত্তেজক ঔষধ তৈরী করা হয়।

پاتر (পাত্র) সং নাঃ পুং ; পাত্র। ভাণ্ড। পান পাত্র।

پاترتا (পাতরতা) হিঃ নাঃ স্ত্রীং ; সতি সাধ্বী মহিলা।

پرسش (পুরসিশ) ফাঃ নাঃ স্ত্রীং ; জিজ্ঞাসাবাদ। খোঁজখবর। তত্ত্বতালাশ। দেখভাল। সম্মান। ইজ্জত। শ্রদ্ধা।

پرسن (পরসন্) সং বিঃ ; আনন্দিত। উৎফুল্ল। নিরাপদ। নিশ্চিন্ত। নিরুদ্বিগ্ন।

پرسندہ (পরসন্দহ) উঃ নাঃ পুং ; কাবাব। সেঁকা গোশ্ত।

پرسنگ (পরসঙ্গ) সং নাঃ পুং ; বাবত। জন্য। দরুন। সম্পর্ক।

پرسوت (পরসোত) সং নাঃ পুং ; মেয়েদের জননেন্দ্রিয় থেকে নির্গত একপ্রকার সাদা পদার্থ। সূতিকা। শ্বেত প্রদর। প্রসূতির রোগ বিশেষ। ভূমিষ্ঠ। নবজাত।

پرسوں (পরসোঁ) হিঃ ; আগামী কালের পরের অথবা গতকালের আগের দিন। পরশু।

پرسیاؤشاں (পুরসিয়াউশাঁ) ফাঃ নাঃ পুং ; একপ্রকার সুগন্ধি তৃণবিশেষ। একপ্রকার গোশতের টুকরা।

پرش (পুরশ) সং নাঃ পুং ; মানুষ। লোক। ব্যক্তি। পরমেশ্বর।

پرشاد (পরশাদ) হিঃ নাঃ পুং ; দেবতার উদ্দেশ্যে প্রদত্ত ভোগ্। শিক্ষক বা গুরুজনের উচ্ছিষ্ট।

پرشوتم (পরশোতম) সং নাঃ পুং ; সুমহান ব্যক্তিত্ব। মহান সত্তা।

پرشہر (পরশহর) হিঃ নাঃ পুং ; পরদেশ। বিদেশ।

پرکاج (পরকাজ্) হিঃ নাঃ পুং ; পরের কর্ম। পরের কাজ।

پرکار (পুরকার) ফাঃ নাঃ পুং ; বৃত্ত অঙ্কনের যন্ত্র বিশেষ।

پرکار (পরকার) সং নাঃ পুং ; প্রকার। জাতি। শ্রেণী। রকম। রীতি। প্রনালী। উপায়।

پرکار (পুরকার) ফাঃ বিঃ ; মোটা। পুরু। স্থূল। ভারী।

پرکاش (পরকাশ) সং নাঃ পুং ; প্রকাশ। বিকাশ। প্রদর্শন। ব্যক্ত। উদয়। প্রস্ফুটন।

پرکالا (পরকালা) ফাঃ নাঃ পুং ; চৌকাঠ। প্রান্ত। দরজার ফ্রেম। সিঁড়ি।

پرکالہ (পরকালাহ্) ফাঃ নাঃ পুং ; অংশ। ভাগ। টুকরা। অধ্যায়। স্ফুলিঙ্গ। অগ্নি কণা। কিরণ। দর্পন। আর্শি।

پرکالہ آتش (পরকালায়ে-আতশ্) ফাঃ বিঃ ; ধূর্ত। প্রতারক। ধড়িবাজ।

پرکما (পরকমা) সং নাঃ স্ত্রীং ; প্রদক্ষিণ।

پرکمی (পরকমী) প্রাঃ নাঃ পুং ; বিপদ। প্রয়োজন।

پرکھ (পরখ) হিঃ নাঃ স্ত্রীং ; পরিচয়। বোধ। জ্ঞান। পরখ।

پرکھ (পুরখ) সং নাঃ স্ত্রীং ; পুরুষ। মানুষ।

پرکھا (পরখা) হিঃ নাঃ পুং ; নিরীক্ষক। যাচাইকারী।

پرکھا (পুরখা) হিঃ নাঃ পুং ; অতিশয় বৃদ্ধ। পিতৃপুরুষ।

پرکھانا (পরখানা) হিঃ মূঃ ; যাচাই করানো। ন্যস্ত করা।

پرکھنا (পরখ্না) হিঃ মূঃ ; যাচাই করা। পরিচিতি লাভ করা। জানা।

پرکھیا (পরখিয়া) হিঃ নাঃ পুং ; যাচাইকারী। জওহরী।

پرگٹ ملنا (পরগত মিল্না) হিঃ মূঃ ; মিলমিশ হওয়া।

پرگٹ (পরগট্) প্রাঃ বিঃ ; প্রকট। প্রকাশ। বিকাশ। ব্যক্ত।

پرگنات (পরগনাত্) ফাঃ নাঃ পুং ; পরগণা। চাকলা। গ্রাম সমষ্টি।

پرگنہ (পরগনাহ্) ফাঃ নাঃ পুং ; এলাকা। জিলার অংশ।

پرلا (পর্লা) পরবর্তী। পরপারবর্তী।

پرلےپار (পরলে পর) বিণ ; পরপারে। বহুদূরে।

پرلے (পরলয়) হিঃ নাঃ স্ত্রীং ; ব্যাপক ধ্বংস। বন্যা। প্রলয়।

پرگھات (পরঘাত) প্রাঃ নাঃ পুং ; দূর্ঘটনা।

پرگھٹی (পুরঘটী) সং নাঃ স্ত্রীং ; ছাঁচ। ঠাঁট। কাঠামো।

پرگھرا (পরঘরা) হিঃ বিঃ ; যে অন্যের ঘরে বসবাস করে।

پرلے درجے کا (পরলে দরজেকা) হিঃ বিঃ ; সীমাহীন। অনন্ত। নিম্ন স্তরের।

پرلوک (পরলোক) সং নাঃ পুং ; পরলোক। মৃত্যু পরবর্তী জগৎ।

پرلی (পরলী) হিঃ ; ঐ দিকের। ওধারের।

پرم (পরম) সং নাঃ পুং ; মহান। অত্যন্ত। চরম। শ্রেষ্ঠ। প্রথম। আদী। প্রকৃত। প্রধান।

پرماتما (পরমাত্মা) সং নাঃ পুং ; পরমাত্মা। পরমেশ্বর। খোদা। ভগবান।

پرمٹا (পরমটা) হিঃ নাঃ পুং ; একপ্রকার বস্ত্র।

پرمحلہ (পর মহল্লাহ) হিঃ নাঃ পুং ; অন্য মহল্লা।

پرمل (পরমল্) সং নাঃ পুং ; একপ্রকার সুগন্ধি চাউল।

پرملو (পরমিলো) হিঃ নাঃ পুং ; একপ্রকার তরকারী।

پرمود (পরমোদ) সং নাঃ পুং ; প্রমোদ। আনন্দ। বিহার।

پرمشر (পরমেশুর) সং নাঃ পুং ; পরমেশ্বর।

پرمیو (পরমেয়ো) সং নাঃ পুং ; একপ্রকার জ্বালা-পোড়া রোগ বিশেষ।

پرن (পরন) হিঃ নাঃ পুং ; অঙ্গীকার। প্রতিশ্রুতি। শপথ। সংকল্প।

پرنالہ (পরনালাহ্) হিঃ নাঃ পুং ; পয়ঃপ্রণালী। ড্রেন। নল।

پرنالی (পরনালী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট ড্রেন।

پرنام (পরনাম) সং নাঃ পুং ; প্রনাম। অভিবাদন। নমস্কার। কুর্নিশ।

پرنانا (পরনানা) হিঃ নাঃ পুং ; মাতার দাদা। পরনানা।

پرند (পরিন্দ্) ফাঃ নাঃ পুং ; উড্ডয়নশীল। উড়ন্ত।

پرندہ (পরিনদাহ) ফাঃ নাঃ পুং ; পাখী।

پرنی (পুরনী) প্রাঃ নাঃ স্ত্রীং ; ছোট নল।

پرنیاں (পরনিয়াঁ) ফাঃ নাঃ পুং ; একপ্রকার ফুলদার রেশমী কাপড়।

پروا (পরওয়া) ফাঃ নাঃ স্ত্রীং ; পরোয়া। গ্রাহ্য। ইচ্ছা। অভিপ্রায়। ভয়। প্রয়োজন।

پروا (পরওয়া) ফাঃ নাঃ পুং ; চাঁদের প্রথম তারিখ।

پروا (পুরবা) হিঃ নাঃ পুং ; ভোরের বাতাস। প্রাতঃবায়ু।

پروار (পরওয়ার) সং নাঃ পুং ; গোত্র। খান্দান। কবিলা।

پرواز (পরওয়ায) ফাঃ নাঃ স্ত্রীং ; আকাশে বিচরণ। উড়ন্ত। উড্ডয়ন।

پرواز کناں (পরওয়ায কুনাঁ) ফাঃ বিঃ ; উড়ন্ত। উড্ডয়নশীল।

پروال (পরওয়াল) হিঃ নাঃ পুং ; একপ্রকার চক্ষু রোগ।

پروان (পরওয়ান) হিঃ বিঃ ; সফল। সঠিক। নির্ভরযোগ্য। মাশুল।

پروانجات (পরওয়ানজাত) ফাঃ নাঃ পুং ; পরোয়ানা। আদেশপ্রত।

پروانگی (পরওয়ানগী) ফাঃ নাঃ স্ত্রীং ; আদেশ। অনুমতি।

پروانہ (পরওয়ানাহ্) ফাঃ নাঃ স্ত্রীং ; পতঙ্গ। পোকা। আদেশ। সমন।

پروانہ تلاشی (পরওয়ানাহ্ তল্লাশী) হিঃ নাঃ পুং ; ঘরতল্লাশীর আদেশ।

پروانہ راہداری (পরওয়ানায়ে রাহদারী) ফাঃ নাঃ পুং ; ছাড়পত্র। অনুমতিপত্র। পাসপোর্ট।

پروانہ گرفتاری (পরওয়াহনায়ে গ্রেফ্‌তারী) ফাঃ নাঃ পুং ; গ্রেফ্‌তারীর আদেশ। গ্রেফতারী পরওয়ানা।

پروائی (পুরওয়াঈ) হিঃ নাঃ স্ত্রীং ; পূবালী হাওয়া।

پروایا (পরওয়ায়া) হিঃ নাঃ পুং ; চৌপায়ীর নিচে স্থাপিত ক্ষুদ্র কাষ্ঠখন্ড।

پروتا (পরোতা) হিঃ নাঃ পুং ; প্রপৌত্র। আট। গুড়। হলদি। পান।

پروتی (পরোতী) হিঃ নাঃ স্ত্রীং ; প্রপৌত্রী।

پرور (পরব'র) ফাঃ বিঃ ; পালক। প্রতিপালক।

پروردگار (পরওয়া'রদিগার) ফাঃ নাঃ পুং ; প্রতিপালনকারী। আল্লাহ।

پروردگارعالم (পরওয়া'রদিগারে-আলম) ফাঃ নাঃ পুং ; বিশ্বপ্রতিপালক। আল্লাহ।

پرورده (পরওয়া' রদাহ) ফাঃ নাঃ পুং ; প্রতিপালিত।

پرورش (পরওয়া'রিশ) ফাঃ নাঃ পুং ; প্রতিপালন। দয়া। শিক্ষা।

پرورنده (পরওয়া'রিন্‌দাহ) ফাঃ বিঃ ; প্রতিপালক।

پروس (পরোস) হিঃ নাঃ স্ত্রীং ; প্রতিবেশী। একত্রে বসবাসকারী।

پروسا (পরোসা) হিঃ নাঃ পুং ; বখরা। অংশ। খোর।

پروسن (পরোসন) হিঃ নাঃ স্ত্রীং ; প্রতিবেশী মহিলা।

پروسنا (পরোসনা) হিঃ মূঃ ; অভ্যাগতদের আপ্যায়ণ করা।

پرول (পরব'ল) হিঃ নাঃ পুং ; পটলের মত একপ্রকার তরকারী।

پرونا (পিরোনা) হিঃ মূঃ ; সূঁচে সূতা সংযোজন করা। গাঁথা।

پرونا (পুরোনা) প্রাঃ মূঃ ; পূর্ণ করা।

پروهت (পুরোহিত) সং নাঃ পূং ; ঋত্বিক। যজনকর্তা। পুরোহিত। যাজক।

پرویز (পরবে'য) ফাঃ নাঃ পুং ; বিজেতা। ভাগ্যবান। হৃষ্ট। দামী। ইরানের নৃপতি দ্বিতীয় খসরুর উপাধি। জাঁকজমক।

پروین (পারবী'ন) ফাঃ নাঃ পুং ; সপ্তর্ষি মন্ডল। সপ্ত নক্ষত্রপুঞ্জ।

پره (পরহ) ফাঃ নাঃ পুং ; সারি। লাইন। পার্শ্ব। দিক।

پره بینی (পরাহবীনী) ফাঃ নাঃ পুং ; নাসারন্ধ্রের মধ্যস্থিত পর্দা বিশেষ।

پرهیز (পরহেয্‌) ফাঃ নাঃ পুং ; সংযম। নিয়ন্ত্রণ। মিতাচার।

پرهیزگار (পরহেয্‌গার) ফাঃ বিঃ ; সংযমী। পুণ্যবান।

پرهیزگاری (পরহেয্‌গারী) ফাঃ নাঃ স্ত্রীং ; সংযমশীলতা। মিতাচারিতা।

پرهیزی (পরহেযী) হিঃ বিঃ ; পরিত্যাজ্য। বর্জনীয়।

پرئی (পরঈ) হিঃ নাঃ ; একপ্রকার ক্ষুদ্র পাখী।

پری (পরী) ফাঃ নাঃ স্ত্রীং ; পরী। অতিশয়। সুন্দরী। মায়াবিনী।

پری بند (পরীবন্‌দ) হিঃ নাঃ পুং ; মেয়েদের একপ্রকার অলঙ্কার বিশেষ।

پری پیکر (পরীপয়কার) ফাঃ বিঃ ; অতিশয় শ্রীমান। প্রিয়জন। প্রেমাস্পদ।

پری خانه (পরীখানাহ্‌) ফাঃ নাঃ পুং ; সুন্দরীদের আড্ডা। পরীস্তান।

پری خوان (পরীখাঁ) ফাঃ নাঃ পুং ; জ্বিনপরীর আসন দানকারী।

پری دار (পরীদার) ফাঃ নাঃ পুং ; যার উপর পরীর ছায়া পড়েছে এমন।

پری رخسار (পরী রুখসার) ফাঃ বিঃ ; শ্রীমান। লাবণ্যময়। সুন্দর। কান্তিমান।

پری زاد (পরীযাদ) ফাঃ বিঃ ; পরী থেকে সৃষ্ট বা জন্মানো।

پری (পুরী) ফাঃ নাঃ স্ত্রীং ; পূর্ণ হওন।

پری (পুরী) হিঃ নাঃ স্ত্রীং ; নগর। শহর।

پرے (পরে) হিঃ নাঃ পুং ; সারি। দল। দূরবর্তী। ওধারে।

پریت (পরীত্‌) সং নাঃ স্ত্রীং ; বিপরীত।

প্রেম। প্রীতি। প্রণয়। অনুরাগ। অবৈধ প্রণয়।

پریتا (পরীতা) হিঃ নাঃ পুং ; চরকা। নাটাই।

پریتم (পরীতম) হিঃ নাঃ পুং ; প্রিয়তম। প্রেমাস্পদ।

پریده (পরীদাহ্) ফাঃ বিঃ ; উধাও। অদৃশ্য।

پریس (পরেস) প্রাঃ নাঃ পুং ; পরদেশ। বিদেশ।

پریشان (পারীশান) ফাঃ বিঃ ; হতভম্ব। চিন্তান্বিত। হতবুদ্ধি। কিংকর্তব্য বিমূঢ়। সংশয়াবিষ্ট। দ্বিধান্বিত।

پریشان حال (পারীশান্ হাল্) ফাঃ বিঃ ; দূর্দশাগ্রস্থ। বিপন্ন।

پریشانی (পারীশানী) ফাঃ নাঃ পুং ; দ্বিধা। চিন্তা। হতবুদ্ধিতা। বিপন্নতা।

پریکشا (পারীক্সা) সং নাঃ পুং ; তত্ত্বতালাশ। খোঁজখবর। অভিজ্ঞতা। প্রমাণ। পরীক্ষা

پریکھا (পরেখা) হিঃ নাঃ পুং ; অনুতাপ। অনুশোচনা। তওবা।

پریگ (পরেগ্) হিঃ নাঃ স্ত্রীং ; অতিসূক্ষ্ম কীলক বা গোঁজ।

پریم (পরেম) সং নাঃ পুং ; প্রেম। প্রণয়। ভালবাসা।

پریمی (পরেমী) সংঃ বিঃ ; প্রেমিক। যে ভালবাসে।

پریوا (পরীওয়া) হিঃ নাঃ পুং ; মাসের প্রথম দিন।

پریوا (পরেওয়া) হিঃ নাঃ পুং ; একপ্রকার জলজ প্রাণী। কবুতর।

پ - ڑ

پڑا (পড়া) হিঃ বিঃ ; পতিত। স্খলিত। অধোগত। শায়িত। অসুস্থ।

پڑا (পড়া). হিঃ নাঃ পুং ; মহিষের নরশাবক।

پڑا (পুড়া) সং নাঃ পুং ; পুরিয়া। গুঁড়া ভর্তি কাগজের পুলিন্দা। ঢোলক চর্ম।

پڑاپڑ (পড়াপড়্) হিঃ নাঃ পুং ; হালকা কিছুর পতন ধ্বনি।

پڑاق (পড়াক) উঃ নাঃ স্ত্রীং ; বিস্ফোরণের শব্দ।

پڑاقا (পড়াকা) উঃ নাঃ পুং ; একপ্রকার আতশবাজি।

پڑاقے کی گوٹ (পড়াক্কেকী গোট) হিঃ নাঃ স্ত্রীং ; বিচিত্র রঙের গোটা।

پڑاو (পড়াউ) হিঃ নাঃ পুং ; শিবির। ছাউনি। তাঁবু। নিবাস।

پڑپڑانا (পড়পড়ানা) হিঃ মূঃ ; জুতাপেটা করা। অধিক প্রহার করা। গণপিটুনী।

پڑپڑانا (পিড়াপিড়ানা) উঃ মূঃ ; পড়পড় করা। বস্ত্রাদি ছেড়ার শব্দ করা।

پڑت (পড়ত) হিঃ নাঃ স্ত্রীং ; ক্রয়মূল্য। দর। অংশ। হিস্যা।

پڑتا (পড়তা) হিঃ নাঃ পুং ; আংশিক মূল্য। দাম। খন্ড।

پڑتال (পড়তাল্) হিঃ নাঃ স্ত্রীং ; নিরীক্ষণ। পর্যবেক্ষণ। পুনঃবীক্ষণ। পুনর্বিবেচনা। তুলনা।

پڑتالنا (পড়তাল্না) হিঃ মূঃ ; পুনঃবীক্ষণ করা। পর্যালোচনা করা।

پڑتل (পড়তল) হিঃ নাঃ পুং ; বাহনের সামান।

پڑتی (পড়তী) হিঃ নাঃ স্ত্রীং ; পতিত ভূমি। অকর্ষিত জমি। অনাবাদি ক্ষেত।

پڑجانا (পড়জানা) হিঃ মূঃ ; পতিত হওয়া। পড়ে যাওয়া। স্খলন ঘটা।

پڑچونیا (পড়চোনিয়া) হিঃ নাঃ পুং ; মুদী। মুদি দোকানদার।

پڑرهنا (পড় রহনা) হিঃ মূঃ ; শুয়ে পড়া। শয্যাগ্রস্ত হওয়া।

پڑنا (পড়না) হিঃ মূঃ ; পতিত হওয়া। সন্নিবেশিত হওয়া। ধৃত হওয়া। অবস্থান করা। আক্রমণ করা।

پڑوا (পড়ওয়া) হিঃ নাঃ পুং ; মহিষের নর শাবক। চান্দ্র মাসের পয়লা তারিখ।

پڑوس (পড়োস্) হিঃ নাঃ পুং ; প্রতিবেশী। নিকটতম।

پڑوسن (পড়োসন) হিঃ নাঃ স্ত্রীং ; প্রতিবেশিনী।

پڑوسی (পড়োসী) হিঃ নাঃ পুং ; পড়শী। সন্নিহিত স্থানের অধিবাসী।

پڑھا (পঢ়া) হিঃ নাঃ পুং ; বিদ্বান। শিক্ষিত। জ্ঞানী।

پڑھاجن (পঢ়াজন্ন) হিঃ বিঃ ; চতুর। ধূর্ত। অনিষ্ঠক।

پڑھانا (পঢ়ানা) হিঃ মূঃ ; জ্ঞানদান করা। শিক্ষা প্রদান করা।

پڑھائی (পঢ়াঈ) হিঃ নাঃ স্ত্রীং ; শিক্ষা। শিক্ষাদানের প্রণালী। শিক্ষক–ভাতা।

پڑھ پتھر (পঢ়পাত্থর) হিঃ বিঃ ; শিক্ষিত মূর্খ। হাঁদারাম। মেধাহীন।

پڑھن (পঢ়ন) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার মৎস্য। পঠন।

پڑھنا (পঢ়না) হিঃ মূঃ ; পাঠ করা। অধ্যয়ন করা। শিক্ষালাভ করা।

پڑھنت (পঢ়ন্ত) হিঃ নাঃ স্ত্রীং ; যাদু। মন্ত্র।

پڑھوانا (পঢ়ওয়ানা) হিঃ মূঃ ; পড়ানো। শেখানো।

پڑی ھوئی آواز (পড়ীহুয়ী আওয়ায) হিঃ নাঃ স্ত্রীং ; অস্পষ্ট ধ্বনি।

پڑیا (পড়ুয়া) হিঃ নাঃ স্ত্রীং ; মাদী মহিষ শাবকী।

پڑیا (পুড়য়া) হিঃ না স্ত্রীং ; পুরিয়া। গুঁড়া ভর্তি কাগজের পুলিন্দা।

پڑیاں (পড়য়াঁ) হিঃ নাঃ স্ত্রীং ; পুলিন্দাগুলো।

پڑیل (পড়য়ল) হিঃ বিঃ ; ঘুমকাতর। চলৎশক্তি রহিত।

پ – ز

پزاده (পযাদাহ্) ফাঃ নাঃ পুং ; ভাটি। ইষ্টকাদি পোড়ানোর চুল্লি। ইটখোলা।

پزیرا (পযীরা) ফাঃ বিঃ বিঃ ; অনুমোদনকারী। অনুমোদিত। গৃহীত।

پزیرائی (পযীরাঈ) ফাঃ নাঃ স্ত্রীং ; অনুমোদন। সম্মতি। মঞ্জুরী।

پ – ژ

پژمردگی (পাঝমুরদগী) ফাঃ নাঃ স্ত্রীং ; নিস্তেজতা। বিষন্নতা। নিরুদ্যমতা। বিমর্ষতা। বিশুষ্কতা।

پژمرده (পঝমুরদাহ) ফাঃ নাঃ পুং ; বিমর্ষ। বিষন্ন। ম্লান।

پژمرده خاطیر (পঝমুরদাহ খাতির) ফাঃ নাঃ পুং ; মনমরা। নিরাশ। দুঃখিত।

پژوه (পঝব'হ) ফাঃ বিঃ ; পোক্ত। মজবুত।

پ – س

پس (পস্) ফাঃ বিঃ ; পরে। শেষে। অবশেষে। অতএব। সুতরাং। এ কারণে।

پس انداز (পস্ আন্দায) ফাঃ বিঃ ; লাভ। অবশিষ্ট। সঞ্চিত।

پس پا (পস্পা) ফাঃ বিঃ ; পশ্চাদ্ধাবিত।

پس پرده (পাস্পরদাহ) ফাঃ বিঃ ; পর্দার আড়ালে। অন্তরালে।

پس پشت (পসে-পুশ্ত) ফাঃ বিঃ ; পেছনে। পেছনের দিকে।

پس خورده (পস্ খোরদাহ) ফাঃ বিঃ ; উচ্ছিষ্ট। ঝুটা। এঁটো।

پس رو (পস্রও) ফাঃ নাঃ পুং ; চাকর। ভৃত্য। শিষ্য। ভক্ত।

پس غیبت (পস্গয়বত) ফাঃ বিঃ ; অনুপস্থিতিতে। অবর্তমানে।

پس فردا (পসে-ফরদা) ফাঃ বিঃ ; আগামী পরশু।

پس مانده (পস্মান্দাহ) ফাঃ বিঃ ; উচ্ছিষ্ট। উত্তরাধিকারী।

پس مردن (পসে-মুরদান) ফাঃ বিঃ ; মৃত্যুর পরে।

پس منظر (পস্মানযার) ফাঃ নাঃ পুং ; পটভূমি। প্রেক্ষাপট।

پس وپیش (পস্‌ওপেশ্‌) ফাঃ নাঃ পুং ; আগে-পরে। লাভ-ক্ষতি। ভালমন্দ।

پسارا (পসারা) হিঃ নাঃ পুং ; প্রসার। ব্যাপ্তী। অঙ্গন। প্রাসাদ।

پسانا (পসানা) হিঃ কৃঃ ; চাউল ইত্যাদি সিদ্ধ করার পর তা হতে পানি নিষ্কাষণ। সর উঠান। সর তুলে পরিষ্কার করা।

پسارنا (পিসারনা) হিঃ মৃঃ ; ব্যাপ্তি ঘটানো। প্রসারিত করা। প্রলম্ব করা।

پساری (পসারী) پنساری (পন্‌সারী) হিঃ নাঃ পুং ; মুদী। পসারী। মসল্লা ইত্যাদি বিক্রেতা।

پساؤ (পসাউ) হিঃ নাঃ পুং ; শ্বেতসার। মাড়। ফেন।

پسائی (পসাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; পেষণের মজুরী।

پست (পস্‌ত) ফাঃ বিঃ ; নীচু। গভীর।

پست خیال (পস্‌ত খিয়াল) ফাঃ বিঃ ; ক্ষুদ্রমনা। ছোট লোক।

پستِ فطرت (পসত্‌ ফিতরত) ফাঃ বিঃ ; কুচরিত্র। হাঁদা।

پست قد (পস্‌ত ক্বদ) ফাঃ বিঃ ; বেঁটে। বামুন।

پست وبلند دهر (পস্‌তওবুলন্দ দহর) ফাঃ নাঃ পুং ; কালের গতি প্রকৃতি। পৃথিবীর উত্থান-পতন।

پست همت (পস্‌ত হিম্মত) ফাঃ বিঃ ; কাপুরুষ। ভীতু। নীচ।

پست همتی (পসত হিম্মতী) ফাঃ নাঃ স্ত্রীং ; নীচুতা। কাপুরুষতা। সাহসহীনতা।

پستان (পেস্তান) ফাঃ নাঃ পুং ; স্তন।

پستک (পস্‌তক) সং নাঃ স্ত্রীং ; পুস্তক। বই। গ্রন্থ। পুঁথি।

پسته (পিস্‌তাহ্‌) ফাঃ নাঃ পুং ; পিস্তা। ক্ষুদ্রাকারের একপ্রকার সুদর্শন কুকুর।

پستئی (পিসতাঈ) ফাঃ বিঃ ; পিস্তাবর্ণের।

پستی (পস্‌তী) ফাঃ নাঃ স্ত্রীং ; নীচুতা। গভীরতা।

پسر (পসর) হিঃ নাঃ স্ত্রী ; চতুষ্পদ জন্তুকে অন্যের চারণ ক্ষেত্রে রাতের আঁধারে চরানো।

پسر (পেসার) ফাঃ নাঃ পুং ; ছেলে। পত্র।

پسر اخیافی (পেসারে-আখয়াফী) ফাঃ নাঃ পুং ; স্ত্রীর (প্রথম স্বামীর) পুত্র।

پسرخوانده (পেসারে-খান্‌দাহ) ফাঃ নাঃ পুং ; পালিত পুত্র।

پسرزاده (পেসার যাদাহ) ফাঃ নাঃ পুং ; পৌত্র। ছেলের পুত্র।

پسر صحیح النسب (পেসারে সহীহুন্নসব) ফাঃ বিঃ ; সুসন্তান।

پسر صلبی (পেসারে সুলবী) ফাঃ-আঃ নাঃ পুং ; আপন ছেলে। ঔরসজাত সন্তান।

پسرنا (পসর্‌না) হিঃ মৃঃ ; প্রসার করা। প্রবঞ্চনা করা।

پسر هٹا (পসর হটটা) হিঃ নাঃ পুং; ঔষধের দোকান। ফার্মেসী। ঔষধালয়।

پسلی (পসলী) হিঃ নাঃ স্ত্রীং ; পঞ্জর। পাঁজর।

پسنا (পিস্‌না) হিঃ মৃঃ ; রোমন্থন করা। দলন করা। মথিত করা। পেষা।

پسند (পসন্‌দ) ফাঃ নাঃ পুং ; অভিরুচি। মনোনয়ন। নির্বাচন। আশানুরূপ।

پسند خاطر (পসন্‌দ্‌ খাতির) ফাঃ বিঃ ; মনের মত।

پسندا (পসন্‌দা) ফাঃ নাঃ পুং ; পিষিত মাংসাশে।

پسندر (পসন্দর) ফাঃ নাঃ পুং ; সতীন পুত্র।

پسند رو (পসন্দরও) ফাঃ নাঃ পুং : জারজসন্তান।

پسندیدگی (পসন্‌দীদ্‌গী) ফাঃ নাঃ স্ত্রীং ; নির্বাচন। মনোনীতকরণ।

پسندیده (পসন্দীদহ) ফাঃ বিঃ ; নির্বাচিত। মনোনীত। বাছাইকৃত।

پسندیده رو (পসন্‌দীদাহ্‌রও) ফাঃ বিঃ ;

সুস্বভাব। সচ্চরিত্র।

پسنگا (পসঙ্গা) হিঃ নাঃ পুং ; অতি অল্প। অতি সামান্য।

پسنہارا (পসন্‌হারা) হিঃ নাঃ পুং ; আটাপেষক।

پسنہاری (পসন্‌হারী) হিঃ নাঃ স্ত্রীং ; আটা পেষণকারিণী।

پسو (পিস্‌সো) হিঃ নাঃ পুং ; পালকযুক্ত একপ্রকার পোকা যার কামড়ে শরীরে চুলকানি দেখা দেয়। বিচ্ছু।

پسواڑہ (পস্‌ওয়াড়্‌হ) হিঃ নাঃ পুং ; পাঁজর। পার্শ্ব।

پسوانا (পিস্‌ওয়ানা) হিঃ মূঃ ; পেষা। চূর্ণ করা।

پسوائی (পিস্‌ওয়ায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; পেষার মজুরী।

پسوج (পসোজ) হিঃ নাঃ পুং ; প্রথম সেলাই। অপরিপক্কতা।

پسوجنا (পসোজ্‌না) হিঃ মূঃ ; অপরিপক্ক কাজ করা। মোটা সেলাই করা।

پسہی (পস্‌হী) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার মোটা চাউল।

پسیجنا (পসেজ্‌না) হিঃ মূঃ ; ঘর্মাক্ত হওয়া। যত্নশীল হওয়া।

پسیں (পসীঁ) ফাঃ বিঃ ; পূর্বকালীন। প্রাচীন। শেষপর্যন্ত।

پسینا (পসীনা) হিঃ নাঃ পুং ; ঘর্ম। ঘাম।

پسیو (পসিয়ো) হিঃ নাঃ পুং ; বাষ্প। জ্বর। ঘাম। ভাতের মাড়।

پ - ش

پشت (পুশত) ফাঃ নাঃ স্ত্রীং ; পৃষ্ঠ। মানা। পন্থা। সাহায্যকারী।

پشتا پشت (পুশতা-পুশত) ফাঃ নাঃ স্ত্রীং ; পূর্ব পুরুষের আমল থেকে।

پشت بہ پشت (পুশত্ বাহ্ পুশত) ফাঃ নাঃ স্ত্রীং ; বংশ পরম্পরায়। সবসময়।

پشت بدیوار (পুশ্‌ত বদেওয়ার) ফাঃ বিঃ ; অসহায়। দুর্বল। দিশেহারা।

پشت پناہ (পুশ্‌তপানাহ্) ফাঃ নাঃ পুং ; পৃষ্ঠপোষক। আশ্রয়।

پشت خار (পুশ্‌তখার) ফাঃ নাঃ পুং ; পৃষ্ঠ চুলকানি।

پشتارہ (পুশ্‌তারাহ) ফাঃ নাঃ পুং ; ভার। বোঝা। গাঁটুরি।

پشتاوا (পশ্‌তাওয়া) প্রাঃ নাঃ পুং ; লাজুকতা। লজ্জাশীলতা।

پشتک (পুশ্‌তক) ফাঃ নাঃ পুং ; একপ্রকার খেল। জোড় লাথি।

پشتو (পশ্‌তু) ফাঃ নাঃ স্ত্রীং ; আফগান ভাষা।

پشتولیا (পশ্‌তুলিয়া) হিঃ নাঃ পুং ; একপ্রকার সূক্ষ্ম কীট।

پشتہ (পুশ্‌তাহ) ফাঃ নাঃ পুং ; মাটির স্তূপ। হিমাদ্রি শিখর। পুস্তকের বহিরাবরণ। বাঁধ। প্রাচীরের নিম্নভাগ।

پشتی (পুশ্‌তী) ফাঃ নাঃ স্ত্রীং ; স্থায়িত্ব। স্থিতি। মজবুতী। সাহায্য। সমর্থন। সংরক্ষণ।

پشتہ بندی (পুশ্‌তাহ্ বন্‌দী) ফাঃ নাঃ স্ত্রীং ; বাঁধ নির্মাণ। প্রাচীর স্থাপন।

پشتی بان (পুশ্‌তী বান) ফাঃ নাঃ পুং ; আশ্রয়দাতা। সাহায্যকারী।

پشتین (পুশ্‌তীন) ফাঃ নাঃ স্ত্রীং ; পূর্ব পুরুষ।

پشتینی (পুশ্‌তীনী) ফাঃ নাঃ স্ত্রীং ; পৈত্রিক। বংশীয়।

پشٹ (পুশ্‌ট) সং বিঃ ; মজবুত। স্থায়ী। বলবান।

پشٹئی (পুশ্‌তাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; পুষ্টিকর ঔষধ বা খাদ্য।

پشم (পশম) ফাঃ নাঃ স্ত্রীং ; লোম। পশম। অসার। অকেজো।

پشمک (পশ্‌মক) প্রাঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার মিষ্টান্ন।

پشمینہ (পশ্‌মীনাহ) ফাঃ নাঃ পুং ; পশমী কাপড়।

پشواز (পিশ্‌ওয়ায) ফাঃ নাঃ স্ত্রীং ;

নর্তকীদের পরিধেয় গাত্রাবরণ। মেয়েদের একপ্রকার পোষাক।

پشنگ (পশঙ্গ) ফাঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার ছেদক যন্ত্র। তুর্পুন। অন্যায়। উৎপীড়ন।

پشنگیاں (পশঙ্গীয়াঁ) প্রাঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার জাল।

پشو (পশো) ফাঃ নাঃ পুং ; পশু। চতুষ্পদ জন্তু। অবলা প্রাণী। বোকা।

پشه (পাশ্‌শাহ) ফাঃ নাঃ পুং ; মশা। ভিত্তিহীন।

پشی (পশ্‌শী) উঃ নাঃ স্ত্রীং ; শিশুদের পেশাব।

پشیمان (পশীমান্) ফাঃ নাঃ বিঃ ; লজ্জাশীল। অনুতাপকারী। লজ্জিত।

پشیمانی (পশীমানী) ফাঃ নাঃ স্ত্রীং ; লজ্জা। শরম। অনুতাপ।

پ - ف

پف (পুফ) ফাঃ নাঃ স্ত্রীং ; ফুঁৎকার। ফুঁৎকার করা।

پ - ک

پکا (পাক্কা) হিঃ বিঃ ; পাকা। পরিণত। পক্ক। পারদর্শী।

پکابال (পাক্কা বাল্) হিঃ নাঃ পুং ; পক্ক কেশ। পাকা চুল।

پکابول (পাক্কা বোল্) হিঃ বিঃ বিঃ ; পাকা বুলি। পাকা কথা।

پکاپان (পাক্কাপান্) হিঃ বিঃ ; বৃদ্ধ। প্রবীন। হুঁশিয়ার।

پکاپن (পাক্কাপন্) হিঃ নাঃ পুং ; পক্কতা। পরিণতি। পোক্তত।

پکاپھوڑا (পাক্কাফোড়া) হিঃ বিঃ ; পুঁজযুক্ত ফোড়া।

پکاگانا (পাক্কাগানা) হিঃ নাঃ পুং ; পরিনত সংগীত।

پکار (পুকার) হিঃ নাঃ স্ত্রীং ; ডাক। আহ্বান। শব্দ।

پکارا (পুকারা) প্রাঃ নাঃ পুং ; ডাকা। আহ্বান করা।

پکارنا (পুকারনা) উঃ মূঃ ; খ্যাতি। প্রসিদ্ধি।

پکانا (পাকানা) উঃ মূঃ ; পোক্ত করা। পক্কা করা। খানা তৈরী করা। ত্রুটি দূর করা।

پکاؤ (পাকাউ) হিঃ নাঃ পুং ; পাচক। বাবুর্চি।

پکائی (পাকায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; খানা তৈরীর মজুরী।

پکپن (পক্‌পন) হিঃ নাঃ পুং ; পরিপক্কতা। পারদর্শিতা।

پکڑ (পাকড়) হিঃ নাঃ স্ত্রীং ; ধরা। গ্রেপ্তার।

پکڑ دھکڑ (পকড়ধকড়) হিঃ নাঃ স্ত্রীং ; ধরপাকড়।

پکڑانا (পাক্‌ড়ানা) হিঃ মূঃ ; গ্রেপ্তার করানো। ধরানো।

پکڑنا (পাকড়না) হিঃ মূঃ ; ধরা। বন্দী করা। কয়েদ করা।

پکش (পক্‌শ) সং নাঃ পুং ; পক্ষ। দিক। শক্তি। পালক।

پکشی (পাক্‌শী) সংঃ বিঃ ; পক্ষপরায়ণ। সমর্থক। সাহায্যকারী।

پکنا (পাক্‌না) হিঃ মূঃ ; পাকা। পরিণত হওয়া। স্থিরিকৃত হওয়া।

پکوان (পাক্‌ওয়ান) হিঃ নাঃ পুং ; একপ্রকার পিঠা।

پکوانا (পাক্‌ওয়ানা) হিঃ মূঃ ; পাকানো। তৈরী করানো।

پکوائی (পাক্‌ওয়ায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; খানা তৈরীর মজুরী।

پکوٹھا (পকোঠা) প্রাঃ নাঃ পুং ; পালক। ডানা।

پکوڑا (পাকোড়া) হিঃ নাঃ পুং ; বেসনের তৈরী একপ্রকার পিঠা।

پکوڑاسی ناک (পাকোড়াসীনাক) হিঃ বিঃ ; চ্যাপ্টা নাক।

پکوڑی (পাকোড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; বেসনের দ্বারা প্রস্তুত একপ্রকার পিঠা।

پکھ (পাখ) হিঃ নাঃ পুং ; পক্ষকাল। ডানা। বাহু।

پکھال (পাখাল্) হিঃ নাঃ স্ত্রীং ; মশক। পানিবাহী পাত্র।

پکھال پیٹو (পখাল্পেটো) হিঃ বিঃ ; লোভী। পেটুক।

پکھالی (পাখালী) প্রাঃ নাঃ স্ত্রীং ; বড় পানির শশক।

پکھاوج (পাখাওয়াজ) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার ঢোলক।

پکھراج (পাখরাজ) হিঃ নাঃ পুং ; পোখারাজ। পুষ্পরাগমণি। পীতস্ফটিক।

پکھروٹا (পখরোটা) হিঃ নাঃ পুং ; স্বর্ণ বা চাঁদির পাত। পানের খিলি।

پکھری (পখ্‌রী) হিঃ নাঃ স্ত্রীং ; ফুলের দল। ফুলের পাপড়ি।

پکھوا (পাখ্‌ওয়া) হিঃ নাঃ পুং ; বাহু।

پکھوڑا (পাখোড়া) হিঃ নাঃ পুং ; কাঁধ। কাঁধের হাড়।

پکھیرو (পাখীরো) হিঃ নাঃ পুং ; পাখী। দ্রুত গতিমান।

پکی (পাক্কী) হিঃ নাঃ পুং ; পোক্ত। মজবুত। প্রতিষ্ঠিত। স্থায়ী। প্রস্তুতকৃত।

پکی بات (পাক্কীবাত্) হিঃ নাঃ স্ত্রীং ; পাকা কথা। মীমাংসিত ব্যাপার।

پ - گ

پگ (পগ্) হিঃ নাঃ পুং ; পদ। পা। চরণ। রাশি। বাগডোর।

پگڈنڈی (পগ্‌ডন্ডী) হিঃ নাঃ স্ত্রীং ; সঙ্কীর্ণ পথ। সরুপথ। গিরিপথ।

پگرانا (পগ্‌রানা) হিঃ কৃঃ ; জাবর কাটা। চর্বিত চর্বণ করা।

پگڑ (পগ্‌গড়) হিঃ নাঃ পুং ; বৃহৎ শিরস্ত্রাণ। বড় পাগড়ী।

پگا (পগা) হিঃ নাঃ পুং ; পদবেড়ী। গরুর গলার রশি। ডাণ্ডাবেড়ী।

پگانا (পুগানা) হিঃ মূঃ ; অঙ্গীকার পূর্ণ করা। খেলা শেষ করা।

پگاہ (পগাহ্) ফাঃ নাঃ স্ত্রীং ; উষা। প্রভাত। ভোর।

پگڑی (পাগড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; শিরস্ত্রাণ। পাগড়ী।

پگڑی والا (পাগড়ীওয়ালা) হিঃ বিঃ ; ডাক্তার। চিকিৎসক। সম্মানিত ব্যক্তি। স্বামী।

پگلانا (পিগলানা) হিঃ মূঃ ; গলানো। দ্রবণ বা তরল করা। তাপ দেওয়া। মনোযোগ আকর্ষণ করা।

پگلنا (পিগল্‌না) হিঃ মূঃ ; অভিভূত হওয়া। গলা। তরল হওয়া। দ্রবণ হওয়া।

پگیا (পগ্‌গিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট পাগড়ী।

پ - ل

پل (পল্) হিঃ নাঃ পুং ; পল। সেকেন্ড। ক্ষণকাল। নিমেষ। পলক। পালন। মুহূর্ত।

پل جانا (পাল্‌জানা) হিঃ মূঃ ; প্রতিপালিত হওয়া।

پل (পুল্) ফাঃ নাঃ পুং ; পুল। সেতু। সাঁকো।

پل صراط (পুল সিরাত) ফাঃ–আঃ নাঃ পুং ; জান্নাত এবং জাহান্নামের মধ্যস্থিত অতিশয় সূক্ষ্ম পুল বিশেষ।

پلا (পাল্লা) হিঃ নাঃ পুং ; আঁচল। আশ্রয়। খন্ড। স্তর। জোড়ার একটি। তৌল যন্ত্রে বাটখারা বা দ্রব্য রাখার স্থান বা পাত্র।

پلےدار (পল্লেদার) হিঃ বিঃ ; ভার বাহক। কুলী। মজুর।

پلا (পলা) হিঃ বিঃ ; পালিত। চামচ। ক্ষুদ্র হাতা বিশেষ।

پلا (পিল্লা) সং নাঃ পুং ; কুকুরের বাচ্চা। শুক্র। বীর্য। বীজ।

پلاس (পলাস) ফাঃ নাঃ পুং ; টাট। মোটা কাপড়। হিঃ নাঃ পুং ; মৌমাছি। পেলাস। সাড়াষী।

پلاسنا (পলাস্না) হিঃ মূঃ ; জুতা মেরামত করা।

پلانا (পিলানা) হিঃ মূঃ ; পান করানো। দেহস্থ করা।

پلاؤ (পুলাউ) ফাঃ নাঃ পুং ; পোলাও।

پلائی (পিলাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; ধাত্রী। দুধমাতা।

پل پڑنا (পিল্পড়না) উঃ মূঃ ; হঠাৎ আক্রমণ করা। ব্যতিব্যস্ত হওয়া।

پلپلا (পিল্পিলা) হিঃ বিঃ ; নরম। মোলায়েম।

پلپلا (পুল পুলা) হিঃ নাঃ পুং ; অন্তঃসার শূন্য।

پلپلانا (পুল্পুলানা) হিঃ মূঃ ; অন্তঃসার শূন্য করা। শোষণ করা।

پلپلانا (পিলপিলানা) হিঃ মূঃ ; নরম করা। মোলায়েম করা। কোমল করা।

پلپلاهٹ (পিল্পিলাহট) হিঃ নাঃ স্ত্রীং ; কোমলত্ব। স্নেহত্ব।

پلپلی (পিল্পিলী) হিঃ বিঃ ; কোমল। মোলায়েম।

پلپلی ٹھیکری (পিল্পিলী ঠীকরী) হিঃ নাঃ স্ত্রীং ; যোনী। মেয়েদের যৌনাঙ্গ।

پلٹ (পলট্) হিঃ নাঃ পুং ; আবর্ত। ঘূর্ণন। চক্কর।

پلٹا (পল্টা) হিঃ নাঃ পুং ; বদলা। প্রতিশোধ।

پلٹن (পল্টন) হিঃ নাঃ স্ত্রীং ; পদাতিক সৈন্যদলের বিভাগ বিশেষ ; যুদ্ধার্থে-সজ্জিত সৈন্যদল ; বৃহৎ সৈন্যদল। প্রতি পল্টনে সাধারণতঃ ৫,০০০ হতে ১০,০০০ সৈন্য থাকে।

پلٹنا (পলট্না) হিঃ মূঃ ; প্রতিক্ষেপ করা। প্রত্যাবর্তন করা। পরিবর্তিত করা।

پلٹی (পলটী) হিঃ নাঃ স্ত্রীং ; প্রতিশোধ। প্রত্যাবর্তন।

پلڑا (পাল্ড়া) হিঃ নাঃ পুং ; দাঁড়িপাল্লা।

پلک (পল্ক) ফাঃ নাঃ স্ত্রীং ; ক্ষণকাল। পল। চোখের পাতা। মুহূর্ত।

پلکا (পলকা) হিঃ নাঃ পুং ; দ্বিবর্ণের কবুতর।

پلنا (পিল্না) হিঃ মূঃ ; দলিত হওয়া। মথিত হওয়া। নিষ্পিষ্ট হওয়া।

پلنا (পাল্না) হিঃ মূঃ ; প্রতিপালিত হওয়া। پالنا (পা-লনা) লালিত হওয়া শব্দের সংক্ষিপ্তি।

پلندا (পুলন্দা) হিঃ নাঃ পুং ; পুরিয়া। পুলিন্দা। পুটলী। প্যাকেট।

پلنگ (পলঙ্গ) ফাঃ নাঃ পুং ; ব্যাঘ্র। চিতা।

پلنگ پوش (পলঙ্গ পোশ) হিঃ নাঃ পুং ; চাদর। বিছানার চাদর।

پلنگ توڑ (পলঙ্গ তোড়) হিঃ বিঃ ; অকেজো। নিষ্কর্ম।

پلنگ (পলঙ্গ) হিঃ নাঃ পুং ; বিছানা। খাট। پلنگ پوش (- পোশ) নাঃ পুং ; বিছানার চাদর।

پلنگڑی (পলঙ্গড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট খাট বা পালঙ্ক।

پلو (পল্লো) হিঃ নাঃ পুং ; অঞ্চল। প্রাণ। পাড়। জামার ঝুল।

پلودار (পল্লোদার) হিঃ নাঃ পুং ; জরিদার পাড়।

پلوانا (পাল্ওয়ানা) হিঃ মূঃ ; প্রতিপালন করা।

پلوانا (পিল্ওয়ানা) হিঃ মূঃ ; পান করানো। রস নির্গত করা। তৈল লওয়া। রোমন্থন করা।

پلوٹھا (পলোঠা) হিঃ পুং বিঃ ; প্রথম পুত্র।

پلوٹھی (পলোঠী) হিঃ স্ত্রীং বিঃ ; প্রথমা কন্যা।

پلوار (পলওয়ার) হিঃ নাঃ পুং ; একপ্রকার নৌকা।

پلول (পল্ব'ল) হিঃ নাঃ পুং : একপ্রকার তরকারী।

پله (পাল্লাহ্) ফাঃ নাঃ পুং ; দাঁড়িপাল্লা।

জোড়ার একাংশ। সিঁড়ি। পদ। মর্যাদা।

پلهنڈا (পলহন্‌ডা) হিঃ নাঃ পুং ; দোল। ঘড়ির দোলক। ঝুলানো বস্তু। মশক।

پلهنڈی (পলহনডী) হিঃ নাঃ স্ত্রীং ; পানি বাহী পাত্র।

پلی (পলী) হিঃ নাঃ স্ত্রীং ; তৈল বা ঘি নিষ্কাশনের যন্ত্র বিশেষ।

پلی (পুলী) হিঃ নাঃ স্ত্রীং ; সাঁকো। ক্ষুদ্র পুল।

پلیت (পলীত) হিঃ বিঃ ; অপবিত্র। নাপাক। ব্যয়কুণ্ঠ। কৃপণ।

پلیته (পলীতাহ্‌) ফাঃ নাঃ পুং ; সলিতা। মোমবাতি। আগ্নেয়াস্ত্রের শলাকা। বেয়নেট।

پلیتهن (পলেথন্‌) হিঃ নাঃ পুং ; খুসকি। শুকনো আটা বা রুটির ভিজা গোলাতে মেখে বেলুনি দ্বারা ডলা হয়।

پلید (পলীদ্‌) ফাঃ বিঃ ; অশুচি। অপবিত্র। মল। বাহ্য।

پ – م

پمن (পম্‌মন্‌) উঃ নাঃ পুং ; উৎকৃষ্ট বালি বা গম।

پ – ن

پن بٹا (পান্‌বাটা) হিঃ নাঃ পুং ; পানের বাটা। পানের ডিব্বা। তাম্বুল করঙ্ক।

پن بهتا (পান্‌ভত্তা) হিঃ নাঃ পুং ; পানি সিদ্ধ চাউল। ভাত।

پن بهرا (পান্‌ভরা) হিঃ নাঃ পুং ; জলাধার। জলাশয়।

پن چکی (পান্‌চাক্কী) হিঃ নাঃ পুং ; পানি দ্বারা চালিত চাকা। পানচাক্কি।

پن ڈبا (পান্‌ডুব্বা) হিঃ নাঃ পুং ; ডুবুরী অবগাহনকারী। একপ্রকার জলজ পাখী। পানকৌড়ি।

پنسال (পানসাল) হিঃ নাঃ স্ত্রীং ; পানি পরিমাপের যন্ত্র। সমতল। বরাবর।

پنکال (পানকাল) হিঃ নাঃ পুং ; দুর্ভিক্ষ। অকাল। বন্যা। প্লাবন।

پن کپڑا (পান্‌কাপড়া) হিঃ নাঃ পুং ; ভেজা কাপড়।

پن کٹی (পান্‌কটী) হিঃ নাঃ স্ত্রীং ; পানের তৈরী খিলি।

پن کوا (পান্‌কওয়া) হিঃ নাঃ পুং ; পানকৌড়ি। একপ্রকার শিকারী পাখী।

پنگهٹ (পন্‌ঘট) হিঃ নাঃ পুং ; পানির ঘাট। পানি উত্তোলনের স্থান।

پن (পেন–Pen) ইং নাঃ পুং ; কলম। লেখনী। মসি।

پنا (পান্না) সং নাঃ পুং ; পান্না। মণি বিশেষ।

پنا (পনা) হিঃ নাঃ পুং ; কাপড়ের বহর। প্রশস্ততা।

پنا (পিন্‌না) হিঃ মূঃ ; তুলাধুনা। তুলা পরিষ্কার করা।

پنالا (পনালা) হিঃ নাঃ পুং ; নালা। ড্রেন। পয়ঃপ্রণালী।

پناه (পানাহ্‌) ফাঃ নাঃ পুং ; নিরাপত্তা। সংরক্ষণ। তত্ত্বাবধান। আশ্রয়। নিবাস।

پناه بخدا (পানাহ্‌ বখোদা) ফাঃ বিঃ ; আল্লাহর আশ্রয়।

پناه دینا (পানাহ্‌-দেনা) উঃ ক্রিঃ ; আশ্রয় দেওয়া। শত্রুর হাত থেকে রক্ষা করা।

پناه گاه (পানাহ্‌গাহ) ফাঃ নাঃ স্ত্রীং ; আশ্রয়স্থল।

پناهگیر (পানাহ্‌গীর) ফাঃ বিঃ ; নিরাপত্তা প্রাপ্ত। অভিবাসী। মুহাজির।

پنبه (পম্‌বাহ) ফাঃ নাঃ পুং ; কার্পাস। তুলা।

پنبه بگوش (পম্‌বাহ্‌বগোশ্‌) ফাঃ বিঃ ; অমনযোগী। নির্লিপ্ত। উদাসীন।

پنبه دانه (পম্‌বাহ্‌ দানাহ) ফাঃ নাঃ পুং ; কার্পাসের বীজ।

پنبہ دوز (পম্‌বাহ্‌দোয) ফাঃ বিঃ ; পুরনো বস্ত্র সেলাই করে এমন। সংযোজক।

پنت (পন্‌ত) پنتھہ (পন্‌থ) হিঃ নাঃ পুং ; পথ। পন্থ। রাস্তা। সম্প্রদায় বিশেষ।

پنبئ (পন্‌বয়ী) ফাঃ বিঃ ; তুলাভর্তি কাপড়।

پنبی (পন্‌বী) প্রাঃ নাঃ পুং ; স্টৈকাদি সংযোজনের উপকরণাদি।

پنپنا (পনপ্‌না) হিঃ মূঃ ; সজীব হওয়া। উন্নতি লাভ করা। দারিদ্র দূর হওয়া।

پنتھ (পন্‌থ) হিঃ নাঃ পুং ; ধর্ম। মত। পথ। উপদল। জাতি। পন্থা।

پنتھی (পন্থী) হিঃ নাঃ পুং ; পন্থী। অনুসারী। একই মতবাদে বিশ্বাসী।

پنتھی پورنا (পন্থী পোরনা) হিঃ মূঃ ; হাঁটু গেড়ে বসা।

پنتی (পন্‌তী) প্রাঃ নাঃ পুং ; প্রদীপ।

پنج (পান্‌জ) ফাঃ বিঃ ; পাঁচ। ৫।

پنج آیت (পানজ আয়াত্‌) ফাঃ নাঃ স্ত্রীং ; আল-কুরআনের পঞ্চসূরা, সূরা ফাতিহা এবং চার কুল।

پنج ارکان (পন্‌জ আরকান) ফাঃ নাঃ পুং ; ইসলামের পঞ্চ ভিত্তি।

پنج شنبہ (পানজ শন্‌বহ) ফাঃ নাঃ পুঃ ; বৃহস্পতি বার।

پنج عیب شرعی (পান্‌জ আয়েবে শরয়ী) ফাঃ নাঃ পুং ; চুরী। ব্যভিচার। মদ্যপান। জুয়া। মিথ্যা রটনা।

پنج کلیان (পান্‌জ কলিয়ান) ফাঃ নাঃ পুং ; পদচতুষ্টয় এবং মাথা শুক্লবর্ণ বিশিষ্ট অশ্ব বা প্রাণী।

پنج گانہ (পান্‌জে গানাহ্‌) ফাঃ নাঃ স্ত্রীং ; পাঁচ ওয়াক্ত নামায।

پنج گوشہ (পান্‌জ গোশাহ) ফাঃ বিঃ ; পাঁচ কোনা বিশিষ্ট।

پنج ند (পান্‌জ নদ) হিঃ নাঃ পুং ; পাঞ্জাব। পাঁচনদীর মিলিত স্থান।

پنجارا (পানজারা) প্রাঃ নাঃ পুং ; ধুনারী।

پنجیارا (পিন্‌জিয়ারা) হিঃ নাঃ পুং ; তুলা ধুননকারী ব্যক্তি।

پنجاہ (পানজাহ্‌) ফাঃ বিঃ ; পঞ্চাশ। ৫০।

پنجر (পিঞ্জর) হিঃ নাঃ পুং ; পাঁজর। কায়া। ছাঁচ।

پنجرا (পিন্‌জরা) হিঃ নাঃ পুং ; খাঁচা। পিঞ্জিরা।

پنجری (পিঞ্জরী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট খাঁচা।

پنجم (পাঞ্জম) ফাঃ বিঃ ; পঞ্চম।

پنجنا (পাঞ্জনা) হিঃ মূঃ ; জোড়া লাগা।

پنجو (পনজো) প্রাঃ বিঃ ; কমজোর। দুর্বল।

پنجوانا (পঞ্জওয়ানা) হিঃ মূঃ ; সেলাই করা। তালি দেওয়া।

پنجہ (পাঞ্জাহ) ফাঃ নাঃ পুং ; পাঁচমিশালী। হাতের পাঞ্জা।

پنجہ آفتاب (পান্‌জায়ে-আফতাব) ফাঃ নাঃ পুং ; সূর্যের কিরণ।

پنجہ کش (পান্‌জাহ কাশ) ফাঃ বিঃ ; শিকারী।

پنجہ نگارین (পানজাহ নিগারীন) ফাঃ ; প্রিয়তমের হাত।

پنجہ نما (পান্‌জাহ নুমা) ফাঃ বিঃ ; পাঞ্জাকৃতির।

پنجیرا (পান্‌জেরা) হিঃ নাঃ পুং ; বর্তন পরিষ্কারক। গিলটিকারী। মেরামতকারী।

پنچ (পাঞ্চ) হিঃ নাঃ পুং ; মালিশ। তৃতীয় পক্ষ। দালাল।

پنچ سلطانی (পাঞ্চেসুলতানী) হিঃ নাঃ পুং ; বাদশার পক্ষ থেকে মনোনীত সালিশ।

پنچا (পঞ্চা) হিঃ নাঃ পুং ; পাঁচ শাখা যুক্ত একপ্রকার হাতল বিশিষ্ট কাঠ যার সাহায্যে শস্যকে তৃণ থেকে পৃথক করা হয়।

پنچانا (পাঞ্চানা) হিঃ মূঃ ; ফলানো। উৎপন্ন করা।

پنچایت (প-ঞ্চয়াত) হিঃ নাঃ স্ত্রীং ;

পঞ্চায়েত। সালিশী কমিটি।

پنچایت خانگی (পঞ্চায়েত খান্‌গী) হিঃ নাঃ স্ত্রীং ; ঘরোয়া বৈঠক।

پنچایت راج (পঞ্চায়েতে-রাজ) হিঃ নাঃ পুং ; গণ প্রতিনিধির শাসন।

پنچایت سرکاری (পঞ্চায়েতে সরকারী) হিঃ নাঃ স্ত্রীং ; সরকার গঠিত পঞ্চায়েত।

پنچایت نامه (পঞ্চায়েত নামাহ্) ফাঃ নাঃ পুং ; পঞ্চায়েতের লিখিত সিদ্ধান্ত।

پنچائتی (পঞ্চায়েতী) উঃ নাঃ পুং ; পঞ্চায়েতে সিদ্ধান্তকৃত। সার্বজনীন। জারজ।

پنچم (পঞ্চম) সং নাঃ পুং ; পঞ্চম।

پنچمی (পঞ্চমী) সং নাঃ স্ত্রীং ; চাঁদের পাঁচ তারিখ।

پنچنا (পঞ্চনা) প্রাঃ মূঃ ; উৎপন্ন হওয়া। উৎগত হওয়া।

پنچھالا (পানছালা) হিঃ নাঃ পুং ; অনুগামী। অনাহুত।

پنچھڑی (পানছড়ী) প্রাঃ নাঃ পুং ; হেমন্ত কাল। পাতা ঝরার মৌসুম।

پنچھی (পানছী) হিঃ নাঃ পুং ; পাখী।

پند (পান্‌দ) ফাঃ নাঃ স্ত্রীং ; উপদেশ। সৎ আজ্ঞা।

پندار (পন্‌দার) ফাঃ নাঃ পুং ; কল্পনা। বাসনা। অভিমত। দর্প। গর্ব। অহংবোধ।

پندره (পন্‌দরাহ) হিঃ বিঃ ; পনর। ১৫।

پنڈ (পনড) প্রাঃ নাঃ পুং ; তস্কর। চোর।

پنڈ (পিন্‌ড) হিঃ নাঃ পুং ; শরীর। গাঁ। বস্তী।

پنڈا (পন্‌ডা) সং নাঃ পুং ; পণ্ডিত। জ্ঞানী।

پنڈا (পিনডা) হিঃ নাঃ পুং ; শরীর।

پنڈارا (পিন্‌ডারা) হিঃ নাঃ পুং ; লুটেরা। ডাকাত।

پنڈال (পিন্‌ডাল) হিঃ নাঃ পুং ; প্যাণ্ডেল। চাঁদোয়া। শামিয়ানা।

پنڈالو (পিন্‌ডালো) হিঃ নাঃ পুং ; একপ্রকার তরকারী।

پنڈت (পণ্ডিত) সং নাঃ পুং ; পণ্ডিত। বিদ্বান। জ্ঞানী।

پنڈت خانه (পণ্ডিত খানা) হিঃ নাঃ পুং ; জেলখানা। বন্দী শালা।

پنڈت مانی (পণ্ডিত মানী) হিঃ নাঃ পুং ; নিজেকে অভিজ্ঞান করে এমন।

پنڈلی (পিণ্ডলী) হিঃ নাঃ স্ত্রীং ; পায়ের গোছা। গোড়ালি। নলী।

پنڈو (পণ্ডো) প্রাঃ নাঃ পুং ; পক্কফল।

پندول (পিন্‌ডোল) হিঃ নাঃ স্ত্রীং ; দেয়ালে যে সাদা মাটির আস্তরণ করা হয় এমন।

پنڈلم (পন্‌ডলম) হিঃ নাঃ পুং ; ঘড়ির ঝুল।

پنڈی (পিণ্ডী) হিঃ নাঃ স্ত্রীং ; জবাই করার স্থান।

پنراتھان (পুন্‌রউথান) সঃ নাঃ পুং ; পুনরুত্থান। মৃত্যুর পর বিচারার্থে পুনরুত্থান।

پنرجنم (পুনরজনম) সঃ নাঃ পুং ; পুনর্জন্ম। পৃথিবীতে আত্মার পুনরায় দেহধারণ (হিন্দু মতে)।

پنس (পিন্‌স) উঃ নাঃ স্ত্রীং ; পাল্কী। ডোলী।

پنسال نویس (পিন্‌সাল নবী'স) ফাঃ নাঃ পুং ; সেচ প্রকল্পের আওতাভুক্ত ভূমির হিসাব রক্ষক।

پنسار ھٹا (পান্‌সার হট্‌টা) হিঃ নাঃ পুং ; আতরের বাজার বা দোকান।

پنساری (পসারী) হিঃ নাঃ ; আতর বিক্রেতা।

پنسوئی (পিন্‌সোয়ী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট নৌকা। ছিপি নৌকা।

پنکه (পান্‌খ) হিঃ নাঃ পুং ; পর। বায়ু। ডানা। চুল।

پنکھا (পাঙ্খা) হিঃ নাঃ পুং ; পাখা। পাঙ্খা। পাল।

پنکھڑی (পঙ্খড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; পুষ্প পত্র। বাহু। পালক। পাপড়ি।

پنکھیا (পঙ্খীয়া) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট পাখা।

پنکی (পিন্‌কী) হিঃ নাঃ স্ত্রীং ; মাদকতা পূর্ণ হাল।

پنگا (পঙ্গা) হিঃ বিঃ ; খঞ্জ। খোঁড়া। ল্যাংড়া।

پنگت (পঙ্গত) সং নাঃ স্ত্রীং ; সারি। লাইন।

پنگڑا (পুঙ্গড়া) প্রাঃ নাঃ পুং ; সন্তান। দুগ্ধ পোষ্য শিশু।

پنگل (পুঙ্গল) প্রাঃ নাঃ পুং ; পুণ্য।

پنگل (পঙ্গল) সং নাঃ পুং ; পঙ্গু।

پنگورا (পিঙ্গোরা) হিঃ নাঃ পুং ; দোলনা।

پنم (পনম্‌) প্রাঃ নাঃ পুং ; পুণ্য।

پننا (পুন্‌না) হিঃ মূঃ ; তুলাধুনা।

پننا (পুন্‌না) হিঃ মূঃ ; তিরস্কার করা। গালি দেওয়া।

پنواڑا (পিন্‌ওয়াড়া) হিঃ নাঃ পুং ; দীর্ঘ আলেখ্য। কিংবদন্তী।

پنواڑن (পন্‌ওয়াড়ন) হিঃ নাঃ স্ত্রীং ; তাম্বুলী। তামিল জাতি। পান ব্যবসায়ী।

پنواڑی (পন্‌ওয়াড়ী) হিঃ নাঃ পুং ; পান ব্যবসায়ী।

پنواڑیان (পন্‌ওয়াড়িয়ান) প্রাঃ নাঃ পুং ; পানের বরজ।

پنوانا (পিনওয়ানা) হিঃ মূঃ ; তুলা ধুনা।

پنوانا (পুনওয়ানা) হিঃ মূঃ ; গালমন্দ করা। ভর্ৎসনা করা। তিরস্কার করা।

پنہاں (পিন্‌হাঁ) ফাঃ বিঃ ; লুক্কায়িত। প্রচ্ছন্ন। গুপ্ত। অদৃশ্য।

پنہانا (পনহানা) হিঃ মূঃ ; দুগ্ধ দোহনের পূর্বে বাছুর দ্বারা গাভীর স্তন বারংবার আকর্ষন করে তা দুগ্ধ দ্বারা পূর্ণ করা। পানানো।

پنہانا (পোনহানা) হিঃ মূঃ ; পরানো। সজ্জিত করা।

پنہی (পনহী) হিঃ নাঃ স্ত্রীং ; জুতা। পাদুকা। মোজা।

پنہیارا (পন্‌হয়ারা) হিঃ নাঃ পুং ; পানিবাহক। ভিস্তিওয়ালা। মালি।

پنہیاری (পনহ্‌য়ারী) হিঃ নাঃ স্ত্রীং ; ভিস্তি ওয়ালী। পানিবাহিকা।

پنی (পন্‌নী) হিঃ নাঃ স্ত্রীং ; টিনের পাত। ধাতুর পাত।

پنی (পিন্‌নী) হিঃ নাঃ স্ত্রীং ; চাউল দ্বারা প্রস্তুত একপ্রকার লাড্ডু।

پنیا (পনিয়া) হিঃ বিঃ ; জলজ। পানসে। জলো। বিস্বাদ। ফিকা।

پنیا سانپ (পনিয়াসাঁপ) হিঃ নাঃ ; জলজ সর্প।

پنیا سوت (পনিয়াসোত্‌) হিঃ নাঃ পুং ; স্রোতধারা। জলপ্রবাহ। জলপ্রপাত।

پنیاتما (পুনিয়াত্‌মা) সং বিঃ ; দাতা। বদান্য। দানশীল।

پنیالا (পনিয়ালা) হিঃ নাঃ পুং ; একপ্রকার ফল। পানসে। জলো। বিস্বাদ। পানিফল।

پنیانا (পনয়ানা) হিঃ মূঃ ; ভেজানো। সিক্ত করা।

پنیائی (পুনিয়ায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; পূণ্যের ফল। পূণ্যের প্রতিদান।

پنیر (পন্‌য়র) উঃ নাঃ পুং ; একপ্রকার শিকারী কুকুর।

پنیری (পনীরী) হিঃ নাঃ স্ত্রীং ; ভূমিখণ্ড।

پنیلا (পনীলা) হিঃ বিঃ ; জলপূর্ণ। জলীয়। জলজ কীট।

پ - و

پو (পও) হিঃ নাঃ স্ত্রীং ; উষা লগ্ন।

پوبارہ (পওবারাহ্‌) হিঃ নাঃ স্ত্রীং ; পাশা খেলার ঘুঁটি। সৌভাগ্য। জিত।

پوسیرا (পওসেরা) হিঃ নাঃ পুং ; সেরের এক চতুর্থাংশ। $\frac{1}{4}$ । পোয়া।

پوقدم چال (পাওকদম্‌ চাল) হিঃ নাঃ স্ত্রীং ; মৃদু পদক্ষেপ।

پوا (পওয়া) হিঃ নাঃ পুং : চতুর্থ।

চতুর্থাংশ। একপোয়া ওজনের বাটখারা।

پوا (পোআ) হিঃ নাঃ পুং ; একপ্রকার পিঠা।

پوا (পওয়া) হিঃ নাঃ পুং ; সাপের বাচ্চা। একপ্রকার তৃণ।

پواج (পওয়াজ) হিঃ নাঃ পুং ; পাঁজি। নচ্ছার। বাজে। নীচ। বদমাশ।

پوال (পওয়াল) হিঃ নাঃ স্ত্রীং ; শুষ্ক তৃণ।

پوائی (পওয়ায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; জুতা। শিকল। জিঞ্জির। বেড়ী।

پوپٹ (পোপট্) প্রাঃ নাঃ পুং ; শুকপাখি তোতা। টিয়া।

پوپٹا (পোপটা) হিঃ নাঃ পুং ; মূত্রথলি। জননেন্দ্রিয়।

پوپلا (পোপ্‌লা) হিঃ বিঃ ; দাঁতহীন।

پوپنی (পোপ্‌নী) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার মুখের বাজনা।

پوت (পোত্) হিঃ নাঃ পুং ; সীসা বা কাঁচের টুকরা। পালা। পর্যায়।

پوت (পূত্) সং নাঃ পুং ; পুত্র। ছেলে। সন্তান।

پوت بہو (পূত বহু) সং নাঃ স্ত্রীং ; পুত্র বধু।

پوتا (পোতা) হিঃ নাঃ পুং ; পৌত্র। চুনকাম করার ব্রাশ।

پوتر (পওত্তের) সং নাঃ পুং ; শৌচ প্রণালী। পরিষ্কারক। খাঁটি।

پوتڑا (পোত্‌ড়া) হিঃ নাঃ পুং ; শিশুদের ওয়াটার প্রুফ বিছানাপত্র।

پوتنا (পোতনা) হিঃ মূঃ ; আস্তর করা। লেপন করা। চুনকাম করা।

پوتھی (পোথী) হিঃ নাঃ স্ত্রীং ; পুস্তক। বই। পুঁথি। গ্রন্থ।

پوتھیا (পোথিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; তামাকের পুটুলি।

پوتی (পোতী) হিঃ নাঃ স্ত্রীং ; পৌত্রী।

پوٹ (পোট) হিঃ নাঃ স্ত্রীং ; গাঁটুরি। বান্ডিল। গাঁঠ। কাফন।

پوٹ کی چادر (পোট্-কী চাদর) হিঃ নাঃ স্ত্রীং ; কাফনের কাপড়।

پوٹا (পোটা) হিঃ নাঃ পুং ; পাকস্থলি। পেট।

پوٹلا (পোটলা) প্রাঃ নাঃ স্ত্রীং ; ভীড়। পুঃ ; বড় বান্ডিল। বোচকা।

پوٹلی (পোটলী) হিঃ নাঃ স্ত্রীং ; পুটুলি। থলিয়া।

پوٹلی (পোটলী) হিঃ নাঃ পুং ; আশ্রয় মোকাবেলা।

پوجا (পূজা) হিঃ নাঃ স্ত্রীং ; আরাধনা। উপাসনা। বন্দনা। উপহার। উপঢৌকন।

پوجاپاٹ (পূজাপাট্) হিঃ নাঃ স্ত্রীং ; বন্দনা। উপাসনা।

پوجاری (পূজারী) হিঃ নাঃ পুং ; পূজারী। পুরোহিত।

پوجیہ (পূজিয়াহ্) সং বিঃ ; পূজনীয়। পূজ্য। পরম শ্রদ্ধেয়।

پوچ (পোচ) ফাঃ বিঃ ; অবান্তর। বাজে। অসম্ভব।

پوچ پچار (পোচ্‌পচার) প্রাঃ নাঃ পুং ; জিজ্ঞাসাবাদ। খোঁজ খবর।

پوچ گوئی (পোচ্‌গোয়ী) হিঃ নাঃ স্ত্রীং ; বাজে আলোচনা।

پوچھ (পোছ্) হিঃ নাঃ স্ত্রীং ; প্রশ্ন। জিজ্ঞাসা। অনুসন্ধান।

پوچھہ پاچھہ (পুছ্‌পাছ) হিঃ নাঃ স্ত্রীং ; জিজ্ঞাসাবাদ। অনুসন্ধান।

پوچھا (পোছা) হিঃ নাঃ স্ত্রীং ; শুভাশুভ বিচার। ভাগ্য গণনা।

پوچھا پاچھی (পোছা পাছী) হিঃ নাঃ স্ত্রীং ; জিজ্ঞাসাবাদ।

پوچھن (পোছন্) হিঃ নাঃ স্ত্রীং ; শুভাশুভ নির্ণয়, ইস্তিখারার ফলাফল।

پوچھنا (পোছ্‌না) হিঃ মূঃ ; অনুসন্ধান করা। পর্যবেক্ষণ করা।

پود (পওদ) ফাঃ নাঃ স্ত্রীং ; চারা। কচিগাছ। বংশধর।

پودا (পওডা) হিঃ নাঃ পুং ; শিশু। শাবক।
پوددار (পোদদার) ফাঃ নাঃ পুং ; পোদ্দার। মহাজন। টাকশাল বা কর অফিসার।
پودنا (পোদনা) হিঃ নাঃ পুং ; একপ্রকার ক্ষুদ্র পাখী। বাসুন। অন্তঃসারশূন্য। পুদিনা পাতা।
پودینه (পোদীনাহ্) ফাঃ নাঃ পুং ; সুগন্ধি শাক বিশেষ। পুদিনা।
پور (পোর) হিঃ নাঃ স্ত্রীং ; অঙ্গুলি। অঙ্গুলির সন্ধিস্থল।
پور (পোর) হিঃ নাঃ পুং ; আলয়। ভবন। নিকেতন। শহর। নগর। গ্রাম। বস্তী।
پور (পোর) ফাঃ নাঃ পুং ; পুত্র। বংশধর।
پورا (পোরা) হিঃ নাঃ পুং ; নাদুস নুদুস শিশু। গোল কাষ্ঠপিন্ড।
پورا (পোরা) হিঃ বিঃ ; পরিপূর্ণ। পরিণত। পরিপক্ক। পারদর্শী। পুরোপুরি।
پورب (পূরব) হিঃ নাঃ পুং ; পূর্ব। প্রাচী। প্রাচ্য।
پوربی (পোরবী) হিঃ বিঃ ; পুরবী। প্রাচ্য সংক্রান্ত।
پوربی رودت (পোরবীযরদা) হিঃ নাঃ পুং ; একপ্রকার জর্দা।
پوربیا (পোরবিয়া) হিঃ বিঃ ; পূর্বীয়। গঙ্গার পূর্বতীরের অধিবাসী। পূবালী।
پورن (পূরণ) সং বিঃ ; অঘাটতি। পূর্ণ। ভর্তি।
پورن سراجیه (পুরনসরাজিয়হ্) সং নাঃ পুং ; পূর্ণ স্বাধীনতা।
پورن ماشی (পূরণমাশী) সং নাঃ স্ত্রীং ; পূর্ণমাসী। পূর্ণিমা।
پورنا (পূ-রনা) হিঃ মৃঃ ; পুরো। পুরো করা। ভর্তি করা। পুরো দেওয়া।
پوروا (পূরবা') হিঃ বিঃ ; পূর্ব দিক সংক্রান্ত। প্রাচ্য সম্বন্ধীয়।
پوری (পওরী) হিঃ নাঃ স্ত্রীং ; বাঁশ বা ইক্ষুর দুই গিঁটের মধ্যবর্তী অংশ।
پوری (পূরী) হিঃ নাঃ স্ত্রীং ; পুরি। আটার লুচি।

پوڑا (পূড়া) হিঃ নাঃ পুং ; একপ্রকার পিষ্টক।
پوز (পূয) ফাঃ নাঃ পুং ; ঠোঁট। মুখ। থুতনী। চিবুক।
پوزش (পুযশ) ফাঃ নাঃ স্ত্রীং ; অজুহাত। কারণ। ওজন। উসিলা। ভান।
پوزمال (পূযে-মাল) ফাঃ নাঃ পুং ; ছনের দড়ি। চুলের রশি। হুঁশিয়ারী সংকেত।
پوزی (পূযী) ফাঃ নাঃ স্ত্রীং ; অশ্বের মুখের জালতি।
پوس (পূস) হিঃ নাঃ পুং ; পৌষ মাস।
پوست (পোস্ত) ফাঃ নাঃ পুং ; চামড়া। চর্ম। খাল।
پوست کهر (পোস্তখর) প্রাঃ নাঃ পুং ; ত্বক চুলকানোর হাতিয়ার।
پوستی (পোসতী) ফাঃ নাঃ পুং ; অকর্মণ্য বা অলস, আহাম্মক, হাবা।
پوستین (পোস্তীন্) ফাঃ নাঃ পুং-স্ত্রীং ; চর্মনির্মিত পরিধেয়, পালকযুক্ত পোষাক।
پوسنا (পোসনা) হি ঃ মৃঃ ; পোষা, পালা।
پوش (পোশ্) ফাঃ নাঃ পুং ; পোষাক, পরিধেয় বস্ত্র।
پوشاک (পোশাক) ফাঃ নাঃ পুং ; পোষাক, কাপড়, বস্ত্র।
پوشاکی (পোশাকী) ফাঃ বিঃ ; বিলাসী। পোষাকোপযোগী।
پوشش (পোশশ্) ফাঃ নাঃ স্ত্রীং ; আবরণী, পোষাক।
پوشی (পোশী) ফাঃ নাঃ স্ত্রীং ; লুকানো।
پوشیدگی (পোশীদ্গী) ফাঃ নাঃ স্ত্রীং ; অন্তঃবাস, একাগ্রতা, নিঃসঙ্গতা, গোপনীয়তা।
پوشیدنی (পোশীদনী) ফাঃ নাঃ স্ত্রীং ; পরিধেয় বস্ত্র।
پوشیده (পোশীদাহ্) ফাঃ বিঃ ; গুপ্ত, লুক্কায়িত, অদৃশ্য।
پوکنا (পওক্না) হিঃ মৃঃ ; অশ্বের পাতলা পায়খানা করা।

پوکھر (পোখর) হিঃ নাঃ পুং ; পুকুর, বিল, পুষ্করিণী।

پول (পওল) প্রাঃ নাঃ স্ত্রীং ; সন্তান, বংশধর।

پول (পোল্) হিঃ নাঃ পুং ; অন্তঃসার শূন্যতা, দরজা, সাঁকো।

پولا (পোলা) হিঃ বি ঃ ; অন্তঃসারশূন্য।

پولاد (পোলাদ) ফাঃ নাঃ পুং ; একপ্রকার খাঁটি উত্তম লোহা।

پولک (পোলক্) হিঃ নাঃ পুং ; তীরের ফলা।

پولن (পোলন) হিঃ নাঃ পুং ; পুষ্পমাল্য।

پولی (পওলী) হিঃ বিঃ ; অন্তঃসারশূন্য।

پولی (পূলী) হিঃ নাঃ স্ত্রী ; শস্যের আঁটি।

پولی (পওলী) হিঃ নাঃ স্ত্রীং ; কপাট, অলিন্দ্য।

پون (পৌন) হিঃ বিঃ ; তিন চতুর্থাংশ, সিকি বা একপদ কম, ¾।

پوں (পোঁ) হিঃ নাঃ স্ত্রী ঃ পায়ুপথে বায়ু নিঃসরণের ক্ষীণ ধ্বনি।

پون (পবন) সং নাঃ স্ত্রীং ; পবন। বাতাস। প্রাণ। শ্বাস।

پونجی (পুঞ্জী) হিঃ নাঃ স্ত্রীং ; মূলধন। পূঁজি। ধনসম্পদ।

پونچھنا (পোঁছ্না) হিঃ মূঃ ; মোছা। মুছে ফেলা। পরিষ্কার করা।

پون پرچھا (পওন্ পরছা) হিঃ নাঃ স্ত্রী ; আবহাওয়া নিরীক্ষণ।

پون چکی (পব'ন চক্কী) হিঃ নাঃ স্ত্রীং ; বায়ুদ্বারা চালিত চাকা। পানচাক্কি।

پونا (পৌনা) হিঃ পুং ; পৌন, সিঁকি বা একপদ কম, ¾।

پونا (পূনা) হিঃ মূঃ ; চুল্লী উতপ্ত করা, রুটি তৈরী করা।

پون ٹوٹی (পওন টূটী) হিঃ নাঃ স্ত্রীং ; পুঁজি, মূলধন, সঞ্চিত ধন।

پونچا (পোঁচা) হিঃ নাঃ পুং ; পাঁচের নামতা।

پونچھ (পোন্ছ) হিঃ নাঃ স্ত্রীং ; পুচ্ছ, লেজ, পশ্চাদ্ভাগ।

پونچھڑی (পোনছড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; ক্ষুদ্র পুচ্ছ।

پونچھن (পোঁনছন) হিঃ ক্রিঃ মূঃ ; মাজা, পরিষ্কার, মার্জিত করা।

پونڈا (পোন্ডা) হিঃ নাঃ পুং ; ইক্ষু, আখ।

پون سلائی (পোন্ সলাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার সেলাই।

پونکنا (পোঁক্না) হিঃ মূঃ ; অশ্বের পাতলা পায়খানা হওয়া।

پونگا (পোঁগা) হিঃ বিঃ ; ফাঁপা বা অন্তঃসারশূন্য বাশ।

پونگی (পোঁগী) হিঃ নাঃ স্ত্রীং ; সাপুড়েদের বাঁশী। বীণা।

پونگی پھول (পোঙ্গীফুল) হিঃ নাঃ স্ত্রীং ; সুপারী।

پونگڑیان (পোঙ্গড়িয়া) প্রাঃ ফাঃ স্ত্রীং ; সন্তান। বংশধর।

پونو (পোনো) হিঃ নাঃ স্ত্রীং ; পূর্ণিমা, চন্দ্রমাসী।

پونی (পোনী) হিঃ নাঃ স্ত্রী ; অতিসামান্য, অতি অল্প।

پونیان (পোনিয়াঁ) হিঃ নাঃ পুং ; স্বল্পবহর বিশিষ্ট কাপড়।

پوہ (পোহ) হিঃ নাঃ পূঃ ; পৌষ মাস।

پوہنا (পোহ্না) হিঃ মূঃ ; রুটি তৈরী করা।

پویہ (পওয়হ্) ফাঃ নাঃ পুং ; তীব্র, ঝটপট, অশ্বের স্বাভাবিক গতি।

پ - ه

پہ (পহ্) উঃ ; কিন্তু, তবে, যথা, উপর।

پہاڑ (পাহাড়) হিঃ নাঃ পুং ; পাহাড়-পর্বত, হিমাদ্রি, জটিলতা, কাঠিন্য, বৃহত্ব, উন্নতি।

پہاڑ زندگی (পাহাড় যিন্দগী) হিঃ নাঃ স্ত্রীং ; অশ্বস্তিকর দীর্ঘজীবন।

پہاڑ سادن (পাহাড় সা দিন্) হিঃ নাঃ স্ত্রীং ; বিপদের দিন।

پہاڑکاداسن (পাহাড়কা দাসন) ফাঃ নাঃ

পুং ; পর্বতের নিম্নদেশস্থ ভূ-ভাগ, দুই পর্বতের মধ্যবর্তী সমতল ভূমি, উপত্যকা। পাহাড়তলী। পাদ দেশ।

پہاڑکی ڈانک (পাহাড়কী ডাঁক) হিঃ নাঃ স্ত্রীং ; গিরি শ্রেণী। পর্বতমালা।

پہاڑکی گھائی (পাহাড়কী ঘাঈ) হিঃ নাঃ স্ত্রী ; গিরিপথ।

پہاڑا (পহাড়া) হিঃ নাঃ স্ত্রী ; পুরণ-নামতা জানার নিয়ম।

پہاڑوا (পাহাড়ওয়া) হিঃ নাঃ পুং ; শিশুদের এক প্রকার খেলা, গিরি বাসী।

پہاڑی (পাহাড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট পর্বত, পাহাড়ী, পাহাড়িয়া জাত বা তাদের ভাষা, এক প্রকার রাগিণী।

پہچان (পহ্চান) হিঃ নাঃ স্ত্রীং ; অভিজ্ঞান, জ্ঞান, পরিচয়, চিহ্ন, বোধ।

پہچاننا (পহ্চান্না) হিঃ মুঃ ; জানা, চেনা, অবগত হওয়া, টের পাওয়া, বুঝতে পারা, জ্ঞাত হওয়া।

پہر (পহর্) হিঃ না ঃ পুং ; দিবারাত্রের আট ভাগের এক ভাগ। তিন ঘন্টা কাল।

پہربیٹھنا (পহর বয়ঠ্না) হিঃ নাঃ পুং ; চুপ থাকা, নির্বাক থাকা।

پہرا (পহরা) হিঃ নাঃ পুঃ ; প্রহরা, চৌকি, প্রহরীর কার্য তত্ত্বাবধান।

پہرادار (পহ্রাদার) হিঃ নাঃ পুং ; প্রহরী , চৌকিদার, পাহারাদার।

پہراوا (পহরাওয়া) হিঃ নাঃ পুঃ ; নেকস্ পোষাক, পরিধেয় বস্ত্র।

پہراؤنی (পহ্রাওনী) হিঃ নাঃ ; স্ত্রী–কনের সজ্জাকারিণী দল। (বিউটিশিয়ান)

پہل (পহল্) হিঃ নাঃ পুং ; পহেলা, পয়লা, প্রথম, অন্তঃপুব, রুটির টুকরা।

پہل کار (পহল্ কার) হিঃ নাঃ পুং ; কুঁদনকারী, খোদাইকারী, ছুতার।

پہل کاری (পহল্ কারী) হিঃ নাঃ স্ত্রীং ; শান বা পোলাদে ঘষে আংটি বানানো।

پہلا (পহ্লা) হিঃ বিঃ ; প্রথম, প্রাথমিক, প্রধান। পয়লা।

پہلاپہل (পহ্লা ফল) হিঃ নাঃ পুং ; মৌসুমের প্রথম ফল।

پہلو (পহ্লু) ফাঃ নাঃ পুং ; বাহু, পার্শ্ব, বগল, সম্মুখ। দৃষ্টিকোণ। রীতি। দিন।

پہلوبہ پہلو (পহ্লু ব পহ্লু) ফাঃ বিঃ ; পাশাপাশি, বরাবর।

پہلودار (পহ্লোদার) ফাঃ বিঃ ; দ্ব্যর্থবোধক কথা, ব্যাসযুক্ত, কোণ বিশিষ্ট, হাতল যুক্ত।

پہلوان (পহ্লোয়ান্) ফাঃ নাঃ স্ত্রীং ; কুস্তিগির, পাহলোয়ান। মুষ্ঠিযোদ্ধা

پہلوانی (পহ্লোয়ানী) ফাঃ নাঃ স্ত্রীং ; কুস্তি বিদ্যা, শারীরিক কসরত।

پہلوی (পহ্লবী) ফাঃ নাঃ স্ত্রী ; পহলব সংক্রান্ত, পহলবদের ভাষা, পদবি বিশেষ ।

پہلی (পহ্লী) হিঃ বিঃ ; প্রথম, প্রাথমিক।

پہلے (পহ্লে) হিঃ বিঃ ; শুরুতে। উত্তম।

پہن (পহন্) ফাঃ নাঃ পুং ; প্রশস্ততা, ব্যাপ্তি, প্রগাঢ়, মাতৃদুগ্ধ।

پہنا (পহ্না) ফাঃ বিঃ ; প্রশস্ত, ব্যাপৃত, প্রসারিত।

پہنانا (পেহ্নানা) হিঃ মূঃ ; পোষাক পরা, অঙ্গ সজ্জিত করা।

پہناوا (পহ্নাওয়া) হিঃ নাঃ পুং ; পোষাক, পরিধেয় বস্ত্র, অলঙ্কার, গহনা।

پہنائی (পহ্নায়ী) ফাঃ নাঃ পুং ; প্রস্থ , বহর, পানা, প্রসার।

پہنچ (পহঁচ) হিঃ নাঃ স্ত্রীং ; সমাগম, হাজিরি, বর্তমানতা, বিদ্যমানতা, উপস্থিতি, আগমন।

پہنچا (পহন্চা) হিঃ নাঃ পুং ; হাতের কব্জী, বাহু। নাগাল, নৈকট্য, সান্নিধ্য। ধরা-ছোঁয়া, পৌঁছা।

پہنچاہوا (পঁহ্চাহুয়া) হিঃ বিঃ ; উপস্থিত, সান্নিধ্যপ্রাপ্ত , নৈকট্য লাভকারী, অভিজ্ঞ, সুচতুর।

پہنچنا (পহঁচনা) হিঃ মূঃ ; উপস্থিত

হওয়া, হাজির হওয়া, সমাগত হওয়া, নৈকট্যলাভ করা, অবগত হওয়া, আগমন করা। পক্ষাতিক্রম করা।

پہنچی (পহ্চী) হিঃ নাঃ স্ত্রীং ; বাহু, বাহুর অলঙ্ককার বিশেষ। গমন করেছে।

پہننا (পহন্না) হিঃ মূঃ ; পরিধান করা, অঙ্গে ধারণ করা, পরা।

پہنی (পহন্নী) হিঃ নাঃ স্ত্রীং ; গোঁজ। কীলক।

پہیا (পহিয়্যা) হিঃ নাঃ পুং ; চাকা। চক্র।

پہیا پھری ناک (পহিয়্যাফরীনাক্) হিঃ নাঃ স্ত্রীং ; চ্যাপ্টা নাক।

پہیلی (পহেলী) হিঃ নাঃ স্ত্রীং ; প্রহেলিকা। হেঁয়ালি। ধাঁ-ধাঁ।

پھاپاکٹنی (ফায়া কুটনী) হিঃ বিঃ ; কুটনী। কুটিলা। দুতী।

پھاٹ (ফাট্) হিঃ নাঃ স্ত্রীং ; যৌথ সম্পত্তির বন্টন। কর বা শুল্ক বন্টন।

پھاٹک (ফাটক) হিঃ নাঃ পুং ; ফটক। সদর দরজা। সিংহদ্বার।

پھاٹک بندی (ফাটক্ বনদী) হিঃ নাঃ স্ত্রীং ; কয়েদ। বন্দী।

پھاٹکدار (ফাটক্দার) হিঃ নাঃ পুং ; দারোয়ান। দ্বাররক্ষী। পাহারাদার।

پھاڑ (ফাড়) হিঃ নাঃ পুং ; ফাটল। চিড়। ফাঁক। বিদারণ।

پھاڑ کھاؤ (ফাড় খাউ) হিঃ বিঃ ; হিংস্র জন্তু। রক্তপিয়াসী। জল্লাদ। ক্রুদ্ধ স্বভাব।

پھاڑنا (ফাড়না) হিঃ মূঃ ; বিদীর্ণ করা। ফাড়া। চিড় ধরা। ব্যবচ্ছেদ করা।

پھاگ (ফাগ্) হিঃ নাঃ পুং ; দোললীলা। বসন্তোৎসব। হোলি খেলা।

پھاگ کھیلنا (ফাগ্খেল্না) হিঃ ক্রিঃ ; হোলীউৎসব করা। হোলি খেলা।

پھاگن (ফাগুন্) সং নাঃ পুং ; বাংলা বর্ষগণনায় একটি মাস। ফাল্গুন মাস।

پھال (ফাল্) হিঃ নাঃ স্ত্রীং ; লাঙ্গলের ফলক। ফাল। সুপারী।

پھالی (ফালী) হিঃ নাঃ স্ত্রীং ; লাঙ্গলের ফলা। দুগ্ধ পোষ্য শিশুর দেহাবরণী।

پھان (ফান) হিঃ নাঃ পুং ; ফাঁদ।

پھانٹ (ফাঁট) হিঃ নাঃ পুং ; গ্রামীণ অফিসার।

پھانٹا (ফাঁটা) প্রাঃ নাঃ পুং ; শাখা।

پھانج (ফাঁজ) প্রাঃ নাঃ স্ত্রীং ; আকৃতি। গঠন। ফাঁদ। ফাঁসি।

پھانجنا (ফাঁজ্না) প্রাঃ মূঃ ; খন্ড-বিখন্ড করা। টুকরা-টুকরা করা।

پھاند (ফান্দ) হিঃ নাঃ পুং ; ফাঁদ। জাল। লম্ফ।

پھاندا (ফান্দা) প্রাঃ নাঃ পুং ; ফাঁদ। চাল।

پھاندنا (ফাঁদ্না) উঃ মূঃ ; লম্ফন করা। হাঁক ডাক করা। ফাঁদ পাতা।

پھاندی (ফাঁদী) হিঃ নাঃ স্ত্রীং ; ইক্ষুর আঁটি।

پھانس (ফাঁস্) হিঃ নাঃ পুং ; বাঁশ বা কাঠের আঁশ। দুঃখ। ক্লেশ। সন্তাপ-যাতনা। ব্যাকুলতা।

پھانسنا (ফাঁস্না) হিঃ মূঃ ; ফাঁদে পড়া। জালে আটকানো। প্রতারিত করা। বাধ্য করা। দম করা।

پھانسی (ফাঁসী) হিঃ নাঃ স্ত্রীং ; ফাঁদ। জাল। জীবন নাশের জন্য গলে পরার ফাঁস। রজ্জু।

پھانک (ফাঁক) হিঃ নাঃ স্ত্রীং ; পাতলা স্তর। ছিলকা। টুকরা। ফুলের টুকরা।

پھانکنا (ফাঁক্না) হিঃ মূঃ ; অজস্র ব্যয় করা। দ্রুত অতিক্রম করা। দ্রুত বলা। হাতের তালু দ্বারা মৃদু চাপড় দিয়ে গুঁড়া ইত্যাদি মুখে পূরা।

پھانکی (ফাঁকি) হিঃ নাঃ স্ত্রীং ; গুঁড়া। ফলের টুকরা। মিথ্যা প্রমাণ। ধোঁকা। প্রবঞ্চনা।

پھایا (ফায়া) .... پھاھا (ফাহা) হিঃ নাঃ পুং ; খানিকটা তূলা যাতে গন্ধদ্রব্য বা আতর ইত্যাদি মাখার জন্য কাঠিতে

গোল করে জড়ান হয়।

پھاوڑا (ফাওড়া) হিঃ নাঃ পুং ; কোদাল। বেলচা। খননযন্ত্র।

پھاوڑی (ফাওড়ী) হিঃ নাঃ পুং ; ছোট কোদাল।

پھاہا (ফাহা) হিঃ নাঃ পুং ; বস্ত্রবিশেষ যার উপর পট্টি বাঁধা হয়।

پھب (ফব) হিঃ নাঃ স্ত্রীং ; কমনীয়তা। স্নিগ্ধতা। উপযুক্ততা। যথাযোগ্যতা। সুশ্রীতা।

پھبتا (ফব্‌তা) হিঃ বিঃ ; যথাযোগ্য। উপযুক্ত। লাগসই। মানানসই। উচিত। যুৎসই।

پھبتی (ফবতী) হিঃ নাঃ স্ত্রীং ; চুটকি। সরস উপমা। কৌতুক। পরিহাস।

پھبکنا (ফবক্‌না) হিঃ মূঃ ; উদগমি হওয়া। হৃষ্টপুষ্ট হওয়া। অঙ্কুরিত হওয়া।

پھبن (ফবন) হিঃ ক্রিঃ স্ত্রীং ; সাজ। অলঙ্কার। শোভা। প্রসাধন। অঙ্গরাগ।

پھبنا (ফব্‌না) হিঃ মূঃ ; শোভিত হওয়া। অলঙ্কৃত করা। দুরস্ত হওয়া।

پھپا (ফুপ্‌পা) হিঃ নাঃ পুং ; পিসা। ফুপা।

پھپٹ (ফপ্পট) হিঃ নাঃ পুং ; প্রবঞ্চনা। ষড়যন্ত্র। গন্ডগোল।

پھپٹ باز (ফপ্পট বায) হিঃ বিঃ ; প্রবঞ্চক। প্রতারক। শঠ। ঠক। ধাপ্পাবাজ।

پھپٹ بازی (ফপ্পট বাযী) ফাঃ হিঃ নাঃ স্ত্রীং ; শঠামী। প্রবঞ্চনা। বিশৃঙখলা পূর্ণতা। ফটকাবাযি।

پھپڑ دلالے (ফপ্পড় দলালে) হিঃ নাঃ পুং ; ষড়যন্ত্র। ফন্দি। কূটচাল। মিথ্যা তোষামোদ।

پھپڑلے (ফপ্‌ড়ে) হিঃ নাঃ পুং ; চাটুকারিতাপূর্ণ মিষ্টি কথা। প্রবঞ্চনাপূর্ণ উক্তি।

پھپسا (ফপ্‌সা) হিঃ বিঃ ; পানসে। মোটা। ঢিলা। ফাঁপা।

پھپس (ফপ্পস) হিঃ বিঃ ; ফাঁপা। সারশূন্য। মোটা।

پھپسا (ফপসা) হিঃ বিঃ ; স্ফীত। শূন্যগর্ভ।বায়ুপূর্ণ। সারশূন্য। ফিকা। জলো। বিস্বাদ।

پھپکا (ফপ্‌কা) হিঃ নাঃ পুং ; স্ফোট। ফোড়া। স্ফোটক।

پھپکار (ফপ্‌কার) হিঃ নাঃ স্ত্রীং ; ফোঁস ফোঁস শব্দ। ক্রোধের চাপা গর্জন।

پھپکارنا (ফপ্‌কারনা) হিঃ মূঃ ; ফোঁসানো। ফোঁসফোঁস শব্দ করা। ক্রোধে চাপা গর্জন করা।

پھپکنا (ফপক্‌না) হিঃ মূঃ ; শরীর ফাঁপা। স্ফীত হওয়া। ফুলে উঠা। ফোড়া উঠা।

پھپولا (ফপোলা) হিঃ নাঃ পুং ; ফুস্কুড়ি। ফোস্কা।

پھپھووالی (ফফোওয়ালী) হিঃ নাঃ স্ত্রীং ; বসন্ত রোগ।

پھپھوندنا (ফফোন্‌দনা) হিঃ মূঃ ; তিলক পড়া।

پھپھوندی (ফফোন্‌দী) হিঃ নাঃ স্ত্রী ; গাদ। তলানি। কাইট। শিটা।

پھپھو ندی لگی (ফফোন্‌দীলগী) হিঃ নাঃ স্ত্রীং ; ময়লা দাঁতযুক্ত মহিলা।

پھپھی (ফুফী) হিঃ নাঃ স্ত্রীং ; পিসি। ফুফু।

پھپھیرا (ফুপেরা) হিঃ বিঃ ; ফুফুত। পিসাত। پھپھیرا بھائی (–ভাই) ফুফুত ভাই।

پھپیاساس (ফপয়া সাস) হিঃ নাঃ স্ত্রীং ; ফুফু শ্বাশুড়ী। শশুরের বোন।

پھپیاسرا (ফুপ্‌য়া সুরা) হিঃ নাঃ পুং ; ননদ জামাই।

پھپیرا (ফুপেরা) হিঃ নাঃ পুং ; ফুফুর ছেলে।

پھپیری (ফুপেরী) হিঃ নাঃ স্ত্রীং ; ফুফুর মেয়ে।

پھٹ (ফট) হিঃ নাঃ স্ত্রীং ; বিদারণ ধ্বনি। ফটফট শব্দ।

پھٹا (ফট্‌টা) হিঃ নাঃ পুং ; কাঠের তক্তা।

ফলট।

پھٹاپرانا (ফাটাপুরানা) হিঃ নাঃ পুং ; ছেঁড়া পোষাক। পরিত্যক্ত পরিধেয়।

پھٹ پڑنا (ফাট্পড়না) উঃ মৃঃ ; ফাঁপা। অপ্রত্যাশিতভাবে সমৃদ্ধ হওয়া।

پھٹ پھٹ (ফট্ফট্) হিঃ নাঃ স্ত্রীং ; ক্রমাগত ফট্ধ্বনি।

پھٹپھٹانا (ফট্ফটানা) হিঃ মৃঃ ; সবেগে পালক সঞ্চালিত করা। ফট্ফট করা।

پھٹک (ফট্ক) হিঃ নাঃ পুং ; হীরা। স্ফটিক। কাঁচ।

پھٹکا (ফট্কা) হিঃ নাঃ পুং ; ক্ষণকাল। মুহূর্ত।

پھٹکا (ফুট্কা) হিঃ নাঃ পুং ; বিস্কুট।

پھٹکار (ফট্কার) হিঃ নাঃ স্ত্রীং ; কষাঘাতের শব্দ। কষাঘাতের ধ্বনি।

پھٹکار (ফিট্কার) হিঃ নাঃ স্ত্রীং ; অভিসাপ। অমঙ্গল কামনা। তিরস্কার।

پھٹکارنا (ফিট্কারনা) হিঃ মৃঃ ; তিরস্কার করা। ঘৃণা করা। অগ্রাহ্য করা। গাল-মন্দ করা।

پھٹکارنا (ফট্কারনা) হিঃ মৃঃ ; প্রহার করা। কষাঘাত করা। কাঁচা। বেত্রাঘাত করা।

پھٹکر (ফুট্কর) হিঃ বিঃ ; একা ; নিঃসঙ্গ।

پھٹکری (ফিটকরী) হিঃ নাঃ স্ত্রীং ; ফিটকিরি।

پھٹکل (ফট্কল) হিঃ বিঃ ; একা, একক। নিঃসঙ্গ।

پھٹکن (ফট্কন) হিঃ নাঃ পুং ; শস্যের ভুসি। তুষ।

پھٹکنا (ফটক্না) হিঃ মৃঃ ; আসন্ন হওয়া। উপস্থিত হওয়া। আলাদা হওয়া।

پھٹکی (ফট্কী) হিঃ নাঃ স্ত্রীং ; খাঁচা। বাঁশের পিঞ্জিরা।

پھٹکی (ফুটকী) হিঃ নাঃ স্ত্রীং ; গাঁটুরি। বোচকা। দূষিত রক্ত বা পুঁজের পিণ্ড। একপ্রকার ক্ষুদ্র পাখী।

پھٹنا (ফাট্না) হিঃ মৃঃ ; ফাটা। চিড় ধরা। বিদীর্ণ হওয়া। ক্রোধান্বিত হওয়া।

پھٹی آواز (ফাটী আওয়ায) উঃ নাঃ স্ত্রীং ; বেসুরো ধ্বনি। বেতাল ধ্বনি।

پھٹے حال (ফটেহাল্) হিঃ বিঃ ; বে-হাল। দুর্দশা।

پھٹیل (ফট্য়ল) হিঃ নাঃ পুং ; একা। জোড়ার একটি।

پھچا پھچ (ফচাফচ্) হিঃ নাঃ পুং ; প্যাঁচপ্যাঁচ শব্দ। পানি- কাদা মাড়িয়ে চলার শব্দ।

پھدپھدانا (ফদ্ফদানা) হিঃ মৃঃ ; উত্তাপ জনিত কারণে বুদবুদি হওয়া।

پھدک (ফদক্) হিঃ নাঃ পুং ; ফুটন্ত অবস্থা। উষ্ণতা জনিত আলোড়ন।

پھدکنا (ফদক্না) হিঃ মৃঃ ; পুলকিত হওয়া। উচ্ছসিত হওয়া। লম্ফন করা।

پھدکی (ফুদ্কী) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার ক্ষুদ্রপাখী।

پھڈا (ফিড্ডা) হিঃ বিঃ ; খোড়া, খঞ্জ।

پھر (ফির) হিঃ ; ফের। আবার। পুনরায়। পরে।

پھر (ফুর) হিঃ নাঃ স্ত্রীং ; পাখীর উড্ডয়ন ধ্বনি।

پھرا (ফুর্রা) হিঃ নাঃ পুং ; তক্তা বিশেষ।

پھرارا (ফরারা) হিঃ নাঃ পুং ; শুষ্ক। শুকনো।

پھرانا (ফেরানা) হিঃ মৃঃ ; ঘোরানো। পাক দেওয়া। ভ্রমণ করানো।

پھراؤ (ফিরাউ) হিঃ নাঃ পুং ; ফেরত দানের শর্তসাপেক্ষে বিক্রিত পণ্য। পাক।

پھرائی (ফিরাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; প্রত্যর্পণ। প্রত্যর্পণের মূল্য।

پھرپھرانا (ফুরফুরানা) হিঃ মৃঃ ; দোলায়িত হওয়া। আলোচিত হওয়া। আন্দোলিত হওয়া।

پھرپھری (ফুরফরী) হিঃ নাঃ স্ত্রীং ; আলোড়ন। কম্পন। সঞ্চালন।

پھر پھند (ফর্‌ফন্‌দ) হিঃ নাঃ পুং ; ঝগড়া। কলহ। বিবাদ। ফন্দি। কুটকৌশল।

پھر پھنری (ফর'ফন্দী) উঃ নাঃ পুং ; ধড়িবাজ। ফটকাবাজ। কূটকৌশলী।

پھر پھدوا (ফরফেন্‌দওয়া) হিঃ নাঃ পুং ; বিস্বাদ ফল বিশেষ। তেঁতো ঔষধ বিশেষ।

پھرت (ফিরত্‌) হিঃ নাঃ পুং ; স্পন্দন, আলোড়ন। কম্পন।

پھرتا (ফিরতা) হিঃ নাঃ পুং ; দালালি।

پھرتی (ফুর্‌তী) হিঃ নাঃ স্ত্রীং ; হর্ষ। আনন্দ। উৎসাহ। স্ফুরণ। কম্পন। বিকাশ। প্রকাশ। স্ফুর্তি।

پھرتیلا (ফুরতীলা) হিঃ বিঃ ; উৎফুল্ল। আনন্দিত। পুলকিত। হর্ষিত। চঞ্চল।

پھرچا (ফরচা) হিঃ নাঃ পুং ; শেষ মতামত। চূড়ান্ত সিদ্ধান্ত। কোমল। পরিষ্কার।

پھرسا (ফরসা) হিঃ নাঃ পুং ; কোদাল। কুঠার।

پھرگیٔ ڈنڈ (ফরগয়ী ডন্ড) হিঃ নাঃ পুং ; ব্যায়ামের সময় যে দন্ড ঘোরানো হয়। নান চাকু।

پھرکی (ফিরকী) হিঃ নাঃ স্ত্রীং ; চাকা। আবর্তনশীল। একপ্রকার খেলনা।

پھرنا (ফির্‌না) হিঃ মূঃ ; চক্কর দেওয়া। ফেরা। ঘোরাঘুরি করা।

پھرھری (ফরহ্‌রী) হিঃ নাঃ পুং ; সিক্ততা। তিরোহিত হওয়া।

پھری (ফরী) হিঃ নাঃ স্ত্রীং ; ঢাল।

پھریرا (ফরীরা) উঃ নাঃ পুং ; অর্ধশুষ্ক। পতাকা। ঝান্ডা। নিশান।

پھریری (ফুরীরী) হিঃ নাঃ স্ত্রীং ; স্পন্দন। কম্পন। আলোড়ন।

پھڑ (ফড়) হিঃ নাঃ পুং ; জুয়ার আখড়া। আড়ৎ। সাঁজোয়া যান।

پھڑ باز (ফড়বায্‌) হিঃ নাঃ পুং ; জুয়াড়ী।

پھڑپھڑانا (ফড়ফড়ানা) হিঃ মূঃ : ব্যাকুল হওয়া। ছটফট করা। প্রকম্পিত হওয়া।

پھڑپھڑاھٹ (ফড়ফড়াহট্‌) হিঃ নাঃ স্ত্রীং ; পর বা পালক সঞ্চারণের শব্দ। ব্যাকুলতা।

پھڑ پھڑیا (ফড়ফড়িয়া) হিঃ বিঃ ; চঞ্চল। চতুর। সৃজনশীল।

پھڑڑا (ফড়ড়া) প্রাঃ নাঃ পুং ; তরবারীর ফলা।

پھڑک (ফড়ক) হিঃ নাঃ স্ত্রীং ; অস্থিরতা। উদ্বেগ।

پھڑکانا (ফড়কানা) হিঃ মূঃ ; উদ্বিগ্ন করা। অস্থির করা।

پھڑکنا (ফড়কনা) হিঃ স্ত্রীং ; উদ্বেলতা। উদ্বিগ্নতা।

پھڑکنا (ফড়কনা) হিঃ মূঃ ; অস্থির হওয়া। বিহ্বল হওয়া।

پھڑکی (ফড়কী) হিঃ নাঃ স্ত্রীং ; প্রান্ত সীমা। পুরো আড়।

پھڑوانا (ফড়ওয়ানা) হিঃ মূঃ ; আলুলায়িত করা।

پھڑی (ফড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; পাথরের স্তুপ।

پھڑیا (ফড়য়া) হিঃ নাঃ পুং ; ফড়িয়া। পাইকার।

پھڑیا (ফুড়িয়া) হিঃ নাঃ স্ত্রীং ; ফোড়া। ব্রণ।

پھس (ফস্‌) হিঃ নাঃ স্ত্রীং ; লাজ। শরম। ফিসফিস শব্দ।

پھس (ফুস্‌) হিঃ নাঃ স্ত্রীং ; অস্পষ্ট শব্দ।

پھس پھسا (ফুস্‌ফুসা) হিঃ নাঃ পুং ; লতলতে, কোমল। স্নিগ্ধ। নরম। তুলতুলে।

پھساکو (ফসাকো) হিঃ নাঃ পুং ; পচা তামাক।

پھساوا (ফসাওয়া) হিঃ নাঃ পুং ; বিরক্তি। কলহ।

پھسڈی (ফিসড্ডী) হিঃ বিঃ ; পরাজিত। বঞ্চিত। বিজিত।

پھسر پھسر (ফুসর ফুসর) হিঃ নাঃ স্ত্রীং :

কানাঘুষা।

پهسکارا (ফুসকারা) হিঃ নাঃ স্ত্রীং ; ফোঁস ফোঁস শব্দ।

پهسکڑا (ফসকড়া) হিঃ নাঃ পুং ; আসন গেড়ে বসার অবস্থা।

پهسکنا (ফসক্না) হিঃ মূঃ ; বসে পড়া। বিদীর্ণ হওয়া।

پهسکنا (ফসুক্না) হিঃ মূঃ ; ফুঁপান। গুমরে কাঁদা।

پهسکی (ফুস্কী) হিঃ নাঃ স্ত্রীং ; পাদ। ক্ষীনপাদ।

پهسلانا (ফিস্লানা) হিঃ মূঃ ; পিছলে যাওয়া। পা ফস্কে যাওয়া।

پهسلانا (ফুস্লানা) হিঃ মূঃ ; ফুসলানো। অনুপ্রাণিত করা। প্রবঞ্চিত করা। লেলিয়ে দেয়া। উস্কে দেয়া।

پهسلاوا (ফুস্লাওয়া) হিঃ নাঃ পুং ; প্রবঞ্চনা। ভোলানো।

پهسلن (ফিস্লন্) হিঃ নাঃ স্ত্রীং ; পদস্খলন। পা-পিছলান ।

پهسلنا (ফিসল্না) হিঃ মূঃ ; পা-ফস্কে যাওয়া। পদস্খলন ঘটা।

پهسینڈا (ফুসেঁডা) হিঃ বিঃ ; অনির্ভর যোগ্য। গুরুত্বহীন।

پهسینڈی (ফসেঁডী) হিঃ নাঃ স্ত্রীং ; দুর্গন্ধযুক্ত। বাঁসি।

پهش (ফশ্) হিঃ নাঃ পুং ; থুথু। পিক। ঘৃণা। অভিশাপ। পরিতাপ।

پهک (ফক্) হিঃ নাঃ স্ত্রীং ; কোন বস্তু এক সাথে বিদীর্ণ হওয়ার শব্দ।

پهکڑ (ফক্কড়) হিঃ নাঃ পুং ; ফাঁকি বাঁজি। নিম্ন শ্রেণীর ঠাট্টা-পরিহাস।

پهکڑ باز (ফকড়বাজ) হিঃ বিঃ ফক্কড়বাজ। প্রগলভ। উন্মাদ।

پهکڑی (ফক্কড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; ধূর্তামি। প্রগলভতা।

پهکنا (ফুক্না) হিঃ নাঃ পুং ; মূত্রথলি। ভস্ম। ছাই।

پهکنی (ফুকনী) হিঃ নাঃ স্ত্রীং ; আগুনে ফুঁ দেওয়ার চোঙ্গ।

پهکڑی (ফকড়ী) হিঃ নাঃ পুং ; একপ্রকার খেলা।

پهگوا (ফগ্ওয়া) হিঃ নাঃ পুং ; হোলি উৎসবে উপহার।

پهل (ফল্) হিঃ নাঃ পুং ; ফল। বৃক্ষলতাদি উদ্ভিদের শস্য। উৎপন্ন। লাভ। উপকার। রায়। মীমাংসা। নির্ধারিত সিদ্ধান্ত। বংশধর। ফলা। ধার।

پهل بجهول (ফলবঝোল্) হিঃ নাঃ পুং ; একপ্রকার খেলা।

پهل پات (ফল্পাত) হিঃ নাঃ পুং ; ফলমূল। তরিতরকারী।

پهل پهلاری (ফল্ফলারী) হিঃ নাঃ স্ত্রীং ; ফলফলাদি। বিভিন্ন প্রকারের ফল।

پهل تاڑ (ফল্তাড়) হিঃ নাঃ পুং ; তালফল।

پهل دار (ফল্দার) হিঃ বিঃ ; ফলদার। ফলবান।

پهلا (ফুল্লা) হিঃ নাঃ পুং ; স্ফীত। ফোলা। পুতলি। চোখের তারা।

پهلا پهولا (ফলাফূলা) হিঃ বিঃ ; ধনাঢ্য। অর্থশালী। ভাগ্যবান। সুখী। সমৃদ্ধশালী। ধনকুবের।

پهلاسرا (ফুলাসরা) হিঃ নাঃ পুং ; ষড়যন্ত্র। কূটচাল। প্রবঞ্চনা। ধোঁকা।

پهلانا (ফুলানা) হিঃ মূঃ ; বায়ু ভর্তি করা। ফোলানো। স্ফীত করা। গর্বিত করা। বর্ধিত করা।

پهلانگ (ফলাঙ্গ) হিঃ নাঃ স্ত্রীং ; লাফ। লম্ফ। ঝম্প।

پهلانگنا (ফলাঙ্গনা) হিঃ মূঃ ; লাফ দেওয়া। লম্ফন করা।

پهلاهی (ফুলাহী) হিঃ নাঃ পুং ; নিমজাতীয় বৃক্ষ বিশেষ।

پهلبهری (ফুলবহ্‌রী) হিঃ নাঃ স্ত্রীং ; শ্বেত রোগ।

پهل پهانک (ফুল্ফাঁক) প্রাঃ নাঃ স্ত্রীং ; পুষ্প পত্র। ফুলপাতা।

پھلپھلا (ফুল্‌ফুলা) হিঃ বিঃ ; কোমল। নরম। স্নিগ্ধ। তুলতুলে।

پھل پھلالی (ফুলফুলালী) প্রাঃ নাঃ পুং ;; ফল ফলাদি। শাক-সজি।

پھلت (ফলত) সং বিঃ ; ফলদায়ক। ফলপ্রসু।

پھلتا (ফল্‌তা) হিঃ নাঃ পুং ; চর্ম্মমন্ডিত দন্ড।

پھلٹی (ফুলট্‌টী) হিঃ নাঃ স্ত্রীং ; ফুলের দোকান।

پھلجھڑی (ফুল্‌ঝড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; কূটনী বুড়ী। ঝগড়াটে মহিলা। কূটবদ্ধি সম্পন্ন। একপ্রকার আতশবাজি।

پھلدا (ফল্‌দা) প্রাঃ নাঃ পুং ; তরবারীর ফলা।

پھلروا (ফুলরওয়া) হিঃ বিঃ ; ফুলের মত। সূক্ষ্ম।

پھلڑا (ফল্‌ড়া) হিঃ নাঃ পুং ; ধাতু নির্মিত যন্ত্রাদির তীক্ষ্ণ প্রান্ত।

پھلسا (ফল্‌সা) হিঃ নাঃ পুং ; দ্বার। ফটক। পাড়া।

پھلسرا (ফুলসিরা) হিঃ বিঃ ; কবুতর, যার মাথা হয় সাদা।

پھل سی جڑ (ফুল্‌সী জড়) প্রাঃ নাঃ স্ত্রীং ; পুষ্পশয্যা। ফুলশয্যা।

پھل نیر (ফুল্‌নিয়র) প্রাঃ নাঃ পুং ; গোলাপ পানি।

پھلک (ফলক্‌) প্রাঃ নাঃ পুং ; স্ফোটক। ফোড়া।

پھلکا (ফল্‌কা) হিঃ নাঃ পুং ; ফোস্কা। ফুলা। ধার। কোমল।

پھلکا (ফুল্‌কা) হিঃ নাঃ পুং ; ঈষৎ স্ফীত চা-পাতি রুটি।

پھلکاری (ফুলকারী) হিঃ নাঃ স্ত্রীং ; কাপড়ের উপর ফুলপাতার বুনন কর্ম।

پھلکی (ফুল্‌কী) হিঃ নাঃ স্ত্রীং ; ঈষৎ ফাঁপা রুটি।

پھلنا (ফলনা) হিঃ মূঃ ; উৎপন্ন হওয়া। ফলধরা। ভাগ্যবান হওয়া। লাভ হওয়া।

پھلنگ (ফুলঙ্গ) হিঃ নাঃ স্ত্রীং ; গাছের মাথা। শীর্ষ। চূড়া।

پھلوا (ফল্‌ওয়া) হিঃ নাঃ পুং ; গ্রন্থিযুক্ত। ঝালর।

پھلوا (ফুল্‌ওয়া) হিঃ নাঃ পুং ; একপ্রকার পান।

پھلواری (ফুল্‌ওয়ারী) হিঃ নাঃ স্ত্রীং ; পুষ্প-উদ্যান।

پھلوتھا (পহ্‌লূথা) হিঃ বিঃ ; এবং নাঃ পুং ; প্রথম সন্তান।

پھلوری (ফুলওরী) হিঃ নাঃ স্ত্রীং ; ফাঁপা রুটি।

پھلی (ফলী) হিঃ নাঃ স্ত্রীং ; বীজ বা বীচির বহিরস্থ প্রাকৃতিক আস্তর বিশেষ।

پھلی (ফুলী) প্রাঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার অলঙ্কার।

پھلی (ফল্লী) হিঃ নাঃ স্ত্রীং ; চোখের ছানি। শিশুদের জননেন্দ্রিয়। নাকের ফুল।

پھلیر (ফলীর) হিঃ বিঃ ; সাদার মাঝে কালো কিংবা কালোর মাঝে সাদা রঙ বিশেষ।

پھلیری (ফুলেরী) প্রঃ নাঃ স্ত্রীং ; চতুষ্পদ জন্তুর উচ্ছলতা প্রকাশ।

پھلیل (ফুলীল) হিঃ নাঃ পুং ; সুগন্ধি তৈল বিশেষ।

پھلیندا (ফলেঁদা) হিঃ নাঃ পুং ; বৃহদাকৃতির জাম।

پھن (ফন্‌) সং নাঃ পুং ; সাপের ফণা।

پھنپھنانا (ফন্‌ফনানা) হিঃ মূঃ ; ক্রোধোন্মত্ত হওয়া। ফোঁসানো। সাপের গর্জন করা।

پھند (ফন্‌দ) হিঃ নাঃ পুং ; চক্রান্ত। কৌশল। ফাঁদ। ষড়যন্ত্র।

پھندا (ফন্‌দা) হিঃ নাঃ পুং ; জাল। খাঁদ। কূট কৌশল। ষড়যন্ত্র। গুপ্তফন্দি।

پھندانا (ফন্দানা) হিঃ নাঃ পুং ; শাখার দোলায়িত কুসুমগুচ্ছ। তুর্কী টুপির রেশমের খোদাই।

پھندناسا (ফন্‌দনা সা) হিঃ বিঃ ; খর্বকায়। অবুঝ।

پھندیات (ফন্‌দিয়াত) হিঃ নাঃ পুং ; শিকারী পশু।

پھنسانا (ফন্‌সানা) হিঃ মূঃ ; ফাঁসানো। বিপদে ফেলা। বিপন্ন করা।

پھنساو (ফন্‌সাউ) হিঃ নাঃ পুং ; ঝঞ্ঝাট। বিপদ। দুরবস্থা। ফাঁদ।

پھنسنا (ফাঁস্‌না) হিঃ মূঃ ; বিপদাপন্ন হওয়া। ধরা পড়া। জড়িত হওয়া।

پھنسی (ফুঁসী) হিঃ নাঃ স্ত্রীং ; ফোঁড়া, ব্রন।

پھنکا (ফন্‌কা) হিঃ নাঃ পুং ; একবারে যে পরিমাণ গুড়াঁ ইত্যাদি মুখে পুরা যায় এমন। পুরিয়া।

پھنکار (ফুন্‌কার) হিঃ নাঃ স্ত্রীং ; সাপের ফোঁস ফোঁসানি। সাপের ক্রুদ্ধ গর্জন।

پھنکانا (ফুনকানা) প্রাঃ মূঃ ; আলাদা করা।

پھنکنا (ফনক্‌না) হিঃ মূঃ ; পড়ে যাওয়া। বিক্ষিপ্ত হওয়া। বরবাদ হওয়া। ঝলসে যাওয়া। দগ্ধ হওয়া।

پھنکنی (ফুঁক্‌নী) হিঃ নাঃ স্ত্রীং ; বাঁশের চোঙ্গ।

پھنکوانا (ফুঁকওয়ানা) হিঃ মূঃ ; আগুন ধরিয়ে দেওয়া। আগুন লাগানো।

پھنکوانا (ফিঁকওয়ানা) হিঃ মূঃ ; নিক্ষেপ করানো।

پھنکی (ফনকী) হিঃ নাঃ স্ত্রীং ; একসাথে মুখে পুরা যায় এমন।

پھنکی (ফুন্‌কী) প্রাঃ নাঃ পুং ; ফোঁড়া।

پھننگ (ফুনঙ্গ) হিঃ নাঃ স্ত্রীং ; গাছের মাথা।

پھنگی (ফুনগী) হিঃ নাঃ স্ত্রীং ; (শস্যের) শীষ। অঙ্কুর। নাকের ডগা।

پھنو (ফন্‌নো) হিঃ নাঃ স্ত্রীং ; অবুঝ শিশুর জননেন্দ্রিয়।

پھنی (ফনী) হিঃ বিঃ ; ফণাযুক্ত সর্প। এক প্রকার সাপ।

پھنی (ফুন্‌নী) হিঃ নাঃ স্ত্রীং ; রেশমের গুচ্ছ। গাঁট।

پھنی (ফন্‌নী) হিঃ নাঃ স্ত্রীং ; গোঁজ।

پھنیارا (ফণয়ারা) প্রাঃ নাঃ পুং ; জলপ্রপাত। ফোয়ারা।

پھو (ফু) হিঃ নাঃ স্ত্রীং ; খন্ডকার ধ্বনি।

پھوار (ফোয়ার) হিঃ নাঃ স্ত্রীং ; হালকা বৃষ্টি। একপ্রকার জালিদার বস্ত্র।

پھوارا (ফোয়ারা) হিঃ নাঃ স্ত্রীং ; ঝর্ণা। প্রস্রবণ।

پھوپا (ফোপা) হিঃ নাঃ পুং ; ফুপা। পিসা।

پھوپس (ফোপস্‌) হিঃ নাঃ স্ত্রীং ; শশুরের বোন।

پھوٹ (ফুট) হিঃ নাঃ স্ত্রীং ; অনৈক্য। চিড়। ফাটল। দ্বেষ। শত্রুতা। বিদীর্ণতা। বিচ্ছেদ।

پھوٹا (ফুটা) হিঃ বিঃ ; চিড়যুক্ত। বিদীর্ণ অবস্থা।

پھوٹک (ফুটক) হিঃ নাঃ স্ত্রীং ; অণু। ক্ষুদ্রতম অংশ।

پھوٹن (ফুটন) হিঃ নাঃ স্ত্রীং ; বিরাগ। অনৈক্যতা।

پھوٹنا (ফূট্‌না) হিঃ মূঃ ; বিদীর্ণ হওয়া। বিচ্ছিন্ন হওয়া। চিড় ধরা। ফোঁড়া উঠা। পাতা গজানো। প্রকাশিত হওয়া। প্রস্ফুটিত হওয়া। ফুটা।

پھوٹی کوڑی (ফূটী কূড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; অতিসামান্য পরিমাণ। যৎসামান্য।

پھوڑا (ফূড়া) হিঃ নাঃ পুং ; ফোঁড়া। ক্ষত। বিষের থলি।

پھوڑنا (ফূড়না) হিঃ মূঃ ; ভাঙ্গা। টুকরা করা। বিকশিত করা।

پھوس (ফূস) হিঃ নাঃ পুং ; শুকনো ঘাস বা খড়। শন্‌।

پھوسی (ফুসী) হিঃ নাঃ স্ত্রীং ; শন্‌। খড়কুটো।

پھوک (ফোক্‌) হিঃ নাঃ পুং ; কোন কিছু নিংড়ানোর পর অবশিষ্ট যে অংশ বাকী

থাকে। সারহীন। বিস্বাদ।

پھوکا (ফোকা) হিঃ নাঃ পুং ; হালকা। শক্তিশালী।

پھوکٹ (ফোকট্) হিঃ নাঃ পুং ; মূল্যহীন বস্তু। রিক্ত ব্যক্তি। নিঃস্ব লোক।

پھوکل (ফোকল্) হিঃ নাঃ পুং ; শূন্য গর্ভ। সারহীন।

پھوکنا (ফোগ্‌না) হিঃ মূঃ ; ফোলা। স্ফীত হওয়া।

پھول (ফুল্) হিঃ নাঃ পুং ; ফুল। পুষ্প। কুসুম।

پھول گوبھی (ফুলগুভী) হিঃ নাঃ স্ত্রীং ; ফুলকপি।

پھول والوں کیسیر (ফূল ওয়ালোঁকী সয়র) হিঃ নাঃ স্ত্রীং ; খাজা কুতুব উদ্দীন বাকী (রঃ)-এর সমাধিস্থলে অনুষ্ঠিত বাৎসরিক উরস বিশেষ।

پھولوں کاگھنا (ফূলোঁকাগহ্‌না) হিঃ বিঃ ; ফুলের অলঙ্কার। বসন্ত রোগ।

پھولوں کی بدھی (ফূলোঁকী বধ্বী) হিঃ নাঃ স্ত্রীং ; ফুলের মালা।

پھولوں کی چادر (ফুলোকী চাদর) হিঃ নাঃ পুং ; ফুলের আস্তরণ।

پھولوں کی چھڑی (ফূলোঁকী ছড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; প্রিয়ার হস্তাঘাত।

پھولوں کی سیج (ফূলোঁকী সীজ) হিঃ নাঃ স্ত্রীং ; সুখশয্যা।

پھولا (ফওলা) হিঃ নাঃ পুং ; চোখের ছানি পড়া রোগ। স্ফোটক। কাজল।

پھولا (ফূলা) হিঃ নাঃ পুং ; ফোলা রোগ। অশ্বের পদ এবং রানের শুক্র চিহ্ন।

پھولا پھلا (ফুলা ফলা) হিঃ বিঃ ; ফুটন্ত। উন্নতিশীল।

پھولام (ফূলাম) হিঃ নাঃ পুং ; একপ্রকার সার্টিন।

پھولنا (ফূলনা) হিঃ মূঃ ; স্ফীত হওয়া, বৃদ্ধি পাওয়া। ফোলা।

پھوں پھاں (ফূঁ-ফাঁ) হিঃ নাঃ স্ত্রীং ; বিলাসিতা। বাবুগিরি। গোস্বা।

অসন্তুষ্টি।

پھونچڑ (ফূঁচড়্) হিঃ নাঃ পুং ; পশম। রেশম ইত্যাদির আঁশ।

پھوندنے کی چال (ফোঁন্‌দনে কীচাল) হিঃ নাঃ স্ত্রীং ; উন্নাসিকতা।

پھونس (ফূন্‌স) হিঃ নাঃ পুং ; শন। খড়।

پھونک (ফূঁক) হিঃ নাঃ স্ত্রীং ; সবেগে নিঃসৃত মুখের বায়ু। ফুঁক। শ্বাস-প্রশ্বাস। ফুৎকার।

پھونکنا (ফূঁক্‌না) হিঃ মূঃ ; ফুঁ' দেওয়া। মন্ত্র পড়া। আগুন জ্বালানো।

پھونکی چھری (ফূঁকী ছুরি) হিঃ নাঃ স্ত্রীং ; অতিশয় তীক্ষ্ণ ছুরি।

پھوھا (ফুহা) হিঃ নাঃ পুং ; রুটির টুকরা। দুধ বা শরবতে সিক্ত তুলা।

پھوھار (ফূহার) হিঃ নাঃ স্ত্রীং ; ঝর্ণা। জলপ্রপাত।

پھوھڑ (ফুহড়) হিঃ বিঃ ; অযোগ্য। অপদার্থ। অকেজো। অনিপুণ।

پھوھڑپنا (ফূহড়পনা) হিঃ নাঃ পুং ; অযোগ্যতা। অকর্মণ্যতা।

پھوئی (ফূঈ) হিঃ নাঃ স্ত্রীং ; বৃষ্টির ফোঁটা। ঝরণা।

پھئے (ফয়ে) প্রাঃ নাঃ পুং ; স্ফোটক। ফুস্কুড়ি।

پھیا (ফয়া) হিঃ নাঃ পুং ; সূদ। লাভ।

پھیپھڑا (ফেফড়া) হিঃ নাঃ পুং ; শ্বাসনালী। অন্তর সংলগ্ন অঙ্গবিশেষ। ফুসফুস।

پھیپھڑی (ফেফ্‌ড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; ঠোঁটের মরামাস। গরমের গোটা।

پھیٹ (ফীট্) হিঃ নাঃ স্ত্রীং ; কোমরবন্ধ। কটি বেষ্টনী। পেটি। বেলটি।

پھیٹا (ফেটা) হিঃ নাঃ পুং ; শিরস্ত্রাণ। পাগড়ী।

پھیٹنا (ফেট্‌না) হিঃ মূঃ ; ঝাঁকুনি দিয়ে মিশানো। সংমিশ্রণ করা।

پھیر (ফের) হিঃ পুং ; পথের বাঁক। আবর্তন। প্রত্যাবর্তন। পরিবর্তন

দূরত্ব। বিপ্লব। ধোঁকা।

پھیر بدل (ফের্‌বদল) হিঃ নাঃ প্রং ; বিনিময়। পরিবর্তন। বদল। রূপান্তর।

پھیرپھار (ফেরফার) হিঃ নাঃ স্ত্রীং ; ওলট-পালট। চক্রান্ত। প্রতারণা।

پھیرا (ফেরা) হিঃ নাঃ মূঃ ; প্রদক্ষিণ। চতুর্দিকে।

پھیرنا (ফেরনা) হিঃ মূঃ ; চক্কর দেওয়া। প্রত্যাবর্তন করা। পরিশোধন করা। পরিভ্রমণ করা।

پھیری (ফেরী) প্রাঃ নাঃ স্ত্রীং ; আখের সন্ধিস্থলের মধ্যবর্তী অংশ।

پھری (ফেরী) হিঃ নাঃ স্ত্রীং ; খেয়া। ফেরী। পরিভ্রমণ। পথে পথে ঘুরে পণ্য বিক্রয়।

پھیری والا (ফেরী ওয়ালা) হিঃ ; যে ফেরী করে।

پھیلنا (ফয়্‌লনা) হিঃ মূঃ ; বিস্তৃত করা। প্রকাশ করা। বিখ্যাত করা। বিস্তীর্ণ করা। ہاتھ پھیلنا (হাথ- মূঃ ; ভিক্ষা করা।

پھیلاؤ (ফয়্‌লাও) হিঃ নাঃ পুং ; বিস্তৃতি।

پھیڑنا (ফেড়্‌না) প্রাঃ মূঃ ; পরিশোধ করা।

پھیکا (ফীকা) হিঃ বিঃ ; জলো। পানসে। বিস্বাদ। বাজে। অসত্য।

پھیکاپنڈا (ফীকাপন্‌ডা) হিঃ নাঃ পুং ; সামান্য জ্বর।

پھیکاغمزہ (ফীকাগম্‌যাহ্‌) হিঃ নাঃ পুং ; অশোভন অভিমান।

پھیکا منہ کرنا (ফীকা মূহ্‌ কর্‌না) হিঃ মূঃ ; বিস্বাদযুক্ত হওয়া।

پھیکی (ফীকী) হিঃ নাঃ স্ত্রীং ; বিস্বাদ।

پھیگڑا (ফীগ্‌ড়া) প্রাঃ বিঃ ; বক্র পা বিশিষ্ট।

پھیلانا (ফ-য়লানা) হিঃ মূঃ ; বিস্তৃত করা। ব্যাপ্ত করা। প্রসারিত করা।

پھین (ফীন) হিঃ নাঃ পুং : কফ। থুথু। মুখের লালা।

پھینٹی (ফীঁটী) হিঃ নাঃ স্ত্রীং ; নাটাই। চড়কী।

پھینچنا (ফেঁচ্‌না) হিঃ মূঃ ; সাবান ব্যতিরেকে কাপড় কাঁচা।

پھینک (ফেঁক্‌) হিঃ নাঃ স্ত্রীং ; নিক্ষেপ করা। নাশ করা। উস্কানো।

پھینکنا (ফেঁকনা) হিঃ মূঃ ; নিক্ষেপ করা। ফেলা। পাত করা। নষ্ট করা।

پھینی (ফেনী) হিঃ নাঃ স্ত্রীং ; ঘিয়ে ভাজা। একপ্রকার রুটি।

پھیہا (ফীহা) হিঃ নাঃ পুং ; একপ্রকার রোগ যার কারণে মুরগীর ডিম পাড়া বন্ধ হয়ে যায়।

پ ـ ی

پی (পী) হিঃ নাঃ পুং ; প্রিয়তম। প্রেমিক। স্বামী। পতি।

پی (পী) ফাঃ নাঃ পুং ; চর্বি। মেদ। বসা। প্রাণীদেহের স্নেহ জাতীয় পদার্থ।

پے (পয়) ফাঃ নাঃ পুং ; বয়ন যন্ত্র। তাঁত। জন্তুর পাছা। খোঁজ। সন্ধান। পদ। পা।

پے درپے (পায়দারপায়) ফাঃ বিঃ ; একাধারে। পায়ে পায়ে। অনবরত , বিরামহীন। লাগাতার।

پیا (পিয়া) হিঃ নাঃ পুং ; প্রিয়তম। বন্ধু। স্বামী।

پیا (পইয়া) হিঃ নাঃ পুং ; গাড়ীর চাকা। চাকার মত বৃত্তকায় বস্তু।

پیاپے (পয়াপয়) ফাঃ বিণ ; অনবরতঃ। অবিরাম।

پیابنسا (পিয়াবাঁসা) হিঃ নাঃ পুং ; এক প্রকার বাঁশ। একপ্রকার গুল্ম, যা থেকে লাল রং আহরণ করা হয়।

پیادہ (পিয়াদহ্‌) ফাঃ নাঃ পুং ; পদাতিক। দাবার ঘুঁটি। চাপরাশী। আরদালি। পত্রবাহক।

پیادہ گرد (পিয়াদহ্‌ গিরদ) ফিঃ বিঃ ; পদব্রজে গমণকারী। পাইক।

পদাতিক।

پیار (পিয়ার) হিঃ নাঃ পুং ; আদর। স্নেহ। ঘনিষ্ঠতা। প্রেম। ভালবাসা। মমতা। দয়া।

پیار اخلاص (পিয়ারে ইখলাস) হিঃ নাঃ পুং ; মিল-মিশ। সৌহার্দ্য।

پیارکا نام (পিয়ার কা নাম) হিঃ নাঃ পুং ; আদরের নাম ।

پیارکرنا (পিয়ার করনা) হিঃ ক্রিঃ ; আদর করা। সোহাগ করা। ভালবাসা।

پیارا (পিয়ারা) হিঃ বিঃ ; আদরের পাত্র। আদরণীয়। প্রিয়পাত্র।

پیارانگا (পিয়ারাঁগা) হিঃ নাঃ পুং ; একপ্রকার গুল্মজাত শিকড় যা ঔষধে ব্যবহৃত হয়।

پیاری (পিয়ারী) হিঃ বিঃ ; প্রিয়তমা। আদরণীয়।

پیاری پیاری باتیں (পিয়ারী পিয়ারী বাতেঁ) হিঃ নাঃ স্ত্রীং ; আদরের বুলি। মিষ্টি কথা।

پیاز (পিয়ায্) হিঃ নাঃ স্ত্রীং ; পিয়াঁজ।

پیازی (পিয়াযী) ফাঃ বিঃ ; পিয়াঁজ জাতীয় একপ্রকার সুবর্ণ দামী পাথর।

پیاس (পিয়াস্) হিঃ নাঃ স্ত্রীং ; পিপাসা। তৃষ্ণা। পানের ইচ্ছা। প্রবল আকাংখা।

پیاسا (পিয়াসা) হিঃ বিঃ ; পিপাসিত। পিপাসু। পান করায় ইচ্ছুক। তিতীষু ব্যক্তি। তৃষ্ণার্ত।

پیال (পয়াল) সং নাঃ স্ত্রীং ; খড়। শুস্ক তৃণ।

پیال کے پاؤں (পয়ালকে পাউঁ) হিঃ বিঃ ; অস্থায়ী।

پیاله (পিয়ালাহ্) ফাঃ নাঃ পুং ; পিয়ালা। পানপাত্র। বাটি।

پیالی (পিয়ালী) উঃ নাঃ স্ত্রীং ; ছোট বাটি।

پیام (পয়াম) ফাঃ নাঃ পুং ; বার্তা। সংবাদ। খবর। বৃত্তান্ত। বাণী।

پیام اجل (পয়ামে আজাল) ফাঃ নাঃ পুং ; মৃত্যু সংবাদ। মৃত্যু পরওয়ানা।

پیامبر (পয়ামবর) ফাঃ বিঃ ; সংবাদ বাহক। বার্তাবাহক। পয়গম্বর।

پیام سلام (পয়ামে সালাম) ফাঃ নাঃ পুং ; অন্যের ব্যাপারে সওয়াল-জওয়াব।

پیاؤ (পয়াউ) হিঃ নাঃ পুং ; পানশালা। উপায়।

پیپ (পীপ) সং নাঃ স্ত্রীং ; পুঁজ। ফোঁড়া বা ক্ষতস্থানের দূষিত রস।

پیپا (পীপা) উঃ নাঃ পুং ; ঢাকের আকৃতি বিশিষ্ট কাঠের পাত্র বিশেষ। তরল পদার্থের বৃহৎ আধার। পিপা। ব্যারেল। ড্রাম।

پیپل (পীপল্) হিঃ নাঃ পুং ; ঔষধে ব্যবহৃত ঝাল ফল বিশেষ বা তার বৃক্ষ। পিপুঁল।

پیپلا (পীপ্‌লা) হিঃ নাঃ পুং ; তরবারীর তীক্ষ্ণ ফলা।

پیپلامول (পীপ্‌লামোল্) হিঃ নাঃ স্ত্রীং ; পিঁপুলের শিকড়।

پیپلی (পীপলী) হিঃ নাঃ স্ত্রীং ; অশ্বথ গাছ। পিঁপুল বৃক্ষ।

پیت (পীত্) হিঃ নাঃ স্ত্রীং ; প্রেম-প্রীতি। প্রণয়। ভালবাসা। বন্ধুত্ব।

پیتابا (পায়তাবা) উঃ নাঃ পুং ; পাদুকা। মোজা। পাদুকায় ব্যবহৃত চর্ম।

پیتامبر (পীতাম্বর) হিঃ নাঃ পুং ; কুসুম বর্ণের রেশমী কাপড়। হলুদ বর্ণের পোষাক।

پیترا (পায়তারা) হিঃ নাঃ পুং ; মল্লযুদ্ধাদিতে আক্রমণের উদ্যোগস্বরূপ পদবিন্যাস। কাজের পূর্বে আস্ফালন। পাঁয়তারা। পদাঙ্ক।

پیترابدلنا (পায়তারা বদল্‌না) হিঃ ক্রিঃ ; পাঁয়তারা পরিবর্তন করা। আক্রমণের সময় অবস্থান ঠিক করা।

پیتس (পীতস্) হিঃ নাঃ স্ত্রীং ; শশুরের ভ্রাতৃ-জায়া।

پیتسرا (পীতসরা) হিঃ নাঃ পুং ; শশুরের ভ্রাতা। দাদা শ্বশুর।

پیتل (পীতল্) হিঃ নাঃ পুং ; তামা ও দস্তার সংমিশ্রণে প্রস্তুত উপধাতু বিশেষ।

پیتلی (পীতলী) হিঃ বিঃ ; পিতলের তৈরী। হরিদ্রাবর্ণ। পীতাভ।

پیتم (পীতম্) হিঃ নাঃ পুং ; প্রিয়। বন্ধু। সুহৃদ।

پیتمبر (পীতম্বর) সংঃ নাঃ পুং ; পীতাম্বর। হরিদ্রাবর্ণের বস্ত্র। পীতবাস।

پیٹ (পেট্) হিঃ নাঃ পুং ; উদর। জঠর। পাকস্থলি। পেট।

پیٹ بھرا (পেট্‌ভরা) হিঃ বিঃ ; পরিতুষ্ট। অতিশয় আনন্দিত। পরিতৃপ্ত। সম্পদশালী।

پیٹ بھرکے گن (পেট্ ভরকে গুন) হিঃ নাঃ পুং ; দম্ভোক্তি। আত্মম্ভরিতা সূচক উক্তি। বড়াই।

پیٹ پاپی ھے (পেট্‌পাপী হায়) হিঃ নাঃ পুং ; বুভুক্ষ অনেক অপরাধের হেতু।

پیٹ پاؤ (পেট্‌পাউ) হিঃ বিঃ ; পেট পূজারী। স্বার্থপর। লোভী।

پیٹ پاؤ (পেট পাউ) হিঃ নাঃ স্ত্রীং ; উদর পূর্তি। উদর সর্বস্ব।

پیٹ جھاڑنی (পেট্‌ঝাড়নী) প্রাঃ নাঃ স্ত্রীং ; বিরেচক ঔষধ। জোলাপ।

پیٹ چوٹٹی (পেট্‌চোট্টী) হিঃ নাঃ স্ত্রীং ও বিঃ ; যে গর্ভধারিণীর গর্ভ অপ্রকাশিত।

پیٹ کابچہ (পেট্‌কা বাচ্চাহ) হিঃ নাঃ পুং ; গর্ভজাত সন্তান। গর্ভস্থ শিশু।

پیٹ کابندہ (পেট্ কা বান্‌দাহ্) হিঃ নাঃ পুং ; স্বার্থপর। লোভী।

پیٹ کاپردہ (পেট্ কা পর্দাহ) হিঃ নাঃ পুং ; নাড়ীভুঁড়ি। অন্ত্রের ঝিল্লি।

پیٹ کادھندا (পেট্ কা ধান্দা) হিঃ নাঃ পুং ; অন্নচিন্তা। মজুরী। শ্রম।

پیٹ کاکتا (পেট্ কা কুত্তা) হিঃ বিঃ ; লোভাতুর। পিশাচ।

پیٹ والی (পেট্‌ওয়ালী) হিঃ বিঃ ঔদারিকা। উদরপরায়ণা। অন্তঃসত্ত্বা। গর্ভবতী।

پیٹا (পেটা) হিঃ নাঃ পুং ; বতুলাকার। বৃত্তাকার। চক্র। প্রায়। কাছাকাছি। অনুরূপ। সমুদ্রের গতিপথ। পুস্তকের পাঠ।

پیٹا (পীটা) হিঃ বিঃ ; অসঙ্গত। অবান্তর। অন্যায্য। অযৌক্তিক।

پیٹ پیٹ کر (পীট্‌পীট্ কর) হিঃ বিঃ ; অনেক কষ্টে। মারপিট করে।

پیٹک پیا (পীটক পীয়া) হিঃ নাঃ পুং ; শোক। ক্রন্দন। বিলাপ। কলহ।

پیٹل (পেটল্) হিঃ বিঃ ; পেটুক। উদর পরায়ণ।

پیٹنا (পীটনা) হিঃ মূঃ ; আঘাত করা। প্রহার করা। পেটা। উপার্জন করা।

پیٹنٹ (পেটেন্ট–Patent) ইং নাঃ পুং ; সরকারী সমন বলে দ্রব্যাদি বিক্রয়ের বা প্রস্তুত করার একচেটিয়া অধিকার।

پیٹو (পেটো) হিঃ বিঃ ; পেটুক। উদরসর্বস্ব।

پیٹو (পীটো) হিঃ বিঃ ; বিহ্বল।

پیٹھ (পীঠ) হিঃ নাঃ স্ত্রীং ; পৃষ্ঠ। পশ্চাৎদেশ। সহায়তা।

پیٹھپرکا (পীঠ্ পরকা) হিঃ নাঃ পুং ; পিঠাপিঠি। ঠিক পরপর জন্মগ্রহণ করেছে এমন।

پیٹھ ٹھوکنا (পীঠ্ ঠোক্‌না) হিঃ ; উৎসাহ প্রদান করা।

پیٹھ دینا (পীঠ্ দেনা) হিঃ ক্রিঃ ; দাগ দেওয়া। পরাজিত হওয়া।

پیٹھ (পীঠ্) হিঃ নাঃ পুং ; দখল। জ্ঞান। প্রবেশাধিকার। ব্যুৎপত্তি। সাপ্তাহিক বাজার। নকল। প্রতিরূপ।

پیٹھا (পয়ঠা) হিঃ নাঃ পুং ; লাউয়ের মত একপ্রকার ফল।

پیٹھانا (পয়ঠানা) হিঃ মূঃ ; প্রেরণ করা। বিদায় দেওয়া।

پیٹھنا (পয়ঠনা) হিঃ মূঃ ; প্রবেশ করা। ভেতরে ঢোকা। প্রোথিক করা।

پیٹھی (পীঠী) হিঃ নাঃ স্ত্রীং ; মাস বা

মুগের ডাল।

پیٹی (পেটী) হিঃ নাঃ স্ত্রীং ; বেলটি। কটিবেষ্টনী। কোমরবন্ধ। থলি। ঝুলি। দেরাজ।

پیجامہ (পায়জামাহ্) ফাঃ নাঃ পুং ; পায়জামা। ইযার। ঢিলা ট্রাউজার বিশেষ। সালোয়ার।

پیجانا (পীজানা) হিঃ ক্রিঃ ; পান করা। ক্রোধ সংবরণ করা।

پیچ (পেচ্) ফাঃ নাঃ স্ত্রীং ; পেঁচ। পাক। মোচড়। কঠিন সমস্যা। সংকট। পরস্পর জড়াজড়ি। কূটচাল। চক্রান্ত। প্রতারণা।

پیچ دار (পেচ্দার) ফাঃ বিঃ ; পাকযুক্ত। সঙ্কটপূর্ণ। জঞ্জাল পূর্ণ। সূক্ষ্ম।

پیچ در پیچ (পেচ্দরপেচ) ফাঃ বিঃ ; অতিশয় দুরূহ সঙ্কট।

پیچ وتاب (পেচ্ওতাব) ফাঃ নাঃ পুং ; মোচড়। ক্রোধ। ভয়। শঙ্কা। আকুলতা। অস্থিরতা।

پیچ وخم (পেচ্ ও খাম্) ফাঃ নাঃ পুং ; বাঁকা। চক্কর। আবর্ত। মোচড়। পাক।

پیچا (পেচা) হিঃ নাঃ পুং ; চক্কর। আবর্ত। জড়াজড়ি।

پیچ پچہ (পেচ্ পছ) হিঃ নাঃ স্ত্রীং ; ভাতের মাড়। শ্বেতসার।

پیچش (পেচিশ) ফাঃ নাঃ স্ত্রীং ; মোচড়ান। আমাশয় রোগ।

پیچک (পেচক) ফাঃ নাঃ স্ত্রীং ; (সূতার) গুলি। সুতার গুটি। বান্ডিল।

پیچاک (পেচাক) ফাঃ নাঃ স্ত্রীং ; ললাটের উপরের কেশগুচ্ছ। শিরস্ত্রাণের বুটি। ঝালর বা ঝাপ্পা। মোচড়। মূক।

پچاں (পেচাঁ) ফাঃ বিঃ ; পাকযুক্ত। জটিল।

پیچکش (পেচ্কশ্) ফাঃ নাঃ পুং ; সঙ্কট মোচনকারী।, পাক খোলার যন্ত্র।

پیچو (পীচো) হিঃ নাঃ পুং ; একপ্রকার আলু। গোলালু।

پیچوار (পেচ্ওয়াঁ) ফাঃ নাঃ পুং ; সর্পাকৃতির একপ্রকার হুঁক্কার নলিচা, বড় হুঁক্কা।

پیچھا (পীছা) হিঃ নাঃ পুং ; পশ্চাৎদেশ, পাছা, অনুসরণ। নিতম্ব।

پیچھے (পীছে) হিঃ বিঃ ; পেছনে। পশ্চাতে। পরে। অনুপস্থিতিতে। মৃত্যু পরবর্তীতে।

پیچیدگی (পেচীদগী) ফাঃ নাঃ স্ত্রীং ; জটিলতা। সঙ্কট। জড়াজড়ি। ঝঞ্ঝাট। প্যাঁচ। আকুঞ্চন।

پیچیدہ (পেচীদাহ্) ফাঃ বিঃ ; সঙ্কটপূর্ণ। প্যাঁচানো। বিদঘুটে। আবর্তিত।

پیخال (পয়খাল্) ফাঃ নাঃ স্ত্রীং ; পাখীর বাহ্য, নিম্নে।

پیخانہ (পয়খানাহ্) ফাঃ নাঃ পুং ; শৌচাগার। পায়খানা। মলত্যাগের স্থান।

پیدا (পয়দা) হিঃ বিঃ ; সৃষ্ট। উৎপাদিত। আবিষ্কৃত। উপার্জিত।

پیداوار (পয়দাওয়ার) হিঃ নাঃ পুং ; উৎপন্ন শস্য। ফসল। আয়। লাভ।

پیداوار خودرو (পয়দাওয়ারে খোদরু) হিঃ বিঃ ; নিজে নিজেই উৎপন্ন এমন শস্যবিশেষ। আগাছা।

پیداواری (পয়দাওয়ারী) ফাঃ নাঃ স্ত্রীং ; শস্য। আয়। ফসল।

پیدائش (পয়দায়িশ) ফাঃ নাঃ স্ত্রীং ; উদগম। উদয়। আবির্ভাব। জন্ম। ভূমিষ্ঠ।

پیدائشی (পয়দায়িশী) ফাঃ বিঃ ; স্বভাবগত। জন্মগত। মৌলিক।

پیدل (পয়দল) হিঃ বিঃ ; পদাতিক। পায়দল। পদব্রজে গমনকারী।

پیر (পীর) ফাঃ বিঃ ; বৃদ্ধ। প্রাচীন। প্রবীণ। ধর্মগুরু। হিঃ ; সোমবার।

پیربھائی (পীরভাঈ) হিঃ নাঃ পুং ; একই পীরের মুরিদ এমন। পীরভাই। সতীর্থ।

پیر بھچڑی (পীর ভচড়ী) হিঃ নাঃ পুং ; হিজড়ার গুরু।

پیرتسمہپا (পীর তসমহপা) ফাঃ বিঃ ; নাছোড়বান্দা। অনুসরণকারী।

پیرخرابات (পীর খরাবাত) ফাঃ নাঃ পুং ; অনিষ্টের হোতা। মদ্যশালার মালিক। কামিল পীর।

پیرزاده (পীর যাদাহ্) ফাঃ নাঃ পুং ; পীরের পুত্র।

پیرزال (পীরযাল্) ফাঃ নাঃ স্ত্রীং ; বৃদ্ধা মহিলা।

پیرزن (পীর যন্) ফাঃ নাঃ স্ত্রীং ; বৃদ্ধা মহিলা। বুড়ী।

پیر طریقت (পীরে তরীকত) ফাঃ নাঃ পুং ; আধ্যাত্মিক গুরু।

پیرفرتوت (পীরে ফরতোত) ফাঃ নাঃ পুং ; অতিশয় বৃদ্ধ।

پیرفلک (পীর ফলক) ফাঃ নাঃ পুং ; আকাশ। আসমান।

پیرکنعان (পীর কিন্আ'ন) ফাঃ নাঃ পুং ; হযরত ইয়া'কূব (আঃ)।

پیرمرد (পীর মরদ) ফাঃ নাঃ পুং ; বৃদ্ধ ব্যক্তি।

پیرمغاں (পীর মগাঁ) ফাঃ নাঃ পুং ; পারসিকদের পুরোহিত। পূজ্য। মদবিক্রেতা।

پیرنابالغ (পীরে নাবালিগ) ফাঃ নাঃ পুং ; শিশুসুলভ আচরণকারী বৃদ্ধ। নির্বোধ বৃদ্ধ।

پیر مٹیلی (পীর মটীলে) হিঃ নাঃ পুং ; মেয়েদের কাল্পনিক গুরু।

پیر (পয়র) হিঃ নাঃ পুং ; পা। চরণ। পদচিহ্ন। অপরিষ্কার পণ্যেরস্তূপ।

پیر بھاری ھونا (পয়র ভারী হোনা) হিঃ ক্রিঃ ; অন্তঃসত্ত্বা হওয়া।

پیرا (পয়রা) হিঃ নাঃ পুং ; আগমনের শুভলগ্ন। শুভ পদক্ষেপ।

پیرا (পয়রা) ফাঃ ; পুরি। সজ্জিতকারী। শোভাকর।

پیرا (পীরা) হিঃ বিঃ ; পীতবর্ণ। হরিদ্রাভ।

پیراسته (পয়রাসতাহ) ফাঃ বিঃ ; শোভিত। সজ্জিত। অলঙ্কৃত। ভূষিত।

پیراک (পয়রাক্) হিঃ নাঃ পুং ; সন্তরণকরী। সাঁতারু।

پیراکی (পয়রাকী) হিঃ নাঃ স্ত্রীং ; সাঁতার। সন্তরণ।

پیرامن (পয়রামন্) ফাঃ নাঃ পুং ; আশপাশ। নিকটবর্তী চারিদিক। কাপড়ের কুল।

پیران (পীরান্) ফাঃ নাঃ পুং ; বৃদ্ধ ব্যক্তি। বুড়ো।

پیران پیر (পীরানে পীর) ফাঃ নাঃ পুং ; হযরত খাজা মুহীউদ্দীন আব্দুল কাদের জিলানী।

پیرانه (পীরানাহ্) ফাঃ বিঃ ; বৃদ্ধসুলভ। বৃদ্ধ সংক্রান্ত।

پیرانه سالی (পীরানাহ সালী) ফাঃ নাঃ স্ত্রীং ; বার্ধক্য। বৃদ্ধ বয়স।

پیراھن (পয়রাহন্) ফাঃ নাঃ পুং ; জামা। পোষাক।

پیراھن کاغزی (পয়রাহনে কাগযী) ফাঃ নাঃ পুং ; ক্ষণস্থায়ী বস্তু। ফরিয়াদির পোষাক।

پیراھن یوسف (পয়রাহনে য়ূসুফ) ফাঃ নাঃ পুং ; হযরত ইউসুফের যে জামার বদৌলতে হযরত ইয়াকুব (আঃ) দৃষ্টিশক্তি ফিরে পেয়েছিলেন।

پیراھوا (পয়রাহুয়া) হিঃ বিঃ ; দক্ষ। নিপুণ। পারদর্শী। অভিজ্ঞ।

پیراؤ (পয়রাউ) হিঃ বিঃ ; অবগাহন করা যায় এ পরিমাণ পানি।

پیرائی (পয়রাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; সাঁতারের কৌশল। সাঁতার প্রশিক্ষণের বেতন।

پیرائی (পীরাঈ) হিঃ নাঃ পুং ; একপ্রকার বাদক দল।

پیرایه (পয়রায়াহ) ফাঃ নাঃ পুং ; অলঙ্করণ। অলঙ্কার। বেশ। পোষাক। ভাব-ভঙ্গী। রীতি।

پیرکوا (পয়রক্‌বা') হিঃ নাঃ পুং ; একপ্রকার ক্ষুদ্র জলজ কীট।

پیرناہ (পয়রানা) হিঃ মূঃ ; সাঁতার কাটা। পার পাওয়া। কোন বিষয়ে অভিজ্ঞতা অর্জন করা। এফোঁড় ওফোঁড় হওয়া। বপন করা।

پیرو (পয়রও) ফাঃ নাঃ পুং ; ভক্ত। শিষ্য। অনুসারী। আজ্ঞাবহ। পাইক।

پیروکار (পয়রওকার) ফাঃ বিঃ ; কোন ব্যাপারে সপক্ষাবলম্বনকারী। উকিল।

پیروکار سرکاری (পয়রওকারে সরকারী) ফাঃ নাঃ পুং ; সরকারী উকিল।

پیروز (পীরোয) ফাঃ নাঃ পুং ; শুভ। কল্যাণকর। সফল। সিদ্ধ।

پیروی (পয়রবী') ফাঃ নাঃ স্ত্রীং ; অনুসরণ। ভক্তি। আজ্ঞানুবর্তিতা। বশ্যতা। আনুগত্য।

پیرهن (পয়রহন) ফাঃ নাঃ পুং ; লেবাস। পোষাক।

پیری (পেরী) হিঃ নাঃ স্ত্রীং ; পদাভরণ। তৃণযুক্ত শস্য।

پیری (পীরী) ফাঃ নাঃ স্ত্রীং ; বার্ধক্য। গুরুর পদ বা মর্যাদা।

پیڑ (পেড়ু) হিঃ নাঃ স্ত্রীং ; পদচিহ্ন। চুরির অনুসন্ধান।

پیڑ (পেড়) হিঃ নাঃ পুং ; বৃক্ষ। গাছ।

پیڑ (পীড়) হিঃ নাঃ স্ত্রীং ; পীড়া। যন্ত্রণা। বেদনা। কষ্ট। প্রসব ব্যথা। রোগ। ব্যধি।

پیڑا (পয়ড়া) প্রাঃ বিঃ ; পীড়াদায়ক।

پیڑا (পয়ড়া) হিঃ নাঃ পুং ; আটা বা ময়দার গোলক, যা ডলাডলি করে রুটি তৈরী করা হয়। খামির।

پیڑا (পীড়া) হিঃ নাঃ পুং ; দুঃখ। ব্যাধি। বেদনা। ব্যথা।

پیڑکالا (পীড়ুকালা) হিঃ নাঃ পুং ; সোপান। সিঁড়ি।

پیڑو (পয়ড়ো) হিঃ নাঃ পুং ; শরীরের নিম্নাংগ।

پیڑھا (পীঢ়া) হিঃ নাঃ পুং ; পিঁড়ি। জলচকি।

پیڑھی (পীঢ়ী) হিঃ নাঃ স্ত্রীং ; পিঁড়ি। পিঁড়ে। বংশধারা। ঐতিহ্য।

پےڑھی (পয়ঢ়ী) হিঃ নাঃ স্ত্রীং ; সিঁড়ি। সোপান।

پیڑی (পীড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার পান। বৃক্ষের কান্ড।

پیز (পয়য্) হিঃ নাঃ স্ত্রীং ; বিরাগ। বিদ্বেষ। শত্রুতা।

پیزار (পয়যার) ফাঃ নাঃ স্ত্রীং ; পাদুকা। মোজা। চপ্পল। পাপোস।

پیسا (পয়সা) হিঃ নাঃ পুং ; $\frac{১}{১০০}$ টাকার পরিমাণ বাংলাদেশী মুদ্রা বিশেষ। (পূর্বে) $\frac{১}{৪}$ আনা বা $\frac{১}{৬৪}$ টাকা পরিমাণ তাম্র মুদ্রা। ধান। অর্থকড়ি।

پیسے دھڑی (পয়সে ধড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; একপয়সায় পাঁচ সের। পানিদাম। স্বল্প মূল্য।

پیسے کا پوت (পয়সে কা পোত্) হিঃ বিঃ ; টাকার কুত্তা। অর্থপূজারী। স্বার্থপর।

پیسے والا (পয়সে ওয়ালা) হিঃ বিঃ ; সম্পদশালী। ধনী।

پیس (পীস্) হিঃ ; তাস বাটা। পরিশ্রম। কষ্ট স্বীকার।

پیسنا (পীস্না) হিঃ মূঃ ; গুড়া করা। পেষণ করা। ঘষা। ঘর্ষণ করা। বিনাশ করা।

پیسندار (পয়সন্দার) প্রাঃ বিঃ ; ধনী। সম্পদশালী।

پیسنی (পীস্নী) হিঃ নাঃ স্ত্রীং ; কঠিন শ্রম। বিপদ।

پیش (পেশ্) ফাঃ বিঃ ; সম্মুখে। আগে। পূর্বে। আগামী।

پیش ازیں (পেশ্ আযীঁ) ফাঃ অব্যঃ ; ইতিপূর্বে। ইতোমধ্যে।

پیش امام (পেশ ইমাম) ফাঃ নাঃ পুং ; যিনি নামায পড়ান।

پیش بندی (পেশ্বন্দী) ফাঃ নাঃ স্ত্রীং ; দূরদর্শিতা।

پیش بیں (পেশবীঁ) ফাঃ নাঃ পুং

দূরদর্শী। পরিণাম দর্শী।

پیش بینی (পেশ্‌বীনী) ফাঃ নাঃ স্ত্রীং ; পরিণামদর্শীতা।

پیش پاافتاده (পেশ্‌পা উফতাদাহ) বিঃ ; অতিশয় তুচ্ছ। পরবর্তী ব্যাপার।

پیش تر (পেশ্‌তর) ফাঃ বিঃ ; অনেক পূর্বে।

پیش خدمت (পেশে খিদমত) ফাঃ নাঃ স্ত্রীং ; সেবক। পরিচারিকা।

پیش خیمه (পেশ খীমাহ্) ফাঃ নাঃ পুং ; অগ্রবর্তী সৈন্যদল। ঘটনার পটভূমি। গন্তব্যস্থলে যাত্রার পূর্বে প্রেরিত সৈন্যদলের রসদাদি। অগ্রদূত।

پیش دست (পেশ দসত) ফাঃ বিঃ ; পরে কাজে লাগে এমন। সহকারী। প্রতিনিধি।

پیش رفت (পেশ্‌রফত্) ফাঃ বিঃ ; শক্তি। সামর্থ্য। প্রভাবশালী।

پیشرو (পেশ্ রও) ফাঃ বিঃ ; অগ্রবর্তী।

پیش قبض (পেশক্বয) ফাঃ নাঃ পুং ; খঞ্জর। ছুরি। একপ্রকার কুস্তীর কৌশল।

پیش قدمی (পেশ্‌ক্বদমী) ফাঃ নাঃ স্ত্রীং ; অগ্রসরতা। আক্রমণ। সাহসিকতা।

پیش کار (পেশ্‌কার) ফাঃ নাঃ পুং ; সাহায্যকারী। যে লোক মোকদ্দমার কার্যপ্রণালী ঠিকঠাক করে।

پیش کرنا (পেশ করনা) হিঃ মূঃ ; উপস্থিত করা। উপস্থাপিত করা। নিবেদন করা।

پیش کش (পেশকশ) ফাঃ বিঃ ; ভেঁট। উপঢৌকন। শুল্ক।

پیش گاه (পেশগাহ্) ফাঃ নাঃ স্ত্রীং ; মুখোমুখী। সভা। বৈঠক।

پیش گوئی (পেশ গোঈ) ফাঃ নাঃ স্ত্রীং ; ভবিষ্যদ্বাণী।

پیشگی (পেশ্‌গী) ফাঃ নাঃ স্ত্রীং ; অগ্রীম পারিশ্রমিক।

پیش لفظ (পেশ্ লফ্‌জ) ফাঃ নাঃ পুং ; মুখবন্ধ। পুস্তকের ভূমিকা।

پیش نظر (পেশে নযর) ফাঃ নাঃ পুং ; চোখের সামনে। প্রেক্ষাপট।

پیش نماز (পেশে নামায) ফাঃ নাঃ পুং ; ইমাম।

پیش نهاد (পেশ্ নিহাদ) ফাঃ নাঃ পুং ; লক্ষ। উদ্দেশ্য। নমুনা। প্রথা।

پیش و پس (পেশ্ ও পস) ফাঃ বিঃ ; পূর্বাপর।

پیشاب (পেশাব) ফাঃ নাঃ পুং ; মুত্র। প্রস্রাব।

پیشاب بهی نه کرنا (পেশাব্‌ভী না করনা) হিঃ ক্রিঃ ; অতিশয় তুচ্ছজ্ঞান করা।

پیشانی (পেশানী) ফাঃ নাঃ স্ত্রীং ; ললাট। কপাল। নিয়তি। ভাগ্য। শিরোনামা। কাগজের শিরোভাগ।

پیشوا (পেশওয়া) ফাঃ নাঃ পুং ; পরিচালক। নেতা। প্রধান। পথ প্রদর্শক। পুরোহিত।

پیشواز (পেশ্‌ওয়ায) ফাঃ নাঃ পুং ; নেতা। পেট। স্ত্রীলোকের পোষাক বিশেষ। ঘাঘরা।

پیشوائی (পেশ্‌ওয়াঈ) ফাঃ নাঃ স্ত্রীং ; নেতৃত্ব। পথপ্রদর্শন। অভ্যর্থনা। সম্ভাষণ।

پیشه (পেশাহ্) ফাঃ নাঃ পুং ; পেশা। বৃত্তি। ব্যবসায়। জীবিকা। অভ্যাস।

پیشه ور (পেশাওয়ার) ফাঃ নাঃ পুং ; পেশাদার। ব্যবসায়ী। জীবিকাধারী।

پیشی (পেশী) ফাঃ নাঃ স্ত্রীং ; উপস্থিতি। সূচী অনুযায়ী মোকদ্দমার শুনানীর তারিখ।

پیشین (পেশীন) ফাঃ নাঃ পুং ; পুরাকালীন। প্রাচীন। ভবিষ্যৎ।

پیشینگوئی (পেশীনগোঈ) ফাঃ নাঃ স্ত্রীং ; ভবিষ্যৎবাণী।

پیغاره (পয়গারহ্) ফাঃ নাঃ পুং ; ভর্ৎসনা।

তিরস্কার।

پیغام (পয়গাম) ফাঃ নাঃ পুং ; সংবাদ। বার্তা। বিবাহের প্রস্তাব।

پیغاما- پیغامی (পয়গামা–পয়গামী) উঃ নাঃ স্ত্রীং ; উভয় পক্ষের প্রস্তাবনা। আলোচনা।

پیغمبر (পয়গম্বর) ফাঃ নাঃ পুং ; আল্লাহর আদেশ বাহক। ধর্মের বাণীবাহক। দূত। প্রতিনিধি। রাসূল।

پیغمبری (পয়গম্বরী) ফাঃ নাঃ স্ত্রীং ; নবুওয়্যাত। আল্লাহর বাণী মানুষের নিকট পৌছে দেওয়ার দায়িত্ব।

پیک (পয়ক) হিঃ নাঃ পুং ; ডাক পিয়ন। বার্তাবাহক। সংবাদ বাহক। পাইক। লাঠিয়াল।

پیک (পীক) হিঃ নাঃ স্ত্রীং ; পানের পিক। ফসল।

پیک دان (পীকদান) হিঃ ফাঃ নাঃ পুং ; পিকদানি। যে পাত্রে পানের পিক নিক্ষেপ করা হয়।

پیکا (পয়কা) প্রাঃ নাঃ পুং ; পয়সা।

پیکار (পয়কার) ফাঃ নাঃ পুং ; বর্শা ইত্যাদির ফলা।

پیکاں (পয়কাঁ) ফাঃ নাঃ পুং ; বর্শা ইত্যাদির ফলা।

پیکر (পয়কর) ফাঃ নাঃ স্ত্রীং ; মুখমণ্ডল। চেহারা। ছবি। চিত্র। پری پیکر (পরী–) পরীদের মত সুন্দর মুখ।

پیکڑا - پیکڑی (পেক্ড়া-পেক্ড়ী) হিঃ নাঃ পুং-স্ত্রীং ; পদবেড়ী। মেয়েদের পায়ের নুপুর।

پیگشتی (পয়গশ্‌তী) প্রাঃ নাঃ পুং ; রাতের পাহারাদার।

پیل (পীল) হিঃ নাঃ পুং ; ধাক্কা। ঠেলা।

پیل (পীল) ফাঃ নাঃ পুং ; হাতী। হস্তী। দাবার ঘুঁটি।

پیلبان (পীলবান) ফাঃ নাঃ পুং ; মাহুত। হস্তী চালক।

پلیبانی (পীলবানী) ফাঃ নাঃ পুং ; মাহুতের কর্ম বা পেশা।

پیلپا (পীল্‌পা) ফাঃ নাঃ পুং ; হস্তীপদ। পা ফোলা রোগ বিশেষ।

پیلپایہ (পীলপায়াহ্) ফাঃ নাঃ পুং ; স্তম্ভ। খাম্বা। থাম।

پیل پیکر (পীলপয়কর) ফাঃ বিঃ ; বিকট আকৃতির। দৈত্যকায়।

پیلا (পীলা) হিঃ নাঃ পুং ; পীতবর্ণ। হরিদ্রাবর্ণ।

پیلرا (পীল্‌রা) হিঃ নাঃ পুং ; শুষ্ক। অন্ডকোষ।

پیلنا (পীলনা) হিঃ মূঃ ; ধাক্কা দেওয়া। ঠেলামারা। তৈলাহরণ করা।

پیلو (পীলূ) হিঃ নাঃ পুং ; একপ্রকার রাগিনীর নাম। একপ্রকার বৃক্ষ যার ডাল দ্বারা দাঁতন তৈরী হয়।

پیلور (পয়লওর) প্রাঃ বিঃ ; পরে। আগামীতে।

پیلہ (পীলাহ্) ফাঃ নাঃ স্ত্রীং ; রেশম কীট। দাবার ঘুঁটি।

پیلی (পীলী) হিঃ নাঃ স্ত্রীং ; হলুদ।

پیم (পেম) হিঃ নাঃ পুং ; প্রেম। ভালবাসা। প্রণয়।

پیما (পয়মা) ফাঃ ; পরিমাপক।

پیمان (পয়মান) ফাঃ নাঃ পুং ; শপথ। শর্ত। স্বীকার। অঙ্গীকার। প্রতিজ্ঞা।

پیمان شکن (পয়মান শিকন) ফাঃ বিঃ ; অঙ্গীকার ভঙ্গকারী। যে লোক কথা দিয়ে রাখে না।

پیمانہ (পয়মানাহ্) ফাঃ নাঃ পুং ; তুলাদন্ড। নিক্তি। দাড়িপাল্লা।

پیمانہ کش (পয়মানাহ্‌কশ) ফাঃ বিঃ ; মদ্যপ।

پیمائش (পয়মায়িশ) ফাঃ নাঃ স্ত্রীং ; পরিমাপ।

پیمبر (পয়মবর) ফাঃ নাঃ পুং ; পয়গম্বর। নবী। দূত।

پیمک (পয়মক) হিঃ নাঃ স্ত্রীং ; সোনালী পাড়।

پیں (পেঁ) হিঃ নাঃ স্ত্রীং ; ক্ষীণকায় শব্দ।

پینا (পয়না) হিঃ বিঃ ; তীক্ষ্ণ। ধারাল।

پینا (পীনা) হিঃ মূঃ ; পান করা। চোষণ করা।

پیتالیس (পঁয়তালীস) হিঃ বিঃ ; পঁয়তাল্লিশ। ৪৫।

پیتیس (পঁয়তীস) হিঃ বিঃ ; পঁয়ত্রিশ। ৩৫।

پینٹھ (পয়নঠ) হিঃ নাঃ স্ত্রীং ; অষ্টম দিনের বাজার। দৈনিক বাজার।

پینجن (পয়নজন) হিঃ নাঃ পুং ; একপ্রকার পায়ের অলঙ্কার বিশেষ। নুপুর। ঝুমুর। ঝুনঝুন।

پینجنی (পয়ন্‌জনী) হিঃ নাঃ স্ত্রীং ; ঝাঁজার। যে দন্ডের সাথে গাড়ীর চাকা সংযুক্ত হয়ে সংরক্ষিত থাকে।

پینجنا (পীন্‌জনা) হিঃ কৃঃ ; তূলা। ধুনা। পেঁজা।

پیندا (পেঁদা) হিঃ নাঃ পুং ; তলা। কোন বস্তুর নিম্নাংশ।

پیندی (পেঁদী) হিঃ নাঃ স্ত্রীং ; গাজরের মূল। তলদেশ।

پینڈا (পেঁড়া) হিঃ নাঃ পুং ; পথ। গলি। পা। দূরত্ব।

پینڈی (পেঁড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; শর্করা। ঘি ও ফলের রস দ্বারা প্রস্তুত লাড্ডু।

پینس (পীনস) হিঃ নাঃ পুং ; পাল্কী। ফিনাস। ডুলী। একপ্রকার নৌকা।

پیسٹھ (পয়সঠ) হিঃ বিঃ ; পঁয়ষট্টি। ৬৫।

پینک (পীনক্‌) হিঃ নাঃ স্ত্রীং ; আফিমের নেশা।

پینگ (পীঙ্গ) হিঃ নাঃ স্ত্রীং ; দোলনার রশি। একপ্রকার মূল।

پیوڑی (পিয়ওড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; হরিদ্রাবর্ণের একপ্রকার মাটি।

پیوست (পায়ব'সত) ফাঃ বিঃ ; সংযুক্ত। মিলিত। জড়িত। সন্ধি। জোড়া।

پیوستگان (পায়ব'সতিগান) ফাঃ নাঃ পুং ; আত্মীয়। স্বজন। প্রিয়জন।

پیوستہ (পায়ব'সতাহ্‌) ফাঃ বিঃ ; মিলিত। জড়িত। যোজিত।

پیوسی (পিয়ূসী) হিঃ নাঃ স্ত্রীং ; মহিষী বা গাভীর গাঢ় দুধ।

پیوستگی (পয়বসতাগী) ফাঃ নাঃ স্ত্রীং ; সংযোগ। সন্ধি। জোড়।

پیوند (পায়ব'নদ) ফাঃ নাঃ পুং ; জোড়া। তালি। সংযোগ। স্বজন। প্রিয়জন।

پیوندار (পয়ব'নদার) ফাঃ নাঃ পুং ; তালিদার। সেলাইকৃত।

پیوند زمین (পয়ব'নদে যমীন) ফাঃ বিঃ ; মৃত্যু পরবর্তী সময়ে মাটিতে সমাহিতি।

پیوندی (পয়ব'নদী) ফাঃ নাঃ পুং ; তালিযুক্ত। দ্বিবর্ণের। কলম করা বৃক্ষের ফল।

پیہ (পীহ্‌) ফাঃ নাঃ স্ত্রীং ; চর্বি। মেদ।

پیہر (পীহর) হিঃ নাঃ পুং ; মাতা-পিতার বাড়ী।

پیہم (পয়হম) ফাঃ ক্রিঃ বিঃ ; অবিরত। একাধারে।

پیہو (পীহো) হিঃ নাঃ পুং ; পিপি শব্দ।

پیئی (পয়ঈ) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট সিন্দুক বা বাক্স।

پیئی (পেঈ) হিঃ নাঃ স্ত্রীং ; সিকি $\frac{১}{৪}$ অংশ। পোয়া।

ت

ت (তা) আঃ স্ত্রীং ; উর্দু-ফার্সীর চতুর্থ, আরবীর তৃতীয় এবং হিন্দীর ষষ্ঠদশ অক্ষর। আবজাদ হিসেবে এর মান-৪০০।

ت - ا

تا (তা) ফাঃ ; পাক। মোচড়। পর্যন্ত। যদি। এজন্য হয়।

تانکه (তাআঁকেহ্) ফাঃ ; ঐ পর্যন্ত। দূরবর্তীর জন্য ব্যবহৃত।

تا اینکه (তা ঈকেহ্) ফাঃ ; এ পর্যন্ত। নিকটবর্তীর জন্য ব্যবহৃত।

تااوج فلک (তা উজে ফালাক) ফাঃ আঃ ; আকাশ অবধি। মনোরত।

تابه زیست (তা-বাযীস্‌ত) ফাঃ জনমভর। জীবনভর। জীবদ্দশায়। আজীবন।

تابه کے (তা-বক) ফাঃ ; এতক্ষণ পর্যন্ত।

تاحال (তা-হাল্) ফাঃ ; আজ অবধি। অদ্যাবধি।

تاوقتیکه (তা-ওয়াক্তেকেহ) ফাঃ ; আজ পর্যন্ত। এখন পর্যন্ত।

تاهم (তা-হাম) ফাঃ ; এতদসত্ত্বেও। এত কিছুর পরও।

تاب (তাব) ফাঃ নাঃ স্ত্রীং ; জ্যোতি। দীপ্তি। আলো। তাপ। উষ্ণতা। ধৈর্য। সহিষ্ণুতা। বল। পাক। দুঃখ। আকুঞ্চন।

تاب خانه (তাব্ খানাহ) ফাঃ নাঃ পুং ; উষ্ণ কথা।

تاب داده (তাব্ দাদাহ) ফাঃ বিঃ ; কুঞ্চিত। মোচড়ান।

تاب دار (তাব্ দার) ফাঃ বিঃ ; উজ্জ্বল। আলোকিত। দীপ্তিমান। ঝলমলে। উদ্ভাসিত। শোভামান।

تابدان (তাব্দান) ফাঃ নাঃ পুং ; গবাক্ষ। জানালা।

تاب دینا (তাব্দেনা) উঃ মূঃ ; পাকা। আলোকিত করা। শান দেওয়া। তীক্ষ্ণ করা।

تاب رهنا (তাব্রহনা) উঃ মূঃ ; সৈহ্য করা। ধৈর্য ধারণ করা।

تاب کار (তাব্কার) ফাঃ নাঃ পুং ; উষ্ণতাপ। তেজালো। তেজস্ক্রিয়।

تاب کاری (তাব্কারী) ফাঃ নাঃ স্ত্রীং ; তেজস্ক্রিয়তা।

تاب کلی (তাব্গিলী) ফাঃ নাঃ পুং ; তামাকের কলিকায় ছিদ্ররক্ষার্থে ক্ষুদ্র ঢিল।

تاب ناک (তাব্নাক) ফাঃ বিঃ ; দীপ্তিমান। জঞ্জালপূর্ণ।

تابان (তাবাঁ) ফাঃ বিঃ ; উজ্জ্বল। শোভামান। কুঞ্চিত।

تابانی (তাবানী) ফাঃ নাঃ স্ত্রীং ; ঔজ্জ্বল্য। দীপ্তি।

تابڑتوڑ (তাবড়ুতোড়) হিঃ বিঃ ; অবিরত। অনবরত।

تابستان (তাবিস্‌তান) ফাঃ নাঃ পুং ; উষ্ণতা। গরম কাল।

تابستانی (তাবিস্‌তানী) ফাঃ বিঃ ; গ্রীষ্মকাল সম্বন্ধীয়। গ্রীষ্মকালীন।

تابش (তাবশ্) ফাঃ নাঃ স্ত্রীং ; তাপ। উষ্ণতা। আলো। প্রভা।

تابش آفتاب (তাবিশে আফতাব) ফাঃ নাঃ স্ত্রীং ; সূর্যের তাপ।

تابع (তাবে') আঃ বিঃ ; বাধ্য। অনুগত। অধীনস্থ। আজ্ঞাবহ। চাকর।

تابع داری (তাবে'দারী) ফাঃ নাঃ স্ত্রীং ; বাধ্যতা। আজ্ঞানুবর্তিতা। আনুগত্য।

تابع فرمان (তাবে'ফরমান) ফাঃ আঃ বিঃ ; হুকুমের গোলাম। আজ্ঞানুবর্তী।

تابع مرضی مالک (তাবয়ে' মরযী মালিক) ফাঃ বিঃ ; বর্গাচাষী।

تابعی (তাবিঈ) আঃ বিঃ ; অনুচর। অনুসারী। হযরত মুহাম্মদ (সাঃ)-এর সাহাবীদের সাক্ষাৎ লাভ করেছেন এমন লোক।
تابنده (তাবিন্দাহ) ফাঃ বিঃ ; উজ্জ্বল। জ্যোতির্ময়। তেজস্কর।
تابندگی (তাবিনদগী) ফাঃ নাঃ স্ত্রীং ; প্রভা। ঔজ্জ্বল্য।
تابوت (তাবুত) আঃ নাঃ পুং ; শবাধার। শববাহী খাট। تابوت گر (তাবূতগর) শবাধার নির্মাণকারী।
تابه (তাবাহ্) ফাঃ নাঃ পুং ; পাকানো। কুঞ্চিত। প্রভাযুক্ত। লোহার কড়া যার মধ্যে রুটি সেঁকা হয়।
تابیده (তাবীদাহ্) ফাঃ বিঃ ; মোচড়ানো। উজ্জ্বল।
تاپ (তাপ্) হিঃ নাঃ স্ত্রীং ; তাপ। উষ্ণতা। গরমী। জ্বালা। জ্বর। রাগ। গোস্বা। দাহন।
تاپ تلی (তাপ্তিল্লি) হিঃ নাঃ স্ত্রীং ; প্লীহাবৃদ্ধি রোগ।
تاپ ٹھنڈ (তাপ্ঠান্ড) হিঃ নাঃ স্ত্রীং ; কম্পন। স্পন্দন। একপ্রকার জ্বর।
تاپنا (তাপ্না) হিঃ মূঃ ; তাপা। সেঁকা। রোদ পোহান। তাতান। গরম হওয়া। লূ-হাওয়া।
تاپیا (তাপিয়া) হিঃ নাঃ পুং ; একপ্রকার খনিজ দ্রব্য।
تاتا (তাতা) হিঃ বিঃ ; তাপিত। উত্তপ্ত।
تاتاتھی (তাতাতহী) হিঃ নাঃ স্ত্রীং ; নৃত্যের তাল বিশেষ।
تاثر (তাআছছুর) আঃ নাঃ পুং ; প্রভাব গ্রহণ।
تاثیر (তাছীর) আঃ নাঃ স্ত্রীং ; ফলাফল। গুণ। বৈশিষ্ট্য। কার্যকারিতা। ছাপ। প্রভাব। নিদর্শন।
تاج (তাজ) আঃ নাঃ পুং ; তাজ। উষ্ণীষ। পাগড়ী। মুকুট। কিরীট। ঝুটি।
تاج بخش (তাজ্বখশ্) ফাঃ নাঃ পুং ; রাজাধিরাজ। মহাসম্রাট।
تاج پوشی (তাজ্পোশী) ফাঃ নাঃ স্ত্রীং ; মুকুট ধারণ।
تاج خروس (তাজখরোস) ফাঃ নাঃ পুং ; মোরগের ঝুঁটি। একপ্রকার রক্তিম পুষ্প। রক্তজবা।
تاجدار (তাজ্দার) ফাঃ বিঃ ; বাদশা। রাজা। মুকুটধারী।
تاجداری (তাজ্দারী) ফাঃ নাঃ স্ত্রীং ; রাজত্ব। রাজ্য পরিচালনা। শাসনকার্য।
تاج شمع (তাজে শম') ফাঃ নাঃ পুং ; মোমবাতির শিখা।
تاج فیروزه (তাজে ফীরোযাহ) ফাঃ নাঃ পুং ; হীরার মুকুট।
تاجور (তাজওর) ফাঃ বিঃ ; রাজা। বাদশা।
تاجوری (তাজওরী) ফাঃ নাঃ স্ত্রীং ; রাজত্ব। বাদশাহী।
تاج هدهد (তাজে হুদহুদ্) আঃ ফাঃ নাঃ পুং ; হুদ্হুদের মুকুট।
تاجر (তাজির) আঃ নাঃ পুং ; বণিক। ব্যবসায়ী। সওদাগর।
تاجری (তাজরী) ফাঃ নাঃ স্ত্রীং ; ব্যবসায়ীক। বাণিজ্যিক।
تاجیل (তাজীল্) আঃ বিঃ ; সুযোগ দান। সময় নির্ধারণ।
تاخت (তাখ্ত) ফাঃ নাঃ স্ত্রীং ; ধ্বংস। লোপ। লোপাট। অবসান। আক্রমণ। পশ্চাদ্ধাবন। লুট
تاخر (তাআখ্খুর) আঃ নাঃ পুং ; পশ্চাৎপদতা। বিলম্বকরণ।
تاخیر (তাখীর) আঃ নাঃ স্ত্রীং ; বিলম্ব। গৌণ। দেরী। দীর্ঘসূত্রতা। শিথিলতা।
تادیب (তাদীব) আঃ নাঃ স্ত্রীং ; উপদেশ। শৃঙ্খলা বিধান। সংশোধন। শুদ্ধি।
تادیبی (তাদীবী) আঃ ফাঃ বিঃ ; সংশোধণ মূলক। সংসোধনী।
تادیبی کارروائی (তাদীবী কাররওয়ায়ী) আঃ ফাঃ নাঃ বিঃ ; শুদ্ধি অভিযান।

تار (তার) ফাঃ নাঃ পুং ; সূত্র। তার। টানা। শিকল। বাদ্যযন্ত্রের তার। টেলিগ্রাফের তার। টেলিগ্রাম। তারবার্তা।

تار بابو (তার বাবু) হিঃ নাঃ পুং ; বার্তাপ্রেরক ও সংগ্রাহক।

تارباراں (তারে বা-রাঁ) ফাঃ নাঃ পুং ; বৃষ্টির ধারা।

تارتار (তার্‌তার) ফাঃ বিঃ ; টুকরা-টুকরা। চূর্ণ বিচূর্ণ। পুরানো ছেঁড়া বস্ত্র।

تارتڑنگا (তারতড়ঙ্গা) হিঃ বিঃ ; অতিশয় পাতলা।

تارتلا (তারতিল্লা) হিঃ নাঃ পুং ; পুরানো জরি।

تارتوڑ (তারতোড়) হিঃ বিঃ ; একপ্রকার ছৌচ কর্ম।

تارشعاع (তারশুআ') ফাঃ নাঃ পুং ; আলোর পুচ্ছ।

تارشمار (তারশুমার) ফাঃ নাঃ পুং ; একপ্রকার বস্ত্র বিশেষ, যদ্দারা কনের দোপাট্টা তৈরী করা হয়।

تارعنکبوت (তার আনকাবুত) ফাঃ নাঃ পুং ; মাকড়শার জাল।

تارکش (তারকশ্‌) ফাঃ বিঃ ; স্বর্ণ বা চাঁদির সূত্র নির্মাতা। স্বর্ণের জরিযুক্ত বস্ত্র বিশেষ।

تارکشی (তারকশী) ফাঃ নাঃ স্ত্রীং ; জরির বৃত্তি বা পেশা।

تارمسطر (তারে মস্‌তর) ফাঃ নাঃ পুং ; দাগ কাটার সূত্র বিশেষ।

تارنفس (তারে নফ্‌স) ফাঃ নাঃ পুং ; শ্বাস-প্রশ্বাসের ধারা।

تارنگاه (তারে নিগাহ্‌) ফাঃ নাঃ পুং ; দৃষ্টি।

تاروپود (তারওপূদ্‌) ফাঃ নাঃ পুং ; টানাপোড়েন।

تارا (তারা) হিঃ নাঃ পুং ; তারকা। নক্ষত্র। তারা। চক্ষুর তারা।

تارامنڈل (তারামন্ডল) হিঃ নাঃ পুং ; নক্ষত্র পুঞ্জ। একপ্রকার আতশবাজি।

تارونکی انجمن (তারোঁকী আঞ্জুমন) হিঃ নাঃ স্ত্রীং ; তারার মাহ্‌ফিল।

تارونکی چھاؤں (তারোঁকী ছাউঁ) হিঃ নাঃ স্ত্রীং ; তারার কিরণ।

تارونکی محفل (তারোঁকী মাহ্‌ফিল) হিঃ নাঃ স্ত্রীং ; তারার আসর।

تارونکی گره (তারোঁকী গিরহ) হিঃ নাঃ স্ত্রীং ; তিথির যোগ।

تاراج (তারাজ) ফাঃ নাঃ পুং ; লুট। লুণ্ঠন। অপহরণ। ডাকাতি। ধ্বংস। নাশ।

تاراج گر (তারাজগর) ফাঃ নাঃ পুং ; লুটেরা। দস্যু। ডাকাত। চাঁদাবাজ।

تار برقی (তারে বরকী) হিঃ নাঃ স্ত্রীং ; বৈদ্যুতিক তার। ইলেকট্রিক বা টেলিগ্রাফের তার।

تار پین (তারপীন) হিঃ নাঃ পুং ; তারপিন তৈল।

تارامیرا (তারামীরা) হিঃ নাঃ পুং ; সরিষা জাতীয় একপ্রকার বীচি যার থেকে তৈল আহরণ করা হয়।

تارخ (তারখ্‌) প্রাঃ নাঃ পুং ; তালু।

تارك (তারিক) আঃ বিঃ ; বর্জনকারী। ত্যাগকারী।

تارك الدنیا (তারিকুদ্দুনিয়া) ফাঃ বিঃ; সংসার ত্যাগী। সন্ন্যাসী। বৈরাগী। পাদ্রী।

تارک (তারুক) ফাঃ নাঃ পুং ; সিঁথি। একপ্রকার টুপি। পর্বতের পাদদেশ।

تارکش (তারকশ) ফাঃ নাঃ পুং ; স্বর্ণ বা রৌপ্য নির্মিত তার আকর্ষন।

تار گھر (তারঘর) হিঃ ; টেলিগ্রাম অফিস।

تاریخ (তারীখ) আঃ নাঃ স্ত্রীং ; দিন। তারিখ। যুগ। ইতিহাস।

تاریخ ارجاع (তারীখে ইরজা') আঃ নাঃ স্ত্রীং ; মামলা দায়ের করার তারিখ।

تاریخ اسکندری (তারীখে ইস্কান্দরী) ফাঃ নাঃ স্ত্রীং ; খ্রীস্টপূর্ব ২৮২ সাল থেকে গণনাকৃত সন-তারিখ বিশেষ।

تاریخ داں (তারীখ্ দাঁ) ফাঃ বিঃ ; ঐতিহাসিক। ইতিহাস বেত্তা।

تاریخ مقررہ (তারীখে মুকররাহ) আঃ বিঃ ; নির্দিষ্ট তারিখ।

تاریخ وار (তারীখ্ ওয়ার) ফাঃ ; নির্দিষ্ট সময় অনুসারে।

تاریخی (তারীখী) আঃ ফাঃ বিঃ ; ঐতিহাসিক। ইতিহাস সংক্রান্ত।

تاریخی واقعات (তারীখী ওয়াক্বিয়াত) আঃ নাঃ পুং ; ঐতিহাসিক ঘটনাবলী।

تاریک (তারীক) ফাঃ বিঃ ; অজ্ঞাত। অন্ধকারময়।

تاریک چشم (তারীকে চশম) ফাঃ বিঃ ; অপাঙ্গ দৃষ্টি। রাতকানা রোগ।

تاریک دل (তারীকে দিল) ফাঃ বিঃ ; কুটিলমন। হিংসুক।

تاریکی (তারীকী) ফাঃ নাঃ স্ত্রীং ; অন্ধকার।

تاریکی شب (তারীকীয়ে শব্) ফাঃ বিঃ ; রাতের অন্ধকার।

تاڑ (তাড়) হিঃ নাঃ পুং ; তালগাছ। বোধ। বুদ্ধি।

تاڑباز (তাড়বায্) হিঃ ফাঃ বিঃ ; তীক্ষ্ণধী সম্পন্ন। চঞ্চলা।

تاڑبازی (তাড়বাযী) হিঃ নাঃ স্ত্রীং ; বোধ। বুদ্ধিমত্তা। ইন্দ্রজাল।

تاڑساقد (তাড়সা ক্বদ) হিঃ বিঃ ; অত্যন্ত দীর্ঘকায়।

تاڑا (তাড়া) প্রাঃ নাঃ পুং ; বল। শক্তি। বাবুগিরি।

تاڑنا (তাড়না) হিঃ মূঃ ; কোন চিহ্ন ছাড়াই জেনে নেওয়া। ভাব-লক্ষণের দ্বারা জানা। শাঁসানো। প্রহার করা। দন্ডিত করা।

تاڑنی (তাড়নী) হিঃ নাঃ স্ত্রীং ; তাড়নী। কলা। চাবুক।

تاڑو (তাড়ো) হিঃ বিঃ ; তাড়ক। তাড়নাকারী।

تاڑی (তাড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; তালের রস। তাল বা খেজুরের রস। গাঁজা দিয়ে প্রস্তুত মদ্য বিশেষ। তাড়ি।

تاز (তায্) ফাঃ নাঃ পুং ; ছুটাছুটি। দৌড়। আক্রমণ। হামলা। গ্রাস।

تازگی (তাযগী) ফাঃ নাঃ স্ত্রীং ; সজীবতা। হৃষ্টপুষ্টতা। তারল্য। নবীনতা। নতুনত্ব।

تازہ (তাযাহ্) ফাঃ বিঃ ; সজীব। সবুজ। হৃষ্টপুষ্ট। অক্লান্ত। নবীন।

تازہ بات (তাযাহ্ বাত) হিঃ নাঃ স্ত্রীং ; অভিনব কথা।

تازہ بدن (তাযাহ্ বদন) ফাঃ নাঃ পুং ; মোটা শরীর। নাদুস নুদুস।

تازہ بہ تازہ (তাযাহ্ বহ্তাযাহ) ফাঃ বিঃ ; নতুন। নবীন।

تازہ بہار (তাযাহ বহার) ফাঃ নাঃ স্ত্রীং ; নতুনত্ব। নবীনতা। যৌবন।

تازہ توانا (তাযাহ্ ত্বওয়ানা) ফাঃ বিঃ ; মোটা। তাগড়া। সুঠাম।

تازہ خیال (তাযাহ্ খিয়াল) ফাঃ বিঃ ; সৃজনশীল। উদ্ভাবক।

تازہ دم (তাযাহ্দম) ফাঃ বিঃ ; অক্লান্ত। উদ্যমী। সতেজ।

تازہ دماغ (তাযাহ্ দিমাগ) ফাঃ বিঃ ; বুদ্ধিমান।

تازہ دماغی (তাযাহ্ দিমাগী) ফাঃ নাঃ স্ত্রীং ; বুদ্ধিমত্তা।

تازہ رو (তাযাহ্ রও) ফাঃ বিঃ ; হাসি-খুশী।

تازہ شگوفہ (তাযাহ্ শিগোফাহ্) ফাঃ নাঃ পুং ; অদ্ভুত বিষয়। নতুন কলি।

تازہ فقرہ (তাযাহ্ ফিক্বরাহ্) ফাঃ নাঃ পুং ; নতুন ফন্দি। ধোঁকা। প্রবঞ্চনা।

تازہ کار (তাযাহ্ কার) ফাঃ বিঃ ; আশ্চর্য।

تازہ مشق (তাযাহ্ মুশ্ক) ফাঃ বিঃ ; শিক্ষানবিস।

تازہ وتر (তাযাহ্ ও তর) ফাঃ বিঃ ; সজীব হৃষ্টপুষ্ট।

تازہ ولایت (তাযাহ্ বি'লায়ত) ফাঃ বিঃ ; বিদেশী। অন্যের ভাষা বোঝে না

এমন। নির্বোধ। সরল।

تازی (তাযী) ফাঃ বিঃ ; আরবী। আরবী অশ্ব বা কুকুর। আরবী ভাষা।

تازی خانه (তাযী খানা) ফাঃ নাঃ পুং ; কুত্তার ঘর।

تازی کتا (তাযী কুত্তা) ফাঃ নাঃ পুং ; পাতলা কোমর বিশিষ্ট একপ্রকার শিকারী কুত্তা। হেজাযী কুত্তা।

تازی نزاد (তাযীনঝাদ) ফাঃ বিঃ ; আরবীয়।

تازیانه (তাযীয়ানাহ্) ফাঃ নাঃ পুং ; কষা। তাড়নী। চাবুক।

تاس (তাস্) ফাঃ নাঃ পুং ; বড়পাত্র।

تأسف (তাআস্‌সুফ) আঃ নাঃ পুং ; পরিতাপ। সন্তাপ। দুঃখ। বিষন্নতা।

تاسنا (তাস্‌না) প্রাঃ মূঃ ; শরাব পান করা।

تاسه (তাসাহ) ফাঃ নাঃ পুং ; একপ্রকার বাদ্যযন্ত্র।

تاک (তাক) হিঃ নাঃ স্ত্রীং ; দৃষ্টি। দৃষ্টিপাত। অজ্ঞাতসারে দেখন। অপেক্ষা। লক্ষ্য। تاک میں رهنا (— মেঁরহ্‌না) অপেক্ষায় থাকা।

تاسیس (তাসীস) আঃ নাঃ স্ত্রীং ; মূল। ভিত্তি। বুনিয়াদ।

تاش (তাশ্) হিঃ নাঃ পুং ; রেশমের জরিযুক্ত একপ্রকার কাপড়। তাস।

تاشا (তাশা) হিঃ নাঃ পুং ; একপ্রকার বাদ্যযন্ত্র।

تافتان (তাফ্‌তান্) ফাঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার নরম রুটি। অগ্নি বা সূর্য তাপে উত্তপ্ত হয় এমন।

تافته (তাফ্‌তাহ) ফাঃ নাঃ পুং ; একপ্রকার মিহি রেশমবস্ত্র। আলোকিত। উত্তপ্ত। মোচড়ানো।

تاقی (তাক্বী) ফাঃ বিঃ ; একই বর্ণের চক্ষুযুগল বিশিষ্ট অশ্ব।

تاک (তাক্) ফাঃ নাঃ পুং-স্ত্রীং ; আঙ্গুরের গুল্ম।

تاک باک (তাকবাক) হিঃ নাঃ স্ত্রীং ; সঠিক সময়।

تاک جهانک (তাকঝাঁক) হিঃ নাঃ স্ত্রীং ; মনোনিবেশ। একাগ্রতা। দৃষ্টি বিনিময়। অভিনিবেশ। প্রণিধান।

تاکاتاک (তাকাতাক্) হিঃ নাঃ স্ত্রীং ; ঠাহর। দৃষ্টির আদান-প্রদান।

تاکنا (তাক্‌না) হিঃ মূঃ ; প্রণিধান করা। মনোযোগ সহকারে দেখা। অভিজ্ঞান করা। অন্বেষণ করা। চুপিসারে দেখা।

تاکو (তাকো) হিঃ বিঃ ; সুযোগ সন্ধানী। তাক করে আছে এমন। বিশেষভাবে মনোযোগী।

تاکید (তাকীদ) আঃ নাঃ স্ত্রীং ; তাগিদ। বারংবার অনুরোধ বা দাবি। উৎসাহ। গুরুত্ব। চাপ।

تاکید اکید (তাকীদ্ আকীদ্) আঃ নাঃ স্ত্রীং ; কঠিন আজ্ঞা। বিশেষ চাপ।

تاکید بلیغ (তাকীদে বালীগ) আঃ নাঃ স্ত্রীং ; পরিপূর্ণ চাপ। প্রচণ্ড চাপ।

تاکید شدید (তাকীদে শাদীদ্) আঃ নাঃ স্ত্রীং ; জোর তাগিদ।

تاکید کرنا (তাকীদ্ করনা) উঃ ক্রিঃ ; জোর দেওয়া। গুরুত্বারোপ করা।

تاکیدی (তাকীদী) আঃ ফাঃ বিঃ ; গুরুত্ববোধক। নিশ্চিত। প্রত্যয়পূর্ণ।

تاکیدی حکم (তাকীদী হুকুম) ফাঃ বিঃ বিঃ ; কঠিন আজ্ঞা। গুরুত্বপূর্ণ হুকুম।

تاگا (তাগা) হিঃ নাঃ পুং ; রশি। রজ্জু। সুতা।

تاگڑی (তাগ্‌ড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; সুতার তৈরী। বিছা। মেখলা। গোট। সুতি।

تاگنا (তাগ্‌না) হিঃ মূঃ ; সেলাই করা। অপরিপক্ক সেলাই করা। মালা গাঁথা।

تال (তাল্) হিঃ নাঃ পুং ; চৌবাচ্চা। চশমা। সঙ্গীতে সময়ের বিভাগ বা মাত্রা। তাল।

تال بےتال (তাল্ বে-তাল) হিঃ বিঃ ; তালকাটা। সঙ্গীতে সময়ের মাত্রায়

সামঞ্জস্যহানি হওয়া।

تال مکھانا (তাল্‌মখানা) হিঃ মূঃ ; পদ্মফুলের বীজ। তালমাখনা।

تال میل (তাল্‌মীল) হিঃ নাঃ পুং ; বনিবনা। সদ্ভাব। মনের মিল।

تالا (তালা) হিঃ নাঃ পুং ; কুলুপ। তালা।

تألف (তাআল্লুফ) আঃ নাঃ পুং ; প্রণয়। বন্ধুত্ব।

تالاب (তালাব) ফাঃ নাঃ পুং ; পুকুর। পুষ্করিণী।

تألم (তাআল্লুম) আঃ নাঃ পুং ; দুঃখ। শাস্তি। ভোগ।

تالو (তালু) হিঃ নাঃ পুং ; মুখ গহ্বরের উপরের অংশ। মাথার তালু। তালু।

تالی (তালী) হিঃ নাঃ স্ত্রীং ; করতলে করতলে আঘাত। তালি। চাবি।

تالیف (তালীফ্) আঃ নাঃ স্ত্রীং ; একত্রীকরণ। সন্নিহিতকরণ। সংকলন। সঙ্গতি। সাম্য।

تالیف قلوب (তালীলে কুলূব) আঃ নাঃ স্ত্রীং ; মনোযোগ আকর্ষণ। তুষ্টি বিধান।

تالیف کرنا (তালীফ্ করনা) হিঃ মূঃ ; সংকলন করা।

تالیفی (তালীফী) আঃ ফাঃ বিঃ ; সংকলন বিষয়ক।

تام (তাম্ম) আঃ বিঃ ; সম্পূর্ণ। পরিপূর্ণ।

تام (তাম) সং নাঃ পুং ; সন্ধ্যা। ভয়। তাম্র।

تام چینی (তাম্‌চীনী) হিঃ নাঃ স্ত্রীং ; কারুকার্য খচিত তাম্র।

تام جھام (তাম্ ঝাম) উঃ নাঃ পুং ; তাঞ্জাম। চতুর্দোলা। শিবিকা। পাল্কী।

تامڑا (তাম্‌ড়া) হিঃ নাঃ পুং ; তামড়ি। উপরত্ন বিশেষ। তাম্রবর্ণ।

تامل (তামিল) হিঃ নাঃ স্ত্রীং ; দক্ষিণ ভারতের ভাষা বিশেষ– প্রধানতঃ তামিলনাড়ুর। দক্ষিণ ভারতের রাজ্য বিশেষ। শ্রীলংকার বিচ্ছিন্নতাবাদি গেরিলা বিশেষ।

تأمل (তাআম্মুল) আঃ নাঃ পুং ; চিন্তা-ভাবনা। বিবেচনা।

تامل (তাআম্মুল) উঃ নাঃ পুং ; ধৈর্য। সহিষ্ণুতা। ইতস্ততা। সংশয়। চিন্তা।

تام لوٹ (তাম্‌লোট) উঃ নাঃ পুং ; টিনের ঘটি।

تایسری (তায়িসরী) হিঃ বিঃ ; তাম্রমিশ্রিত সোনা-রূপা। তাম্র বর্ণের।

تایسور (তায়িসব'র) হিঃ নাঃ পুং ; তামার পাত।

تامین (তামীন) আঃ নাঃ স্ত্রীং ; রক্ষণ। তত্ত্বাবধান। রাষ্ট্রীয় শিল্পের হিফাজত। বীমা।

تامینی تداویر (তামীনী তাদাবীর) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; সংরক্ষণ প্রচেষ্টা।

تامینی محصولات (তামীনী মাহ্‌সূলাত) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; আমদানী শুল্ক।

تان (তান্) হিঃ নাঃ স্ত্রীং ; সুরের আলাপ। সঙ্গীতের রাগ। বিস্তার সুর। টোন।

تان پلٹا (তান্‌পলটা) হিঃ নাঃ পুং ; সংগীতে সুরের পরিবর্তন।

تان پورا (তান্‌পূরা) হিঃ নাঃ পুং ; বীনার ন্যায় বাদ্য যন্ত্র বিশেষ। তানপুরা। তাম্বুরা।

تان کی جان (তান্‌কীজান) হিঃ বিঃ ; সুরেলা। আমোদে।

تان کے (তান্‌কে) হিঃ বিঃ ; স্বজোরে। দরাজ কণ্ঠে।

تان (তান্) হিঃ নাঃ পুং ; তিরস্কার। ভর্ৎসনা। তাচ্ছিল্য।

تانسین (তান্‌সেন) হিঃ নাঃ পুং ; অভিজ্ঞ গায়ক।

تانا (তানা) হিঃ নাঃ পুং ; কাপড়ের লম্বা দিকের সুতা। দেরাজ। টাকা।

تانا بانا (তানাবানা) হিঃ নাঃ পুং ; কাপড়ের লম্বালম্বি এবং আড়াআড়ি ভাবে স্থাপিত সুতা। টানাপোড়েন।

تاناتهاری (তানা নাথারী) হিঃ নাঃ স্ত্রীং ; উদ্বেগ। উৎকণ্ঠা।

تاناشاه (তানাশাহ্) উঃ বিঃ ; জটিলমনা।

تانبا (তাম্বা) হিঃ নাঃ পুং ; তামা। তাম্র।
تانباسا (তাম্বাসা) হিঃ বিঃ ; তামাটে। তাম্র বর্ণের।
تانباکار (তাম্বাকার) ফাঃ নাঃ পুং ; ঠাটারি। কাঁসারি।
تانبے تاثیر (তাম্বে তাসীর) ফাঃ বিঃ ; অতি সামান্য।
تانبے کاچراغ (তাম্বেকা চিরাগ) হিঃ বিঃ ; আল্লাহর পথে ব্যয়িত অর্থ।
تانب چون (তাম্বুচূন) হিঃ নাঃ পুং ; তাম্রচূর্ণ।
تانبڑا (তাম্বড়া) হিঃ নাঃ পুং ; ঘিঞ্জি খুপরি।
تانبڑی (তাম্বড়ী) হিঃ বিঃ ; তামাটে।
تانت (তাঁত) হিঃ নাঃ স্ত্রীং ; তাঁত। বুনন-যন্ত্র। তার। ধনুকের ছিলা। বাদ্যযন্ত্রের তার।
تانت سا (তাঁতসা) হিঃ বিঃ ; অত্যন্ত কৃশকায়।
تانتا (তাঁতা) হিঃ নাঃ পুং ; সারি। লাইন। দল। সমাগম। বংশ। গোত্র।
تانتا پنڑا (তাঁতা পনূড়া) হিঃ নাঃ ; দীর্ঘ বাহিনী।
تانتی (তাঁতী) হিঃ নাঃ স্ত্রীং ; সারি। লাইন। বংশানুক্রম। সন্তান।
تانتیا (তাঁতিয়া) হিঃ বিঃ ; দুর্বল। কৃশকায়।
تانسین (তান্সেন) হিঃ নাঃ পুং ; বিখ্যাত মুসলমান সঙ্গীতজ্ঞ যিনি মোগল সম্রাট আকবরের সভাকবি ছিলেন।
تانٹا (তাঁটা) প্রাঃ নাঃ পুং ; চর্চা। অনুশীলন। পুনঃপুন অভ্যাস করণ।
تاند رکه (তাঁদ্রুখ) প্রাঃ নাঃ পুং ; প্রকাণ্ড বৃক্ষ।
تانس (তাঁস্) হিঃ নাঃ স্ত্রীং ; শাসানি। ভয়।
تانسنا (তাঁস্না) হিঃ মূঃ ; শাসানো। দেখানো। খোরাকের চেয়ে কম দেওয়া। দুর্ব্যবহার করা।
تانگا (তাঁগা) হিঃ নাঃ পুং : দুই চাকার সওয়ারী গাড়ী। টাঙ্গা।
تانگر (তাঁগর) প্রাঃ নাঃ পুং ; লাঙ্গল। হাল।
تاننا (তাঁন্না) হিঃ মূঃ ; টানা। লম্বা করা। গ্রেফতার করা। ভ্রু-কুঞ্চিত করা।
تانی (তানী) হিঃ নাঃ স্ত্রীং ; বুননের জন্য প্রস্তুত টানা সুতা।
تانیث (তানীস) আঃ নাঃ স্ত্রীং ; লিঙ্গে স্ত্রী-বাচক হওয়া। স্ত্রী লিঙ্গ।
تاوا (তাওয়া) হিঃ নাঃ পুং ; দণ্ড। জরিমানা। প্রতিবিধান। ক্ষতিপূরণ।
تاوان نامه (তাওয়ান্ নামাহ্) হিঃ নাঃ ; দন্ড নামা।
تاول (তাও'ল) হিঃ নাঃ স্ত্রীং ; তড়িৎ।
تاولا (তাও'লা) হিঃ বিঃ ; ব্যাকুল। চঞ্চল।
تاویل (তাবী'ল্) আঃ নাঃ স্ত্রীং ; জটিল ব্যাখ্যা। ওজর।
تاهم (তাহাম্) ফাঃ ; তথাপি। পরন্ত। যাই হোক।
تاهل (তাআহহুল) আঃ নাঃ পুং ; পরিণয়। পরিবার বা সন্তানের কর্তা।
تائب (তায়িব) আঃ নাঃ পুং ; অনুশোচনা কারী।
تاؤ (তাউ) হিঃ নাঃ পুং ; পিতার বড় ভাই।
تاوٴ (তাঅও) হিঃ নাঃ পুং ; তাপ। তা। আঁচ। উষ্ণতা। গোস্বা। ক্রোধ।
تاؤ پیچ (তাও পেচ্) হিঃ নাঃ পুং ; রাগ। তেজ। গোস্বা।
تائی (তাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; বড় চাচার বউ। বড় চাচী।
تائے (তায়ে) ফাঃ নাঃ পুং ; তাও। তা। ভাঁজ। পরত। কাপড়।
تائے تشریف (তায়ে তাশরীফ) ফাঃ নাঃ পুং ; পূর্ণ পোষাক।
تائید (তাঈদ্) আঃ নাঃ স্ত্রীং ; পক্ষপাতিত্ব। সমর্থন। সাহায্য। পৃষ্ঠপোষকতা।
تائیدی شهادت (তাঈদী শাহাদত) আঃ নাঃ স্ত্রীং : অন্যের কথার সমর্থনপুষ্ট সাক্ষ্য।

تائرا (তাঈরা) হিঃ বিঃ ; চাচা সংক্রান্ত। চাচাত।

تائیل (তাঈল্) আঃ নাঃ পুং ; দলছুট মুসাফির।

تایا (তায়া) হিঃ নাঃ পুং ; পিতার অগ্রজ। তাপ।

تایا جانا (তায়াজানা) উঃ মূঃ ; বিগলিত করা। উষ্ণ করা। জ্বালানো।

تایس (তায়স্) হিঃ নাঃ স্ত্রীং ; শ্বশুরের বড়ভাই-বৌ।।

تایسرا (তায়সরা) হিঃ নাঃ পুং ; শ্বশুরের বড় ভাই।

تالیقه (তালীক্বাহ্) হিঃ নাঃ স্ত্রীং ; সম্পদের জরিপ। সম্পদের তালিকা।

ت — ب

تب (তব) হিঃ ; পুনরায়।পরবর্তীতে। অতঃপর। এজন্য। এ কারণে।

تب (তব) ফাঃ নাঃ স্ত্রীং ; তাপ। জ্বর।

تب دروں (তবদরোঁ) ফাঃ নাঃ স্ত্রীং ; চোরাজ্বর। সন্তাপ। প্রেমাগ্নি।

تب کهنه (তব্কুহনাহ্) ফাঃ নাঃ স্ত্রীং ; পুরানো জ্বর।

تبادر (তাবাদুর্) আঃ নাঃ পুং ; প্রতিযোগিতা। প্রতিদ্বন্দ্বিতা।

تبادل (তাবাদুল) আঃ নাঃ পুং ; বিনিময় সাধন।

تبادله (তাবাদালাহ্) আঃ নাঃ পুং ; আদান-প্রদান। স্থানান্তর। বদলি।

تبار (তাবার) ফাঃ নাঃ পুং ; পরিবার। বংশ। খান্দান। গোত্র। জাতি।

تبارا (তিবারা) উঃ বিঃ ; তৃতীয় বার। তিন দরজা বিশিষ্ট কক্ষ।

تبارک (তাবারক) আঃ বিঃ ; মহান। উচ্চ। উন্নত।

تباسی (তিবাসী) হিঃ বিঃ ; তিন দিনের বাসি।

تباشیر (তাবাশীর্) ফাঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার ঔষধ। প্রভাতের পূর্বাভাস।

تباغض (তাবাগুয) আঃ নাঃ পুং ; পারস্পরিক দ্বেষ। ঈর্ষা। হিংসা।

تباه (তাবাহ্) ফাঃ বিঃ ; ধ্বংস। লুপ্ত। বিলীন। বিধ্বস্ত। উজাড়।

تباه حال (তাবাহ্ হাল্) ফাঃ বিঃ ; দুর্দশা। বিপন্নতা।

تباه کرنا (তাবাহ করনা) উঃ ; ধ্বংস করা। নাশ করা। উজাড় করা।

تباهی (তাবাহী) হিঃ নাঃ স্ত্রীং ; বিনষ্টতা। বিলুপ্তি।

تباین (তাবায়ুন) আঃ নাঃ পুং ; দূরত্ব। পার্থক্য। অনৈক্য। অসংস্থিতি।

تبحر (তাবাহ্হুর) আঃ নাঃ পুং ; বিশেষজ্ঞ। জ্ঞানের গভীরতা।

تبخال (তিব্খাল্) ফাঃ নাঃ পুং ; গরমের গুটি।

تبختر (তাবাখ্তুর্) আঃ নাঃ পুং ; অহঙ্কার করা। গর্বভরে চলা।

تبخیر (তাবখীর) আঃ নাঃ স্ত্রীং ; বাষ্প।

تبدل (তাবাদ্দুল) আঃ নাঃ পুং ; পরিবর্তন।

تبدیل (তাব্দীল) আঃ নাঃ স্ত্রীং ; বদলি। স্থানান্তর।

تبدیلی (তাব্দীলী) আঃ নাঃ স্ত্রীং ; পরিবর্তন। স্থানান্তর।

تبذیر (তাবযীর) আঃ নাঃ স্ত্রীং ; অপব্যয়। বীজ বপন। রাজ ফাঁস করণ।

تبر (তাবর) ফাঃ নাঃ পুং ; কুঠার। কুড়াল।

تبرا (তবররা) আঃ নাঃ পুং ; ঘৃণা। বিদ্বেষ।

تبرائی (তবররাঈ) আঃ বিঃ ; ঘৃণাকারী। বিদ্বেষকারী।

تبرج (তাবাররুজ) আঃ নাঃ পুং ; প্রসাধন, অঙ্গ-রাগ। দেহবিন্যাস।

تبرع (তবররু') আঃ নাঃ পুং ; দান করা। নিঃস্বার্থ ভাবে দান করা।

تبرک (তাবাররুক) আঃ নাঃ পুং ; প্রসাদ। পবিত্র বস্তু। তাবারক।

تبرکا (তাবাররুকান) আঃ বিঃ ; কল্যাণ ও মঙ্গল স্বরূপ।

تبرکوں (তাবারকোঁ) হিঃ নাঃ পুং ; অশ্বের খোঁত বিশেষ।

تبرید (তাবরীদ্) আঃ নাঃ স্ত্রীং ; স্নিগ্ধ পানীয়। শীতলতা। স্নিগ্ধতা।

تبریق (তাব্‌রীক্ব) আঃ নাঃ স্ত্রীং ; বিদ্যুত প্রবাহিত হওয়া।

تبریه (তাবরিয়াহ) আঃ নাঃ স্ত্রীং ; মুক্ত করণ।

تبشط (তাবাশ্‌শুত) আঃ নাঃ পুং ; প্রশস্ততা। ব্যাপ্তি।

تبسم (তাবাস্‌সুম) আঃ নাঃ পুং ; মুচকি হাসি। হাসি।

تبسم برق (তাবাস্‌সুমে বরক্) আঃ ফাঃ নাঃ পুং ; বিদ্যুতের ঝলকানি।

تبسم مینا (তাবাস্‌সুমে মীনা) ফাঃ নাঃ পুং ; মদ ঢালার শব্দ।

تبصر (তাবাস্‌সুর) আঃ নাঃ পুং ; পরিষ্কার উপলব্ধি। বিবেচনা।

تبصره (তাব্‌সিরাহ) আঃ নাঃ পুং ; ব্যাখ্যা। বিশদ বর্ণনা।

تبع (তব') আঃ নাঃ পুং ; অনুকরণ। অনুসরণ। অনুসারী।

تبع تابعیں (তাব'য়ে তাবিঈন) আঃ নাঃ পুং ; মুসলমানদের যে দল সাহাবীদের সান্নিধ্য লাভকারীদের সান্নিধ্য লাভ করেছেন।

تبعیت (তাবয়িয়্যত) আঃ নাঃ স্ত্রীং ; আনুগত্য। অনুকরণ। ভক্তি।

تبغیض (তাব্‌গীয্) আঃ নাঃ স্ত্রীং ; দ্বেষ সৃষ্টিকরণ।

تبلق (তব্‌লক) উঃ নাঃ স্ত্রীং ; কাগজের বান্ডিল।

تبلی (তাব্‌লী) উঃ নাঃ স্ত্রীং ; তোশাদান। কার্তুজের থলি।

تبلی (তিব্‌লী) হিঃ নাঃ স্ত্রীং ; রেখা। ভোর।

تبلیغ (তাব্‌লীগ) আঃ নাঃ স্ত্রীং ; প্রচার করণ। পৌছানো।

تبنی (তাবান্নী) আঃ নাঃ স্ত্রীং : ক্রোড়ে নেওয়া। পোষ্য বানানো।

تبویب (তাববী'ব) আঃ নাঃ স্ত্রীং ; অধ্যায়ণ।

تبه (তাবহ্) আঃ নাঃ স্ত্রীং ; নাশ। ধ্বংস।

تبیان (তিব্‌য়ান) আঃ নাঃ স্ত্রীং ; প্রকাশিত। বিবৃত। বিদ্ধৃত। দালিলিক দাবী।

تبیین (তাব্‌য়ীন) আঃ নাঃ স্ত্রীং ; বিবৃত করণ। ভাষ্য লিখন।

ت ــ پ

تپ (তাপ্) ফাঃ নাঃ স্ত্রীং ; উষ্ণ। তাপ। জ্বর। উত্তাপ। পূজা। অর্চনা।

تپ خلطی (তাপে খল্‌তী) ফাঃ বিঃ ; সর্দিজ্বর।

تپ دروں (তাপদরোঁ) ফাঃ নাঃ পুং ; ভিতরের জ্বর।

تپ دق (তাপ্‌দাক্ব) ফাঃ নাঃ পুং ; পুরানো জ্বর।

تپ زده (তাপ্‌যদহ) ফাঃ বিঃ ; জ্বরগ্রস্ত।

تپ زرد (তাপ্‌যরদ) ফাঃ নাঃ পুং ; এক প্রকার জ্বর, যার দরুন জন্ডিস দেখা দেয়।

تپ سرخ (তাপসুরখ) ফাঃ নাঃ পুং ; একপ্রকার সংক্রামক জ্বর। লাল জ্বর।

تپ عشق (তাপে ই'শক্ব) ফাঃ নাঃ পুং ; প্রেমের উত্তাপ। প্রেমাগ্নি।

تپ نزله (তাপে নযলা) ফাঃ নাঃ পুং; সর্দিজ্বর।

تپ وبائی (তপ্‌ওবাঈ) ফাঃ নাঃ পুং ; ইনফ্লুয়েঞ্জা। ভাইরাস জ্বর।

تپاس (তাপাস) হিঃ নাঃ স্ত্রীং ; রোদ। তাপ। সূর্যের কিরণ। পরিশ্রম। কষ্ট স্বীকার।

تپاک (তাপাক) ফাঃ নাঃ পুং ; ভাবাবেগ। আগ্রহ। উদ্দীপনা। খাতির। ঝোঁক। মনোযোগ। প্রেম। প্রণয়।

تپاں (তাপাঁ) ফাঃ বিঃ ; উত্তপ্ত। প্রজ্জ্বলিত।

تپانا (তাপানা) হিঃ মূঃ ; গরম করা। তাপ

দেওয়া।
تپانا (তুপানা) হিঃ মূঃ ; সমাহিত করা। ঢাকা।
تپانچه (তপান্‌চাহ) ফাঃ নাঃ পুং ; চড়। থাপ্পড়। চাপড়। চপেটাঘাত।
تپائی (তেপায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; ক্ষুদ্র মেঝ। টিপয়।
تپڑ (তাপ্পড়) হিঃ নাঃ স্ত্রীং ; টাটের গদি। চটের গদি।
تپسیا (তাপস্‌য়া) হিঃ নাঃ স্ত্রীং ; কঠোর সাধনা। কষ্টকর আরাধনা।
تپش (তাপিশ্‌) ফাঃ নাঃ স্ত্রীং ; তাপ। জ্বালা। স্পন্দন। কম্পন। অস্থিরতা।
تپک (তাপক্‌) হিঃ নাঃ স্ত্রীং ; ফোঁড়া বা ক্ষতস্থানের যন্ত্রণা।
تپک (তুপক্‌) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট তোপ।
تپکچی (তুপকচী) তুঃ নাঃ পুং ; গোলন্দাজ। বন্দুক চালনাকারী।
تپکنا (তাপক্‌না) হিঃ মূঃ ; ব্যথা হওয়া।
تپن (তপন) হিঃ নাঃ স্ত্রীং ; প্রজ্বলন।
تپنا (তপ্‌না) হিঃ মূঃ ; গরম হওয়া। জ্বলা।
تپنچه (তপন্‌চাহ) তুঃ নাঃ পুং ; পিস্তল।
تپوبن (তপোবন) হিঃ বিঃ ; তপবন। যে বনে মুনিগণ ধ্যান করে থাকেন।
تپیده (তপীদাহ) ফাঃ বিঃ ; উত্তপ্ত। সন্তপ্ত।

ت — ت

تت (তত্‌) হিঃ নাঃ পুং ; আত্মা। প্রাণ। মূলধন। ফলাফল। পরিণতি।
تتا (তত্তা) হিঃ বিঃ ; উত্তাল। উত্তপ্ত। তেজোদৃপ্ত। নির্ভীক। উদ্যমশীল।
تتار (তত্তার) সং নাঃ পুং ; মালিশের ঔষধ। গরম পানির সেঁক।
تتارنا (তাতারনা) হিঃ মূঃ ; সেঁক দেওয়া। গরমকরা।
تتال (তাত্তাল) প্রাঃ বিঃ ; বদমাশ। প্রতারক। ঠক।
تتالی (তাতালী) প্রাঃ নাঃ স্ত্রীং ; ধোঁকাবাজি। শঠতা। ছলনা।
تتبع (তাতাব্বু') আঃ নাঃ পুং ; অনুকরণ। অনুসরণ।
تتر بتر (তিত্তর বিত্তর) হিঃ বিঃ ; বিচ্ছিন্ন। বিক্ষিপ্ত। এলোমেলো। প্রক্ষিপ্ত।
تتری (তাতারী) ফাঃ বিঃ ; তাতারের অধিবাসী। তাতারী।
تتری (তিত্‌রী) হিঃ নাঃ স্ত্রীং ; প্রজাতি।
تتق (তুতুক্ব) ফাঃ নাঃ পুং ; পর্দা। তাঁবু।
تتق گرد (তুতুক্ব গিরদ) ফাঃ নাঃ স্ত্রীং ; ধূলি-ধূসর।
تتق نیلی (তুতুক্ব নীলী) ফাঃ নাঃ পুং ; নীলিমা। আকাশ।
تتک (তুতুক) হিঃ নাঃ পুং ; জাহাজের তক্তা।
تتلا (তুতলা) হিঃ বিঃ ; তোতলা। কথা জড়িয়ে যায় এমন।
تتلانا (তুত্‌লানা) হিঃ মূঃ ; তোতলানো। অস্পষ্টভাবে কথা বলা।
تتلی (তিতলী) হিঃ নাঃ স্ত্রীং ; এক প্রকার ক্ষুদ্র পতঙ্গ যার পাখা খুব সুন্দর। প্রজাপতি।
تتمبا (তিতম্বা) হিঃ নাঃ পুং ; বচসা। বিতর্ক। বাধা। বিঘ্ন। ষড়যন্ত্র। বিদ্রোহ।
تتمه (তাতিম্মাহ) আঃ নাঃ পুং ; পরিশিষ্ট। সংযোজন।
تتمیم (তাত্‌মীম) আঃ নাঃ স্ত্রীং ; সম্পূর্ণ করণ। সমাপ্তকরণ। শেষকরণ।
تته (তিথ) হিঃ নাঃ স্ত্রীং ; তিথি। চন্দ্রকলার হ্রাস-বৃদ্ধি দ্বারা সীমাবদ্ধ কাল। চান্দ্রদিন।
تتها (তথা) হিঃ নাঃ স্ত্রীং ; শক্তি। বল। সামর্থ্য। যোগ্যতা।

ت — ٹ

تٹ (তট) হিঃ নাঃ পুং ; তট। তীর। কূল।
تٹاپا (তুটাপা) প্রাঃ বিঃ ; দুর্বলতা। অসহায়ত্ব। নিঃস্বতা।

تـثـے (তট্‌টে) প্রাঃ নাঃ পুং ; টুকরা। অংশ।
تـثـے (তুটটে) প্রাঃ নাঃ পুং ; গ্রাস। খাবলা।

ت - ث

تثليث (তাছ্‌লীছ) আঃ নাঃ স্ত্রীং ; তিন ভাগে বিভক্তিকরণ। খ্রীস্ট ধর্মমতে- ত্রিত্ববাদ।

تثريب (তাছরীব) আঃ নাঃ স্ত্রীং ; অপবাদ। তিরস্কার। গালমন্দ। অভিযোগ।

تثنيه (তাছ্‌নিয়াহ্‌) আঃ নাঃ পুং ; দ্বিত্ব। দ্বি-বচন।

تثويب (তাছ্‌বীব) আঃ নাঃ স্ত্রীং ; ফজরের আযানে الصلوة خير من النوم দু'বার বলা।

ت - ج

تج (তাজ্‌) হিঃ নাঃ স্ত্রীং ; দারচিনি বৃক্ষ।

تج چكنا (তাজ্‌চুক্‌না) হিঃ মৃঃ ; ত্যাজ্য করা। বর্জন করা।

تجاذب (তাজাযুব) আঃ নাঃ পুং ; আকর্ষণ। টান।

تجار (তুজ্জার) আঃ নাঃ পুং ; বনিক সকল।

تجارب (তাজারুব) আঃ নাঃ পুং ; অভিজ্ঞতা।

تجارت (তিজারত) আঃ নাঃ স্ত্রীং ; ব্যবসা। বাণিজ্য।

تجارتى (তিজারতী) ফাঃ বিঃ ; ব্যবসা সংক্রান্ত। বাণিজ্যিক। ব্যবসায়ীক।

تجارتى مال (তিজারতী মাল) ফাঃ নাঃ পুং ; ব্যবসা পণ্য।

تجارى (তজারী) হিঃ নাঃ স্ত্রীং ; বিষম জ্বর। পালাজ্বর।

تجاسر (তাজাসুর) আঃ নাঃ পুং ; সাহস। নির্ভয়তা। নির্ভীকতা।

جلابی (জিলাবী) প্রাঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার মিষ্টান্ন, জিলাপি।

جلاپا (জলাপা) হিঃ নাঃ পুং ; শোক, দ[illegible] চিন্তা, হিংসা, শত্রুতা, [illegible]কাতরতা।

جلاپے خور (জলাপেখোর) হিঃ নাঃ পুং ; হিংসুক।

جلاجل (জলাজল) আঃ নাঃ পুং ; ঝাঁক, এক প্রকার বাদ্যযন্ত্র, আয়তন, সম্পদ।

جلاد (জল্লাদ) আঃ নাঃ পুং ; জল্লাদ, ফাঁস কার্যকরকারী, নির্দয়। নির্মম, অত্যাচারী, ঘাতক।

جلادصفت (জল্লাদসিফত) আঃ বিঃ বিঃ ; নির্মম, নির্দয় ।

جلاد فلک (জল্লাদ ফলক) আঃ বিঃ বিঃ ; দুষ্ট গ্রহ, মঙ্গল গ্রহ, জ্যোতিষীদের মতে এটি হত্যা, খুন–খারাবী এবং যুদ্ধ–বিগ্রহ সম্বন্ধীয় নক্ষত্র বিশেষ।

جلادت (জালাদত) আঃ নাঃ স্ত্রীং ; সাহসিকতা, বীরত্ব, শক্তি, বল, স্ফূর্তি।

جلادنی (জল্লাদনী) আঃ নাঃ স্ত্রীং ; অত্যন্ত নির্দয় মহিলা।

جلادی (জল্লাদী) আঃ নাঃ স্ত্রীং ; নির্দয়তা, নির্মমতা, ঘাতকতা।

جلال (জালাল) আঃ নাঃ পুং ; মহত্ত্ব, মর্যাদা, গৌরব, মহিমা, আড়ম্বর, তেজদৃপ্ততা, রাগ, শক্তিমত্তা। جلال آجانا –উত্তেজিত হওয়া, রাগান্বিত হওয়া।

جلالت (জালালাত) আঃ নাঃ স্ত্রীং ; মহত্ত্ব, বড়ত্ব, গর্ব, ইচ্ছা, গৌরব।

جلالی (জালালী) আঃ বিঃ ; ক্রোধ মূলক। আধ্যাত্ম সাধনার একটি ধারা, সায়্যিদ জালাল উদ্দীন বোখারী থেকে যার সূচনা। সৌর মাসের নাম, যার সূচনা জালাল উদ্দীন মালিক শাহ সেলজুকীর শাসনামলে। বিঃ ; ভয়ানক, ভীতি জনক, মহিমামন্ডিত, গৌরবান্বিত।

جلانا (জালানা) হিঃ মূঃ ; প্রদীপ জ্বালানো, অগ্নি প্রোজ্বলিত করা, উত্তেজিত করা, শত্রুতার ভাব জাগ্রত করা।

جلانا (জিলানা) হিঃ নাঃ মূঃ ; প্রাণদান করা, উজ্জীবিত করা, উদ্দীপিত করা, ধাতু বাঁধিত করণ প্রক্রিয়ায় আসল রূপ ফিরিয়ে আনা।

جلا (জলা) আঃ নাঃ পুং ; দেশছাড়া করা, ঘর-বাড়ী ছাড়া করা।

جلاوطن (জালাব'তন) আঃ ফাঃ ; বহিস্কৃত, দেশ থেকে বিতাড়িত। দেশান্তর।

جلاهـا (জুলাহা) উঃ নাঃ পুং ; তাঁতী।

উপমহাদেশের একটি মুসলিম তাঁতী সম্প্রদায়।

جلاهن - جلاهی (জুলাহন-জুলাহী) হিঃ নাঃ স্ত্রীং ; তাঁতীর মেয়ে।

جلجلانا (জল্‌জলানা) হিঃ মূঃ ; ক্রোধান্বিত হওয়া।

جلاؤ (জালাও) হিঃ নাঃ ; দহনযোগ্য উত্তম কাষ্টখণ্ড, খিটখিটে মেজায, ক্ষিপ্র, অসন্তোষ প্রকাশকারী।

جلب (জাল্‌ব্‌) আঃ নাঃ পুং ; অর্জন করা।

جلب زر (জালবে যর) আঃ ফাঃ নাঃ পুং ; টাকা কামানো।

جلب منفعت (জালবে মান্‌ফাআত) আঃ নাঃ পুং ; মুনাফা অর্জন করা, লাভ করা।

جلباب (জিল্‌বাব) আঃ নাঃ স্ত্রীং ; চাদর, (ব-ব جلابیب (-জালাবীব)

جل بجهنا (জল্ বুঝনা) হিঃ মূঃ ; ভস্ম হওয়া, জ্বলে পুড়ে খাক হয়ে যাওয়া।

جلتا جلتا (জল্‌তা জল্‌তা) হিঃ বিঃ ; জ্বলন্ত, বদনসীব, হতভাগ্য।

جلتی (জল্‌তী) হিঃ বিঃ ; দহনযোগ্য, جلتی آگ بجهانا (জলতি আগ বুঝানা) ঝগড়া নিস্পত্তি করা। جلتی آگ پر تیل چهڑکنا (জলতী আগ পর তেল ছিড়কনা) কলহ-বিবাদ উস্কে দেয়া।

جل جانا (জলজানা) হিঃ নাঃ মূঃ ; আগুনে গ্রাস করা, মন্দ লাগা, অসহ্য হওয়া, বিদ্বেষ করা, ঈর্ষা করা।

جلجلا (জল্‌জলা) হিঃ বিঃ ; উত্যক্ত, রাগান্বিত, ক্রোধান্বিত।

جل جلاهٹ (জল্‌জলাহাট্‌) হিঃ নাঃ স্ত্রীং ; রাগ, ক্রোধ, উত্তেজনা, গোস্বা, জ্বালা, হিংসা, বিদ্বেষ।

جلد (জল্‌দ্‌) ফাঃ বিঃ ; ত্বরিৎ, শীঘ্র, দ্রুততা, তড়িত।

جلدباز (জলদ বায্‌) ফাঃ বিঃ ; শীঘ্র সম্পাদনকারী। তাড়াহুড়াকারী।

جلدبازی (জল্‌দ্‌ বাযী) ফাঃ নাঃ স্ত্রীং ; ত্বরা, শীঘ্রতা, দ্রুততা, جلد بازی کرنا (জল্‌দ্‌ বাযী করনা) পুং: ভয়ে ভয়ে কাজ আদায় করা, নির্ধারিত সময়ের পূর্বে কার্য সম্পাদন করা।

جلدرو (জলদ্‌ রো) ফাঃ নাঃ পুং ; দ্রুতগতি সম্পন্ন, দ্রুতগামী।

جلد (জিল্‌দ্‌) আঃ নাঃ স্ত্রীং ; চামড়া, পুস্তকের বাঁধাই। পুস্তক। পুস্তকের অংশ বিশেষ।

جلد ساز (জিল্‌দসায) ফাঃ নাঃ পুং ; বাইণ্ডার, বাঁধাইকার।

جلد سازی (জিল্‌দ্‌সাযী) আঃ বিঃ ; বাইন্ডিং। বাঁধাই

جلدی (জলদী) ফাঃ নাঃ স্ত্রীং ; ত্বরিৎ, খুব স্বল্প সময়ে, সানন্দোক্ষিপ্রতার সহিত। جلدی کام شیطان کا (জলদি কাম শয়তান কা) তাড়াতাড়ি করা শয়তানের কাজ। ধীরস্থির সম্পাদন-ই কাজের সঠিক পদ্ধতি।

جلسه (জল্‌সাঃ) আঃ নাঃ পুং ; সম্মেলন, সভা, সমবেত জনমণ্ডলী, সমাগম, বৈঠক, সমিতি, স্ত্রীং ; সিজদার পর প্রথম উপবেশন, দুই খোতবার মধ্যখানে বসা।

جلسهٔاستراحت (জলসায়ে ইস্তেরাহাত্‌) আঃ নাঃ পুং ; দ্বিতীয় সিজদার পর দাঁড়ানোর পূর্বে বসা, স্বস্তিমূলক বসা।

جلسه خاص (জলসায়ে খাস) আঃ নাঃ পুং ; বিশেষ অধিবেশন, এমন মজলিশ যেখানে অনুমতি ছাড়া প্রবেশ বিষেধ।

جلسه خطیبی (জলসায়ে খতীবী) আঃ নাঃ পুং ; দুই খোতবার মাঝখানে বসা।

جلسه عدالت (জলসায়ে আ'দালত) আঃ নাঃ পুং ; আদালতের এজলাস। আদালতের কার্যক্রম।

جلسهگاه (জলসা গাহ্‌) আঃ ফাঃ নাঃ পুং ; সভাস্থল।

جلق (জলক্‌) আঃ নাঃ পুং ; হস্তমৈথুন।

হস্তমৈথুন দ্বারা বীর্যপাত করা।

جلقی (জলকী) ফাঃ বিঃ ; স্বমৈথনকারী, হস্তমৈথুনকারী।

جل مرنا (জুল মরনা) অগ্নিদগ্ধ হয়ে আত্মহত্যা করা।

جلن (জ্বলন) হিঃ নাঃ স্ত্রীং ; জ্বলন্ত অবস্থা, উষ্ণতা, উত্তেজনা, রাগ, শত্রুতা, দাহ, জ্বালা, আবেগ, ঈর্ষা।

جلنا (জ্বলনা) হিঃ মৃঃ ; পুড়ে যাওয়া। ঈর্ষা করা। জ্বলা।

جلندھر (জলন্ধর) হিঃ নাঃ পুং ; শোথ, উদরী রোগ। ভারতের একটি শহরের নাম।

جلو (জলো) তুঃ নাঃ স্ত্রীং ; ঘোড়ার লাগাম, সহগামী, জাঁকজমক, সভা।

جلوخانه (জলো খানা) ফাঃ নাঃ পুং ; উঠান, আঙ্গিনা, দেউড়ী, সদর দরজার সম্মুখের জায়গা, যেখানে শাহী দরবার অনুষ্ঠিত হয়।

جلودار (জিলুদার) ঘোড়ার লাগামধারী, অশ্বারোহীর সাহায্যকারী।

جلوریز (জিলোরেয) ফাঃ বিঃ স্ত্রীং ; শীঘ্রতা, ক্ষিপ্রতা, দ্রুততা। কর্মঠ।

جلوت (জালওয়াত) আঃ নাঃ স্ত্রীং ; বহিরাংগন, সমাবেশ, সভা, সাধারণের মিলনকেন্দ্র, (خلوت)-এর বিপরীত। লোক সমক্ষে, নির্জনতা।

جلوس (জুলুস্) আঃ নাঃ পুং ; ক্ষমতায় অধিষ্ঠান করা, ধূমধাম করা। আড়ম্বর, আনন্দ, উল্লাস। মিছিল। শোভা যাত্রা।

جلوسی (জুলুসী) আঃ বিঃ ; ক্ষমতারোহণ সর্ম্পকীয় ব্যক্তিবর্গ। উল্লাসের উপকরণ, রাজন্যবর্গ।

جلوه (জলওয়াঃ) আঃ নাঃ পুং ; দ্যুতি, আড়ম্বর, উজ্জলতা, দীপ্তি, অদৃষ্টি, বিবাহের পর প্রথমবার বধুর মুখ দেখা (স্বামী কর্তৃক)।

جلوه آرائی (জলওয়া আ-রায়ী) আঃ নাঃ স্ত্রীং : প্রেমিক-প্রেমিকার মিলনের অবস্থা।

جلوه طور (জলওয়ায়ে তোর) হযরত মুসা (আঃ) তুর পর্বতে আল্লাহর নূরের যে প্রদীপ্ততা প্রত্যক্ষ করেছেন।

جلوه گاه (জল্ওয়াগাহ্) আঃ নাঃ পুং ; প্রদর্শন ভূমি, সাক্ষাতের স্থান।

جلی (জলী) আঃ বিঃ ; স্পষ্ট হরফ। خط جلی (খত্তে জলী) স্পষ্ট হস্তাক্ষর।

جلیا (জল্য়া) হিঃ নাঃ ; মৎস্য শিকারী, জেলে।

جلیبا (জিলেবা) হিঃ নাঃ পুং ; বড় জিলাপী। বোম্বাই জিলাপী।

جلیبی (জিলেবী) হিঃ নাঃ স্ত্রীং ; এক প্রকার মিষ্টান্ন। জিলাপী।

جلیری (জিলীরী) হিঃ নাঃ স্ত্রীং ; লৌহ ঠাণ্ডা করার ধাতু বিশেষ।

جلیس (জালীস্) আঃ নাঃ পুং ; সংগী, সহকর্মী, বন্ধু, সহচর, বন্ধুবর্গ।

جلی کٹی (-জলীকটী) হিঃ নাঃ স্ত্রীং ; উপহাস করা, বিদ্রুপ করা। শত্রুতা মূলক কথাবার্তা جلی کٹی باتیں (-বাতেঁ) হিংসাত্মক কথা বার্তা।

جلیل (জালীল) আঃ বিঃ ; মহৎ, বৃহৎ, উত্তম, আল্লাহর গুণবাচক নাম।

جلیل القدر (জালীলুল কদর) আঃ বিঃ ; মহান মর্যাদাশালী, সুখ্যাতিসম্পন্ন, সুপ্রখ্যাত।

جلیله (জালীলাঃ) আঃ নাঃ স্ত্রীং ; (جلیل) (জালীল-এর স্ত্রীং) মহান মর্যাদাবান, সুউচ্চ।

ج – م

جم (জম) ফাঃ নাঃ পুং ; জামশেদ। প্রাচীন পারস্য সম্রাটের নাম।

جم جاه (জমজাহ্) ফাঃ বিঃ ; বাদ... জামশেদের মত মহাদানশীল। মহাসম্মানী।

جم (জম) হিঃ নাঃ পুং ; মৃত্যুদূত, মৃত্যু, যম, অপসন্দনীয় বিষয়, জময।

جم دوت (জমদূত) হিঃ নাঃ পুং ; মৃত্যুদূত, যমদূত।

جم دیا (জমদিয়া) হিঃ নাঃ পুং ; যম দেবতার নামে দিপালী উৎসব, যা দেওয়ালীর দুই পর্বে অনুষ্ঠিত হয়ে থাকে।

جم راج (জম্‌রাজ্) হিঃ নাঃ পুং ; পাতালের রাজা। যমদূত।

جم کا سندیسه (জম্‌কা সন্দিসাঃ) হিঃ নাঃ পুং ; মৃত্যু পরওয়ানা।

جماد (জামাদ) আঃ নাঃ পুং ; জড়বস্তু, প্রাণহীন বস্তু, প্রস্তর, খনিজ পদার্থ।

جمادات (জমাদাত্) আঃ নাঃ পুং ; جماد (জামাদ-এর ব-ব) প্রাণহীন বস্তু।

جمادی الاخرة (জুমাদাল আখিরাঃ) جمادی الاخری (জুমাদাল উখরাঃ) আঃ নাঃ পুং ; ইসলামী বছরের ষষ্ঠ মাস।

جمار (জিমার) আঃ নাঃ পুং ; (جمرة -এর ব-ব) হজ্জব্রত পালনকালে হাজীগণযে প্রস্তরখণ্ড নিক্ষেপ করে থাকেন।

جماع (জিমা') আঃ নাঃ পুঃ ; সহবাস, যৌনসংসর্গ, মৈথুন।

جماعت (জামা'আত) আঃ নাঃ স্ত্রীং ; দল, সংগঠন, জনতা, সমাবেশ, ধর্মীয় সম্প্রদায়, সাংস্কৃতিক সংঘ। নামাজের জন্য একত্রিত হওন। جماعت سے کرامت هے (জামা'আতসে কারামত হায়) ঐক্যেই উন্নতি। جماعت میں بیٹھنا (জামা'আতমে বয়েঠ না) শিক্ষানবীসের কাতারে শামিল হওয়া।

جماکی-جمعگی (জুমাগী-জম্‌'য়েগী) উঃ নাঃ স্ত্রীং ; জুমার দিবসের শিশুদের খরচা, গুরুজনের নজরানা যা জুমার দিন আদায় করা হয়।

جمال (জামাল্) আঃ নাঃ পুং ; সৌন্দর্য, শোভা, কমনিয়তা। সুশ্রী।

جمال گوٹا (জামাল গোটা) হিঃ নাঃ পুং ; এক প্রকার ফল বিশেষ।

جمالی (জামালী) আঃ বিঃ ; তেজস্বিতা মুক্ত স্নিগ্ধ, সৌন্দর্য। একপ্রকার তরমুজ, আধ্যাত্মিক সাধক এবং জ্ঞানীদের মতে সবুজ উদ্ভিদ বিশেষ। ব-ব جمالیات (জামালিয়্যাত)

جمالیات (জামালিয়্যাত) আঃ আঃ পুং ; ললিত কলা, চারুশিল্প। নন্দন তত্ত্ব, (Aesthetics)

جمانا (জমানা) হিঃ নাঃ মৃঃ ; দ্রবীভূত পদার্থকে ঘনীভূতকরণ, জোড়া লাগানো, আরম্ভ করা, ভিত্ মজবুত করা, আস্থা সৃষ্টি করা, বদ্ধমূল করা, স্মরণ করানো। একত্রিত করা, প্রভাবিত করা, নির্ধারিত করা।

جمانا (জিমানা) হিঃ মৃঃ ; আহার করানো, ভোজ দেওয়া।

جماهوا (জমাহুয়া) পঃ ; ঘনীভূত, জমাট, প্রতিষ্ঠিত, অনড়।

جماوٹ (জমাওয়াট) হিঃ নাঃ স্ত্রীং ; জমাট হওয়া।

جماهی - جمائی (জামাহী-জামায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; তন্দ্রাচ্ছন্নতা, হাই তোলা।

جماؤ (জমাও) হিঃ নাঃ পুং ; ঘণত্বের বৈশিষ্ট্য, ঘনীভূত হওয়ার অবস্থা, লোকাধিক্য।

جماؤ (জমাউ) হিঃ বিঃ ; জমে যাওয়ার উপযুক্ত, স্থায়ী, অটল।

جمبو (জমবু) সঃ নাঃ পুং-স্ত্রীং ; জামগাছ।

جم بیٹھنا (জম বয়েঠনা) হিঃ মৃঃ ; একত্রিত হওয়া, সমবেত হওয়া।

جمبیری (জমবীরী) হিঃ নাঃ পুং ; জামীর ফল।

جمپ (জাম্‌প্-Jump) ইং নাঃ স্ত্রীং ; লাফ। লম্ফ।

جمپر (জম্‌পর্) ইঃ নাঃ স্ত্রীং ; স্ত্রী লোকের জাম্‌ফার। কার্ডিগান।

جم جانا (জম্‌জানা) হিঃ মৃঃ ; দেরী করা, কালক্ষেপণ করা।

جم جم (জম্‌জম্‌) হিঃ বিঃ ; সদা, সর্বদা, সব সময়, অণবরত।

جمخانه (জিমখানা) উঃ নাঃ পুং ; বিনোদনের স্থান, খেলাঘর। ক্লাব।

جمره' (জমরাঃ) আঃ নাঃ পুং ; হজ্জ্বব্রত পালন কালে প্রস্তর নিক্ষেপণ। অগ্নিস্ফুলিঙ্গ।

جمشید (জামশীদ) ফাঃ নাঃ পুং ; পারস্যের এক প্রখ্যাত নৃপতি। কথিত আছে যে, তিনি এমন একটি পান পাত্র তৈরী করেছিলেন–যাতে সমস্ত পৃথিবীর অবস্থা প্রত্যক্ষ করা যেত।

جمع (জমা') আঃ নাঃ পুং স্ত্রীং ; সংগ্রহ, সমগ্র, সমস্ত, সম্পূর্ণতা, সংখ্যার সমষ্টি, (ব্যাকরণে) বহু বচন। গণিতে যোগ (+)। আমদানী, আসল পুঁজির হিসাবের তালিকাপত্র। গুদাম।

جمع الجمع (জম্‌উল্‌জমা') আঃ নাঃ স্ত্রীং ; দ্বিত্ব বহুবচন, যেমন - رقم -রকম–এর ব–ব, رقوم -রুকুম এবং رقوم –এর বহু বচন رقومات রুকুমাত।

جمع بندی کرنا (জমা'বন্দী করনা) উৎপাদন এবং আমদানীর সরকারী লক্ষ্যমাত্রা নির্ধারণ করা।

جمع بهرنا (জমা ভরনা) নাঃ পুং ; মাল পারাপারের হিসাব সরকারী কোষাগারে দাখিল করা।

جمع خرچ (জমা'খরচ) আঃ নাঃ পুং ; আয়-ব্যয়, আয়-ব্যয়ের হিসাব পত্র।

جمع ضدین (জময়ে' যিদ্দাইন) আঃ বিঃ বিঃ ; দুই বিপরীত বস্তুর সম্মিলন।

جمع کرنا (জম'য়ে করনা) ফাঃ মূঃ ; একত্রীকরণ। সঞ্চয় করা, সরকারী দপ্তরে রাজস্ব আদায়ের হিসাব পেশ করা, হাওলাত করা, হিসাবের ফর্দে "উসুল" দেওয়া, সংখ্যা যোগ করা।

جمع کل (জম'য়ে কুল) আঃ নাঃ স্ত্রীং ; সম্পূর্ণ, সমগ্র।

جمع مرکب (জমা মুরাক্কব) আঃ নাঃ স্ত্রীং ; সংখ্যার সমষ্টি। ওজন।

جمع والا (জমা' ওয়ালা) আঃ নাঃ পুং ; সম্পদশালী। আমীর। পুঁজিপতি।

جمع هونا (জমা'হোনা) স্থিরমতি হওয়া।

جمعدار (জমা'দার) ফাঃ নাঃ পুং ; শ্রমিকদের সরদার, জমাদ্দার। সামরিক পদ বিশেষ, পুলিশের প্রধান কনষ্টেবল, দারোগা, মেথর এবং ঝাড়ুদারদের তত্ত্বাবধানকারী অফিসার।

جمع داری (জমা'দারী) ফাঃ নাঃ স্ত্রীং ; জমাদ্দারের কার্য এবং পেশা।

جمعرات (জুমা'রাত) উঃ নাঃ স্ত্রীং ; বৃহস্পতিবার।

جمعه (জুম্‌'আঃ) আঃ নাঃ পুং ; শুক্রবার

جمعے کو نکاح هفتے کو طلاق (জুম্‌য়ে'কো নিকাহ্‌ হাফতে কো তালাক) শুক্রবারে বিয়ে শনিবারে তালাক। কার্য আরম্ভ করার, সাথে সাথে বিবাদ দেখা দেওয়ার বেলায় এরূপ বলা হয়ে থাকে।

جمعیت (জম্‌ঈয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; দল, সমাবেশ, সভা, জনসমাগম, সৈন্য বাহিনী– সমবেত হওয়া, চিত্তপ্রশান্তি, সুখ। একাগ্রতা।

جمیعت اکٹها کرنا (জম্‌ঈয়্যাত একাঠ্‌ঠা করনা) সৈন্য সমাবেশ করা, সমর্থন আদায় করা, লোক সমাগম করা।

جمعیت خاطر (জম্‌ঈয়্যাতে খাতির) আঃ ফাঃ স্ত্রীং ; সুখ, শান্তি, অন্তরের স্থিতি, চিন্তাহীনতা।

جم غفیر (জাম্মে গাফীর) আঃ নাঃ পুং ; অত্যধিক লোক সমাগম, অস্বাভাবিক ভীড়।

جم کرلڑنا (জম্‌কর লড়না) হিঃ মুঃ ; যুদ্ধে অবিচল থাকা।

جمل (জামাল) আঃ নাঃ পুং ; উট।

جمل (জুম্মাল) (حساب جمل) আঃ নাঃ পুং ; আরবী বর্ণ মালার সংখ্যাতত্ত্ব।

جملگی (জুম্‌লগী) ফাঃ নাঃ স্ত্রীং ; সম্পূর্ণতা, পরিপূর্ণতা, ব্যাপকত্ব। বিঃ ; সম্পূর্ণ, সমস্ত, পরিপূর্ণ।

جمله (জুমলাঃ) আঃ নাঃ পুং এবং বিঃ ; সমস্ত। সম্পূর্ণ। পরিপূর্ণ বাক্য। পূর্ণবাক্য। বাক্য প্রকরণ সমষ্টি।

فی الجمله (ফিল জুমলাঃ) মূলতঃ, সম্পূর্ণ, সর্বাবস্তায় না হলেও কখনো কখনো। মোটামুটি। من جمله (মিন জুমলাঃ) অংশতঃ। মোটামুটি।

جمن (জমন) হিঃ নাঃ পুং ; এক প্রকার টক জাতীয় বস্তু, যদ্বারা দধি জমানো হয়।

جمناسٹك (জিমনাস্টিক-Gymnastic) ইং নাঃ পুং ; ব্যায়াম, ব্যায়াম সম্বন্ধীয়, এক প্রকার খেলা।

جمنازیم (জিম্‌নাযিয়াম্-Gymnasiam) ইং নাঃ পুং ; জিমনাস্টিক ঘর, ব্যায়ামাগার, ব্যায়ামের স্থান।

جموٹ (জমোট) হিঃ নাঃ স্ত্রীং ; কূপ খনন, কূপ স্থাপন।

جمهانا (জম্‌হানা) হিঃ মূঃ ; হাই তোলা। جمهائی (জমহাঈ) হাই। হামি।

جمود (জমূদ) আঃ নাঃ মূঃ ; বাধা প্রস্থ হওয়া, বন্ধ হওয়া, জোরপূর্বক স্থগিত করণ, গতি মন্থর হওয়া।

جموگا (জমূগা) হিঃ নাঃ পুং ; মুরগী। ছোটদের একটি রোগ বিশেষ।

جمهور (জমহুর্) আঃ নাঃ পুং ; জনগণ, জনসাধারণ, বৃহত্তম দল, রাষ্ট্রের অধিবাসী, বালুর স্তূপ। সংখ্যা গরিষ্ঠ।

جمهوری (জম্‌হুরী) আঃ বিঃ ; জনগণের। জনসাধারণ সম্বন্ধীয়, সাধারণের।

جمهوری ریاست (জমহুরী রিয়াসত) আঃ নাঃ স্ত্রীং ; গণতান্ত্রিক রাষ্ট্র।

جمهوریت (জমহুরিয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; এমন এক রাষ্ট্র ব্যবস্থা যেখানে জনগণের ভোটে নির্বাচিত সংখ্যাগরিষ্ঠ দলের প্রতিনিধিরা রাষ্ট্র পরিচালনা করেন, এজন্য তাদেরকে জনগণের নিকট জবাবদিহি করতে হয়। ইং ; (Democracy)

جمیع (জমি') আঃ বিঃ ; সমস্ত, সকল, সম্পূর্ণ।

جمیل (জামীল) আঃ বিঃ ; সুন্দর। সুশ্রী, কান্তিময়।

جمیله (জামীলাঃ) আঃ বিঃ ; রূপবতী, সুন্দরী স্ত্রীলোক, লাস্যময়ী নারী।

ج - ن

جن (জিন) হিঃ নাঃ ; (ব-ব جس জিস্)। একবচনে সম্মানার্থে ব্যবহৃত হয়। যে। যিনি।

جن (জিন) আঃ পুঃ নাঃ ; এক অদৃশ্যজীব। যারা। আগুনের তৈরী। জিন। অদৃশ্যজীবন। প্রেতাত্মা।

جن (জিন্) ইং নাঃ স্ত্রীং ; শ্বেতবর্ণ মদ।

جناب (জনাব) আঃ নাঃ পুং-স্ত্রীং ; হযরত। কিবলা। জনাব। মহাশয়। মর্যাদা। পার্শ্ব। প্রান্ত।

جناب عالی (জনাবে 'আলী) جناب اقدس (জনাবে আকদাস) আঃ বিঃ বিঃ ; জনাব। মহাত্মন।

جنابت (জানাবত্) আঃ নাঃ স্ত্রীং ; শুক্রক্ষরণ। অপবিত্রতা। স্বপ্নদোষ কিংবা স্ত্রী সহবাসে শুক্রক্ষরণজনিত অপবিত্রতা। غسل جنابت (গুসলে –) নাঃ পুং ; পবিত্র স্নান। স্ত্রী সহবাসের পর দেহশুদ্ধির জন্য গোসল।

جنات (জিন্নাত) আঃ নাঃ পুং ; জ্বিন জাতি। জ্বিন সকল।

جناتی (জিন্নাতী) আঃ ফাঃ পুং ; জ্বিন সম্বন্ধীয়।

جناتی زبان (জিন্নাতী যুবান) অবোধ্য ভাষা।

جناح (জানাহ্) আঃ নাঃ পুং ; বাহু। পাখনা।

جناح (জুনাহ্) আঃ নাঃ পুং ; পাপ। অপরাধ।

جنازه (জানাযাঃ) আঃ নাঃ পুং ; শব। শবাধার। অন্তেষ্টিক্রিয়া। জানাযার নামায। মৃতদেহ।

جنازه رواں (জনাযাঃ রাওয়াঁ) আঃ নাঃ পুং ; অশ্ব। অশ্বারোহী। جنازه نكلے (জানাযাঃ নেকলে) অভিশাপ বিশেষ। মৃত্যু হোক। মৃত্যুবরণ করুক।

جناں (জিনাঁ) আঃ নাঃ স্ত্রীং ; (جنت -জান্নাত) -এর ব-ব স্বর্গধাম।

جنانا-جنوانا (জিনানা-জিনওয়ানা) হিঃ মৃঃ ; প্রসব করা। ধাত্রীর কাজ করা।

جنائی (জনায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; ধাত্রী কর্মের পারিশ্রমিক। ধাত্রী।

جنب (জাম্ব) আঃ নাঃ স্ত্রীং ; পাঁজর। পার্শ্ব।

جنب (জুনুব) আঃ নাঃ পুং ; এমন লোক, যার দেহের পবিত্রতার জন্য গোসল ফরজ।

جنباں (জুমবাঁ) ফাঃ বিঃ ; চলন্ত। স্পন্দিত। আন্দোলিত। কম্পিত।

جنبه (জাম্‌বাঃ) আঃ নাঃ পুং ; সমর্থন। পক্ষ। আশ্রয়। দিক। পার্শ্ব।

جنبه داری (জাম্‌বাঃ দারী) আঃ নাঃ স্ত্রীং ; পক্ষপাতিত্ব। সমর্থন করা।

جنبش (জুম্‌বাশ) ফাঃ নাঃ স্ত্রীং ; স্পন্দন। কম্পন। আন্দোলন। ঝাঁকুনি।

جنت (জান্নাত) আঃ নাঃ স্ত্রীং ; স্বর্গ। উদ্যান। বাগান। কানন। বেহেশ্‌ত।

جنت اشیانی-مکانی (জান্নাত্ আশ্‌য়ানী -মাকানী) আঃ বিঃ বিঃ ; জান্নাতবাসী। প্রয়াত।

جنت الحمقا (জান্নাতুল হুমাকা) আঃ নাঃ স্ত্রীং ; কাল্পনিক স্বর্গ। কল্পনা বিলাস। বোকার স্বর্গ। (ইং ; Foots paradise)

جنت الماوى (জান্নাতুল মাওয়া) আঃ নাঃ স্ত্রীং ; শান্তি নিকেতন। স্বর্গ। جنت شداد (জান্নাতে শাদ্দাদ) বাবেলের নৃপতি শাদ্দাদ কর্তৃক নির্মিত তথাকথিত বেহেশ্‌ত।

جنت عدن (জান্নাতে আ'দন) আঃ নাঃ স্ত্রীং ; বেহেশ্‌তের ঐস্থান যেখানে আদম (আঃ)-কে নিষিদ্ধ বৃক্ষফল আহারের পূর্বে রাখা হয়েছিল। جنت کی هوا انا (জান্নাতকী হাওয়া আনা) সুবাতাস প্রবাহিত হওয়া।

جنتی (জান্নাতী) আঃ উঃ বিঃ ; স্বর্গীয়। স্বর্গ সম্বন্ধীয়। স্বর্গগামী। বেহেশতী।

جنتر (জন্‌তর) হিঃ নাঃ পুং ; হাতিয়ার। যন্ত্র। বাদ্যযন্ত্র। জ্যোতিষশাস্ত্রের নকশা বিশেষ।

جنتر منتر (জন্‌তর মন্তর) হিঃ নাঃ পুং ; ভোজবাজি। ভেল্কিবাজি। ঠকবাজি। বঞ্চনা।

جنتری (জন্‌তরী) হিঃ নাঃ স্ত্রীং ; পঞ্জিকা। ছিদ্রবিশিষ্ট লৌহপাত্র, যাতে বিগলিত স্বর্ণ বা রৌপ্য নিক্ষেপ করে প্রলম্বিত করা হয়।

جنجال (জন্‌জাল) হিঃ নাঃ পুং ; দুর্ভাগ্য। মহামারি। বিপদ। সঙ্কট। বিমূঢ়তা। হতবুদ্ধিতা। পদবেড়ী। বোঝা। ঝঞ্ঝাট।

جنجالی (জনজালী) হিঃ বিঃ ; ঝগড়াটে।

جند-جندرا (জনদা-জন্‌দরা) হিঃ নাঃ পুং ; ঘাস-তৃণ স্তূপ করার যন্ত্র, পানি সেচের সময় যদ্বারা মাটিতে আইল তৈরী করা হয়। তালা।

جندبید ستر (জন্‌দ বয়েদ সতর) আঃ নাঃ পুং ; উঁদবিড়াল বা ভোঁদড়ের অন্ডকোষ, যা ঔষধের উপকরণ হিসাবে ব্যবহৃত।

جنرل (General-জেনারেল) ইং নাঃ পুং ; সেনা অধিনায়ক। সেনা কমান্ডার। جنرال پوسٹ آفس (General post office-জেনারেল পোস্ট অফিস) কেন্দ্রীয় ডাক অফিস। جنرل مارچنٹ (General merchant - জেনারেল মার্চেন্ট) সাধারণ ব্যবসায়ী। ডিপার্টমেন্ট স্টোর।

جنریٹر (জেনারেটর-Generator) ইং নাঃ পুং ; উৎপাদক, বিদ্যুত উৎপাদক যন্ত্র।

جنس (জিন্‌স) আঃ নাঃ স্ত্রীং ; জাতি। শ্রেণী। গোষ্ঠী। দল। উপকরণ। পণ্য। শস্য। উত্তর পুরুষ। লিঙ্গ। ভিন্ন প্রকৃতির বস্তুসমষ্টি বিশেষ। ابنائے جنس (আবনায়ে জিন্‌স) মানব জাতি।

جنس خانه (জিন্‌স খানাঃ) আঃ নাঃ পুং ; ধনাগার। গুদাম। গোডাউন।

جنس دار (জিন্‌সদার) আঃ ফাঃ বিঃ ; শ্রেণী বা প্রকরণ অনুসারে। প্রকরণ অনুসারে পরিচ্ছেদ বিভক্তি।

جنسی (জিন্‌সী) বিঃ ; জাতি সম্বন্ধে। নারী পুরুষের দৈহিক সম্বন্ধ সম্পর্কে।

جنسی امراض (জিন্‌সী আমরায) আঃ নাঃ পুং ; গোপন রোগ বিশেষ। যৌনরোগ।

جنسیات (জিন্‌সীয়্যাত) আঃ নাঃ পুং ; যৌনশাস্ত্র। যৌন উত্তেজনা বা জননেন্দ্রিয় সম্বন্ধীয় বিজ্ঞান। কোকশাস্ত্র।

جنسیت (জিন্‌সিয়্যাত) আঃ নাঃ পুং ; সমকক্ষতা। এক জাতীয়তা। একশ্রেণীভুক্ত।

جنکشن (জঙ্কশন-Junction) ইং নাঃ পুং ; মিলনক্ষেত্র। সঙ্গম। যোগ। সন্ধি। রেলওয়ে জংশন। প্লাটফর্ম।

جنگ (জুঙ্গ) হিঃ নাঃ পুং ; পুস্তকের স্তূপ। একই গ্রন্থনায় একাধিক পুস্তক।

جنگ (জঙ্গ) ফাঃ নাঃ স্ত্রীং ; যুদ্ধ। শত্রুতা। দ্বেষ। ঈর্ষা।

جنگ آزموده (জঙ্গ-আযমুদাঃ) ফাঃ বিঃ ; যুদ্ধের অভিজ্ঞতা অর্জনকারী। যুদ্ধে অংশগ্রহণকারী। সমরবিশারদ। সাহসী। বীর।

جنگ آور (জঙ্গ আ-ওয়ার) ফাঃ বিঃ ; বাহাদুর। সাহসী। বীর। যোদ্ধা।

جنگ جو (জঙ্গজূ) ফাঃ বিঃ ; দা ঝগড়াটে। সুযোগ সন্ধানী। যুদ্ধংদেহী।

جنگ جوئی (জঙ্গজুয়ী) ফাঃ নাঃ স্ত্রীং ; মার দাঙ্গার অভ্যাস। মারদাঙ্গার অজুহাত সৃষ্টির ধান্ধা।

جنگ زرگری (জঙ্গে যরগরী) ফাঃ নাঃ স্ত্রীং ; কৃত্রিম যুদ্ধ। লোকদেখানো যুদ্ধ।

جنگ سرکرنا (জঙ্গসর করনা) পঃ ; যুদ্ধে জয়লাভ করা।

جنگ گاه (জংগাহ্‌) ফাঃ নাঃ স্ত্রীং রণাঙ্গন। যুদ্ধ ক্ষেত্র।

جنگ مغلوبه (জঙ্গে মগ্‌লুবাঃ) ফাঃ নাঃ স্ত্রীং ; গণযুদ্ধ। নিশ্চিত পরাজিত হওয়ার কথা জেনেও বীরত্বের সাথে যুদ্ধ চালিয়ে যাওয়া। মল্লযুদ্ধ।

جنگ وجدال (জং ওয়া জিদাল) ফাঃ নাঃ স্ত্রীং ; যুদ্ধবিগ্রহ। হানাহানি। ঝগড়া-ঝাটি। মারামারি।

جنگل (জঙ্গল) সঃ নাঃ পুং ; বনভূমি। বন। জঙ্গল। বৃক্ষাধিক্য। অনাবাদী ভূমি। মরুপ্রান্তর। ভূমি। খালি মাঠ।

جنگل بری (জঙ্গল বুরী) ফাঃ নাঃ স্ত্রীং ; জঙ্গল কাটার কাজ। জঙ্গল কাটা।

جنگل بیاباں (জঙ্গল বিয়াবাঁ) ফাঃ নাঃ স্ত্রীং ; সম্পূর্ণ অনাবাদী ভুমি।

جنگلا (জংলা) হিঃ নাঃ পুং ; লোহার খুঁটি। ছাপার বস্ত্র। অপোষ্য। মরুভূমি। পতিত ভূমি।

جنگلی (জংলী) উঃ বিঃ ; অসত্য। বর্বর। নির্বোধ। বন্য। জংলী। মরুভূমির অসভ্য।

جنگلی آدمی (জংলী আদ্‌মী) ফাঃ নাঃ পুং ; বনবাসী। অসভ্য।

جنگلی بلی (জংলী বল্লী) ফাঃ নাঃ স্ত্রীং ; দাবানল। বন্য বিপদ।

جنگلی بیر (জংলী বের) ফাঃ নাঃ স্ত্রীং ; লালিমাযুক্ত শীতকালীন ফল বিশেষ। বরই।

جنگلی چوہا (জংলী চূহা) ফাঃ নাঃ পুং ; ইঁদুর। ছুঁচো। চিকা। جنگلی

کبوتر هونا (জংলী কবুতর হোনা) অপোষ্য হওয়া। সমাজচ্যুত হওয়া।

جنگمسند (জঙ্গম্‌সদ) প্রাঃ নাঃ পুং ; পীর। মোরশেদ। পথ প্রদর্শক।

جنگی (জঙ্গী) ফাঃ বিঃ ; যুদ্ধ সংক্রান্ত। সমরযোগ্য। সৈনিক। সাহসী। দাঙ্গাবাজ। সিপাহী।

جنگی بیڑا (জঙ্গীবেড়া) ফাঃ নাঃ পুং ; নৌবহর।

جنگی لاٹ (জঙ্গীলাট) ফাঃ নাঃ পুং ; সেনাপতি। প্রধান সেনানায়ক।

جنم (জনম্‌) সং নাঃ পুং ; জনম। ভূমিষ্ঠ। বয়স। চরিত্র। অভ্যাস। মূল। ভিত্তি। আকৃতি। গঠন।

جنم اشٹمی (জনম্‌ অষ্টমী) সং ; জন্মাষ্টমী। হিন্দু সম্প্রদায়ের ধর্মীয় উৎসব। হিন্দুদের শ্রীকৃষ্ণের জন্মোপলক্ষে পালিত।

جنم بھومی (জনম্‌ভূমি) হিঃ নাঃ স্ত্রীং ; জন্মভূমি। স্বদেশ।

جنم پتا (জনমপাত্ৰা) হিঃ নাঃ পুং ; চিরন্তন বন্ডসই।

جنم جلا (জনম্‌জলা) হিঃ বিঃ ; হতভাগ্য। দুর্ভাগ্য।

جنم دن (জনম্‌ দিন) হিঃ নাঃ পুং ; জন্মদিন। জন্মোৎসব।

جنم ڈبونا (জনম ডবুনা) হিঃ মূঃ ; বিপথে জীবন নষ্ট করা। হতচ্ছাড়া। ধর্মত্যাগ করা।

جنم روگی (জনম রোগী) হিঃ বিঃ ; মাতৃকা। জন্মগত রোগী।

جنم گھٹی (জনম্‌ঘুটী) হিঃ নাঃ স্ত্রীং ; জন্ম ঘুঁটি। শিশুকে দুধ দেওয়ার পূর্বে যে খাদ্য দেওয়া হয়।

جنم لینا (জনম্‌ লেনা) হিঃ পঃ ; ভূমিষ্ঠ হওয়া।

جنم مرن (জনম্‌মরণ) হিঃ নাঃ পুং ; জীবন-মৃত্যু।

جنمی (জনমী) হিঃ বিঃ ; প্রাকৃতিক। ঐশ্বরিক। প্রাণী।

جننا (জান্‌না) হিঃ মূঃ ; প্রসব করা। জন্ম দেওয়া।

جننی (জন্‌নী) হিঃ বিঃ ; প্রসূতি। মাতা।

جنواسا (জন্‌ওয়াসা) হিঃ নাঃ পুং ; বরযাত্রীর অবস্থানস্থল। বরমঞ্চ।

جنوائی - جوائی (জনওয়ায়ী-জওয়ায়ী) হিঃ নাঃ পুং ; মেয়ের জামাই। শত্রু। গালি বিশেষ।

جنوب (জুনূব) আঃ নাঃ পুং ; দক্ষিণ।

جنوبا (জুনুবান) আঃ বিঃ ; দক্ষিণ দিক। দক্ষিণা।

جنوبی (জুনুবী) আঃ বিঃ ; দক্ষিণ দিক সম্পর্কীয়।

جنود (জুনূদ) আঃ নাঃ পুং ; বাহিনী। দাবার ঘুঁটি।

جنوری (জান্‌ওয়ারী) ইং নাঃ পুং ; January—জানুয়ারী। ইংরেজী বর্ষের প্রথম মাস।

جنون (জুনূন) আঃ নাঃ পুং ; উন্মত্ততা। উন্মাদনা। মস্তিষ্ক বিকৃতি। বোকামি। পাগলামি। ধান্ধা।

جنون انا (জুনূন্‌ আনা) উঃ ; ক্রোধমত্ত হওয়া।

جنونی (জুনূনী) উঃ বিঃ ; পাগল। মস্তিষ্ক বিকৃত। উন্মত্ত।

جنہوں - جنہیں (জিনহোঁ, জিন্‌হ্যাঁ) হিঃ সঃ নাঃ ; যে সমস্ত। যে সব। যাদেরকে।

جنی (জিন্‌নী) আঃ নাঃ পুং ; জ্বিন উপস্থিত কারী। জ্বিনের কবিরাজ।

جنیا (জনিয়া) হিঃ নাঃ পুং ; প্রাণ আমার। হৃদয় আমার।

جنین (জানীন) আঃ নাঃ পুং ; পেটের বাচ্চা। অসম্পূর্ণ বাচ্চা। গোশ্‌ত পিন্ড।

جنیو (জনিউ) হিঃ নাঃ পুং ; পৈতা। তাগা। অলঙ্কারের রেখা।

ج - و

جو (জও) ফাঃ নাঃ পুং ; ধান্য। গোধুম জাতীয় শস্য বিশেষ। আঃ নাঃ পুং ; জব। সামান্য। একতৃতীয়াংশ। جوجو حساب لینا (জওজও হিসাব লেনা) কঠোর ভাবে হিসাব নেওয়া।

جو (জু) ফাঃ নাঃ স্ত্রীং ; নদী। নালা। জলস্রোত। জলপ্রপাত। বারিধারা। বিঃ ; অনুসন্ধানী।

جو (জু) হিঃ সর্ব ঃ যে, যা। যদি। جوکوئی (জু কোঈ) যে কেউ। جوهو سو هو (জু হো সোও হো) সে যাই হউক।

جو (জও) হিঃ নাঃ পুং ; বালি। বিন্দু। অত্যল্প।

جو (জাও) আঃ নাঃ পুং ; আকাশ ও পৃথিবীর মধ্যস্থিত স্থান।

جوا (জওয়া) হিঃ নাঃ পুং ; রসুনের কোষ।

جوا (জুওয়া) হিঃ নাঃ পুং ; জোঁয়াল। জুয়াখেলা।

جوئے خانه (জুয়ে খানাঃ) ফাঃ নাঃ পুং ; জুয়া খেলার আড্ডা বা স্থান।

جواب (জওয়াব) আঃ নাঃ পুং ; উত্তর। অঙ্কের সমাধান। জোড়া। প্রত্যাখ্যান। না-মঞ্জুর। প্রতিদান। স্থগিত। পদচ্যুতি। বিদায় দান।

جواب الجواب (জওয়াবুল-জওয়াব) আঃ নাঃ পুং ; প্রতি উত্তর।

جواب باصواب (জওয়াব বা সওয়াব) আঃ নাঃ পুং ; সঠিক উত্তর। নির্ভুল উত্তর।

جواب پانا (জওয়াব পানা) চাকুরী ছেড়ে দেয়া। সাজাপ্রাপ্ত হওয়া। অস্বীকৃত হওয়া।

جواب ترکی به ترکی (জওয়াবে তুরকী বা তুরকী) আঃ ফাঃ নাঃ পুং ; যেমন প্রশ্ন তেমন উত্তর।

جواب تلخ (জওয়াবে তল্‌খ) আঃ ফাঃ নাঃ পুং ; তিক্ত উত্তর।

جواب دعوی (জওয়াবে দা'ওয়া) আঃ নাঃ পুং ; অভিযোগের বৈধ উত্তরপত্র।

جواب ده (জওয়াব দেহ্) ফাঃ বিঃ ; উত্তর দাতা। অভিযুক্ত ব্যক্তি। দায়িত্বশীল।

جواب دهی (জওয়াবদেহী) আঃ ফাঃ নাঃ পুং ; দায়িত্বশীলতা। আত্মপক্ষ সমর্থন (অভিযুক্তের পক্ষে)। জবাবদিহিতা।

جواب دے دینا (জওয়াব দে দেনা) পঃ নাঃ ; স্থগিত করা। মুক্তি দেয়া। সুস্পষ্ট অস্বীকৃতি জানানো।

جواب سوال (জওয়াব্‌-সুওয়াল) আঃ নাঃ পুং ; তর্ক-বিতর্ক। অন্যায় বিতর্ক।

جواب شافی (জওয়বে শাফী) আঃ নাঃ পুং ; সন্তোষজনক উত্তর। পরিপূর্ণ উত্তর।

جواب شرط (জওয়াবে শর্‌ত) আঃ নাঃ পুং ; (ব্যাকরণে) সম্বন্ধ বাক্যের অপর অংশ।

جواب صاف (জওয়াবে সাফ) আঃ নাঃ পুং ; দ্ব্যর্থহীন উত্তর। স্পষ্ট অস্বীকৃতি।

جواب طلب (জওয়াব তলব) আঃ নাঃ পুং ; জেরা করার উপযুক্ত।

جواب طلبی (জওয়াব তলবী) আঃ ফাঃ বিঃ ; অনুসন্ধান। অনুসন্ধান সংক্রান্ত কার্যক্রম।

جواب قطعی (জওয়াবে কাত্‌য়ী) আঃ ফাঃ বিঃ ; যে উত্তরের পর কিছু বলার অবকাশ থাকে না এমন। মজবুত উত্তর।

جواب ندارد (জওয়াব না দারাদ) ফাঃ ; উত্তরের অভাব হওয়া। উত্তর না আসা। নিরুত্তর।

جواب نه رکهنا (জওয়াব না রাখনা) আঃ উঃ ; অদ্বিতীয় হওয়া। অদ্ভুত হওয়া। অনন্য হওয়া।

جوابا (জওয়াবান) আঃ নাঃ পুং ; উত্তরে। উত্তর হিসাবে।

جوابی (জওয়াবী) উঃ নাঃ পুং ; শোক গাঁথার প্রথম পংক্তি। দ্বিতীয়পক্ষ। অভিযুক্ত। ঝগড়াটে। উপমা। বার্তা। তারবার্তা। উত্তর সম্পর্কিত।

جوابی حمله (জওয়াবী হামলা) আঃ নাঃ পুং ; পালটা আক্রমণ। প্রতিঘাত।

جوابی کارروائی (জওয়াবী কাররাওয়ায়ী) আঃ ফাঃ স্ত্রীং ; প্রতিক্রিয়াশীল কার্যক্রম। পাল্টা উত্তর।

جواد (জওয়াদ) আঃ নাঃ পুং ; দানশীল। দাতা। আল্লাহর গুণ প্রকাশক নাম।

جوار (জিওয়ার) আঃ নাঃ পুং ; প্রতিবেশী হওন।

جوار (জোয়ার) হিঃ নাঃ স্ত্রীং ; সমুদ্রের পানিস্ফীতি। জোয়ার। جوار بهاٹا (-ভাটা) স্রোতের জোয়ার ভাটা।

جوارح (জওয়ারিহ্) আঃ নাঃ পুং ; অঙ্গ-প্রত্যঙ্গ। শিকারী পশু।

جوارش (জওয়ারিশ) ফাঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার পাচক ঔষধ। হজমী বর্ধক কবিরাজী ঔষধ।

جواری (জওয়ারী) হিঃ নাঃ স্ত্রীং ; সেতারার ধ্বনি উচ্চারিত ডোরা বিশেষ।

جواری (জুওয়ারী) হিঃ নাঃ স্ত্রীং ; জুয়াড়ি। জুয়া খেলোয়াড়।

جواز (জাওয়ায) আঃ নাঃ পুং ; অনুমতি। অনুমোদন। আইনানুগ। আইনানুগভাবে বৈধ হওয়া। অনুমোদন যোগ্য হওয়া।

جوالا (জূওয়ালা) হিঃ নাঃ পুং ; অগ্নিশিখা। جوالا مکھی (-মুখী) আগ্নেয়গিরি।

جوامرچ (জওয়ামির্‌চ) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট মরিচ।

جوامع (জওয়ামি') আঃ নাঃ পুং ; (جامعه -এর ব-ব) বিশ্ববিদ্যালয়।

جوان (জওয়ান) ফাঃ নাঃ ; যুবক। কৈশোর উত্তীর্ণ। শক্তিশালী। প্রাপ্তবয়স্ক নারী-পুরুষ।

جوانبخت (জওয়াঁবখ্‌ত) ফাঃ বিঃ সৌভাগ্যশালী। ভাগ্যবান। শেষ মোগল-সম্রাট বাহাদুর শাহ মুজাফ্‌ফর যুবরাজের নাম।

جوان جهاں (জওয়াঁ জাহাঁ) ফাঃ বিঃ বিঃ ; পূর্ণ যুবক।

جوان دولت (জওয়াঁ দৌলত) ফাঃ বিঃ ; সৌভাগ্যশালী।

جوان سال (জওয়াঁসাল) ফাঃ বিঃ ; উঠতি যুবক। তরুণ।

جوان صالح (জওয়ানে সালিহ্) ফাঃ বিঃ ; সত্যবাদী যুবক। শিষ্টাচারী।

جوان مرد (জওয়াঁমরদ) ফাঃ বিঃ ; বীর। শক্তিশালী। দানশীল।

جواں مردی (জওয়াঁ মরদী) ফাঃ নাঃ স্ত্রীং ; বাহাদুরী। বদান্যতা। বীরত্ব।

جواں مرگ (জওয়াঁ মরগ) ফাঃ বিঃ ; যুবক বয়সে দেহত্যাগ করা।

جوانا (জওয়ানা) উঃ নাঃ পুং ; হে! যুবা, প্রশংসা প্রকাশ সূচক ও উৎসাহ দান প্রসঙ্গে প্রযোজ্য।

جوانان چمن (জওয়ানানে-চমন) ফাঃ নাঃ পুং ; চারাগাছ।

جوانب (জাওয়ানিব) আঃ নাঃ পুং ; (جانب -এর ব-ব) দিক।

جوانی (জওয়ানী) ফাঃ নাঃ স্ত্রীং ; যৌবন। যৌবনকাল।

جوانی کا عالم (জওয়ানীকা 'আলম) ফাঃ নাঃ পুং ; যৌবনকাল। তারুণ্যের অবস্থা।

جواهر (জাওয়াহির) আঃ নাঃ পুং ; (جوهر -এর ব-ব) দামী পাথর। মণিমুক্তা। মোতি। হীরা-জহরত।

جواهرخانه (জওয়াহিরখানাঃ) আঃ ফাঃ নাঃ পুং ; মনি-মাণিক্যের পাত্র।

جواهر نگار (জওয়াহির নিগার) ফাঃ বিঃ ; মণি-মুক্তা বসাক। সুলিপিকার।

جوبلی (জুবিলী-Jubilee) ইঃ নাঃ পুং ; জুবিলি। বর্ষপূর্তি উৎসব।

جوبن (জৌবন) হিঃ নাঃ পুং ; কান্তিময়তা। শোভা। সৌন্দর্য। ফুটন্ত যৌবন। جوبن ابهارنا (- উভারনা) স্ত্রীলোকের স্তনযুগল উত্থিত হওয়া।

جوت (জোত) হিঃ নাঃ স্ত্রীং ; আলো।

কিরণ। দৃষ্টি। শোভা। স্বর্ণ। সম্পদ। আত্মা। সূর্য। جوتجگانا (জোতজাগানা) প্রদীপ জ্বালানো।

جوت (জোত) হিঃ নাঃ স্ত্রীং ; কৃষি। কর্ষণ। রশি। হালচাষ। জোরপূর্বক কাজে লাগানো। শস্য। ফসল উঠানো ক্ষেত।

جوت دار (জোতদার) হিঃ ফাঃ নাঃ পুং ; কৃষক। আবাদকারী।

جوت جمع (জোতজমা'–) হিঃ নাঃ স্ত্রীং ; খাজনা। জমির খাজনা।

جوتا (জোতা) হিঃ নাঃ পুং ; কৃষক। চাষী। সীমানা। সহবাসী।

جوتا (জুতা) হিঃ নাঃ পুং ; জুতা। পাদুকা।

جوتا لگنا (জুতালগ্‌না) ক্ষতিগ্রস্ত হওয়া।

جوتاؤ (জুতাউ) হিঃ বিঃ ; জোতার উপযুক্ত। আবাদযোগ্য ভূমি।

جوتری (জওতরী) হিঃ নাঃ স্ত্রীং ; জায়ফলের ফুল।

جوتش (জোতিশ) হিঃ নাঃ পুং ; জ্যোতিষ শাস্ত্র। জ্যোতির্বিভাগ।

جوتشی (জোতিশী) হিঃ নাঃ পুং ; জ্যোতিষী। জ্যোতির্বিদ। হস্তরেখা বিশারদ।

جوتی (জুতী) হিঃ নাঃ পুং ; পাদুকা।

جوٹ (জোট) হিঃ নাঃ পুং ; জোটবদ্ধ। সমকক্ষ। সঙ্গী। জোড়া বলদ। جوٹ باندھنا (জোটবান্ধনা) জোটবদ্ধ হওয়া। সংঘবদ্ধ। ঐক্যমত্যে উপনীত হওয়া।

جوٹھا (জুঠা) হিঃ বিঃ ; ঝুটা। খাবারের অবশিষ্টাংশ।

جوٹیا (জুটিয়া) হিঃ বিঃ ; সাহায্যকারী। জল-চাক্কির পরিচালক।

جوجو (জুজু) উঃ নাঃ পুং ; কাল্পনিক নাম বিশেষ। জুজুর ভয়।

جود (জুদ) আঃ নাঃ পুং ; ক্ষমা। দান। বদান্যতা। উদারতা।

جودت (জাওদাত্) আঃ নাঃ স্ত্রীং ; বুদ্ধির প্রখরতা। মেধার তীক্ষ্ণতা। যোগ্যতা। গুণ। প্রতিভা। সৃজনশীলতা।

جود وسخا (জুদ্ ওয়াসাখা) আঃ নাঃ স্ত্রীং ; দান। দয়া।

جودھا (জুধা) হিঃ নাঃ পুং ; শৌর্যবান সৈনিক। বীর পুরুষ।

جوڈیشل اختیارات (জুডিশাল ইখ্‌তিয়ারাত) ইঃ বিঃ বিঃ ; ফৌজদারী বা দেওয়ানী আদালতের ক্ষমতা।

جوڈیشل کارروائی (জুডিশাল কাররাওয়ায়ী) ইঃ নাঃ স্ত্রীং ; দেওয়ানী ও ফৌজদারী কার্যবিধি।

جور (জূর) আঃ নাঃ পুং ; নির্মমতা। অত্যাচার। উগ্রতা। নির্দয়তা। جوراستاد به زمهر پدر (জূরে উস্তাদ বে যে মাহরে পেদার) পিতার কোমলতার চেয়ে গুরুজনের কঠোরতা উত্তম।

جورو (জোরু) হিঃ নাঃ স্ত্রীং ; স্ত্রী। পত্নী। ভার্যা। جورو کاغلام (– কাগোলাম) স্ত্রৈন। স্ত্রীর বশীভূত যে।

جوڑ (জোড়) হিঃ নাঃ পুং-স্ত্রীং ; গ্রন্থি। সন্ধি। ভগ্নস্থানের জোড় মিলন। সমকক্ষ। যোগ। তিথির মিলন। জোড়। জোড়া। সঙ্গম। প্রতিদ্বন্দ্বি। হ্যাঁ সূচক। শোকগাঁথার পাঠকদল।

جوڑ باندھنا (জোড় বান্ধনা) প্রতিদ্বন্দ্বিতার জন্য দু'জনকে মল্লযুদ্ধে ঠিক করা। কোন কাজের জন্য দু'জন করে লোক ঠিক করা।

جوڑ بند (জোড়বন্দ) ফাঃ নাঃ পুং যোজন। বন্ধন। প্রস্থান।

جوڑدار (জোড়দার) ফাঃ নাঃ পুং ; বন্ধন করা হয়েছে এমন। জোড়াদার।

جوڑکا (জোড়কা) ফাঃ বিঃ বিঃ সমপর্যায়ের। প্রতিদ্বন্দ্বিতার।

جوڑ کاتوڑ (জোড়কাতোড়) ফাঃ নাঃ স্ত্রীং ষড়যন্ত্র প্রতিহত করার কৌশল।

جوڑا (জোড়া) হিঃ নাঃ পুং ; নর-মাদা স্বামী-স্ত্রী। পূর্ণ-পোষাক।

جوڑا (জুড়া) হিঃ নাঃ পুং ; চুলের গদি।

جوڑنا (জোড়না) হিঃ মূঃ ; জোড়া লাগানো। সংযুক্ত করা। সংকলন করা। যোগ করা। সেলাই করা।

جوڑواں (জোড়ওয়াঁ) হিঃ নাঃ পুং ; জুটি সমপর্যায়ভুক্ত। সমকক্ষ।

جوڑی (জোড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; জোড়ী। সমপর্যায়ভুক্ত। যুগল। দম্পতি।

جوڑی (জূড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; দারুণ শৈত্য। কম্পজ্বর।

جوڑی دار (জোড়ীদার) ফাঃ নাঃ পুং ; বন্ধু। এমন দুইজন লোক, যারা এক সাথে কোন কর্মসম্পাদন করেন।

جوڑی والا (জোড়ীওয়ালা) হিঃ নাঃ পুং ; নৃত্যতালে তবলা বাদক।

جوز (জওয্) আঃ নাঃ পুং ; আখরোট। নারকেল। জায়ফল।

جوزا (জওযা) আঃ নাঃ পুং ; কন্যারাশি।

جوس (জোস–Juice) ইং নাঃ পুং ; ক্রোধ। উত্তেজনা। হঠকারিতা। রস। সারাংশ।

جوش (জোশ) ফাঃ নাঃ পুং ; স্ফুটন। স্ফীতি। তেজ। সিদ্ধ হওয়া। আবেগ। উদ্দাম। ঊর্মি। তরঙ্গ। উৎসাহ। উত্তেজনা। উষ্ণতা। দ্রুততা। চঞ্চলতা।

جوش جوانی (জোশে জাওয়ানী) ফাঃ নাঃ পুং ; তারুণ্যের উদ্দাম। যৌবনোৎ সাহ। যৌন উন্মাদনা।

جوش جنون (জোশে জুনুন) ফাঃ বিঃ বিঃ ; পাগলামির প্রাবল্য।

جوش خون (জোশে খুন) ফাঃ নাঃ পুং ; স্বজনপ্রীতি। রক্তের গরম। রক্ত গরম।

جوش دهن (জোশে দাহান) ফাঃ নাঃ পুং ; তিরস্কার করা। বিদ্রুপ করা। উপহাস করা। মুখে মেচতা পড়া।

جوش دینا (জোশ দেনা) উঃ নাঃ মূঃ ; উৎসাহ দেয়া। উচ্ছসিত করা। উদ্বেলিত করা। ফুটানো।

جوش میں لانا (জোশমেঁলানা) পঃ ; উত্তেজিত করা। বিরক্ত করা। আবেগাপ্লুত করা।

جوش وخروش (জোশ ওয়া খুরোশ) ফাঃ নাঃ পুং ; উত্তেজনা। ক্রোধ। চিৎকার। উৎসাহ উদ্দীপনা। আবেগ।

جوشانده (জোশান্দাঃ) ফাঃ নাঃ পুং ; (সিদ্ধকরনান্তর নিষ্কশিত) কাথ। তেঁতো সিরাপ বিশেষ।

جوشن (জওশন্) ফাঃ নাঃ পুং ; বর্ম। বাজুবন্দ। (অলঙ্কার বিশেষ)।

جوع (জূ') আঃ নাঃ পুং ; ভুক। ক্ষুধা। বুভুক্ষু।

جوع الارض (জু'উল-আরয) আঃ নাঃ পুং ; ভূমির লিপ্সা। রাজ্য দখলের প্রবণতা।

جوع البقر (জূ' উল-বাকার) আঃ নাঃ পুং ; ক্ষুধা কাতরতা। একপ্রকার রোগ বিশেষ, যার লক্ষণ–আমৃত্যু ক্ষুধা কাতরতা।

جوف (জওফ) আঃ নাঃ পুং ; পেট। উদর। গুহা। গহ্বর।

جوق (জওক) তুঃ নাঃ স্ত্রীং ; ঝাঁক। সৈন্য বাহিনী। দল। جوق درجوق (জওক দর জওক) দলে দলে।

جوکر (জুকার) ইং নাঃ পুং ; জোকার। কৌতুককারী। ভাঁড়।

جوکه (জোখ) হিঃ নাঃ স্ত্রীং ; পরীক্ষা। পরিমাপ। যাচাই। তুলনা।

جوکهم (জোখম) হিঃ নাঃ স্ত্রীং ; দুরূহ কর্ম। আশঙ্কা। ভয়। দামী বস্তু। বিপদ। ক্ষতি।

جوکهوں (জোখোঁ) হিঃ নাঃ স্ত্রীং ; বিপদ। ক্ষতি। ঝুঁকি। দুরূহ কাজ।

جوگ (জোগ) হিঃ নাঃ পুং ; শুভ মুহূর্ত। চন্দ্র তিথি। সংযোগ। সম্পর্ক। ঐক্য। পদ্ধতি। একাগ্রতা। বিঃ ; উপযুক্ত। যোগ্য।

جوگ آسن (জোগ্আসন) হিঃ নাঃ পুং ; যোগাসন। সন্যাসীর আসন।

جوگ ابلیاس (জোগ আবলিয়াস) হিঃ নাঃ পুং ; যোগসাধন পদ্ধতি।

جوگن (জোগন) হিঃ নাঃ স্ত্রীং ; যোগিনী। সন্নাসিনী। বৈরাগিনী।

جوگنی (জোগনী) হিঃ নাঃ স্ত্রীং ; অপদেবতা। যাদুকারিণী। বৈরাগিনী। হিন্দু দেবীর মন্দির বিশেষ।

جوگی (জোগী) হিঃ নাঃ পুং ; হিন্দু সন্নাসী। পূজারী। পুরোহিত। সাধু। যাদুকর।

جوگیا (জোগিয়া) হিঃ নাঃ পুং ; সঙ্গীতের রাগিণী বিশেষ। বন্য পারাবত। ঘুঘু।

جولاں (জওলাঁ) ফাঃ নাঃ পুং ; পদবেড়ি। শিকল। ডান্ডাবেড়ি।

جولاں (জওলাঁ) আঃ নাঃ পুং ; ফাঁদ। ঘোড়দৌড়। চাঞ্চল্য। স্পন্দন।

جولاں گاہ (জওলাঁগাহ) ঘোড়দৌড়ের মাঠ। অশ্বের ব্যায়ামস্থল। রেস কোর্স।

جولانی (জওলানী) ফাঃ নাঃ স্ত্রীং ; অশ্বদৌড়। উদ্যম। তেজস্বিতা।

جولاها (জূলাহা) হিঃ নাঃ পুং ; তাঁতি। জোলা।

جولائی (জুলাই-July) ইং নাঃ পুং ; ইংরেজী বর্ষের সপ্তম মাস।

جون (জুন-June) ইং নাঃ পুং ; ইংরেজী বর্ষের ষষ্ঠ মাস। جون بدلنا (- বদলনা) আকৃতি পরিবর্তন করা। হিন্দুমতে- কায়ার পরিবর্তন। অস্বাভাবিক উত্থান-পতন।

جوں (জূঁ) হিঃ নাঃ স্ত্রীং ; উকুন।

جوں کی چال (জূঁকী চাল) হিঃ নাঃ স্ত্রীং ; অতি ধীর গতি।

جوں (জূঁ) হিঃ ; (তুলনামূলক) যেমন। অনুরূপ। মত।

جوں سا (জুন্‌সা) হিঃ সর্বঃ ; যা। যা কিছু। যে লোক।

جونک (জোঁক) হিঃ নাঃ স্ত্রীং ; জোঁক। হিংসুক।

جونهي (জূঁহী) যখন। তক্ষণাৎ।

جونیر (জুনিয়র) ইং বিঃ ; কনিষ্ঠ। জুনিয়র।

جوهر (জওহর) আঃ নাঃ পুং ; দামী পাথর। সারাংশ। সুপ্রতিষ্ঠিত বস্তু বিশেষ। কারুকার্য। বৈশিষ্ট্য। রহস্য। তাৎপর্য। নৈপুণ্য।

جوهی (জূহী) হিঃ নাঃ স্ত্রীং ; জুঁইফুল।

جوهردار (জওহরদার) ফাঃ বিঃ ; বিশেষত্বের অধিকারী। جوهردکهانا (- দেখান।) নৈপুণ্য প্রদর্শন করা।

جوهری فرد (জওহরী ফরদ) আঃ নাঃ পুং ; পদার্থের ক্ষুদ্রাতিক্ষুদ্র অংশ। অবিভাজ্য অংশ।

جوهر لطیف (জওহরে লাতীফ) আঃ ফাঃ নাঃ পুং ; পবিত্র সত্তা। সূক্ষ্মতম সত্তা বিশেষ, বাহ্য দৃষ্টিতে যার দর্শন অসম্ভব। অনু-পরমানু।

جوهری (জওহরী) ফাঃ নাঃ পুং ; জহুরী। মাণিক্য ব্যবসায়ী। বিঃ ; মাণিক্য বিষয়ক। পরমাণু সম্বন্ধীয়। পরমাণু সংক্রান্ত। পারমানবিক। আনবিক।

جوهری توانائی (জওহারী তুওয়ানায়ী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; পরমাণু শক্তি।

جوئنده (জোয়েন্দাঃ) ফাঃ বিঃ ; অন্বেষণ কারী। অনুসন্ধানী।

جوئے - جو (জোয়ে-জো) ফাঃ নাঃ পুং ; নদী। স্রোত। জলপ্রপাত।

جوئے شیر (জোয়ে শীর) ফাঃ নাঃ পুং ; পাহাড় খোদাই করে প্রাণপ্রিয়া শিরীর জন্য ফরহাদ যে নদী খনন করেছিল। এই নদী পথে শিরীর ঘরে ফরহাদের বকরীর দুধ প্রবাহিত হতো।

جوئی (জূয়ী) প্রাঃ বিঃ ; পৃথক্। স্বতন্ত্র। নিঃসঙ্গ।

جویاں - جویا (জুয়াঁ-জুয়া) ফাঃ বিঃ ; সন্ধানী। অন্বেষণকারী।

جوین (জবীন) ফাঃ বিঃ ; গমের। গম দ্বারা তৈরী।

ج — ه

جهات (জিহাত) আঃ নাঃ পুং ; (جهة -এর ব-ব) দিক।

جهاد (জিহাদ) আঃ নাঃ পুং ; চেষ্টা। প্রানান্ত চেষ্টা। মুসলমানদের ধর্মযুদ্ধ। জিহাদ। جهاد اصغر (জিহাদে আস্‌গার) অবিশ্বাসীর বিরুদ্ধে যুদ্ধ। جهاد اكبر (জিহাদে আকবার) কুপ্রবৃত্তিকে দমন করা। আধ্যাত্মিকতা।

جهاد بالسيف (জিহাদ বিস্‌সাইফ) আঃ নাঃ পুং ; সশস্ত্র যুদ্ধ।

جهاد بالقلم (জিহাদ বিল কলম) আঃ নাঃ পুং ; সত্যের পক্ষে কলম ধারণ। বাতিলের বিরুদ্ধে সত্যের বাণীপ্রচার।

جهاز (জাহায) ফাঃ নাঃ পুং ; জাহায। সমুদ্রযান। বড়নৌকা। সাম্পান। বিঃ ; অনেক বড়। অতি প্রশস্ত।

جهاز كاجهاز (জাহায্ কা জাহায) নাঃ পুং ; অনেক বড়। অতি প্রশস্ত। অতিশয় বিস্তৃত।

جهاز كاكوا (জাহায্‌কা কাউওয়া) ফাঃ নাঃ পুং ; গাং চিল।

جهاز رانی (জাহায্ রানী) ফাঃ নাঃ স্ত্রীং ; জাহায পরিচালনা।

جهاز راں (জহায্‌রাঁ) ফাঃ নাঃ পুং ; জাহায চালক। ক্যাপ্টেন।

جهازی (জাহাযী) ফাঃ নাঃ পুং ; নাবিক।

جهال (জুহ্‌হাল) আঃ নাঃ পুং ; অজ্ঞ। গন্ড মূর্খ। অশিক্ষিত।

جهالت (জাহালাত্) আঃ নাঃ স্ত্রীং ; অজ্ঞতা। মূর্খতা। নির্বুদ্ধিতা। নিষ্ঠুরতা।

جهاں (জাহাঁ) হিঃ ; যেখানে। যে স্থানে। যে সময়। যে মুহূর্তে। جهاں پهول وهاں كانٹا (জাহাঁ ফুল ওহাঁ কাঁটা) যেখানে সুখ সেখানেই দুঃখ।

جهاں - جهاں (জাহাঁ-জাহান) ফাঃ নাঃ পুং ; পৃথিবী। বসুন্ধরা। ধরণী। দৃশ্যপট। বিশ্ব।

جهاں آرا (জাহাঁ নারা) ফাঃ বিঃ ; বিশ্ব কান্তি। মোগল সম্রাট শাহাজানের জ্যেষ্ঠ স্ত্রী।

جهاں آفرين (জাহাঁ আফরী) ফাঃ বিঃ ; বিশ্বস্রষ্টা। আল্লাহর গুণবাচক নাম।

جهانبان (জাহাঁবাঁ) বিশ্ব রক্ষক। পরাক্রম শাসক।

جهاں بانی (জাহাঁ বানী) ফাঃ স্ত্রীং ; রাজত্ব। পাহারাদারী।

جهاں بين (জাহাঁবীন) ফাঃ বিঃ ; অভিজ্ঞ। দক্ষ।

جهاں پناه (জাহাঁপানাহ্) ফাঃ বিঃ ; নৃপতি। শাসক। আশ্রয়দাতা।

جهاں تاب (জাহাঁতাব) ফাঃ বিঃ ; পৃথিবী উজ্জ্বলকারী। সূর্য।

جهاں دار (জাহাঁদার) ফাঃ বিঃ ; নৃপতি। শাসনকর্তা।

جهاں داری (জাহাঁদারী) ফাঃ স্ত্রীং ; রাজত্ব। শাসন কার্য। রাষ্ট্রীয় শৃঙ্খলা।

جهاں ديده (জাহাঁ দীদাঃ) ফাঃ নাঃ ; বিজ্ঞ। অভিজ্ঞ। পোড় খাওয়া ব্যক্তি। جهاں ديده بسيار گويد دروغ (জাহাঁ দীদাঃ বিসয়ার গোয়াদ দরোগ) অভিজ্ঞ লোক অন্যকে বোকা বানানোর জন্য মিথ্যা বলে।

جهاں سوز (জাহাঁ সূয) ফাঃ বিঃ ; বিপর্যয় সৃষ্টিকারী।

جهاں گشت (জাহাঁ গাশ্‌ত্) ফাঃ বিঃ ; বিশ্বচারি। পর্যটক। ভ্রমণকারী।

جهاں گير (জাহাঁগীর) ফাঃ বিঃ ; বিশ্ব বিজেতা। দিল্লীশাসক আকবর পুত্র শাহ নূরুদ্দীনের উপাধি।

جهاں گيری (জাহাঁগীরী) ফাঃ স্ত্রীং ; রাষ্ট্র। রাজত্ব। সাম্রাজ্য। (নূরজাহান কর্তৃক আবিষ্কৃত) কাঁচের চুড়ি বিশেষ।

جهاں نما (জাহাঁনুমা) ফাঃ বিঃ ; দর্পন। সুউচ্চ মিনার। বিশ্বখ্যাত। শাহী তাবু।

جهت (জিহাত্) আঃ নাঃ স্ত্রীং ; দিক।

দিকে। পার্শ্ব। কারণ।

جہد - جہد (জাহদ্-জুহদ) আঃ নাঃ স্ত্রীং ; চেষ্টা। উদ্যোগ। উদ্যম। চাঞ্চল্য।

جہد للبقاء (জাহদ্‌লিল্‌বাকা) আঃ নাঃ স্ত্রীং ; জীবন সংগ্রাম। বেঁচে থাকার চেষ্টা।

جہر (জাহ্‌র) আঃ নাঃ পুং ; সরব পাঠ। উচ্চস্বরে পড়া।

جہل (জাহ্‌ল) আঃ নাঃ পুং স্ত্রীং ; মূর্খতা। অজ্ঞতা। উন্মত্ততা। বোকামি।

جہل مرکب (জাহলে মুরাক্কাব) আঃ নাঃ পুং ; চরম মূর্খতা। অজ্ঞ হয়েও বিজ্ঞ মনে করা। গন্ডমূর্খ।

جہندہ (জিহন্দাঃ) ফাঃ ; সদা চঞ্চল। চির চঞ্চল।

جہنم (জাহান্নাম) আঃ নাঃ পুং ; গভীরকূপ। নরক। জাহান্নাম।

جہنم کا نمونہ (জাহান্নামকা নমূনাঃ) আঃ নাঃ পুং ; নরক যেন। বিপদের স্থান।

جہنمی (জাহান্নামী) আঃ বিঃ ; নরকের উপযুক্ত। দোযখবাসী।

جہول (জাহুল) আঃ বিঃ বিঃ ; চরম মূর্খ। সাংঘাতিক গোঁয়ার।

جہیر (জাহীর) আঃ বিঃ ; উচ্চধ্বনী। কান্তিময় পুরুষ। সরবকারী।

جہیز (জাহীয) আঃ নাঃ পুং ; মালপত্র। যৌতুক। جہیز میں آنا (-মেঁ আনা) কনে পক্ষ থেকে যৌতুক লাভ করা।

ج - ھ

جھاب - جھانا (ঝাব-ঝানা) হিঃ নাঃ পুং ; চামড়ার পাত্র, যদ্বারা তৈল, ঘি মাখা হয়। বাঁশের ঝুপড়ি।

جھابر (ঝাবর) হিঃ নাঃ স্ত্রীং ; সুঠাম। বৃহৎ মাথাবিশিষ্ট সিংহ।

جھابڑ جھلا (ঝাবড়ঝল্লা) হিঃ বিঃ বিঃ ; ঢিলে ঢালা। কুৎসিত। কদাকার।

جھاپا (ঝাপা) হিঃ নাঃ পুং ; ক্ষুদ্র মুখের ঝাপি বা ঝুড়ি।

جھاپڑ (ঝাপড়) উঃ নাঃ পুং ; পাথর। থাপ্পড়। চড়।

جھاجھا (ঝা ঝা) হিঃ নাঃ পুং ; ভাং-এর মাদকতা।

جھارا (ঝারা) হিঃ নাঃ পুং ; ভাং। হালকা বৃষ্টিপাত। ফোয়ারা।

جھارنا (ঝারনা) হিঃ মূঃ ; চালা। ফুঁক দেয়া।

جھاڑ (ঝাড়) হিঃ নাঃ পুং ; শীত। প্রদীপের আবরন। চিমনি। আতশ বাজি। কথামালা। শুকনো বড়ই পাতা।

جھاڑ پونچھ (ঝাড় পোঁছ) হিঃ নাঃ স্ত্রীং ; পরিচ্ছন্নতা। ঝাড়ু দেওয়া। ঘষামাজা করা।

جھاڑپہاڑ (ঝাড় পাহাড়) হিঃ নাঃ পুং ; অতিকথন। অসার কথাবার্তা। নিরর্থক বাক্য ব্যয়। বাহুল্য কথন।

جھاڑجھنکاڑ (ঝাড়ঝঙ্কাড়) হিঃ নাঃ পুং ; ঝাড়জঙ্গল। কন্টক বৃক্ষ। আবর্জনা।

جھاڑ کا ازاربند (ঝাড়কা ইযারবন্দ) হিঃ নাঃ পুং ; পুষ্প খচিত পোষাক বিশেষ।

جھاڑ کھنڈ (ঝাড়খন্ড) হিঃ নাঃ পুং ; ঘণ অরণ্য। বন।

جھاڑا (ঝাড়া) হিঃ নাঃ পুং ; কন্টক বৃক্ষ। আবর্জনা। পায়খানা। তন্ত্রমন্ত্র। দেহ তল্লাশি।

جھاڑن (ঝাড়ন) হিঃ নাঃ স্ত্রীং ; ঝাড়ু। ঝাড়ুকার্য। চালনী। পুং ; আবর্জনা। জঞ্জাল পরিষ্কার করার ন্যাকড়া।

جھاڑن پوچھن (ঝাড়ন পোছন) আয়না। সর্বশেষের সন্তান।

جھاڑنا (ঝাড়না) হিঃ মূঃ ; পরিষ্কার করা। ঝাড়ু দেওয়া। মাজা ঘষা করা। চুনকাম করা। গুলী করা। আচড়ানো। অপমান করা। মাথায় আঘাত করা। ব্যায়াম করা। ঝেড়ে ফেলা।

جھاڑو (ঝাড়ু) হিঃ নাঃ পুং ; ঝাড়ু। পুচ্ছ বিশিষ্ট। নক্ষত্র। ছোট মার্জনী।

جھاڑی (ঝাড়ী) হিঃ নাঃ স্ত্রীং : বন।

কন্টকাকীর্ণ ক্ষুদ্র লতাগুল্ম বিশেষ।

جھاسنا (ঝাস্‌না) প্রাঃ মূঃ ; আকাঙ্খা করা।

جھاگ (ঝাগ্‌) হিঃ নাঃ পুং ; বুদবুদ। ফেনা। শ্লেষ্মা। جھاگ لانا (–লানা) উষ্মার সময় শ্লেষ্মা নির্গত হওয়া।

جھال (ঝাল) হিঃ নাঃ স্ত্রীং ; মরিচের তেজ। ঝাল। জলতরঙ্গ। বিদ্বেষ। উন্মত্ততা। তিক্ত। جھال آنا (ঝালআনা) ঝড় বওয়া। হঠাৎ বৃষ্টি নামা।

جھالا (ঝালা) হিঃ নাঃ পুং ; স্থানীয় বৃষ্টি। মেয়েদের কানের অলঙ্কার বিশেষ।

جھالر (ঝালর) হিঃ নাঃ পুং ; পাড়। প্রান্তর। ঝালর।

جھالردار (ঝালরদার) ফাঃ বিঃ বিঃ ; পাড় বিশিষ্ট। ঝালর আছে এমন।

جھالنا (ঝাল্‌না) হিঃ মূঃ ; জাল দেওয়া। ঝালাই করা। সেলাই করা।

جھاما (ঝামা) হিঃ নাঃ পুং ; ঝামা। পোড়া ইট।

جھام (ঝাম) হিঃ নাঃ পুং ; কোদাল বিশেষ।

جھامر (ঝামর) হিঃ নাঃ পুং ; সুঁই এবং বাটালি ধারানোর পাটা। মরীচিকা। কাদা।

جھانپ (ঝাঁপ) হিঃ নাঃ পুং ; বাঁশের কাঠি। প্রধান ফটক সম্মুখস্থ বারান্দা। বাঁশের চৌকাঠ।

جھانپنا (ঝাঁপনা) হিঃ মূঃ ; আবৃত করা। দ্বার রুদ্ধ করা। লুকানো। ঝাঁপ ফেলা।

جھانٹ (ঝাঁট) হিঃ নাঃ পুং ; নিম্নাঙ্গের চুল। যৌনাংগের চুল। বাল। অসার বস্তু। নিকৃষ্ট লোক।

جھانٹ کی جھٹلی (ঝাঁটকী ঝুটলী) বিঃ বিঃ ; অতি সামান্য। অতিক্ষুদ্র। একেবারে অসার।

جھانجھ - جھانج (ঝাঁজ-ঝাঁঝ) হিঃ নাঃ স্ত্রীং ; উন্মত্ততা। গোস্বা। উত্তেজনা। তেজস্বিতা। অধৈর্য। অনুরাগ। পায়ের অলঙ্কার।

جھانجن (ঝানজন) হিঃ নাঃ স্ত্রীং ; মেয়েদের পায়ের ঘুঙ্গুর। নুপুর।

جھانسا (ঝান্‌সা) হিঃ নাঃ পুং ; প্রতারণা। আশা।

جھانسے باز (ঝান্‌সে বায্‌) নাঃ পুং ; প্রতারক। দাগা বায।

جھانك (ঝাঁক) হিঃ নাঃ স্ত্রীং ; চুপে চুপে দেখা। চুপিসারে দেখা। সাগ্রহ দৃষ্টি।

جھانکڑ (ঝাঁকড়) হিঃ নাঃ পুং ; কণ্টক বিশিষ্ট বৃক্ষ। শুকনো ডাল। দুর্বল। শক্তিহীন।

جھانکنا (ঝাঁক্‌না) হিঃ মূঃ ; উপর থেকে নীচের দিকে ঝুকে তাকানো। চুপিসারে অবলোকন করা। একপলকে দেখা।

جھانکی (ঝাঁকী) হিঃ নাঃ স্ত্রীং ; নাটকের দৃশ্য। ঝলক। তামাশা। ছিদ্র। সুড়ঙ্গ। আলোর ছিদ্র পথ। প্রদর্শনী।

جھانواں (ঝানওয়াঁ) হিঃ নাঃ স্ত্রীং ; ঝামা-ইট। যদ্বারা ময়লা পরিষ্কার করা হয়।

جھانولی (ঝানুলী) হিঃ নাঃ স্ত্রীং ; চক্ষু মিটমিট করে কথা বলা। কটাক্ষ করা। অপাঙ্গ দৃষ্টি। প্রতারণা।

جھانولی باز (ঝানুলীবায্‌) হিঃ বিঃ বিঃ ; ছলনাকারী। প্রতারক। অপাঙ্গ দৃষ্টির অধিকারী।

جھانولیدینا (ঝানুলীদেনা) হিঃ পঃ ; খলচাহনি। ছলনাময় দৃষ্টি।

جھاؤ (ঝাউ) হিঃ নাঃ পুং ; সমুদ্র তীরের একপ্রকার উদ্ভিদ।

جھانیاں (ঝানিয়াঁ) হিঃ নাঃ স্ত্রীং ; দাগ। শ্বেতী। তিলা।

جھائیں (ঝায়েঁ) হিঃ নাঃ স্ত্রীং ; ছায়া। প্রতিবিম্ব। মাটি বর্ণ। মুখের দাগ।

চাঁদের কালিমা। চিহ্ন।

جهبا (ঝব্বা) হিঃ নাঃ পুং ; গুচ্ছ। কর্ণকুন্ডল। লম্বমান অংশ।

جهبرا (ঝব্রা) হিঃ নাঃ পুং ; প্রলম্বিত চুলবিশিষ্ট ব্যক্তি। পশমধারী জন্তু।

جهپ (ঝপ্) হিঃ ; চট জলদি। শীঘ্র। সাথে সাথে।

جهپ جاليا (ঝপ্জালিয়া) নাঃ পুং ; জেলে। ধোকাঁবাজ। প্রতারক।

جهپاجهپ (ঝপাঝপ) হিঃ নাঃ পুং ; দ্রুত কার্য সম্পাদন করা।

جهپاكا (ঝপাকা) হিঃ নাঃ পুং ; দ্রুত হস্ত সঞ্চালন।

جهپان (ঝপ্পান) হিঃ নাঃ পুং ; (পাহাড়ী অঞ্চলে প্রচলিত) পালকি বিশেষ। ব্যাধি দৌর্বল্য।

جهپانا (ঝপ্পানা) হিঃ মূঃ ; পালঙ্ক উল্টে যাওয়া।

جهپنا (ঝপানা) হিঃ মূঃ ; চক্ষু অবনত করা। তন্দ্রাবিভূত হওয়া। লজ্জিত হওয়া।

جهپانى (ঝপ্পানী) হিঃ নাঃ পুং ; পাল্কী বাহক। বেয়াড়া।

جهپٹ (ঝপট) হিঃ নাঃ স্ত্রীং ; দৌড়। লম্ফ। দ্রুত আক্রমন جهپٹ كرانا (- কর আনা) পঃ ; আক্রমণ করা।

جهپٹا (ঝপট্টা) হিঃ নাঃ পুং ; খামচি মারা। ঝাপ দিয়ে শিকার করা। রোপওয়ে।

جهپٹانا (ঝপটানা) হিঃ মূঃ ; শীঘ্র যাত্রা করা। দ্রুত পাঠানো।

جهپٹنا (ঝপটনা) হিঃ মূঃ ; আক্রমণ করা। ধাবমান হওয়া। জোরপূর্বক ছিনিয়ে নেয়া। ছিনতাই করা।

جهپک (ঝপক) হিঃ নাঃ স্ত্রীং ; লজ্জা। অপাঙ্গ দৃষ্টি।

جهپکنا (ঝপক্না) হিঃ মূঃ ; লাফ দেয়া। তন্দ্রাভিভূত হওয়া। লজ্জায় চোখ অবনত হওয়া।

جهپکی (ঝপ্কী) হিঃ নাঃ স্ত্রীং ; তন্দ্রা। চক্ষু মিট্‌মিট করা। কটাক্ষপাত। جهپکی لينا (- লেনা) তন্দ্রাভিভূত হওয়া।

جهپيٹ (ঝপেট) উঃ নাঃ স্ত্রীং ; জ্বিন-পরির বাতাস। ভূতের আছর।

جهٹ (ঝট) হিঃ নাঃ পুং ; তড়িৎ। শীঘ্রতা। বিঃ ; শীঘ্র।

جهٹ پٹ (ঝটপট) ফাঃ বিঃ ; চট-জলদি। ঝটপট। নিশ্চিন্তে।

جهٹالنا (ঝুটাল্না) হিঃ মূঃ ; মিথ্যা বলা। মিথ্যা প্রতিপাদন করা। স্পর্শ দ্বারা খাদ্যদ্রব্য নষ্ট করা।

جهٹال دينا (ঝুটাল দেনা) উচ্ছিষ্ট খাবার প্রদান করা। আহারান্তে সামান্য প্রদান করা।

جهٹ پٹا (ঝুট-পটা) হিঃ নাঃ পুং ; সকাল ও সান্ধ্যকালীন কালাভ। সূর্যাস্ত। সকাল-সন্ধ্যার সাক্ষাত।

جهٹک (ঝটক্) হিঃ নাঃ স্ত্রীং ; হেঁচকা টান। নাড়া। নিক্ষেপ। সেলাই।

جهٹکا (ঝটকা) হিঃ নাঃ পুং ; হেঁচকা টান। প্রচন্ড টান। ক্ষতি। বিপদ। আপদ।

جهٹکنا (ঝটকনা) হিঃ মূঃ ; ঝাড়ু দেওয়া। হেঁচকা টান দেওয়া। ধাক্কা দেওয়া। কষ্ট দেওয়া। দুর্বল হওয়া।

جهٹلانا (ঝুটলানা) হিঃ মূঃ ; মিথ্যা প্রতিপন্ন করা।

جهٹنا (ঝুটনা) প্রাঃ মূঃ ; দূর্বল হওয়া। বিতর্ক করা।

جهٹيا (ঝুটয়া) হিঃ নাঃ স্ত্রীং ; মেয়েদের মাথার কেশ।

جھٹیل (ঝুট্টিয়াল) হিঃ বিঃ ; উচ্ছিষ্ট। বাসি। স্ত্রীং ; অসতি নারী।

جھجر (ঝজ্জর) হিঃ নাঃ পুং ; পানির বড় মৃতপাত্র। কলস বিশেষ।

جھجری (ঝজ্‌রী) হিঃ নাঃ স্ত্রীং ; পানির ছোট মৃতপাত্র।

جھجھری (ঝঝ্‌রী) হিঃ নাঃ স্ত্রীং ; জাফরি। ঝাঁঝরি। পর্দা।

جھجک - جھچک (ঝিজক-ঝিচক্‌) হিঃ নাঃ স্ত্রীং ; লজ্জা। সংকোচ। ভয়। কাপুরুষতা। নিবৃত্তি। সংশয়।

جھجکنا - جھچکنا (ঝিজাক্‌না-ছিচকনা) হিঃ মূঃ ; লজ্জা করা। সংকোচ করা। সংশয় করা। সন্দেহ করা।

جھڈو (ঝুড্‌ডু) হিঃ বিঃ ; অকর্মা। অধম। নির্বোধ। নারীভক্ত বাচাল প্রকৃতির লোক।

جھر (ঝর) হিঃ নাঃ স্ত্রীং ; বস্ত্র বা কাগজ ছেঁড়ার আওয়াজ।

جھر - جھر (ঝির-ঝির) সঃ নাঃ স্ত্রীং ; জলপাতের ধ্বনি। ক্ষীণ স্রোতবাহী পানি।

جھر جھرا (ঝিরঝিরা) হিঃ বিঃ ; অত্যন্ত পাতলা। খারাপ বুনানীর কাপড়।

جھر جھری (ঝুরঝুরি) হিঃ নাঃ স্ত্রীং ; জ্বরের কম্পন। শীতের কম্পন।

جھر جھری آواز (ঝুর ঝুরী আওয়ায) নাঃ স্ত্রীং ; অস্পষ্ট আওয়ায।

جھرمٹ (ঝুরমুট) হিঃ নাঃ স্ত্রীং ; গণ জোয়ার। জন সমাবেশ। মহা সমাগম। নারী সংঘ। কৃত্রিমযুদ্ধ।

جھرنا (ঝরনা) হিঃ নাঃ পুং ; পানির আস্তরণ। ঝরনা। মন্থন করার যন্ত্র।

جھرنا (ঝরনা) হিঃ মূঃ ; প্রবাহিত হওয়া। ফোটা ফোটা নির্গত হওয়া।

جھروکا (ঝরোকা) হিঃ নাঃ পুং ; জানালা। বাতায়ন। গবাক্ষ। জাফরি।

جھری (ঝরী) হিঃ নাঃ স্ত্রীং ; ছিদ্র। চিড়। ফাটল। ডোরা।

جھڑ (ঝড়) হিঃ নাঃ স্ত্রীং ; ঝড়। বৃষ্টি। অবিরাম কথা।

جھڑپنا (ঝড়প্‌না) হিঃ মূঃ ; যুদ্ধ করা। (মোরগের)।

جھڑبدلی (ঝড়বাদ্‌লী) নাঃ স্ত্রীং ; ঝড়বাদল। শ্রাবণের বৃষ্টি। শ্রাবণী।

جھڑ لگنا (ঝড়লাগনা) নাঃ পুং ; মুষলধারে বৃষ্টিপাত।

جھڑا (ঝড়া) হিঃ বিঃ ; সমস্ত। সম্পূর্ণভাবে। ঝাড়া হয়েছে এমন।

جھڑا جھڑ (ঝড়াঝড়) বিঃ বিঃ ; অবিরাম। নিরবচ্ছিন্ন। একের পর এক। অধিক হারে।

جھڑاکا (ঝড়াকা) হিঃ নাঃ পুং ; ত্বরিৎ। স্বতঃস্ফূর্ত। সাধারণ যুদ্ধ। অঝোর বৃষ্টি।

جھڑپ (ঝড়প) হিঃ নাঃ স্ত্রীং ; সামান্য যুদ্ধ। ক্রোধ। অগ্নিশিখা। ঝাল। লু-হাওয়া।

جھڑپانا (ঝড়পানা) হিঃ মূঃ ; পরস্পর প্রতিদ্বন্দ্বিতা করানো।

جھڑک (ঝিড়ক) হিঃ নাঃ স্ত্রীং ; ধমক। ভীতি প্রদর্শন। হেঁচকা টান।

جھڑکنا (ঝিড়কনা) হিঃ মূঃ ; ধমক দেওয়া। ভীতি প্রদর্শন করা। ভয় দেখানো তিরস্কার করা। ভর্ৎসনা করা।

جھڑکی (ঝিড়কী) হিঃ নাঃ স্ত্রীং ; ধমক। তিরস্কার। ভর্ৎসনা।

جھڑان (ঝড়ান) হিঃ নাঃ স্ত্রীং ; ঝরে যাওয়া ফল-ফুল। পালক এবং চুল ইত্যাদি ঝরে যাওয়া।

جھڑنا (ঝড়না) হিঃ মূঃ ; ঝরে পড়া। ঝাড়ু দেওয়া। ঝাড়-ফুঁক দেওয়া। শুক্র নির্গত হওয়া।

جهڑوتا (ঝড়োতা) হিঃ নাঃ পুং ; শেষ মৌসুমের ফল। বিঃ ; অসময়ে।

جهڑوس (ঝড়োস) উঃ নাঃ পুং ; কুৎসিৎ বৃদ্ধ। মর্যাদাহীন। দাইউস।

جهڑی (ঝড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; অবিরাম বৃষ্টি। অশ্রুধারা। অঝোর বারি বর্ষণ।

جهک (ঝক্) হিঃ নাঃ স্ত্রীং ; নিরর্থক গল্প। অসার কথাবার্তা। বোকামি। নির্বুদ্ধিতা। অসংলগ্ন কথা। পুং ; ঝগড়া। তেজ। উত্তেজনা।

جهك مارنا (ঝক্ মারনা) পঃ ; বোকামি করা। মিথ্যা বলা।

جهك جهک (ঝক্‌ঝক) নাঃ স্ত্রীং ; বিবাদ। কলহ। বাদানুবাদ।

جهکانا (ঝকানা) নাঃ মৃঃ ; উত্যক্ত করা। হয়রানি করা।

جهک (ঝক্) হিঃ বিঃ ; ঔজ্জ্বল্য। পরিস্কার। আলোকাভ। সাদা। আলোকিত।

جهکانا (ঝুকানা) হিঃ মৃঃ ; ঝুঁকানো। নোয়ানো। নত করা। লজ্জিত করা।

جهکاؤ (ঝুকাউ) হিঃ নাঃ পুং ; আনত। বিনীত। ভূতলের দিকে নিবদ্ধ। অনুন্নত। বক্রতা।

جهکاوٹ (ঝুকাওয়াট) হিঃ নাঃ স্ত্রীং ; নতমুখী। নত অবস্থা বা ভাব।

جهکڑ (ঝুক্কড়) হিঃ নাঃ পুং ; ঝড়। হাওয়া। বাত্যা।

جهکنا (ঝুক্‌না) হিঃ মৃঃ ; নত হওয়া। শ্রদ্ধা দেখানো। নতি স্বীকার করা। মনোনিবেশ করা। আত্মনিয়োগ করা। নম্র স্বভাবের হওয়া।

جهکور (ঝাকোর) হিঃ নাঃ পুং ; বিপদ। ক্ষতি। ভীতি।

جهکورا (ঝাকোরা) হিঃ নাঃ পুং; জলতরঙ্গ। ঢেউ। ঝটিকা। দম্‌কা বাতাস। প্রচুর বৃষ্টিপাত।

جهکولا (ঝকোলা) হিঃ নাঃ পুং ; নড়াচড়া করা। তরঙ্গায়িত হওয়া। তিক্ত অভিজ্ঞতা। ক্ষতি।

جهکولنا (ঝকোল্‌না) হিঃ মৃঃ ; নাড়া দেওয়া। ডুব দেওয়া। পানি প্রক্ষেপণ করা। সন্তরণ করা।

جهکی (ঝক্কী) হিঃ নাঃ পুং ; উৎসাহী। উত্তেজনশীল। কৃপণ স্বভাব।

جهگڑا (ঝগ্‌ড়া) হিঃ নাঃ পুং ; বিবাদ। বিতন্ডা। বচসা। ঝগড়া।

جهگڑالو (ঝগড়ালু) হিঃ নাঃ পুং ; বিবাদী। ঝগড়াটে। বচসাকারী।

جهگڑ بیٹهنا (ঝগড় বয়েঠনা) হিঃ মৃঃ ; দ্বন্দ্বে জড়িয়ে পড়া। যুদ্ধে লিপ্ত হওয়া।

جهگڑ پڑنا (ঝগড়পড়না) হিঃ মৃঃ ; বাক-বিতন্ডায় জড়িত হওয়া।

جهگڑنا (ঝগড়না) হিঃ মৃঃ ; একগুঁয়েমী করা। ঝগড়া করা। বিতর্ক করা।

جهگی (ঝুগ্‌গী) নাঃ স্ত্রীং ; ঝুপড়ি।

جهل (ঝল) হিঃ নাঃ স্ত্রীং ; উষ্মা। উত্তেজনা। বিদ্বেষ। অকল্যাণ কামনা। ঔজ্জ্বল্য। অগ্নিতাপ। জিঘাংসা।

جهل هائی (ঝলহায়ী) হিঃ বিঃ হিংসাকারিণী। অসতি। কুলাঙ্গিণী। কূট স্বভাবী মহিলা।

جهلا (ঝল্লা) হিঃ বিঃ ; বিধবা। কূট স্বভাবী। বোকা। মস্তিষ্ক বিকৃত। তিক্ত। আত্মপূজারী। তৈলপাত্র।

جهلا جهل (ঝল্লাঝল) হিঃ বিঃ ; দ্যুতিমান। স্বর্ণ-রৌপ্যের ঔজ্জ্বল্য।

جهلانا (ঝুলানা) হিঃ মৃঃ ; দোল দেওয়া। ঝুলিয়ে দেওয়া। মিথ্যা আশ্বাস প্রদান করা।

جهلانا (ঝালানা) হিঃ মৃঃ ; ঝালা দেওয়া। গিল্টি দেওয়া।

جهلانا (ঝাল্লানা) হিঃ মৃঃ ; ক্রোধান্বিত হওয়া। রাগান্বিত হওয়া। কষ্ট পাওয়া।

কথার প্রভাব দীর্ঘস্থায়ী হওয়া।

جهلجهل (ঝল্‌ঝল) হিঃ নাঃ পুং ; চমক, ঔজ্জ্বল্য, জ্বালা। যন্ত্রনা।

جهلجهلانا (ঝলঝলানা) হিঃ মূঃ ; প্রভাযুক্ত হওয়া। আলোকিত হওয়া। জ্বালাকরা। যন্ত্রণা করা।

جهلجهلاهٹ (ঝলঝলাহাট) হিঃ নাঃ স্ত্রীং ; উজ্জ্বলতা। প্রভা। জ্বালা। যন্ত্রণা।

جهلسا (ঝাল্‌সা) হিঃ নাঃ পুং ; ঝলসানো। হতভাগ্য, ভাগ্য বিড়ম্বিত।

جهلسنا (ঝলস্‌না) হিঃ মূঃ ; দগ্ধ হওয়া। পুড়ে যাওয়া। ঘুষ দেওয়া। বিবাহ করা। রাগ করে চলে যাওয়া।

جهلک (ঝলক্‌) হিঃ নাঃ স্ত্রীং ; দ্যুতি। আলোকবিম্ব। প্রভা। উজ্জ্বলতা। প্রতিবিম্ব। কমনীয়তা। ক্ষণস্থায়ী। আলোকচ্ছটা।

جهلکا (ঝলকা) হিঃ নাঃ পুং ; প্রতিচ্ছবি। বিম্ব। ঝলক। আলো।

جهلکار (ঝলকার) প্রাঃ বিঃ ; আলো। ঔজ্জ্বল্য।

جهلکنا (ঝলকনা) হিঃ মূঃ ; ঝকঝক করা। উজ্জ্বল হওয়া। ঠিকরানো। মৃদু আলোক উদ্ভাস।

جهلکانا (ঝল কানা) হিঃ মূঃ ; আলোক শোভিত করা। পলিশ করা। বার্নিশ করা।

جهلکی (ঝল্‌কী) হিঃ নাঃ স্ত্রীং ; মৃদু ঝলক। অপূর্ণ উজ্জ্বলতা।

جهلم (ঝিলম) হিঃ নাঃ স্ত্রীং ; লৌহনির্মিত নেক্বাব। যুদ্ধকালীন সৈনিকের পোষাক বিশেষ। বর্ম।

جهلمل (ঝল্‌মল্‌) হিঃ নাঃ স্ত্রীং ; উজ্জ্বলতা প্রকাশ। আলো বিকিরণের ভাব, চকচকে। দীপ্ত। ঝলমলে।

جهلملانا (ঝলমলানা) হিঃ মূঃ ; ঝলমল করা। চকচক করা। অল্প আলো।

جهلملا (ঝিল্‌মিলা) হিঃ বিঃ ; উজ্জ্বল। চকচকে। দীপ্ত।

جهلملی (ঝিলমিলি) হিঃ নাঃ স্ত্রীং ; নকশাযুক্ত জানালা। খোদিত দরজা। ঝিলিমিলি। কানের অলংকার বিশেষ।

جهلنا (ঝল্‌না) হিঃ মূঃ ; বাতাস করা। ঝাল্য দেওয়া। সহ্য করা। হীম করা। সেলাই করা।

جهلنگ (ঝলং) প্রাঃ বিঃ ; ছিদ্র বিশিষ্ট।

جهلنگا (ঝলঙ্গা) হিঃ নাঃ পুং ; ভগ্ন চৌপায়ীর ঝুল। দুর্বল।

جهلوانا (ঝল্‌ওয়ানা) হিঃ মূঃ ; বাতাস করানো। পাত্র অথবা অলঙ্কারে ফোঁড় কাটা।

جهلوائی (ঝলওয়ায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; ঝালাই কিংবা ফোঁড় দেয়ার পারিশ্রমিক।

جهلی (ঝল্লী) হিঃ নাঃ স্ত্রীং ; বিধবা। ঢাকনা।

جهلی (ঝিল্লী) হিঃ নাঃ স্ত্রীং ; চামড়ার পাতলা আবরণ। চোখের মৃদু জ্বালা। বিঃ ; হালকা-পাতলা।

جهماجهم (ঝমাঝম) হিঃ নাঃ স্ত্রীং ; বৃষ্টি পতনের ধ্বনি। নুপুর পায়ে মন দিয়া চলন বা নৃত্যরব। পোষাকের ঔজ্জ্বল্য।

جهماکا (ঝমাকা) হিঃ নাঃ পুং ; দ্রুতবেগে ধাবমান। বৃষ্টির বড়বড় ফোটা।

جهمر جهمر (ঝমর ঝমর) হিঃ নাঃ স্ত্রীং ; হাল্কা বৃষ্টিপাত। ইলশে গুঁড়ি।

جهمری (ঝুম্‌রী) হিঃ নাঃ স্ত্রীং ; সঙ্গীতের রাগিণী বিশেষ।

جهمکا (ঝম্‌কা) হিঃ নাঃ পুং ; সুন্দরী নারীর সাক্ষাত।

جهمکا (ঝমকা) হিঃ নাঃ পুং ; জনতার ঢল। সম্মেলন।

جهمکا (ঝুমকা) হিঃ নাঃ পুং ; কর্ণকুন্ডল। ঝুমকা। কানের দুল।

جهمکانا (ঝুমকানা) হিঃ মূঃ ; ঝলক দেখানো। জাঁকজমক দেখানো।

جهمکنا (ঝমকনা) হিঃ মূঃ ; ঝলমল করা। উজ্জ্বল হওয়া।

جهمورا (ঝমুরা) হিঃ নাঃ পুং ; লোমশ প্রাণী। আশ্রমের শিশু।

جهمیل (ঝমীল) হিঃ নাঃ স্ত্রীং ; বিলম্ব। আটক। অশ্বস্তি। ওলট-পালট।

جهمیلا (ঝমেলা) হিঃ নাঃ পুং ; বিবাদ। বিপর্যয়। ঝামেলা। দুঃখজনক অবস্থা। সংকট। জটিলতা।

جهنانا (ঝন্নানা) হিঃ মূঃ কোন অঙ্গ অবশ হওয়া। রাগান্বিত হওয়া। বিরক্ত হওয়া।

جهن (ঝন্) হিঃ নাঃ স্ত্রীং ; ধাত দ্রব্যাদি পড়া বা আহত হওয়ার তীক্ষ্ণ ক্রমাগত 'ঝন' শব্দ। অস্ফুট ধ্বনি। গুঞ্জন। তলোয়ার পতনের ধ্বনি।

جهنجت (ঝনজট) হিঃ নাঃ পুং ; বিবাদ। অশ্বস্তি। বিপদ। সমস্যা। কষ্ট। সংশয়।

جهنجر (ঝঞ্জর) হিঃ নাঃ পুং ; ছোরা। ভোর। উষা।

جهنجری (ঝাঁঝ্রী) হিঃ নাঃ স্ত্রীং ; جهجری দেখুন।

جهنجهلاهت (ঝন্ঝলাহাট) হিঃ নাঃ স্ত্রীং ; উত্তেজনা। অসন্তোষ। বিরক্তি।

جهنجهنا (ঝুন্ঝুনা) হিঃ নাঃ পুং ; ঝুনঝুনি। শিশুর খেল্না বিশেষ।

جهنجهناهت (ঝুন্ঝুনাহাট্) হিঃ নাঃ স্ত্রীং ; ঝুন্ঝুনির (শব্দ), ঝন্ঝন্ (শব্দ)।

جهنجلانا (ঝনজলানা) হিঃ মূঃ ; বিরক্ত হওয়া। উত্তেজিত হওয়া।

جهنجوٹی (ঝঞ্জুটী) হিঃ নাঃ স্ত্রীং ; রাগিণী বিশেষ। ঝিঁঝিট।

جهنڈ (ঝুণ্ড) হিঃ নাঃ পুং ; জনতা। ঝাঁক। দল। ঝাড় (গাছের)।

جهنڈا (ঝান্ডা) হিঃ নাঃ পুং ; ঝান্ডা। পতাকা। নিশান।

جهنڈی (ঝান্ডী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট কাপড়।

جهنڈی (ঝুন্ডী) হিঃ নাঃ স্ত্রীং ; ঝাড়। ঘাস স্তূপ। ছোট ডালা।

جهنک (ঝংক্) হিঃ নাঃ স্ত্রীং ; ঝুমুর-নুপুরের আওয়াজ।

جهنکار (ঝংকার) হিঃ নাঃ স্ত্রীং ; সীসা পাত্র ভাঙ্গার আওয়াজ। তরবারী ঘর্ষণের শব্দ। নুপুরের ঝংকার।

جهنکار (ঝাংকার) হিঃ নাঃ পুং ; পত্রহীন বৃক্ষ।

جهنگار (ঝিঙ্গার) হিঃ নাঃ স্ত্রীং ; চিৎকার। আর্তনাদ।

جهوٹ (ঝুট) হিঃ বিঃ ; মিথ্যা। ধোঁকা। বাহানা। খাদযুক্ত।

جهوٹا (ঝূটা) হিঃ বিঃ ; মিথ্যা। অসত্য। নাঃ পুং ; মিথ্যাবাদী।

جهوجهه (ঝোঝ্) হিঃ নাঃ পুং ; পাখীর বাসা। লম্বোদর ব্যক্তি।

جهوجها (ঝুঝা) হিঃ নাঃ পুং ; পাকস্থলি। মোটা লোক। মাংসল।

جهوک (ঝুক) হিঃ নাঃ স্ত্রীং ; বক্র প্রকৃতির লোক। ঘাউরা।

جهول (ঝুল) হিঃ নাঃ পুং ; ঢিলেমি। হাতির ঝুঁকে চলা। এক সাথে দুই বা ততোধিক সন্তান প্রসব।

جهول (ঝুল) হিঃ নাঃ স্ত্রীং ; হাতি বা ঘোড়ার কাপড়। সালু। ঝুল।

جهولا (ঝোলা) হিঃ নাঃ পুং ; থলে। ব্যাগ। ঝোলা। কলেরা।

جهولا (ঝুলা) হিঃ নাঃ পুং ; দোলনা। ঝুলনা।

جهولنا (ঝুল্না) হিঃ মূঃ ; দোদুল্যমান হওয়া। দোলনায় দোল খাওয়া। মিথ্যা

আশায় অপেক্ষা করে থাকা।

جھولی (ঝোলী) হিঃ নাঃ স্ত্রীং ; থলে। ঝুলি। ব্যাগ।

جھوم (ঝুম) হিঃ নাঃ পুং ; স্পন্দন। হেলাদুলা। ঘণ পাতাদার বৃক্ষ।

جھومر (ঝূমর) হিঃ নাঃ পুং ; সমাবেশ। একপ্রাকর নাচ। যাতে নর্তক-নর্তকীরা হাত ধরাধরি করে নৃত্য করে। মাথার এক প্রকার অলঙ্কার।

جھومنا (ঝূম্‌না) হিঃ মূঃ ; মাথা উপরে নীচে আন্দোলিত করা। (মেঘের) পুঞ্জিভুত হওয়া। মাতাল অবস্থায় চলা।

جھونپڑی (ঝূঁপড়ি) হিঃ নাঃ স্ত্রীং ; কুঁড়েঘর। কুটির। নীড়। ঝোপ।

جھونٹا (ঝোঁটা) হিঃ নাঃ পুং ; মেয়েদের চুলের খোঁপা।

جھونکنا (ঝোঁক্‌না) হিঃ মূঃ ; নিক্ষেপ করা। পতিত করা। চুলায় জ্বালানি দেওয়া।

جھینپ (ঝেঁপ) হিঃ নাঃ স্ত্রীং ; লজ্জাবোধ। অনুতাপ।

جھیل (ঝীল) হিঃ নাঃ স্ত্রীং ; বিল। ঝিল। হ্রদ। নিম্নভূমি।

جھیلنا (ঝীল্‌না) হিঃ মূঃ ; সহ্য করা। বহন করা।

جھیں (জাহী) হিঃ বিণ ; যেখানেই।

جھینکنا (ঝিঁকনা) হিঃ মূঃ ; অভিযোগ করা। দুর্যোগ বর্ণনা করা। মাতম করা।

جھینگا (ঝিঙ্গা) হিঃ নাঃ পুং ; চিংড়ী মাছ।

جھینگر (ঝিঙ্গর) হিঃ নাঃ পুং ; একপ্রকার পোকা যা কাপড় কেটে দেয়। ঝিঁঝি পোকা।

ج - ی

جی (জী) হিঃ ; হ্যাঁ। তবে কি। জনাব। সাহেব। হযরত। ঠিক।

جی حضور (জী-হুযুর) পঃ ; মোসাহেবি। সম্মানী ব্যক্তির কথার সমর্থন। চাটুকারিতা।

جی (জী) হিঃ নাঃ পুং ; জীবন। আত্মা। রূহ। শ্বাস। দম। পরান। জীবন। স্বয়ং। جی میں (-মেঁ) মনে মনে।

جے (জয়) হিঃ নাঃ স্ত্রীং ; বিজয়। জিত। জয়। সফলতা। উন্নতি। উত্থান। ভাগ্য।

جئی (জঈ) হিঃ নাঃ স্ত্রীং ; জই। একপ্রকার বার্লি।

چم پنزی (চিম্পাঞ্জী) ইং নাঃ পুং ; শিম্পাঞ্জী। আফ্রিকার একটি বন্য বড়জাতের বানর বিশেষ, যা দেখতে মানুষের মত।

چمٹا (চিমটা) হিঃ নাঃ পুং ; হস্তাবরণি। অগ্নিস্পর্শের যন্ত্র বিশেষ। চিমটা।

چمٹانا (চিমটানা) হিঃ মূঃ ; সংযুক্ত করা। একত্রিত করা। সংশ্লিষ্ট করা। ষড়যন্ত্রে লিপ্ত করা। আঁকড়ে থাকা। আলিঙ্গন করা।

چمٹنا (চিমট্‌না) হিঃ মূঃ ; জড়িত হওয়া। সংশ্লিষ্ট হওয়া। ষড়যন্ত্র করা। জড়িত হওয়া।

چمٹی (চিমটী) হিঃ নাঃ স্ত্রীং ; চিমটি কাটা। চিমটি পরিমাণ। তুড়ি মারা।

چمٹی (চুমটী) প্রাঃ নাঃ পুং ; পিঁপড়া। তুড়ি।

چمچ (চম্মচ) হিঃ নাঃ স্ত্রীং ; বড় চঞ্চুধারী। একপ্রকার পাখী। চামচ। ধনেশ পাখি।

چمچمانا (চম্‌চমানা) হিঃ নাঃ স্ত্রীং ; ঝলকান। আলোকিত হওয়া।

چمچماهٹ (চম্‌চমাহট্‌) হিঃ নাঃ স্ত্রীং ; আলোক। জ্যোতি। কিরণ।

چمچه (চম্‌চা) ফাঃ নাঃ স্ত্রীং ; চামচ। চামচে ক্ষুদ্র হাতা বিশেষ।

چمچی (চম্‌চী) উঃ নাঃ স্ত্রীং ; ছোট চামচ। খয়ের বা চুনা লাগানের ক্ষুদ্র হাতা বিশেষ।

چمخم (চম্‌খম) ফাঃ নাঃ পুং ; ঔজ্জ্বল্য। দীপ্তি। অস্পষ্টতা। জটিলতা। ঝামেলা।

چمر (চমর) হিঃ নাঃ পুং ; চামার। মুচি।

چمر توحید (চমরে তওহীদ) একত্ববাদের দুর্বল প্রমাণসমূহ। না বুঝে না শুনে "হামা উস্ত' (অর্থাৎ সবই তিনি)-এর অনুশীলন করা।

چمر ڈھینگ (চমরঢেঙ্গ) হিঃ নাঃ পুং ; শকুন। চিল।

چمرخ (চমরখ) উঃ নাঃ স্ত্রীং এবং বিঃ ; যে হালকা চর্ম বা দড়ির মধ্যে চরকার কাঠি আবর্তিত হয়। শীর্ণ। ক্ষীণ। দুর্বল।

چمرس (চামরস) হিঃ নাঃ পুং ; জুতার ঘর্ষণে ঘা।

چمڑا (চাম্‌ড়া) হিঃ নাঃ পুং ; চামড়া। চর্ম।

ত্বক। বিঃ ; শক্ত গোশ্ত।

چمڑا (চিম্ড়া) হিঃ বিঃ ; ঘাতসহ। নমনীয়।

چمڑی (চম্ড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট চামড়া।

چمڑےکے جہاز چلانا (চম্ড়েকে জাহায্ চালানা) দেহ ব্যবসা করা। অপকর্মের প্রসার খোলা।

چمک (চমক্) ফাঃ নাঃ স্ত্রীং ; আলোক। ঝলক। প্রভা। শোকতাপ। উন্নতির কাল।

چمک چاندنی (চমক্ চাঁদনী) হিঃ নাঃ স্ত্রীং ; যে নারী পতিতা ও নটীদের মত সাজ গোজ করে থাকে।

چمک دار (চমক্দার) ফাঃ বিঃ ; আলোকিত। উদ্ভাসিত। প্রভাযুক্ত।

چمک دمک (চমক্দমক) ফাঃ নাঃ স্ত্রীং ; দ্যুতি। উদ্ভাস। সাজসজ্জা। সৌন্দর্য ও কান্তিময়তা। ব্যথা-বেদনা। আলোর ঝলকানি।

چمکار (চুমকার) হিঃ নাঃ স্ত্রীং ; কুকুর বা ঘোড়া ডাকার জন্য ধ্বনিবিশেষ। আদরের ধ্বনি বিশেষ।

چمکار (চম্কার) হিঃ নাঃ পুং ; স্নেহ। প্রণয়। আশ্বাস।

چمکانا (চম্কানা) হিঃ মূঃ ; উজ্জ্বল করা। বার্ণিশ করা। পালিশ করা। চমকিত করা। প্রদর্শন করা।

چمکارا (চম্কারা) হিঃ নাঃ পুং ; জ্যোতি। দীপ্তি।

چمکارنا (চমকারনা) হিঃ মূঃ ; আদর করা। আশ্বাস দেওয়া। বাৎসল্য দেখানো।

چمکنا (চমক্না) হিঃ নাঃ মূঃ ; চমকিত করা। আলো দান কারা। প্রসিদ্ধি লাভ করা। মসৃণ হওয়া। ক্রোধোন্মত্ত হওয়া। উন্নতি লাভ করা। সম্মানিত হওয়া।

چمکو (চমক্কু) হিঃ বিঃ ; নষ্টা। অসতি। কলঙ্কিনী। ইন্দ্রপূজারিণী। বেপরওয়া। ঝগড়াটে মহিলা।

چمکیلا (চম্কীলা) হিঃ বিঃ ; জ্যোতির্ময়। উদ্ভাসিত। আলোকিত।

چمگاڈر (চাম্গাডড়) হিঃ নাঃ স্ত্রীং ; বাদুড়।

چمل (চম্মল) হিঃ নাঃ পুং ; ক্ষুদ্র নিকৃষ্ট মৃতপাত্র বিশেষ।

چمن (চমন্) ফাঃ নাঃ পুং ; পুষ্পিত ভূমি। উদ্যান। পর্যটন কেন্দ্র। উন্নত স্থান।

چمن آرا - چمن بند (চমন্ আরা-চমন্বন্দ) ফাঃ নাঃ পুং ; উদ্যান পরিচর্যক। মালি।

چمن بندی (চমন্ বন্দী) ফাঃ নাঃ স্ত্রীং ; বাগান তৈরী করা।

چمنستان (চমনিস্তান) পুষ্পোদ্যান। কুঞ্জনিসর্গ। چمن دهر (চমন্ধর) বিশ্ব চরাচর।

چمنی (চিম্নী–Chimney) ইং নাঃ স্ত্রীং ; চিমনি। বাল্ব।

چموٹا (চমোটা) হিঃ নাঃ পুং ; নাপিত যে চামড়ায় ক্ষুর-কাঁচি পরিষ্কার করে।

چموٹی (চমোটী) হিঃ নাঃ স্ত্রীং ; চামড়ার পদাবরণী বিশেষ।

چمورانی (চম্মোরানী) হিঃ নাঃ স্ত্রীং ; শিশুদের খেলনা বিশেষ।

چمیلی (চামেলী) چمبیلی (চম্বেলী) হিঃ নাঃ স্ত্রীং ; চামেলী। (ফুল বিশেষ)।

چ - ن

چنا (চনা) হিঃ নাঃ পুং ; ছোলা। চানাবুট।

چنا (চন্না) প্রাঃ নাঃ স্ত্রীং ; চাঁদনী। জ্যোস্নাময়ী। জ্যোৎস্না। চাঁদের কিরণ। চাঁদ।

چنار (চনার) ফাঃ নাঃ পুং ; করপুট আকৃতি পত্রবিশিষ্ট নিষ্ফল বৃক্ষ। মানুষের হাতের মত পাতাবিশিষ্ট গাছ।

چنال (চুনাল) প্রাঃ নাঃ স্ত্রীং : জুতা।

পাদুকা।

چنامنا (চুন্না-মুন্না) হিঃ বিঃ ; আদরের ডাক।

چنانا (চুনানা) প্রাঃ মূঃ ; রটানো। ছড়ানো।

چناں چنیں (চুনাঁ-চুনী) ফাঃ নাঃ পুং-স্ত্রীং ; যেমন তেমন। এ রকম-সে রকম।

چناں چنیں کرنا (চুনাঁচুনী কর্না) ক্রিঃ ; ছিদ্রান্বেষণ করা। দোষ ধরা।

چنانچہ (চুনান্চে) ফাঃ ক্রিঃ বিঃ ; যেমন, উদাহরণস্বরূপ। এভাবে। অতএব। সুতরাং।

چناوٹ (চুনাব'ট) হিঃ নাঃ স্ত্রীং ; চুনট। কোঁচান। সঙ্কোচন। কুঞ্চন। সঞ্চয়ন। সংগ্রহ।

چناؤ (চুনাও) হিঃ নাঃ পুং ; নির্বাচন। স্থিরীকরণ। নির্ধারণ।

چنائی (চুনায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; প্রাচীর তৈরী করন। রাজমিস্ত্রীর কাজ করা।

چنبر (চম্বর) ফাঃ নাঃ পুং ; শীর্ষাবরণ। হেলমেট। বৃত্তাকার বস্তু। গ্রীবাদেশের নিম্নস্থ হাড় বিশেষ।

چنبرچرخ (চম্বর চরখ) আকাশে দূরত্ব।

چنبری (চম্বরী) ফাঃ বিঃ ; বৃত্তকার। গোলাকৃতির।

چنبک (চুম্বক) ফাঃ নাঃ পুং ; চুম্বুক। লৌহাকর্ষন।

چنبلی (চম্বেলী) چنبیلی (চম্বেলী) হিঃ নাঃ স্ত্রীং ; মল্লীকা বা মালতী জাতীয় ফুলবিশেষ।

چنبیلیان (চম্বেলিয়াঁ) হিঃ নাঃ পুং ; কালো লালাভ কবুতর।

چنت (চুন্নত) উঃ নাঃ স্ত্রীং ; ভাঁজ। কুঞ্চন।

چنتا (চিন্তা) হিঃ নাঃ স্ত্রীং ; চিন্তা। উদ্বেগ। ত্রস্ততা।

چنچل (চঞ্চল) হিঃ বিঃ ; অস্থির। চঞ্চল। চপল।

چنچنا (চন্চনা) হিঃ বিঃ ; কৃপণ স্বভাব। রগচটা। কথায় কথায় যে ক্রুদ্ধ হয়।

چنچنانا (চিনাচিনানা) হিঃ মূঃ ; ঘড়ির ঘন্টাধ্বনি। চিওঁ চিওঁ করা-শিশুদের ক্রন্দন ধ্বনি।

چن چن کر (চুন্চুন্কর) উঃ ক্রিঃ ; বেছে বেছে। নির্বাচিত করে।

چنچنی (চুন্চুনী) হিঃ বিঃ ; কৃপণ স্বভাব। ঈষৎ চড়চড় শব্দ। সুরেলা তীক্ষ্ণ কণ্ঠী রমণী।

چنچنے (চুনচুনে) হিঃ নাঃ পুং ; কৃমি। কেঁচো জাতীয় কীট বিশেষ।

چند (চান্দ) ফাঃ বিঃ ; কত। কতটুকু। সামান্য। স্বল্প। সীমিত। নগণ্য।

چندبار (চান্দবার) ফাঃ ; কয়েকবার। দু-একবার।

چندا (চন্দা) হিঃ নাঃ পুং ; চাঁদ। চন্দ্র। জোৎস্না।

چنداں (চান্দাঁ) ফাঃ বিঃ ; এ পর্যন্ত। এতটুকু। এরকম।

چند انکہ (চান্দাঁকেহ) ফাঃ বিঃ ; যতটুকু। যে পরিমাণ।

چندر (চন্দর) সং নাঃ পুং ; চন্দ্র। ময়ূর পুচ্ছের অর্ধচন্দ্রাকার চিহ্ন।

چندر بنسی (চন্দর বঞ্চসী) সং নাঃ পুং ; আর্য সম্প্রদায়ের একটি বিখ্যাত গোত্রের নাম, যারা নিজেদের চন্দ্র দেবতার উত্তর পুরুষ বলে জ্ঞান করে। চন্দ্রবংশ।

چندر جوت (চন্দরজোত) হিঃ নাঃ স্ত্রীং ; চাঁদ। এক প্রকার আতশবাজি।

چندر کلا (চন্দর কলা) হিঃ নাঃ পুং ; চন্দ্র মন্ডলের১/১৬ অংশ। অলঙ্কার।

چندر گہن (চন্দর গহ্ন) হিঃ নাঃ পুং ; পৃথিবীর ছায়াপাতে চন্দ্রের আচ্ছাদন। চন্দ্রগ্রহণ।

چندر ماں (চন্দর মাঁ) হিঃ নাঃ পুং ; চাঁদ। চন্দ্রকলা। জ্যোৎস্না।

چندر ہار (চন্দরহার) হিঃ নাঃ পুং ; হার। নেকলেস।

چندرا (চন্দরা) হিঃ বিঃ ; টাকবিশিষ্ট।

বুদ্ধিমান। তীক্ষ্ণধী'র অধিকারী। হতভাগা। বঞ্চিত।

چندرانا (চন্দ্রানা) হিঃ মূঃ ; মিথ্যা প্রতিপাদন করা। জ্ঞাতসারে জিজ্ঞাসা করা। না জানার ভান করা।

چندر اولی (চন্দ্রাওলী) হিঃ নাঃ স্ত্রীং ; এ নামের একটি নাটক বিশেষ। শ্রী কৃষ্ণের প্রেমিকা বিশেষ।

چندری (চুন্দরী) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার শাড়ী।

چند ماری (চান্দমারী) হিঃ নাঃ স্ত্রীং ; চক্ষু। গ্রীবাদেশ এবং দীর্ঘ পদধারী একপ্রকার পাখী বিশেষ, যার ঠোঁটের নিম্নদেশে থলিয়ার মত ঝুলে থাকে। চাঁদ মারি। বান ও গুলির লক্ষ্যস্থল।

چندلا (চন্দলা) হিঃ বিঃ ; টাক। কেশ শূন্যতা।

چندن (চন্দন) সং নাঃ পুং ; চন্দন। চন্দন বৃক্ষ।

چندوا (চন্দওয়া) হিঃ নাঃ পুং ; টুপীর ঊর্ধ্বাংশ। শামিয়ানা। চাঁদোয়া।

چنده (চান্দা) ফাঃ নাঃ পুং ; চাঁদা। সামান্য উদ্দেশ্য সাধনার্থে সাহায্য।

چندها (চুন্ধা) হিঃ বিঃ ; যে আলোতে দেখতে পারে না এমন।

چندهیانا (চুন্ধিয়ানা) হিঃ মূঃ ; আলোর তীব্রতার কারণে দৃষ্টি। দুর্বল। হওয়া। হতবিহ্বল হওয়া।

چندی (চন্দী) হিঃ নাঃ স্ত্রীং ; ক্ষুদ্রাংশ। অংশ।

چندیا (চন্দিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; মাথার খুলি। ছোট রুটি। অবশিষ্ট খাদ্য।

چندیا لے ڈالنا (চন্দিয়া লে ডাল্না) হিঃ ; অভিশাপ দেওয়া। ভর্ৎসনা করা।

چندیں (চন্দীঁ) ফাঃ বিঃ ; এতটুকু। সামান্য। অল্পপরিমাণ।

چندے (চন্দে) ফাঃ নাঃ ; স্বল্প বিলম্বে। সামান্য কয়েকদিন। কিছু সময় মাত্র।

چندے افتاب (চন্দে আফতাব)

چندے ماهتاب (চন্দে মাহ্তাব) ফাঃ বিঃ ; সৌন্দর্য ও লাবণ্যে একেবারে চাঁদ এবং সূর্যের মত।

چن دینا (চুন্দেনা) হিঃ মূঃ ; বিন্যস্ত করা। ছিপি লাগানো।

چنڈال (চন্ডাল) হিঃ বিঃ ; চাঁড়াল। চণ্ডাল। নিম্নবর্ণের হিন্দু।

چنڈال بال (চন্ডাল বাল) হিঃ নাঃ পুং ; মাথার বড় চুল বিশেষ, যাকে দুর্ভাগ্যের লক্ষণ বলে গণ্য করা হয়।

چندال چوکڑی (চন্ডাল্ চোক্ড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; দুষ্কৃতিকারীদের দল।

چنڈاول (চন্ডাব'ল) হিঃ নাঃ পুং ; সৈন্য বাহিনীর পশ্চাদভাগ। পল্টনের চৌকিদার। প্রহরী। সান্ত্রী। পাহারাদার।

چنڈو (চন্ডু) হিঃ নাঃ পুং ; আফিম থেকে তৈরী মাদকদ্রব্য বিশেষ। খেলার বল।

چنڈ وباز (চন্ডু বায) হিঃ বিঃ ; নেশা খোর। পীতবর্ণের ব্যক্তি।

چنڈول (চন্ডুল) প্রাঃ নাঃ পুং ; বল।

چنڈول (চন্ডুল) হিঃ নাঃ পুং ; সুরেলা গানের পাখী। কুৎসিত ব্যক্তি। মাটির খেলনা। পাল্কীতে চড়া মহিলা।

چنری (চুন্‌রী) হিঃ নাঃ স্ত্রীং ; বিচিত্র রঙের শাড়ী।

چنک (চন্‌ক) হিঃ নাঃ স্ত্রীং ; কোমরের জ্বালা-যন্ত্রণা। পানি ফল। স্বল্প স্বাদের ফল বিশেষ।

چنکب (চঙ্কুব) প্রাঃ নাঃ স্ত্রীং ; ব্যথা। যন্ত্রণা। বিষ।

چن کھاؤ (চুন্‌খাও) প্রাঃ নাঃ পুং ; ফকীর। ভিখারী। পাখী।

چنك (চিনক) হিঃ নাঃ স্ত্রীং ; অন্তঃদাহ। মনঃপীড়া। چنك بائی (বাতের ব্যথা)।

چنك بائی (চনক্‌বাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; বাতের ব্যথা।

چنگ (চঙ্গ) ফাঃ নাঃ পুং ; সেতারের

তালবিশেষ। নত এবং বক্রবস্তু। ঘুন্টি।

چنگ نواز (চঙ্গ নিওয়ায) ফাঃ বিঃ ; সেতার বাদক।

چنگا (চাঙ্গা) হিঃ বিঃ ; সুস্থ। সবল। সমর্থ।

چنگاری (চিঙ্গারী) হিঃ নাঃ স্ত্রীং ; স্ফুলিঙ্গ। উত্তেজক কথা।

چنگاری ڈالنا (চুঙ্গারী ডাল্‌না) হিঃ ; মনবিদীর্ণ হয় এমন কথা বলা।

چنگال (চঙ্গাল) ফাঃ নাঃ পুং ; হিংস্রপ্রাণী এবং শিকারী জীবজন্তুর থাবা বা নখরাঘাত।

چنگل (চুঙ্গল) ফাঃ নাঃ পুং ; মানুষ বা জীবজন্তুর থাবা। হস্তমুষ্টি। শিকারী পাখীর নখর।

چنگل مارنا (চুঙ্গল্ মারনা) হিঃ ; থাবা দেওয়া।

چنگل میں آجانا (চুঙ্গলমে আজানা) হিঃ ; অধিগত হওয়া। কবলিত হওয়া। ফেঁসে যাওয়া।

چنگنا (চিঙ্গনা) হিঃ নাঃ পুং ; শিশু বালক। পাখীর ছা। মুরগীর বাচ্চা।

چنگنا (চিনগ্‌না) হিঃ মৃঃ ; ক্ষুব্ধ ও বিরক্ত হওয়া।

چنگنا (চুঙ্গনা) প্রাঃ মৃঃ ; চিন্তা করা। ধ্যান করা। কল্পনা করা।

چنگھاڑ (চিংঘাড়) হিঃ নাঃ স্ত্রীং ; হাতীর চিৎকার। আকুতি। বিলাপ।

چنگھاڑنا (চিংঘাড়না) হিঃ মৃঃ ; হস্তীর আওয়াষ। ময়ুরের ডাক দেওয়া।

چنگھوٹیاں (চংঘোটিয়াঁ) হিঃ নাঃ স্ত্রীং ; অবিন্যস্ত বর্ণমালা।

چنگی (চঙ্গী) প্রাঃ নাঃ স্ত্রীং ; স্ফুলিঙ্গ। অগ্নিস্ফুলিঙ্গ।

چنگی (চিঙ্গী) হিঃ নাঃ স্ত্রীং ; মৃদাগ্নি। অগ্নিকয়লা।

چنگی (চঙ্গী) হিঃ নাঃ স্ত্রীং ; চিমটি পরিমাণ। সামান্য পরিমাণ। নগর শুল্ক, যা শস্য বিক্রেতাদের থেকে আদায় করা হয়। পৌরকর।

چنگیر (চঙ্গীর) হিঃ নাঃ স্ত্রীং ; ফুলের টব বা ফুলদানি। পাত্র।

چنگیری (চঙ্গীরী) হিঃ নাঃ স্ত্রীং ; রুটির টুকরী।

چننا (চুন্‌না) হিঃ মৃঃ ; নির্বাচন করা। বেছে লওয়া। প্রাচীর তৈরী করা। সুবিন্যস্ত করা। কাপড় ভাঁজ করা। নিষ্পেষণ করা।

چناں (চুনাঁ) ফাঃ বিঃ ; ওইমত। এরূপ। چناں چنیں کرنا (– চুনী করনা) কৃঃ ; ছিদ্রান্বেষণ করা। দোষ ধরা।

چنندہ (চুনিন্‌দা) হিঃ বিঃ ; নির্বাচিত। বাছাইকৃত। উৎকৃষ্টতম। শ্রেষ্ঠ। পরীক্ষিত।

چننگا (চুনিঙ্গা) হিঃ নাঃ স্ত্রীং ; মূত্রনালির যন্ত্রণা। পেশাবের জ্বালা-পোড়া।

چن لینا (চুন্‌লেনা) হিঃ মৃঃ ; বেছে লওয়া। নির্বাচিত করা।

چنواں (চন্‌ওয়াঁ) হিঃ বিঃ ; বাছাইকৃত। যাচাইকৃত। পরীক্ষিত।

چنوانا (চুনওয়ানা) হিঃ মৃঃ ; তৈরী করা। নির্মাণ করা। সংযুক্ত করা। কর্তিত করা।

چنوٹی (চুনওটী) হিঃ নাঃ স্ত্রীং ; চুনের কৌটা। চুনাতি ।প্রতিজ্ঞা। উৎসাহ। যুদ্ধের আহবান।

چنور (চন্‌ব'র) হিঃ নাঃ পুং ; ময়ুরপুচ্ছ। রাজটিকা। কেশগুচ্ছ যদ্দ্বারা মাছি তাড়ানো হয়।

چنہ (চিন্‌হ) হিঃ নাঃ পুং ; চিহ্ন। বিশেষত্ব। আকার। প্রতীক। দস্তখত। সনাক্ত।

چنی (চুন্‌নী) হিঃ নাঃ স্ত্রীং ; চুনি। মূল্যবান পাথর বিশেষ। লাল ইয়াকুত খণ্ড।

چنی منی (চুন্‌নী-মুন্‌নী) হিঃ বিঃ ; আদুরে বচন।

چنیا (চুনিয়া) হিঃ বিঃ ; ক্ষুদ্র। সামান্য। নগণ্য।

چنیا بطخ (চুনিয়া বতখ্) নাঃ স্ত্রীং ; ছোট হাঁস। পাতিহাস।

چنیا بیگم (চুনিয়া বেগম) হিঃ নাঃ স্ত্রীং ; আফিম।

چنیدہ (চুনিদাহ্) ফাঃ বিঃ ; বাছাইকৃত। নির্বাচিত। অনন্য। অন্যতম।

چنیں (চুনীঁ) ফাঃ আঃ ; এরূপ। এমন।

چ - و

چو (চও) হিঃ বিঃ ; চার।

چوا (চওবাঁ) হিঃ নাঃ পুং ; চারের যোগফল বা সমষ্টি। চতুষ্পদ। চতুষ্টয়।

چوبارا (চওবারা) হিঃ নাঃ পুং ; কক্ষ। চার দরজা বিশিষ্ট কামরা।

چوانا (চুওয়ানা) হিঃ মূঃ ; চুয়ান। ফোঁটা ফোঁটা করে ঝরতে থাকা।

چوبائی (চওবায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; ঘূর্ণিবার্তা। ঘূর্ণিঝড়।

چوبائی ھوا چلادو (চওবায়ী হাওয়া চলাদো) হিঃ প্রঃ ; অতি বিস্ময়কর চাতুর্যের সাথে সাফল্য ছিনিয়ে আনা।

چوب (চওব) হিঃ নাঃ স্ত্রীং ; কাঠ। তাঁবুর খুঁটি।

چوب چینی (চওব্‌চীনী) ফাঃ নাঃ স্ত্রীং ; ঔষধ বিশেষ।

چوبرسی (চওবরসী) হিঃ নাঃ স্ত্রীং ; হিন্দুদের চারসালা মৃত উৎসব বা পিতৃবজ্ঞ।

چوبچہ (চওবাচ্চা) হিঃ নাঃ পুং ; ছোট জলাধার। চৌবাচ্চা।

چوب دار (চওব্‌দার) ফাঃ নাঃ পুং ; দূত। অগ্রগামী দূত। সংবাদদাতা।

چوبان (চওবান) ফাঃ নাঃ পুং ; রাখাল। মেষ চারক।

چوبندی (চওবন্দী) হিঃ নাঃ স্ত্রীং ; অশ্বের পায়ে জুতা দেওয়া। নলাবৃত্ত। শুল্ক করা।

چوبندی جکڑنا (চওবন্‌দী জকড়না) অপারাধীর হাতকড়া লাগানো।

چوبولا (চওবোলা) হিঃ নাঃ পুং ; রাগ বিশেষ। চতুর্পদী গীত।

چوبیس (চওবীস) হিঃ বিঃ ; চব্বিশ। ২৪।

چوبیسا (চওবীয়সা) হিঃ নাঃ পুং ; চব্বিশ পরগণা। একপ্রকার তাবিজ।

چوپال (চওপাল) হিঃ নাঃ স্ত্রীং ; বৈঠক। আসর। মজলিস। বৈঠকখানা। সভা গৃহ। মজলিসের ঘর। কাচারী। পান্থশালা।

چوپالا (চওপালা) হিঃ নাঃ পুং ; পাল্কী। আরামদায়ক পাল্কী।

چوپان (চওপান) ফাঃ নাঃ পুং ; পশু চারক। রাখাল।

چوپائی - چوپٹی (চওপায়ী-চওপটী) হিঃ নাঃ স্ত্রীং ; চার পংক্তির কাব্য। রুবাঈ।

چوپایہ (চওপায়া) হিঃ নাঃ পুং ; চতুষ্পদ জন্তু। অবলা প্রাণী।

چوپٹ (চওপট) হিঃ বিঃ ; উন্মুক্ত। অবারিত। ব্যাপ্ত। প্রশস্ত। অতিশয়। অজ্ঞ। বিধ্বস্ত। ধ্বংস।

چوپٹ کرنا (চওপট্ করনা) হিঃ ; ধুলিসাৎ করা। ধ্বংস করা। সন্ত্রস্ত করা।

چوپڑ (চওপড়) হিঃ নাঃ স্ত্রীং ; পাশা খেলা। অক্ষা খেলা। যে বস্ত্রের উপর পাশার গুটি রাখা হয়। পাশার ছক।

چوپڑ کابازار (চওপড়কা বাজার) হিঃ নাঃ পুং ; চৌরাস্তার বাজার। যে হাটের চতুর্দিকে দোকান সজ্জিত।

چوپڑا (চওপড়া) হিঃ নাঃ পুং ; সিঁড়ির উপরস্থ চত্বর। চতুর্ভুজ কূপ বা হাউজ।

چوپن (চওপন্) হিঃ বিঃ ; চুয়ান্ন। ৫৪।

چوپہرا (চওপহ্‌রা) হিঃ নাঃ পুং ; চার প্রহরে। চার প্রহর সংক্রান্ত ব্যাপারে।

چوپہل (চওফল) হিঃ বিঃ বিঃ ; বিভিন্ন দৃষ্টিকোণ। পারিপার্শ্বিক সম্বন্ধীয়।

چوپہلا (চওপহ্‌লা) হিঃ নাঃ পুং ; পাল্কী।

چوپہیر (চওফের) হিঃ নাঃ স্ত্রীং ; পরিবেশ এবং পারিপার্শ্বিক অবস্থা সংক্রান্ত।

چوپہیا (চওপহয়্যা) হিঃ নাঃ পুং ; চার

চক্র বিশিষ্ট। চার চক্রযান।

چوتارا (চওতারা) হিঃ নাঃ পুং ; চৌতারা।

چوتالا (চওতালা) হিঃ নাঃ পুং ; চৌতলা। গানের তাল বিশেষ। তবলার বিশেষ প্রক্রিয়া। একপ্রকার যাদু-টোনা।

چوترا (চওতরা) হিঃ নাঃ পুং ; চকি। মাচা।

چوتڑ (চুতড়) হিঃ নাঃ স্ত্রীং ; নিতম্ব। পাছা।

چوتڑ بیٹھنا (চুতড় বয়েঠনা) শোক করা। বিলাপ করা। দুঃখ করা। আসন গেড়েবসা।

چوتھ (চওথ) হিঃ নাঃ স্ত্রীং ; চান্দ্রমাসের চতুর্থ দিন। চতুর্থাংশ। একপ্রকার খাজনা।

چوتھا (চওথা) হিঃ বিঃ ; চতুর্থ।

چوتھائی (চওথায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; একচতুর্থাংশ। সিকি।

چوتھی (চওথী) হিঃ নাঃ স্ত্রীং ; চতুর্থদিনে কন্যা-বরসহ পিতৃগৃহে প্রত্যাবর্তন করলে যে উৎসব প্রতিপালিত হয়।

چوتہ (চওতহ) হিঃ বিঃ বিঃ ; চার ভাঁজে।

چوتہی (চওতহী) হিঃ নাঃ স্ত্রীং ; বিছানার চাদর।

چوچند (চওচন্দ) হিঃ বিঃ ; চারগুণ।

چوحاشیہ (চওহাশিয়া) হিঃ আঃ বিঃ ; চতুর্প্রান্ত। পুস্তকের পৃষ্ঠায় অলিখিত খালি স্থান। পৃষ্ঠার প্রান্তস্থিত নোট। ফুটনোট।

چوحدہ (চওহদ্দ) হিঃ ফাঃ বিঃ ; চৌহদ্দি। সীমানা।

چوحدی (চওহদ্দী) হিঃ ফাঃ নাঃ স্ত্রীং ; সীমাবদ্ধতা। সীমারেখা।

چوٹ (চোট) হিঃ নাঃ স্ত্রীং ; আঘাত। পতন। ঔদ্ধত্য।

چوٹا (চোটা) হিঃ নাঃ পুং ; ইক্ষুরস। ইক্ষুর নিংড়ানো রস।

چوٹٹا (চোটটা) হিঃ নাঃ পুং ; চোর। তস্কর।

چوٹی (চোটী) হিঃ নাঃ স্ত্রীং ; চূড়া। শিখর। চুলের খোঁপা। পাখী। ঝুঁটি।

چوچلا (চোচ্‌লা) হিঃ নাঃ পুং ; মুগ্ধকর কৌশল। আদর। চিত্তাকর্ষক মিষ্ট বচন। রসিকতা।

چوچی (চুচী) হিঃ নাঃ স্ত্রীং ; স্তন। স্তনাগ্রভাগ। স্তনের বোঁটা।

چوچی پینا (চুচী পীনা) হিঃ মূঃ ; দুধ পান করা।

چوخانہ (চওখানা) হিঃ ফাঃ নাঃ পুং ; মশারী।

چوخانی (চওখানী) হিঃ নাঃ স্ত্রীং ; কবুতরের খোপ।

چودانی (চওদানী) হিঃ ফাঃ ; চারদানা বিশিষ্ট কানের অলঙ্কার।

چودس (চওদস) হিঃ নাঃ স্ত্রীং ; চতুর্দশী চাঁদ। পূর্ণিমার চাঁদ। চৌদ্দের সম্পূরক।

چودہ (চওদা) হিঃ বিঃ ; চৌদ্দ। ১৪।

چودہ خانوادے (চওদা খানওয়াদে) মুসলিম আধ্যাত্ম্য সাধনার চৌদ্দটি শাখা। যে ধারার মূলে রয়েছেন স্বনামধন্য পীর-মাশায়েখ।

چودہ طبق (চওদা তবক) হিঃ আঃ নাঃ পুং ; চৌদ্দ স্তর।

چودہ طبق روشن ہوجانا (চওদা তবক্ রৌশন্ হোজানা) হিঃ ; জ্ঞানের পরিধি সম্প্রসারিত হওয়া।

چودہ معصوم (চওধা মা'সুম) হিঃ আঃ পুং ; শিয়া ইমামিয়ার সম্প্রদায়ের ধর্মমতানুসারে (চৌদ্দজন নিষ্পাপ ব্যক্তিত্ব) হযরত রাসূল (সঃ), হযরত ফাতিমা (রাঃ) এবং বার ইমাম।

چودھواں (চওধওয়াঁ) হিঃ ; চৌদ্দ সম্বন্ধীয়। চৌদ্দতম সংখ্যা। চতুর্দশ।

چودھواں معصوم (চওধওয়া মাসুম) হিঃ নাঃ পুং ; (চৌদ্দ নম্বরের নিষ্পাপ আত্মা) হযরত ইমাম মেহেদী (আঃ)।

چودھریں رات (চওধবীরাত) হিঃ নাঃ স্ত্রীং ; যে রাতে চাঁদ পূর্ণতা লাভ করে। পূর্ণিমার রাত।

چودھویں کاچاند (চওধবী কাচাঁদ) হিঃ নাঃ পুং ; পূর্ণিমার চাঁদ। পূর্ণচাঁদ।

چودھیر (চওধীর) প্রাঃ নাঃ পুং ; চতুর্দিক। চতুর্দিকসমূহ।

چودھری (চওধরী) হিঃ বিঃ ; গ্রাম্য মোড়ল। উপাধি বিশেষ।

چوراسی (চওরাসী) চুরাশি। ৮৪। একপ্রকার অলঙ্কার। ঝুমুর। নুপুর।

چوراسیا (চওরাসিয়া) হিঃ নাঃ পুং ; চুরাশি বছর বয়সের। ৮৪ সংখ্যক বা সংখ্যা। ব্রাহ্মণদের একটি উপদল।

چورانوی (চওরানবে) চুরানব্বই সংখ্যক বা সংখ্যা।

چوراہا (চওরাহা) হিঃ নাঃ পুং ; যে মোড়ে চার রাস্তার মিলন ঘটে। চৌমুহনী। চৌরাস্তা।

چوراہے میں (চওরাহে মে) হিঃ ক্রিঃ বিঃ; দিবালোকে। জনসম্মুখে।

چورس (চওরস) হিঃ বিঃ বিঃ ; সুসমতল। চতুর্কোণ বিশিষ্ট।

چورسائی (চওরসায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; সমতা। সামঞ্জস্যতা।

چورسی (চওরসী) হিঃ নাঃ স্ত্রীং ; আর্দ্র খাবারের উপকরণ বিশেষ।

چورنک (চওরঙ্গ) হিঃ নাঃ পুং ; তলোয়ারের হাতল পরিষ্কার করার বস্তু।

چوریانو (চওরিয়ানু) চুরানব্বই সংখ্যক বা সংখ্যা। ৯৪।

چوسٹھ (চওসঠ) হিঃ নাঃ ; চৌষট্টি। ৬৪।

چوسر (চওসর) হিঃ নাঃ পুং ; পাশা খেলা, চতুর্ভুজ, পাশা খেলার ছক।

چوکا (চওকা) হিঃ নাঃ পুং ; সম্মুখস্থ দন্ত চতুষ্টয়। চারকোণা বিশিষ্ট প্রস্তর, রেশমী পোকা।

چوکڑی (চওকড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; হরিণের লম্ফ, লাফ, চার ঘোড়া গাড়ী, অলঙ্কার বিশেষ।

چوکس (চওকস্) হিঃ বিঃ বিঃ ; সার্বিকভাবে সচেতন, আত্মসচেতন। সঠিক মাপ। চৌকস।

چوکسی (চওকসী) হিঃ নাঃ স্ত্রীং ; সচেতনতা, চাঞ্চল্যতা, সাবধানতা। ঔদার্য।

چوکنا (চওকান্না) হিঃ বিঃ ; অতন্দ্র। সাবধান, বুদ্ধি দীপ্ত, চঞ্চল।

چوکو – چوکون چوکونا (চওকো চওকোন-চওকোণা) হিঃ বিঃ ; সমান্তরাল, সমতল, মেদস্বী ব্যক্তি, চতুর্কোণসম্পন্ন বস্তু।

چوکھٹ (চওখট্) হিঃ নাঃ স্ত্রীং ; (ঘরের) চৌকাঠ, দরজার ফ্রেম, প্রান্ত।

چوکھٹا (চওখ্‌টা) হিঃ নাঃ পুং ; কাঁচের ঘর, কাঁচের ফ্রেম।

چوکھونٹ (চওখোঁট) হিঃ নাঃ পুং ; চতুষ্পার্শ্ব। বসুন্ধরা। সর্বদিক।

چوکھونٹا (চওখোঁটা) হাঃ বিঃ বিঃ ; সমতল, চারকোণা যুক্ত।

چوکڑ (চওগড়) হিঃ নাঃ পুং ; চৌমুড়ি, চার রাস্তার মাথা।

چوکڈی (চওগডী) হিঃ নাঃ স্ত্রীং ; বাঁশের ফলা, যদ্দারা পাখী শিকার করা হয়।

چوگرد (চওগির্দ্) হিঃ নাঃ পুং ; চতুর্দিক।

چوگلا (চওগুলা) হিঃ বিঃ বিঃ ; চার পত্র বিশিষ্ট পুষ্প।

چوگنا (চওগুনা) হিঃ বিঃ বিঃ ; চার গুন বিশিষ্ট।

چوگوشیا (চওগোশিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; সমতুলযুক্ত, চতুষ্কোণ বিশিষ্ট। তুরকী অশ্ব।

چوگھڑا (চওঘড়া) হিঃ নাঃ পুং ; এলাচির বাক্স, গায়ে হলুদের উপকরণ বিশেষ। বড় এলাচি।

چولادا (চওলাদা) হিঃ নাঃ পুং ; কূপ বিশেষ।

چولڑا (চওলড়া) হিঃ নাঃ পুং ; কণ্ঠহার।

چوماس (চওমাস) হিঃ নাঃ পুং ; বর্ষার চার মাস, বর্ষা কাল।

چومکھ (চওমুখ) হিঃ নাঃ পুং ; চতুর্মুখী,

ঝাড় বাতি।

چومکھا (চওমুখা) হিঃ বিঃ ; ধূর্ত। পটু, ঠকবাজ।

چومکھی (চওমুখী) হিঃ নাঃ স্ত্রীং বিঃ ; হিন্দুদের দেবতা বিশেষ, বৃক্ষবিশেষের মূল।

چومکھی لڑنا (চওমুখী লড় না) হিঃ নাঃ মূঃ ; সাঁড়াশি আক্রমণ করা। এক সাথে অনেকের কথার উত্তর দেওয়া।

چومنزلا (চওমনযিলা) হিঃ বিঃ ; চার তলা বিশিষ্ট ঘর।

چومیخا (চওমীখা) হিঃ নাঃ পুং ; শাস্তি বিশেষ।

چومیخا کرنا (চওমীখা কর্‌না) হিঃ নাঃ মূঃ ; শাস্তি প্রদান করা।

چوتیس (চওতীস) হিঃ নাঃ পুং ; চৌত্রিশ। ৩৪।

چونسٹھ (চঁওসঠ) হিঃ নাঃ পুং ; চৌষট্টি। ৬৪।

چوہتر (চওহত্তর) হিঃ নাঃ পুং ; চুয়াত্তর। ৭৪।

چوہٹا (চওহট্টা) হিঃ নাঃ পুং ; চক। বড় বাজার।

چوہرا (চওহরা) হিঃ বিঃ ; চার ভাঁজযুক্ত।

چو (চও) অব্যয় ; যদি। কিন্তু।

چوکفر از کعبہ بر خیزد کجا مانند مسلمانی (চো কুফর আয্ কা'বা বরখীযদ্ কুজা মানন্দ মুসলমানী) বেড়া যদি শস্য নষ্ট করে তাহলে শস্যরক্ষার উপায় কি ? বিশ্বাসের ঘরে চুরির ক্ষেত্রে প্রযোজ্য উক্তি বিশেষ।

چو (চও) হিঃ নাঃ পুং ; লাঙ্গলের ফলা।

چوا (চবা) হিঃ নাঃ পুং ; সুগন্ধি বিশেষ, পানির প্রবাহ, ডালের খোসা।

چواچند (চুবাচন্দ) হিঃ নাঃ পুং ; এক প্রকার পারাবত, কবুতর।

چوا (চুওবা) হিঃ নাঃ পুং ; তাসের খুঁটি, চার বস্তুর সম্ভার।

چوانا (চুওয়ানা) হিঃ নাঃ পুং ; চুয়ানো, নিংড়ানো। প্রবাহিত হওয়া।

چواؤ (চওয়াবু) হিঃ নাঃ পুং ; রসুদাম পানির ফোটা। শরবত চুয়ে আসা।

چوب دستی (চোবদস্তী) ফাঃ নাঃ স্ত্রীং ; হাতের ছড়ি।

چوبا (চওবা) হিঃ নাঃ পুং ; ব্রাহ্মণ, পেটুক-ব্রাহ্মণ।

چوبی (চোবী) ফাঃ বিঃ ; কাঠের তৈরী।

چوبی دار نقش ونگار (চোবীদার নকশ ও নিগার) ফাঃ নাঃ বিঃ ; কাঠের কারুকার্য। কাষ্ঠ শিল্পকর্ম।

چوبیس (চওবী) হিঃ বিঃ ; কাষ্ঠ সম্বন্ধীয়।

چوپ (চওপ্) প্রাঃ নাঃ পুং ; ব্যবস্থাপনা।

چوپان (চওপান্) ফাঃ নাঃ পুং ; চারক, রাখাল, রক্ষি, মেষচারক।

چوپانی (চওপানী) ফাঃ নাঃ স্ত্রীং ; রাখালী, চারণকার্য।

چوپی کی چپی (চোপীকী চপী) প্রাঃ বিঃ ; নীরবতা, অনিচ্ছা। এমনি এমনিই।

چوپائی (চওপাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; চার রেখা বিশিষ্ট পরিমাপ যন্ত্র বিশেষ।

چوت (চুত) হিঃ নাঃ স্ত্রীং ; যৌনাংগ, মেয়েদের যোনিদেশ।

چوتڑ (চুতড়) হিঃ নাঃ পুং ; নিতম্ব, পাছা, নাভিদেশ। কোমর।

چوتڑبجانا (চুতড় বাজানা) হিঃ নাঃ ; পুলকিত হওয়া, উল্লাসে মেতে ওঠা।

چوتڑوں پر کھانا (চুতড়োঁ পর খানা) হিঃ নাঃ ; চরম অপদস্থ হওয়া, লজ্জাষ্কর পরাজয় স্বীকার করা।

چوتھ (চউথ্) হিঃ নাঃ স্ত্রীং ; এক চতুর্থাংশ। হিন্দী বর্ষের চতুর্থ মাস। একপ্রকার শুল্ক।

چوتھا (চওথা) হিঃ বিঃ এবং নাঃ পুং ; চতুর্থম, মৃতের চতুর্থ দিবসের প্রথা বিশেষ।

چوتھے پانچویں (চওথে পাঁচবী) হিঃ বিঃ ; কখনো। সময়ে সময়ে।

چوتھائی (চওথায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; এক

চতুর্থাংশ, সিকি।

چوتھی (চওথী) হিঃ নাঃ স্ত্রীং ; কনের গায়ে হলুদ, মেহদী মাখার প্রথা বিশেষ।

چوتھی کا جوڑا (চওথীকা জোড়া) হিঃ নাঃ পুং ; বিবাহ উত্তর চতুর্থ দিবসে পরা কনের পোষাক বিশেষ।

چوتھیا (চওথীয়া) হিঃ নাঃ পুং ; চতুর্থ দিনের জ্বর। ভূস্বামী।

چوتیا (চুতিয়া) হিঃ বিঃ ; বোকা, নির্বোধ, ভর্ৎসনা বা গালি।

چوتیاپن (চুতিয়াপন) হিঃ বিঃ ; বোকামি, নিবুর্দ্ধিতা।

چوتیا چکر (চুতিয়া চক্কর) হিঃ নাঃ পুং ; বুদ্ধিহীন, বোকা।

چوتیا شہید (চুতিয়া শহীদ) হিঃ নাঃ পুং ; অতি কামুক, যৌন সংগমের আধিক্য জনিত কারণে প্রাণপাতকারী।

چوٹ (চোট) হিঃ নাঃ স্ত্রীং ; আঘাত। প্রহার, আক্রমণ, প্রেমের বেদনা, শক্, ছ্যাঁক। আকাঙ্ক্ষা। তিরস্কার, ক্ষতি।

چوٹ ابھرنا (চোট উভারনা) হিঃ নাঃ ; দুঃখ প্রকাশ করা।

چوٹ پھیٹ (চোট্ ফেট্) হিঃ নাঃ স্ত্রীং- আঘাত, মনস্তাপ।

چوٹ سہنا (চোট্ সহ্না) হিঃ নাঃ ; আঘাত সহ্য করা।

چوٹ لگنا (চোট লাগ্না) হিঃ পুং ; দুঃখ পাওয়া, আহত হওয়া, মর্মাহত হওয়া।

چوٹ لگی پہاڑکی توڑیں گھر کیسا (চোট লাগী ফার্কী তোড়ে ঘরকী সল) হিঃ প্রঃ ; বুঝে খাওয়ার সাহস নেই বউ মারার জম।

چوٹا (চোটা) হিঃ নাঃ পুং ; আখের নিংড়ানো রস, আখের রস।

چوٹالنا (চওটাল্না) হিঃ নাঃ মূঃ ; আঘাত করা, মুগুর বা হাতুড়ি পেটা করা।

چوٹا (চোট্টা) হিঃ নাঃ পুং ; চোর। তস্কর, প্রবঞ্চক।

چوٹی (চোট্টী) হিঃ নাঃ স্ত্রীং ; চুন্নী, ছলনাময়ী।

چوٹٹی والا (চোট্টীওয়ালা) হিঃ বিঃ ; পাজি, নীচ্ প্রকৃতির লোক।

چوٹی (চোটী) হিঃ নাঃ স্ত্রীং ; চূড়া, শিখর খোপা, টিকি, পাখীর ঝুঁটি। উন্নতি। গম্বুজশীর্ষের তীক্ষ্ণ প্রান্ত।

چوٹی دبنا (চোটী দব্না) হিঃ নাঃ ; পরাজিত হওয়া, অপারগ হওয়া।

چوٹی کا (চোটীকা) হিঃ বিঃ বিঃ ; ঝানু ব্যক্তি, বাছাইকৃত।

چوٹی کٹ (চোটী কট্) হিঃ নাঃ পুং ; দাস, ভৃত্য, অধীনস্থ।

چوٹی کی بات (চোটিকীবাত্) হিঃ নাঃ স্ত্রীং ; অতি সুবচন, সর্বোৎকৃষ্ট বাণী।

چوٹی والا (চোটীওয়ালা) হিঃ নাঃ পুং ; ভূত, অপদেবতা, অশরীরী মূর্তি। প্রতিবিম্ব, সহপাঠী, সমজন্মা।

چوج (চোজ্) হিঃ নাঃ পুং ; অদ্ভুত, বিস্ময়কর, অসাধারণ, সূক্ষ্মদর্শিতা, কমনীয়তা, রমণীয়তা, গুণ-মাধুর্যতা, কামপ্রিয়তা, শঠতা। আশাবাদীতা।

چوجی (চোজী) হিঃ নাঃ ; অদ্ভুত, আকস্মিক।

چوچ (চোচ্) সঃ নাঃ পুং ; বাকল, খোশা, চামড়া, ফলের অভক্ষিত অংশ, তাল, নারিকেল, কলা, দারচিনি।

چوچک (চওচক্) হিঃ নাঃ পুং ; দারচিনি।

چوچڑ (চোচড়্) হিঃ বিঃ ; বোকা, হাবা, স্বল্প দুগ্ধদানকারী গাভি।

چوچلا (চোচ্লা) হিঃ নাঃ পুং ; রসিকতা, মিষ্ট বচন, স্নেহ, আদর।

چوچل ھائی (চোওচল্ হাঈ) হিঃ নাঃ ; স্নেহাস্পদ, প্রিয়জন, তামাশাগীর, কৌতুকী। ভাঁড়।

چودنا (চোদ্না) হিঃ নাঃ মূঃ ; সংগম করা, বলাৎকার করা, সহবাস করা।

چودہ (চওদাঃ) হিঃ বিঃ ; চৌদ্দ সংখ্যক বা সংখ্যা। চতুর্দশ।

چودھر (চওধর্) হিঃ নাঃ স্ত্রীং ; রাজকীয়

পদ, চৌধুরীর পদমর্যাদা।

چودهرات (চওধরাত) হিঃ নাঃ স্ত্রীং ; চৌধুরীর পদ বিশেষ। মাতব্বরি।

چودهری (চওধরী) হিঃ নাঃ পুং ; সামন্ত। নৃপতি, সেনাপতি বিশেষ। গ্রাম্য মোড়ল। কুলির সর্দার। উপাধি, ভূস্বামীর সম্বোধন।

چوڈهل (চওঢল) প্রাঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার গানের পাখী, হাওদা।

چور (চোর) হিঃ নাঃ পুং ; চোর, ডাকাত, তস্কর, যে গোপনে অন্যের মাল অপহরণ করে। গুপ্ত। বিপদ, আশঙ্কা, বিঃ ; গোপন, চুপিসারে।

چور انعام (চোর ইন্‌আ'ম) হিঃ নাঃ পুং ; লাখেরাজ সম্পত্তি। খাজনাহীন জমি চাষ।

چور اور چتر (চোর আওর চত্তর) হিঃ বিঃ ; যে চোর সেই সাক্ষী।

چور بازاری (চোর বাজারী) হিঃ নাঃ স্ত্রীং ; গোপনে গোপনে চড়া মূল্যে বিক্রি করা।

چوربالو (চোর বালূ) হিঃ নাঃ স্ত্রীং ; চোরা বালি, বিজন ভূমি।

چوربدن (চোর বদন) হিঃ নাঃ পুং ; মেদমুক্ত শরীর।

چورپانی (চোর পানী) হিঃ নাঃ পুং ; চুয়ানো পানি।

چورپرمور پڑنا (চোর পর মোর পড়না) হিঃ পঃ ; চোরের উপর বাটপারি করা।

چورپهرا (চোর পহরা) হিঃ নাঃ পুং ; গোপন প্রহরা, অজ্ঞাতসারে প্রহরা।

چورپیٹ (চোর পেট) হিঃ নাঃ পুং ; অদৃষ্ট গর্ভ।

چورپیسا (চোর পয়সা) হিঃ নাঃ পুং ; মাটিতে যে পয়সা অনায়াসে পাওয়া যায় না এমন।

چورتهانگ (চোর থাংগ) হিঃ নাঃ পুং ; যে চোরের মাল গ্রহণ করে।

چوردانے چورکی ساله (চোর জানে চোর কী সালা) হিঃ প্রঃ ; একমাত্র চোরই চোরকে চিন্‌তে পারে।

چورچکار (চোর চক্কার) হিঃ নাঃ পুং ; চোর। পকেটমার। অসৎ। লম্পট।

چورخانه (চোর খানা) হিঃ নাঃ পুং ; নির্জন কক্ষ। গুপ্ত দরজা।

چوردروازه (চোর দরওয়াযা) হিঃ নাঃ পুং ; যে দ্বার সম্পর্কে সাধারণ মানুষ জ্ঞাত নয়। গুপ্তদ্বার।

چوردهج (চোরধজ) হিঃ নাঃ পুং ; প্রতিপক্ষকে আঘাত করা।

چوراسته (চোরাস্তা) হিঃ নাঃ পুং ; অপ্রসিদ্ধ পথ, গোপন পথ।

چورزمین (চোর যমীন) হিঃ নাঃ স্ত্রীং ; কাদা, ক্লেদাক্ত ভূমি। কাদামাটি।

چورکاجی کتنا (চোরকাজী কিত্‌না) হিঃ প্রঃ ; (কথিত) চোরের মনে পুলিশ পুলিশ।

چورکچهری (চোরকছরী) হিঃ নাঃ স্ত্রীং ; গোপন আদালত, গোপন পুলিশ।

چورکهڑکی (চোর খিড়কী) হিঃ নাঃ স্ত্রীং ; গোপন জানালা।

چورکی داڑهی میں تنکا (চোরকী দাড়ীমে তিন্‌কা) হিঃ পঃ ; অতি সতর্কতাই চোরের পরিচয়।

چورگلی (চোরগলী) হিঃ নাঃ স্ত্রীং ; চোরাগলি, যে গলীর এক মাথা বন্ধ। পাজামার দুই পাশের মধ্যস্থ বস্ত্রখন্ড।

چورمنڈلی (চোরমন্ডলী) হিঃ নাঃ স্ত্রীং ; শিশুদের খেলনা বিশেষ।

چورمونگ (চোরমোঙ্গ) হিঃ নাঃ স্ত্রীং ; অসিদ্ধ মুগ বা কলাই।

چورهٹیا (চোর হটিয়া) হিঃ নাঃ পুং ; যে দোকানদার চোরের মাল খরিদ করে।

چور (চূর) হিঃ নাঃ ; চূর্ণ, গুড়া, অণু, চূর্ণ বিচূর্ণ। ক্লান্ত। মাতাল। অপ্রকৃতস্থ, বিহ্বল।

چورا (চূরা) হিঃ নাঃ পুং ; খণ্ডিত চূর্ণ-বিচূর্ণকৃত।

چوراکاری (চোরা কারী) হিঃ নাঃ স্ত্রীঃ ; খণ্ডিত করণ, বিচূর্ণকরণ, বিচূরণ ধ্বনি।

چورما (চূর মা) হিঃ নাঃ পুং ; ঘি এবং চিনিতে চূর্ণ করা রুটি। মথিত নরম বস্তু।

چورن (চূরণ) হিঃ নাঃ পুং ; চূর্ণ। ঔষধ।

چورنا (চূরনা) উঃ মূঃ ; চূর্ণ-বিচূর্ণ করে ঘৃত বা তৈলাক্ত করা।

چوری (চোরী) হিঃ নাঃ স্ত্রীঃ ; চুরি, অজান্তে কারো মাল অপহরণ করা।

چوری چوری (চোরী চোরী) ক্রিঃ বিঃ চুপিসারে, গুপ্তভাবে।

چوری چھپے (চোরী ছুপে) ক্রিঃ বিঃ ; অজ্ঞাতসারে, সংগোপনে।

چوری کا مال (চোরীকা মাল) হিঃ নাঃ পুং ; চোরাই মাল, চুরিকৃত সম্পদ।

چوڑ (চোড়) প্রাঃ নাঃ পুং ; ক্ষতি, অনিষ্ট।

چوڑا (চওড়া) হিঃ নাঃ বিঃ ; প্রশস্ত, পরিব্যাপ্ত, প্রসারিত, বিস্তৃত।

چوڑا (চওড়া) হিঃ নাঃ পুং ; গরু ছাগলের মলমুত্রযুক্ত কাদা। পেঁক। কাঁচ। সোনা বা রূপার চুড়ি। মেথর।

چوڑان (চওড়ান) হিঃ নাঃ স্ত্রীঃ ; প্রশস্ততা, প্রস্থ, ব্যাপ্ততা,

چوڑاو (চওড়াও) হিঃ নাঃ স্ত্রীঃ ; আয়তন।

چوڑانا (চওড়ানা) হিঃ মূঃ ; প্রশস্ত করা, আয়তন বৃদ্ধি করা, বিস্তৃত করা, ব্যাপ্ত করা।

چوڑائی (চওড়াঈ) چوڑاپن (চওড়াপন্) چوڑان (চওড়ান) হিঃ নাঃ স্ত্রীঃ ; প্রশস্ততা। প্রস্থ।

چوڑھا (চোড়্হা) হিঃ নাঃ পুং ; মেথর, চামার, মুচি, মালি, নীচ, অসভ্য।

چوڑھی (চোড়্হী) হিঃ নাঃ স্ত্রীঃ ; মুচিগিরি, মালিগিরী, মেথরগিরি এবং তাদের স্ত্রী। মালিনী। মেথরিণী।

چوڑی (চুড়ি) হিঃ নাঃ স্ত্রীঃ ; পঞ্জিকা, দিনকাল হিসাবের তালিকা। দিন পঞ্জিকা। রোজনামচা।

چوڑی (চুড়ী) হিঃ নাঃ স্ত্রীঃ ; চুড়ি, কাঁচের বলয়।

چوڑیا (চুড়িয়া) হিঃ নাঃ পুং ; পাড়যুক্ত কাপড় বিশেষ।

چوزه (চুযা) হিঃ নাঃ পুং ; মুরগীর বাচ্চা, লেজের উদ্গম স্থান। স্বল্পবয়স্ক, যুবতী।

چوزه باز (চুযাবায) হিঃ নাঃ স্ত্রীঃ এবং বিঃ ; কামুক, বেশ্যা।

چوسا (চুসা) হিঃ নাঃ পুং ; চূর্ণন যন্ত্র, রেতি।

چوسار (চওসার) প্রাঃ বিঃ ; তীক্ষ্ণবুদ্ধি সম্পন্ন ব্যক্তি, সাবধান।

چوساری (চওসারী) প্রাঃ নাঃ স্ত্রীঃ ; সতর্কতা, সাবধানতা।

چوس ڈالنا (চুস্ ডালনা) হিঃ মূঃ ; চোষণ করা, পরিপূর্ণভাবে আহরণ করা।

چوسری (চুসরী) প্রাঃ নাঃ স্ত্রীঃ ; অলঙ্কার বিশেষ।

چوسنا (চুস্‌না) হিঃ মূঃ ; চোষণ করা, নিংড়ানো, ঘর্মাক্ত করা, দুগ্ধ পান করা, শোষণ করা।

چوسنی (চুস্‌নী) হিঃ নাঃ স্ত্রীঃ ; শিশুদের খেলনা, দুধের বোতল, চুষরিণী। ফিডার।

چوغه (চোগা) ফাঃ নাঃ পুং ; আবা, জুব্বা, একপ্রকার লম্বা জামা। আচকান। আলখেল্লা।

چوک (চওক) হিঃ নাঃ পুং ; চার কোন বিশিষ্ট মাঠ, আঙ্গিনা, উঠান, চৌমুখী বাজার, চক, চত্বর।

چوک (চুক) হিঃ নাঃ স্ত্রীঃ ; ভুলচুক, ত্রুটি, স্খলন, অম্লস্বাদযুক্ত সব্জী, বিঃ ; অতি টক। অবহেলা।

چوکا (চুকা) হিঃ নাঃ পুং ; অম্লস্বাদযুক্ত শাক বিশেষ।

چوکر (চওকর) হিঃ নাঃ পুং ; ভুসি, গম, ডাল ইত্যাদির বাকল। সারহীন বস্তু।

چوکنا (চোক্‌না) হিঃ মূঃ ; স্খলন করা, ভুল করা, লক্ষ্যভ্রষ্ট হওয়া।

چوکھا (চোখা) چوکھی (চোখী) হিঃ বিঃ ; উত্তম, উৎকৃষ্ট, উন্নত, পরিষ্কার, ভাল, নির্ভেজাল, নিখাঁদ, অদ্ভুত, তীক্ষ্ণ।

چوکھاٹ (চোখাট্‌) হিঃ বিঃ ; শক্তিমান, বলবান।

چوکی (চওকী) হিঃ নাঃ স্ত্রী ং ; কাষ্ঠাসন, তক্তপোশ, চৌকি, কেদারা, প্রহরা, ঘাঁটি, ফাঁড়ি, থানা। কর আদায়ের ঘাঁটি, পয়ঃ প্রণালীর ক্ষুদ্রাসন।

چوکی پہرا (চওকী পহ্‌রা) হিঃ নাঃ পুং ; প্রহরী, পাহারা।

چوکی خانہ (চওকী খানা) হিঃ নাঃ পুং ; রাজন্যবর্গের আবাসস্থল। রাজ প্রাসাদ।

چوکی دار (চওকীদার) হিঃ নাঃ পুং ; চৌকিদার, কর আদায়কারী পেয়াদা। প্রহরী। চাপরাশি।

چوکیدارا (চওকীদারা) হিঃ নাঃ পুং ; চৌকিদারী। চৌকিদারের বেতন বা ভাতা, কর।

چوکی دینا (চওকী দেনা) হিঃ নাঃ পুং ; পাহারা দেওয়া, রক্ষণাবেক্ষণ করা, আসন গ্রহণ করা, কাওয়ালী পাঠ করা।

چوکیا سہاگا (চওকিয়া সুহাগা) হিঃ নাঃ পুং ; উত্তম সোহাগা বিশেষ।

چوکیداری (চওকিদারী) উঃ নাঃ স্ত্রীং ; চৌকিদারের বৃত্তি বা পেশা। চৌকিদারী।

چوکی مالا (চওকীমালা) হিঃ নাঃ পুং ; শুল্ক -চোর, যে কর ফাঁকি দেয়।

چوگا (চোগা) হিঃ নাঃ পুং; পাখীর খাদ্য। শস্য।

چوگان (চওগান) ফাঃ নাঃ পুং ; ক্রিকেট। ব্যাটবল। বড়ঢোল। পোলো খেলা। পোলো বা হকি স্টিক।

چوگانی (চওগানী)হিঃ নাঃ পুং ; পোলো খেলায় পারদর্শী অশ্ব।

چوگڑا (চওগড়া) হিঃ নাঃ পুং ; খরগোশ।

چوگوشہ (চওগোশা) হিঃ বিঃ ; একপ্রকার বারকোশ।

چول (চূল) হিঃ নাঃ স্ত্রীং ; কাঠের আল যা খাঁজে গুতিয়ে এক খণ্ড কাঠ অপর খণ্ডে জোড়া যায়।

چولا (চোলা) হিঃ নাঃ পুং ; দেহ। বেশ। পরিচ্ছদ। چولا بدلنا (– বদল্‌না) বেশ পরিবর্তন।

چول (চূল) প্রাঃ নাঃ পুং ; আঁজলা। হাতের কোষ। ঢোক।

چولا (চোলা) হিঃ নাঃ পুং ; শরীর। কায়া। কলের পোষাক বিশেষ। কারার বহিরাংশ।

چولابدلنا (চোলা বদল্‌না) হিঃ ; কায়া পরিবর্তন করা। চালচলনে পরিবর্তন সাধিত হওয়া। দেহান্তরিত হওয়া।

چولائی (চোলাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার শাক।

چولہا (চোলহা) হিঃ নাঃ পুং ; চুলা, অগ্নিকুন্ড, চুল্লী।

چولہےمیں جائے (চোলহেমে জায়ে) হিঃ পুঃ ; চুলোয় যাক, ধ্বংস হোক।

چولی (চোলী) হিঃ নাঃ স্ত্রীং ; মেয়েদের আঁটা জামা, বডিজ, কাচুঁলি। ব্রেসিয়ার।

چولیا (চোলিয়া) হিঃ প্রাঃ নাঃ পুং ; ছোট প্যান্ট, জাঙ্গিয়া। নেংটি।

چوما (চোমা) হিঃ নাঃ পুং ; চুমো, অধরস্পর্শ, স্নেহ, চুম্বন।

چومک (চোমক) প্রাঃ নাঃ পুং ; চকচক, ঝকঝক, উদ্ভাসন।

چومنا (চোম্‌না) হিঃ মূঃ ; চুমো খাওয়া, প্রণয় করা, আদর করা।

چوں (চোঁ) ফাঃ বিঃ ; মত, অনুরূপ, যখন, যেহেতু। কিভাবে। কি জন্য।

چونکہ (চোঁকে) ফাঃ অব্যয় ; কারণ, এজন্য যে, এ কারণে।

چوں چرا (চুঁও চিরা) ফাঃ অব্যঃ ; ওজর,

আপত্তি, প্রতিবাদ, তর্ক-বিতর্ক।

چون (চোন্) হিঃ নাঃ স্ত্রীং ; আটা, ভোজ্য বস্তু।

چوں (চোঁ) হিঃ নাঃ স্ত্রীং ; চো-শব্দ, হালকা ধ্বনি বিশেষ।

چوں چوں (চোঁ-চোঁ) হিঃ নাঃ স্ত্রীং ; পাখীর আওয়াজ, শোঁ শোঁ ধ্বনি।

چوں چون کامربہ (চুঁ চুঁকা মুরাব্বা) হিঃ নাঃ পুং ; রকমারি বস্তুর সমাহার।

چون (চওয়ান্) হিঃ বিঃ ; চুয়ান্ন। ৫৪।

چونا (চুনা) হিঃ নাঃ মূঃ ; চুয়ানো, প্রবাহিত হওয়া, পরিপক্ক ফল মাটিতে পড়া, মাসিক হওয়া।

چونا (চোনা) হিঃ নাঃ মূঃ ; চুনা, ভস্মীকৃত পাথর।

چوناگچ (চুণাগচ্) হিঃ নাঃ পুং ; চূর্ণ কর্মের চুন বিশেষ।

چونترا (চঁওত্রা) হিঃ নাঃ পুং ; চত্বর।

چونپ (চোঁপ) হিঃ নাঃ স্ত্রীং ; আগ্রহ, উদ্দীপনা, আশা-আকাঙ্ক্ষা। সোনার কীল বিশেষ, একগুয়েমী, হঠকারিতা।

چونچ (চোঞ্চ) হিঃ নাঃ পুং ; চঞ্চু, পাখীর ঠোঁট, নখর, প্রান্ত, ভাষা।

چونچ سنبهالو (চোঞ্চ সম্ভালো) হিঃ ; মুখ সামলে কথা বল। অশ্লীল ভাষা ত্যাগ কর।

چونچال (চোঞ্চাল) হিঃ বিঃ ; চঞ্চল, সাবধান, সতর্ক, প্রস্তুত।

چونچلا (চোঁচ্‌লা) হিঃ নাঃ পুং ; পরস্পর আলিঙ্গন। আদর।

چونچیانا (চোচিয়ানা) হিঃ নাঃ মূঃ ; তুড়ি মারা।

چوندلا (চোন্দলা) হিঃ ফাঃ নাঃ পুং ; অসার কথা, অনর্থক বকাঝকা।

چونده (চোন্ধ) হিঃ ফাঃ নাঃ পুং ; আলোর ঝলক, তীব্র আলোর ঝলকে দৃষ্টি ক্ষীণ হওয়া।

چوندهیانا (চোঁধিয়ানা) হিঃ মূঃ ; আলোর ঝলকানিতে চক্ষু ক্ষীণ হওয়া।

چوندی (চোন্দী) প্রাঃ নাঃ পুং ; ধোঁকা। প্রবঞ্চনা, প্রতারণা, ঠকামি।

چونڈا (চোন্‌ডা) হিঃ নাঃ পুং ; কেশগুচ্ছ, পাখীর ঝুঁটি, অসমাপ্ত কুয়া।

چونڈهل (চোন্‌ঢাল) প্রাঃ নাঃ পুং ; পাল্কী বিশেষ।

چونر (চোনর) হিঃ নাঃ স্ত্রীং ; বিচিত্র রঙের দোপাট্টা, শাড়ী।

چونری (চোনরী) নাঃ স্ত্রীং ; বিশেষ রঙের শাড়ী কাপড়।

چونری (চোঁরী) হিঃ নাঃ স্ত্রীং ; ময়ূরের পালকগুচ্ছ।

چونک (চঁওক) হিঃ নাঃ স্ত্রীং ; আতঙ্ক, নির্জনতা, অকস্মাৎ চমকানি। দাউ দাউ করে জ্বলে ওঠা, সংকোচ।

چونک پڑنا (চঁওক পড়্‌না) হিঃ নাঃ ; সচকিত হওয়া, নিদ্রাভঙ্গ হওয়া।

چونکه (চুঁকে) ফাঃ ; কাজেই। এজন্য।

چونکنا (চঁওকনা) হিঃ মূঃ ; হঠাৎ জেগে ওঠা, চমকিত হওয়া, সচেতন হওয়া, বিমূঢ় হওয়া, বিচলিত হওয়া।

چونکیل (চঁওকীল) হিঃ বিঃ ; ভীত বিহ্বল ব্যক্তি, ইতস্ততঃকারী। দোদুল্যমান, সংকোচকারী।

چونگا (চোঙ্গা) হিঃ নাঃ পুং ; চাটুকারিতা, ইনিয়ে বিনিয়ে যে কথা বলে। সরু নল, নলাকার, বোকা, আহাম্মক।

چونگے باز (চুঙ্গেবায্) হিঃ নাঃ পুং ; মিষ্টি কথায় যে অন্যের মাল আত্মসাত করে। দরদী শত্রু।

چونگلا (চোঙ্গলা) হিঃ নাঃ পুং ; বাঁশের নল বা চোঙ্গা।

چونی (চুওয়ান্নী) হিঃ নাঃ স্ত্রীং ; টাকার এক চতুর্থাংশ। সিকি।

چونی (চোনী) হিঃ নাঃ স্ত্রীং ; ডালের ভুসি, ডালের ক্ষুদ্রকণা বিশেষ। ব্যাসন।

چونے والیاں (চুনে ওয়ালিয়াঁ) হিঃ নাঃ স্ত্রীং ; নবজাতকের জন্মোৎসবের নর্তকী।

چوها (চুহা) হিঃ নাঃ পুং ; ইঁদুর, কৃশকায়

নাসিকা বিশিষ্ট।

چوہا بلی کا شکار ہے (চুহা বিল্লীকা শিকার হায়) দুর্বলরা সদা শক্তিমানের আয়ত্বাধীন।

چوہاکنی (চুহাকনী) হিঃ নাঃ স্ত্রীং ; এক প্রকার উদ্ভিদ । ইঁদুরের কানের মত যার পাতা।

چوہے دان (চুহেদান) হিঃ নাঃ পুং ; ইঁদুর মারার কল।

چوہے مار (চুহেমার) হিঃ নাঃ পুং ; ইঁদুর খেকো পাখী। চিল। বাজ।

چوہان (চুহান) হিঃ নাঃ পুং ; সূর্য রাজবংশীয় রাজপূতদের জাত বিশেষ। চৌহান।

چوہڑا (চুহড়া) হিঃ নাঃ পুং ; মালি, মুচি, অচ্ছুৎ, নীচু প্রকৃতির ।

چوہی-چوہیا (চুহী-চুহিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; মাদা–ইঁদুর।

چوہڑی (চুহড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; মালিগিরি। চামারি। মুচি-বৌ। মালিনী।

چوہیاسے دانت (চুহিয়াসে দাঁত) হিঃ নাঃ পুং ; ক্ষুদ্র দাঁত।

چویا (চুয়া) হিঃ নাঃ পুং ; চুয়ানো পানি, ডালের খোসা।

চ – চে

چہ (চেহ্) ফাঃ অব্যয়; প্রশ্নবোধক, বিস্ময় প্রকাশ; কি ?

چہ خوش چرانباشد (চেহ্খোশ- চিরা নাবাশদ) ফাঃ ; তিরস্কারমূলক, কেন নয়? ঠিক আছে ? বলার কি আছে ? এটাইত প্রযোয্য?

چہ میگوئیاں (চেহ্মীগোঈয়াঁ) ফাঃ নাঃ স্ত্রীং ; গাল ভরা বুলি, কল্পনা বিলাসী, আনুমানিক মন্তব্য।

چہ (চাহ্) ফাঃ নাঃ পুং ; কূপ, কূয়া, পুলের দুই মাথা।

چہ بچہ (চাহ্বচ্চা) ফাঃ নাঃ পুং : চৌবাচ্চা, ছোট জলাধার।

چہا (চহা) হিঃ নাঃ পুং ; জলজ পাখী বিশেষ।

چہار (চাহার) ফাঃ বিঃ ; চারের সম্পূরক, । - ৪ ।

چہار چند (চাহার চান্দ) বিঃ ; চার গুণ।

چہردہ (চাহারদাহ্) ফাঃ ; চৌদ্দ, ১৪।

چہاردہم (চাহারদহম) ফাঃ ; সংখ্যা চতুর্দশ।

چہارسو (চাহার সু) ফাঃ ক্রি ঃ বিঃ ; চতুর্দিকে।

چہارشنبہ (চাহারশম্বাহ্) ফাঃ নাঃ পুং ; বুধবার।

چہارم (চাহারম) ফাঃ বিঃ ; চতুর্থ, এক চতুর্থাংশ।

چہتاپن (চহ্তাপন) প্রাঃ নাঃ পুং ; আগ্রহ, অনুরাগ, সংকল্প।

چہچہا (চুহ্চুহা) হিঃ বিঃ ; চকচকে রঙ, অতি লাল রঙ। লাল টকটকে।

چہچہاتا رنگ (চুহ্চহাতা রঙ্গ) হিঃ নাঃ পুং ; অতি লালিমাযুক্ত রঙ, প্রস্ফুটিত পুষ্প।

چہچہانا (চাহ্চাহানা) হিঃ মৃঃ ; গীত গাওয়া, হর্ষোৎফুল্ল হওয়া, পাখীর গান।

چہچہانا (চুহ্চুহানা) হিঃ মৃঃ ; ঔদ্ধত্য প্রদর্শন করা, লালিমা উদ্গীরণ হওয়া।

چہچہاہٹ (চাহ্চাহাহট্) হিঃ নাঃ স্ত্রীং ; সঙ্গীতের চর্চা, পাখীর ডাক।

چہرہ (চেহ্রা) ফাঃ নাঃ পুং ; চেহারা, মুখ, অবয়ব।

چہرہ پرداز (চেহ্রা পরদায) ফাঃ বিঃ ; শিল্প। নকশা অঙ্কনকারী। ছবি অঙ্কনকারী।

چہرہ شاہی روپیہ (চেহ্রাশাহী রুপিয়া) ফাঃ বিঃ ; শাসকের প্রতিকৃতি যুক্ত মুদ্রা। মুখাকৃতি বিশিষ্ট মুদ্রা।

چہرہ کٹنا (চেহ্রা কাট্না) চাকরী ত্যাগ করা।

چہرہ کشا (চেহ্রা কুশায়ী) ফাঃ বিঃ ;

ছবি অঙ্কনকারী।

چہرہ کشائی (চেহরা কুশায়ী) ফাঃ নাঃ স্ত্রীং ; ফলক উন্মোচন করা, মুখ উন্মুক্ত করা, ছবি আঁকা, ছবি অঙ্কনের বৃত্তি।

چہرہ مہرہ (চেহ্‌রা মুহ্‌রা) ফাঃ বিঃ বিঃ ; আকৃতি, গঠন প্রণালী, অবয়ব।

چہرہ نویس (চেহরা নবীস্) ফাঃ নাঃ পুং ; চাকুরেদের জীবন বৃত্তান্ত লিপিকার।

چہرہ ہونا (চেহ্‌রা হোনা) হিঃ ক্রিঃ ; নাম তালিকাভুক্ত করা, অনুচর হওয়া, সৈনিকে ভর্তি হওয়া।

چہرے رنگ اڑنا (চেহ্‌রে রঙ্গ উড়না) হিঃ ; ভয়, অনুতাপ, লজ্জা, উত্তেজনার কারণে চেহারা বিবর্ণ হওয়া।

چہکا (চহ্‌কা) হিঃ নাঃ পুং ; ইট এবং পাথরের বিছানা, কলঙ্ক, দাগ, জালা, মনতাপ, দুঃখ।

چہکار (চহ্‌কার) হিঃ নাঃ স্ত্রীং ; পাখীর কিচির মিচির। পাখীর ডাক। কুজন।

چہکارنا (চহ্‌কারনা) হিঃ নাঃ স্ত্রীং ; কিচির মিচির করা।

چہکنا (চহক্‌না) হিঃ উঃ নাঃ মূঃ ; সুরেলা আওয়াজে কুজন করা, সুমধুর ধ্বনি তোলা, হৃদয়গ্রাহী ভঙ্গীতে কথা বলা।

چہل (চহুল) হিঃ নাঃ স্ত্রীং ; হাসি, তিরস্কার, উপহাস, কৌতুক, বিদ্রুপ।

چہل باز (চহ্‌লবায) ফাঃ নাঃ পুং ; চালাক, প্রফুল্লচিত্ত, হৃষ্ট আত্মা, রসিকমন।

چہل ابدال (চিহ্‌ল আবদাল) ফাঃ নাঃ পুং ; যে চল্লিশ জন পুণ্য আত্মাদের উপর পৃথিবী নিয়ন্ত্রনের ভার সমর্পিত হয়েছে। কুতুব-আবদাল।

چہل چراغ (চিহ্‌ল চিরাগ) ফাঃ নাঃ পুং ; চল্লিশ চেরাগ বিশিষ্ট ঝাড়বাতি বিশেষ।

چہل ستون (চিহল সতুন) ফাঃ নাঃ পুং ; চল্লিশ স্তম্ভ বিশিষ্ট অট্টালিকা।

چہل قدمی (চিহ্‌ল কদমী) ফাঃ নাঃ স্ত্রীং ; আনাগোনা করা, বাতাস গ্রহণ করা, চিত্তচাঞ্চল্যের জন্য সামান্য ঘোরা ফেরা। বায়ু সেবনে ভ্রমণ।

چہل کاف (চিহ্‌ল কাফ) ফাঃ নাঃ পুঃ ; দু'আ বিশেষ, যাতে চল্লিশটি কাফ বিদ্যমান।

چہلا (চহ্‌লা) হিঃ নাঃ পুং ; ক্লেদাক্তভূমি বিঃ ; কাদা।

چہلے کی بھینس (চহ্‌লেকী ভঁয়েস) হিঃ নাঃ পুং ; মাংসল ব্যক্তি। অবাঞ্ছিত লোক।

چہل پہل (চহল্ পহল্) হিঃ নাঃ স্ত্রীং ; ঔজ্জ্বল্য, প্রভা, জনপদ, আনন্দ। উল্লাস, উপহাস, তিরস্কার, উপভোগ।

چہلم (চিহ্‌লাম) ফাঃ বিঃ ; চল্লিশতম। চল্লিশ সম্বন্ধীয়। পুঃ ; চল্লিশার ফাতেহা, শহীদানে কারবালার চল্লিশা।

چہلی (চিহ্‌লী) হিঃ নাঃ স্ত্রীং ; কূপের চরকা।

چہنوڑ (ছন্‌বড়) প্রাঃ নাঃ পুং ; বন্ধ্যাত্বের ব্যাধি বিশেষ।

چہیتا (চাহেতা) হিঃ নাঃ ; আদরের, প্রিয়, স্নেহের।

چہیتی (চাহীতী) হিঃ বিঃ ; আদরনীয়া স্নেহাস্পদা, প্রিয়া, বরনিয়া।

چہیر (চহ্‌য়র) হিঃ নাঃ পুং ; লাল জাতীয় পাখী বিশেষ।

چہیل (চহীল) হিঃ বিঃ ; পেঁক,কাদা, লেদ।

چ - هـ

چھ (ছে) হিঃ বিঃ ; ছয়, -৬।

چھ بوندیا (ছে বোন্দিয়া) হিঃ নাঃ পুং ; একপ্রকার বিষাক্ত কীট।

چھ ماہی (ছে মাহী) হিঃ নাঃ স্ত্রীং ; অর্পণ, শ্রাদ্ধ। মৃত্যুর ছয় মাসের মধ্যে কাংগালী ভোজ বিশেষ। ত্রৈমাসিক।

چھاپ (ছাপ) হিঃ নাঃ স্ত্রীং ; ছাপ, সীলমোহর, অঙ্কন চিহ্ন, মুদ্রণ, সংস্করণ।

چھاپا (ছাপা) হিঃ নাঃ পুং ; সীলমোহরের যন্ত্র, অতর্কিত আক্রমণ। গেরিলা হামলা, পত্রিকা, মুদ্রিত, চিত্র, ছবি, সীলমোহর তৈরীর ছাঁচ।

چھاپامارنا (ছাপা মারনা) হিঃ ; অতর্কিত আক্রমণ করা। রাতের অন্ধকারে শত্রুর উপর হামলা চালানো।

چھاپنا (ছাপনা) হিঃ নাঃ মূঃ ; মুদ্রণ করা। সীল মারা, অঙ্কন করা, প্রকাশ করা, প্রসিদ্ধ করা।

چھاپے خانہ (ছাপে খানা) হিঃ নাঃ পুং ; মুদ্রণ ঘর, ছাপাখানা। প্রেস। মুদ্রণালয়।

چھاپے خانے والا (ছাপে খানেওয়ালা) হিঃ নাঃ পুং ; ছাপাখানার মালিক, প্রেসের মালিক।

چھاتا (ছাতা) হিঃ নাঃ পুং : ছাতা, ছত্র, প্রশস্ত বক্ষ।

چھاتا بر دارفوج (ছাতা বরদারফৌজ) হিঃ ফাঃ নাঃ স্ত্রীং ; ছত্রীসেনা, (Para Troop)

چھاتم چھاتا (ছাতম ছাতা) হিঃ নাঃ পুং ; বুকে বুকে সংঘর্ষ, পতঙ্গের যুদ্ধ।

چھاتی (ছাতী) হিঃ নাঃ স্ত্রীং ; বক্ষস্থল, বুক, স্তন, বুকের পাটা, সাহস, দৃঢ়তা, উদারতা, মহত্ত্ব, স্বকীয়তা।

چھاتی ابھارکر چلنا (ছাতী উভার কর চলনা) : ছাতি ফোলানো, শক্তিমত্তা প্রকাশ করা, গর্ব জাহির করা।

چھاتی بیٹھ جانا (ছাতী বয়েঠজানা) হিঃ ; সর্দি বা ঠাণ্ডার কারণে গলা বসে যাওয়া।

چھاتی پرچڑھے رہنا (ছাতীপর চড়হে রহনা) হিঃ ; সম্মুখে উপস্থিত থাকা।

چھاتی پر هاتھ رکھنا (ছাতিপর হাত রাখ্না) হিঃ ; আকৃষ্ট করা, প্রেম নিবেদন করা।

چھاتی پہاڑ هونا (ছাতী পাহাড় হোনা) হিঃ ; অবিচল হওয়া, মানসিক শক্তি অর্জন করা, মন শক্ত হওয়া।

چھاتی پھٹنا (ছাতী ফাটনা) হিঃ ; ছাতি ফাটা, বুক বিদীর্ণ হওয়া, প্রাণপাতের উপক্রম হওয়া, পিপাসা কাতর হওয়া।

چھاتی پیٹنا (ছাতী পীটনা) হিঃ ; মাতম করা, শোক পালন করা, ঈর্ষা করা। অতিশয় রাগ করা।

چھاتی دینا (ছাতী দেনা) হিঃ ; শিশুদের স্তন্য দান করা। বাচ্চাকে দুধ দেয়া।

چھاتی سے لگانا (ছাতীসে লাগানা) হিঃ ; আলিঙ্গন করা, বাহুপাশে আবদ্ধ করা।

چھاتی کا ابھار (ছাতীকা উভার) হিঃ নাঃ পুং ; স্তনোদ গম, যৌবনের কারণে বক্ষের উন্নতি। বক্ষস্ফীতি।

چھاتی کا پہاڑ (ছাতীকা পাহাড়) হিঃ নাঃ পুং ; মানসিক অশান্তি, অশ্বস্তি, দুঃখ।

چھاتی کا پھوڑا (ছাতিকা ফোড়া) হিঃ নাঃ পুং ; মানসিক শান্তি, জীবনের ঝুঁকি।

چھاتی کا بم (ছাতীকা বম) হিঃ নাঃ পুং ; প্রাণ হরণকারী, প্রাণবধকারী ফেরেস্তা। মানসিক বোঝা, অসহনীয় ব্যক্তি। যে সদা উপস্থিত।

چھاتی کاسوداهے (ছাতীকা সওদা হায়) হিঃ ; সাহসে কাজ। দুঃসাহস।

چھاتی کے کواڑ (ছাতীকে কেওয়াড়) হিঃ নাঃ পুং ; বুকের দুই প্রান্ত।

چھاتی گدرانا (ছাতী গুদরানা) হিঃ নাঃ পুং ; স্তন মুকুলিত হওয়া। বুক। বক্ষ স্ফীতি।

چھاتی مسلانا (ছাতী মসলানা) হিঃ নাঃ স্ত্রীং ; স্তন স্পর্শ করা, হস্তস্পর্শে স্তন আলুলিত করা।

چھاج (ছাজ) হিঃ নাঃ পুং ; কুলা, অশ্ব গাড়ীর অগ্রভাগ, রেল ইঞ্জিনের সম্মুখস্থ পথ পরিষ্কার করার লৌহদন্ড।

چھاجن (ছাজন) হিঃ নাঃ পুং ; তুষ আলগা করণ।

چھاجوں برسنا (ছাজোঁ বরস্না) হিঃ ;

বৃষ্টিপাত হওয়া, মুষলধারে বর্ষণ হওয়া।

چھاچھ (ছাছ) হিঃ নাঃ পুং ; ঘোল। মাঠা।

چھاڑنا (ছাড়না) হিঃ মূঃ ; বমি করা, ওক দেয়া।

چھار (ছার) হিঃ নাঃ মূঃ ; মাটির চাকা, তিক্ত, লবণাক্ত, চড়চড়ে। উজ্জীবক।

چھارو (ছারো) হিঃ নাঃ পুং ; ফোস্কা, ফুস্কুড়ি। জরের ফোস্কা। তিরস্কার করা।

چھاری (ছারী) হিঃ নাঃ স্ত্রীং ; স্বর্ণ-রৌপ্যের পাত।

چھاڑ (ছাড়) হিঃ নাঃ পুং ; সমুদ্রতট, চর, মাটি, বৃক্ষ, শৈত্য। ত্যাগ-তিতিক্ষা।

چھاڑچٹھی (ছাড় চিঠ্‌ঠি) হিঃ নাঃ পুং ; ছাড়পত্র, পথ চলার অনুমতিপত্র।

چھاک (ছাক) হিঃ নাঃ পুং ; দুধ দেওয়ার সময়, দুধ দেয়া। প্রাতঃ রাশ, কামলা, খাওয়া, পরটা।

چھاکا (ছাকা) হিঃ বিঃ ; মুর্ছিত, বেহুশ, অচেতন, মাতাল।

چھاگل (ছাগিল) হিঃ নাঃ স্ত্রীং ; চামড়ার তৈরী পানিপাত্র, মশক। নুপুর, ঝুমুর।

چھال (ছাল) হিঃ নাঃ স্ত্রীং ; বাকল, গাছের ছাল।

چھالا (ছালা) হিঃ নাঃ পুং ; ফোস্কা, ফুস্কুড়ি, তরবারী, অসির কলঙ্ক বিশেষ, চর্ম।

چھالیا (ছালিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; সুপারী।

چھاں (ছাঁ) হিঃ নাঃ পুং ; ছায়া, প্রতিবিম্ব, ক্ষীণ প্রভাব।

چھان (ছান) হিঃ নাঃ পুং ; অনুসন্ধান, তদন্ত, বিশ্লেষণ, ভুসি, তৃণ।

چھان بین (ছানবীন) হিঃ নাঃ স্ত্রীং ; গবেষণা, অনুসন্ধান, বিচার-বিশ্লেষণ।

چھانا (ছানা) হিঃ মূঃ ; ভাজঁ করা, ছন বা পাতলা ইটের ছাদ তৈরী করা, আবৃত করা, ছায়া দেওয়া, মেঘে মেঘে আকাশ ছেয়ে যাওয়া, ব্যাপৃত হওয়া। বেষ্টিত হওয়া।

چھاؤں (ছাউঁ) হিঃ নাঃ স্ত্রীং ; ছায়া।

چھانپ (ছাঁপ) প্রাঃ নাঃ বিঃ ; গোপনীয়, অপ্রকাশ্য।

چھانٹ (ছাঁট) হিঃ নাঃ পুং ; উচ্ছিষ্ট, চর্বিত গোশতের পতিত টুকরা, নির্বাচন, খণ্ডিতাংশ, বৃক্ষের শাখা।

چھانٹن-چھٹن (ছাঁটন-ছুটন) হিঃ নাঃ স্ত্রীং ; বাছাইয়ের পর অবশিষ্টাংশ। কাট-ছাটের পর যা বেঁচে থাকে।

چھانٹنا (ছাঁটনা) হিঃ মূঃ ; বাছাই করা, পছন্দ করা, ছাটাই করা, মাথার চুল কাটা। সংক্ষিপ্ত করা, মিষ্টি বলা। কথা কেটে ফেলা।

چھاننا (ছান্‌না) হিঃ মূঃ ; পরিষ্কার করা, চালনি দ্বারা চালা। ভাল-মন্দ যাচাই করা, বিচার-বিশ্লেষণ করা, অন্বেষণ করা, খোঁজ-খবর নেয়া।

چھاؤنی (ছাওনী) হিঃ নাঃ স্ত্রীং ; ছাউনি, ছাউনি তৈরীর সামগ্রী, সেনাঘাঁটি, ক্যাম্প, সেনানিবাস।

چھاؤنی ڈالنا (ছাওনী ডালনা) হিঃ ; তাবু তৈরী করা, অবস্থান গ্রহণ করা, ক্যাম্প তৈরী করা।

چھائیں (ছায়েঁ) হিঃ নাঃ স্ত্রীং ; ছায়া, বিশ্ব দাগ, কলঙ্ক, আত্মা, প্রেত।

چھائیں مائیں (ছায়েঁ-মায়েঁ) হিঃ নাঃ পুং ; বৃত্তাকারে খেলা যায় শিশুদের এমনখেলনা বিশেষ।

چھائیاں (ছায়িয়াঁ) হিঃ নাঃ স্ত্রীং ; মুখের কাল দাগ।

چھایا (ছায়া) হিঃ নাঃ স্ত্রীং ; ছায়া, ছায়াযুক্ত স্থান, বিম্ব-প্রতিবিম্ব, সামান্য সামঞ্জস্যতা।

چھایا بڑی مایا ہے (ছায়া বড়ী মায়া হায়) হিঃ প্রঃ ; ছায়া সুপ্রিয় বস্তু, নিজের মাথা গোঁজার স্থান অতিপ্রিয়।

چھپ (ছপ) হিঃ নাঃ স্ত্রীং ; বিলাসিতা, সাজগোজ, পরিপাট্য, চপল চলন, দেহ সৌষ্ঠব, নির্ভীকতা।

چھپ تختی (ছপ্‌তখতী) হিঃ নাঃ স্ত্রীং ;

বুক এবং দেহসৌষ্ঠব, কান্তিময় অবয়ব।

چھبڑا (ছবড়া) হিঃ নাঃ পুং ; বাঁশের টুকরী, বড় টুকরী, প্রকান্ড ঝুড়ি।

چھبڑی (ছবড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট টুকরী। ছোট ঝুড়ি।

چھبر (ছবরী) হিঃ নাঃ স্ত্রীং ; পয়সা, মালপানি।

چھبیس (ছাব্বীস্) হিঃ বিঃ ; ছাব্বিশ, ২৬।

چھبیلا (ছবীলা) হিঃ বিঃ ; সুন্দর, সৌন্দর্যময়, চঞ্চল, রসিক, কৌতুক প্রিয়, সুন্দর আকৃতিবিশিষ্ট।

چھپ (ছপ্) হিঃ নাঃ স্ত্রীং ; জলপ্রপাতের শব্দ। পানি পতনের ধ্বনি।

چھپ چھپ (ছপ্ছপ্) হিঃ নাঃ স্ত্রীং ; পাহাড় ঢল পতন বা ঢল পতনের অবিরাম শব্দ বিশেষ।

چھپا (ছুপা) হিঃ বিঃ ; গোপনীয়, অপ্রকাশ্য, অব্যক্ত, অনুনুক্ত।

چھپارستم (ছুপারুস্তম) হিঃ বিঃ ; লোক সম্মুখে অপ্রচারিত যোগ্যতার প্রদর্শনকারী। ব্যক্তিত্ব। শাস্ত্রজ্ঞ, মুখোশ ধারী। লম্পট।

چھپارکھنا (ছুপা রাখনা) হিঃ মূঃ ; গোপন রাখা, লুকিয়ে রাখা।

چھپانا (ছুপানা) হিঃ মূঃ ; গোপন করা।

چھپاؤ (ছুপাউ) হিঃ নাঃ পুং ; গোপনীয়তা, আবরণ, ঢাকন, গোপন রহস্য।

چھپاکا (ছুপাকা) নিঃ নাঃ পুং ; মুখে পানি ঢালার আওয়াজ,পানির ফোঁটা।

چھپائی (ছাপাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; মুদ্রণ, মুদ্রণের বিনিময়।

چھپٹی (ছপ্টী) হিঃ নাঃ স্ত্রীং ; কাঠ ফাড়া, বিঃ ; কৃশকায়, দুর্বল। ক্ষীণ।

چھپر (ছপ্পর) হিঃ নাঃ পুং ; খড় বা ছনের চাল কিংবা চালের সম্মুখ ভাগ। ছনের বারান্দা। বর্ষার পানি, যাতে পদ্ম জন্ম গ্রহণ করে। লম্ব দাড়ি। কবুতরের ঝাক।

چھپربند (ছপ্পরবন্দ) হিঃ বিঃ ; ছনের চাল মেরামতকারী, ছাল প্রস্তুতকারী।

چھپر کھٹ (ছপ্পরখাট) হিঃ নাঃ স্ত্রীং ; শামিয়ানার আবরণীযুক্ত খাট, বরের আসন বা বাসর শয্যা, পালঙ্ক।

چھپرا (ছাপরা) হিঃ নাঃ পুং ; ছোট খাটিয়া।

چھپک (ছপক) হিঃ নাঃ স্ত্রীং ; পানির আওয়াজ, ছলাৎ।

چھپکا (ছপকা) হিঃ নাঃ পুং ; পানির বড় ফোঁটা, জলপ্রপাত , জাল বিশেষ।

چھپکلی (ছিপকলী) হিঃ নাঃ স্ত্রীং ; টিকটিকি।

چھپن (ছপ্পন) হিঃ বিঃ ; ছাপ্পান্ন। ৫৬।

چھپنا (ছপনা) হিঃ মূঃ ; অব্যক্ত হওয়া, অপ্রকাশ্য হওয়া, চক্ষু বাঁচানো, আবৃত করা।

چھپواں (ছিপ্ওয়াঁ) হিঃ বিঃ ; গোপনে-গোপনে, চুপে চুপে ।

چھت (ছাত) হিঃ নাঃ স্ত্রীং ; ছাদ, ইটের তৈরী গৃহাদির উপরের আচ্ছাদন। ছায়া, ছাদের বহিরাংশ।

چھت پاٹنا (ছাত পাটনা) হিঃ মূঃ ; ছাদ মেরামত করা।

چھت گیری (ছাতগীরী) হিঃ নাঃ স্ত্রীং ; ছাদের নীচের শামিয়ানা।

چھتا (ছাত্তা) হিঃ নাঃ পুং ; মৌমাছির চাক, ঘণ অরণ্য। মৌচাক।

چھتارا (ছত্তারা) হিঃ নাঃ পুং ; অধিক শাখা এবং পত্রবিশিষ্ট বৃক্ষ। ঘন বৃক্ষ।

چھتانا (ছতানা) হিঃ নাঃ পুং ; বল্লার বাসা। বোলতার চাক।

چھتر (ছতর) হিঃ নাঃ পুং ; শামিয়ানা, বড় ছাতা, আশ্রয়স্থল। চাদোয়া।

چھتری (ছত্রী) হিঃ নাঃ পুং ; ক্ষত্রিয়। হিন্দুসমাজের সামরিক শ্রেণী।

چھترانا (ছত্রানা) হিঃ মূঃ ; বিক্ষিপ্ত করা।

چھتراؤ (ছত্‌রাউ) হিঃ নাঃ পুং ; বিক্ষিপ্ততা, বিশৃঙলা।

چھترپتی (ছত্রপতী) হিঃ নাঃ পুং ; রাজা, নবাব, শাসক, রাজকীয় কর্ম, অধ্যক্ষ।

چھتری (ছত্‌রী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট ছাতা, কবুতরের সমাগমস্থল। গুম্বুজ বিশিষ্ট ঘর, পাল্কির উপরের অংশ।

چھتنا (ছিত্‌না) হিঃ মূঃ ; পেটানো, মার খাওয়া, ভেঙ্গে যাওয়া, নিষ্পেষিত হওয়া, সমতল করা।

چھتنا (ছত্‌না) হিঃ বিঃ ; ছাদের মত ঘন সমতল, সমান।

چھتوانا (ছতওয়ানা) হিঃ মূঃ ; পেটাই খাওয়ানো, মার দেওয়ানো।

چھتور (ছতওয়া'র) হিঃ প্রাঃ মূঃ ; অট্টালিকা, আবাস, প্রাসাদ, বাংলো।

چھتوڑنا (ছুতোড়না) হিঃ প্রাঃ মূঃ ; ছিটানো, বিক্ষিপ্ত করা।

چھتیس (ছত্তীস) হিঃ বিঃ ; ছত্রিশ, ৩৬।

چھتیسا (ছত্তীসা) হিঃ বিঃ ; শঠ। প্রতারক-যে ৩৬ রকমের ভেল্কী জানে।

چھتنیسی (ছত্তীসী) হিঃ বিঃ ; চরিত্রহীনা, অতি চপলা, ছলনাময়ী।

چھٹ (ছুট) হিঃ অবঃ ; ব্যতিত, ব্যতিক্রম, ছাড়া, বিহীন, আলাদা।

چھٹ بھیا (ছুট ভাইয়া) হিঃ নাঃ পুং ; ক্ষুদ্র ব্যবসায়ী, ছোট প্রকৃতির লোক।

چھٹ پن (ছুটপন)হিঃ নাঃ পুং ; শিশুত্ব, কৈশোরত্ব, ছোটত্ব।

چھٹا (ছটা) হিঃ বিঃ ; বাছাইকৃত, নির্বাচিত, ছয় সম্বধীয়। ষষ্ঠীয়।

چھٹا (ছুটা) হিঃ বিঃ ; আলগা। আলাদা।

چھٹا پا (ছুটাপা) হিঃ নাঃ পুং ; ক্ষুদ্রত্ব, ছোটত্ব।

چھٹانک (ছটাঙ্ক) হিঃ নাঃ স্ত্রীং ; সেরের ষোল ভাগের এক ভাগ, ছটাক, পাঁচ তোলা।

چھٹپٹانا (ছট্‌পটানা) হিঃ মূঃ ; ছট্‌ফট্ করা। এদকি ওদিক করা।

چھٹاون (ছটাওয়ান) হিঃ নাঃ পুং ; চালনি, শস্যের আবর্জনা পরিষ্কার করা।

چھٹکا (ছুটকা) হিঃ বিঃ ; ক্ষুদ্র, ছোট।

چھٹکا (ছিটকা) হিঃ নাঃ পুঃ ; ছাপার কাপড়, পাল্কী বা নৌকার সাজ।

چھٹکارا (ছুট কারা) হিঃ নাঃ পুঃ ; মুক্তি, ছাড়া পাওয়া, অবসর, সুযোগ।

چھٹکاں (ছিটকাঁ) প্রাঃ নাঃ পুং ; ছিঁটা, ফোটা।

چھٹکانا (ছিটকানা) হিঃ মূঃ ; বিক্ষিপ্ত করা, ছড়ানো, ছিটানো, এলোমেলো, অব্যবস্থিত, স্ব-স্থানে স্থাপন।

چھٹکنا (ছিটকনা) হিঃ মূঃ ; বিক্ষিপ্ত হওয়া, এলোমেলো হওয়া, তারা চমকানো, তারার সমাহার।

چھٹکی (ছুটকী) প্রাঃ নাঃ স্ত্রীং ; অতি ক্ষুদ্র, খুব কম।

چھٹکنی (ছিট্‌কিনী) হিঃ নাঃ স্ত্রীং ; দরজার অর্গল। কড়া।

چھٹنا (ছটনা) হিঃ মূঃ ; নিষ্কাষিত হওয়া, দুর্বল হওয়া, নির্বাচিত হওয়া, চালনি, তৃষ্ণা।

چھٹنا (ছুট্‌না) হিঃ মূঃ ; মুক্তি পাওয়া, ছাড়া পাওয়া, দাস্ত হওয়া, স্থাপিত হওয়া, যাত্রা করা, পথচলা।

چھٹی (ছট্‌টী) হিঃ নাঃ স্ত্রীং ; সন্তান জন্মের ষষ্ঠ দিনে যে সামাজিক কৃত্য করা হয়।

چھٹنکی (ছটঙ্কী) হিঃ নাঃ স্ত্রীং ; ছটাকি।

چھٹوانا (ছুটওয়ানা) হিঃ মূঃ ; মুক্ত করা, আলাদা করা, স্থগিত করা।

چھٹوتی (ছুটোতী) হিঃ নাঃ স্ত্রীং ; লঘু।

چھٹولا (ছোটোলা) হিঃ নাঃ পুং ; প্রসূতির পোষাক।

چھٹولا (ছোটোলা) হিঃ বিঃ ; ছয় দিন কিংবা ছয় মাসের শিশু।

چھٹ (ছঠ) হিঃ নাঃ স্ত্রীং ; পক্ষকালের ষষ্ঠ দিন।

چھٹی (ছেটি) হিঃ বিঃ ; ছয়মাস সংক্রান্ত।

چھٹی حس (ছেটিহিস্) হিঃ নাঃ স্ত্রীং ;

শঙ্কিত-শিহরণ। ছমছম করা।

چھٹی کاجوڑ (ছেটি কাজোড়া) হিঃ নাঃ পুং : ষষ্ঠদিবসেতে প্রসূতির মাতৃপক্ষের পক্ষ থেকে প্রাপ্ত জামা কাপড়।

چھٹی نہانا (ছেটিনাহানা) হিঃ ; প্রসূতির ষষ্ঠ দিবসের গোসল।

چھٹی (ছুট্টী) হিঃ নাঃ স্ত্রীং ; ছুটি, বন্ধ, অবসর, অবকাশ, অনুমতি। বিরতি, স্থগিত, ছাড়া, কর্মের অবসান।

چھٹی دینا (ছুটটি দেনা) হিঃ ; ছুটি দেওয়া, অবকাশ দেওয়া, অনুমোদন প্রদান, স্থগিত করা। বন্ধ করা। বিরতি দেওয়া।

چھٹیاں (ছুট্টিয়াঁ) হিঃ নাঃ স্ত্রীং ; ভাঁড়ামি, কৌতুকে গল্প, অবকাশ যাপনের কাল, বন্ধের সময়।

چھجا (ছজ্জা) হিঃ নাঃ পুং ; অলিন্দ, গ্যালারী, বারান্দা।

چھجانا (ছজানা) হিঃ নাঃ মূঃ ; কম করা, স্বল্প দেওয়া।

چھچا (ছচ্ছা) প্রাঃ রিঃ ; অসভ্য। গোয়ার। নির্লজ্জ।

چھچہا (চহ্‌চহা) ফাঃ নাঃ পুং ; পাখীর গান। কলধ্বনি। আনন্দধ্বনি।

چھچھڑا (ছছ্‌ড়া) হিঃ নাঃ পুঃ ; খারাপ গোশ্‌তের টুকরা, ত্বক, ক্ষতাদির পচা গোশ্‌ত। ছ্যাচড়া।

چھچکارنا (ছুচ্‌কারনা) হিঃ মূঃ ; কুকুর ডাকা, কুকুর লেলিয়ে দেয়া।

چھچھلا (ছছ্‌লা) হিঃ বিঃ ; অগভীর পানি, পাত্র।

چھچھلنا (ছিছলনা) হিঃ মূঃ ; অবিরাম গতিতে স্পর্শ করে অতিক্রম করা।

چھچھلی (ছিছলী) হিঃ বিঃ ; অগভীর পাত্র, মৃত পাত্রের ভাঙ্গা বৃত্তাকার অংশ।

چھچھو (ছচ্ছো) হিঃ না পুং ; (শিশুদের) পেশাব।

چھچھورا (ছচ্ছোরা) হিঃ বিঃ ; বাজে, ছেলেমি। হীন।

چھچھوراپن (ছচ্ছোরাপন) হিঃ নাঃ পুং ; বোকামি। আহাম্মকি, নির্লজ্জতা।

چھچھوندر (ছচ্ছোন্দর) হিঃ নাঃ স্ত্রীং ; ইঁদুর বিশেষ, ছুঁচো, ঝগড়াটে মহিলা, গন্দ মূষিক।

چھچھی (ছচ্ছি) এইঃ নাঃ স্ত্রীং ; (শিশুদের) পেশাব, পায়খানা।

چھدا (ছুদ্দা) হিঃ নাঃ পুং ; অপবাদ, অভিযোগ, দুর্নাম।

چھدام (ছদাম) হিঃ নাঃ স্ত্রীং ; পয়সার এক অষ্টমাংশ।

چھدرا (ছিদ্‌রা) হিঃ বিঃ ; ঝিরঝিরে, ছিদ্রযুক্ত, আলাদাভাবে।

چھدنا (ছিদনা) হিঃ মূঃ ; ছিদ্রযুক্ত হওয়া, বিদ্ধ করা, আহত হওয়া।

چھد مد (ছদ্দ মদ্দ) হিঃ নাঃ পুং ; প্রিয়জন।

چھر (ছর) প্রাঃ নাঃ পুং ; ধ্যান, কল্পনা, একাগ্রতা।

چھر (ছর) প্রাঃ নাঃ পুং ; বিষ।

چھرا (ছররা) হিঃ নাঃ পুং ; ছোট গুলি। বুলেট, ক্ষুদ্র প্রস্তরখণ্ড, তিরস্কার, উপেক্ষা।

چھرا (ছুরা) হিঃ নাঃ পুং ; ছোরা, বড় ছুরি, চাকু, ফলাযুক্ত ছুরি।

چھرنا (ছিরনা) হিঃ মূঃ ; শস্য পরিষ্কার করা, খোসা ঝেড়ে ফেলা।

چھرداد (ছিরদাদ) প্রাঃ পুং ; শিশু, ছোকড়া।

چھری (ছুরী) হিঃ নাঃ স্ত্রীঃ ; মুড়া যায় না এমন চাকু, বড় ছুরী।

چھری بند بھائی (ছুরী বন্দ ভাই) হিঃ নাঃ পুং ; কসাই, পশু হননকারী, স্বগোত্র, সমপেশা।

چھری کٹاری (ছুরী কটারী) হিঃ নাঃ স্ত্রীং ; জানের শত্রু, জঞ্জাল। বিঃ ; দাঙ্গাবাজ, সশস্ত্র হামলা।

چھریرا (ছারেরা) হিঃ নাঃ বিঃ ; হালকা, পাতলা, কৃশকায়, লম্বা।

چھڑ (ছড়) হিঃ নাঃ পুঃ ; বাঁশের ছিপ।

چھڑا (ছড়া) হিঃ বিঃ ; একা, নিঃসঙ্গ, নাঃ পুং ; পায়ের শিকল, মূর্তির জন্য নির্মিত কানের অলঙ্কার।

چھڑے چھٹانک (ছড়ে ছটাঙ্ক) হিঃ নাঃ পুং ; নিঃসঙ্গ, একা।

چھڑانا (ছুড়ানা) হিঃ মূঃ ; মুক্ত করা, আযাদ করা, পৃথক করা, ত্যাগ করানো, অবারিত করা।

چھڑائی (ছুড়ায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; মুক্তিপণ, জরিমানা। পশু মুক্তির অর্থদন্ড।

چھڑا (ছড়া) প্রাঃ নাঃ পুং ; বাকল, ছিলকা।

چھڑکاؤ (ছিড়কাউ) হিঃ নাঃ পুং ; পানি সিঞ্চন, শস্যক্ষেত্রে পানি দান। পানি প্রক্ষেপণ, বিচ্ছুরন।

چھڑ کائی (ছিড়কায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; পানি সিঞ্চনের পারিশ্রমিক।

چھڑ کنا (ছিড়ক্না) হিঃ নাঃ পুং ; পানি সিঞ্চন করানো।

چھڑکوانا (ছিড়কওয়ানা) হিঃ মূঃ ; পানি সিঞ্চন করানো।

چھڑکانا (ছিড়ুকানা) হিঃ মূঃ ; ছিটান। ছিটিয়ে দেওয়া।

چھڑنا (ছড়না) হিঃ মূঃ ; ফসল কাটা। খামারে ফসল মাড়াই করা।

چھڑنا (ছিড়না) হিঃ নাঃ পুং ; আরম্ভ হওয়া। সূচিত হওয়া।

چھڑوانا (ছোড়ওয়ানা) হিঃ মূঃ ; মুক্ত করা। পৃথক করা। ছাইয়ে দেওয়া।

چھڑی (ছড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; হাতের লাঠি, যষ্টি, ফকির-দরবেশের নামে উত্তোলিত পতাকা।

چھڑیوں کا میلہ (ছড়ীয়ুঁ কা মেলা) হিঃ নাঃ পুং ; দরগার উৎসব।

چھڑیلا (ছড়ীলা) হিঃ নাঃ পুং ; একপ্রকার সুগন্ধিযুক্ত ঔষধ।

چھکا (ছক্কা) হিঃ নাঃ পুং ; ছয়ের সমষ্টি, ছয় সংক্রান্ত, ক্রিকেটে ব্যাটসম্যানের বল পিটিয়ে হাওয়ায় উড়িয়ে সীমানার বাইরে ফেলা। লুডু খেলা।

چھکا پنجا کرنا (ছক্কা পাঞ্জা করনা) ; চালাকী, ধূর্তামি করা। টালবাহানা করা।

چھکے پنجے بھول جانا (ছক্কেপাঞ্জে ভুলজানা) ; কৌশল ব্যর্থ হওয়া, অনুভূতি লোপ পাওয়া।

چھکا چھک (ছকাছক) হিঃ বিঃ ; কানায় কানায় পূর্ণ হওয়া, মাতাল, নেশাগ্রস্ত।

چھکا دینا (ছক্কাদেনা) হিঃ মূঃ ; তুষ্ট করা, ঐশ্বর্যশালী করা।

چھکنا (চহক্না) হিঃ মূঃ ; কিচির মিচির করা। কলধ্বনি করা।

چھکانا (ছকানা) হিঃ মূঃ ; সম্যক পরিপূর্ণ করা, পর্যাপ্ত পরিমাণে আহার্য দান করা। মনের মত সন্তুষ্ট করা।

چھکائی (ছকায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; পরিতৃপ্তি, সন্তুষ্টি।

چھکڑ (ছক্কড়) হিঃ নাঃ পুং ; চপেটাঘাত, চাপড়।

چھکڑا (ছক্ড়া) হিঃ নাঃ পুং ; গাধা, ঠেলাগাড়ী, দ্বি-চক্রযান, পুরাতন গাড়ী।

چھکڑی (ছকড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; ক্ষুদ্র ছাকড়া, সেই ছয়টি ঘোড়া, যারা এক সাথে গাড়ী টানে।

چھل (ছল) হিঃ নাঃ স্ত্রীং ; প্রাচীরের ভগ্নাংশ, খসে পড়া ইট। পুং ; ষড়যন্ত্র, ধোঁকা, শঠতা।

چھل (চিহ্ল) ফাঃ বিঃ ; চল্লিশ। ৪০।

چھل بٹا (ছল্বটা) হিঃ ; কূটচাল, দল, ধাপ্পা, প্রবঞ্চনা, ফাঁকি।

چھل بٹے دینا (ছল্বটে দেনা) হিঃ ; কূটনামি করা, ধাপ্পাবাজি করা।

چھل بل (ছলবল) হিঃ নাঃ স্ত্রীং ; ছলাকলা, ফন্দিগিরি, কামুকতা, ধূর্তামি।

چھل کرنا (ছল্করনা) হিঃ ক্রিঃ বিঃ ; ছলাকলা করা, ফন্দি আঁটা, প্রবঞ্চনা করা। ধোঁকা দেয়া।

چھلا (ছাল্লা) হিঃ নাঃ পুং ; বৃত্ত, কুণ্ডলী,

নূপুর, আংটি একপ্রকার পাঞ্জাবী সংগীত, ঘরের অর্দ্ধপোক্ত প্রাচীর। চাবির ছড়া। চাবি রিং।

چھلا پڑنا (ছল্লাপড়না) হিঃ ; গলায় পানি আটকিয়ে যাওয়া।

چھلےکاگل (ছল্লেকা গুল) হিঃ নাঃ পুং ; প্রেমের অগ্নিপরীক্ষা, প্রেমের স্মারক স্মৃতি।

چھلا (ছিল্লা) প্রাঃ নাঃ পুং ; ধনুকের রশি, পাগড়ীর সোনালী পাড়।

چھلا نگ (ছিলাঙ্গ) হিঃ নাঃ স্ত্রীং ; লাফ, লম্ফ, চার ঘোড়ার গাড়ী, অধিক মিথ্যা কথা বলা।

چھلا ؤ (ছিল্লাউ) প্রাঃ নাঃ পুং ; বিচলতা, অস্থিরতা, চঞ্চলতা, যথেচ্ছা বিহার, ঔদ্ধত্য।

چھلاوا (ছিল্লাওয়া) হিঃ নাঃ পুং ; ফন্দিবায, দুর্ঘটনা, প্রেতাত্মা, নক্ষত্র, দুষ্ট আত্মা, অরণ্য, ভেল্কী বায। বিঃ ; অস্থির মতি, পকেটমার।

چھلانا (ছুলানা) হিঃ মূঃ ; ছোঁয়ান। স্পর্শ করান। অনুভব করান।

چھلانگ (ছলাঙ্গ) হিঃ নাঃ স্ত্রীং ; লাফ। লম্ফ।

چھلبدار (ছলবদার) হিঃ নাঃ পুঃ ; ডোম। জাতি বিশেষ যারা ঢোল পিটিয়ে সঙ্গীত পরিবেশন করে।

چھل پلا نا (ছলপিলানা) হিঃ মূঃ ; শরবত বিক্রি করা।

چھلچھل (ছুল ছুল) হিঃ নাঃ স্ত্রীঃ ; সবেগে প্রস্রাবের আওয়াজ।

چھلچھلا نا (ছুল ছুলানা) হিঃ মূঃ ; পানি পতনের ধ্বনি, পেশাবের আওয়াজ, ঔদ্ধত্য প্রদর্শন করা।

چھلکا (ছিলকা) হিঃ নাঃ পুং ; চামড়া, বাকল, ছাল, তুষ।

چھلکانا (ছিলকানা) হিঃ মূঃ ; পরিপূর্ণ বস্তুকে উপচে ফেলে দেওয়া।

چھلکتا ہوا (ছিলক্‌তাহুয়া) হিঃ বিঃ ; পরিপূর্ণ, ভর্তি, ভরাট।

چھلکنا (ছলকনা) হিঃ মূঃ ; প্লাবিত হওয়া, উপচে পড়া। সামান্য ধন-সম্পদের অহঙ্কারে ফুলে উঠা।

چھلکنا (ছুলকনা) হিঃ মূঃ ; (মেয়েদের) পেশাব করা, ভয়ের কারণে পেশাব নির্গত হওয়া।

چھلکیوں موتنا (ছুলকিয়ূঁ মোতনা) হিঃ মূঃ ; অত্যন্ত ভীত হওয়া।

چھلنا (ছল্‌না) হিঃ মূঃ ; প্রবঞ্চিত করা, ধোঁকা দেওয়া, বড় চালনি।

چھلنا (ছিলনা) হিঃ মূঃ ; খোশা ছিলা, খোলানো, ঘষা লাগা।

چھلنی (ছলনী) হিঃ নাঃ স্ত্রীং ; যে বস্তুর সাহায্যে চালা হয়, চালনি।

چھلوری (ছলোরী) হিঃ স্ত্রীং ; আঙ্গুল কিংবা নখের ঘা, নখকোণি।

چھلی (ছিল্লী) হিঃ নাঃ স্ত্রীং ; চামড়া, খোসা, শসা।

چھلی چھلیا (ছুলী ছুলিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; বাচ্চাদের খেলনা বিশেষ।

چھلیا (ছলিয়া) হিঃ বিঃ ; প্রতারক, ঠকবাজ।

چھما (ছমা) হিঃ নাঃ স্ত্রীং ; ক্ষমা, সহিষ্ণুতা, মার্জনা, করুণা, অনুগ্রহ।

چھمچھا (ছম্‌ছা) হিঃ নাঃ স্ত্রীং ; আমোদ, পরিহাস, তামাশা, মজা, কৌতুক, অভিনব কথা।

چھم چھم (ছম্ ছম্) হিঃ নাঃ স্ত্রীং ; বারি পাতের ধ্বনি, ঘুঙ্গুরের ধ্বনি, ঝঙ্কার।

چھمچھانا (ছম্‌ছমানা) হিঃ মুঃ ; ছম ছম শব্দ হওয়া।

چھن (ছন) হিঃ নাঃ পুং ; জ্বলন্ত আগুনে পানি পতনের আওয়াজ, ঘুঙ্গুঁরের ধ্বনি, প্রস্তর খণ্ড, চুড়ে, একপ্রকার ছন্দ।

چھن چھن (ছন্‌ছন্) হিঃ নাঃ পুং ; শিকলের ধ্বনি।

چھن (ছন্) হিঃ নাঃ স্ত্রীং ; চোখের পলক, মুহূর্ত, সময়ের ক্ষুদ্রতম অংশ।

چھن (ছুন) হিঃ নাঃ পুং ; তেলে ভাজার ধ্বনি, ঘুঙ্গুর শব্দ।

چھننا (ছিন্না) হিঃ মূঃ ; ছিনতাই করা, ছিনিয়ে নেওয়া, বঞ্চিত করা।

چھناک (ছনাক) হিঃ নাঃ স্ত্রীং ; গরম কড়াইতে পানি পতনের শব্দ।

چھناکا (ছনাকা) হিঃ নাঃ পুং ; ঝঙ্কার, নুপুর ধ্বনি।

چھنال (ছিনাল) হিঃ বিঃ ; অসতি নারী, কুচরিত্রা, প্রতারক, নীচ।

چھنال پن (ছিনালপন) হিঃ নাঃ পুং ; লুচ্চামি, ব্যভিচার, অপকর্ম, দুষ্টামি, নির্লজ্জতা। শঠতা। ঠকামি।

چھنالا (ছিনালা) হিঃ নাঃ পুঃ ; মেয়েদের বেলেল্লাপনা।

چھنٹاؤ (ছন্‌টাউ) হিঃ নাঃ পুং ; কাট-ছাট।

چھنٹنا (ছনটনা) হিঃ মূঃ ; বাছাই করা, নির্বাচিত করা।

چھٹنیل (ছট্‌নীল) হিঃ নাঃ স্ত্রীঃ ; অবশিষ্ট আবর্জনা।

چھنچھنانا (ছন্‌ছনানা) হিঃ মূঃ ; ছনছন শব্দ হওয়া, ঝঙ্কার ধ্বনি।

چھنچھناہٹ (ছন্‌ছনাহট্‌) হিঃ নাঃ স্ত্রীং ; জিঞ্জির ধ্বনি।

چھند (ছন্দ) হিঃ নাঃ পুঃ ; প্রতারণা, ষড়যন্ত্র, ঠকামী, স্ত্রীং ; কবিতার ছন্দ।

چھند بند (ছন্দ বন্দ) হিঃ নাঃ পুং ; প্রতারণা, ধোঁকা।

چھند چھوندے (ছন্দছোন্দে) হিঃ নাঃ পুং ; প্রবঞ্চনা, প্রহসন।

چھندماترا (ছন্দমাতরা) হিঃ নাঃ পুং ; কবিতার পংক্তি, ছন্দ।

چھنڈنا (ছন্ডনা) হিঃ মূঃ ; বমি করা।

چھنرا (ছিন্‌রা) হিঃ বিঃ ; ব্যভিচারী, লুচ্চা।

چھنکارنا (ছিঙ্কারনা) হিঃ মূঃ ; অগ্নিতে সামান্য গরম করা।

چھنکنا (ছিনক্‌না) হিঃ মূঃ ; নাক পরিষ্কার করা, ছিটানো, যাঁচাই করা।

چھنگا (ছঙ্গা) হিঃ নাঃ পুং ; ছয় আঙ্গুল বিশিষ্ট ব্যক্তি।

چھنگلی (ছুঙ্গলী) হিঃ নাঃ স্ত্রীং ; কনিষ্ঠাংগুলি।

چھنوانا (ছনওয়ানা) হিঃ নাঃ পুং ; বাছাই করানো।

چھنوانا (ছিন্‌ওয়ানা) হিঃ মূঃ ; ছিনতাই করানো।

چھو (ছো) হিঃ নাঃ পুং ; "ফুঁ" দেওয়া, যাদু, মন্ত্র। দু'আ।

چھومنتر (ছূমন্তর) হিঃ নাঃ পুঃ ; যাদু, মন্ত্র।

چھو آچھو (ছো আছো) হিঃ নাঃ পুং ; কাপড় ধোয়ার শব্দ।

چھوٹک (ছোটক) হিঃ নাঃ পুং ; মুক্তি, ছাড়া পাওয়া।

چھوارا-چھوھارا (ছোওয়ারা-ছোহারা) হিঃ নাঃ পুং ; শুকনো খেজুর বিশেষ।

چھوارابیر (ছোওয়ারাবের) হিঃ নাঃ পুং ; লাল মিষ্টি ফুল।

چھوانا (ছোয়ানা) হিঃ মূঃ ; স্পর্শ করা, সংযুক্ত করা।

چھوپ (ছোপ্) হিঃ নাঃ স্ত্রীং ; অশ্ব ঘায়ে লেপটানো ঔষধ বিশেষ।

چھوپ چھاپ (ছোপছাপ) হিঃ নাঃ স্ত্রীং ; প্রাচীরের আস্তর করা, আস্তরের উপকরণ।

چھوپا (ছোপা) হিঃ নাঃ পুং ; যে কাদা মাটি দ্বারা আস্তর করা হয়।

چھوپنا (ছোপনা) হিঃ মূঃ ; দেয়ালে আস্তর করা। কাঁচা প্রাচীর মেরামত করা।

چھوت (ছোত্) হিঃ নাঃ স্ত্রীং ; ধরা, স্পর্শ, অপবিত্র ব্যক্তির ছায়া, অপবিত্রতা, অশুচিতা।

چھوٹ (ছোট) হিঃ নাঃ পুং ; মুক্তি, নিষ্কৃতি, রেহাই, অব্যাহতি, অবকাশ, ঠাট্টা, পরিহাস, তালাক, শুক্রস্খলন।

چھوٹ چھوٹاؤ (ছোট ছোটাউ) হিঃ নাঃ

পুঃ ; একাকীত্ব, নিঃসঙ্গতা, বিভাজ্যতা।

چهوٹ لڑنا (ছোট লড়না) হিঃ পঃ ; লাঠি। লাঠিতে পারদর্শী হওয়া, প্রতিপক্ষের সাঁড়াষি আক্রমণ করা।

چهوٹا (ছোটা) হিঃ বিঃ ; ক্ষুদ্র, ছোট, অনুজ, কনিষ্ঠ, সামান্য, হীন, নীচ।

چهوٹااستنجا (ছোটাইস্তেঞ্জা) হিঃ নাঃ পুং ; পেশাবের পর ঢিলা কুলুখ দ্বারা অবশিষ্ট ভেজাংশ শুকানো। পেশাব করা।

چهوٹاپا (ছোটাপা) হিঃ নাঃ পুং ; ক্ষুদ্রত্ব, ছোটত্ব, কনিষ্ঠতা।

چهوٹاچلا (ছোটা চিল্লা) হিঃ নাঃ পুং ; ভূমিষ্ঠ হওয়ার দশ, বিশ দিন এবং মাস পূর্ণ হওয়ার সময় প্রসূতিকে যে গোসল করানো হয়।

چهوٹاسب سےلوٹا (ছোটা সবসে লোটা) হিঃ প্রঃ ; ক্ষুদ্রকার ব্যক্তি অতি ধূর্ত।

چهوٹاصاحب (ছোটা সাহেব) হিঃ নাঃ পুঃ; ছোট সাহেব, নিম্নপদস্থ অফিসার।

چهوٹاکپڑا (ছোটা কাপড়া) হিঃ নাঃ পুঃ ; ব্লাউজ, কাঁচুলি। বডিস। ব্রেসিয়ার।

چهوٹا منه بڑی بات (ছোটা মোঁহ বড়ী বাত) হিঃ প্রঃ ; ছোট মুখে বড় কথা।

چهوٹےبڑے (ছোটে বড়ে) হিঃ নাঃ পুং ; আমীর। গরীব, ধনী, ফকীর, ছোট বড়।

چهوٹے دل کا (ছোটে দিলকা) হিঃ বিঃ ; সঙ্কীর্ণ মনের, কাপুরুষতা, হীনমনা।

چهوٹتے هی (ছোটতেহী) হিঃ ক্রিঃ বিঃ ; সাথে সাথে, জলদি। এই মুহূর্তে। চট করে।

چهوٹنا (ছোট্না) হিঃ মূঃ ; মুক্ত হওয়া, গ্রন্থিখোলা, অশ্বের সঙ্গমে লিপ্ত হওয়া, শুক্রপতন হওয়া, ছুটে যাওয়া, পলায়ন করা, বিযুক্ত হওয়া।

چهوٹی (ছোটী) হিঃ নাঃ স্ত্রীং ; অতি ক্ষুদ্র।

چهوٹی الائچی (ছোটী এলায়েচী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট এলাচি।

چهوٹی امت (ছোট্টী উম্মৎ) হিঃ নাঃ স্ত্রীং ; অসত্য লোকসকল, নীচ ব্যক্তিবর্গ।

چهوٹی بات (ছোটীবাত) হিঃ নাঃ স্ত্রীং ; সাধারণ কথা, তুচ্ছ ঘটনা।

چهوٹی بوٹ (ছোটীবোট) হিঃ নাঃ স্ত্রীং ; কনিষ্ঠাঙ্গুলি।

چهوٹی کهونٹی کا (ছোটীখোঁটকা) হিঃ বিঃ ; ক্ষুদ্রকায় মানুষ বা অশ্ব, নগণ্য ব্যক্তি।

چهوٹی گولی کا روپیه (ছোটীগোলীকা রোপায়া) হিঃ নাঃ পুং ; শাহী আমলের মুদ্রা।

چهوٹی مائیں (ছোটী মায়েঁ) হিঃ নাঃ পুং ; ঔষধ বিশেষ।

چهوچها (ছোছা) হিঃ বিঃ ; লোভী, হীন, নীচ।

چهوچهک (ছোছক) হিঃ নাঃ স্ত্রীং ; বাসর ঘরের প্রথাগত ক্রিয়া বিশেষ।

چهوچی (ছোচী) হিঃ নাঃ স্ত্রীং ; দাই, দাসি, গুহ, পরিচারিকা।

چهوچهی (ছোছী) হিঃ নাঃ স্ত্রীং ; নল, বাঁশের নল, পাইপ, হুক্কার নলি, সুইয়ের বাক্স।

چهور (ছোর) হিঃ নাঃ স্ত্রীঃ ; তট, সমুদ্র তীর, সীমান্ত, পার্শ্ব, দিক, ক্ষুদ্র গিরি শিখর।

چهوری (ছোরী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোকরি, মেয়ে, যুবতী।

چهوڑنا (ছোড়না) হিঃ মূঃ ; মুক্তি দেওয়া, ক্ষমা করা, ত্যাগ করা, প্রত্যক্ষণ করা, তালাক দেওয়া, ধাবিত করা, ইস্তেফা দেয়া, একাগ্রতা গ্রহণ করা, জায়গা খালি করা, প্রবাহিত করা, বাঁচিয়ে রাখা, গুলী চালানো, সাহস লোপ পাওয়া।

چهوکرا (ছোক্‌রা) হিঃ নাঃ পুং বিঃ ; যুবক, পাঁচক, অনুচর, অনভিজ্ঞ, বালক, ছেলে।

چھوکری (ছোকরী) হিঃ নাঃ স্ত্রীং ; যুবতী, ছুকরী, পরিচারিকা, মেয়ে, বালিকা।

چھول (ছোল) হিঃ নাঃ স্ত্রীং ; অভিলাষ, (পুং) অভিমান, (স্ত্রীং) আনন্দ, উপভোগ, ক্ষুদ্র তরঙ্গ।

چھولا (ছোলা) সঃ নাঃ পুং ; ছোলা, চনা, বুট।

چھولدری (ছোলদারী) হিঃ উঃ নাঃ স্ত্রীং ; ছোট তাঁবু।

چھولنا (ছোল্না) হিঃ মূঃ ; ছিলা, চামড়া আলাদা করা।

چھولنی (ছোল্নী) হিঃ নাঃ স্ত্রীং ; কোদাল, নিড়ানী।

چھونا (ছোনা) হিঃ মূঃ ; স্পর্শ করা, হাত লাগানো।

چھونچھا (ছোন্ছা) হিঃ বিঃ ; দরিদ্র, নিঃসম্বল, খালি বস্তু।

چھونچھی (ছোঁনছী) হিঃ নাঃ স্ত্রীং ; নারকেলের নলি, বড় সুঁই, শিশুদের ক্ষুদ্র পাত্র বিশেষ।

چھونک (ছোঁক) হিঃ নাঃ পুঃ ; দাগ, চিহ্ন, কলঙ্ক, পেঁয়াজ-রসুন দাগানো।

چھونکن (ছোঁকন) হিঃ নাঃ পুং ; পেঁয়াজ এবং রসূন দাগানোর যন্ত্র।

چھونکنا (ছোঁকনা) হিঃ মূঃ ; পেঁয়াজ এবং রসূনের দাগ দেয়া, ঘিয়ের দাগ দেওয়া।

چھو ھارا (ছোহারা) হিঃ নাঃ পুং ; এক প্রকার খেজুর।

چھوئی موئی (ছোয়ী মোয়ী) হিঃ নাঃ স্ত্রীঃ এবং বিঃ ; লজ্জাবতীর লতা গুল্ম। অত্যন্ত স্পর্শকাতর, ভঙ্গুর।

چھتر (ছিহাত্তর) হিঃ বিঃ ; ছিয়াত্তর। ৭৬।

چھئی (ছয়ী) হিঃ নাঃ স্ত্রীং ; পাখী বিশেষ।

چھی (ছী) হিঃ নাঃ স্ত্রীং ; থুক, থুথু, নিকৃষ্ট, নগণ্য, পেশাবের আওয়াজ।

چھی چھی (ছী ছী) হিঃ নাঃ স্ত্রীং ; শিশুদের মলমুত্র, ধিক্কার দেওয়া, নিন্দা করা, ঘৃণা করা।

چھیاسٹھ (ছিয়াসঠ) হিঃ বিঃ ; ছিষট্টি। ৬৬।

چھیاسی (ছিয়াসী) হিঃ বিঃ ; ছিয়াশি। ৮৬।

چھیالیس (ছিয়ালীস) হিঃ বিঃ ; ছিচল্লিশ। ৪৬।

چھیانوی (ছিয়ান্বে) হিঃ বিঃ ; ছিয়ানব্বই। ৯৬।

چھیبلی (ছীব্লী) হিঃ নাঃ স্ত্রীং ; ভর্তি কলস।

چھیپ (ছীপ) হিঃ নাঃ স্ত্রীং ; দাদের দাগ, ফল বিশেষ, মাছের ছিপ, লাগামের রশি।

چھیپی (ছীপী) হিঃ বিঃ ; বস্ত্র ছাপাইকারী, বস্ত্রযুক্ত ছিপ, যদ্বারা কবুতর তাড়ানো হয়।

چھیج (ছীজ) হিঃ নাঃ স্ত্রীং ; ক্ষতি, স্বল্পতা, অধঃপতন, বারবার নড়াচড়ার দরুন ওজন হ্রাস পাওয়া।

چھی جانا (ছীজানা) হিঃ মূঃ ; ছিদ্র হওয়া, ফাটল সৃষ্টি হওয়া, কানের অলঙ্কারের ছিদ্র।

چھیجنا (ছী জনা) হিঃ মূঃ ; স্বল্প হওয়া, কম হওয়া, মৃত্যুবরণ করা, নষ্ট হওয়া, নামা, সরে যাওয়া।

چھیچھڑا (ছীছড়া) হিঃ নাঃ পুং ; পচা গোশ্ত, আঠাল, খোলস, ত্বক।

چھید (ছেদ) হিঃ নাঃ পুং ; ছিদ্র, ফাটল, গর্ত, ভাঙ্গন।

چھید نا (ছেদনা) হিঃ মূঃ ; ছিদ্র করা।

چھیر (ছীর) প্রাঃ নাঃ পুং ; ঘা, ফাটল, বিদারণ।

چھیڑ (ছীড়) হিঃ নাঃ পুং ; শোরগোলের সমাপ্তি, লোক হ্রাস।

چھیڑ (ছেড়) হিঃ নাঃ স্ত্রীং ; স্পর্শ করা। কাতুকুতু দেয়া, উপহাস, তিরস্কার, দাঙ্গা, বিরোধ, কটাক্ষ, উৎপাত।

چھیڑچھاڑ (ছেড়ছাড়) হিঃ নাঃ স্ত্রীং ; হাসি, তামাশা, তিরস্কার, কথা-বার্তা, চিঠিপত্র, ঝগড়াঝাটি।

چھیڑخانی (ছেড় খানী) হিঃ নাঃ স্ত্রীং ; কৌতুক, উপহাস। দুঃখ। মনস্তাপ। ক্রোধ। উত্তেজনা।

چھیڑنکالنا (ছীড়নিকালনা) হিঃ ; বিদ্রুপ করা, দোষ বের করা।

چھیڑنا (ছেড়না) হিঃ মুঃ ; স্পর্শ করা, হাত লাগানো, কাতুকুতু দেওয়া, উত্তেজিত করা, উপহাস করা, অশ্ব তাড়ানো, স্মরণ করানো, সূচনকরা, আলাপ করা, সংলাপ করা।

چھیل (ছয়াল) হিঃ বিঃ ; রসিক। সুন্দর, সুশ্রী।

چھبیلا (ছবীলা)হিঃ বিঃ ; রসিক, বিলাসী, ফুলবাবু, বিষ্ণু, সুগন্ধিযুক্ত একপ্রকার উদ্ভিদ।

چھیلا (ছয়লা) হিঃ বিঃ ; বিলাসী, বাবু, (পূঃ) খাসি। নপুংসক। অন্ডকোষহীন। ছাগ। পাঠা।

چھیلن (ছীলন) হিঃ নাঃ স্ত্রীং ; চামড়া মুক্ত করা হয়েছে এমন বস্তু।

چھیلنا (ছীলনা) হিঃ মূঃ ; খোসা দূর করা, চামড়া চাঁচা, ছোল। চর্মরোগ বিশেষ।

چھیمی (ছীমী) হিঃ নাঃ স্ত্রীং ; শিম। বরবটী। কাঁচা মটর। মটর তরকারী।

چھیلی چھیری (ছেলী-ছেরী) হিঃ নাঃ স্ত্রীং ; ছাগল।

چھینا جھپٹی (ছীনা ঝপটী) হিঃ নাঃ স্ত্রীং ; ছিনতাই করা, নখরাঘাত করা, পিষ্ট হওয়া।

چھینٹ (ছীঁট) হিঃ নাঃ স্ত্রীং ; ফোঁটা, পানিবিন্দু, একপ্রকার পাড়যুক্ত কাপড়, রঙিন ছাপার কাপড়। দাগ, তিলক চিহ্ন।

چھینٹا (ছীঁটা) হিঃ নাঃ পুং ; কোষ ভর্তি পানি, হাল্কা বৃষ্টি, বীজ বপন, প্রতারণা, মাদকতা।

چھینٹامارنا (ছীঁটা মারনা) হিঃ ; সান্তনা দেওয়া, রঙ ছিটানো, উল্লাস করা।

چھینٹے پھینکنا (ছীঁটে ফেঁক্‌না) হিঃ ; অপবাদ দেওয়া, দোষারোপ করা।

چھینٹے دینا (ছীটে দেনা) হিঃ ; প্রতারণা করা, ধোঁকা দেওয়া, উত্তেজিত করা, বিরক্ত করা।

چھینک (ছীক) হিঃ নাঃ স্ত্রীঃ ; ছিঁক দেওয়া, হাঁচি দেওয়া, নাসারন্ধ্রের উত্তেজনা হেতু সবেগে বায়ুর নির্গমন।

چھینک آنا (ছীঁক আনা) হিঃ বিঃ ; নাকের উত্তেজনা প্রসূত সবেগে বায়ু নির্গমন, ছিকঁ দেওয়া।

چھینکتے ناک کٹی (ছঁক্‌তেহী নাক্‌কটী) হিঃ প্রাঃ ; শুরুতেই পন্ডসার। বিসমিল্লায় গলদ।

چھینکا (ছীকা) হিঃ নাঃ পুং ; সিকা, লটকনি, চৌপায়ীর জালিয়া বিশেষ।

چھینکنا (ছীক্‌না) হিঃ মূঃ ; হাঁচি দেওয়া।

چھینکیں لینا (ছীকেঁলেনা) হিঃ ক্রিঃ ; হাঁচি দেওয়ার জন্য নস্য বরণ করা।

چھین لینا-چھیننا (ছীনলেনা ছীন্‌না) হিঃ মূঃ ; ছিনতাই করা, বল প্রয়োগে আত্মসাৎ করা, থাবা দেওয়া।

چھینی (ছীনী) হিঃ নাঃ স্ত্রীং ; সেলাই, ফোঁড়, সুঁচের টাক, পাইন, লোহা কাটার যন্ত্রপাতি।

چ - ی

چی (চী) ফাঃ ; উর্দু এবং ফার্সীতে বিশেষ্য পদের শেষে যুক্ত হয়ে ব্যবহৃত হয়। যেমন- مشعلچی- باورچی ইত্যাদি।

چیاں (চিয়াঁ) হিঃ নাঃ পুঃ ; অম্লফল, অম্লবৃক্ষ।

چیاں سا (চিয়াঁসা) হিঃ বিঃ ; ক্ষুদ্রতম, সামান্য।

چیانٹی (চিয়ানটী—Chianti) ইঃ নাঃ স্ত্রীং ; ইটালীয় শরাব বিশেষ।

چیپ (চীপ্‌) হিঃ নাঃ পুং ; আঠা, কাই, গাঁদ, লেই, চটচটে রস বা বস্তু, আমের রস। জুস।

چیپ دار (চীপদার) ফাঃ বিঃ ; আঠালো,

লালাযুক্ত, চটচটে।

چیپڑ (চীপড়) হিঃ নাঃ স্ত্রীং ; ভাঙ্গা দাঁতের টুকরা।

چیپڑ (চীপড়) হিঃ নাঃ পুঃ ; চোখের ময়লা, চোখের কেতর।

چیپلین (চীপলীন-Chaplain) ইং নাঃ পুং ; খ্রীষ্টান পুরোহিত, বংশীয় ধর্মযাজক।

چیپنا (চীপনা) হিঃ মূঃ ; বিজড়িত হওয়া, জোড়া লাগা, সংযুক্ত হওয়া, চাকর রাখা, মাল কামানো।

چیپی (চীপী) হিঃ নাঃ স্ত্রীং ; কুচকানো কাগজের টুকরা।

چیت (চয়ত) হিঃ নাঃ পুং ; চৈত্রমাস, বাংলা বর্ষ গণনায় দ্বাদশ বা শেষ মাস।

چیتا (চেতা) হিঃ নাঃ পুং ; চিত্ত, ধারণা, কল্পনা, স্মৃতি, বুদ্ধি।

چیتا (চীতা) হিঃ নাঃ পুং ; ব্যাঘ্র, চিতাবাঘ, একপ্রকার ঔষধ।

چیتے کی کمر (চীতেকী কমর) হিঃ বিঃ ; পাতলাকোমর, প্রেমিকার কোমর।

چیتل (চীতল) হিঃ নাঃ পুং ; দাগযুক্ত হরিণ, বড় সর্প, চিতাবাঘ, বিঃ ; কলঙ্ক বিশিষ্ট।

چیتنا (চয়েতনা) হিঃ মূঃ ; চেতনা লাভ করা, চৈতন্যোদয় হওয়া, স্মরণ করা।

چیتنا (চীত্‌না) হিঃ মূঃ ; ছবি তোলা, চিত্রাংকন করা।

چیتی (চয়্‌তী) হিঃ নাঃ স্ত্রীং ; চৈতি ফসল। চৈত্র মাসে যে ফসল কাটা হয়।

چیتھڑا (চীথড়া) হিঃ নাঃ পুং ; বস্ত্রখণ্ড, কাপড়ের টুকরা।

چیٹک (চেটক) হিঃ নাঃ স্ত্রীং ; লগ্ন, সম্বন্ধ, ধান্ধা, উদ্দীপনা, আগ্রহ।

چیچا (চীচা) হিঃ নাঃ পুং ; যোনী দেশের উন্নত গোশ্‌তপিন্ড।

چیچڑی (চীচ্‌ড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; কীট বিশেষ।

چیچک (চীচক) হিঃ নাঃ স্ত্রীং : ভদ্রমহিলা, মাতা, ব্যাধি বিশেষ। বসন্ত।

چیچک رو (চীচক রো) হিঃ বিঃ ; যার মুখ মণ্ডলে গোটার দাগ থাকে। বসন্ত মুখী।

چیتھ (চীথ) উঃ নাঃ স্ত্রীং ; চীৎকার, সজোরে ধ্বনি, হট্টগোল, করতালি।

چیخم چاخ مچنا (চীখম্‌চাখ মচ্‌না) হিঃ মুঃ ; ডাক চীৎকার হতে থাকে, হট্টগোল হওয়া।

چیخم دھاڑمچانا (চীখমধাড় মচানা) হিঃ মূঃ ; চীৎকার করা, ডাকা, শোরগোল করা, গন্ডগোল করা।

چیدہ (চীদাঃ) ফাঃ বিঃ ; সঞ্চিত, কুড়ানো, নির্বাচিত, বাছাইকৃত।

چیدہ چیدہ (চীদাঃচীদাঃ) ফাঃ বিঃ ; সুন্দর-সুন্দর, উন্নত, বাছাইকৃত।

چیر (চীর) হিঃ নাঃ স্ত্রীং ; ফাটল, আঘাত, বস্ত্রের টুকরা, পট্টি, উত্তরীয় উড়ানি।

چیرپھاڑ (চীর ফাড়) হিঃ নাঃ পুং ; অস্ত্রচিকিৎসার পেশা। চেরা-ফাড়া।

چیئر (চেয়ার-Chair) ইং নাঃ স্ত্রীং ; চেয়ার, সিংহাসন, বৈঠক।

چیئرمین (চেয়ারম্যান-Chairman) ইং নাঃ পুং ; প্রধান, সভাপতি।

چیرا (চীরা) হিঃ নাঃ পুং ; ফাটল, আঘাত, নকশীদার পাগড়ী। কুমারীত্ব, অনুঢ়ত্ব। চাকুরে, অনুচর।

چیرا اتارنا (চীরা উতারনা) হিঃ ক্রিঃ ; কুমারীত্ব হরণ করা, সতীত্ব নষ্ট করা।

چیرا بند (চীরাবন্দ) ফাঃ বিঃ ; কুমারী, অবিবাহিতা, নবযুবতী, পাগড়ী ধারী।

چیرنا (চীরনা) হিঃ মূঃ ; দীর্ণ করা, ফাঁক করা, খন্ডিতকরা, আলাদা করা।

چیرہ (চীরা) چیرہ دستی (চীরাদস্তী) ফাঃ বিঃ ; শক্তিশালী, প্রভাবশালী, অতিনিপুণ, বীর।

چیرہ دستی (চীরাদস্তী) ফাঃ নাঃ স্ত্রীং ; এবং বিঃ- প্রভাব-প্রতিপত্তি, শক্তি, সামর্থ্য, শ্রেষ্ঠত্ব।

چیرہ (চীরহ) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার

নকশীদার পাগড়ী।

چیرےوالا (চীরেওয়ালা) হিঃ নাঃ পুং ; পাগড়ি ধারী, হেকিম, কবিরাজ, চিকিৎসক।

چیری (চেরী) হিঃ নাঃ স্ত্রীং ; বাঁদী, দাসী, চাকরানী, কাপড় বা কাগজের টুকরা।

چیڑ (চীড়) হিঃ নাঃ পুং ; বনবৃক্ষ বিশেষ, পরগাছা বিশেষ।

چیز (চীয্) ফাঃ হিঃ নাঃ স্ত্রীং ; বস্তু, দ্রব্য, উপকরণ, গীত, সংগীত, মূল, মিষ্ট, আমানত, গচ্ছিত।

چیزبست (চীয্বস্ত্) ফাঃ নাঃ স্ত্রীং ; আসবাবপত্র, মালপত্র, সামগ্রী।

چیزی (চীযী) উঃ নাঃ স্ত্রীং ; মিঠাই, শিরনি।

چیس (চীস) হিঃ নাঃ স্ত্রীং ; বিষ, ব্যথা, পীড়া।

چیستان (চীস্তান) ফাঃ নাঃ স্ত্রীং ; হেঁয়ালি, জটিলতা, রহস্যাময়তা। প্রহেলিকা। ধাঁ ধাঁ। মানসঙ্ক।

چیسی (চীসী) হিঃ নাঃ স্ত্রীং ; সুডৌল দেহ কান্তির অধিকারিনী। সুগঠিত দেহ সম্পন্ন মহিলা।

چیف (চীফ-Chief) ইঃ বিঃ ; শ্রেষ্ঠতম, মহোন্নত, বিশিষ্ট। মহত্তম।

چیف جسٹس (চীফ্ জাস্টিস) ইং নাঃ পুঃ ; প্রধান বিচারপতি। (Chief Justice)

چیف کورٹ (চীফকোর্ট) (Chief Cruot) ইঃ নাঃ পুং ; সুপ্রীম কোর্ট, প্রধান বিচারালয়।

چیک (চেক-Cheque) ইঃ নাঃ পুং ; ব্যাংক থেকে টাকা উঠানোর জন্য লিখিত অনুমতিপত্র বা নির্দেশ নামা।

چیک (চেক—Check) ইঃ নাঃ পুঃ ; ডোরা কাটা কাপড়। পিস্।

چیکٹ-چکٹ (চেক্ট-চক্ট) হিঃ নাঃ পুঃ ; তেল বা চেরাগের গাদ, কৃষ্ণ, কাল, চর্বি।

چیکڑ (চীকড়) হিঃ নাঃ পুঃ স্ত্রীং ; কাদা, তৈলাক্ত মাটি।

چیل (চীল) হিঃ নাঃ পুং ; চিল, হিংস্র মাংসাশী পাখী বিশেষ। চিল।

چیل جھپٹا (চীলঝপটা) হিঃ নাঃ পুং ; চিলের থাবা, কোন বস্তু থাবা দিয়ে উঠিয়ে নেওয়া, ইঁদুর মারার কল, শিশুদের খেলনা বিশেষ।

چیل جھپٹاکرنا (চীল্ঝপটাকরনা) হিঃ নাঃ ; বল প্রয়োগ করে ছিনিয়ে নেওয়া, ছিনতাই করা।

چیل چکھور (চীলচখুর) হিঃ নাঃ পুং ; চিল ডাকার ধ্বনি বিশেষ। শিশুদের এক খেলা, যাতে শিশুরা দুই দলে বিভক্ত হয়ে নিজেদের কোঠায় নির্দিষ্ট সময়ে দাগ কাটতে থাকে, উক্ত সময় অতিবাহিত হওয়ার পর দাগসমুহ গণনা করা হয়। গণনায় যারা বেশী দাগ কাটতে পারে, তাদেরকেই বিজয়ী ঘোষণা করা হয়। এবং বিজয়ীগণ অতিরিক্ত দাগের সংখ্যানুসারে বিজিতদের প্রহার করে থাকে।

چیل کا پٹھا (চীল্কা পাট্ঠা) হিঃ নাঃ পুং ; চিল ছানা, বোকা, হাবাগোবা।

چیل کاموت (চীল্কা মউত্) হিঃ নাঃ পুং ; চিলের মৃত্যু, দুষ্প্রাপ্য বস্তু।

چیلا (চয়লা) হিঃ নাঃ পুং ; জ্বালানি কাঠ। একপ্রকার রুটি।

چیلا (চেলা) হিঃ নাঃ পুং ; দাস। ভৃত্য। শিষ্য। অনুসারী। অনুচর।

چیلاهونا (চেলাহোনা) হিঃ পুঃ ; শিষ্যত্ব গ্রহণ করা।

چیل پن (চীল্পন্) প্রাঃ নাঃ পুং সচেতনতা, চাঞ্চল্য।

چیلک (চীলক) হিঃ নাঃ স্ত্রীং ; বিরক্তির চিহ্ন, ঘৃণার নিদর্শন।

چیل کا (চেলকা) প্রাঃ নাঃ পুং ; ভৃত্য, শিষ্য, অনুচর।

چیلنج (চেলেঞ্জ-Challenge) ইং নাঃ পূং ; প্রতিদ্বন্দ্বিতার আহবান, যুদ্ধের

ডাক। চ্যালেঞ্জ।

چیلو (চীলো) হিঃ নাঃ পুং ; পীতবর্ণের আলু, পাহাড়ী ফলবিশেষ-যা সাধারণত আলু সাদৃশ।

چیلہڑ (চীল্‌হড়ু) হিঃ নাঃ পুং ; চাম উকুন।

چیلی (চীলী) হিঃ নাঃ পুং ; মহিলা শিষ্য, মহিলা মুরিদ, সেবিকা।

چیمبر (চেম্‌বর–Chamber) ইং নাঃ পুঃ ; চেম্বার, কামরা, কক্ষ, অফিস, কার্যালয়। সভা।

چیمبر آف کامرس (চেম্‌বর আফ কামারস্– Chamber of commerce) ইং নাঃ পুঃ ; বণিক সমিতি, বণিক সমিতির কার্যালয় বা সভা। চেম্বার অফ কমার্স।

چین (চয়ন) হিঃ নাঃ পুঃ ; আরাম, সুখ, প্রশান্তি, বিশ্রাম, চিত্তের স্থিরতা।

چین اڑانا (চয়্‌ন উড়ানা) হিঃ ক্রিঃ ; অস্থির করা, সুখ বঞ্চিত করা।

چین چمن (চয়্‌ন চমন্‌) প্রাঃ বিঃ ; সেবা, যত্ন। পরিচর্যা।

چین سے (চয়নসে) হিঃ ক্রিঃ বিঃ ; সুখে, নিশ্চিন্তে।

چین (চেন্‌–Chain) ইং নাঃ স্ত্রীং ; জিঞ্জির, শেকল।

چین (চীন্‌) ফাঃ নাঃ স্ত্রীং ; কুঞ্চন, বলি, রেখা।

چین (চীন) হিঃ নাঃ পুং ; চীনদেশ।

چیں (চীঁ) হিঃ নাঃ স্ত্রীং ; পাখীর চিৎকার, চিঁ–চিঁ করণ।

چیں بلا دینا (চীঁ বুলাদেনা) হিঃ পুং ; পরাজিত করা, অপারগ করা।

چیں چیں (চীঁ চীঁ) হিঃ নাঃ স্ত্রীং ; চিঁ–চিঁ ডাক, পাখীর আর্তনাদ।

چینا (চীনা) হিঃ নাঃ পুং ; চিনা, এক প্রকার শস্য

چینا گوند (চীনাগোঁদ) হিঃ নাঃ স্ত্রীং ; ঢাক পাতার কষ বা আটা।

چینٹ (চীঁট) হিঃ নাঃ স্ত্রীং ; খাজলি, খাজলির ঘাঁ, চুল্‌কানি। চর্ম রোগ।

چینٹا (চীঁটা) হিঃ নাঃ পুং ; পিপীলিকা, পিঁপড়া।

چینٹی (চীঁটী) হিঃ না স্ত্রীং ; পিঁপড়া।

چینچ (চয়নচ) নাঃ পুং ; কবুতরের আহার্য্য শস্য বিশেষ।

چینچلا (চয়নচলা) হিঃ নাঃ পুং ; যে পাখীর ছানায় এখনো লোম গজায়নি। ভগ্নকাঠ, পেঁচানো সূতা।

چیند (চেন্দ) হিঃ নাঃ স্ত্রীং ; দুর্ব্যবহার, উলট পালট।

چیند بازی (চেন্দ বাযী) হিঃ নাঃ স্ত্রীং ; নিকৃষ্ট কারবারি।

چیندی (চেন্দী) হিঃ নাঃ স্ত্রীং ; ক্ষুদ্রাংশ, চামড়ার ক্ষুদ্রাংশ।

چینڈکی (চয়ডকী) প্রাঃ নাঃ স্ত্রীং ; হিন্দুদের মাথার টিকি।

چینگنا (চীঙ্গনা) হিঃ মূঃ ; ডাকা, আহবান করা।

چینگی پوٹے (চীঙ্গীপোটে) হিঃ নাঃ পুং ; পাখীর ছানা, সন্তান-সন্ততি।

چینی (চীনী) হিঃ নাঃ স্ত্রীং ; সাদা চিনি, কাল ডোরাযুক্ত কবুতর, চীনা মাটির পাত্র, চীনদেশের লোক, চীনদেশ সম্বন্ধীয়।

چیولی (চিয়ুলী) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার রেশমী কাপড়।

چیونٹا (চিয়োঁটা) হিঃ নাঃ পুং ; পিঁপড়া।

چیونٹی (চিয়োঁটী) হিঃ নাঃ স্ত্রীং ; পিপীলিকা, ছোট পিঁপড়া।

چیونٹی کی آواز عرش تک (চিয়োঁটী কী আওয়ায আরশ তক) হিঃ প্রঃ ; নিঃস্ব মজলুমের আর্তনাদ আরশ পর্যন্ত পৌঁছে যায়।

چیونٹی کا پر نکالنا (চিয়োঁটী কা পর নিকাল্‌না) হিঃ পঃ ; মৃত্যু ঘনিয়ে আসা। পতন ত্বরান্বিত হওয়া।

چینہ (চেনহ) প্রাঃ নাঃ স্ত্রীং ; শেষ, সমাপ্ত, সম্পূর্ণ, নিষ্পন্ন।

ح

ح ('হে) আঃ স্ত্রীং ; উর্দুর নবম, ফার্সীর অষ্টম এবং আরবীর ষষ্ঠ হরফ। একে ইল্‌মে কিরাতের পরি ভাষায় 'হা'য়ে 'হুত্তি' বলা হয়। 'আবজাদ' হিসেবে এর মান-৮।

ح - ا

حاتم (হাতিম) আঃ নাঃ পুং ; দাতা জগতের কিংবদন্তী, আরবের তাঈ কবিলার সর্দার হাতেম তাঈ। ইনি আব্দুল্লাহ ইবনে সা'আদের পুত্র। আর সাহাবী হযরত আদী (রাঃ)-এর বাবা।

حاج (হাজ) আঃ বিঃ পুং ; হাজী। আলহাজ্ব।

حاجی (হাজী) আঃ নাঃ পুং ; যিনি হজ্জব্রত উদযাপন করেছেন। হাজী।

حاجات (হাজাত) আঃ নাঃ স্ত্রীং ; (حاجت -এর ব-ব)। প্রয়োজন। অভাব।

حاجب (হাজিব) আঃ নাঃ পুং ; প্রহরী। চৌকিদার। পর্দা। ভ্রু। ব-ব, حواجب ।

حاجت (হাজত্‌) আঃ নাঃ স্ত্রীং ; প্রয়োজন। অভাব। করাগর। হাজত। প্রস্রাবের বেগ।

حاجز (হাজিয্‌) আঃ বিঃ ; প্রতিরোধক। প্রতিবন্ধক। বাঁধা। রোধ। পর্দা। আড়।

حاجتی (হাজতী) উঃ নাঃ স্ত্রীং ; রোগী যে পাত্রে পেশাব করে। অভাবী। আশাবাদী।

حاد (হাদ) আঃ বিঃ ; তীক্ষ্ণ। ধারালো। চোখা। গরম মেজায। তীব্র।

حادث (হাদিছ) আঃ বিঃ ; নতুন। ক্ষণস্থায়ী। আধুনিক। নবঃউদ্ভাবন।

حادثه (হাদিছাঃ) সাঃ নাঃ পুং ; আকস্মিক দুর্ঘটনা। ঘটনা। দুর্ভাগ্য। চোট। নতুনত্ব। আধুনিকতা।

حاده (হাদ্দাঃ) আঃ বিঃ ; বক্র। দু'টি সরল রেখা এক বিন্দুতে মিলে যে কোনের সৃষ্টি হয়, তাকে জ্যামিতির পরিভাষায় হাদ্দাঃ (কোণ) বলে।

حاذق (হাযিক) আঃ বিঃ ; বিজ্ঞ উস্তাদ। সাধারণতঃ অভিজ্ঞ ডাক্তারদের বেলায় এই বিশেষণ ব্যবহৃত হয়।

حار (হার্‌) আঃ বিঃ ; উষ্ণ। গরম। খরতাপ।

حارث (হারিছ) আঃ নাঃ পুং ; কৃষক। কিষাণ। ক্ষেতমজুর।

حارج (হারিজ) আঃ নাঃ পুং ; বাঁধাদানকারী। টক্করবাজ। ব-ব حارجین ।

حارز (হারায) প্রাঃ নাঃ পুং ; ডিম দিয়ে প্রস্তুত করা খানা। কেক।

حارس (হারিস্‌) আঃ নাঃ পুং ; সৈন্য। প্রহরী। চোর। ব-ব احراس - حراس ।

حارونی (হারূনী) উঃ বিঃ ; আত্মম্ভরী। নাফরমান। কুচক্রী। অসৎ।

حاره (হাররাঃ) আঃ বিঃ ; উষ্ণমন্ডল। গ্রীষ্ম প্রধান অঞ্চল।

حاسد (হাসিদ) আঃ বিঃ ; হিংসুক। হিংসুটে। অকল্যাণকামী। দুশমন। পরশ্রীকাতর।

حاشا (হাশা) আঃ নাঃ স্ত্রীং ; নেতিবাচক অব্যয়। কখনও নয়। কস্মিনকালেও নয়। অস্বীকার ও অজ্ঞতা বশতঃ কসমের অর্থেও ব্যবহার হয়।

حاشاثم حاشا (হাশা ছুম্মা হাশা) প্রঃ নাঃ ; কিছুতেই না। কস্মিনকালেও নয়।

حاشالله (হাশা লিল্লাহ) প্রঃ ; খোদা না করুন। খোদার আশ্রয় চাই। কাজ না করার অঙ্গীকার। আমি কখনও এই কাজ করিনি।

حاشاللرحمن (হাশা লির রাহমান) প্রঃ ;

খোদা না করুন। আল্লাহর আশ্রয় চাই।

حاشيه (হাশিয়াঃ) আঃ নাঃ পুং ; প্রান্ত। প্রান্তস্থিত নোট। টীকা-টিপ্পনী। ফুটনোট। ব-ব, حواشی ।

حاشيه ارا (হাশিয়াঃ আ-রা) আঃ ফাঃ বিঃ ; উগ্র। অতিরঞ্জিত। অতি ভক্তগিরি।

حاشيه بردار (হাশিয়াঃ বরদার) আঃ ফাঃ বিঃ ; পা চাটা গোলাম। তোষামোদকারী। চাটুকার। পদলেহী।

حاشيه بنانا (- বানানা) পঃ ; রুমাল কিংবা চাদর প্রান্তে নকশা করা।

حاشيه چڑھانا (- চড়হানা) পঃ ; টীকা লেখা। কথা বাড়িয়ে বলা। রং চড়িয়ে কথা বলা।

حاشيه چھوڑنا (- ছোড়না) নাঃ পুং ; লেখার সময় টীকার স্থান ফাঁকা রাখা।

حاشيه نشين (- নশীন) নাঃ পুং ; নিকটস্থ কর্মচারী। কাছের লোক। উপদেষ্টা। প্রান্তে উপবিষ্ট জন।

حاصل (হাসিল) আঃ নাঃ পুং ; উৎপাদন। নগদ বিক্রি। ফল। উৎপন্ন দ্রব্য। মতলব। সারসংক্ষেপ। উপকার। ফায়দা।

حاصل تفريق (এ- তাফরীক) আঃ ফাঃ নাঃ পুং ; মাস শেষের অবশিষ্ট তহবিল। ইজা। সাবেক তহবিল।

حاصل دار (- দার) আঃ ফাঃ নাঃ পুং ; তহশীলদার। কালেক্টর।

حاصل كلام (- কালাম) আঃ ফাঃ নাঃ পুং ; মোটকথা। মোদ্দাকথা। সংক্ষেপে। মূল বক্তব্য।

حاصل مصدر (- মাসদার) নাঃ পুং ; পরিভাষায় ঐ শব্দকে বলে, যা কোন فعل -এর অবস্থা, প্রতিক্রিয়া কিংবা পরিণাম বর্ণনা করে। যেমন- جلنا মাসদারের حاصل مصدر হচ্ছে جلن ।

حاضر (হাযির) আঃ বিঃ ; বর্তমান। উপস্থিত। তৈরী। ব-ব, حاضرين - حضار - حضرات ।

حاضر باشى (- বাশী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; উপস্থিতি। হাজিরা।

حاضر جواب (- জওয়াব) আঃ ফাঃ নাঃ পুং ; উপস্থিত জওয়াব। স্বতঃস্ফুর্ত উত্তর। প্রত্যুৎপন্নমতি।

حاضر جوابى (- জওয়াবী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; প্রত্যুৎপন্নমতিত্ব।

حاضر ناظر (- নাযির) আঃ ফাঃ বিঃ ; হাজির নাজির। সর্বত্র বিরাজমান। একমাত্র খোদা তা'আলার গুণ ইহা।

حاضرات (হাযিরাত) আঃ নাঃ স্ত্রীং ; উপস্থিত মহিলা। ফকিরদের জিন-ভূত হাজির করার আসর।

حاضراتى (হাযিরাতী) উঃ নাঃ পুং ; জিন, ভূত ও প্রেত হাজিরকারক। ফকির। ওঝা।

حاضرين (হাযিরীন) আঃ নাঃ পুং ; উপস্থিত ব্যক্তিবর্গ। শ্রোতামণ্ডলী।

حاضرى (হাযিরী) আঃ নাঃ পুং ; উপস্থিতি। (ইউরোপীয় স্টাইলের) নাস্তা।

حاطب الليل (হাতিবুল লাইল) আঃ বিঃ ; রাতে কাঠ জমাকারী। ভাল-মন্দের বিচার করতে পারে না যে।

حاطه (হাতাঃ) উঃ নাঃ পুং ; দেয়াল বেষ্টিত জমি।

حافر (হাফির) আঃ নাঃ পুং ; কূপ খননকারী। ব-ব, حوافر ।

حافظ (হাফিয) আঃ বিঃ ; সংরক্ষক। প্রহরী। কুরআনের হাফেয। রূপকার্থে- অন্ধ। ১ লক্ষ হাদীস মুখস্থকারী। হাফেযে হাদীস। ইরানের নামজাদা কবি হাফিয। আল্লাহর গুণবাচক নাম।

حافظ حقيقى (এ- হাকীকী) আঃ নাঃ পুং ; প্রকৃত রক্ষক। আল্লাহ তা'আলা।

حافظه (হাফিযাঃ) আঃ নাঃ পুং ; স্মরণশক্তি। স্মৃতিশক্তি। মেধাবল। স্ত্রীং ; মহিলা হাফেযা।

حافى (হাফী) আঃ নাঃ পুং ; খালি পা।

ব-ব, حفاة ।

حاكم (হাকিম) আঃ নাঃ পুং ; প্রশাসক। সর্দার। আমেল। নাযেম। বাদশাহ। প্রভু। মালিক। জমিদার। ব-ব, حكام - حاكمين ।

حاكم اعلى (- আ'লা) আঃ নাঃ পুং ; খোদা তা'আলা। প্রধান বিচারপতি। বড় অফিসার।

حاكم باختيار (এ-বা এখতিয়ার) প্রধান ম্যাজিস্ট্রেট।

حاكم ديوانى (এ-দেওয়ানী) নাঃ পুং ; সাব জজ।

حاكم ضلع (এ-জেলা') ফাঃ নাঃ পুং ; জেলা প্রশাসক। ডি,সি। ডেপুটি কমিশনার।

حاكم فوجدارى (এ-ফৌজদারী) ফাঃ নাঃ পুং ; লড়াই- মার-দাঙ্গা ও সন্ত্রাসের মোকাদ্দমার বিচারক। ফৌজদারী হাকিম। ম্যাজিস্ট্রেট।

حاكمانه (হাকিমানাঃ) ফাঃ বিঃ ; হাকিমের মত। ক্ষমতা বলে।

حاكمى (হাকিমী) উঃ নাঃ স্ত্রীং ; হুকুমত। সর্দারী। মাতব্বরী। সাংবিধানিক ক্ষমতা। শক্তি ও দাপট। জজ্ পেশা।

حال (হাল) আঃ নাঃ পুং ; বর্তমান কাল। অবস্থা। প্রকৃতি। দৃষ্টিকোন। নিয়ম-পদ্ধতি। বর্ণনা। শক্তি।

حالانكه (হালাঁকে) ফাঃ বিণ ; অবস্থাটা এমন। এতদসত্ত্বেও। এ অবস্থায়ও। অথচ।

حالا (হালাঃ) এমন। এই সময়।

حالت (হালত) আঃ নাঃ স্ত্রীং ; অবস্থা। কারণ। উন্মত্তাবস্থা।

حالى (হালী) ফাঃ বিঃ ; সাময়িক। উর্দুর নামজাদা কবি খাজা আলতাফ হুসাইনের নাম।

حالى موالى (- মাওয়ালী) আঃ নাঃ পুং ; সঙ্গী। সাথী। বন্ধু। সহকর্মী। সহপাঠি।

حامد (হামিদ) আঃ বিঃ ; প্রশংসাকারী।

حامض (হামিয) আঃ বিঃ ; তিক্ত। টক।

حامله (হামেলাঃ) আঃ নাঃ বিঃ ; গর্ভবতী। অন্তঃসত্ত্বা।

حامل (হামিল) আঃ নাঃ পুং ; বোঝা বাহক। কুলি। মজুর। মজদুর। শ্রমিক।

حامل وحى (এ-ওহী) আঃ নাঃ পুং ; ওহী বাহক। স্বর্গদূত। জিবরাঈল (আঃ)।

حامى (হামী) আঃ নাঃ পুং ; রক্ষক। পৃষ্ঠপোষক। তত্ত্বাবধায়ক। মদদগার। সহানুভূতিশীল।

حام (হাম) আঃ নাঃ পুং ; হযরত নূহ (আঃ) -এর এক পুত্রের নাম। হাবশীরা তারই বংশধর।

حانث (হানিছ) আঃ বিঃ ; কসম ভঙ্গকারী। গোনাহগার।

حامى بهرنا (হামী ভরনা) অঙ্গীকার করা। কারো প্রতি সমর্থন ব্যক্ত করন।

حامى كار (হামীয়ে কার) আঃ ফাঃ নাঃ পুং ; মদদগার। সাহায্যকারী। কাজের সহযোগী।

حانوت (হানূত) আঃ নাঃ স্ত্রীং ; দোকান। ব-ব, حوانيت ।

حانصير (হানসীর) প্রাঃ নাঃ স্ত্রীং ; চাটাই। حصير -এর বিকৃত রূপ।

حاوى (হাবী) আঃ নাঃ পুং ; পেরেশান। হয়রান।

حائضه (হায়িযাঃ) আঃ স্ত্রীং ; ঋতুবতী। রক্তস্রাবী।

حائط (হায়িত) আঃ ; দেয়াল। প্রাচীর। ব-ব, حيطان ।

حائك (হায়িক) আঃ বিঃ ; জোলা। তাঁতী। টেইলর। বুনক।

حائب (হায়িব) আঃ বিঃ ; গোনাহগার।

حائل (হায়িল) আঃ বিঃ ; বাঁধা। আড়াল।

ح - ب

حب (হাব্ব) আঃ নাঃ স্ত্রীং ; দানা। বুট। শস্যদানা। বীজ। (ব-ব, حبوب)

حب (হুব্ব্) আঃ নাঃ স্ত্রীং ; প্রেম-প্রীতি। ভালবাসা। ভাললাগা। বন্ধুত্ব। সখীত্ব। মর্জি। শখ। আশা। মহব্বত।

حب الوطن (আল-ওয়াতন) আঃ নাঃ স্ত্রীং ; দেশপ্রেম।

حب الوطن من الايمان (হুব্বুল ওয়াতনে মিনাল ঈমান) আঃ জনশ্রুতি ; দেশ প্রেম ঈমানের অঙ্গ।

حب كاعمل (– কা আমল) আঃ নাঃ পুং ; মোহিনীমন্ত্র। ভালবাসার তদ্‌বীর বা তাবিজ করা।

حباب (হাবাব) আঃ নাঃ পুং ; বুদবুদ। হাতবালা। সীসার গোলাকার দাগ, যা ঘরের শ্রীবৃদ্ধিতে লাগানো হয়। সূক্ষ্মাতিসূক্ষ্ম আলোকরশ্মি।

حباب آسا (– আ-সা) বিলীয়মান বুদবুদ। ক্ষয়প্রাপ্ত। ক্ষণিকা। ক্ষণস্থায়ী।

حباك (হেবাক) আঃ ; রাস্তা। বালুর ঢিবি। পানি লহর।

حبال (হাব্বাল) আঃ বিঃ ; রশি প্রস্তুতকারী।

حباله (হেবালাঃ) আঃ নাঃ ; জাল। ফাঁদ। ষড়যন্ত্র।

حبالى (হুবালাঃ) আঃ নাঃ স্ত্রীং; (حبلى -এর ব-ব) অন্তঃসত্ত্বা নারীগণ। গর্ভবতী মহিলাগণ।

حبذا (হাব্বাযা) আঃ বিণ ; فعل مدح । সাব্বাশ ! কি সুন্দর। চমৎকার। বাহবা।

حبر (হিবর) আঃ বিঃ ; কালি। জ্ঞানী। তত্ত্বজ্ঞানী।

حبس (হাব্‌স) আঃ ফাঃ নাঃ পুং ; অবরোধ। বন্দীত্ব। বন্দী করা, আটকানো।

حبس البول (–আল বাউল) পেশাব বন্ধ হওয়া।

حبس بے جا (এ–বেজা) অবৈধ আটকা দেশ। নীতি পরিপন্থী গ্রেফতারী।

حبس دم (এ–দম) শ্বাসরুদ্ধ। রক্তরোগ।

حبس دوام (এ–দাওয়াম) যাবজ্জীবন কারাদন্ড।

حبشه (হাবাশাঃ) আঃ নাঃ পুং ; ইথিওপিয়া। প্রাচীন আবিসিনিয়া। হাবশা।

حبشى (হাবাশী) আঃ নাঃ পুং ; ইথিওপিয়ান। কৃষ্ণাঙ্গ।

حبشن (হাবাশন) উঃ নাঃ স্ত্রীং ; কৃষ্ণাঙ্গ-নারী। হাবশী মহিলা।

حبل (হাব্‌ল) আঃ নাঃ স্ত্রীং ; রশি। দড়ি। রগ। তন্ত্রী। ঐক্য। সংহতি। গর্ভ।

حبل الشيطان (আশ্‌– শাঈতান) আঃ নাঃ স্ত্রীং ; শয়তানের রশি। শয়তানের হাড্ডি, রূপক অর্থে– নারী।

حبل المتين (আল– মতীন) মজবুত রশি। পরিপক্ক মাধ্যম।

حبل الوريد (আল – ওয়ারিদ) শাহরগ। কণ্ঠনালী। রূপক অর্থে– অতি নিকটের।

حبة (হাব্বাঃ) আঃ নাঃ পুং ; দানা। তরকারী।

حبة السوداء (আস্‌-সাওদা) কালোজিরা।

حبيب (হাবীব) আঃ নাঃ পুং ; বন্ধু। অন্তরঙ্গ। প্রেমাষ্পদ। প্রেমপাত্র।

حبيب خدا (এ–খোদা) খোদার হাবীব। উদ্দেশ্য– হযরত রাসূলে আকরাম (সাঃ)।

ح - ت

حتى (হাত্তা) আঃ ; যে পর্যন্ত। কাজেই। এ পর্যন্ত।

حتى المقدور (আল– মাকদুর) আঃ ; যতটা সম্ভব। যতটুকু করা যায়। সাধ্যানুযায়ী। শক্তির শেষ সীমা পর্যন্ত।

حتى الامكان (আল– এমকান) দেখুন حتى المقدور-

حتم (হাত্‌ম) আঃ নাঃ পুং ; পরিপক্ক কাজ। সাংবিধানিক ফয়সালা। ইচ্ছা।

حتمى (হাতমী) আঃ ফাঃ বিঃ ; সতন্ত্র। মজবুত। পরিপক্ক। অকাট্য।

অবিসংবাদিত। অলংঘনীয়। অপরিবর্তনীয়।

حتن (হাতন) আঃ ; দমফাটা রোদ্দুর। অসহ্য গরম। অতি উত্তাপ।

ح - ج

حج (হজ্জ) আঃ নাঃ পুং ; শাব্দিক অর্থে ইচ্ছা। পবিত্র স্থান বা সম্মানি বস্তুর উদ্দেশ্যে যাত্রা বা যাত্রার ইচ্ছা। পরিভাষায়– মাসে নির্দিষ্ট দিনে– নির্দিষ্ট নিয়মে হজ্জব্রত উদযাপন। ইসলামের পঞ্চ স্তম্ভের একটি।

حج اصغر (এ– আসগর) আঃ নাঃ পুং ; ছোট হজ্জ তথা ওমরাহ।

حج اکبر (এ– আকবর) আঃ নাঃ পুং ; বড় হজ্জ। জুমার দিনের হজ্জ।

حجاب (হিজাব) আঃ নাঃ পুং ; পর্দা। নেকাব। লজ্জা । তথা শরম। আদব। লেহাজ।

حجاب آنا (এ– আনা) পঃ ; শরম আসা। লজ্জাশীল হওয়া।

حجابی (হিজাবী) প্রাঃ বিঃ ; পর্দানশীন। লজ্জাশীলা।

حجاج (হুজ্জাজ) আঃ নাঃ পুং ; (حاج -এর ব–ব) হাজী সাহেবান।

حجار (হিজার) আঃ নাঃ পুং ; (حجر -এর ব–ব) পাথর।

حجاز (হিজায) আঃ নাঃ পুং ; মক্কা। মদীনা ও তায়েফের এলাকা। উদ্দেশ্য– ইসলামের বেলাভূমি।

حجازی (হিজাযী) আঃ বিঃ ; আরবের হেজাযে বসবাসকারী। পাকিস্তানের কিংবদন্তী ঔপন্যাসিক (নসীম হিজাযী) -এর উপাধি।

حجاج (হাজ্জাজ) আঃ বিঃ ; তর্কবাগীশ। স্বৈরাচারী জালিম ইবনে ইউসুফের উপাধি। হাজ্জাজ ইবনে ইউসুফ।

حجام (হাজ্জাম) আঃ নাঃ পুং ; নাপিত। ক্ষৌরকার।

حجامت (হাজামত) আঃ নাঃ স্ত্রীং ; ক্ষৌরকর্ম। ক্ষৌরকার্য।

حجامت بنانا (– বানানা) নেড়ে করা। চুল ছেটে দেয়া। ক্ষৌর কার্য সম্পাদন করা।

حجامی (হাজ্জামী) আঃ নাঃ স্ত্রীং ; নাপতালী। নাপিত পেশা।

حجب (হজব) আঃ নাঃ স্ত্রীং ; গোপনীয়তা। উত্তরাধিকার থেকে বঞ্চিত হওন। গুপ্ত। বঞ্চিত।

حجب (হুজুব) আঃ বিঃ (حَجب -এর ব–ব)।

حجت (হুজ্জাত) আঃ নাঃ স্ত্রীং ; দলিল। প্রমাণ। দস্তাবেজ। বাদানুবাদ। ঝগড়া।

حجت الاسلام (আল– ইসলাম) ইসলামের দলিল। ইমাম গাযালী ও দেওবন্দ মাদ্রাসার প্রতিষ্ঠাতা কাসেম নানুতবীর (রহঃ) উপাধি।

حجت تمام کرنا (– তামাম করনা) পঃ ; এভাবে দলিল দেয়া, যাতে প্রশ্নের অবকাশ না থাকে। দাঁতভাঙ্গা জবাব।

حجت کرنا (– করনা) নাঃ পুং ; বাদানুবাদ করা।

حجت قاطع (এ–কাতে') আঃ নাঃ স্ত্রীং ; অকাট্য দলিল।

حجت لاطائل (–এ–লা তায়েল) আঃ নাঃ স্ত্রীং ; অনর্থক ঝগড়া। ফলহীন বাগাড়ম্বর।

حجت محکم (এ– মুহকাম) আঃ নাঃ স্ত্রীং ; শক্ত দলিল। মজবুত দস্তাবেজ।

حجت نکالنا (–নেকালনা) নাঃ পঃ ; নতুন কথা উদ্ভাবন। অভিযোগ-আপত্তি করা। প্রমাণ উত্থাপন।

حجت متوجه (এ–মোতাওয়াজ্জিহ) আঃ নাঃ স্ত্রীং ; মজবুত তথ্য। সুচারু তদন্তের রিপোর্ট।

حجتی (হুজ্জতী) উঃ বিঃ ; ঝগড়াটে। লড়াকু।

حجر (হাজার) আঃ নাঃ পুং ; পাথর। শান। উপল।

حجر اسود (এ-আসওয়াদ) কাবা দেয়ালে লাগানো পাথর বিশেষ, হাজী সাহেবান যা চুমো দেন। হযরত আদম (আঃ) জান্নাত থেকে এটি নিয়ে এসেছিলেন।

حجره (হুজরাঃ) আঃ নাঃ পুং ; কামরা। মসজিদ সংলগ্ন রুম। কমন রুম।

حجری (হাজরী) আঃ বিঃ ; পাথুরে প্রান্তর। সংগীন। দুর্গম অঞ্চল।

حجله (হাজলাঃ) আঃ নাঃ পুং ; নবপরিণীতার জন্য পর্দা ইত্যাদির দ্বারা সজ্জিত গৃহ।

حجله عروسی (এ-আরূসী) আঃ ফাঃ নাঃ পুং ; দুলহানের বাসর পালঙ্ক। বাসরের বিশেষ পর্দা।

حجم (হাজ্‌ম) আঃ নাঃ পুং ; মাংসল। পুরুত্ব। থলথলে। মোটাসোটা।

ح - د

حد (হাদ্দ) আঃ নাঃ স্ত্রীং ; সীমা। প্রান্ত। দিগন্ত। বাঁধা। ধাপ। বাউন্ডারী। ইসলামী দন্ড। অবাক। ব-ব, حدود ।

حد باندهنا (- বান্ধনা) নাঃ পুং ; সীমা নির্ধারণ করা।

حد بلوغ (এ-বুলুগ) প্রাপ্ত বয়স্কের সীমা।

حد بلوغ كو پهنچنا (এ-বুলুগ কো পোহঁছনা) বালেগ হওয়া। প্রাপ্তবয়স্ক হওন।

حدپار (হদ্দেপার) আঃ নাঃ পুং ; অবধারিত কতল। আইনানুগ পদ্ধতিতে যার বেঁচে থাকার অধিকার নেই। মৃত্যুদণ্ড।

حد سماعت (-সামায়াত) মামলার শুনানী।

حدسے بڑھنا (-সে বাঢ়না) সীমালংঘন করা।

حد فاصل (এ-ফাছেল) সীমানির্ধারণী দেয়াল।

حداثت (হাদাছাত) আঃ নাঃ স্ত্রীং ; নতুনত্ব। আধুনিক। নব যৌবন। প্রারম্ভ। সূচনা। শুরু।

حداد (হাদ্দাদ) আঃ নাঃ পুং ; কর্মকার। লৌহকার। জেল দারোগা।

حدب (হাদাব) আঃ ; টিলা। শৃঙ্গ।

حدت (হিদ্দত) আঃ ; দ্রুতি। তেজী। তীব্র।

حدائق (হাদায়িক) আঃ নাঃ পুং ; (حديقة এর ব-ব) নার্সারী। কানন। ফুলবাগান।

حدث (হদছ) পাঃ নাঃ পুং ; উযু ভেঙ্গে যাওয়া। নতুনত্ব। আধুনিক।

حدقه (হাদাকাঃ) আঃ নাঃ পুং ; চোখের কালো পুতলী। মনি। ব-ব, احدقات ।

حدوث (হুদুছ) আঃ নাঃ পুং ; আধুনিক। জন্ম। অস্তিত্ব। ব-ব حداث-حوادث ।

حدود (হুদুদ) আঃ নাঃ পুং স্ত্রীং ; (حد -এর ব-ব) দিক।

حدود اربعة (এ-আরবাআ) আঃ নাঃ স্ত্রীং ; চারদিক- পূর্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ।

حدود شرعی (এ-শরয়ী) আঃ নাঃ স্ত্রীং ; ইসলামী দন্ডবিধান।

حدی (হুদী) আঃ নাঃ পুং ; আরবদের উষ্ট্র চালানো সংগীত।

حديث (হাদীছ) আঃ নাঃ স্ত্রীং ; শাব্দিক অর্থে- কথা। নতুনত্ব। বর্ণনা। বাণী। কিচ্ছা। ইতিহাস। ইত্যাদি। পরিভাষা- হুজুরে আকদাস (সাঃ)-এর কথা, কর্ম ও সম্মতিকে বলে।

حديث حسن (এ-হাসান) আঃ নাঃ স্ত্রীং ; ঐ হাদীছকে বলে, যার বর্ণনাকার সহী হাদীসের অপেক্ষা হেফযের তুলনায় কম স্তরের।

حديث صحيح (এ-সহীহ) আঃ নাঃ স্ত্রীং ; নির্ভরযোগ্য হাদীস। ঐ হাদীছকে বলে, যা কোরান ও জ্ঞান সম্মত এবং যার বর্ণনাকারী মুহাদ্দিছীনের পরিভাষায় নির্ভরযোগ্য।

حديث ضعيف (এ-যাঈফ) আঃ নাঃ স্ত্রীং ; যে হাদীছের বর্ণনাকারী নির্ভরযোগ্য

নয় এবং তা সন্দেহাতীতও নয়।

حديث قولى (এ-কাওলী) আঃ নাঃ স্ত্রীং ; কওলী হাদীছ। হুজুর (সঃ)-এর কথা বিষয়ক হাদীছ। হুকুম বিষয়ক হাদীছ।

حديث فعلى (এ-ফে'লী) আঃ নাঃ স্ত্রীং ; ফে'লী হাদীছ। হুজুর (সাঃ)-এর কর্ম বিষয়ক হাদীছ।

حديث متصل (এ-মুত্তাসিল) আঃ নাঃ স্ত্রীং ; যে হাদীছের শুরু থেকে শেষ পর্যন্ত একজন বর্ণনাকারীও পরম্পরাচ্যুত হয়নি।

حديث متواتر (এ-মুতাওতির) আঃ নাঃ স্ত্রীং ; ঐ হাদীছকে বলে, যার বর্ণনাকার প্রতি যুগেই অসংখ্য এবং এর উপর মিথ্যার কল্পনাও করা যায় না।

حديث مرسل (এ-মুরসাল) আঃ নাঃ স্ত্রীং ; যে হাদীছের প্রথম বর্ণনাকারী ছুটে গেছে। অর্থাৎ যার সনদে সাহাবীর নামোল্লেখ নেই।

حديث مرفوع (এ- মারফু') আঃ নাঃ স্ত্রীং ; যে হাদীছের পরম্পরা হুজুর (সাঃ) পর্যন্ত পৌঁছে।

حديث مشهور (এ-মশহুর) আঃ নাঃ স্ত্রীং ; যে হাদীছের বর্ণনার প্রতিস্তরে অন্ততঃ তিন জন বর্ণনাকারী রয়েছেন।

حديث منقطع (এ-মুনকাতি') আঃ নাঃ স্ত্রীং ; যে হাদীছের সনদে এক বা ততোধিক রাবী পড়ে গেছেন বা নামোল্লেখ নেই।

حديث موضوع (এ-মউজু-') আঃ নাঃ স্ত্রীং ; জাল হাদীছ। মনগড়া হাদীছ।

حديد (হাদীদ) আঃ নাঃ পুং ; লোহা। লৌহ। ইস্পাত।

حديقة (হাদীকাঃ) আঃ নাঃ পুং ; দেয়াল বেষ্টিত বাগান। খেজুর বাগান।

ح – ذ

حذر (হযর) আঃ নাঃ পুং ; সাবধানতা। পরিণামদর্শিতা। ভীতি।

حذاء (হিযা) আঃ ; বরাবর। প্রতিদ্বন্দ্বী। জুতা।

حذار (হিযার) আঃ নাঃ পুং ; ভয় করা। ভয় দেখান।

حذف (হযফ) আঃ নাঃ পুং ; ত্রুটি প্রত্যাখ্যান। লোপ। বিলোপ। অতিরিক্ত অক্ষর ফেলে দেয়া।

حذاقت (হাযাকাত) আঃ নাঃ স্ত্রীং ; বিজ্ঞতা। চালাকী। বুদ্ধিমত্তা। অন্তঃদৃষ্টি। অভিজ্ঞতা।

حذق (হিযক্) আঃ নাঃ স্ত্রীং ; অভিজ্ঞতা।

حذو (হায্ও) আঃ নাঃ পুং ; সমতা। বরাবর।

حذيفه (হুযাইফাঃ) আঃ নাঃ পুং ; হুজুর (সাঃ)-এর এক মহান সাহাবীর নাম।

ح – ر

حر (হুর) আঃ নাঃ পুং ; আযাদ। স্বাধীন। যে কারো গোলাম নয়। ব-ব احرار ।

حر (হারর) আঃ ; উষ্ণ অঞ্চল। কান্তার মরু। ব-ব حرور ।

حرا (হেরা) আঃ নাঃ স্ত্রীং ; মক্কার নিকট দূরের একটি পাহাড়। যেখানে হুজুর (সাঃ) গিয়ে ইবাদত করতেন। এই স্থানেই সর্বপ্রথম ওহী নাযিল হয়।

حر (হির্র) আঃ নাঃ স্ত্রীং ; নারীর যৌনাঙ্গ। যোনী।

حرارت (হারারাত) আঃ নাঃ স্ত্রীং ; জন-জীবন অতিষ্টকারী গরম। রাগ। গোস্বা। জ্বর হওয়া।

حرارت دين (এ-দ্বীন) ধর্মীয় উদ্দীপনা। দ্বীনী সম্ভ্রমবোধ।

حرارت غريبى (এ-গরীবী) অপ্রাকৃতিক উৎসাহ। অকৃত্রিম উত্তেজনা।

حرارت غريزى (এ-গরীযী) আঃ নাঃ স্ত্রীং ; শরীরীক উত্তাপ (প্রকৃত)।

حراج (হার্রাজ) আঃ নাঃ নাঃ ; দ্রুতগতি। নাঃ পুং ; নীলাম।

حراست (হিরাসাত) আঃ নাঃ স্ত্রীং ;

তত্ত্বাবধায়ণ। পরিচালন। সংরক্ষণ। নযরবন্দী। পাহারাদারী।

حراف (হাররাফ) আঃ বিঃ ; প্রতারক। শঠ।

حرافه (হর্‌রাফাঃ) আঃ নাঃ স্ত্রীং ; চতুরা স্ত্রীলোক। নিপুণ। প্রেমিকা।

حرام (হারাম) আঃ বিঃ ; হালালের বিপরীত। হারাম। সম্মানিত। শ্রেয়তর। শরীয়ত পরিপন্থী। অবৈধ। নাপাক।

حرام خور (হারামখোর) আঃ ফাঃ নাঃ ; মুর্দাখোর। ঘুষখোর। সুদখোর। নেমক হারাম। অমানবিক।

حرام زاده (হারামযাদাঃ) ফাঃ নাঃ বিঃ ; অবৈধ সন্তান। কুমারী মায়ের ফসল। বজ্জাত। অসৎ। ফেৎনাবাজ।

حرام كار (হারাম কার) আঃ ফাঃ বিঃ ; ব্যাভিচারি। জেনাকার। কু-কর্মী।

حرام موت مرنا (হারাম মউত মরনা) নাঃ পুং ; আত্মহত্যা। আত্মহনন।

حرامى (হারামী) আঃ নাঃ পুং ; চোর। অসৎ। কূচক্রী। বজ্জাত। অবৈধ বীর্য। হারামজাদা। পাজী। বদমাশ।

حرب (হরব) আঃ নাঃ স্ত্রীং ; যুদ্ধ। লড়াই। সংগ্রাম।

حربا (হারবা) আঃ নাঃ পুং ; কাল্লাস। টিকটিকির চাইতে বড় রক্তচোষা প্রাণী বিশেষ।

حربه (হারবাঃ) আঃ নাঃ পুং ; যুদ্ধাস্ত্র। সমরাস্ত্র। বর্শা।

حربے ضربے (হরবে যরবে) সর্বদা যত্রতত্র।

حربگاه (হারব গাহ্‌) আঃ ফাঃ ; রণাঙ্গন। যুদ্ধ ক্ষেত্র।

حرث (হারছ) আঃ ; ক্ষেত্র। কৃষিকর্ম।

حرج (হারাজ) আঃ নাঃ পুং ; কঠোরতা। উগ্রতা। সংকীর্ণতা। ক্ষতি। লোকসান। বিলম্ব।

حرج مرج (- মারাজ) দাঙ্গা-হাঙ্গামা। মারদাঙ্গা। ধাওয়া পাল্টা-ধাওয়া।

حرز (হিরয) আঃ নাঃ পুং ; আশ্রয়স্থান। মন্ত্র। কবচ। রক্ষাকবচ।

حرص (হিরস) আঃ নাঃ স্ত্রীং ; লোভ-লালসা। খায়েশ। তামান্না। অনুরাগ। আকর্ষণ।

حرصا حرصى (হেরসা হেরসী) উঃ নাঃ স্ত্রীং ; দেখাদেখি। অন্যের অনুকরণে কাজ করা।

حرف (হরফ) আঃ নাঃ পুং ; প্রান্ত। অক্ষর। বর্ণ। শব্দ। অপবাদ। ভাষা।

حرف آنا (-আনা) উঃ ; দোষযুক্ত খাদযুক্ত।

حرف گيرى (-গিরী) আঃ ফাঃ ; ছিদ্রান্বেষণ। দোষ তালাশ।

حرفت (হিরফাত) আঃ নাঃ স্ত্রীং ; পেশা। রোজগার। কারিগরি। কৌশল। নৈপূণ্য। চালাকী। শঠতা। ধোঁকাবাজী।

حرفتى (হিরফাতী) আঃ ফাঃ নাঃ পুং ; চালাক। প্রতারক। শঠ।

حرفه (হিরফাঃ) আঃ নাঃ পুং ; পেশা। শিল্প-প্রযুক্তি। কারিগরি। প্রকৌশল।

حرفا (হারফান) আঃ বিণ ; অবিকলভাবে।

حرقت (হুরকত) আঃ নাঃ স্ত্রীং ; জ্বলন। প্রজ্জ্বলন। আকর্ষণ। উত্তাপ।

حركت (হরকত) আঃ নাঃ স্ত্রীং ; নড়চড়। গতি। ভঙ্গী। ত্রুটি। গণ্ডগোল। হ্রস্ব। স্বর।

حركات (হারাকাত) আঃ নাঃ পুং ; স্ত্রীং ; حركت -এর ব-ব। কারক চিহ্ন। হরকত।

حركاتوسكنات (হারাকাত ওয়া সাকানাত) আঃ নাঃ স্ত্রীং ; ওঠাবসা। চলাফেরা। আদত-অভ্যাস। কারক চিহ্ন সমূহ।

حرم (হরম) আঃ নাঃ পুং ; খানায়ে কা'বার চার দেয়াল। ঘরণী। বিবাহিতা স্ত্রী। হেরেম। বাঁদী।

حرم خانه (- খানাঃ) ফাঃ নাঃ পুং ;

নারীমহল। হেরেম। অন্দর মহল।

حرمان (হিরমান) আঃ নাঃ পুং ; হতাশা। অনিশ্চয়তা। দুর্ভাগ্য। বঞ্চিত হওন।

حرمت (হুরমত) আঃ নাঃ স্ত্রীং ; ইজ্জত। আবরু। বড়ত্ব। ধর্মীয় দৃষ্টিকোণে নিষিদ্ধ হওয়া।

حرمين شريفين (হারামাইন শরীফাইন) আঃ নাঃ পুং ; মক্কা মুকাররমা ও মদীনা মুনাওয়ারাকে বলে।

حرمل (হারমাল) আঃ নাঃ পুং ; কালোদানা। এক প্রকার জংলী চারা।

حروف (হুরুফ) আঃ নাঃ পুং ; حرف -এর ব-ব।

حروف تهجى (- তাহাজ্জী) । - ب - ت - ث এই গুলোকে বলে।

حروف چين (- চীন) আঃ ফাঃ বিঃ ; মুদ্রাকর। টাইপিষ্ট। কম্পোজম্যান। কম্পোজার। (Composer)

حروف شمسى (এ- শামসী) ঐ সব হরফ যাতে ال লেখতে আসে, কিন্তু উচ্চারণ হয় না। যেমন- عبد الرحيم -এর মধ্যে ر এবং والشمس -এর মধ্যে ش ।

حروف قمرى (এ-ক্বামারী) ঐসব হরফ, যার শুরুতে "ال" লেখতেও আসে, উচ্চারিতও হয়। যেমন- عبد العليم -এর মধ্যে ع এবং ابو البركات -এর মধ্যে ب ।

حريت (হুররিয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; স্বাধীনতা। দাসত্বের পর স্বাধীনতা। গোলামী থেকে মুক্তি।

حرير (হারীর) আঃ নাঃ পুং ; রেশম। রেশমী কাপড়।

حريرى (হারীরী) আঃ বিঃ ; রেশমী। সূক্ষ্ম-পাতলা। লিকলিকে লোক। ক্ষীণাঙ্গ। আরবী সাহিত্যের অমর গ্রন্থ মাকামাত লেখকের উপাধি।

حريص (হারীস) আঃ বিঃ ; লোভা। লোভী। হিংসুক। পেটুক। হাভাতে। অনুকরণপ্রিয়।

حريف (হারীফ) আঃ নাঃ পুং ; সমবৃত্তিসম্পন্ন। প্রতিদ্বন্দ্বী। অহিত-কামী। চালাক।

حريق (হারীক) আঃ বিঃ ; ছাই ভষ্ম। পুড়ে ছাই। স্ফুলিঙ্গ।

حريم (হারীম) আঃ নাঃ পুং ; ঘরের চৌহদ্দী। খানায়ে কা'বার চার দেয়াল। ঘর।

ح ـ ز

حزب (হিয্‌ব) আঃ নাঃ পুং ; দল। পার্টি। বেতনাংশ। বন্টন। (ব-ব, احزاب)

حزب الاحرار (আল-আহরার) স্বাধীনতাকামী। মুক্তিকামী। মুক্তিযোদ্ধা। লিবারেশন সোলজার।

حزب العمال (আল- উম্মাল) আঃ নাঃ স্ত্রীং ; শ্রমিক সংঘ।

حزب اقتدار (এ- ইকতিদার) আঃ পুং ; ক্ষমতাসীন পার্টি।

حزب مخالف (এ-মুখালিফ) আঃ নাঃ স্ত্রীং ; সংসদের বিরোধী দল।

حزب الله (- আল্লাহ) ডানপন্থী আল্লাহ্‌র দল। সত্যকামী দল।

حزب المستبدين (আল-মুসতাবদীন) আঃ নাঃ স্ত্রীং ; প্রাচীনপন্থী দল। পশ্চাৎকামী দল।

حزب الشيطان (আশ্‌- শাইতান) আঃ নাঃ স্ত্রীং ; শয়তানের দল। নাস্তিক চক্র।

حزن (হুযন) আঃ নাঃ পুং ; পেরেশানী। অস্থিরতা। দুঃখ। বিমর্ষতা। মানসিক ক্লেষ। স্নায়ুচাপ।

حزم (হাযম) আঃ নাঃ পুং ; সতর্কতা। অধ্যাবসায়। অটলতা। দৃঢ়তা।

حزين (হাযীন) আঃ বিঃ ; দুঃখিত। ভারাক্রান্ত। বিমর্ষ।

ح ـ س

حس (হিস্‌) আঃ নাঃ পুং ; ইন্দ্রিয়ানুভূতি। সহানুভূতি। কম্পন। ব-ব. حواس ।

حساب (হিসাব) আঃ নাঃ পুং ; হিসাব। গণনা। অংক। মূল্য। লেন-দেন। ব-ব, حسابات।

حساب دار (– দার) আঃ ফাঃ বিঃ ; একাউন্টেন্ট। ব্যাংক কিংবা দোকানের হিসাব রক্ষক।

حساب داں (– দাঁ) আঃ ফাঃ বিঃ ; গণিতবিদ। অংকের গুরু।

حساب کتاب (– কিতাব) উঃ ; লেন-দেন।

حساد (হুসসাদ) আঃ নাঃ পুং ; (حاسد -এর ব-ব) হিংসুটের দল।

حساس (হাসসাস) আঃ বিঃ ; সূক্ষ্মানুভূতি পরায়ণ। তীক্ষ্মানুভূতি সম্পন্ন। চালাক।

حسام (হুসসাম) আঃ নাঃ স্ত্রীং ; ধারাল তরবারী। তীক্ষ্ণ তলোয়ার।

حسان (হাসসান) আঃ নাঃ পুং ; অতি সুন্দর। মনোরম। রাসূলুল্লাহ (সাঃ)-এর বিশিষ্ট সাহাবী, বিদগ্ধ কবি ও সাহিত্যিক হাসসান বিন সাবিত (রাঃ)।

حسان عجم (এ-আযম) আঃ নাঃ পুং ; অনারবী হাসসান। যিনি সাহাবী হাসসান (রাঃ)-এর মত হুজুর (সাঃ)-এর শানে কবিতা লিখে এই খ্যাতি কুড়ান।

حسب (হাস্‌ব) আঃ বিণ ; মতে। অনুসারে। অনুযায়ী। অনুকূলে।

حسب ذیل (এ- যায়েল) নিম্ন লিখিত অনুযায়ী।

حسب معمول (এ-মা'মুল) প্রথামত। চিরাচরিত। অভ্যাসানুযায়ী।

حسب ونسب (হসব ওয়া নসব) আঃ নাঃ পুং ; জাতি, কূল। বংশাবলী। আভিজাত্য। মাতৃপিতৃ বংশ-খান্দান।

حسد (হাসাদ) আঃ নাঃ পুং ; জ্বলন। পোড়ন। অনিষ্ট কামনা। শত্রুতা। হিংসা।

حسرت (হাসরাত) আঃ নাঃ স্ত্রীং ; দুঃখ। বেদনা। আকাঙ্খা। আফসোস।

حسن (হাসান) আঃ বিঃ নাঃ পুং ; নেক। সুন্দর। হযরত আলী (রাঃ)-এর বড় ছেলে।

حسنات (হাসানাত) আঃ নাঃ স্ত্রীং ; (حسنةএর ব-ব) সুন্দর। কমনীয়। নেককাজ। ভাল গুণ।।

حسن (হুসন) আঃ নাঃ পুং ; সৌন্দর্য। সৌজন্য। যৌবন। লাবণ্য।

حسن اتفاق (এ-ইত্তিফাক) আঃ নাঃ পুং ; খোশ কিসমত। সুবর্ণ সুযোগ। সৌভাগ্যবশতঃ।

حسن اخلاق (এ-আখলাক) আঃ নাঃ পুং ; সদ্ব্যবহার। উত্তম চরিত্র।

حسن انتظام (এ-ইন্তিযাম) আঃ নাঃ পুং ; সুন্দর ব্যবস্থাপনা।

حسن بیان (এ-বয়ান) আঃ নাঃ পুং ; জ্বালাময়ী বক্তৃতা। সুন্দর উপস্থাপনা।

حسن خدا داد (এ-খোদাদাদ) আঃ ফাঃ নাঃ পুং ; খোদা প্রদত্ত সৌন্দর্য। প্রাকৃতিক সৌন্দর্য।

حسن سلوک (এ-সুলুক) আঃ নাঃ পুং ; অনুপম আচরণ। সদ্ব্যবহার।

حسن ظن (এ-যন) আঃ নাঃ পুং ; সুধারণা।

حسنه (হাসানাঃ) আঃ নাঃ স্ত্রীং ; নেক কাজ। কল্যাণ (ব-ব, حسنات)

حسنی (হাসানী) আঃ নাঃ পুং ; ইমাম হাসানের বংশধর।

حسنی (হুসনাঃ) আঃ নাঃ স্ত্রীং ; সুন্দরী। পরমা সুন্দরী।

حسنین (হাসানাইন) আঃ নাঃ পুং ; হযরত হাসান ও হোসাইন (রাঃ)।

حسود (হাসূদ) আঃ নাঃ পুং ; হিংসুটে। অনিষ্টকামী।

حسیب (হাসীব) আঃ বিঃ ; হিসাব রক্ষক। আল্লাহর গুণবাচক নাম।

حسین (হাসীন) আঃ বিঃ ; কমনীয়।

লাবণ্যময়। সুন্দর।

حسین (হুসাইন) আঃ নাঃ পুং ; হযরত আলী (রাঃ)-এর কনিষ্ঠ সাহেবজাদা, যিনি ১০ই মুহাররম কারবালা প্রান্তরে নির্মমভাবে শাহাদত বরণ করেছিলেন।

حسینه (হাসীনাঃ) আঃ নাঃ স্ত্রীং ; পরমা সুন্দরী। তন্বী। কমনীয়া। লাবণ্যময়ী।

حسینی (হুসাইনী) আঃ নাঃ পুং ; হযরত হুসাইন (রাঃ) -এর বংশধর।

ح - ش

حشر (হাশর) আঃ নাঃ পুং ; সমবেত স্থল। কিয়ামত। পুনরুত্থান। শোরগোল। হাঙ্গামা। ফেৎনা।

حشر برپاکرنا (– বরপা করনা) ফেৎনা ফাসাদ সৃষ্টি করা। তুলকালাম কাণ্ড ঘটানো।

حشرات (হাশারাত) ক্ষুদ্র-রঙ্গিন পতঙ্গ বিশেষ। হাঙ্গামা। শোর-গোল।

حشرات الارض (আল- আরয) পোকা মাকড়। সাপ-বিচ্ছু ইত্যাদি।

حشریات (হাশরিয়্যাত) আঃ নাঃ পুং ; প্রাণীবিদ্যা। পোকা মাকড়ের বিদ্যা। ইং ; (Entomolgy)।

حشفه (হাশফাঃ) আঃ নাঃ পুং ; পুরুষাঙ্গের সুপারী। লিঙ্গের মাথা।

حشم (হাশম্) আঃ নাঃ পুং ; চাকর-বাকর। খাদেম।

حشم وخدم (– ওয়া খাদাম) আঃ নাঃ পুং ; চাকর-বাকর। সেবক।

حشمت (হাশমত) আঃ নাঃ স্ত্রীং ; চাকর। গোলাম। বুযুর্গী। শ্রেষ্ঠত্ব। জাঁকজমক। শান শওকত। সরঞ্জামাদি। যুদ্ধ সাজারথ ও সওয়ারী। আড়ম্বর।

حشمت (হুশামাত) আঃ নাঃ স্ত্রীং ; গোত্র।

حشو (হাশব্) আঃ নাঃ পুং ; ভর্তি। অনর্থক কথা। অতিরিক্ত।

حشیش (হাশীশ) আঃ নাঃ স্ত্রীং ; শুষ্কঘাস। ভাং।

ح - ص

حصار (হিসার) আঃ নাঃ পুং ; দুর্গ। দেয়াল। আঙ্গিনা।

حصاری (হিসারী) ফাঃ বিঃ ; কেল্লাবন্দী।

حصانت (হিসানাত) আঃ নাঃ পুং ; মজবুতি। নিষ্পাপত্ব। সংরক্ষণ।

حصر (হাসর) আঃ নাঃ পুং ; ঘেরাও। অবরোধ। সীমিত হওন।

حصص (হিসাস) আঃ নাঃ পুং ; (حصه -এর ব-ব) হিস্যা। অংশ।

حصن (হিস্ন) আঃ নাঃ পুং ; কেল্লা। বাংকার। আশ্রয়স্থল। হাতিয়ার।

حصن حصین (এ–হাসীন) দুর্ভেদ্য দুর্গ। ওজিফা ও দোয়ার একটি কিতাব।

حصول (হুসূল) আঃ নাঃ পুং ; অর্জন। উসূল। ফায়দা। উপকার।

حصه (হিস্সাঃ) আঃ নাঃ স্ত্রীং ; টুকরো। খন্ড। বন্টন। অংশ। হিস্যা। ভাগ। কামরা। দরজা।

حصه دار (হিস্সাঃ দার) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; শরীক। সাথী।

حصه داری (হিসসাঃ দারী) আঃ ফাঃ স্ত্রীং ; শরীকানা। অংশীদারিত্ব।

حصیر (হাসীর) আঃ নাঃ পুং ; চাটাই।

حصین (হাসীন) আঃ বিঃ ; শক্ত। মজবুত। দুর্ভেদ্য। দুর্গম।

ح - ض

حضار (হুযযার) আঃ নাঃ পুং ; (حاضر -এর ব-ব) উপস্থিত বর্গ। বর্তমান লোক।

حضارت (হাজারাত) আঃ নাঃ স্ত্রীং ; শহুরে। শহরী জীবন।

حضانت (হিযানাত- হাযানাত) আঃ নাঃ স্ত্রীং ; সন্তান প্রতিপালন প্রতিপালনের ভার।

حضاجر (হাযাজের) আঃ নাঃ ; কাফতার। গন্ডার।

حضر (হাজার) আঃ নাঃ স্ত্রীং ; নিজ বাড়ীতে অবস্থান। ছাউনী। ইকামাত। সফরের বিপরীত।

حضرت (হযরত) আঃ নাঃ স্ত্রীং ; মাহাত্ম্য। মহিমা। মর্যাদা।

حضرات (হাজারাত) আঃ নাঃ পুং ; (حضرت -এর ব–ব) বুযুর্গ। মহান।

حضر موت (হাযরা মউত) একটি শহর ও বংশের নাম।

حضرمی (হাজরামী) আঃ বিঃ ; হাজরা মউতের বাসিন্দা।

حضری (হাজারী) আঃ বিঃ ; শহরবাসী।

حضور (হুযূর) আঃ নাঃ পুং ; উপস্থিতি। হাজিরা। জনাব। হযরত। দরবার। মজলিস। এজলাস। মুখোমুখী।

حضوری (হুযূরী) ; উপস্থিতি। নৈকট্য।

حضن (হায্‌ন) আঃ ; বাচ্চাকে মায়ের কোলে নেয়া। হাঁস-মুরগী ও কবুতরের ডিমে তা দেয়া।

حضيض (হাযীয) আঃ নাঃ পুং ; নীচু। গভীর। আর্দ্র।

ح – ط

حطاب (হাত্তাব) আঃ পুং ; কাঠুরিয়া।

حطام (হুতাম) আঃ নাঃ পুং ; খড়কুটো।

حطب (হাতাব) আঃ নাঃ পুং ; হাল্কা। পাতলা। ছিপছিপে গঠনের। লিকলিকে। কাষ্ঠ।

حطمه (হুতামাঃ) আঃ নাঃ পুং ; তেজস্বী আগুন। দোযখের তৃতীয় স্তর।

حطيم (হাতীম) আঃ নাঃ পুং ; কাবার ঐ পাথর, যা রুকন ও জমজমের মাঝে অবস্থিত। বিগত বছরের চারা। স্ত্রীং ; কাবা সংলগ্ন একটি দেয়াল।

ح – ظ

حظ (হায্‌) আঃ নাঃ পুং ; আনন্দ। সন্তুষ্টি। স্বাদ।

حظ نفسانی (হায্‌যে নাফসানী) জৈবিক চাহিদা। সহবাস।

حظيره (হাযীরাঃ) আঃ নাঃ পুং ; সমাধীর গম্বুজ। কবরের চার দেয়াল।

ح – ف

حف (হাফ) আঃ নাঃ পুং ; শুস্ক ঘাস। কোন বস্তুর বেকার হওয়া। খেদমত এবং মেহেরবানী করা। পাখীর উড্ডয়নের শব্দ।

حفاظ (হুফফাজ) আঃ নাঃ পুং ; (حافظ -এর ব–ব) যারা কোরআন হেফয করেছেন। যারা ১ লক্ষ হাদীস মুখস্থ করেছেন।

حفاظت (হিফাযত) আঃ নাঃ স্ত্রীং ; রক্ষণ। নিরাপত্তা। যত্ন। আশ্রয়। সংরক্ষণ।

حفظ (হিফয) আঃ বিঃ ; মুখস্থ করা। কণ্ঠস্থ করা। ঠোঁটস্থ করা। আদব। লেহাজ।

حفظ ماتقدم (হেফযে মা তাকাদ্দাম) আঃ নাঃ পুং ; আদেশ পালন। পূর্বপ্রস্তুতি।

حفيظ (হাফীয) আঃ নাঃ পুং ; রক্ষক। অভিভাবক। তত্ত্বাবধায়ক। আল্লাহর গুণবাচক নাম বিশেষ।

حفره (হাফরাঃ) আঃ ; গর্ত। খাদ। মহীসোপান।

حفص (হাফস্‌) আঃ ; একত্রীকরণ। ইলমে কেরাতের বড় আলম। ابوحفص (আবূ–) হযরত উমর (রাজিঃ) এর উপনাম।

ح – ق

حق (হক্‌) আঃ নাঃ পুং ; সত্য। সত্যতা। যোগ্য। আবশ্যক। ঠিক। যথার্থ। প্রমাণপুষ্ট। প্রতিষ্ঠিত। বৈধ। ইনসাফ। প্রতিফল। বদলা। প্রতিদান। মজদুরী। পুরস্কার। প্রকৃত ঘটনা। অধিকার।

حق آشنا (– আ-শনা) আঃ ফাঃ বিঃ ;

সত্যাশ্রয়ী। খোদাভীরু।
حق بجانب (– বা জানিব) আঃ ফাঃ বিঃ ; হকের তরফ। সাজারযোগ্য। সত্য। সত্যিকার।
حق بین (– বীঁ) আঃ ফাঃ নাঃ বিঃ ; সত্যানুসন্ধিৎসু।
حق پرست (– পরস্ত) আঃ নাঃ বিঃ ; সত্যাশ্রয়ী। স্পষ্টবাদী।
حق تلفی (– তালাফী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; অধিকার হরণ। হক নষ্ট করণ।
حق شفعه (হক্কে শুফ'আঃ) আঃ নাঃ পুং ; ঘরের পাশের ঘর কিংবা জমির পাশের জমি খরিদ করার আইনানুগ অধিকার।
حقا (হক্কান্) আঃ বিণ ; আল্লাহর কসম। সত্যি সত্যি।
حقارت (হাকারত) আঃ নাঃ স্ত্রীং; ঘৃণা। অবজ্ঞা। অশ্রদ্ধা।
حقانی (হাক্কানী) ফাঃ বিঃ ; সত্যবাহি। হক্কানী।
حقانیت (হাক্কানিয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; সত্যতা। সততা। সঠিকত্ব।
حقوق (হুকূক) আঃ নাঃ পুং ; (حق হক এর ব–ব) দাবী। অধিকার। ঋণ।
حقائق (হাকায়িক) আঃ নাঃ পুং ; (حقیقت -এর ব–ব) বাস্তব। প্রকৃত তত্ত্ব।
حقنه (হুকনাঃ) আঃ নাঃ পুং ; পায়খানা করানোর জন্য ডুস লাগান। পিচকারী। ডুস্।
حقه (হুক্কাঃ) আঃ নাঃ পুং ; পাত্র। ডিব্বা। ধুমপানের হুক্কা। কল্কি।
حقه باز (হুক্কাঃ বায) ফাঃ বিঃ ; বাজীগর। ভানুমতি। সীমাহীন হুক্কা খাওয়া লোক।
حقیت (হাক্কীয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; মালিকত্ব। অধিকার। স্বত্ব। সত্যতা।
حقیر (হাকীর) আঃ বিঃ ; ঘৃণিত। অশ্রদ্ধেয়। অপদস্ত। অবজ্ঞার পাত্র। হাস্যম্পদ। ছোট।
حقیقتا (হাকীকতান) আঃ ; বাস্তবোচিত। বাস্তবিক পক্ষে।
حقیقت (হাকীকত) আঃ নাঃ স্ত্রীং ; সত্য। যথার্থতা। মূলতত্ত্ব। বাস্তবতা।
حقیقی (হাকীকী) ফাঃ বিঃ ; নিখাঁদ। প্রাকৃতিক। আপন। প্রকৃত।

ح - ک

حک (হাক্কা) আঃ নাঃ পুং ; খুজলি। পাচড়া। চুলকানী। এলার্জী। ব্যথা। জ্বলে যাওয়া।
حکاک (হাক্কাক) আঃ নাঃ পুং ; খোদাইকারী। মুদ্রাক্ষরিক।
حکام (হুককাম) আঃ নাঃ পুং ; (حاکم -এর ব–ব) অফিসার। প্রজাতন্ত্রের কর্মচারী।
حکایت (হিকায়াত) আঃ নাঃ স্ত্রীং ; কাহিনী। গল্প। উপাখ্যান। ইতিহাস। বর্ণনা করা।
حکایتا (হিকায়াতান) আঃ নাঃ স্ত্রীং ; কথাচ্ছলে। বর্ণনাচ্ছলে। ঘটনাচ্ছলে।
حکم (হাকাম) আঃ নাঃ পুং ; সালিশ। পঞ্চায়েত প্রধান। মুন্সেফ।
حکم (হিকাম) আঃ নাঃ পুং ; (حکمت -এর ব–ব) জ্ঞান। তত্ত্বজ্ঞান। বিজ্ঞতা। প্রজ্ঞা।
حکم (হুক্‌ম) আঃ নাঃ পুং ; ফরমান। নির্দেশ। পরওয়ানা। শরয়ী ফায়সালা। ফতোয়া। তাসের পাতার কালো রঙ্গের পান। (ব–ব احکام)।
حکم آخر (এ–আখির) চূড়ান্ত রায়।
حکم امتناعی (–এ ইমাতেনা'ঈ) আঃ নাঃ পুং ; আদালতের নিষেধাজ্ঞা।
حکم راں (– রাঁ) আঃ ফাঃ বিঃ ; হাকিম। বাদশাহ। নির্দেশক।
حکماء (হুকামা) আঃ পুং ; (حکیم -এর ব–ব) দার্শনিক। তত্ত্বজ্ঞাণীগ।
حکمت (হিকমাত) আঃ নাঃ স্ত্রীং ; বিজ্ঞতা। নিপুণতা। দর্শনশাস্ত্র। প্রজ্ঞা।

حکمت آمیز (– আমীয) জ্ঞানগর্ভ। যুক্তিপূর্ণ।

حکمت عملی (এ- আমালী) আঃ নাঃ স্ত্রীঃ ; তদবীর। হুঁশিয়ারী। দূরদর্শিতা। পলিসি। রাষ্ট্রীয় কল্যাণ।

حکمت مدنی (এ-মুদুনী) মিউনিসিপ্যালিটি। শহর রক্ষাকানুন। শহুরে ব্যবস্থাপনা।

حکمتی (হিকমতী) উঃ বিঃ ; চালাক। চতুর। হুঁশিয়ার। দার্শনিক।

حکمی (হুকমী) আঃ ফাঃ বিঃ ; সুনিশ্চিত। নির্ভুল। অনুগত। শর্তাধীন। জরুরী। সর্বদা।

حکومت (হুকুমাত) আঃ নাঃ স্ত্রীঃ ; সাম্রাজ্য। রাষ্ট্র পরিচালনা সংস্থা। শাসন ব্যবস্থা। ক্ষমতা। অধিকার।

حکومت آزاد (এ-আযাদ) আঃ ফাঃ স্ত্রীঃ ; স্বাধীন। স্বার্বভৌম দেশ।

حکومت امرانه (এ-আ-মেরানাঃ) আঃ ফাঃ নাঃ স্ত্রীঃ ; এক নায়কতন্ত্রী শাসন ব্যবস্থা। ডিক্টেটরশিপ।

حکومت امرائی (এ- উমারাঈ) আঃ ফাঃ স্ত্রীঃ ; আমীরগণের কাউন্সিলের শাসন ব্যবস্থা।

حکومت جمهوری (এ- জামহুরী) গণতান্ত্রিক শাসন পদ্ধতি।

حکومت شخصی (–শখসী) একনায়কতন্ত্রী শাসন। ডিক্টেটরশীপ।

حکه (হিক্কাঃ) আঃ ; চুলকানী। এলার্জী।

حکیم (হাকীম) আঃ নাঃ পুং ; দার্শনিক। বিজ্ঞ। হিঃ নাঃ পুং ; ডাক্তার। হাকিম।

حکیمانه (হাকীমানাঃ) জ্ঞানীসূলভ। বিজ্ঞতাজনিত।

حکیمی (হাকীমী) উঃ নাঃ স্ত্রীঃ ; চিকিৎসা বিষয়। হেকিমি। ডাক্তারী পেশা।

ح - ل

حل (হল্) আঃ নাঃ পুং ; বিশ্লেষণ। মীমাংসা। সমাধান। দ্রবন। চূর্ণ করণ। বন্ধন। মোচন। রপ্তকরণ।

حل پذیر (– পাযীর) আঃ ফাঃ বিঃ ; বিশ্লেষণধর্মী। প্রাঞ্জল সূলভ। সমাধান যোগ্য।

حل وعقد (–ওয়া আক্‌দ) আঃ নাঃ পুং ; খোলা–বাঁধা। ব্যবস্থাপনা পরিষদ।

حلاج (হাল্লাজ) আঃ নাঃ পুং ; তুলোধুনোকারী। ধুনকর। প্রসদ্ধি বুযুর্গ মনসূর (রহঃ) –এর উপাধি।

حلاف (হাল্লাফ) আঃ বিঃ ; কথায় কথায় কসমকারী। অতি কসমে অভ্যস্ত।

حلاق (হাল্লাক) আঃ পুং ; নাপিত। ক্ষৌরকার। চুল চেছে দেয় যে ব্যক্তি।

حلال (হালাল) আঃ বিঃ ; আইন সঙ্গত। ধর্মোনুমোদিত। হালাল। বৈধ। হারামের বিপরীত।

حلال خور (–খোর) আঃ ফাঃ বিঃ ; বৈধভোগী। মেথর। ঝাড়ুদার।

حلاله (হালালাঃ) আঃ নাঃ স্ত্রীঃ ; তিন তালাক প্রাপ্ত মহিলার সাময়িক বিবাহ, যা কিনা তাকে পূর্ব স্বামীর সাথে বিবাহ বসতে সহায়তা করে। হিল্লা।

حلاوت (হালাওয়াত) আঃ নাঃ স্ত্রীঃ ; স্বাদ। আস্বাদন। মিষ্টতা।

حلت (হিল্লত) আঃ নাঃ স্ত্রীঃ ; হালাল হওন। বৈধহওন।

حلجان (হালজান) উঃ নাঃ স্ত্রীঃ ; বৌভাত। ওয়ালিমা।

حلف (হলফ) আঃ নাঃ পুং ; প্রতিজ্ঞা। কসম। অঙ্গীকার। ব–ব حلاف।

حلق (হলক) আঃ নাঃ পুং ; গলা। কণ্ঠনালী। গর্দান। মুখ। জিহবা। তালূ।

حلقوم (হুলকুম) আঃ নাঃ পুং ; গলা। কণ্ঠনালী। ঘাড়।

حلقه (হালকাঃ) আঃ নাঃ পুং ; বৃত্ত। গোলাকৃতি। পরিধি। মজলিস। জামায়াত। কাষ্ঠ বা লোহার গোলাকার ঋণ। এলাকা। জেলা।

حلقه بگوش (– বা'গোশ) আঃ ফাঃ বিঃ ; দাস। অনুগত। প্রাচীন কালে গোলামদের কানে লাগান লৌহবালা বিশেষ।

حلقی (হালকী) আঃ বিঃ ; কণ্ঠনালী সম্পর্কীয়। (حروف حلقی হুরূফে-) ৬ টি হরফ, যা কণ্ঠনালী থেকে উচ্চারিত।

ء - ه - ح - خ - ع - غ

حلل (হুলাল) আঃ নাঃ পুং ; حلة -এর ব-ব) বেহেশতী পোষাক।

حلم (হিলম্) আঃ নাঃ পুং ; ভদ্রতা। নম্রতা। শিষ্টতা। নম্রদিল। গাম্ভীর্য।

حلوا (হালওয়া) আঃ নাঃ পুং ; হালুয়া। মিষ্টি বিশেষ।

حلوان (হালওয়ান) উঃ নাঃ পুং ; মোলায়েম গোশত। ছাগ-শিশু। ঘুষ। উৎকোচ। বাড়তি পাওনা। কাপড় বিশেষ।

حلوائی (হালওয়ায়ী) আঃ নাঃ পুং ; মিষ্টি প্রস্তুতকারী। ময়রা।

حلول (হুলূল) আঃ নাঃ পুং ; অনুপ্রবেশ। মিশ্রন।

حله (হুল্লাহ) আঃ নাঃ পুং ; বেহেশতী জোড়া পোষাক। জামা। চাদর। জুব্বা। আচকান। টু-পিস।

حلیف (হালীফ) আঃ নাঃ পুং ; মদদগার। বন্ধু। সাথী। মৈত্রী।

حلیم (হালীম) আঃ বিঃ ; ভদ্র। সভ্য। নম্র। দয়ার্দ্র। ধৈর্যশীল। নাঃ পুং ; এক প্রকার খাদ্য, যা গোশত, ডাল ও রকমারী মশলা দিয়ে বানানো হয়। হালিম।

حلیه (হুলয়াঃ) আঃ নাঃ পুং ; আপাদমস্তক নির্ধারণ, যা সনাক্ত করণে সহায়ক হয়। দৈহিক গঠন।

حلیله (হালীলা) আঃ নাঃ স্ত্রীং ; বিবাহিতা স্ত্রী।

حلیب (হালীব) আঃ ; টাটকা তাজা দুধ।

حلیمه (হালীমাঃ) আঃ নাঃ স্ত্রীং ; حلیم -এর স্ত্রীং হযরত মুহাম্মদ (সাঃ) -এর দাইমা।

ح - م

حماد (হাম্মাদ) আঃ বিঃ ; অতিশয় প্রশংসামুখর। ইমাম আবু হানীফার বিশিষ্ট উস্তাদ।

حمار (হিমার) আঃ নাঃ পং ; গর্দভ। বন্য গর্দভ। গাধা। আহাম্মক। বোকা।

حماسه (হামাসাঃ) আঃ ; বীরত্ব। বীরত্ব প্রদর্শন। আবু তাম্মামের দেওয়ানের নাম, যাতে তিনি আরব্য বীরদের কাহিনী ছন্দে ছন্দে তুলে ধরেছেন। 'দেওয়ানে হামাসাহ'।

حماقت (হিমাকাত) আঃ নাঃ স্ত্রীং ; বেকুফী। নির্বুদ্ধিতা। বোকামী। আহাম্মকী।

حمال (হাম্মাল) আঃ নাঃ পুং ; বড় বড় বোঝা বহনকারী মেশিন। ক্রেন।

حمام (হামাম) আঃ নাঃ পুং ; কবুতর। কপোত। পায়রা।

حمام (হাম্মাম) আঃ নাঃ পুং ; গোসলখানা। বাথরুম। প্রক্ষালণ।

حمام کی لنگی (– কি লুঙ্গী) নাঃ স্ত্রীং ; সর্বভোগ্য। বাজারী বেশ্যা। খানকী। নটি। দেহ পসারিণী। পতিতা।

حمائل (হামায়েল) আঃ নাঃ পুং ; কোষ। তরবারীর খাপ। ছোট কুরআন শরীফ, যা গলে ঝুলিয়ে রাখা যায়।

حمایت (হিমায়েত) আঃ নাঃ স্ত্রীং ; তরফদারী। সহায়তা। তত্ত্বাবধান। সংরক্ষণ।

دیبا (দীবা) ফাঃ নাঃ পুং ; রেশমী কাপড় বিশেষ। আচকান।
دیباجه (দীবাজাঃ) আঃ নাঃ পুং ; বইয়ের ভূমিকা। মুখবন্ধ। প্রস্তাবনা। গৌরচন্দ্রিকা।

دیبی (দেবী) হিঃ নাঃ স্ত্রীং ; রাণী। দেবী। রাজমহিষী।
دیپ (দীপ) হিঃ নাঃ পুং ; চেরাগ। রৌশনী। উজ্জ্বল। রাগ বিশেষ।
دیپک (দীপক) ফাঃ নাঃ পুং ; দীপ্তি। চেরাগ। আতশবাজী বিশেষ। সংগীতের এক ধরনের রাগ বা টোন।
دیت (দিয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; রক্তঋণ। শোনিত পাতের জরিমানা। দিয়ত। হত্যার বিরুদ্ধে ইসলামী দন্ডবিধান বিশেষ।
دیجور (দিজোর) ফাঃ বিঃ ; অমানিশা। আঁধার। অমাবশ্যার রাত্রী। কালো বস্তু।
دید (দীদ) ফাঃ নাঃ স্ত্রীং ; দৃষ্টি। দৃশ্য। দেখন।
دیدباز (– বায) ফাঃ বিঃ ; দর্শক।
دیده (দীদাঃ) ফাঃ বিঃ ; দুষ্ট। নাঃ পুং ; চক্ষু।
دیدار (দীদার) ফাঃ নাঃ পুং ; চমক। দীপ্তি। দর্শন। দৃষ্টি। ছুরত। চেহারা।
دیدنی (দীদানী) ফাঃ হিঃ ; দর্শনীয়।
دیر (দের) ফাঃ নাঃ স্ত্রীং ; বিলম্ব। ধীরতা। অলসতা। দীর্ঘকাল। বিণ ; দেরী। অনেকক্ষণ। ধীরে।
دیر (দায়র) ফাঃ নাঃ পুং ; মন্দির। মঠ। গীর্জা।
دیروز (দীরোয) ফাঃ বিঃ ; গতকল্য।
دیرا (দেরা) হিঃ নাঃ পুং ; তাবু। বাসগৃহ। উপঘর। বারান্দা।
دیرانه (দেরানাঃ) ফাঃ নাঃ পুং ; বিলম্ব মাশুল।
دیری (দেরী) উঃ নাঃ স্ত্রীং ; বিলম্ব। দেরী। ধীরতা। অলসতা।
دیرینه (দেরীনাঃ) ফাঃ বিঃ ; প্রাচীন। পুরানো। বুযুর্গ। বৃদ্ধ। অভিজ্ঞ। দীর্ঘ দিনের।
دیس (দেস) হিঃ নাঃ পুং ; দেশ। রাষ্ট্র। এলাকা। নিশীরাতের গান।
دیس انتر (দেস আন্তর) দেশান্তর।
دیس بهاشا (– ভাষা) হিঃ নাঃ স্ত্রীং ; মাতৃভাষা।
دیسا (দেসা) হিঃ নাঃ পুং ; জন্মবার্ষিকী।
دیسی (দেসী) হিঃ বিঃ ; দেশীয়। দেশীয় শিল্প।
دیکهنا (দেখনা) হিঃ মূঃ ; দেখা। তাকান। পর্যবেক্ষণ করা। পরিদর্শন করা। যত্ন নেওয়া। বিশ্লেষণ করা। পরীক্ষা করা। কারো দর্শন সহ্য করা।
دیکهو (দেখো) হিঃ মূঃ ; দেখ। শোন।
دیگ (দেগ) উঃ নাঃ স্ত্রীং ; ডেগ্‌। ডেকচি। সস্‌মেন। বড় পাত্র।
دیگچه (দেগচাঃ) ফাঃ নাঃ পুং ; ডেকচি।
دیگچی (দেগচী) ফাঃ নাঃ স্ত্রীং ; ডেগচি। ছোট পাত্র।
دیگدان (দেগদান) ফাঃ নাঃ পুং ; চুল্লী। উনুন। চুলা। তন্দুর।
دیگر (দেগার) ফাঃ বিঃ ; অন্য। অপর।
دیمک (দিমাক) উঃ নাঃ স্ত্রীং ; কেতাব ও কাঠ অনিষ্টকারী সাদা পিঁপড়া।
دین (দ্বীন) আঃ নাঃ পুং ; বিশ্বাস। ধর্ম।
دین حنیفی (– এ-হানিফী) আঃ বিঃ ; হযরত মুহাম্মদ (সাঃ)-এর ধর্ম। দ্বীন-ইসলাম।
دین دار (– দার) আঃ ফাঃ বিঃ ; ধার্মিক। দ্বীন। আস্তিক। ধর্মপরায়ণ।
دین داری (– দারী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; ধর্ম বিশ্বাস। পরহেযগারী। ধর্মপরায়নতা।
دین (দাইন) হিঃ নাঃ স্ত্রীং ; দান-দাক্ষিণ্য। উপহার। এহসান। দেনা। করয।
دینا (দেনা) হিঃ মূঃ ; দেয়া। দান করা। রাখা। অর্পণ করা। উপহার দেয়া।
دینار (দীনার) আঃ নাঃ পুং ; স্বর্ণ–মুদ্রা। দীনার। বর্তমান কুয়েত–ইরাকের মুদ্রা।
دینی (দ্বীনী) ফাঃ বিঃ ; ধর্মীয়।
دینی باپ (– বাপ) নাঃ পুং ; ব্যাপটিসমোর পাদ্রী। খ্রীস্টানরা তাকে ধর্মপিতা বলে

মনে করে।

دينيات (দ্বীনিয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; দ্বীন সম্পর্কিত। ধর্ম জ্ঞান।

ديو (দেও) ফাঃ নাঃ পুং ; ভূত। মুর্তি। কাল্পনিক ভয়। হোৎকা। মোটা। ইয়া বড়। পালোয়ান।

ديو بند (-বন্দ) ফাঃ নাঃ পুং ; বদ্ধভূত। ভূতবন্দী। ভারতের উত্তর প্রদেশের সাহারানপুর জেলার একটি বিখ্যাত এলাকা। এখানেই বিশ্ব বিখ্যাত কওমী মাদ্রাসা অবস্থিত। দারুল উলূম দেওবন্দ।

ديودار (দেওদার) হিঃ নাঃ পুং ; দেবদারু বৃক্ষ।

ديوداسى (-দাসী) মন্দিরের দেবী। পূজারীণি।

ديومالا (-মালা) মুর্তিবিদ্যা। কাল্পনিক কিচ্ছা।

ديوا (দেওয়া) হিঃ নাঃ পুং ; চেরাগ।

ديوار (দেওয়ার) ফাঃ নাঃ স্ত্রীং ; আড়। পর্দা। খাছ পর্দা। প্রাচীর। দেয়াল।

ديوارچين (-এ-চীন) উত্তর চীনের মহাপ্রাচীর।

ديوالى (দেওয়ালী) হিঃ নাঃ স্ত্রীং ; দীপমালা। চেরাগগুলি। দীপাধার। হিন্দুরা যা লক্ষীপূজা উপলক্ষে জ্বালায়।

ديواليه (দেওয়ালিয়াঃ) হিঃ নাঃ পুং ; দেউলিয়া। যে ব্যবসায়ীর ব্যবসায় লাল বাতি জ্বলে গেছে। নিঃস্ব। রিক্ত। কপর্দকহীন।

ديوان (দিওয়ান) ফাঃ নাঃ পুং ; রাজকীয় বিচারালয়। রাষ্ট্রের প্রধান কর্মচারী। অর্থসচিব। কাব্যগ্রন্থ।

ديوان خانه (- খানাঃ) ফাঃ নাঃ পুং ; বৈঠক ঘর। হল রুম।

ديوانگى (দিওয়ানগী) উঃ বিঃ ; পাগলামি। ছেলেমী। ইতরামি। বাঁদরামি।

ديوانى (দেওয়ানী) ফাঃ নাঃ স্ত্রীং ; অর্থ মন্ত্রণালয়। গোপন আদালত। পাগলিনী।

ديوانه (দেওয়ানাঃ) ফাঃ বিঃ ; পাগল। উন্মাদ। বিকৃত-মস্তিষ্ক।

ديوتا (দেওতা) হিঃ নাঃ পুং ; দেবতা। অবতার।

ديوٹ (দীওট) হিঃ নাঃ পুং ; মোমদানী। দেউলা। যার ওপর চেরাগ বা মোম রাখা হয়।

ديوث (দাইয়ূছ) আঃ নাঃ পুং ; আত্মসম্ভ্রমবোধহীন। যে পুরুষ তার স্ত্রীকে অন্যের সহবাসে দিয়ে উপার্জন করে। অমানুষ। কুরুচিসম্পন্ন। বিকার গ্রস্ত।

ديور (দেওর) হিঃ নাঃ পুং ; দেবর। স্বামীর ছোট ভাই।

ديو رانى (দেওরানী) হিঃ নাঃ স্ত্রীং ; স্বামীর ছোট ভাইয়ের বউ। দেবর-বউ। ছোট-যা।

ديول (দেওল) হিঃ নাঃ পুং ; ছোট মন্দির।

ديونى (দেওনী) হিঃ নাঃ স্ত্রীং ; দেব-বৌ। ধিড়িঙ্গি মহিলা।

ديوى (দেবী) হিঃ নাঃ স্ত্রীং ; দেবী। রানী। পবিত্রা নারী। অভিজাত রমনী। বংশীয়া মেয়ে।

ديه (দেহ) হিঃ নাঃ স্ত্রীং ; শরীর। অবয়ব। বদন।

ديه (দেহ্) ফাঃ নাঃ পুং ; গ্রামাঞ্চল।

ديهات (দেহাত) ফাঃ নাঃ পুং ; (ديهه দেহা এর ব-ব) গ্রাম। গ্রামাঞ্চল।

ديهاتى (দেহাতী) উঃ বিঃ ; গ্রাম। গ্রামবাসী। বুদ্দু।

ديهى (দেহী) হিঃ নাঃ স্ত্রীং ; শরীর। বদন। অবয়ব। হুলিয়া। আকৃতি।

ديهيم (দেহীম) ফাঃ নাঃ পুং ; শাহী তাজ। রাজমুকুট। অফিসার।

ديومار (দেওমার) ফাঃ ; অজগর।

ڈ

ڈ (ডাল) হিঃ স্ত্রীং ; উর্দুর দ্বাদশ এবং হিন্দীর ত্রয়োদশ হরফ। আরবী ফার্সীতে এই হরফ নেই। 'আজবাদ' হিসেবে د (দাল)-এর অন্তর্ভুক্ত। তাই এরমান ৪।

ڈ— ا

ڈا (ডা) হিঃ নাঃ স্ত্রীং ; সেতারের গীত বিশেষ।

ڈ اب (ডাব) হিঃ নাঃ স্ত্রীং ; তরবারী ঝুলিয়ে রাখার কোমরবন্দ বিশেষ। একপ্রকার ঘাস। কচি নারকেল। ডাব।

ڈابر (ডাবর) হিঃ নাঃ স্ত্রীং ; জলা, ঝিল। ছোট পুকুর, ডোবা, হাত ধোয়ার পাত্র, চিলুমচি।

ڈاٹ (ডাট) হিঃ নাঃ স্ত্রীং ; কর্ক, ছিপি। বেদী, তারকাঁটা।

ڈابک (ডাবক) হিঃ নাঃ পুং ; কুয়োর তাজা পানি। ভয়–ভীতি।

ڈاٹنا (ডাটনা) হিঃ মূঃ ; কর্ক লাগান। কানায় কানায় পূর্ণকরা। ঘোড়াকে রোখা, ভয় ডর। ধমক দেয়া।

ڈار (ডার) হিঃ নাঃ স্ত্রীং ; পাখির পর।

ڈارلنگ (ডার্লিং – Darling) ইং বিঃ ; প্রিয়া, প্রেমাস্পদ।

ڈارھ (ডারহ্) হিঃ নাঃ স্ত্রীং ; মাড়ির দাঁত।

ڈارھا (ডারহা) হিঃ নাঃ পুং ; লম্বা দাড়ি। দাঁতাল।

ڈارھی (ডাড়হী) হিঃ নাঃ স্ত্রীং ; দাড়ি। শশ্রু।

ڈاک (ডাক) হিঃ নাঃ স্ত্রীং ; ডাক, পোস্ট।

ڈاک بنگلہ (ডাকবাংলাঃ) নাঃ পুং ; সরকারী রেষ্ট হাউস, ডাক বাংলো।

ڈاک خانہ (ডাক খানাঃ) ফাঃ পুং ; পোস্ট অফিস।

ڈاک (ডক–Dock) ইং নাঃ পুং ; বন্দর।

ڈاک یارڈ (ডকইয়ার্ড –Docy Yard) জেটি, বন্দরগাহ, শিপইয়ার্ড, জাহাজ মেরামত কেন্দ্র।

ڈاکا (ডাকা) হিঃ নাঃ পুং ; ডাকাত–হামলা, দস্যুদের ধাওয়া, রাহাজানি। ডাকাতি।

ڈاکا ڈالنا (–ডালনা) নাঃ পঃ ; ডাকাতি করা। ছিনতাই করা। লুটপাট করে নিয়ে যাওয়া।

ڈاکو (ডাকূ) হিঃ নাঃ পুং ; ডাকাত। চোর।

ڈاکٹر (ডাক্টার–Doctor) ইং নাঃ পুং ; চিকিৎসক, অস্ত্রোপচারকারী। ডাক্তার। ডাঃ।

ڈاکن (ডাকন) হিঃ নাঃ বিঃ ; পেটুক, অতি ভোজী।

ڈاکیا (ডাকিয়া) হিঃ নাঃ পুং ; পোস্ট মাস্টার, পোস্ট ম্যান, পিওন।

ڈال (ডাল) হিঃ নাঃ স্ত্রীং ; ডাল, শাখা, পানি সেঁচা ডোল, বালতি, ডুরি।

ڈالر (ডলার–Dollar) ইং নাঃ পুং ; আমেরিকান মুদ্রা , ডলার।

ڈالنا (ডালনা) হিঃ মূঃ ; দেনা, নিক্ষেপ করা, ভর্তি করা, পরা, ঢুকিয়ে দেয়া বপন করা, বমি করা, ঢাকা, বউ ঘরে তোলা, মিলান, লাগান।

ڈالی (ডালী) হিঃ নাঃ স্ত্রীং ; ফল বা মিষ্টি ইত্যাদির উপঢৌকন, ফুলের ডালি, নৈবেদ্য, শাখা।

ڈامر (ডামর) ফাঃ নাঃ পুং ; ধুনা। আলকাতরা।

ڈامچا (ডামচা) হিঃ নাঃ পুং ; মাঁচা।

ڈانٹ (ডাঁট) হিঃ নাঃ স্ত্রীং ; ধিক্কার , তিরস্কার, র্ভৎসনা, ধমক।

ڈانٹنا (ডাঁটনা) হিঃ ; ধিক্কার দান,

তিরস্কার করা, র্ভৎসনা দেয়া, ধমক প্রদান।

ڈانڈ (ডান্ড) হিঃ নাঃ পুং ; যষ্টি, দন্ড, লাঠি, ক্ষতিপূরণ, জরিমানা।

ڈانڈا (ডান্ডা) হিঃ নাঃ পুং ; সীমা, সীমারেখা, ভূমির চিহ্ন, ভূমি মাপার নল, মেরুদন্ড, ছড়ি, লাঠি, ডান্ডা।

ڈانڈی (ডান্ডী) হীঃ নাঃ স্ত্রীং ; মাঝি-মাল্লা, রোপ-ওয়ে, দাড় বাহক।

ڈانس (ডাঁস) হিঃ নাঃ পুং ; একপ্রকার বড় মশা।

ڈانس (ড্যান্স-Dance) ইং নাঃ পুং ; নাচ, নৃত্য।

ڈانسر (ড্যান্সার-Dancer) ইং নাঃ পুং-স্ত্রীং ; নৃত্যশিল্পী।

ڈانگ (ডাঙ্গ) হিঃ নাঃ পুং ; পাহাড়ের চূড়া।

ڈانگر (ডাঙ্গর) হিঃ নাঃ পুং ; প্রাচীন হিন্দুদের গোত্র বিশেষ। সেয়ানা। চতুষ্পদ।

ڈانگرا (ডাংড়া) প্রাঃ নাঃ পুং ; দুর্বল জানোয়ার।

ڈائجسٹ (ডাইজেস্ট-Digest) ইং নাঃ পুং ; ডাইজেস্ট, সমন্বিত বিষয়বস্তু।

ڈائریکٹ (ডাইরেক্ট-Direct) ইং বিঃ ; সরাসরি, সোজা, সরল রেখা।

ڈائریکٹ ایکشن (ডাইরেক্ট এ্যাকশন-Direct Action) ইং নাঃ পুং ; সরাসরি হামলা।

ڈائری (ডায়েরী-Diary) ইং নাঃ স্ত্রীং ; রোজনামচা, ডায়েরী, রোজকার আত্মকথা লেখার খাতা।

ڈائل (ডায়াল-Dial) ইং নাঃ পুং ; ঘড়ির উপরিভাগ, টেলিফোনের নম্বর সেট।

ڈائلاگ (ডায়লগ-Dialogue) ইং নাঃ পুং ; সংলাপ, কথোপকথন। চাপা।

ڈائمنڈ (ডায়মন্ড-Diamond) ইং নাঃ পুং ; হীরা।

ڈائمنڈ جوبلی (ডায়মন্ড জুবিলী-Diamond Jubilee) ইং নাঃ পুং ; ৬০ বছরপূর্তি অনুষ্ঠান, হীরক জয়ন্তী।

ڈائن (ডাইন) হিঃ না ঃ স্ত্রীং ; যাদুকরি, ডাইনি।

ڈائنمو (ডায়নামো-Dynamo) ইং নাঃ পুং: কৃত্রিম বিদ্যুত মেশিন।

ڈائننگ ھال (ডাইনিং হল-Dining Hall) ইং নাঃ পুং ; প্রশস্ত খাবার রুম, ডাইনিং হল।

ڈاہ (ডাহ্) হিঃ সাঃ স্ত্রীং ; ঈর্ষা, হিংসা।

ڈ - ب

ڈب (ডাব) হিঃ নাঃ স্ত্রীং; পকেট

ڈبا (ডাব্বা) হিঃ নাঃ পুং ; ছোট বাক্স। ডিব্বা।

ڈبانا (ডুবানা) হিঃ মূঃ ; নিমজ্জিত করা। ডুবান। মগ্ন করা।

ڈباؤ (ডুবাও) হিঃ চিঃ ; গভীর , নিমজ্জমান।

ڈبرا (ডুবরা) হিঃ নাঃ স্ত্রীং ; জলাশয়, ঝিল, ডোবা।

ڈبکی (ডুবকী) হিঃ নাঃ স্ত্রীং ; ডুব।

ڈبونا (ডুবোনা) হিঃ মূঃ ; নিমজ্জিত করা। মগ্ন করা।

ڈپارٹمنٹ (ডিপার্টমেন্ট-Department) ইং নাঃ পুং ; শাখা, বিভাগ।

ڈپازٹ (ডিপোজিট-Deposit) ইং নাঃ পুং ; আমানত , গচ্ছিত করণ।

ڈپٹی (ডেপুটি-Deputy) ইং নাঃ পুং ; সহকারী, সহায়তাকারী, ডেপুটি।

ڈپٹی کمشنر (ডেপুটি-কমিশনার-Deputy Commissioner) জেলা প্রশাসক। ডি, সি।

ڈپلوما (ডিপ্লোমা-Diploma) ইং নাঃ পুং ; সনদ, ভার্সিটির বিশেষ সনদ।

ڈپلو میٹ (ডিপ্লোম্যাট-Diplomate) ইং নাঃ পুং ; ডিপ্লোম্যাট, কূটনীতি বিশেষজ্ঞ, সময়োপযোগী সিদ্ধান্ত।

ڈپو (ডিপো-Dipot) ইং নাঃ পুং ; গুদাম, গোডাউন।

ڈپو (ডাপপো) হিঃ নাঃ পুং ; অনেক বড়, মোটা সোটা, মদদগার।

ڈپٹ (ডাপট) হিঃ নাঃ স্ত্রীং ; ধমকী।

ڈبی (ডিব্বী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট বাক্স। ডিব্বা।

ڈپٹانا (ডপ্‌টানা) হিঃ মূঃ ; ঘোড়ায় চড়ে দ্রুত গতিতে ধাবমান হওয়া।

ڈپٹنا (ডপট্‌না) হিঃ মূঃ ; দৌড়ান। দ্রুতগতিতে দৌড়ান। তিরস্কার করা। ভয় দেখান।

ڈ - ٹ

ڈٹھ بند (ডাঠ বন্দ) হিঃ নাঃ পুং ; যাদুকর, ঐন্দ্রজালীক, ম্যাজিক ম্যান।

ڈٹیکٹو (ডিটেকটিভ-Detective) ইং বিঃ ; রহস্যভেদী, গুপ্তচর, গোয়েন্দা।

ڈٹیکٹوپولیس (-পুলিস) গোয়েন্দা পুলিশ, গোয়েন্দা সংস্থা।

ڈٹے رهنا (ডাটে রহনা) নাঃ পুং ; জমে থাকা।

ڈ - ر

ڈر (ডর) হিঃ নাঃ পুং ; ভয়। ভীতি। ڈرپوک (-পোক) ভীতু। কাপুরুষ।

ڈرانا (ডরানা) হিঃ কৃঃ ; ভীতিগ্রস্ত করা। ভয় দেখান।

ڈراپه سین (ড্রপসীন-Dropscene) ইং পুং ; নাটকের যবনিকাপাত। নাটকের শেষ অংক।

ڈرافٹ (ড্রাফট-Draft) ইং নাঃ পুং ; খসড়া, ব্যাংক থেকে টাকা ওঠানোর লিখিত হুকুম, চেক, হুন্ডি।

ڈراما (ড্রামা-Drama) ইং নাঃ পুং ; নাটক, অভিনয়।

ڈراماٹسٹ (ড্রামাটিস্ট-Dramatist) নাট্যকার।

ڈرامائی (ড্রামাঈ) নাঃ পুং ; নাটকীয়, শ্বাসরুদ্ধকর, অবিশ্বাস্যভাবে।

ڈرائیکلین (ড্রাই ক্লিন-Dryclean) ইং স্ত্রীং ; পানিবিহীন বৈজ্ঞানিক উপায়ে কাপড় ধোলাই করা। ড্রাইওয়াশ।

ڈرپوک (ডর পোক) হিঃ বিঃ ; বুযদিল, কাপুরুষ।

ڈرگ (ড্রাগ-Drug) ইং নাঃ পুং ; খাঁটি ঔষধ, ড্রাগ।

ڈرگسٹ (ড্রাগিস্ট-Druggist) ইং নাঃ পুং ; ঔষধ বিক্রেতা, ঔষধ প্রস্তুতকারী।

ڈرم (ড্রাম-Drum) ইং নাঃ পুং ; ঢোল, ঢোলক, কাল-পর্দা।

ڈرنا (ডরনা) হিঃ মূঃ ; ভয় পাওয়া।

ڈری (ডরী) হিঃ নাঃ স্ত্রীং ; ভয় , ডর, ভীতি-গ্রস্ত, আতঙ্কিত।

ڈریرا (ডরেরা) হিঃ নাঃ পুং ; অতি বৃষ্টি, মুষলধারে বৃষ্টি।

ڈریس (ড্রেস-Dress) ইং নাঃ পুং ; পোষাক, লেবাস।

ڈریسنگ ٹیبل (ড্রেসিং টেবিল-Dressing Table) ইং পুং ; ড্রেসিং টেবিল, সাজ টেবিল।

ڈریسنگ روم (ড্রেসিং রুম-Dressing Room) ইং পুং ; সাজঘর, ড্রেসিং রুম, প্যাভিলিয়ন।

ڈریسنگ گون (ড্রেসিং গাউন-Dressing Gown) ইং পুং ; ঢিলাঢালা পোষাক, রাতে যা পরা হয়।

ڈ - ڑ

ڈڑھیل-ڈڑھیلا (ডাড়হিয়েল-ডাড়হীলা) হিঃ বিঃ ; অতি বৃষ্টি, বড় দাড়িওয়ালা।

ڈ - ز

ڈز (ডয) হিঃ স্ত্রীং ; বন্দুক চালানোর শব্দ।

ڈزکرنا (ডয্ করনা) নাঃ পঃ ; বন্দুক হাঁকানো, কামান দাগানো, গুলি চালানো।

ڈ - س

ڈسپلن (ডিসিপ্লিন-Discipline) ইং নাঃ পুং ; সুশৃঙ্খল, পরিপাটি। ছিমছাম। গোছালো, সাজানো।

ڈسپنسر (ডিসপেন্সার-Dispenser) ইং নাঃ পুং ; প্রেসক্রিপশন অনুযায়ী ঔষধ সরবরাহকারী।

ڈسپنسری (ডিসপেন্সারী-Dispensary) ইং নাঃ স্ত্রীং ; ক্লিনিক, ডাক্তারখানা, দাওয়াখানা।

ڈسک (ডিস্ক-Desk) ইং নাঃ পুং ; ঢালু টেবিল।

ڈسکاؤنٹ (ডিসকাউন্ট-Discount) ইং নাঃ পুং ; কমিশন, কনসেশন, মূল্যহ্রাস, ছাড়। রেয়াত।

ڈسنا (ডস্না) হিঃ নাঃ স্ত্রীং ; হুল ফোটান। ছোবল মারা।

ڈ - ش

ڈش (ডিশ-Dish) ইং নাঃ স্ত্রীং ; রেকাবী, তশতরী, খানা।

ڈش انٹینہ (ডিশ এন্টিনাঃ) ইং নাঃ স্ত্রীং ; ডিশ এন্টিনা, স্যাটেলাইট টিভির এন্টিনা।

ڈشٹ (দুশট্) সঃ নাঃ পুং ; প্রাণঘাতী দুশমন, দুষ্ট, জিঘাংসু।

ڈ-ف

ڈف (ডফ) উঃ নাঃ পুং ; দফবাদক, ঢোলক।

ڈفر (ডফার-Duffer) ইং বিঃ ; আহাম্মক, বোকা, নির্বোধ।

ڈ- ک

ڈک (ডুক) হিঃ নাঃ পুং ; ঘুষি, মুষ্টাঘাত।

ڈکرنا (ডকারনা) হিঃ মূঃ ; ঢেকুর তোলা।

ڈکار (ডকার) হিঃ নাঃ স্ত্রীং ; উদিগরণ, উদগার নিঃসারণ (ষাঁড়ের) গর্জন। বজ্রহুংকার।

ڈکٹیٹر (ডিক্টেটর-Dictator) ইং নাঃ পুং ; জালিম, এক নায়কতন্ত্রী। এক নায়ক।

ڈکرا (ডাকরা) হিঃ নাঃ পুং ; বুড়ো।

ڈکرانا (ডকরানা) হিঃ মূঃ ; কাতরান, চিল্লানো, ফরিয়াদ করা, ফুঁপিয়ে কাঁদা।

ڈکریا (ডাকরায়া) হিঃ নাঃ স্ত্রীং ; বৃদ্ধারমণী, দুর্বলা, ক্ষীণাঙ্গী।

ڈکشنری (ডিকশনারী-Dictionary) ইং নাঃ স্ত্রীং ; অভিধান, লোগাত, ফরহঙ্গ।

ڈکیت (ডাকেত) হিঃ নাঃ পুং ; লুটেরা, ডাকাত, দস্যু, ডাকু।

ڈکیتی (ডাকেতী) হিঃ নাঃ স্ত্রীং ; ডাকাতি, রাহাজানি, আগ্রাসন, ছিনতাই।

ڈ - گ

ڈگ (ডগ) হিঃ নাঃ পুং ; লম্বা পা।

ڈگ (ডুগ) হিঃ নাঃ পুং ; মুষ্টাঘাত, ঘুষি।

ڈگڈگانا (ডুগডুগানা) হিঃ মূঃ ; এক চুমুকে পান।

ڈگڈگی (ডুগডুগী) হিঃ নাঃ স্ত্রীং; বানরওয়ালার দফ।

ڈگڈگی بجانا(-বাজানা) নাঃ পুং ; দফ বাজান, বিজ্ঞপ্তি প্রকাশ।

ڈگمگانا (ডগমগানা) হিঃ মূঃ ; আন্দোলিত হওয়া। টলমল করা।

ڈگری (ডিগ্রী-Degree) ইং নাঃ স্ত্রীং ; সফলতার সনদ, ডিগ্রী, খেতাব।

ڈگمگ (ডগমক) হিঃ বিঃ ; দোদুল্যমান। কম্পমান।

ڈگن (ডগনন্) হিঃ নাঃ পুং ; মাছ শিকারের একটি মাধ্যম, পোলো।

ڈ - ل

ڈل (ডল) হিঃ নাঃ পুং ; ভুঁড়ি, গুর্দা। কাশ্মীরের বিখ্যাত বিল, দৌলত।

ڈلا (ডলা) হিঃ নাঃ পুং ; বড় টুকরো, ঢিলা।

ڈلا (ডল্লা) হিঃ নাঃ পুং ; ঝুড়ি, বিয়ের

কুলো। স্ত্রীং, ; কুটনা, চোগলখোর নারী।

ڈلی (ডলি) হিঃ ; ছেয়ে ফেলা, বস্তুর ক্ষুদ্রাংশ, খুরমা।

ڈلاو (ডলাও) হিঃ বিঃ ; ময়লা পোতা, ডাস্টবিন। ঘোড়া।

ڈلک (ডলক) হিঃ নাঃ স্ত্রীং ; ঝলমলে, আবহাওয়া।

ڈلوری (ডেলিভারী-Delivery) ইং স্ত্রীং ; জন্মদান, সন্তান প্রসব, ডেলিভারী, সরবরাহ। ডাক বাছাই বিভাগ, চিঠি বিলি সেকশন।

ڈلیا (ডালিয়া) হিঃ নাঃ স্ত্রীং; ডালি, ছোট ঝুড়ি, ক্ষুদ্রতম অংশ।

ڈ - م

ڈم (ডিম-Dim) ইং বিঃ ; আবছা, প্রচ্ছন্ন, অমানিশা।

ڈمرو (ডমরু) হিঃ নাঃ পুং ; ঢোল, দফ, শিবের বাদ্যযন্ত্র।

ڈمی (ডামি-Dummy) ইং নাঃ পুং ; পত্রিকা বা কিতাবের নমুনা, ডামি।

ڈ - ن

ڈنٹسٹ (ডেন্টিস্ট-Dentist) ইং নাঃ পুং ; কৃত্রিম দাঁত প্রস্তুতকারী, দন্তরোগ বিশেষজ্ঞ।

ڈنڈ (ডনড়) হিঃ নাঃ পুং ; হাত, কনুই, কুস্তিগীরদের বালুর বস্তায় ঘুষি মেরে কসরত করা, জরিমানা, ট্যাক্স, শাস্তি, দন্ড।

ڈنڈا (ডান্‌ডা) হিঃ নাঃ পুং ; লাঠি, যষ্টি, দস্তনা, পতাকার দন্ড, চার দেয়াল।

ڈنڈوت (ডান্ডদূত) হিঃ নাঃ পুং ; সিজদা, আদব, সারেন্ডার, আত্মসমর্পণ।

ڈنڈوکا (ডান্ডুকা) হিঃ নাঃ পুং ; ভাঙ্গা তলোয়ার, বাটের সাথে লাগানো দস্তা।

ڈنڈی (ডান্ডী) হিঃ নাঃ স্ত্রীং ; হাতল, দাড়ি পাল্লার দন্ড, লজ্জাস্থান। সরুপথ, গলি।

ڈنڈیا (ডান্ডীয়া) হিঃ নাঃ পুং ; বাজারের খাজনা। উসূলকারী।

ڈنڈیر (ডন্ডের) হিঃ নাঃ স্ত্রীং ; সোজা লাঠি, সরল রেখা।

ڈنر (ডিনার-Dinner) ইং নাঃ পুং ; রাতের খানা, ডিনার।

ڈنک (ডংক) হিঃ নাঃ পুং ; বিষাক্ত বিচ্ছু বা সাপের হুল। ছোবল। নিব, কলমের আগা।

ڈنک مارنا (ডংক মারনা) নাঃ পুং ; দংশন করা, ছোবল মারা।

ڈنکا (ডংকা) উঃ নাঃ পুং ; ঢোল বাজানোর কাঠি, ডংকা, ঢাক।

ڈنکی (ডাংকী) হিঃ নাঃ স্ত্রীং ; ডাইনি, ঝগড়াটে মহিলা।

ڈنگر (ডাঙ্গর) হিঃ নাঃ পুং ; চতুষ্পদ, জানোয়ার, ইতর প্রাণী।

ڈنگیا (ডাঙ্গিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; পানি সেচার বস্তু, ডুরি, ছিপি নৌকা, ডোঙ্গা।

ڈ - و

ڈوب (ডুব) হিঃ নাঃ পুং ; ডুব, নিমজ্জন, মগ্ন, লিপ্ত।

ڈوبا (ডুবা) নাঃ পুং ; ডুবন্ত, কলমের মধ্যে কালি ভরা।

ڈوبنا (ডুবনা) হিঃ মূঃ ; ডুবে যাওয়া, সলিল সমাধি হওয়া, অস্ত হওয়া, হারিয়ে যাওয়া। নাস্তানাবুদ হওয়া, দেউলিয়া হওয়া, অপদস্থ হওয়া, বিফলকাম হওয়া।

ڈوڈا (ডোডা) হিঃ নাঃ পুং ; বীজ-কোষ, সাধারণ তুলা ইত্যাদির বীজ কোষ।

ڈور (ডোর) হিঃ নাঃ স্ত্রীং ; দড়ি, ডোর। রেখা।

ڈوری (ডোরী) হিঃ নাঃ স্ত্রীং ; দড়ি, রশি, সুতলী, বেঞ্চের পয়া, ফিতা।

ڈورا (ডোরা) হিঃ নাঃ পুং ; তাগা, দড়ি, তার, রেখা, তলোয়ারের ধার, সুরমা কাঠি, চুলের বেনী।

ڈوکنا (ডোকনা) হিঃ মূঃ ; বমি করা, ওক দেয়া।

ڈول (ডোল) হিঃ নাঃ পুং ; বালতি।

ڈول (ডওল) হিঃ নাঃ পুং ; আকার, আকৃতি, আদর্শ।

ڈولا (ডওলা) হিঃ নাঃ পুং ; ক্ষেতের চার দেয়াল, খাজনার পরিমাণ।

ڈولا (ডওয়ালা) হিঃ নাঃ পুং ; একপ্রকার গোল পাল্কী। আরোহিনী।

ڈولچی (ডোলচী) হিঃ নাঃ স্ত্রীং ; পানি ওঠানোর ছোট ডুরি বিশেষ।

ڈولنا (ডোলনা) সঞ্চারিত হওয়া, ঘুরে বেড়ান, দোলায়িত হওয়া, আন্দোলিত হওয়া।

ڈولی (ডোলী) হিঃ নাঃ স্ত্রীং ; পাল্কী, জাহাজের মাস্তুল।

ڈوم (ডোম) হিঃ নাঃ পুং ; গায়ক। বাদক। কাওয়ালীবাজ। লাশ কাটা ও সরানোর কাজে নিয়োজিত নিম্নশ্রেণী। ডোম।

ڈومنی (ডোমনী) হিঃ নাঃ স্ত্রীং ; গায়িকা, বাদিকা, ডোমনী, ডোম-বৌ।

ڈونڈا (ডোন্ডা) হিঃ নাঃ পুং ; তেড়া-ব্যাকা শিংধারী মেষ-গরু, এক শিংগা গরু।

ڈونڈی (ডোনডী) হিঃ নাঃ স্ত্রীং ; আহবায়ক, নকীব, ইশতেহার, বিজ্ঞাপন। বিজ্ঞপ্তি।

ڈونگا (ডোঙ্গা) হিঃ নাঃ পুং ; বড় চামচ, ছিপি নৌকা, সাম্পান, ডোঙ্গা।

ڈونگر (ডোঙ্গার) হিঃ নাঃ পুং ; টিলা, উঁচু ভূমি।

ڈرنگری (ডোঙ্গরী) হিঃ নাঃ স্ত্রীং ; ক্ষুদ্র পাহাড়।

ڈوہ (ডুহ) প্রাঃ নাঃ পুং ; ঝরণা, জলাশয়।

ڈوئٹ (ডোয়েট-Duet) ইং নাঃ স্ত্রীং ; দ্বৈতকণ্ঠের গান, দ্বৈত গীত।

ڈوئی (ডোই) হিঃ নাঃ স্ত্রীং ; কাঠের বড় চামচ।

ڈویژن (ডিভিঝন-Division) ইং নাঃ পুং ; বিভাগ, সৈন্যের একাংশ।

ڈویژنل جج (-জজ-Divisonal Judge) ইং নাঃ পুং ; আঞ্চলিক জজ।

ڈ – ہ

ڈھا ڈھا (ডাহাডাহা) হিঃ বিঃ ; শস্য-শ্যামল, নয়নাভিরাম, মনোলোভা।

ڈھر (ঢাহর) হিঃ নাঃ পুং ; জওরে। বৃষ্টিভরা পুকুর। নীচু জমি। নিম্নাঞ্চল।

ڈھرا (ঢোহরা) হিঃ নাঃ পুং ; নৌকার খোল, যেখানে পানি জমা হয়।

ڈھکانا (ঢাকানা) হিঃ বিঃ ; ভয়দান। ধোঁকা দেওয়া।

ڈ – ھ

ڈھ (ঢহ্) প্রাঃ নাঃ স্ত্রীং ; গভীর পানি।

ڈھا (ঢাহা) হিঃ নাঃ স্ত্রীং ; নদী তীরবর্তী প্লাবিত জমি।

ڈھادینا (ঢাদেনা) হিঃ পঃ ; ভাঙ্গনের শিকার হওয়া , নদী গর্ভে বিলীন হওয়া।

ڈھاپنا (ঢাপনা) হিঃ বিঃ ; ঢেকে দেয়া, আবৃত করা, লুক্কায়িত করা।

ڈھاٹا (ঢাটা) হিঃ নাঃ স্ত্রীং ; কাপড়ের পট্টি, যা মুখ ঢাকা বা দাড়ি বসনানোর জন্য মুখে বাধা হয়। যে কাপড়ের দ্বারা মৃতদেহ ঢেকে দেয়া হয়।

ڈھار (ঢার) হিঃ নাঃ স্ত্রীং ; ঢাল।

ڈھارس (ঢারস্) হিঃ নাঃ পুং ; বৃন্ত, বোটা।

ڈھاکہ (ঢাকাঃ) হিঃ নাঃ ; ঢাকা, বাংলাদেশের রাজধানী।

ڈھال (ঢাল) হিঃ নাঃ স্ত্রীং ; নিম্নাঞ্চল, ঢাল, প্রথা, প্রচলন।

ڈھالنا (ঢালনা) হিঃ মূঃ ; ধাতু গলানোর সাঁচে ঢালা, আকর্ষণ করা, কষ্ট প্রদান, বিক্ষিপ্ত করা, ছড়িয়ে দেয়া , মুদ্রা-বানান।

ڈھالو (ঢালু) হিঃ বিঃ ; বক্র, সর্পিল, ঢালু।

ڈھانا (ঢানা) হিঃ বিঃ ; পতিত করা,

আছড়ে ফেলা, বরবাদ করা, জুলুম করা।

ڈھا نپنا (ঢাঁপনা) হিঃ মূঃ ; ঢেকে দেয়া, আবৃত করা, লুক্কায়িত করা।

ڈھانچ (ঢাঁচ) হিঃ নাঃ পুং ; কাঠামো, ধাঁচ। আদর্শ।

ڈھائی (ঢাই) হিঃ বিঃ ; আড়াই। ২½

ڈھائیں (ঢায়ে) হিঃ নাঃ পুং ; জোঁয়াল, লড়ি।

ڈھب (ঢব্) হিঃ নাঃ পুং ; আকৃতি, ধাচ, আদর্শ, প্রকৃতি, নমুনা।

ڈھبس (ঢববাস) হিঃ নাঃ স্ত্রীং ; ধাপপাবাজ, জোচ্চুর, প্রতারক।

ڈھبوس (ঢববুস) হিঃ বিঃ ; মোটা, মেদ, প্রতারক, শঠ।

ڈھٹ (ঢট) হিঃ বিঃ ; মজবুত কড়া, মোটা কাপড়।

ڈھٹائی (ঢেটায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; নির্লজ্জতা, বেলেল্লাপনা, গোয়ার্তুমি, জেদ।

ڈھچر (ঢাচর) হিঃ নাঃ স্ত্রীং ; কঙ্কাল, বুড়ো, ক্ষীণ, দুর্বল।

ڈھڈا (ঢডা) হিঃ নাঃ পুং ; জলাশয়, নিম্নভূমি।

ڈھڈو (ঢাড্ডো) হিঃ নাঃ স্ত্রীং ; বুড়োমহিলা, বাচাল নারী।

ڈھڈھ (ঢঢ্) হিঃ নাঃ স্ত্রীং ; পাখির লেজের পর গজানোর স্থান, দুমচি।

ڈھڈی (ঢুডী) হিঃ না স্ত্রীং ; নিতম্বের হাড়, হুক্কা বিশেষ।

ڈھررا (ঢররা) হিঃ নাঃ পুং ; রাজপথ, মহাসড়ক, ব্যস্ত রাস্তা, দূরপাল্লার পথ।

ڈھسلنا (ঢসলনা) হিঃ বিঃ ; ছিলানো, উকি মারা , আকর্ষণ করা।

ڈھکوس (ঢকুস) হিঃ নাঃ স্ত্রীং ; পিয়াসা, তৃষ্ণা।

ڈھلنا (ঢল্না) হিঃ মূঃ ; ছাঁচে ঢালা। অতিবাহিত হয়ে যাওয়া। অস্তগমনোম্মুখ হওয়া। মদ্যপান চলা।

ڈھگ (ঢেগ) হিঃ নাঃ স্ত্রীং ; নিকটে, কাছে।

ڈھکوسلا (ঢাকোসলা) হিঃ নাঃ পুং ; ভান, অসম্ভব কথা, প্রতারণা।

ڈھکوسنا (ঢকোসনা) হিঃ ; তুচ্ছার্থ বোধক শব্দ। অতি ভেজাল।

ڈھنگ (ঢঙ্গ) হিঃ নাঃ পুং ; ঢং, রকম, ব্যবহার।

ڈھور (ঢোর) হিঃ নাঃ পুং ; গবাদী পশু।

ڈھوسر (ঢোসর) হিঃ নাঃ পুং ; হিন্দুদের একটি জাত, বৈশ্য, কায়স্থ।

ڈھوک (ঢোক) হিঃ নাঃ স্ত্রীং ; টাল বাহানা, ছক্কা-পাঞ্জা, ছল্লি-বল্লি।

ڈھول (ঢোল) হিঃ নাঃ পুং ; টুম্বরা, ঢোল, তবলা।

ڈھولا (ঢোলা) হিঃ নাঃ পুং ; আইল, জমির বাউন্ডারী, বোকা লোক।

ڈھونا (ঢোনা) হিঃ মূঃ ; বোঝা উত্তোলন করা, বহন করা, সরিয়ে নেয়া, চালান দেয়া।

ڈھونڈ (ঢোন্ড) হিঃ নাঃ স্ত্রীং ; অনুসন্ধান , খোঁজ। তালাশ। অন্বেষা।

ڈھیر (ঢের) হিঃ নাঃ পুং ; স্তূপ, খৈলান, মজমা, কবর, অধিক।

ڈھیرا (ঢেরা) হিঃ নাঃ পুং বিঃ ; উদভ্রান্ত, দুষ্ট। টেরা।

ڈھیڑ (ঢেড়) হিঃ নাঃ স্ত্রীং ; চামার। কাক। আহাম্মক। বোকা। বেকুফ।

ڈھیل (ঢিল) হিঃ নাঃ স্ত্রীং ; বিলম্ব, দেরী, চিন্তা, গাফিলতি, অবসর, অবকাশ, বেপরোয়া। সুযোগ দেয়া। ঢিল দেয়া।

ڈھیلا (ঢিলা) হিঃ বিঃ ; অলস, নপুংসক।

ڈھیلا (ঢিলা) হিঃ নাঃ পুং ; ঢিলা-কুলুপ, মাটির চাকা।

ڈھینڈس (ঢিনডস) হিঃ নাঃ পুং ; গোল কদু, লাউ, অন্ডকোষ, মোটা।

ڈھینکا (ঢিংকা)হিঃ নাঃ পুং ; সারস, মৃত ভক্ষণকারী একপ্রকার জানোয়ার, (শকুন)।

ڈ – ی

ڈیرہ (ডেরাঃ) হিঃ নাঃ পুং ; ডাঁবু। কুঁড়ে ঘর। বাসস্থান।

ڈی-ایس- پی (ডি, এস, পি, -D. S. P) ইং নাঃ পুং ; ডেপুটি সুপারিনটেন্টেন্ড খণ্ড পুলিশ বাহিনী প্রধান।

ڈی- سی (ডি, সি-D.C) ইং নাঃ পুং ; ডেপুটি কমিশনার, জেলা প্রশাসক। ডি, সি।

ڈیپارٹمنٹ (ডিপার্টমেন্ট- Depertment) ইং নাঃ পুং ; বিভাগ, ভাগ, শাখা, সেকশন।

ڈیڈی (ড্যাডী -Daddy) ইং নাঃ পুং ; বাবা , পিতা।

ڈیئر (ডিয়ার -Dear) ইং বিঃ ; প্রিয় , মূল্যবান, প্রেমাষ্পদ।

ڈیری فارم (ডেয়ারী ফার্ম-Dairy Farm) ইং নাঃ স্ত্রী ; দুগ্ধ খামার।

ڈیڑھ (ঢেড়্হ্) হিঃ বিঃ ; দেড়, $1\frac{1}{2}$।

ڈیزائن (ডিজাইন-Design) ইং নাঃ পুং ; নকশা, খসড়া, শিল্প, অংকন।

ڈیفنس (ডিফেন্স-Defence) ইং নাঃ পুং ; প্রতিরক্ষা, মুকাবিলা, প্রতিরোধ।

ڈیک (ডেক-Deck) ইং নাঃ স্ত্রীং ; জাহাজের ছাদ।

ڈیکلریشن (ডিক্লারেশন-Declaration) ইং নাঃ পুং ; বর্ণনা, অঙ্গীকার, বিজ্ঞপ্তি, বিজ্ঞাপন। পত্রিকা চালু করার সরকারী অনুমোদন।

ڈینگ (ডীঙ্গ) হিঃ নাঃ স্ত্রীং ; আত্মগর্ব। অহঙ্কার।

ڈینگی (ডেঙ্গী) হিঃ নাঃ স্ত্রীং ; ডিঙ্গি নৌকা।

ڈیلر (ডিলার-Dealer) ইং নাঃ পুং ; বন্টনকারী, বেপারী, কারবারী, সওদাগর। ডিলার। এজেন্ট। বিক্রয় প্রতিনিধি।

ڈیلی گیٹ (ডেলিগেট-Delegate)e ইং নাঃ পুং ; উকিল, মোখতার, মুখপাত্র, প্রতিনিধি।

ڈیمریج (ডেমারেজ) ইং নাঃ পুং ; বিলম্ব মাশুল, রেল জাহাজ কিংবা ট্রান্সপোর্টের মালছাড় নির্ধারিত সময়ে না করার মাশুল।

ڈیموکریٹ (ডেমোক্রেট-Democrate) গণতন্ত্রী, গণতন্ত্র পূজারী, আমেরিকার একটি শীর্ষ স্থানীয় রাজনৈতিক দলের নাম।

ڈیموکریسی (ডেমোক্রেসী -Democracy) গণতন্ত্র।

ڈین (ডীন) ইং নাঃ পুং ; বড় গীর্জার অফিসার, ভার্সিটির হোস্টেল সুপার।

ڈیوٹ (ডীওট) হিঃ নাঃ পুং ; দৈউলা, চেরাগ দান।

ڈیوٹی (ডিউটি-Duty) ইং নাঃ স্ত্রীং ; কাজ-কর্ম, নির্ধারিত কর্মব্যস্ততা। দায়িত্ব পালন।

ڈیل (ডীল) হিঃ নাঃ পুং ; দেহ, দেহের বাঁধন, আকৃতি।

ڈیوڑھی (ডেউঢ়ী) হিঃ নাঃ স্ত্রীং ; বাড়ীতে ঢোকার কামরা, সিঁড়িঘর, কাছারি, বারান্দা, অলিন্দ।

ڈیوک (ডিউক-Duke) ইং নাঃ পুং ; নওয়াব, উচ্চমর্যাদার আমীর। ইংরেজী খেতাব যেমন, ডিউক অব ওয়েলিংটন।

ڈیہہ (ডীহ্) হিঃ নাঃ পুং ; স্থান। বাসস্থান। গ্রাম। টিলা।

ذ

ذ (যাল) সার পুং ; উর্দুর এয়োদশ, ফার্সীর একাদশ এবং আরবীর নবম অক্ষর। হিন্দী ও সংস্কৃত ভাষায় এই অক্ষর নেই। আবজাদ হিসেবে এর মান –৭০০।

ذ – ا

ذاب (যাব) আঃ বিঃ ; পিয়াসা, গলিত।

ذابح (যাবেহ) আঃ বিঃ ; জবাইকারী, কুরবানীকার।

ذات (যাত) আঃ নাঃ স্ত্রীং ; বাস্তব, মূল, রুহ, শরীর, সত্তা, জাতি (ব–ব, ذوات)।

ذات البين (যাতুলবাইন) আঃ স্ত্রীং ; বন্ধুত্ব, একতা।

ذات الرقاع (যাতুর-রিকা) আঃ নাঃ পুং ; চতুর্থ হিজরীর একটি গায্ওয়া।

ذات الريح (যাতুর–রীহ) আঃ নাঃ পুং ; নিমুনিয়া রোগ।

ذات پات (যাতপাত) নাঃ স্ত্রীং ; জাতিভেদ, বর্ণ, বংশ।

ذاتی (যাতি) উঃ বিঃ ; প্রকৃতি, বাস্তবিক, ব্যক্তিত্ব। সত্তাগত, ব্যক্তিগত।

ذاتیات (যাতিয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; ব্যক্তিত্ব, আপনত্ব।

ذاکر (যাকির) আঃ বিঃ ; যাকের, জিকিরকারী। স্মরণকারী।

ذائقه (যায়েকাঃ) আঃ নাঃ পুং ; স্বাদ, আস্বাদন।

ذ – ب

ذبح (যবহ) আঃ নাঃ পুং ; শরীয়া দৃষ্টিকোণে জবাই করা, গলা কাটা।

ذبیح (যবীহ) ফাঃ পুং ; জবাইকৃত।

ذبیح الله (যবীহুল্লাহ) হযরত ইসমাঈল (আঃ) –এর উপাধি।

ذبیح فرات (–এ–ফোরাত) হযরত হোসাইন (রাঃ)–এর উপাধি।

ذبیحه (যবীহাঃ) আঃ নাঃ পুং ; কোরবানির জন্তু।

ذ – خ

ذخائر (যাখাইর) আঃ নাঃ পুং ; (ذخیرة -এর ব–ব) স্তূপ।

ذخیره (যখীরাঃ) আঃ নাঃ পুং ; খাযানা, গুদাম। স্তূপ। পুঁজি।

ذ – ر

ذرا (যরা) আঃ নাঃ পুং ; কিছু, সামান্য।

ذرا ذرا (যরা যরা) কিছু কিছু, একটু একটু সমস্ত, সবকিছু।

ذرات (যররাত) আর নাঃ পুং ; (ذرة –এর ব–ব) অণু–পরমাণু।

ذراع (যিরা) আঃ নাঃ পুং ; বাযু, একহাত, এক গজ।

ذرائع (যারায়ে–') যাঃ নাঃ পুং ; (ذریعه –এর ব–ব) তরীকা, মাধ্যম। উসিলা।

ذردت (যরুদত) আঃ নাঃ স্ত্রীং ; উঁচু জিনিষ, পাহাড়ের টিলা।

ذره (যর্রাঃ) আঃ নাঃ পুং ; অণু। ক্ষুদ্রাতিক্ষুদ্র বস্তু।

ذریت (যুররিয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; আওলাদ, বংশ ধর। বীজ। (ব – ব , ذریات)

ذریعه (যরীআ) আঃ নাঃ পুং ; উপায় অছিলা। মধ্যস্থতা।

ذ – ق

ذقن (যাকান) আঃ নাঃ পুং ; থুঁতি, থুতনী, চিবুক।

ذكا (যাকা) আঃ নাঃ স্ত্রীং ; স্মরণশক্তি, মেধা, বিজ্ঞতা, প্রভাব, বুদ্ধিমত্তা।

ذكا (যুকা) আঃ নাঃ পুং ; সূর্য। আলো।

ذكاوت (যাকাওয়াত) আঃ নাঃ স্ত্রীং ; মেধার তীক্ষ্ণতা, স্মরণশক্তির প্রখরতা।

ذكر (যাকার) আঃ নাঃ পুং ; পুরুষ, নর, পুরুষ লিঙ্গ, ফোলাদের তরবারী, ডাণ্ডা।

ذكر (যিকর) আঃ নাঃ পুং ; স্মৃতিচারণ, চর্চা, বর্ণনা, মনে প্রাণে খোদাকে ডাকা, যিকরুল্লাহ করা, জপ করা।

ذكور (যাকুর) আঃ নাঃ পুং ; (ذكر -এর ব-ব) পুরুষরা।

ذكى (যাকি) আঃ বিঃ ; তীক্ষ্ণধী, হুঁশিয়ার, মেধাবী।

ذكير (যাকীর) আঃ বিঃ ; স্মৃতিচারণ কারী।

ذكيه (যাকিয়্যাঃ) আঃ নাঃ স্ত্রীং ; মেধাবিনী।

ذ - ل

ذل (যাল) আঃ পুং ; নীচ, ইতর, নিকৃষ্ট, অপদস্থ।

ذلالت (যালালাত) আঃ নাঃ স্ত্রীং ; আঃ নাঃ স্ত্রীং ; অপদস্ত হওয়া, তুচ্ছ হওয়া, সম্মান যাওয়া।

ذلت (যিল্লাত) আঃ নাঃ স্ত্রীং ; অপমান, অসম্মান।

ذليل (যালীল) আঃ বিঃ ; নীচ, হীন, অপমানিত, ইতর, পাঁজি, বদমাশ।

ذ - م

ذم (যাম) আঃ নাঃ স্ত্রীং ; তিরস্কার, অপবাদ, গালিগালাজ।

ذمام (যিমাম) আঃ নাঃ পুং ; হক, প্রাপ্তি, ইজ্জত।

ذمه (জিম্মাঃ) আঃ নাঃ পুং ; রক্ষণ, ন্যস্তকরণ, নির্ভর, দায়িত্ব, আমানত, আশ্রয়।

ذمى (জিম্মী) আঃ নাঃ পুং ; ইসলামী রাষ্ট্রের বিধর্মী প্রজা।

ذميم (যামীম) আঃ বিঃ ; দোষী।

ذميمه (যমীমাঃ) আঃ নাঃ স্ত্রীং ; অসৌজন্যতা, দোষ।

ذ - ن

ذنب (যাম্ব) আঃ নাঃ পুং ; পাপ, অপরাধ, দোষ, কসুর। গুনাহ্।

ذنوب (যুনুব) সঃ নাঃ পুং ; (ذنب -এর ব-ব) গুনাহ, পাপাচার।

ذ - و

ذو (যু) আঃ নাঃ পুং ; মালিক, প্রভূ, সাহেব।

ذوالاحترام (যুল-ইহতিরাম) আঃ বিঃ ; সম্মানীত ব্যক্তি, মর্যাদাবান লোক।

ذوالجلال (যুলজালাল) আঃ বিঃ ; প্রভাবশালী, মহাপরাক্রমশালী, আল্লাহ পাকের নাম।

ذوالجناح (যুল জানাহ্) আঃ নাঃ পুং ; হযরত হুসাইন (রাঃ) যে ঘোড়ার পিঠে চেপে কারবালায় যুদ্ধ করেছিলেন তার নাম।

ذوالجناحين (যুল জানাহাইন) আঃ বিঃ ; হযরত জাফর বিন আবি তালেব (রাঃ)-এর উপাধি।

ذوالحال (যুল হাল) আঃ বিঃ ; বদমেজায।

ذوالفقار (যুলফিকার) আঃ নাঃ স্ত্রীং ; হযরত আলী (রাঃ)-এর তরবারির নাম।

ذوالقرنين (যুলকারনাইন) আঃ নাঃ পুং ; দুই শিংওয়ালা। যুলকারনাইন, ইনি দিগ্বিজয়ী, তাঁকে আলেকজাণ্ডার বলা হলেও এর সত্যতা খুঁজে পাওয়া যায়নি।

ذوق (যওক) আঃ নাঃ পুং ; স্বাদ, আস্বাদন ক্ষমতা, আনন্দ, সুখ। রুচি।

ذ - ه

ذهانت (যাহানাত) আঃ নাঃ স্ত্রীং ; তুখোর মেধা।

ذهب (যাহাব) আঃ নাঃ পুং ; সোনা, স্বর্ণ, স্বর্ণকার, স্বর্ণপাত।

ذهن (যিহ্ন) আঃ নাঃ পুং ; স্মৃতিশক্তি, মেধা শক্তি, ধৈর্যশক্তি, যোগ্যতা, পাণ্ডিত্য।

ذهن نشين (-নশীন) আঃ ফাঃ বিঃ ; গেঁথে নেয়া, কণ্ঠস্থ করা, বদ্ধ মূল করা। অন্তঃস্থিতকরণ।

ذهنی (যেহনী) আঃ বিঃ : জ্ঞানগত। মেধাগত।

ذهنيات (যেহ্নিয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; মন-মস্তিষ্ক সম্পর্কিত।

ذهنيت (যেহ্নিয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; প্রকৃতিগত টান। মন-মানসিকতা।

ذهيب (যাহীব) আঃ বিঃ ; সোনালী।

ذهين (যাহীন) আঃ বিঃ ; ধীমান, ধীশক্তি সম্পন্ন। মেধাবী।

ذ - ی

ذی (যি) আঃ নাঃ পুং ; দেখুন- ذو

ذی روح (যি রূহ) আঃ বিঃ ; প্রাণী।

ذيل (যায়েল) আঃ নাঃ পুং ; নীচের অংশ, নিম্নলিখিত, তলা। (ব-ব, ذيول)

ر

ر (রা) আঃ নাঃ স্ত্রীং ; উর্দুর চতুর্দশ, ফার্সীর দ্বাদশ; হিন্দির সাতাশতম ও আরবীর দশম হরফ। "আবজাদ-এর হিসেবে ر -এর মান-২০০। আরবী উচ্চারণ 'রা'। আর অপরাপর ভাষায় উচ্চারণ- 'রে'।

ر - ا

را (রা) ফাঃ হরফ ; কে, হইতে।

راب (রাব) হিঃ নাঃ স্ত্রীং ; চিটাগুড়।

رابڑی (রাবড়ী) হিগঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার মিষ্টি যা ঘন দুধ ও মিষ্টি দ্বারা তৈরী করা হয়। মন্ডা।

رابطہ (রাবেতা) আঃ নাঃ পুং ; সম্বন্ধ, মিলন, সন্ধি, পদ্ধতি, রীতি।

رابع (রাবে') আঃ বিঃ ; চতুর্থ , ৪র্থ।

رابعہ (রাবিয়া) আঃ বিঃ ; চতুর্থ-নারী, বসরার বিখ্যাত তাপস সম্রাজ্ঞী।

رابعا (রাবিয়ান) আঃ বিণ ; চতুর্থবার। চতুর্থতঃ।

راپٹا (রাপটা) উ ঃ নাঃ পুং ; থাপ্পড়, চড়, চপেটাঘাত।

رات (রাত) হিঃ নাঃ স্ত্রীং ; অস্ত থেকে উদয় পর্যন্ত সময়কাল। রাত্রি , রজনী।

راپی (রাপী) হিঃ নাঃ স্ত্রীং ; চর্মকারের ছুরি।

راتا (রাতা) সঃ বিঃ ; লাল, রঙিন।

راتب (রাতেব) আঃ নাঃ পুং ; কুকুর, বিড়াল ও হাতির দৈনিক খাবার। বেতন , মাসোহারা, রেশন।

راٹھور (রাঠোর) সং নাঃ স্ত্রীং ; রাজপূতদের একটি শাখা গোত্র। রাঠোর। বিঃ ; মজবুত , পরিপক্ক।

راج (রাজ) হিঃ নাঃ পুং ; সাম্রাজ্য, রাজত্ব, ক্ষমতা, গভর্নমেন্ট, সরকার, মিস্ত্রী, সময়, কাল, যুগ।

راج استھان (রাজস্থান) ফাঃ নাঃ পুং ; শাহীমহল, রাজধানী, রাজমন্ডল।

راج بنسی (-বন্সী) হিঃ বিঃ ; রাজ বংশের।

راج پتی (রাজপুত্তি) হিঃ নাঃ পুং ; রাজ কুমারদের খেতাব, রাজপুত্র।

راج پوت (-পুত) শাহজাদা, রাজপুত্র, রাণা।

راج دلاری (-দুলারী) হিঃ নাঃ স্ত্রীং ; শাহযাদী, রাজকুমারী।

راج دوت (-দূত) হিঃ নাঃ স্ত্রীং ; রাষ্ট্রদুত, রাজদূত, রাজার মুখপাত্র।

راج دھانی (-ধানী) হিঃ নাঃ স্ত্রীং ; রাজধানী।

راج رانی (-রাণী) হিঃ নাঃ স্ত্রীং ; রাজপত্নী, সম্মানার্থে-দেবী। দুর্গা ও কালী প্রতিমা।

راج روگ (-রোগ) হিঃ নাঃ পুং ; কুষ্ঠ রোগ।

راج کمار (-কুমার) হিঃ নাঃ পুং ; রাজপুত্র, রাজকুমার।

راج کماری (-কুমারী) হিঃ নাঃ স্ত্রীং ; রাজকুমারী, রাজদুলারী। শাহযদী।

راج کوی (-কবি) হিঃ নাঃ পুং ; দরবারী কবি, চাটুকার।

راج گھاٹ (-ঘাট) রাজার গোসল ঘাট, রাজঘাট।

راج ھنس (-হনস) রাজহাঁস।

راجا (রাজা) হিঃ নাঃ পুং ; বাদশাহ, প্রশাসক।

راجائی (রাজাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; সাম্রাজ্য, বাদশাহী, ধনাঢ্যতা, চাকচিক্য। রাজকীয়।

راجح (রাজিহ) আঃ বিঃ ; উত্তম, প্রাধান্যশীল, পছন্দসই, যোগ্যতর।

راجع (রাজে') আঃ বিঃ ; পুনঃ প্রত্যাবর্তন কারী, বিধবার বাপের বাড়ী আসা। অন্তঃসত্ত্বা নয়, কিন্তু দেখতে অন্তঃসত্ত্বার

মতই –এ ধরনের উট।

راجل (রাজিল) আঃ বিঃ ; পদাতিক, পদব্রজী।

راجی (রাজী) আঃ বিঃ ; আশাবাদী, উৎসুক।

راجیه (রাজিয়া) সঃ নাঃ পুং ; রাজত্ব, ক্ষমতা।

راجیه سبها (–সভা) রাজ্য সভা।

راچھ (রাছ) হিঃ নাঃ পুং ; তাঁতীদের তাঁত। দাঁতের মত-চিরুনীর মত মেশিন।

راح (রাহ) আঃ নাঃ পুং-স্ত্রী ; মজা উড়ান, স্বার্থ হাসিল করা, শরাব, অবস্থান করা।

راحت (রাহাত) আঃ নাঃ স্ত্রীং ; আরাম , শান্তি, তৃপ্তি, স্থিতি, সুখ–শান্তি, কষ্ট-ক্লেশের সমাপ্তি, অশান্তি, নিরাপত্তা, খুশী।

راحت افزا (–আফযা) আঃ বিঃ ; শান্তি দায়ক, শীতলকারী, সতেজকারী।

راحتی (রাহাতী) ফাঃ নাঃ স্ত্রী ; লোটা, বদনা, ঘটি, চিলুমচি।

راحل (রাহিল) আঃ নাঃ পুং ; যাত্রী, পর্যটক।

راحله (রাহিলা) আঃ নাঃ পুং ; বাহন।

راد (রাদ) হিঃ নাঃ স্ত্রীং ; পুজ, কষ।

رادفت (রাদে ফাত) আঃ নাঃ স্ত্রীং ; সর্বশেষ আগন্তুক, ইস্রাফিলের দ্বিতীয় বারের শিঙ্গা-ধ্বনি।

رادھا (রাধা) হিঃ নাঃ স্ত্রীং ; শ্রীকৃষ্ণের প্রেমোন্মাদিনী। রাধা। রূপক অর্থে, শক্তি, কুদরত, ভাগ্য।

راڑ (রাড়) হিঃ নাঃ স্ত্রীং ; শোরগোল। ঝগড়া, ফাসাদ, সন্ত্রাস, মারদাঙ্গা।

راڑیا (রাড়িয়া) হিঃ নাঃ পুং ; লড়াকু, ঝগড়াটে, জেদী, বাচ্চা, ফকির।

رادی (রাদ্দী) দাঃ ; বীরত্ব, বুদ্ধিমত্তা, দানশীলতা।

رادفه (রাদিফা) দেখুন– رادفت।

راز (রায) ফাঃ নাঃ পুং ; ভেদ, তথ্য, গোপন কথা। না জানা কাহিনী, অন্তর্নিহিত মর্ম, রহস্য।

رازافشاکرنا (–আফশা করনা) নাঃ পুং ; রহস্য উন্মোচন, তথা ফাঁস করে দেয়া।

رازجو (–জো) ফাঃ বিঃ ; রহস্যভেদী, গোয়েন্দা, তদন্ত কমিশন, ডিটেকটিভ।

راز دار (–দার) ফাঃ নাঃ স্ত্রীং ; বিশ্বস্ত, রহস্যভেদী।

رازداں (রাযদাঁ) ফাঃ বিঃ ; রহস্যবিদ।

رازونیاز (–ওয়া নিয়ায) ফাঃ নাঃ পুং ; প্রেমিক-প্রেমিকার মধ্যকার গোপন তথ্য। পুরান কাঁসুন্দি। রসালাপ। প্রেমালাপ।

رازق (রাযিক) আঃ বিঃ ; রিযিকদাতা, পরওয়ারদেগার, খোদা তা'আলার গুণবাচক নাম।

راس (রাস) ফাঃ নাঃ স্ত্রীং ; চর, বালুচর, সৈকত। বিঃ ; (راست –এর সংক্ষেপ) ডান, ঠিক।

راس (রস) আঃ নাঃ পুং ; মাথা, সর্দার, বুরুজ।

راس المال (–মাল) আঃ নাঃ পুং ; পুঁজি, মূলধন।

راس (রস) হিঃ নাঃ স্ত্রীং ; স্তূপ, গুদাম, গোডাউন, ভাগ্য, সূদ, ট্যাক্স, বাচ্চা কোলে নেয়া, লাগাম।

راست (রাস্‌ত) ফাঃ বিঃ ; সত্য, ঠিক, সরল, ন্যায়পাল, অকপট।

راسته (রাস্তা) ফাঃ নাঃ পুং ; সড়ক, রাস্তা, প্রথা, প্রচলন, রীতি–নীতি।

راستی (রাস্‌তী) ফাঃ নাঃ স্ত্রীং ; সরলতা, সততা, সঠিকত্ব, যথার্থতা।

راسخ (রাসিখ) আঃ বিঃ ; পরিপক্ক, মজবুত, চিরন্তন, ইস্পাত কঠিন।

راسی (রাসী) হিঃ নাঃ পুং ; মধ্যজাতের ঘোড়া, বেপরোয়া। বিণ ; সাধারণ, মামুলি।

راسو (রাসো) ফাঃ ; নেউলা, সাপের দুশমন, সাপ খেকো গুই সাপ।

راشد (রাশিদ) আঃ বিঃ ; হেদায়েতপ্রাপ্ত, দিশাধন্য।

راشن (রাশন-Ration) ইং নাঃ পুং ; রেশন, খোরাক, নির্ধারিত হিস্যা, যা একবার পাওয়া যায়।

راشن ڈپو (রাশন ডিপো-Ration Depo) ইং নাঃ পুং ; রেশন দোকান।

راشی (রাশী) আঃ বিঃ ; ঘুষ দাতা।

راصد (রাসিদ) সাঃ নাঃ পুং ; জ্যোতিষী।

راعی (রায়ী) আঃ নাঃ পুং ; মেষপালক, রাখাল। রূপক অর্থে, বাদশাহ্।

راغ (রাগ) ফাঃ নাঃ পুং ; উপত্যকা, শস্য-শ্যামল, জঙ্গল।

راغب (রাগিব) আঃ বিঃ ; ইচ্ছুক , উৎসুক।

رافت (রাফাত) আঃ নাঃ স্ত্রীং ; মেহের বানি, অতিশয় রহমত, সহানুভূতি।

رافضی (রাফেযী) আঃ নাঃ পুং ; দলছুট। হযরত আলীর পক্ষত্যাগ করেছিল এরা।

رافع (রাফে') আঃ বিঃ ; উত্থানকারী। হরফকে পেশ (ُ) দাতা আমেল।

راقب (রাকিব) আঃ বিঃ ; প্রতিদ্বন্দ্বী, দর্শক। পাহারাদার। প্রহরী। গার্ড।

راقم (রাকিম) আঃ নাঃ পুং ; লিপিকার।

راقم الحروف (রাকিমুল হুরুফ) লেখক। লিপিকার।

راکب (রাকিব) আঃ নাঃ পুং ; বাহক, সওয়ার। আরোহী। বিঃ ; অশ্বারোহী। নৌকারোহী।

راکٹ (রাকেট-Rocket) ইং নাঃ পুং ; রকেট। অত্যাধুনিক স্বয়ংক্রিয় বিস্ফোরক-রকেট লাঞ্চার। স্টিমার। নভোযান।

راکٹر (রাকটর) হিঃ নাঃ স্ত্রীং ; এক ফসলা জমি।

راکسس (রাকসিস) হিঃ নাঃ পুং ; বন্য। জংলী।

راکع (রাকি') আঃ বিঃ ; রুকুকারী। ইবাদত গোযার।

راکھ (রাখ) হিঃ নাঃ স্ত্রীং ; ছাই। ভস্ম।

راگ (রাগ) হিঃ নাঃ পুং ; সঙ্গীতের সুরভঙ্গী। গান। প্রেম। হৃদয়াবেগ। কাহিনী। ভঙ্গীমা। راگ گانا (-গানা) মূঃ ; গান গাওয়া। চিৎকার করা।

راگ رنگ (-রঙ্গ) রাগ। রঙ্গ, হাসি-তামাশা। নৃত্য- গীত। ফুর্তি।

راگی (রাগী) হিঃ নাঃ পুং ; সুরকার।

راگنی (রাগনী) হিঃ নাঃ স্ত্রীং ; সঙ্গীতের সুর-ভঙ্গী বা সুর বৈচিত্র। রাগিনী।

رال (রাল) হিঃ নাঃ স্ত্রীং ; লালা। মুখের চিবি। লোল।

رام (রাম) সং নাঃ পুং ; অনুসারী। অনুগামী।

رام رام (রাম রাম) হিঃ নাঃ স্ত্রীং ; অভিবাদন বিশেষ।

راماین (রামায়ন) হিঃ নাঃ স্ত্রীং ; কবিতার বই। সর্বপ্রথম যা বাল্মিকী সংস্কৃত ভাষায় লিখেছিলেন, অতঃপর তুলসী দাস হিন্দীতে রামচন্দ্রের অবস্থা লিখেন।

رامش (রামোশ) দাঃ নাঃ স্ত্রীং ; আরাম, শান্তি। খুশী। পরামর্শ।

ران (রান) ফাঃ নাঃ স্ত্রীং ; রান, উরু। উঃ ; আরামে বসা।

راندنا (রান্দ্না) হিঃ মূঃ ; বের করে দেয়া। তাড়িয়ে দেয়া।

رانا (রানা) হিঃ নাঃ পুং ; ছোট রাজা। ঠাকুর। রাজপুতদের ফেরকা বিশেষ। রানা।

رانجھن (রাঁঝন) হিঃ নাঃ পুং ; প্রেমিক। প্রেমাষ্পদ। মর্যাদাবান।

رانڈ (রান্ড) হিঃ নাঃ পুং ; বিধবা। বাঁদী।

رانگ (রাঙ্গ) হিঃ নাঃ পুং ; একপ্রকার হালকা দস্তা। রাং।

رانده (রান্দাঃ) দাঃ বিঃ ; বহিষ্কৃত। বিতাড়িত।

رانی (রানী) হিঃ নাঃ স্ত্রীং ; রাণী, রাজমহিষী। রাজবধূ।

راول (রাওল) হিঃ নাঃ পুং ; সর্দার। সৈনিক। রাজকুমার।

راول (রাওল) পান নাঃ পুং ; যোগী। জ্যোতিষী। গণক।

راؤ (রাও) হিঃ নাঃ পুং ; উপাধি বিশেষ। রাজপুত্র। শ্রেষ্ঠ।

راوٹی (রাওটী) হিঃ নাঃ স্ত্রীং ; চিলেঘর। ছোট তাঁবু।

راوچاو (রাওচাও) হিঃ নাঃ পুং ; ভালবাসা। স্নেহ। হৃদ্যতা। আলিঙ্গন। হাসি-তামাশা।

راون (রাব'ন) হিঃ নাঃ পুং ; রামায়ণক্ত লঙ্কার রাজা। রাবণ।

راوی (রাবী) হিঃ নাঃ পুং ; পাঞ্জাবের অন্তর্গত একটি নদীর নাম।

راوی (রাবী) আঃ নাঃ পুং ; বর্ণনাকার। শুনে বর্ণনা করা। নকলকার। ঐতিহাসিক। লেখক।

راه (রাহ্) দাঃ নাঃ স্ত্রীং ; রাস্তা। সড়ক। গরয । মতলব। হিলা- বাহানা।

راه بر(রাহবর) দিশারী। পথ প্রদর্শক।

راه زن (রাহযন) দাঃ নাঃ পুং ; ডাকাত। দস্যু। ছিনতাইকারী। লুটেরা।

راه زنی (রাহযানী) ফাঃ নাঃ স্ত্রীং ; রাহাজানী, ডাকাতি। ছিনতাই।

راه نامه (রাহনামাঃ) নাঃ পুং ; ভ্রমন গাইড।

راه نجات (রাহে নাজাত) আঃ স্ত্রীং ; মুক্তির উপায়। মুক্তির সনদ।

راه نمائی (রাহনুমাঈ) ফাঃ নাঃ স্ত্রীং ; দিশা। নির্দেশনা।

راهب (রাহিব) আঃ নাঃ পুং ; খ্রীষ্ট-যাজক। বৈরাগী। দুনিয়াত্যাগী। পাদ্রী।

راهبه (রাহিবাঃ) আঃ নাঃ স্ত্রীং; বৈরাগিণী। সন্ন্যাসিনী। যাজিকা।

راهن (রাহিন) আঃ নাঃ পুং ; বন্ধকদাতা।

راه رو (রাহ্রও) ফাঃ বিঃ ; যাত্রী। পথিক।

راهو (রাহু) হিঃ নাঃ পুং ; ভূত-প্রেত। দেও-দৈত্য। তারকা বিশেষ।

راهی (রাহী) ফাঃ নাঃ পুং ; মুসাফির। পথিক। যাত্রী। রাহাগীর।

راهگیر (রাহ্গীর) ফাঃ বিঃ ; পথিক। মুসাফির। পর্যটক।

راهوار (রাহ্ওয়ার) ফাঃ নাঃ পুং ; দ্রুতগতি অশ্ব। অশ্ব।

رائٹر (রাইটার-Writer) ইং নাঃ পুং ; লেখক। মুন্সী। ক্লার্ক। লিপিকার।

رائج (রাইজ) আঃ বিঃ ; জারী। প্রচলন। প্রথা। চালু। সামাজিকতা।

رائج الوقت (– আল ওয়াক্ত) ফাঃ নাঃ পুং ; যুগ চাহিদা। যুগের ফ্যাশন। প্রচলিত মুদ্রা। স্থান-কাল-পাত্র। প্রচলন।

رائض (রাইস) আঃ নাঃ পুং ; দুষ্ট ঘোড়াকে বাগে আনতে সক্ষম যে।

رائفل (রাইফেল-Rifle) ইঃ নাঃ স্ত্রীং ; এক নালা বন্দুক।

رائگان (রায়েগাঁ) ফাঃ বিঃ ; বেকার। ফ্রি। অনর্থক। উঃ ; নষ্ট। খামাখা।

رائلٹی (রয়ালিটি-Royalty) ইং নাঃ স্ত্রীং ; সাময়িক ছাপার জন্য প্রকাশক কর্তৃক লেখককে দেয়া সম্মানী।

رائے (রায়) আঃ নাঃ স্ত্রীং ; প্রস্তাবনা। বিজ্ঞতা। বুদ্ধিমত্তা। খেয়াল। রায়। ধারণা।

رائے (রায়) হিঃ নাঃ পুং ; রাও। রাজা। শাহযাদা, রাজকুমার। সর্দার।

رائی (রাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার সরিষা।

رائتا (রায়তা) হিঃ নাঃ পুং ; দধির তৈরী আচার জাতীয় খাদ্য বিশেষ।

رایت (রাইয়াত) আঃ নাঃ পুং ; ঝান্ডা। পতাকা। ফ্লাগ।

ر - ب

رب (রব) আঃ বিঃ ; পালনকর্তা। পরওয়ারদেগার। মালিক। সাহেব। খোদা তা'আলা।

رب (রুব) আঃ নাঃ পুং ; ঘণ রস।

ربا (রিবা) আঃ নাঃ পুং ; সূদ। ট্যাক্স। কর।

ربا (রুবা) ফাঃ নাঃ পুং ; আকর্ষণকারী। অনুরাগী।

دلربا (দিলরুবা) হৃদয় আকর্ষণকারী। মনোহরী। প্রেমিকা।

رباب (রবাব) আঃ নাঃ পুং ; বেহালা বিশেষ।

ربابی (রবাবী) আঃ বিঃ ; বেহালা বাদক।

رباط (রবাত) আঃ নাঃ পুং ; সরাইখানা। হোটেল। বোর্ডিং।

رباعی (রুবাঈ) আঃ নাঃ স্ত্রীং ; চার পংক্তির কবিতা। রুবাঈ।

ربانی (রব্বানী) আঃ নাঃ পুং ; স্বর্গীয়। খোদাভীরু। আল্লাওয়ালা।

ربر (রবর) নাঃ স্ত্রীং ; রবার।

ربڑ (রবড়) হিঃ নাঃ স্ত্রীং ; পরিশ্রম। মেহনত। থমকে যাওয়া। নিস্ফল পরিশ্রম। দৌড় ঝাপের সার্থকতা।

ربڑی (রাবড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; গাঢ় দুধ।

ربط (রবত) আঃ নাঃ পুং ; সম্বন্ধ। মিলন। অভ্যাস। বন্ধুত্ব। একনিষ্ঠতা।

ربع (রুবু') আঃ বিঃ নাঃ পুং; চতুর্থ। ৪র্থ। চতুর্থাংশ। $\frac{১}{৪}$ ভাগ।

ربن (রিবন-Ribbon) ইং নাঃ পুং ; ফিতা। পাতলা লম্বা পট্টি। পাড়।

ربوبیت (রবুবিয়ত) আঃ নাঃ স্ত্রীং ; খোদায়ীত্ব।

ربودگی (রুবুদগী) ফাঃ নাঃ স্ত্রীং ; শরীর ভেঙ্গে আসা। রোগজনিত অলসতা।

ربوه (রাবওয়া) আঃ নাঃ পুং ; স্তূপ। উঁচু জমি। টিলা। উদ্দেশ্য বাইতুল মোকাদ্দাস। পাঞ্জাবের ঝঙ্গ জেলায় অবস্থিত মীর্যা অধ্যুষিত এলাকার নাম।

ربیب (রবীব) আঃ নাঃ পুং ; সৎপুত্র। স্ত্রীর সাবেক ঘরের পুত্র।

ربیبه (রবীবা) আঃ নাঃ স্ত্রীং ; সৎ মেয়ে। স্ত্রীর সাবেক ঘরের মেয়ে।

ربیع (রবী') আঃ বিঃ স্ত্রীং ; বসন্তকাল। ফসলের দিন।

ربیع الاول (রবিউল আউয়াল) আঃ নাঃ পুং ; হিজরী ৩য় মাস।

ربیع الثانی (রবিউস সানী) আঃ নাঃ পুং ; হিজরী চতুর্থ মাস।

ر – پ

رپ (রপ্) হিঃ নাঃ স্ত্রীং ; দ্রুত চলার পদশব্দ। কাঁচি দিয়ে কোন বস্তু কর্তনের শব্দ।

رپٹ (রপট) হিঃ নাঃ স্ত্রীং ; কাদাযুক্ত ভূমি। মৃগয়া। শিকার। রিপোর্ট।

رپٹن (রপ্‌টন) হিঃ নাঃ স্ত্রীং ; পিচ্ছিলতা।

رپا (রূপা) প্রাঃ নাঃ স্ত্রীং ; রূপা। রৌপ্য।

رپٹانا (রপটানা) হিঃ বিঃ ; পিচ্ছিলতা।

رپورٹ (রিপোর্ট-Report) ইং নাঃ স্ত্রীং ; প্রতিবেদন। ভাষ্য। তথ্য।

رپورٹر (রিপোর্টার-Reporter) ইং নাঃ পুং ; প্রতিবেদক। ভাষ্যকার। প্রদায়ক।

رپلی (রূপালী) হিঃ নাঃ স্ত্রীং ; রূপালী রঙের। রূপালী।

رپیه (রূপয়া) হিঃ নাঃ পুং ; রূপিয়া। টাকা।

ر – ت

رت (রাত) হিঃ স্ত্রীং ; খোশ। সন্তুষ্টি।

رت (রুত) হিঃ নাঃ স্ত্রীং ; মৌসুম। যামানা। ফসল। আবহাওয়া।

رتبه (রুতবা) আঃ নাঃ পুং ; সম্মান। মর্যাদা। গুণ। উচ্চতা।

رتن (রতন) হিঃ নাঃ পুং ; মূল্যবান পাথর। মণি-মাণিক্য। রত্ম।

رتنا (রিত্‌না) হিঃ মূঃ ; বেহালা বাজান। খোকলা হওয়া।

رتناولی (রত্মাওয়ালী) হিঃ বিঃ ; কারুকার্য খচিত। হীরের মালা।

رتھ (রথ) হিঃ নাঃ পুং-স্ত্রীং ; শকট। রথ। একপ্রকার কাঠের ইয়া বড় গাড়ী, যাতে

মূর্তি রেখে প্রদক্ষিণ করা হয়। কেল্লা। কোট। পাথর।

رتی (রত্তি) হিঃ নাঃ স্ত্রীং ; ভাগ্য। নসীব। হিস্যা। আট চাউল পরিমাণ ওজন বিশেষ। রত্তি।

رتی رتی (রত্তি রত্তি) কিছু কিছু। আস্তে আস্তে। আপাদমস্তক।

ر – ٹ

رٹ (রট্) হিঃ নাঃ স্ত্রীং; সারাক্ষণ একই কথার পুনরাবৃত্তি করা।

رٹ (রিট–Writ) ইং নাঃ স্ত্রীং ; আদালতের নির্দেশ। রীট পিটিশন।

ریٹرنگ أفیسر (রিটার্নিং অফিসার–Reterning Officer) ইং নাঃ পুং ; নির্বাচন কমিশনার।

رٹنا (রটনা) হিঃ ; বার বার বলা। হেফয করা।

رٹو (রটটো) উঃ বিঃ ; রটনা সৃষ্টি হওয়া। ছড়িয়ে পড়া গুজব।

ر – ج

رج (রেজ) হিঃ নাঃ স্ত্রীং ; স্রোতধারা। বালু। ঋতুস্রাবের দিনগুলো। ফুলের পাপড়ি।

رجا (রজা) হিঃ বিঃ ; তৃপ্তিবোধ। ভরাপেট। ধনাঢ্য। ধনকুবের।

رجا (রজা) আঃ নাঃ স্ত্রীং ; আশা-ভরসা। ভয়। খায়েশ। তামান্না।

رجاء (রজা') আঃ ; আশা। ভরসা।

رجال (রিজাল) আঃ নাঃ পুং ; (رجل -এর ব–ব) লোকেরা। মানুষগুলো।

رجائی (রজাঈ) আঃ বিঃ ; অত্যন্ত আশা। উচ্চাশা।

رجب (রজব) আঃ নাঃ পুং ; চন্দ্র সালের ৭ম মাস।

رجحان (রুজহান) আঃ নাঃ পুং ; প্রবণতা। নতি। অনুরাগ। ঝোঁক। শখ। সৌখিনতা। আতিশয্য।

رجز (রজয্) আঃ নাঃ স্ত্রীং ; রণ-সংগীত। রনোদ্দীপক সংগীত ও বাজনা।

رجس (রিজ্স) আঃ পুং ; অপবিত্রতা। নোংরা।

رجسٹر (রেজিস্টার–Register) ইং নাঃ পুং ; বহি। হাজিরা। দৈনিক কর্ম লিপিবদ্ধ করণ খাতা।

رجسٹرار (রেজিস্টারার–Registrar) ইং নাঃ পুং ; রেজিস্টারকারী। বহিতে সন্নিবেশকারী।

رجسٹرڈ (রেজিস্টার্ড–Registered) রেজিস্ট্রিকৃত।

رجعت (রজ'আত) আঃ নাঃ স্ত্রীং ; প্রত্যাবর্তন। পরিত্যাক্ত স্ত্রীকে পুনঃ গ্রহণ।

رجعت قهقری (রজআতে কহকরী) আঃ নাঃ স্ত্রীং ; পূর্বাবস্থায় ফিরে যাওয়া। পশ্চাৎগামিতা।

رجف (রজফ) আঃ নাঃ স্ত্রীং ; ভূমিকম্প। হেলাদুলা।

رجل (রজুল) আঃ নাঃ পুং ; পুরুষ। মর্দ। (ব–ব, رجال)

رجل (রিজ্ল) আঃ বিঃ ; পদাতিক। পা।

رجم (রজম) আঃ নাঃ পুং ; পাথর মেরে শেষ করা। সঙ্গেছারী। পাথর নিক্ষেপ। ভাগ্য তারকা।

رجما بالغیب (রজমাম বিল গাইব) আঃ বিণ ; আন্দাযে। চিন্তা-ভাবনা ছাড়াই।

رجمنٹ (রেজিমেন্ট–Regiment) ইং নাঃ স্ত্রীং ; পদাতিক সেপাইদের দল। প্লাটুন। রেজিমেন্টে সাধারণ ৮শ থেকে ১ হাজার সৈন্য থাকে।

رجواڑہ (রজওয়াড়াঃ) হিঃ নাঃ পুং ; রাজার ক্ষমতাসীন দেশ।

رجوع (রুজু) আঃ নাঃ পুং–স্ত্রীং ; প্রত্যাবর্তন করণ। প্রবণতা। উল্লেখ করণ। মনোযোগ দান। আপীল।

رجولت (রজুলাত) আঃ নাঃ স্ত্রীং ; পৌরুষ। বাহুবল। প্রজনন শক্তি।

رجهانا (রিঝানা) হিঃ মূঃ ; তুষ্ট করা।

সম্মোহিত করা। বন্দী করা।

رجیم (রজীম) আঃ বিঃ ; অভিশপ্ত। অবাঞ্ছিত। পাথর নিক্ষিপ্ত।

ر – چ

رچ (রুচ) হিঃ নাঃ স্ত্রীং ; আকর্ষণ। খায়েশ। ক্ষুধার্ত। চাহিদা।

رچانا (রচানা) হিঃ বিঃ ; নির্ধারক।

رچاوٹ (রচাওয়াট) নাঃ স্ত্রীং ; সৌখিন রঙ। মনোহারিণী রঙ।

رچنا (রচ্‌না) হিঃ মূঃ ; সিক্ত হওন। মেহেদি রঙ নেয়া। প্রারম্ভ। খানা হজম হওয়া। ভালবাসা। প্রেম-প্রীতি।

رچنا (রুচনা) হিঃ মূঃ ; পছন্দ হওয়া। ভালবাসা। খায়েশ হওয়া।

رچھا (রচ্ছা) হিঃ নাঃ স্ত্রীং ; রক্ষণ। আশ্রয়। পৃষ্ঠপোষকতা। শান্তি। নিরাপত্তা। স্থিতি। মেহেরবানি।

ر – ح

رحل (রহল) আঃ নাঃ স্ত্রীং ; বাসস্থান। ফার্নিচার। আসবাবপত্র। কোচ। রওয়ানা।

رحل (রিহল) আঃ নাঃ স্ত্রীং ; রেহাল। কুরআন মজিদ রাখার কাঠ।

رحلت (রিহলত) আঃ নাঃ স্ত্রীং ; রওয়ানা। মৃত্যু। ইন্তেকাল। পরলোক। তিরোধান।

رحم (রহম) আঃ নাঃ স্ত্রীং ; দয়া। সহানুভূতি। করুণা।

رحم دل (– দিল) আঃ ফাঃ নাঃ বিঃ ; নম্রচিত্ত। রহমদিল।

رحم (রহিম) আঃ নাঃ পুং ; গর্ভাশয়। বাচ্চাদানী।

رحمان (রহমান) আঃ বিঃ ; দয়ালু। ক্ষমাশীল। খোদা তা'আলার গুণবাচক নাম।

رحمت (রহমত) আঃ নাঃ স্ত্রীং ; মেহেরবানি। করুনা। উঃ ; বৃষ্টি। দরুদ ও সালাম।

رحیق (রহীক) আঃ নাঃ স্ত্রীং ; নির্ভেজাল শরাব।

رحیل (রহীল) আঃ নাঃ পুং ; যাত্রা। পর্যটন। ভ্রমণ।

رحیم (রহীম) আঃ বিঃ ; করুণাময়। দয়ালু। নাঃ পুং ; খোদাতা'আলার গুণবাচক নাম।

ر – خ

رخ (রুখ) ফাঃ নাঃ পুং ; গন্ড। মুখমন্ডল। গাল। প্রান্ত। দিক। পার্শ্ব। রূপকথার জানোয়ার, যা সাধারণত আলিফ লায়লার কেচ্ছায় এসে থাকে সী-মোরগ।

رخ بدلنا (রুখবদলনা) মূঃ ; অন্যদিকে ফেরা। মুখ ফিরিয়ে নেয়া।

رخ کرنا (রুখকরনা) অভিমুখী হওয়া।

رخا (রখা) আঃ ; নম্র। অলসতা। বিলাসিতা।

رخاوت (রখাওয়াত) আঃ বিঃ ; অলসতা। ঢিলেমিপনা।

رخام (রুখাম) আঃ নাঃ পুং ; মরমর পাথর।

رخت (রখত) ফাঃ নাঃ পুং ; জিনিষপত্র। আসবাবপত্র। সম্পত্তি। পোষাক। অশ্ব।

رخت سلامی (–ই-সেলামী) ফাঃ নাঃ আঃ পুং; দরবারী লেবাস।

رخت عروس (–ই-আরুস) ফাঃ আঃ নাঃ পুং ; পয়নামা। নববধুর সাজ।

رخت افگندن (-ই-আফগান্দান) ফাঃ নাঃ পুং ; মুকিম হওয়া। বাসস্থান থাকা।

رخت بردن (–ই-বুরদান) ফাঃ ; সফর করা।

رخت کش (–ই-কাশ) ফাঃ বিঃ ; পর্যটক। মুসাফির। পথিক।

رخسار (রুখসার) ফাঃ নাঃ পুং ; গন্ডদেশ। মুখমন্ডল।

رخسارہ (রুখসারা) ফাঃ নাঃ পুং ; চেহারার

উপরিভাগ।

رخش (রখশ) ফাঃ নাঃ পুং ; রুস্তমের ঘোড়া। সাদা-লাল মিশ্রিত ঘোড়া। কিরণ। চমক।

رخشاں (রখশাঁ) ফাঃ বিঃ ; চমকদার। নূরানী। প্রখর। উজ্জ্বল। দীপ্তিমান।

رخشندگی (রুখশনদগী) ফাঃ নাঃ স্ত্রীং ; প্রভা। দীপ্তি। আকস্মিক দীপ্তি।

رخشندہ (রখশিনদা) ফাঃ বিঃ ; দেদীপ্যমান। দীপ্যমান।

رخصت (রুখসত) আঃ নাঃ স্ত্রীং ; অনুমতি। অনুমোদন। মঞ্জুরী। সন্তুষ্টি। উঃ; যাত্রা। রওয়ানা করা। বধু বিদায়। জানাযা উঠানোর সময়। অবকাশ। যেতে দাও। যাব কি?

رخصتی (রুখসতী) উঃ নাঃ স্ত্রীং ; বিদায়। কন্যা বিদায় এর যাত্রা।

رخنہ (রখনা) ফাঃ নাঃ পুং ; ফাঁক। ছিদ্র। বাধা।

رخیص (রখীস) আঃ বিঃ ; অলসতা।

رخیم (রখীম) আঃ বিঃ ; নম্র কথা। মেহমান। ইবাদাত গোযার।

ر ـ د

رد (রদ্দ) আঃ নাঃ পুং ; অগ্রাহ্যকরণ। অস্বীকারকরণ। খন্ডল।

رد سلام (-রদ্দে-সালাম) আঃ নাঃ পুং ; সালামের জওয়াব দান।

رد عمل (-রদ্দে-আমাল) আঃ নাঃ পুং ; পার্শ্ব-প্রতিক্রিয়া।

رد وبدل (-ও বদল) আঃ নাঃ স্ত্রীং ; রদ বদল। পরিবর্তন।

رد وقدح (-ও কাদাহ) আঃ নাঃ স্ত্রীং ; দলিল। বাদানুবাদ। পুনঃউচ্চারণ।

ردا (রিদা) আঃ নাঃ স্ত্রীং ; চাদর। শাল। ওড়না।

ردا (রদ্দা) হিঃ নাঃ পুং ; দেয়ালের স্বর। স্তবক। থরে থরে ইট গাঁথা।

ردی (রদ্দী) রিঃ ; বাজেয়াপ্ত। অকেজো। নিষিদ্ধ।

ردیف (রদীফ) আঃ নাঃ স্ত্রীং ; সহযাত্রী। পশ্চাৎবাহিনী। সহগামী।

ر ـ ذ

رذالہ (রযালা) আঃ বিঃ ; কমিনা। বজ্জাত। অসৎ। হীনমন্য। নীচ। জোচ্চুর।

رذالت (রযালত) আঃ নাঃ স্ত্রীং ; হীনমন্যতা। জোচ্চুরিপনা।

رذیل (রযীল) আঃ বিঃ ; পাজি। বদমাশ।

ر ـ ز

رز (রয্) ফাঃ নাঃ পুং ; আঙ্গুর। আঙ্গুর বাগান।

رزاق (রাযযাক) আঃ বিঃ ; রিজিকদাতা। রুজির মালিক। খোদার গুণবাচক নাম।

رزاقی (রায্‌যাকী) আঃ নাঃ স্ত্রীং ; রুজিদান। খাদ্য পরিবেশন।

رزانت (রয্যানত) আঃ নাঃ স্ত্রীং ; পরিপক্কতা। মজবুতি।

رزرویشن (রিজার্ভেশন-Reservation) ইং বিঃ ; নির্ধারণ। বুকিং। বিশেষত্ব।

رزق (রিয্‌ক) আঃ নাঃ পুং ; রুজি। খোরাক। খানা। তরকারী। বেতন।

رزلٹ (রেজাল্ট-Result) ইং নাঃ পুং ; ফলাফল। নতিজা। পরিণাম।

رزم (রযম) ফাঃ নাঃ স্ত্রীং ; যুদ্ধ।

رزم گاہ (রযমগাহ্) ফাঃ নাঃ স্ত্রীং ; রণাঙ্গন।

رزمیہ (রয্‌মিয়া) ফাঃ বিঃ ; যুদ্ধকাহিনী।

رزین (রযীন) আঃ ; নিম্নতর। হালকা। ফাঃ ; সমতল। মজবুত।

ر ـ س

رس (রস্) হিঃ নাঃ পুং ; শিরা। ঘাম। দুধ। রস। স্বাদ। গন্ধ। মিষ্টতা। মধুরতা। সঙ্গীত। পারদ। বীর্য। শুক্র। ভালবাসা।

رس (রিস) সঃ নাঃ স্ত্রীং ; রাগ। গোস্বা। হঠকারিতা। ক্রোধ। আক্রোশ। উত্তেজনা।

رس (রস্) ফাঃ ; শব্দ শেষে দাতা প্রাপক ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়। যথা- دادرس (দাদ-) বিচারক فریادرس (ফরয়াদ-) যার কাছে ফরিয়াদ পৌঁছে অর্থাৎ রক্ষক।

رسا (রসা) ফাঃ বিঃ ; আগন্তুক।

رسا (রসা) হিঃ নাঃ পুং ; ঝোল। ঘাম।

رسا (রসসা) হিঃ নাঃ পুং ; মোটা রশি। দড়ি।

رسال (রসাল) হিঃ বিঃ ; রসাল। পুং ; আম।

رسالا (রসালা) সঃ নাঃ স্ত্রীং ; মসল্লাযুক্ত ঘোল-মাঠা। রসাল।

رسالت (রিসালাত) আঃ নাঃ স্ত্রীং; পয়গম্বরী। নবুওয়্যাত। কূটনৈতিকতা। হাইকমিশন।

رسالدار (রিসালদার) উঃ নাঃ পুং ; খন্ড সৈন্যের অফিসার। একশ সৈন্যের আমীর।

رساله (রিসালাহ) আঃ নাঃ পুং ; চিঠি। পত্র। হস্তলিপি। পুস্তিকা। চটি বই। প্রবন্ধ সমন্বিত বই। এক প্লাটুন সৈন্য।

رساں (রসাঁ) ফাঃ ; শব্দ শেষে, ব্যবহার হয়। যেমন- خبررساں - পিওন। সংবাদ বাহক।

رسائی (রসাঈ) ফাঃ নাঃ স্ত্রীং ; প্রবেশ। উপস্থিতি। পৌঁছান। তীক্ষ্ণবোধ। বুদ্ধি। নৈপুন্য।

رساول (রসাওয়াল) হিঃ নাঃ স্ত্রীং ; ইক্ষুরসের ক্ষীর।

رسائن (রসায়ন) হিঃ নাঃ পুং ; রসায়ন। ধাতব খনিজ দ্রব্যের সংমিশ্রণ।

رستگار (রুস্তগার) ফাঃ বিঃ ; মুক্তিপ্রাপ্ত।

رستخیز (রুস্তখীয) ফাঃ নাঃ স্ত্রীং ; কিয়ামত। মারদাঙ্গা। সন্ত্রাস।

رستگاری (রুস্তগারী) ফাঃ নাঃ স্ত্রীং ; মুক্তি।

رستم (রুস্তম) ফাঃ নাঃ পুং ; পারস্যের বিখ্যাত বাহাদুর। শাহনামায় তার কাহিনী সন্নিবেশিত আছে। রূপক অর্থে, বাহাদুর। বীর।

رستمی (রুস্তমী) উঃ নাঃ স্ত্রীং; বীরত্ব। বাহাদুরী। হিম্মৎ। দুঃসাহসিকতা। বাহুবল।

رسته (রাস্তা) ফাঃ নাঃ পুং ; পথ। রাস্তা। সড়ক।

رستورنٹ (রেস্টুরেন্ট-Restaurant) ইং নাঃ পুং ; রন্ধনশালা। পান্থশালা। খাবার দোকান। হোটেল।

رسد (রসদ) ফাঃ নাঃ স্ত্রীং ; হিস্যা। ভাগ্য। কিসমত। প্রাপ্তি। পণ্য সামগ্রী। খাদ্য দ্রব্য। উঃ ; স্তুপ। সৈন্যদের রেশন।

رسک (রিস্ক-Risk) ইং নাঃ পুং ; ঝুঁকি। ভয়। আতঙ্ক।

رسم (রসম) আঃ নাঃ স্ত্রীং ; নকশা। মানচিত্র। প্রথা। প্রচলন। সামাজিকতা। রীতি-নীতি। চাল-চলন। হালচিত্র।

رسمی (রসমী) আঃ বিঃ ; রীতি-নীতি প্রণালী। পদ্ধতি।

رسوب (রুসূব) আঃ নাঃ পুং ; গাঁদ। আস্তরণ। নিজানী। তলানী।

رسوائی (রুস্ওয়াঈ) ফাঃ নাঃ স্ত্রীং ; অপমান। অসম্মান। বদনাম।

رسوت (রসওয়াত) হিঃ নাঃ স্ত্রীং ; তেঁতো ঔষধ বিশেষ।

رسوخ (রুসুখ) আঃ নাঃ পুং ; দৃঢ়তা। স্থিতি। মজবুতি। স্বতন্ত্র।

رسن (রেসন) আঃ নাঃ স্ত্রীং ; দড়ি। রশি।

رسوا (রুসওয়া) ফাঃ বিঃ ; অপমানিত। অপদস্থ। সম্ভ্রমহীনতা।

رسول (রাসূল) আঃ নাঃ পুং ; স্বর্গীয় দূত। প্রেরিত ব্যক্তি। পয়গম্বর। হযরত মোহাম্মদ (সঃ)।

رسوم (রুসম) আঃ নাঃ স্ত্রীং ; (رسم -এর ব-ব) রীতি-নীতি।

رسوئی (রসোঈ) হিঃ নাঃ স্ত্রীং ; আহার্যদ্রব্য। রন্ধনশালা।

رسوئیا (রসুইয়া) হিঃ নাঃ পুং ; বাবুর্চি। পাঁচক। ব্রাহ্মণ।

رسیا (রসিয়া) হিঃ বিঃ ; রস সংগ্রহকারী। স্বাদ ভোগকারী। রঙ্গীলা। রসাল।

رسید (রসিদ) ফাঃ নাঃ স্ত্রীং ; কোন কিছু খরিদের প্রমাণ। রসিদ। চোতা। মেমো। স্বীকার।

رسیدہ (রসিদা) ফাঃ বিঃ ; প্রাপ্তবয়স্ক। বালেগ। মারেফতী। পক্ক ফল।

رسیلا (রসিলা) হিঃ বিঃ ; রসাল। রসেভরা। টসটসে। স্বাদে ভরা।

رسیور (রিসিভার-Receiver) ইং নাঃ পুং ; টেলিফোনের ঐ অংশ যেখান থেকে আওয়াজ শোনা যায়। রিসিভার। হাতল।

ر – ش

رش (রশ) আঃ ; বায়ূ। বাহু। রেশমী কাপড়।

رش (রশ-Rush) ইং নাঃ পুং ; ভীড়। স্তূপ।

رشاد (রিশাদ) আঃ ; রশিদ। দড়ি।

رشا (রশা) আঃ ; হরিণ-শাবক।

رشاد (রশাদ) আঃ ; হেদায়েত প্রাপ্তি।

رشادت (রশাদাত) আঃ ; হেদায়েত ও সৎপথে পদচারণ।

رشاش (রশাশ) আঃ ; পানি বা রক্তের ছিঁটা। বুদবুদী।

رشتہ (রিশ্‌তাঃ) ফাঃ নাঃ পুং ; সূত্র। সম্বন্ধ। সংযোগ। পরম্পরা। উঃ; তাগা। সুতা। বংশ। খান্দান।

رشحہ (রিশ্‌হাঃ) আঃ নাঃ পুং ; বিন্দু বিন্দু পতন। ফোঁটা। ঘাম। রস।

رشد (রুশদ) আঃ নাঃ পুং ; হুঁশ আসা। প্রাপ্তবয়স্ক হওয়া। বালেগ হওয়া। সততা।

رشک (রশ্‌ক) ফাঃ নাঃ পুং ; ঈর্ষা।

رشوت (রিশওয়াত) আঃ নাঃ স্ত্রীং ; নাজায়েয নজরানা। উৎকোচ। ঘুষ। বাড়তি পাওনা।

رشوت خور (-খোর) আঃ ফাঃ বিঃ ; ঘুষখোর।

رشیٔ (ঋষি) সঃ ; পুং নাঃ ; সাধু। মুনি। যোগী। বৈরাগী।

رشید (রশীদ) আঃ বিঃ ; হেদায়েতপ্রাপ্ত। শিক্ষাপ্রাপ্ত। খোদা তা'আলার গুণবাচক নাম।

ر – ص

رصاص (রসাস্‌) আঃ নাঃ পুং ; কেল্লা। সীমা। টিন।

رصد (রসদ) আঃ নাঃ পুং ; প্রত্যক্ষণ করা। দেখাশোনা। প্রত্যক্ষণ।

ر – ض

رضا (রিযা) আঃ নাঃ স্ত্রীং ; সন্তুষ্টি। খুশি। মর্জি। অনুমতি। অবকাশ। যে ছুটিতে বেতন কাটা না হয়।

رضاکار (রেজাকার) আঃ ফাঃ বিঃ ; স্বেচ্ছাসেবক। ইং ; (ভলান্টিয়ার-Volunteer)।

رضاع (রযা') আঃ নাঃ পুং ; পালন। দুগ্ধপান বা দুগ্ধদান। رضاعی بہائی (রযা'ঈ ভাঈ) দুধ-ভাই।

رضامندی (রিযামন্‌দী) নাঃ স্ত্রীং ; সম্মতি, ইচ্ছা।

رضاعت (রযা'আত) আঃ নাঃ স্ত্রীং ; দুধপান। দুধ চোষণ। দুধ পানকাল। বালেগা মহিলার স্তন থেকে দুধ খাওয়া।

رضاعی (রজাঈ) আঃ বিঃ ; দুধশরীক। যে সব বাচ্চা একই মহিলার দুধ পান করেছে।

رضائی (রেজাঈ) উঃ নাঃ স্ত্রীং ; ছোট লেপ। গাট্টি-বোচকা।

رضوان (রিযওয়ান) আঃ নাঃ পুং ;

বেহেশত রক্ষক। বেহেশত। বরকত। সন্তুষ্টি। সম্মতি।

رضوی (রেজভী) আঃ বিঃ ; ভারতের উল্টাবাঁশ বেরেলীর ইংরেজ পদলেহনকারী। আহমদ রেজা খানের ধ্বজাধারী। রেজভী। বেরেলভী।

رضویه (রেজভিয়া) আঃ ; ইমাম আলী মুসা রেজার অনুসারী।

رضیع (রযী) আঃ বিঃ ; দুধের বাচ্চা।

ر - ط

رطب (রতব) আঃ বিঃ ; তরুতাজা। নম্র। আর্দ্র। তরতরে।

رطب اللسان (রতবুল লিসান) আঃ বিঃ; অতিশয় প্রশংসাকারী।

رطب ویابس (-ও ইয়াবেস) আঃ ; নেকী-বদি। ভেজা-শুকনো।

رطب (রুতাব) আঃ নাঃ পুং ; তাজা খেজুর।

رطل (রতল) আঃ নাঃ পুং ; মদের পেগ। আধা সের ওজন।

رطوبت (রুতুবাত) আঃ নাঃ স্ত্রীং ; আর্দ্রতা। লালা। থুথু। রস।

ر - ع

رعایا (রিয়ায়া) আঃ নাঃ স্ত্রীং ; (رعیت -এর ব-ব) প্রজাবৃন্দ। জনগণ। জনসাধারণ। আওয়াম।

رعایت (রিয়ায়ত) আঃ নাঃ স্ত্রীং ; পক্ষপাতিত্ব। অনুগ্রহ। মনোযোগ। প্রশ্রয়। ছাড়।

رعایتی (রিয়াআতী) আঃ বিঃ ; সুপারিশ। আবেদন।

رعب (রু'ব) আঃ নাঃ পুং ; ভয়। ডর। ভীতি। উঃ ; প্রভাব। দাপট। শান-শওকত।

رعد (র'দ) আঃ নাঃ পুং ; বজ্র-বিদ্যুৎ। বিজলী চমকান। মেঘ গর্জনের আওয়াজ।

رعدوبرق (- ও বরক) আঃ পুং-স্ত্রীং ; বিজলী ও বজ্র। বজ্র-বিদ্যুৎ।

رعشه (রা'শাঃ) আঃ নাঃ পুং ; কম্পন। কাঁপুনি। একপ্রকার রোগ যাতে হাতে পায়ে কাঁপুনি হয়।

رعنا (র'না) আঃ বিঃ ; সুন্দর। কমনীয়। লাবণ্যময়। রঙিন। মনোলোভা। ফুল বিশেষ।

رعنائی (র'নাঈ) আঃ নাঃ স্ত্রীং ; সৌন্দর্য। সৌরভ। লাবণ্যতা।

رعونت (রউনাত) আঃ নাঃ স্ত্রীং ; দেমাগ। অহংকার। গর্ব। গৌরব। আমিত্ব। মাতব্বরি।

رعیت (রইয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; আসামী। ভাড়াটে। কৃষক। জনতা। জনগণ। জনসাধারণ। বাদশাহর অধিন প্রজা।

ر - غ

رغبت (রগবত) আঃ নাঃ স্ত্রীং ; খায়েশ। অনুরাগ। আশা-আকাঙ্খা। শখ। মুহাব্বত। বাসনা। প্রবণতা।

رغم (রগম) আঃ নাঃ পুং ; ঘৃর্না। ধিক্কার। নিকৃষ্ট।

ر - ف

رف (রফ-Rough) ইং বিঃ ; অসম্পূর্ণ বৈঠক। অসমতল।

رفا (রফা) আঃ নাঃ পুং ; বস্ত্র বা পোষাকের জীর্ণতা সংস্কার। বিচ্ছিন্ন বন্ধুত্বের মিলন। শান্তকরণ।

رفه (রফফ়াঃ) আঃ ; নেককাজ করা। বৈঠক খানা।

رفاقت (রিফাকাত) আঃ নাঃ স্ত্রীং ; বন্ধুত্ব। সান্নিধ্য। হৃদ্যতা। একতা। উঃ ; কল্যাণকামিতা। সহানুভূতি।

رفاه (রিফাঃ) আঃ নাঃ স্ত্রীং ; আরাম। প্রশান্তি। জনকল্যাণ। সেবা।

رفاهیت (রিফাহিয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; খুশি। কল্যাণ। শান্তি।

رفتار (রফতার) ফাঃ নাঃ স্ত্রীং ; চলন। চলন-ভঙ্গি।

رفتگاں (রফতেগাঁ) ফাঃ নাঃ পুং ; পূর্বসূরি।

رفتگی (রফতগী) ফাঃ নাঃ স্ত্রীং ; লোকসান। চলমান। ক্ষয়মান। ক্ষয়িষ্ণু।

رفته (রফতাঃ) ফাঃ বিঃ ; প্রেমিক। আশিক। বিগত।

رفته رفته (রফতাঃ, রফতাঃ) আস্তে আস্তে। ক্রমান্বয়ে। যেতে যেতে।

رفرف (রফরফ) আঃ নাঃ পুং ; লহরের ঝংকার। হযরত ইস্রাফীলের দফতর। মৎস্য বিশেষ। মেরাজ রজনীর এক প্রকার বাহন, যাতে চড়ে বিশ্বনবী (সাঃ) সিদরাতুল মুনতাহা হতে একাকী আরশে মুয়াল্লায় উপনীত হয়েছিলেন। ইহা বোরাকের চেয়েও বেশী দ্রুতগামী ছিল বলে জানা যায়।

رفث (রফছ) আঃ ; খারাপ কথা। সহবাস। বাজে বকা।

رفراف (রুফরাফ) আঃ ; উট পাখী।

رفض (রফয) আঃ নাঃ পুং ; ছেড়ে দেয়া। রাফেজী সম্প্রদায়ভুক্ত হওয়া। মতপার্থক্য। বিদআ'ত।

رفع (রফা') আঃ নাঃ পুং ; বুলন্দ করা। উচ্চতা। ফিরে থাকা, বারণ করা। না জড়ানো। কারক চিহ্ন-পেশ ُ ।

رفع احتياج (রফয়ে-ইহতিয়াজ) আঃ নাঃ পুং ; পেশাব-পায়খানা।

رفع دفع (রফা' দফা') আঃ নাঃ পুং ; সমস্যা সমাধান। মাফ করা।

رفعت (রফআত) আঃ নাঃ স্ত্রীং ; উচ্চতা। অগ্রগতি। উন্নয়ন। বুযুর্গী। ইজ্জত। শান।

رفق (রিফক) আঃ নাঃ স্ত্রীং ; নম্রতা। মেহেরবানি।

رفو (রফু) আঃ নাঃ পুং ; রিফু। ফাটা কাপড় সুতা দ্বারা মেরামত করা। ফাটা জায়গা ভরা।

رفيده (রফীদাঃ) ফাঃ নাঃ পুং ; তন্দুর রুটি যে গোলাকার বালিশে রেখে উনুনে ছেক দেয়া হয়। গোদেলা। উঃ ; তুচ্ছার্থে, কুহেলিকা। বজ্জাত। ঘোড়ার জিনের নীচের নরম গদি।

رفيع (রফী) আঃ বিঃ; বুলন্দ। উঁচু।

زیتون (যায়তুন) আঃ নাঃ পুং; আরব দেশের বিখ্যাত গাছ ও তার তেল। জয়তুন।

زیٹک (যীটক) উঃ বিঃ ; অমানবিকতা। বেঁটে।

زیچ (যীচ) ফাঃ নাঃ স্ত্রীং ; মিস্ত্রীর তাগা। সুতা। ফিতা।

زید (যায়েদ) সঃ নাঃ পুং ; সাধারণ মাস। ইলমে নাহব্‌র কিতাবে সাধারণত উপমা দিতে এই নামটি অধিক ব্যবহৃত। বিখ্যাত এক ছাহাবীর নাম।

زیدی (যায়দী) আঃ বিঃ ; হ্যরত যায়েদ বিন হারিসা (রাঃ) -এর বংশধর।

زیر (যের) ফাঃ নাঃ স্ত্রীং ; নীচে। তলে। অধীনে। বিঃ ; দুর্বল। অধীনস্থ।

زیر افگن (যেরে আফগান) ফাঃ নাঃ পুং ; ছোট গালীচা। বিছানা।

زیربار (যেরে বার) ফাঃ বিঃ ; বোঝার নীচে। বোঝার চাপে। ঋণের ভারে। দায়বদ্ধ। ঋণগ্রস্ত।

زیرپائی (যেরে পাঈ) নাঃ স্ত্রীং ; চপ্পল। খড়ম। স্লীপার।

زیر تجویز (যেরে তাজবীয) ফাঃ নাঃ পুং ; বিবেচনাধীন।

زیر خاک (যেরে খাক) ফাঃ বিঃ ; মাটির নীচে। কবরে।

زیر دستخطی (যেরে দস্তখতি) ফাঃ বিঃ ; স্বাক্ষর যুক্ত। যুক্ত বিবৃতি। যুক্ত ইশতেহার। স্বাক্ষরিত।

زیردست (যেরে দস্ত) ফাঃ বিঃ ; দুর্বল। অক্ষম। মজলুম। অধীনস্থ।

زیرسایہ (যেরে সায়াঃ) ফাঃ বিঃ ; নিকটতম। আশ্রয়। প্রতিবেশী।

زیرلب (যেরে লব) ফাঃ বিঃ ; আস্তে। চুপিসারে।

زیرنظر (যেরে নযর) ফাঃ বিঃ ; আলোচনাধীন।

زیروبم (যেরওবম) ফাঃ নাঃ পুং ; একপ্রকার ঢোলক যাতে উচুঁ ও নীচু দু'রকম ধ্বনি বাজান চলে। উঁচু-নীচু ধ্বনি।

زیرا (যীরা) ফাঃ নাঃ পুং ; গরম মশলা বিশেষ, জিরা।

زیرک (যীরক্) ফাঃ বিঃ ; বুদ্ধিমান। নিপুণ। তীক্ষ্ণধী।

زیست (যীস্‌ত) ফাঃ নাঃ স্ত্রীং ; জীবন। জীবিত কাল।

زین (যীন) ফাঃ নাঃ পুং ; ঘোড়ার জিন বা গতি।

زینت (যীনত্) আঃ নাঃ স্ত্রীং ; সৌন্দর্য। শোভা।

زینہ (যীনাঃ) ফাঃ নাঃ পুং ; সিঁড়ি। সোপান।

زینہار (যীনহার) ফাঃ বিণ ; কখনই না। কস্মিনকালেও নয়।

زیور (জেওর) ফাঃ নাঃ পুং ; অলঙ্কার। মণিমুক্তা।

ژ

ژ (ঝে) ফাঃ নাঃ স্ত্রীং ; উর্দুর সপ্তদশ, ফার্সীর চতুর্দশ হরফ। আরবীতে নেই। আবজাদ হিসেবে এর মান–৭।

ژاژ (ঝাঝ্) ফাঃ নাঃ পুং ; কাঁটাদার ঘাস বিশেষ, যা উটের প্রিয় খাদ্য।

ژاژخا (ঝাঝ্‌খা) ফাঃ বিঃ ; অনর্থক কথা। বকবক। বাচালতা।

ژاله (ঝালাঃ) ফাঃ নাঃ পুং ; নীহারবিন্দু। কুয়াশা কণা। শিশির। শিলাবৃষ্টি।

ژخ (ঝাখ্) ফাঃ ; ফরিয়াদ। দৃষ্টি আকর্ষণ। তিলক। কালো দাগ। সনাক্তকরণ চিহ্ন।

ژرد (ঝরদ) ফাঃ ; প্রচুর খানা।

ژرف (ঝরফ) ফাঃ বিঃ ; গভীর। অতল।

ژرف نگاه (ঝরফ নেগাঃ) ফাঃ বিঃ ; গভীর দৃষ্টিসম্পন্ন।

ژغژغ (ঝাগঝাগ) ফাঃ ; দাঁত কাটার আওয়াজ। কট্‌কট্ ...।

ژفک (ঝফক) ফাঃ বিঃ ; চোখের ময়লা। কেতর।

ژفیدن (ঝফিদান) ফাঃ মূঃ ; ভয় পাওয়া।

ژند (ঝনদ) ফাঃ নাঃ পুং ; গাট্টি–বোচকা। বুযুর্গ।

ژندباف (–বাফ) ফাঃ নাঃ পুং ; মিষ্টি। সুরেলা পাখি। বুলবুল। টিয়া।

ژندرود (ঝান্দারুদ) ফাঃ নাঃ স্ত্রীং ; ইস্পাহানের একটি নদীর নাম।

ژندگی (ঝেন্দেগী) ফাঃ ; পুরানা। প্রৌঢ়ত্ব।

ژوپین (ঝোপীন) ফাঃ ; দু'ফলা বিশিষ্ট নেযা।

ژولیده (ঝোলিদা) ফাঃ বিঃ ; বিজড়িত। জটিল।

ژولیدگی (ঝুলিদগী) ফাঃ নাঃ স্ত্রীং ; বিক্ষিপ্ত।

ژولیده مو (–ঝুলিদা মু) ফাঃ ; বিক্ষিপ্ত চুল।

ژیان (ঝিয়াঁ) ফাঃ বিঃ ; ক্রোধান্বিত। ভয়াল। বিভীষিকাময়। হিংস্র।

ژیغ ژیغ (ঝেগ ঝেগ) ফাঃ ; ফোঁটা ফোঁটা করে।

س

س (সিন) আঃ নাঃ পুং ; উর্দুর অষ্টাদশ, ফার্সীর পঞ্চদশ। আরবীর একাদশ এবং হিন্দির ৩২ তম হরফ। আবজাদ হিসেবে। এর মান- ৬০

س - ا

سا (সা) ফাঃ ; এরকম। এমনটি।

سا (সা) হিঃ বিঃ ; অত্যন্ত।

ساباطه (সাবাতা) আঃ নাঃ স্ত্রীং ; সরু রাস্তা। দু'ঘরের সংযোগ রাস্তা।

سابح (সাবিহ) আঃ নাঃ পুং ; সাঁতারু। দ্রুতগামী অশ্ব।

سابر (সাবির) সঃ নাঃ পুং ; কোমল মৃগচর্ম। কৃষ্ণসার হরিণ। চোরের সিঁদ কাটার হাতিয়ার। শাবল।

سابری (সাবিরী) আঃ নাঃ স্ত্রীং ; সর্বোৎকৃষ্ট খেজুর। উত্তম কাপড়।

سابع (সাবি) আঃ বিঃ ; সপ্তম। ৭ম। ব-ব, سابعون ।

سابق (সাবিক) আঃ বিঃ ; পূর্বের। ইজা। সাবেক। পূর্বতন। পূর্ববর্তী।

سابق الذكر (সাবিকুজ জিক্‌র) আঃ বিঃ; পূর্বোল্লিখিত।

سابق دستور (-দস্তুর) আঃ বিঃ; পূর্ববৎ।

سابقا (সাবিকান) আঃ ; আগের বার। পূর্বাপর। পূর্বের মত।

سابقون الاولون (সাবেকুনাল আউয়ালুন) আঃ পুং ; সর্বপ্রথম ইসলাম গ্রহণকারী সাহাবায়ে কিরামগণ।

سابقه (সাবিকাঃ) আঃ বিঃ ; অতীত। প্রাচীন। নাঃ পুং ; পুরাতন। বন্ধুত্ব। লেন-দেন। আদান-প্রদান।

سات (সাত) হিঃ বিঃ ; সাত। ৭।

سات پانچ (- পাঁচ) ফাঃ ; কিছু লোক। চালাকী। আগপাছ। ধোঁকাবাজি।

سات سمندر (-সমুন্দর) ফাঃ ; পুরো দুনিয়ার সমুদ্রগুলো।

ساتر (সাতির) আঃ বিঃ ; গোপনকারী।

ساتگین (সাতগীন) ফাঃ নাঃ পুং ; শরাবের ব্যারেল।

ساتواں (সাত্‌ওয়াঁ) হিঃ বিঃ ; সপ্তম।

ساتھ (সাথ) হিঃ নাঃ পুং ; সাথে। সঙ্গে। বন্ধুত্ব।

ساتھن (সাথন) হিঃ নাঃ স্ত্রীং ; সঙ্গিনী। সহচরী।

ساتھی (সাথী) হিঃ নাঃ পুং ; বন্ধু। সখা। সঙ্গী। মদদগার।

ساٹا (সাটা) হিঃ নাঃ পুং ; বিনিময়। হুন্ডি ব্যবসা।

ساٹھ (সাঠ) হিঃ বিঃ ; ষাট। ৬০।

ساٹھی (সাঠী) হিঃ নাঃ স্ত্রীং ; চাউল বিশেষ, যা ষাট দিনে উৎপাদিত হয়।

ساج (সাজ) سال-এর আরবী রূপান্তর নাঃ পুং ; শাল কাঠ।

ساجد (সাজিদ) আঃ বিঃ ; সেজদাকারী।

ساجده (সাজিদাঃ) আঃ বিঃ ; সেজদাকারিণী।

ساجن (সাজন) হিঃ নাঃ পুং ; স্বামী। প্রিয়তম। প্রিয়।

ساجنا (সাজনা) হিঃ মুঃ ; বাজনা। সজ্জিত হওয়া।

ساجھا (সাঝা) হিঃ নাঃ পুং ; সহযোগিতা। অংশগ্রহণ।

ساجھی (সাঝী) হিঃ নাঃ পুং ; হিস্যাদার। শরীক। পার্টনার।

ساچق (সাচিক) তুঃ নাঃ পুং ; গায়ে হলুদ। বিবাহের অনুষ্ঠান বিশেষ।

ساحت (সাহাত) আঃ নাঃ পুং ; অঙ্গন। সীমা। ময়দান। মঞ্চ।

ساحر (সাহির) আঃ নাঃ পুং ; যাদুকর।

ساحری (সাহিরী) আঃ নাঃ স্ত্রীং ; যাদুগিরি।

ساحره (সাহেরাঃ) আঃ নাঃ স্ত্রীং ; যাদুকারিনী।

ساحل (সাহিল) আঃ নাঃ পুং ; উপকূল।

ساحق (সাহিক) আঃ বিঃ ; পেষণকারী।

ساخت (সাখ্‌ত) ফাঃ নাঃ স্ত্রীং ; কৃত্রিমতা। নকল। জাল। ধোঁকা।

ساخته (সাখতাঃ) ফাঃ বিঃ ; অপ্রাকৃত।

بےساخته (বেসাখতাঃ) বিণ ; স্বয়ং সিদ্ধভাবে। অনর্গলভাবে।

سادات (সাদাত) আঃ নাঃ পুং ; হযরত ফাতেমা (রাঃ)-এর সন্তানগণ। সাইয়্যেদ।

سادس (সাদিস) আঃ বিঃ ; ষষ্ঠ। ৬ষ্ঠ।

ساده (সাদাহ্‌) ফাঃ বিঃ ; শূন্য। সাদা। পরিষ্কার। খাদহীন। নিখাদ। নির্ভেজাল।

سادهپان (-পন) ফাঃ হিঃ নাঃ পুং ; শূন্যতা। সাদাসিধা। নিরীহ।

ساده دل (- দিল) ফাঃ বিঃ ; সরল।

ساده دلی (-দিলী) ফাঃ নাঃ স্ত্রীং ; সরলতা।

ساده طور (-তোর) ফাঃ নাঃ পুং ; নিপুণ মিস্ত্রী।

ساده کار (-কার) ফাঃ নাঃ পুং ; নিপুন মিস্ত্রী।

ساده لوح (-লোহ) ফাঃ নাঃ বিঃ ; বেকুফ। নাদান। আহাম্মক। নির্বোধ। বোকা। অবিবেচক।

ساده مزاج (-মেজায) ফাঃ বিঃ ; উদার। অকৃত্রিম স্বভাব।

ساده (সাধ) হিঃ বিঃ ; নেক। পবিত্র। পরহেযগার। সাধু। যোগী। ফকীর। সংযমী।

سادهارن (সাধারণ) সাঃ বিঃ ; মামুলী। প্রথাগত। সাধারণ। সহজ।

سادهن (সাধন) সঃ নাঃ পুং ; তদ্বীর। চিকিৎসা। এস্তেমাল। চর্চা। ইবাদত। আরাধনা। সাধনা।

سادهو (সাধু) সাঃ বিঃ ; যোগী। দরবেশ।

ساذج (সাজিয) আঃ বিঃ ; ধারালো পাত।

سار (সার) ফাঃ বিঃ ; মত। এরকম। যেমনঃ। উদাহরণ। উট।

ساربان (সার বান) উষ্ট্রচালক।

سار (সার) সঃ হিঃ নাঃ পুং ; মনি-মাণিক্য। শক্তি। দাবার ছক। ঘাম। শিরা। রস।

سارا (সারা) ফাঃ বিঃ ; খালিছ। প্রকৃত। অতি উত্তম। সুগন্ধিময়।

سارا (সারা) হিঃ বিঃ ; পুরো। তামাম।

سارٹی فکٹ (সার্টিফিকেট-Certificate) ইং নাঃ পুং ; সনদ। লিখিত প্রমাণ পত্র।

سارجنٹ (সার্জেন্ট-Sergant) ইং নাঃ পুং ; ফৌজের হাবিলদার। জমাদ্দার। থানার ওসি বা দারোগা।

سارس (সারস) হিঃ নাঃ পুং ; সারস পাখি।

سارق (সারিক) আঃ নাঃ পুং ; চোর।

سارقه (সারিকাঃ) আঃ নাঃ স্ত্রীং ; চুন্নী। মহিলা-চোর।

سارنگ (সারেঙ্গ) হিঃ নাঃ পুং ; মক্ষীরাণী। সংগীতের টোন বিশেষ। বৃষ্টি। হাতি। বাঘ। মাপ।

سارنگی (সারেঙ্গী) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার বাদ্যযন্ত্র। সারেঙ্গী। সারিন্দা।

سارنگیا (সারিঙ্গায়া) হিঃ বিঃ ; সারিন্দাবাদক।

ساری (সারী) আঃ বিঃ ; প্রভাব বিস্তারকারী। অনুপ্রবেশকারী।

ساری (সারী) হিঃ বিঃ ; (سارا-এর স্ত্রীং পুরো। পূর্ণাঙ্গ।

ساڑهو (সাড়হু) হিঃ নাঃ পুং ; ভায়রা ভাই। শ্যালিকার স্বামী।

ساڑهے (সাড়হে) হিঃ বিঃ ; অর্ধেক।

ساڑی (সাড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; লম্বাধুতি। শাড়ী। মহিলাদের পোষাক বিশেষ।

ساز (সায) ফাঃ নাঃ পুং ; সামান।

মাল-আসবাব। নির্মাণকারী। জালিয়াতি।

سازش (সাযিশ) ফাঃ নাঃ স্ত্রীং ; ষড়যন্ত্র। সাজশ। চক্রান্ত।

سازشی (সাযশী) ফাঃ বিঃ ; কুচক্রী।

سازگار (সাযগার) ফাঃ বিঃ ; যুৎমত। যুৎসই। অনুযায়ী। খাপের খাপ।

سازندہ (সাযিন্দাঃ) ফাঃ নাঃ পুং ; নির্মাণকারী। সৃষ্টিকর্তা। বিন্যাসক। সঙ্গীতজ্ঞ।

ساس (সাস) হিঃ নাঃ স্ত্রীং ; শাশুড়ী।

ساس (সাস্-Sauce) ইং নাঃ স্ত্রীং ; ঝোল, সুরা। চাটনী। আচার।

ساسانی (সাসানী) ফাঃ বিঃ ; প্রাচীন ইরানের একটি রাজবংশ। তারা সাসান ইবনে কাহমানের উত্তরসূরী।

ساطع (সাতি) আঃ বিঃ ; উঁচু। বুলন্দ। চমকদার। (ব-ব, سواطع)

ساطور (সাতুর) আঃ নাঃ পুং ; খঞ্জর। বড় ছোরা।

ساعت (সা'আত) আঃ নাঃ স্ত্রীং ; সময়। মুহূর্ত। ক্ষণ। ঘণ্টা। পলক। মিনিট। ঘড়ি। (ব-ব ساعات)

ساعد (সায়েদ) আঃ নাঃ পুং স্ত্রীং ; বাহু। কনুই হতে হাতের উর্ধ্বাংশ।

ساعی (সাঈ) আঃ নাঃ পুং ; উদ্যমশীল। পরিশ্রমী। কর্মঠ। নিরলস। উৎসাহী। উৎসুক।

ساغر (সাগের) ফাঃ নাঃ পুং ; শরাবের পেগ। গ্লাস।

ساغر کش (-কাশ) ফাঃ বিঃ ; মদ্যপ।

ساغری (সাগেরী) উঃ নাঃ স্ত্রীং ; ঘোড়ার নিতম্ব। মানুষের নিতম্ব।

سافل (সাফিল) আঃ বিঃ ; অধঃস্তন। নিম্নশ্রেণী। ইতর।

ساق (সাক্) ফাঃ নাঃ স্ত্রীং ; গোড়ালি। গোছা। নলা।

ساق پوش (-পোশ) ফাঃ নাঃ পুং ; মোজা।

ساقط (সাকিত) আঃ বিঃ ; পতিত। হারান। অকেজো।

ساقول (সাকুল) তুঃ নাঃ পুং ; পেন্সিল। ফিতা। কাঠি বিশেষ, যদ্বারা মিস্ত্রীরা, সোজা-বাঁকা নির্ধারণ করে। শ্যোল।

ساقی (সাকী) আঃ নাঃ পুং ; শরাব পরিবেশনকারী।

ساقی ازل (-এ-আযল) আঃ নাঃ পুং ; খোদা তা'আলা।

ساقی کوثر (-এ-কাউসার) আঃ ফাঃ নাঃ বিঃ ; রাসূলুল্লাহ (সাঃ)।

ساقہ (সাকাঃ) আঃ ; পশ্চাৎ বাহিনী।

ساقیہ (সাকীয়াঃ) আঃ ; ছোট নদী।

ساقن (সাকিন) উঃ নাঃ স্ত্রীং ; বাজারী বেশ্যা। যে নারী মদ পরিবেশন করে।

ساکب (সাকিব) আঃ ; পানি বা রক্ত প্রবাহকারী।

ساکت (সাকিত) আঃ বিঃ ; নীরব। শান্ত। চুপচাপ। নিশ্চুপ।

ساکن (সাকিন) আঃ ; গ্রাম। ঠিকানা।

ساکھ (সাখ্) হিঃ নাঃ স্ত্রীং ; বিশ্বস্ততা। সম্মান।

ساکھا (সাখা) হিঃ নাঃ স্ত্রীং ; শাখা। ডাল।

ساکھی (সাখী) হিঃ নাঃ স্ত্রীং ; সহচরী। সখী। খেলার সঙ্গী।

ساگ (সাগ্) হিঃ নাঃ পুং; সব্জি। তরকারী।

ساگ پات (সাগপাত) নাঃ পুং ; শাক-সব্জি।

ساگر (সাগর) সঃ নাঃ পুং ; সমুদ্র। মহাসাগর।

ساگودانہ (সাগুদানাঃ) উঃ নাঃ পুং ; শাবুদানা। রুগির পথ্য বিশেষ।

ساگون (সাগুন) হিঃ নাঃ স্ত্রীং ; সেগুন কাঠ।

سال (সাল) ফাঃ নাঃ পুং ; বৎসর। বর্ষ।

سالا (সালা) হিঃ নাঃ পুং ; শ্যালক। শালা। স্ত্রী।

سالانہ (সালানাঃ) ফাঃ ; বার্ষিক। বাৎসরিক।

سالار (সালার) ফাঃ নাঃ পুং ; সর্দার। অফিসার। দিশারী। জেনারেল। সেনাপতি।

سالک (সালিক) আঃ নাঃ পুং ; পথচারী। পথিক। সালেক। আধ্যাত্মিক। ভক্ত।

سال گرہ (সাল্‌গিরাহ্) ফাঃ নাঃ স্ত্রীং ; জন্মদিন। জন্মোৎসব।

سالم (সালিম) আঃ বিঃ ; নিরাপদ। সুস্থ। ঠিক। সম্পুর্ণ।

سالن (সালন) হিঃ নাঃ পুং ; সালুন। তরকারী।

سالنا (সাল্‌না) হিঃ মূঃ ; ছিদ্র করা। গর্ত করা। কাটা।

سالو (সালু) হিঃ নাঃ পুং ; একপ্রকার লাল মলমল কাপড়।

سالوتری (সালুতরী) হিঃ নাঃ পুং ; ঘোড়া এবং চতুষ্পদ জন্তুর ডাক্তার। পশু ডাক্তার।

سالوس (সালুস) ফাঃ বিঃ ; ধোঁকা। প্রতারণা। ধোঁকাবাজ। দাগাবাজ।

سالی (সালী) হিঃ নাঃ স্ত্রীং ; শ্যালিকা। শালী।

سام (সাম্) আঃ বিঃ ; বিষ মিশ্রণকারী।

سام (সাম্) ফাঃ নাঃ পুং ; হযরত নূহ (আঃ)-এর পুত্র। সাম্।

سامان (সামান) ফাঃ নাঃ পুং ; আসবাব পত্র। ফার্নিচার। ইন্তেজাম। বন্দোবস্ত। হাতিয়ার। আলামত। নিদর্শন।

سامدرک (সামুদ্রক) সঃ নাঃ পুং ; পামস্ট্রি। গণকবিদ্যা। পদচিহ্ন দেখে লোক সনাক্ত করার জ্ঞান।

سامراج (সাম্রাজ) হিঃ নাঃ পুং ; শাহানশাহী। সাম্রাজ্য। রাজত্ব। (Impreialism)

سامراجی (সাম্রাজী) হিঃ বিঃ; সাম্রাজ্যবাদী। রাজতন্ত্রী।

سامری (সামেরী) আঃ নাঃ পুং ; বিশিষ্ট ইহুদী, যে হযরত মূসা (আঃ)-এর যুগে সোনারূপা দ্বারা মূর্তি বানিয়ে বনি ইসরাঈলকে বিভ্রান্ত করেছিল।

سامع (সামি) আঃ নাঃ পুং ; শ্রোতা।

سامعہ (সামি'আঃ) আঃ নাঃ স্ত্রীং ; শ্রবণশক্তি।

سامعہ نواز (সামিয়া নওয়াজ) সুকণ্ঠী।

سامنا (সামনা) হিঃ নাঃ পুং ; মেলান। মোকাবেলা। সম্মুখাংশ। বাধা।

سامی (সামী) আঃ বিঃ ; উঁচু। ইহুদী ও আরবদের উপাধি।

سامی (স্বামী) হিঃ নাঃ পুং ; স্বামী। পতি। মনিব।

سان (সান) হিঃ নাঃ স্ত্রীং ; ইশারা। ইংগিত। উপায়। সুরাহা।

ساں (সাঁ) ফাঃ বিঃ ; মত। অনুরূপ। সদৃশ।

سانبھر (সাঁভর্) হিঃ নাঃ স্ত্রীং ; সম্বর হ্রদ। ঐ হ্রদের লবণ।

سانپ (সাঁপ) হিঃ নাঃ পুং ; সাপ। পা বিহীন লম্বা বিষধর প্রাণী বিশেষ, এরা বুকে ভর করে চলে। বিঃ ; জালিম, স্বৈরাচারী।

سانپا (সাঁপা) হিঃ নাঃ স্ত্রীং ; মাতম। শোক।

سانپن (সাঁপন) হিঃ নাঃ স্ত্রীং ; সাপিনী। নাগিনী।

سانٹ (সান্ট) হিঃ নাঃ স্ত্রীং ; ঐক্য। ষড়যন্ত্র। গ্রন্থি। শক্রুতা।

سانٹا (সান্টা) হিঃ নাঃ পুং ; চাবুক। চালাক। টাটকা। তাজা।

سانجھ (সাঁঝ) হিঃ নাঃ পুং ; সন্ধ্যার সময়। সাঁঝা বেলা। গোধূলি লগ্ন। বন্ধুত্ব। মিত্রতা।

سانچ (সাঁচ) হিঃ নাঃ পুং ; সত্য। হক। সততা।

سانچا (সাঁচা) হিঃ নাঃ পুং ; কাঠ বা লোহার সাচ। ধাঁচা। বাচ্চাদানি। রেহেম। গর্ভাশয়।

سانحہ (সানিহাঃ) আঃ নাঃ পুং ; মর্মন্তুদ ঘটনা। দুর্বিপাক। দুর্ঘটনা।

سانحہ عظیم (–এ-আযীম) ফাঃ নাঃ পুং ; স্মরণকালের বৃহত্তম দুর্যোগ।

سانڈ (সান্ড) হিঃ নাঃ পুং ; ষাঁড়।

سانڈا (সান্ডা) হিঃ নাঃ পুং ; কাল্লাস।

سانڈنی (সান্ডনী) হিঃ নাঃ স্ত্রীং ; উষ্ট্রী।

سانڈیا (সান্ডিয়া) হিঃ নাঃ পুং ; উষ্ট্র-শাবক।

سانس (সাঁস) হিঃ নাঃ পুং ; শ্বাস।

سانس بھرنا (সাঁস ভরনা) হিঃ নাঃ পুং ; দীর্ঘশ্বাস ফেলা।

سانسا (সাঁসা) হিঃ নাঃ পুং ; ভয়ভীতি। আতংক।

سانک (সাঁক) হিঃ নাঃ স্ত্রীং ; শাখা। ডাল। পুং ; বর্শা। নেযা।

سانکر (সাংকর) হিঃ নাঃ স্ত্রীং ; জিঞ্জির। শিকল। দরজার কড়া। ছিটকানি।

سانگ (সাঙ্গ) হিঃ নাঃ পুং ; অভিনয়। অনুকরণ। ছদ্মবেশ।

سانگی (সাঙ্গী) হিঃ নাঃ পুং ; অভিনেতা।

ساننا (সাননা) উঃ বিঃ ; খামির করা। ময়দা-আটা ইত্যাদি মাখা।

سانواں (সানওয়াঁ) হিঃ নাঃ পুং ; একপ্রকার চাউল।

سانوٹا (সানুটা) হিঃ বিঃ ; হুঁশিয়ার। চৌকস। প্রস্তুত।

سانولا (সানুলা) হিঃ বিঃ ; শ্যামলা।

سانولیا (সাঁওলিয়া) হিঃ নাঃ পুং ; শ্যামবর্ণা। সুন্দর।

سانولی (সানুলী) হিঃ বিঃ ; লাবণ্যময়ী। কমনীয়। কান্তিমান। আকর্ষনীয়া।

سانی (সানী) হিঃ নাঃ স্ত্রীং ; মালি। ভুসি। খৈল ও মাড়মিশ্রিত গো-খাদ্য।

سانیٹ (সানেট–Sonnet) ইং নাঃ পুং ; কবিতার ধরন বিশেষ যাতে ১৪ পংক্তি থাকে। মাইকেল মধুসূদন দত্তের লেখা বই।

ساورن (সাবারিন–Sovereign) ইং নাঃ পুং ; ইংল্যান্ডের মুদ্রা। গিনি। পাউন্ড। আশরাফী।

سادڑ (সাদড়) হিঃ নাঃ স্ত্রীং ; আতুর ঘর। ভূমি সন্তানের নাপাকি। কু-রক্ত।

سادڑی (সাদিড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; কিষাণ। মজদুরের জন্য আলাদা করা ফসল।

ساون (সাবুন) হিঃ নাঃ পুং ; বিক্রমী সালের চতুর্থ মাস। শ্রাবণ।

ساونت (সাবনাত) হিঃ বিঃ ; বাহাদুর। নির্ভীক। দুঃসাহসী। পৌরুষ। বীর।

ساونٹا (সাবনাটা) হিঃ বিঃ ; তৈরী। প্রস্তুত। সঞ্চিত। গচ্ছিত।

ساونی (সাবনী) হিঃ নাঃ স্ত্রীং ; শ্রাবণী ফুল। শ্রাবণী–পূর্ণিমা। শ্রাবণ মাসের গীত।

ساہ (সাহ্) হিঃ নাঃ পুং ; ব্যবসায়ী। সওদাগর। ব্যাপারী। মহাজন। বানিয়া। দোকানদার। ভেন্ডার। ধনী। প্রভাবশালী। অভিজাত। বিঃ ; আমানতদার।

ساہا (সাহা) হিঃ নাঃ পুং ; হিন্দুদের বিয়ের দিন। বিয়ে মৌসুম। সময়, কাল।

ساہوکار (সাহুকার) হিঃ নাঃ পুং ; মহাজন। কর্জদাতা। বিশ্বাসী ব্যক্তি।

ساہول (সাহূল) হিঃ নাঃ পুং ; গভীরতা পরিমাপক ভারবিশেষ।

ساہنیا (সাহনিয়া) হিঃ নাঃ পুং ; আদব, সাহিত্য। ভদ্রতা। উদারতা। মহাত্মন।

ساہس (সাহাস) সঃ নাঃ পুং ; জুলুম। উগ্রতা। কঠোরতা। দুঃসাহস।

ساہل (সাহুল) হিঃ নাঃ পুং ; লৌহপিন্ড যদ্দারা রাজমিস্ত্রিরা ইমারতের (বক্র-সোজা) ইত্যাদি মেপে থাকেন। শ্যাল।

ساہی (সাহী) হিঃ নাঃ পুং ; সজারু। গেরিলা।

ساہو (সাহু) হিঃ নাঃ পুং ; দাতা। দানবীর। হিতাকাঙ্ক্ষী। দোস্ত।

ساہوکارا (সাহুকারা) হিঃ নাঃ পুং ; টাকা-পয়সা আদান-প্রদানের স্থান।

এক্সচেঞ্জ। কাউন্টার- Exchange)

سائبان (সায়েবান) ফাঃ নাঃ পুং ; ছায়ানীড়। বেলকনি।

سائڈ (সাইড-Side) ইং নাঃ স্ত্রীং ; দিকে। পাশে। প্রান্তে। কোণে।

سائر (সায়ের) আঃ নাঃ পুং ; পর্যটক। পথিক। অবশিষ্ট।

سائرن (সাইরেন-Siren) ইং নাঃ পুং ; হুইসেল। বিকট আওয়াজের সতর্কসূচক মেশিন।

سائفن (সাইফন-Syfon) ইং নাঃ স্ত্রীং ; বক্রনল। রসায়ন গবেষণাগারের বক্র নলগুলো।

سائل (সায়েল) আঃ নাঃ পুং ; প্রশ্নকারী। ছাত্র। উঃ ; ভিক্ষুক। ফকির।

سائله (সায়েলাঃ) আঃ নাঃ স্ত্রীং ; প্রশ্ন কারিণী। আরয গোযার।

سائم (সায়েম) আঃ নাঃ পুং ; ভূ-চর। জমিনে বিচরণশীল।

سائمه (সায়েমাঃ) আঃ নাঃ পুং ; ভূচর প্রাণী।

سائن (সাইন-Sign) ইং নাং পুং ; নিশানা, আলামত। দস্তখত।

سائنس (সায়েন্স-Science) ইং নাং পুং ; স্ত্রীং ; বিজ্ঞান, বিশেষ জ্ঞান। প্রামাণিক ও দালিলিক জ্ঞান।

سائنس داں (সায়েন্স দাঁ) ইং ফাঃ নাং পুং ; বিজ্ঞানী।

سائنسی (সায়েন্সী) উঃ বিঃ ; বৈজ্ঞানিক। বিজ্ঞানসম্মত। বিজ্ঞানলব্ধ।

ساؤ (সাউ) প্রাঃ বিঃ ; ঈমানদার। নিষ্পাপ।

ساؤنڈ (সাউন্ড-Sound) ইং নাঃ পুং ; আওয়াজ। শব্দ।

ساؤنڈ بکس (সাউন্ড বক্স-Sound Box) ইং নাং পুং ; গ্রামোফোনের ঐ পর্দা, যাতে আওয়াজ বের হয়।

ساؤنڈ پروف (সাউন্ড প্রুফ-Sound Proof) ইং বিঃ ; রেকর্ডিং সেন্টার। যে কক্ষ থেকে শব্দ বাইরে বের হয় না। স্টুডিও।

سائی (সাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; বায়না। আগাম টাকা প্রদান। বায়না টাকা।

سائیس (সাইস) উঃ নাঃ পুং ; সইস, ঘোড়া চালক।

سائیسی (সাইসী) উঃ নাঃ স্ত্রীং ; ঘোড়ার রাখালী।

سائیں (সাঁঈ) হিঃ নাঃ পু ; খোদা, রব। প্রভু, মালিক। স্বামী। বিবাদী। সাঃ নাং পুং ; সাধু, সন্ন্যাসী, ফকির। ভিখারী।

سایا (সায়া) পর্তুঃ নাং পুং ; ইউরোপীয় নারীদের পরিধেয় বস্ত্র। ঘাঘড়া। গাউন।

سایه (সায়াঃ) ফাঃ নাঃ পুং ; প্রতিচ্ছায়া। প্রতিবিম্ব। ভূতের আছর। উঃ ; আশ্রয়। সংরক্ষণ। তত্ত্বাবধান। সহানুভূতি।

سایه افگن (সায়া আফগান) ফাঃ বিঃ ; ছায়ানীড়। সংরক্ষক।

سایه بال هما (সায়া বালে হুমা) ফাঃ নাঃ পুং ; কল্পিত হুমা পাখির ছায়া কারো ওপর পড়লে সে বাদশাহ হয় বলে মানুষের ধারণা। একে 'সায়া বালে হুমা' বলা হয়।

سایه پرورده (সায়া পরওয়ারদাহ) ফাঃ বিঃ ; ঘরোয়া গোলাম। গৃহপালিত দাস। নেমক হালাল।

سایه دار (সায়াদার) নাঃ বিঃ ; ছায়ানীড়।

سایه عاطفت (সায়া-য়ে-আতিফাত) ফাঃ নাঃ পুং ; মেহেরবাণীর ছায়া। সহানুভূতি। স্নেহ ছায়া।

س - ب

سب (সব) হিঃ বিঃ ; গোটা, পুরো, বিস্তারিত। প্রতিটি।

سب (সাব্ব) আঃ নাঃ পুং ; গালি দান। অভিসম্পাত দান। নিন্দামন্দ বলা।

سب وشتم (-ও- শতম) আঃ নাঃ পুং ; গালি-গালাজ। নিন্দামন্দ।

سب (সাব-Sub) ইং বিঃ ; নিম্ন, উপ।

সহকারী। অধীনস্থ। শাখা।

سب آفس (-সাব আফিস-Sub Office) ইং নাঃ স্ত্রীং ; আঞ্চলিক অফিস।

سب انجنیر (সাব ইঞ্জিনিয়ার-Sub Engineer) ইং নাঃ পুং ; সহকারী ইঞ্জিনিয়ার। উপ-প্রকৌশলী।

سب انسپکٹر(সাব ইন্সপেক্টর-Sub Inspector) কোতোয়াল। উপ-পুলিশ প্রদান।

سب جج (সাব জজ-Sub Judge) ইং নাঃ পুং ; সরকারী জজ।

سب ڈیویژن (সাব ডিভিশন-Sub Division) ইং ; নাঃ পুং ; মহকুমা।

سب رجسٹرار (সাব রেজিস্ট্রার-Sub Registrar) ইং নাঃ পুং ; সহকারী রেজিস্ট্রার।

سب سکرائبر (সাবসেক্রাইবার-Sub Scriber) ইং নাঃ পুং ; ক্রেতা, খরিদ্দার। কাস্টমার। খদ্দের। চাঁদা দাতা।

سب میرین (সাব মেরীন-Sub Marine) ইং ; নাঃ পুং ; ডুবোজাহাজ।

سبا (সাবা) আঃ নাঃ পুং ; ইয়ামেনের রাণী, বিলকিসের কওম। তিনি সুলায়মান (আঃ)-এর সমকালীন ছিলেন।

سبابہ (সাব্বাবাঃ) আঃ নাঃ স্ত্রীং ; বৃদ্ধাংগুলি।

سباس (সুবাস) হিঃ নাঃ স্ত্রীং ; খোশবু। সুগন্ধি। সৌরভ।

سباق (সেবাক) আঃ নাঃ পুং ; অংকবিদ। গণিতবিদ। সফল অগ্রযাত্রা।

سبائی (সাবাঈ) আঃ বিঃ ; প্রাচীন সাবা গোত্রীয়।

سبب (সবব) আঃ নাঃ পুং ; কারণ, ভিত্তি, দলিল। মাধ্যম। বরাত। সূত্র।

سبحان اللہ (সুব্হানাল্লাহ) আঃ ভাবপ্রকাশ শব্দ। আল্লাহ্রই প্রশংসা। ভাল ভাল ! সুন্দর। বেশ ! সাবাস !

سبت (সাব্ত) আঃ নাঃ পুং ; ছুটি ও ইবাদাতের দিন। মুসলমানদের শুক্র, ইহুদীদের শনি ও খ্রীস্টানদের রবিবার। ইং ; (সাবট -Sabbath)

سبجیکٹ (সাবজেক্ট -Subject) ইং পুং ; বিষয়বস্তু। বিষয়। উদ্দেশ্য।

سبحان (সুবহান) আঃ গুণবাচক শব্দ; খোদার স্তুতিগান। অতিশয় পবিত্র। খোদাবন্দ-এ-পাক।

سبحہ (সুব্হা) আঃ নাঃ স্ত্রীং ; তাসবীহ। জপমালা। আরাধনা।

سبد (সাবদ) ফাঃ নাঃ স্ত্রীং পুং ; টুকরা, অংশ, খন্ড।

سبز (সব্য্) ফাঃ বিঃ ; সবুজ ! টাটকা। তাজা। তরতাজা। অপক্ক। কাঁচা।

سبز بخت (-বখত) ফাঃ বিঃ ; খোশ নসীব। ভাগ্যবান।

سبز پری (-পারী) ফাঃ নাঃ স্ত্রীং ; অন্দর সভা। ঘরোয়া আলোচনা। মদ। সবুজ পোষাকিনী নারী। বসন্তকাল। হৈমন্তি ফসল।

سبز پوش (-পোশ) ফাঃ বিঃ ; সবুজ রঙা। রূপক অর্থে। আবেদ, পীর-মোর্শেদ।

سبز بہار (-বাহার) ফাঃ ; সংগীতের টান বিশেষ।

سبزپا (-পা) ফাঃ ; কুচক্রী। অশনি। দিকশূল।

سبز پل (-পুল) ফাঃ ; আসমান। সবুজ ময়ুর। আচকান। নীল আকাশ।

سبز چشم (-চশম) ফাঃ ; ক্ষুদ্র চোখ বিশিষ্ট। বেহায়া, অমানবিক।

سبزہ (সবজাঃ) ফাঃ নাঃ পুং ; সবুজ উদ্ভিদ তৃণলতা। নীলকণ্ঠ, আম বিশেষ। চিত্রল ঘোড়া।

سبزہ آغاز (-আগাঝ) ফাঃ বিঃ ; যার ; দাড়ি-মোচ গজানো শুরু করেছে। নবঃ যৌবন।

سبزہ زار (সব্যাঃযার) ফাঃ নাঃ পুং ; তৃণশস্য-শ্যামল প্রান্তর।

سبزہ رنگ (-রঙ্গ) ফাঃ বিঃ ; বাদামী রঙ।

রূপক অর্থে- প্রেমাস্পদ।

سبزی (সবজী) ফাঃ নাঃ স্ত্রীং ; সবুজ রঙ। শাক-সব্জি। তরকারী উঃ নাঃ পুং ; ভাং। মাদক বিশেষ।

سبزی خور (-খোর) ফাঃ বিঃ ; সব্জি খায় যে। মাছ-গোশ্ত খায় না যে জন। নিরামিষাশী- ইং (ভেজিটারিয়ন- Vejetarian)

سبط (সিবত) আঃ নাঃ পুং ; পৌত্র, দৌহিত্র। পুতি। নাতি-নাতকুরা।

سبطین (সিবতাঈন) আঃ নাঃ পুং ; দৌহিত্র হাসান-হোসাইন। (রাঃ)-এর উপাধি।

سبع (সাব') আঃ বিঃ ; সাত।

سبع سیاره (-ই-সাইয়ারাহ) আঃ নাঃ পুং ; সাত নক্ষত্র। সূর্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, নেপচুন, গ্রহের নাম। সেভেন স্টার।

سبع مثانی (-এ-মাসানী) আঃ নাঃ স্ত্রীং ; সাত আয়াত বিশিষ্ট সূরা। সূরা ফাতিহা দু'বার নাযিল হয়েছে। একবার মক্কায় আরেকবার মদীনায়।

سبق (সবক) আঃ নাঃ পুং ; ক্লাস। পাঠ। নসীহত। অভিজ্ঞতা। শাস্তি। কানমলা।

سبق خواں (-খাঁ) ফাঃ নাঃ পুং ; ছাত্র।

سبقت (সবকত) আঃ নাঃ স্ত্রীং ; অগ্রগমণ। পারিচালন। প্রধান। শ্রেষ্ঠত্ব।

سبک (সুবক) ফাঃ বিঃ ; হালকা, কম ওজন। স্বল্পজ্ঞানী। অপদস্থ। লজ্জিত।

سبک بال (-বাল) ফাঃ বিঃ ; স্বাধীন। একাকী। স্বধীনচেতা।

سبک پا (- পা) ফাঃ বিঃ ; দ্রুতপদ।

سبک پائی (-পাই) ফাঃ নাঃ স্ত্রীং ; দ্রুততা। গতি।

سبکدوش (-দোশ) ফাঃ বিঃ ; দায়িত্ব মুক্তি।

سبک روح (-রোহ) আঃ ফাঃ ; সৌভাগ্যশালী।

سبکتگین (সবুক্তগীন) ফাঃ নাঃ পুং ; সুলতান মাহমুদ গজনবীর পিতা।

سبکنا (সুবুকনা) হিঃ মূ ঃ ; ফোঁপানো।

سبکی (সুবকী) ফাঃ নাঃ স্ত্রীং ; ছেলেমি। অপদস্থ। অনুতাপ।

سبل (সাবাল) ফাঃ নাঃ পুং ; চক্ষু জ্বালা। চোখ ওঠা। বগলের গন্ধ।

سبل (সুবুল) আঃ নাঃ পুং ; রীতিনীতি। জীবন পরিচালনা। কানুন। সংবিধান।

سبو (সাবু) ফাঃ নাঃ পুং ; ঘড়া। মটকা।

سبوچه (-চা) ফাঃ নাঃ পাং ; ঠিলা, লোটা।

سبوح (সব্বুহ) আঃ নাঃ পুং ; অতিশয় পাক। আল্লার গুণবাচক নাম।

سبوحیا (সাবু হিয়া) ফাঃ নাঃ পুং ; ফেরেশতা।

سبوس (সাবুস) ফাঃ নাঃ স্ত্রীং ; ভুসি। খুশকি।

سبوسه (সাবুসা) ফাঃ নাঃ স্ত্রীং ; চুলের খুশকী।

سبه کهڑی (সুব ঘড়ী) ফাঃ বিঃ ; মোবারক ক্ষণ। শুভক্ষণ। শুভলগ্ন।

سبه (সুভ) সঃ বিঃ ; শুভ । ভাগ্য।

سبها (সভা) ফাঃ নাঃ স্ত্রীং ; মজলিস। মাহফিল। জলসা। পঞ্চায়েত। মিটিং। বৈঠক।

سبها پتی (সভাপতি) হিঃ নাঃ পুং ; সভাপতি, সভানেত্রী। সদরে জলসা।

سبها سد (সভাসদ) হিঃ বিঃ ; মেম্বার। বৈঠকে যোগদানকারী। দরবারী সদস্য।

سبهاگ (সুভাগ) সঃ নাঃ পুং ; সৌভাগ্য। রাজকপাল।

سبهاؤ (সুভাও) হিঃ নাঃ পুং ; অমায়িক। উদার।

سبی (সবী) আঃ নাঃ স্ত্রীং ; মহিলা আসামী।

سبیل (সাবীল) আঃ নাঃ স্ত্রীং ; পথ, রাস্তা। উপায়।

سبیل لگانا (-লাগানা) আঃ পুং

পথচারীদের জন্য পানির ব্যবস্থা করা।

سبیل نکالنا (-নিকালনা) আঃ নাঃ ; উপায় খুঁজে বের করা। সমাধনে ব্রতী হওয়া।

س - پ

سپا (সিপা) হিঃ নাঃ পুং ; নিশানা। গোল পোস্ট। রং ঢং। দূরত্ব। উপায়।

سپاٹ (সিপাট) হিঃ বিঃ ; সমতল। বরাবর। মসৃণ। প্রশস্ত।

سپاٹا (সিপাটা) হিঃ নাঃ পুং ; লম্বা দৌড়। লম্বা পথ। দূরপাল্লার পথ।

سپارا (সুপারা) হিঃ নাঃ পুং ; লিঙ্গের মাথা। টুপি বিশেষ।

سپارہ (সিপারা) ফাঃ নাঃ পুং ; কোরানের ৩০ নং পারা।

سپارو (সিপারু) হিঃ নাঃ পুং ; লিঙ্গের মাথা। পুরুষাঙ্গের অগ্রভাগ।

سپاری (সুপারী) হিঃ নাঃ স্ত্রীং ; ঢেলা। লিঙ্গ-মাথা। সুপারী।

سپاس (সিপাস) ফাঃ নাঃ স্ত্রীং ; শোকর। শুকরিয়া। কৃতজ্ঞতা। প্রশংসা। গুণ কীর্তন। স্তুতি বন্দনা।

سپاس گذار (-গোযার) বিঃ ; কৃতজ্ঞ।

سپاس گذاری (-গোযারী) বিঃ ; কৃতজ্ঞতা।

سپاس نامہ (-নামাঃ) ফাঃ নাঃ পুং ; প্রশংসা পত্র। প্রত্যয়ন। ঠিকানা।

سپاہ (সিপাহ) ফাঃ নাঃ স্ত্রীং ; ফৌজ, লশকর। সেনা। সৈন্য।

سپاہ سالار (সিপাহ সালার) ফাঃ নাঃ পুং ; কমান্ডার-ইন-চীফ, সেনাপতি। সালার।

سپاہی (সিপাহী) ফাঃ নাঃ পুং ; সিপাহী। সৈনিক। পুলিশ কনস্টবল।

سپاہیانہ (সিপাহীয়ানাঃ) ফাঃ বিঃ ; সেপাহীসুলভ। বীরত্ব সহকারে।

سپت (সপ্ত) সঃ বিঃ ; সপ্তম,৭ম, সপ্তাহ।

سپر (সিপার) ফাঃ নাঃ স্ত্রীং ; ঢাল, আড়, ঢাক। আশ্রয়। বিঃ ; সংরক্ষক।

سپر (সাপার-Supper) ইং নাং পুং ; রাতের খাবার।

سپرٹ (স্প্রীট -Spirit) ইং নাং পুং ; শরাব। রূহ। জযবা। উত্তেজনা। দ্রুততা।

سپرد (সোপর্দ) ফাঃ নাঃ স্ত্রীং ; সোপর্দ। আমানত।

سپردا (সোপর্দা) হিঃ নাঃ পুং ; ডাদুম। নর্তকীদের সহযোগী বাদক দল। নাচনেওয়ালীর সঙ্গী।

سپردائی (সপর্দাঈ) হিঃ নাঃ পুং ; নর্তকীর সহযোগী বাদকদল।

سپستاں (সপিস্তাঁ) ফাঃ নাঃ পুং ; একপ্রকার আঠাযুক্ত ফল বিশেষ।

سپردگی (সোপর্দগী) ফাঃ নাঃ স্ত্রীং ; সোপর্দীকৃত। জিনিষ। পরিবর্তন। আমানতের মাল।

سپرنٹنڈنٹ (সুপারিন্টেন্ডেন্ট-Superintendent) ইং নাং পুং ; নাজির। নাযেম। দারোগা। অধ্যক্ষ। পরিচালক। সংরক্ষক। মহাব্যবস্থাপক, মহাপরিচালক।

سپرنگ (স্প্রিং -Spring) ইং পুং ; দেখুন ; - اسپرنگ

سپروائزر (সুপারভাইজার-Super Visor) ইং নাং পুং ; তত্ত্বাবধায়ক। নেগবান। পরিচালক। গার্ড। সুপার ভাইজার।

سپریم (সুপ্রীম-Supreme) ইং বিঃ ; উচ্চ ক্ষমতা। সর্বোচ্চ। হাইকমাণ্ড।

سپریم کورٹ (সুপ্রীম কোর্ট-Supreme Court) সর্বোচ্চ আদালত।

سپڑ سپڑ (সাপাড় সাপাড়) হিঃ নাঃ স্ত্রীং; কুকুরের খাওয়ার শব্দ। চকর চকর।

سپڑنا (সাপাড়না) হিঃ মূঃ ; গ্রেপ্তার হওয়া।

سپکڑوس کوپ (এসপেকড়োসকোপ - Spectrcope) ইং নাং পুং ; আকাশ দূরবীন, স্যাটেলাইট। ক্ষুদ্রাতিক্ষুদ্র

ক্যামেরা। যে যন্ত্রের সাহায্যে ক্ষুদ্রাতিক্ষুদ্র সৌর কণিকা ধরা যায়।

سپلیمنٹ (সাপ্লাইমেন্ট-Supplement) ইং নাং পুং ; গুদামজাত মাল।

سپن (সপন) প্রাঃ নাঃ পুং ; স্বপ্ন। খাব।

سپنا (সপনা) হিঃ নাঃ পুং ; খাব। স্বপ্ন।

سپند (সিপান্দ) ফাঃ নাঃ পুং ; কালোদানা। হারমল।

سپوت (সপুত) হিঃ নাঃ পুং ; সুপুত্র।

سپوتی (সপুতী) হিঃ নাঃ স্ত্রীং ; সুপুত্রধারী মা। সপ্ত সন্তানের জননী।

سپوڑٹس (স্পোর্টস-Sports) ইং নাঃ পুং ; খেলাধুলা।

سپولیا (সাপুলিয়া) হিঃ নাঃ পুং ; সাপের বাচ্চা। সাপ-ছানা।

سپه (সেপা) ফাঃ নাঃ স্ত্রীং ; ফৌজ। সৈনিক।

سپهر (সিপহর) ফাঃ নাঃ পুং ; আকাশ।

سپهر (সেপাহর) ফাঃ নাঃ পুং ; মধ্যাহ্ন। অপরাহ্ন। দুপুর।

سپهل (সফল) ফাঃ বিঃ ; সফল। ফলদায়ক। অর্থবহ। ফলপ্রসূ। উপকারী।

سپیچ (স্পেচ-Speech) ইং নাং স্ত্রীং ; বক্তৃতা, লিটারেচার। ভাষণ।

سپید (সুপায়দ) ফাঃ বিঃ ; সাদা।

سپیده دم (সাপীদা দম) ফাঃ নাঃ বিঃ ; ভোর, সকাল, ভোরবেলা, সকাল বেলা।

سپیدی (সুপায়দী) উঃ নাঃ স্ত্রীং ; উজ্জ্বলতা। জ্যোতি। নূর।

سپیڈ (স্পীড-Speed) ইং নাং স্ত্রীং ; দ্রুততা। গতি।

سپیڈ میٹر (স্পীড মিটার-Speed Meter) ইং ; গতি নির্ণয়ক কাঁটা। গাড়ী রেল ও বিমানের গতি নির্ধারক যন্ত্র।

سپرا (সাপুরা) হিঃ নাঃ স্ত্রীং ; সাপুড়ে। গারোলী।

سپیشل (স্পেশাল-Special) ইং নাং পুং ; স্পেশাল, বিশেষ।

سپریئر (সুপিরিয়র-Superior) ইং নাং পুং ; উত্তম। নির্ভেজাল। নিখুঁত। উৎকৃষ্ট। বিশেষ।

سپیشلسٹ (স্পেশালিষ্ট-Specialist) ইং নাং পুং ; বিশেষজ্ঞ।

سپیکر (স্পীকার-Speaker) ইং নাং পুং ; স্পীকার, পার্লামেন্ট পরিচালক। বক্তা।

س - ت

ست (সত) হিঃ নাঃ পুং ; সততা। সত্য। সত্যতা। ঈমান, ধর্ম। নিষ্ঠা। বিঃ ; সঠিক। দুরস্ত। যথার্থ।

ست (সাত) হিঃ নাঃ পুং ; শক্তি। বল। হিম্মত। সমর্থ। রস।

ست (সুত) হিঃ নাঃ পুং ; পুত্র। ছেলে। নাতি।

ستا (সুতা) হিঃ নাঃ স্ত্রীং ; মেয়ে। বালিকা। নাতিন।

ستار (সেতার) ফাঃ নাঃ পুং ; টুম্বরা। সেতারা। বাদ্যযন্ত্র বিশেষ।

ستار (সাত্তার) আঃ বিঃ ; দোষ ত্রুটি গোপনকারী। আল্লাহ্‌র গুণবাচক নাম।

ستارا (সিতারা) ফাঃ নাঃ পুং ; তারকা, নক্ষত্র। কিসমত, ভাগ্যরাশি। নিশানা চিত্রল। ব-ব, ستارگان।

ستاره پیشانی (সেতারা পেশানী) ফাঃ বিঃ ; চিত্রল ললাটের অধিকারী। ঘোড়া।

ستاری (সুতারী) হিঃ নাঃ স্ত্রীং ; ভোড়। চামড়া ছিদ্র করার সুই।

ستاریا (সিতারিয়া) হিঃ নাঃ পুং ; সেতারা বাদক।

ستاسی (সত্তাসী) হিঃ বিঃ ; সাতাশী। ৮৭।

ستاں (সিতাঁ) ফাঃ বিঃ ; গ্রহণকারী। গ্রাহক। নাঃ পুং ; জায়গা। অবকাশ।

সুযোগ।

ستانا (সিতানা) হিঃ মূঃ ; বিরক্ত করা। সংকীর্ণ করা। কষ্ট দেয়া।

ستانوی (সাত্তানবে) হিঃ বিঃ ; সাতানব্বই। ৯৭।

ستاون (সাত্তাবন) হিঃ বিঃ ; সাতান্ন। ৫৭।

ستائیش (সাতাইশ) হিঃ বিঃ ; সাতাইশ। ২৭।

ستائس (সেতাইস) ফাঃ নাঃ স্ত্রীং ; প্রশংসা। গুণগান।

ستتر (সাতাত্তর) হিঃ বিঃ ; সাতাত্তর। ৭৭।

ستد (সাতদ) ফাঃ নাঃ স্ত্রীং ; নেযা।

ستر (সতর) আঃ নাঃ পুং ; ঢাকা। পুরুষ-নারীর ঐ স্থান যা ঢাকা ওয়াজিব।

ستر (সত্তর) হিঃ বিঃ ; ৭০ । সত্তর। ৭দশক।

سترک (সুতরুগ) হিঃ বিঃ ; বড় বুযুর্গী।

ستروان (সত্তরওয়াঁ) হিঃ বিঃ ; ৭০তম।

سترہ (সতরাঃ) হিঃ ; ১৭। সতের।

سترہ (সুতরাঃ) আঃ নাঃ পুং ; নামাযীর সামনে রাখা উঁচুবস্তু বিশেষ।

سترھواں (সতরাওয়াঁ) হিঃ বিঃ ; সপ্তদশ।

ستل (সুতাল) আঃ নাঃ পুং ; জমিনের ৩য় স্তর।

ستلی (সুতলী) হিঃ নাঃ স্ত্রীং ; সুতলি। নলী সুতা।

ستم (সিতম্) ফাঃ নাঃ পুং ; অত্যাচার। জুলম। অবিচার। শক্তিপ্রয়োগ। ستمگر (- গর্) অত্যাচারী।

ستمبر (সেতাম্বর-September) ইং নাঃ পুং ; সেপ্টেম্বর। ইংরেজী বছরের নবম মাস।

ستو (সাত্তু) হিঃ নাঃ পুং ; ছাতু।

ستون (সুতুন) ফাঃ নাঃ পুং ; খাম। স্তম্ভ।

ستواں (সুতওয়াঁ) হিঃ বিঃ ; পাতলা। নাযুক। স্পর্শকাতর।

ستوانا (সুতওয়ানা) হিঃ মূঃ ; পরিষ্কার করানো। নিংড়ানো।

ستوانا (সাতওয়ানা) হিঃ বিঃ ; সপ্তমাসী সন্তান।

ستودہ (সেতুদাঃ) ফাঃ বিঃ ; প্রশংসিত। নন্দিত। প্রশংসার যোগ্য।

ستور (সুতুর) ফাঃ নাঃ পুং ; চতুষ্পদ। ঘোড়া। খচ্চর ইত্যাদি।

ستہ (সিত্তা) আঃ নাঃ পুং ; ছয়। ৬

ستونتی (সাতুনতী) হিঃ নাঃ স্ত্রীং ; সতী নারী।

ستھرا (সুথরা) হিঃ বিঃ ; পবিত্র। পবিত্রতা। পাক-ছাফ। শুচিতা।

ستھرانا (সুথরানা) হিঃ মূঃ ; ছড়ান। বিক্ষিপ্ত করা। ছিন্নভিন্ন করা। প্রোপাগান্ডা করা।

ستھراؤ (সুথরাও) হিঃ নাঃ পুং ; গণহত্যা। পাইকারী হত্যা। স্তূপীকৃত লাশ। নরমেধযজ্ঞ।

ستھرائی (সুথরাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; পরিচ্ছন্নতা। উজ্জ্বলতা। আকর্ষণীয়।

ستھن (সুথান) হিঃ নাঃ পুং স্ত্রীং ; পাজামা, সালোয়ার। লুংগি।

ستی (সতি) হিঃ নাঃ স্ত্রীং ; সতি। সতীদাহ। যে নারীকে স্বামীর চিতায় পুড়তে হয়।

ستیاناس (সাতিয়ানাস) হিঃ নাঃ পুং ; ধ্বংস। ক্ষতি। লয় প্রাপ্তি। বরবাদ। লণ্ডভণ্ড।

ستیز (সেতীয) ফাঃ ; লড়াই। ঝগড়া।

ستیہ گرہ (সাত্তীয়া গেরাঃ) মূঃ ; নীরব আন্দোলন। নিশ্চুপ মোকাবেলা।

ستیا (সাত্তীয়া) সঃ নাঃ পুং ; শক্তি। বল। শক্তি।

ستیزکار (সতীযকার) ফাঃ বিঃ ; যোদ্ধা। যুদ্ধংদেহী।

س - ٹ

سٹ (সাট) হিঃ নাঃ স্ত্রীং ; ষড়যন্ত্র। চক্রান্ত। ফন্দি।

سیٹ (সেট-Set) ইং নাং পুং ; একই বস্তুর ধারাবাহিক সমন্বয়।

سٹا (সাটা) হিঃ নাঃ পুং ; লিখিত অঙ্গীকার।

سٹا (সেট্টা) হিঃ নাঃ পুং ; ভুট্টা।

سٹا (সট্টা) হিঃ নাঃ পুং ; সওদাগরী লেনদেন। বাজার।

سٹابٹا (সট্টা বট্টা) হিঃ নাঃ পুং ; ষড়যন্ত্র। আদান-প্রদান।

سٹاپ پریس (স্টপ প্রেস-Stoppress) ইং নাঃ পুং ; পত্রিকার সর্বশেষ খবর।

سٹار (স্টার - Star) তারকা। তারা।

سٹا رٹ (স্টার্ট - Sturt) চালু।

سٹاسٹ (সাটাসট) হিঃ নাঃ স্ত্রীং ; লাগাতার। অবিরাম, অনির্দিষ্টকাল।

سٹاف (স্টাফ-Staff) ইং নাং পুং ; আমলাদের সংগঠন। শ্রমিক সংগঠন।

سٹاک (স্টক-Stock) ইং নাং পুং ; ভান্ডার। গুদাম, ব্যবসায়ীর শরিকানা পুঁজি।

سٹاک ایکسچنج (স্টক এক্সচেঞ্জ-Stock Exchange) ইং নাং পুং ; শেয়ার বেচাকেনা কেন্দ্র

سٹال (স্টল - Staoll) ছোট দোকান।

سٹامپ (স্টাম্প - Stamp) ইং নাং পুং ; সরকারী মোহর। টিকেট।

سٹائل (স্টাইল -Style) ইং নাং পুং ; অঙ্গ-ভঙ্গি। রং ঢং। চাল-চলন।

سٹرائک (স্ট্রাইক -Strike) ইং নাং পুং ; আন্দোলনের রূপে কোন প্রতিষ্ঠান বা দোকান বন্ধ করে দেয়া। হরতাল। অসহযোগ।

سٹرپٹر (সটর পটর) হিঃ নাঃ স্ত্রীং ; খুঁটি নাটি কাজ। মামুলি কথা। বিক্ষিপ্ত।

سٹرلنگ (স্টার্লিং -Sterling) পাউন্ড। দেখুন - اسٹرلنگ

سٹریٹ (স্ট্রীট-Street) সড়ক, এলাকা।

سٹریچر (স্ট্রেচার-Stretcher) ইং নাং পুং ; যে খাটিয়ায় করে রোগীকে নেয়া হয়।

سٹک (স্টিক-Stick) ইং নাঃ স্ত্রীং ; ছড়ি। লাঠি।

سٹک (সটক) হিঃ নাঃ স্ত্রীং ; লম্বা নলযুক্ত। হুক্কাযুক্ত। পেঁচওয়ান।

سٹکنا (সটকনা) হিঃ মূঃ ; গোপনে চলে যাওয়া। পালিয়ে যাওয়া।

سٹلی (সটাল্লি) হিঃ বিঃ ; বেহুদা। অবিবেচক।

سٹنا (সটনা) হিঃ মূঃ ; ষড়যন্ত্র।

سٹو (স্টোভ -Stove) চুলা। কুকার।

سٹوڈینٹ (স্টুডেন্ট-Student) ইং ; ছাত্র শিক্ষানবীশ।

سٹوڈیو (স্টুডিও -Studia) ইং ; ছবিঘর। যেখানে ছবি তোলা হয়। স্টুডিও।

سٹور (স্টোর-Store) ইং ; গুদাম। গোডাউন।

سٹوری (স্টোরি-Story) ইং ; কাহিনী। গল্প।

سٹول (স্টোল-Stool) ইং নাঃ পুং ; টিপয়। বেঞ্চ।

سٹھ (সাঠ) হিঃ মূঃ ; মূর্খ। বেকুফ।

سٹہ (সট্টাঃ) হিঃ নাঃ পুং ; প্রতিজ্ঞাপত্র। একপ্রকার জুয়া।

سٹھانی (সেঠানী) হিঃ নাঃ স্ত্রীং ; শেঠ-বৌ।

سٹھی (সাঠী) হিঃ নাঃ স্ত্রীং ; এক প্রকার লাল রঙের চাউল।

سٹھیانا (সাঠিয়ানা) হিঃ মূঃ ; বার্ধক্যজনিত জ্ঞানশূন্যতা।

سٹی (সিটি-City) ইং নাং পুং ; শহর। নগর।

سٹی (সিটটি) হিঃ নাঃ স্ত্রীং ; বুঝ। হুশ। জ্ঞান। বিবেচনা।

سٹیٹ (স্টেট -State) ইং নাং স্ত্রীং ; রাষ্ট্র। সাম্রাজ্য।

سٹیج (স্টেজ -Stage) ইং ; মঞ্চ। মিম্বার।

سٹیڈیم (স্টেডিয়াম-Stadium) ইং ; খেলার মাঠ।

سٹیل (স্টীল -Steel) ইং ; লোহা।

سٹیم (স্টীম -Steam) ইং ; বাষ্প।
سیٹم انجن (স্টীম ইঞ্জিন -Steam Engine) বাষ্পীয় ইঞ্জিন।
سٹیم بوٹ (স্টিম বোট -Steam Boat) ইং ; ইঞ্জিন চালিত নৌকা।
سٹنسل (স্টেনসিল-Stencil) ইং নাঃ পুং ; মশল্লা লাগানো কাগজ বিশেষ, যাতে লোহার কলম দ্বারা লিখলে উহাই ছাপা হয়। স্টেনসিল পেপার।

س - ج

سج (সাজ) হিঃ নাঃ স্ত্রীং ; অলংকার। অলঙ্করণ। সৌন্দর্য। রূপ-চর্চা।
سجا (সাজ্জা) হিঃ বিঃ ; সাজা। ডান। ডান হাত।
سجاد (সাজ্জাদ) আঃ বিঃ ; সেজদাকারী। এবাদতকারী।
سجاده (সাজ্জাদাঃ) আঃ নাঃ পুং ; জায়নামায। পীর-বুযুর্গের আসন।
سجاف (সিজ্জাফ) আঃ নাঃ স্ত্রীং ; চওড়া পট্টি। প্রলম্বিত কাপড়ের পাড়।
سجان (সুজান) হিঃ বিঃ ; আলেম। ওয়াকিফহাল। জ্ঞানী। হুঁশিয়ার বিচক্ষণ। সুজন।
سجانا (সাজানা) হিঃ বিঃ ; সাজান। ধারাবাহিকতা বজায় রাখা। শৃঙ্গার করা।
سجانا (সুজানা) হিঃ মৃঃ ; ফুলিয়ে দেয়া। পাম-পট্টি দেয়া।
سجاوٹ (সাজাওয়াট) হিঃ নাঃ স্ত্রীং ; সাজ-সজ্জা।
سجده (সাজদাঃ) আঃ নাঃ পুং ; কপাল জমিনে রাখা। সেজদা করা। খোদার সামনে মাথা ঝুঁকানো।
سجع (সাজা) আঃ নাঃ পুং ; সুরেলা পাখির কিচির মিচির। সমিল কবিতা।
سجل (সিজাল) হিঃ বিঃ ; ভাল, সুন্দর, শোভন। শরয়ী হুকুম, দস্তাবেজ, রেজিষ্ট্রি। কাজীর মোহর।
سجن (সজন) হিঃ নাঃ পুং ; সম্মানিত। অভিজাত। স্বামী। সাথী-সঙ্গী।
سجن (সিজ্‌ন) হিঃ নাঃ পুং ; জেলখানা। কারাগার। শ্রীঘর। লাল দালান।
سجنا (সাজনা) হিঃ মৃঃ ; সাজা, উজ্জ্বল করা। তৈরী করা।
سجنجل (সাজনজাল) আঃ নাঃ পুং ; আয়েনা। গলিত স্বর্ণ-রৌপ্য। জাফরান, সীসা।
سجنی (সজনী) হিঃ নাঃ পুং স্ত্রীং ; সখী। সই। বান্ধবী। সজনী, প্রেমাস্পদ।
سجھانا (সুঝানা) হিঃ মৃঃ ; সতর্ক করা। জিতান। দেখানো। বলানো।
سجی (সজ্জী) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার কাপড় ধৌতকারী (ডিটারজেন) পাউডার। গ্লিসারিন পাউডার।
سجیلا (সিজীলা) হিঃ বিঃ ; সুগঠিত। সুন্দর।
سجل (সিজিল্‌) আঃ ; রেজিস্ট্রী চেক। হুকুমনামা।
سجیل (সিজ্জিল) হিঃ ; পাথরকুচি। চারা।
سجین (সাজীন) হিঃ ; কয়েদী, আসামী।
سجین (সিজ্জীন) আঃ নাঃ পুং ; দোযখের একটি ঘাঁটি।
سجیه (সাজিয়্যাহ) আঃ ; খাসলত, অভ্যাস। প্রকৃতি।

س - چ

سچ (সাচ) হিঃ বিঃ ; সত্য। যথার্থ, সততা।
سچا (সাচ্চা) হিঃ বিঃ ; সত্যবাদী। স্পষ্টবাদী। সত্যাশ্রয়ী।
سچاپن (সাচ্চাপন) সত্যবাদিতা।
سچائی (সাচ্চায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; সততা। ধার্মিকতা। ঈমানদারী। সাধুতা। অকৃত্রিমতা।
سچی (সাচ্চী) তুঃ ; শরাব।
سچل (সাচ্চাল) হিঃ বিঃ ; নিখাদ। নির্ভেজাল। যথার্থ।
سچیت (সুচায়ত) হিঃ বিঃ ; বিশেষজ্ঞ।

ধাবিত। স্বল্পেতুষ্টি। বিচক্ষণ।
سچی (সাচ্চী) হিঃ বিঃ ; সত্যবাদী।
سچیں مچیں (সাচ্চে মাচ্চে) প্রাঃ ; সত্য।

س – ح

سحاب (সাহাব) আঃ নাঃ পুং ; বাদল। মেঘ।
سحر (সাহার) আঃ নাঃ স্ত্রীং ; সকাল। প্রভাত।
سحر (সিহ্‌র) আঃ নাঃ পুং ; যাদু, টোনা। মন্ত্র।
سحرآمیز (-আমীয) ফাঃ বিঃ ; মন্ত্রমুগ্ধ।
سحر بیان (– বয়ান) ফাঃ বিঃ ; যাদুকরি বক্তৃতা। আগুনঝরা ভাষণ।
سحر سنج (– সঞ্জ) ফাঃ বিঃ ; যাদুতে অভিজ্ঞ যিনি। যাদুকর।
سحر طراز (– তরায) ফাঃ বিঃ ; যাদুকর।
سحور (সাহুর) আঃ সাঃ স্ত্রীং ; সাহরী। শেষ রাতের খানা।
سحری (সাহ্‌রী) ফাঃ নাঃ স্ত্রীং ; রোযার জন্য উষা উদয়ের পূর্বে যে আহার করা হয়।

س – خ

سخاوت – سخا (সাখাওয়াত– সাখা) আঃ নাঃ স্ত্রীং ; বদান্যতা। উদারতা।
سخت (সখত) ফাঃ বিঃ ; কড়া, শক্ত। উগ্র, ভারী, অত্যাচারী। কাঠিন্য।
سختی (সখতী) ফাঃ নাঃ স্ত্রীং ; উগ্রতা। কষ্টরতা। কঠোরতা। হৃদয়হীনতা। রিক্ততা।
سخط (সখত) আঃ ; গোস্বা হওয়া।
سخن (সুখুন) ফাঃ নাঃ পুং ; কথা। কথোপকথন। বাদানুবাদ। ছন্দ। বাণী। প্রবন্ধ।
سخن چیں (–চী) ফাঃ বিঃ ; চোগলখোর। ছিদ্রান্বেষী।
سخن چینی (– চীনি) ফাঃ নাঃ স্ত্রীং ; দোষ বের করা। ছিদ্রান্বেষণ করা।
سخن داں (–দাঁ) ফাঃ বিঃ ; কবি। ভাষাবিদ। মুখরা।
سخن ساز (–সায) ফাঃ বিঃ ; কবি। কথাশিল্পী।
سخونت (সখুনাত) আঃ ; গরম। উষ্ণ।
سخی (সখী) আঃ বিঃ ; দানশীল। উদার। প্রশস্ত হৃদয়।
سخیف (সখীফ) আঃ বিঃ ; নির্বোধ। ছেলেমি। বোকামি।
سخین (সাখীন) আঃ বিঃ ; গরম বস্তু। গরম পানি। মোটা কাপড়। পানি শুষেনা এমন মোজা।

س – د

سد (সদ্দ) আঃ নাঃ পুং ; দেয়াল। প্রাচীর, আড়, পর্দা। বাধা। প্রতিবন্ধকতা।
سدباب (সদ্দে বাব) আঃ নাঃ পুং ; চির উৎখাত, মূলোৎপাটন। চিরতরে রহিতকরণ।
سدرمق (সদ্দে-রমক) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; অল্প, যৎসামান্য, যৎকিঞ্চিত। জীবন ধারণ পরিমাণ।
سد سکندر – سد یاجوج (সদ্দে সিকান্দার, সদ্দে ইয়াজুজ) জুলকারনাইন বাদশাহ ইয়াজুজ মাজুজদের দমনকল্পে যে প্রাচীর নির্মাণ করেন, তাকে 'ইসকান্দারিয়া' প্রাচীর বলে।
سدا (সদা) সঃ বিণ ; সর্বদা, চিরদিন। লাগাতার। অবিরাম।
سدابرات (সাদা বরাত) হিঃ নাঃ পুং ; লঙ্গার। রোজানা দান, খয়রাত।
سدابہار (সদা বাহার) হিঃ বিঃ ; বারমাসী ফুল।
سداسہاگ و سہاگن (সদা সোহাগ–ওয়া সোহাগন) হিঃ নাঃ স্ত্রীং ; পাখি বিশেষ। স্বামী সোহাগিনী। যে নারীর স্বামী সর্বদা তার কাছে থাকে।
سداگلاب (সদা গুলাব) হিঃ নাঃ পুং ; লাল

গোলাপ।

سداب (সাদাব) আঃ নাঃ পুং ; কালদানা, কালোজিরা।

سدره (সিদরা) আঃ নাঃ স্ত্রীং ; বরই গাছ।

سدرةالمنتهى (সিদরাতুল মুনতাহা) আঃ নাঃ পুং ; হযরত জিবরাঈলের ঊর্ধ্বাকাশের শেষ গমনস্থল, এর সামনে এক চুলও তিনি যেতে সক্ষম নন। মেরাজ রজনীতে তিনি রাসূলুল্লাহ (সাঃ) –এর সাথে এ পর্যন্তই এসেছিলেন। বরই গাছ।

سدرة نشين (সিদরানশীন) আঃ বিঃ ; হযরত জিবরাঈল (আঃ)।

سدنه (সাদানাহ্) আঃ ; গার্ড, প্রহরী, দারোয়ান।

سڈول (সাডওল) হিঃ ; হাস্যমুখ, উদার, মিশুক।

سدوم (সাদুম) আঃ ; সিরিয়ার একটি অঞ্চল, যেখানে কওমে (সাদুম) লুতকে খোদা তা'আলা ধ্বংস করেছিলেন।

سدس (সুদুস) আঃ বিঃ ; ষষ্ঠাংশ, $\frac{1}{6}$।

سده (সিদহ) আঃ নাঃ পুং ; পরিপূর্ণ, পূর্ণ, অভিজ্ঞ।

سده (সুদ) হিঃ নাঃ স্ত্রীং ; স্মরণ, খবর, জ্ঞান, বুদ্ধি, বিবেক।

سده بده (সুদ বুধ) হিঃ নাঃ স্ত্রীং ; বিদ্যা-বুদ্ধি, আক্কল-জ্ঞান,, বোধ-ছোদ।

سده (সুদধা) আঃ নাঃ পুং ; দেউড়ী, বেলকুনী।

سدهارنا (সিধার্না) হিঃ মূঃ ; যাওয়া।বিদায় লওয়া। মরিয়া যাওয়া।

سدهارنا (সুধার্না) হিঃ মূঃ ; সজ্জিত করা। পরিপাটি করা। সংশোধন করা।

سدهانا (সধানা) হিঃ মূঃ ; শিক্ষা দেওয়া।

سدى (সুদী) হিঃ নাঃ স্ত্রীং ; চান্দ্র মাসের শুক্লপক্ষ।

سديد (সাদীদ) আঃ বিঃ ; ঠিক, যথার্থ।

سدير (সাদীর) আঃ নাঃ পুং ; বাহরাম গোরের জন্য নোমান ইবনে মুনযিরের নির্মিত প্রাসাদ।

سديس (সুদাইস) আঃ বিঃ ; আট বছরের উট।

سديو (সাদইউ) ফাঃ ; হযরত সুলায়মান (আঃ)–এর আংটির অনুগত দৈত্য।

سديش (স্বদেশ) হিঃ নাঃ পুং ; স্বদেশ, স্বাগতিক।

سديشى (স্বদেশী) হিঃ নাঃ স্ত্রীং ; স্বদেশী, অভ্যন্তরীণ।

سدى (সুদী) হিঃ নাঃ স্ত্রীং ; চান্দ্র মাসের দ্বিতীয়ার্ধ। কৃষ্ণপক্ষ।

س – ڈ

سڈول (সুডওল) হিঃ বিঃ ; সুঢৌল, সুন্দরী।

سڈھال (সুঢাল) হিঃ বিঃ ; সুন্দরী, প্রফুল্লময়ী।

س – ر

سر (সুর) হিঃ নাঃ পুং ; সুর। স্বর। তান।

سر (সির্) আঃ নাঃ পুং ; গোপন কথা। গোপন তথ্য। রহস্য।

سر (সার) ফাঃ নাঃ পুং ; খুপড়ি, কোন জিনিষের উপরাংশ, চূড়া, শুরু। চিন্তা-ফিকির, শক্তি, সর্দার, সংক্ষিপ্তি।

سرآمد (সার আমদ) ফাঃ বিঃ ; নির্বাচিত, সম্মানিত, হাকেম, সর্দার।

سراجلاس (সার এজলাস) ফাঃ নাঃ পুং ; ভরা কোর্টে, জনাকীর্ণ আদালতে।

سرافراز (সার আফরাজ) ফাঃ বিঃ ; সম্মানিত , উঁচু। মহত্তম, মহানুভব।

سرافگنده (সার আফগান্দা) ফাঃ বিঃ ; অবনত মস্তক। লজ্জা। অনুতাপ।

سرانجام (সারআনজাম) ফাঃ বিঃ ; ব্যবস্থাপনা। বন্দোবস্ত। পূর্ণতা। ফলাফল। পরিনাম। পরিশিষ্ট।

سرباز (সারবায) ফাঃ নাঃ পুং ; জানেবায যোদ্ধা।

سربازار (সারে বাযার) ফাঃ নাঃ পুং ;

চৌরাস্তা, খোলা বাজারে, সকলের সামনে।

سرانداز (সার আনদায) ফাঃ ; ওড়না, নুপুর, বিচক্ষণ।

سربراہ (সরবরাহ) ফাঃ বিঃ ; মহা পরিচালক, মহা ব্যবস্থাপক।

سربسر (সার বসর) ফাঃ ; সম্পূর্ণভাবে, প্রথম হতে শেষ পর্যন্ত।

سربفلک (সার ব'ফালাক) ফাঃ বিঃ ; সুউচ্চ, গগন-চুমো, আকাশ চুম্বী।

سربکف (সার ব'কাফ) ফাঃ বিঃ ; হাতের উপর মাথা রেখে, জানবাযি রেখে।

سربلند (সার বুলন্দ) ফাঃ বিঃ ; সম্মানিত, অভিজাত, মহত্তম।

سربند (সার বন্দ) ফাঃ বিঃ ; মাথার টোপ, মহিলাদের মাথায় বাধার কালো কাপড় বিশেষ, মুখবন্ধ।

سرپرست (সার পুরস্ত) ফাঃ বিঃ ; মুরুব্বী, তত্ত্বাবধায়ক। পৃষ্ঠপোষক।

سرپرستی (সার পুরুস্তী) ফাঃ নাঃ স্ত্রীং ; সাহায্য। পৃষ্ঠপোষকতা, তত্ত্বাবধান।

سرتابی (সারতাবী) ফাঃ নাঃ স্ত্রীং ; অহংকার, গর্ব, আত্মম্ভরিতা। বিদ্রোহ।

سرتاج (সারতাজ) ফাঃ নাঃ পুং ; প্রভু, মালিক, মুনিব, স্বামী, ভাতার।

سرتاپا (সারে তাপা) সাঃ ; আপাদ মস্তক। শুরু থেকে শেষ।

سرتاسر (সার তা সার) ফাঃ ; মাথা থেকে মাথায়, গোটা, পুরোপুরি, সম্পূর্ণ।

سرچشمہ (সার চশমা) ফাঃ নাঃ পুং ; সূতিকাগার , উৎসগিরি, জলপ্রপাত, ঝর্ণা, প্রস্রবণী।

سرخط (সার খত) ফাঃ নাঃ পুং ; কবলা, বিক্রি নামা। ভাড়ার রশিদ।

سرخیل (সার খীল) ফাঃ বিঃ ; সর্দার, অফিসার।

سردربار (সারে দরবার) ফাঃ নাঃ পুং , প্রকাশ্যে। দিবালোকে।

سردرکنار (সার দর কিনার) ফাঃ নাঃ বিঃ ; চুপচাপ, খামোশ।

سردست (সার দশত) ফাঃ বিণ ; এখন, এই মাত্র, বর্তমানে।

سرزمین (সরে জমিন) ফাঃ নাঃ স্ত্রীং ; জমিনের উপারভাগে, সরেজমিনে। হাতেকলমে। দেখে শুনে।

سرزنش (সার যনিশ) ফাঃ নাঃ স্ত্রীং ; ভর্ৎসনা, নিন্দামন্দ।

سرزنی (সারযানী) ফাঃ নাঃ স্ত্রীং ; মাথা কোটা, চেষ্টা করা।

سرزور (সার যোর) ফাঃ বিঃ ; অহংকারী, নাফরমান।

سرزوری (সারযুরী) ফাঃ নাঃ স্ত্রীং ; অহংকার, আত্মম্ভরিতা

سرسبز (সার সব্জ) ফাঃ বিঃ ; তরুতাজা, টাটকা তাজা, শস্য-শ্যামল।

سرعسکر (সারে আসকর) ফাঃ নাঃ পুং ; ফিল্ড মার্শাল। কমান্ডার-ইন-চীফ।

سرغنہ (সারগানা) ফাঃ বিঃ ; সর্দার। শিরোমণি।

سرفراز (সারফরায) ফাঃ বিঃ ; সম্মানিত, মহত্তম, অভিজ্ঞাত।

سرفروش (সারফুরুশ) ফাঃ নাঃ পুং ; জানবায। নির্ভীক।

سرفروشی (সার ফুরুশী) ফাঃ নাঃ স্ত্রীং ; জানবাযী। নির্ভীকতা।

سر (স্যার-Sir) ইং নাঃ পুং ; বড়দের খেতাব করে বলা হয়। ইংল্যান্ডের আমীর-উমরা।

سرا (সরা) ফাঃ নাঃ স্ত্রীং ; সরাই। সরাইখানা। বাসস্থান। (রূপকার্থে) পৃথিবী।

سرا (সারা) ফাঃ স্ত্রীং ; গায়ক।

سر-سرائے (সারা, সোরাই) ফাঃ নাঃ স্ত্রীং ; ঘর, হাবেলী, মাকান।

سرا (সিরা) হিঃ নাঃ পুং ; প্রান্ত, পার্শ্ব, চূড়ান্ত, প্রারম্ভ, সূচনা।

سراب (সারাব) আঃ নাঃ পুং ; মরীচিকা, ধোঁকা, অনস্তিত্ব।

سراپ (সারাপ) হিঃ নাঃ পুং ; বদদোয়া, অভিশাপ।

سراپا (সারাপা) ফাঃ নাঃ পুং ; আপাদমস্তক।

سراٹا (সাররাটা) হিঃ নাঃ পুং ; প্রবল বাতাসের আওয়াজ। বাতাসের ঝাপটা।

سراج (সিরাজ) আঃ নাঃ পুং ; চেরাগ, উজ্জ্বলতা, সূর্য।

سرادھ (সরাধ) হিঃ নাঃ পুং ; মহোৎসব।

سراسر (সরাসর) ফাঃ বিঃ ; পুরা, শুধুমাত্র, এক নযরে, মোটামুটিভাবে।

سراسری (সরাসরি) ফাঃ বিঃ নাঃ স্ত্রীং ; মাথার অলংকার বিশেষ। সিঁথি পাটি, টিকলি, বিণ ; দ্রুত, জলদি। ইং ; সরাসরি সম্প্রচার – (Live-লাইভ)।

سراسیمگی (সরাসিমেগী) ফাঃ নাঃ স্ত্রীং ; পেরেশানী, হতাশা, আতংক।

سراسیمہ (সরা সীমা) ফাঃ বিঃ ; হয়রান, পেরেশান।

سراغ (সুরাগ) তুঃ নাঃ পুং ; খোঁজ, পদচিহ্ন। খবর, ঠিকানা। অনুসন্ধান, তালাশ।

سرانا (সিরানা) হিঃ মূঃ ; ঠান্ডা করা। শীতল করা। ডুবানো।

سراوک (সরাওক) হিঃ নাঃ পুং ; জৈন বা বৌদ্ধ মতাবলম্বী।

سراون (সরাবন) হিঃ নাঃ পুং ; দুরমুজ। বুলডোজার।

سراہنا (সারাহনা) হিঃ মূঃ ; প্রশংসা করা। খোশামোদি করা। চাটুকারিতা।

سرائے (সরায়) ফাঃ নাঃ স্ত্রীং ; سرا দেখুন।

سرایت (সেরায়েত) আঃ নাঃ স্ত্রীং ; প্রতিক্রিয়া করা। অনুপ্রবেশ।

سرب (সরব) হিঃ বিঃ ; পুরা, গোটা, তামাম।

سرب (সুরব) ফাঃ নাঃ পুং ; সীসা, মূদ্রা, ধাতব পদার্থ।

سربستہ (সরবস্তাঃ) ফাঃ বিঃ ; গোপনীয়। জটিল। রহস্যময়।

سربند (সার বন্দ) প্রাঃ নাঃ পুং ; পাগড়ি, দস্তার।

سر بھنگی (সারভাঙ্গী) হিঃ নাঃ পুং ; হিন্দুদের একটি জাত, যারা জাতিভেদ প্রথা ও হারাম-হালালের ধার ধারে না।

سرپ (সারপ) সঃ নাঃ পুং ; সাঁপ। হিংসুক।

سرپت (সারপত) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার তৃণমূল। পাতা বাহার।

سرپٹ (সারপট) হিঃ নাঃ স্ত্রীং ; অশ্বের সর্বোচ্চ তেজস্বিকতা। দৃঢ়তা।

سرپٹ دوڑانا (সারপট দৌড়ানা) নাঃ পুং ; ঘোড়াকে হাঁকান এলোপাতাড়ি চালান।

سرپھوکا (সারফুকা) হিঃ নাঃ পুং ; এক প্রকার ঘাস।

سرت (সুরাত) হিঃ নাঃ স্ত্রীং ; ধ্যান। খেয়াল। চিন্তা। সাবধানতা। স্মৃতিচারণ। জ্ঞান। বিচক্ষণতা।

سرت آنا (– আনা) নাঃ পুং ; হুশ আসা। বোধশক্তি। খেয়াল হওয়া।

سرت بسارنا (–বসারনা) নাঃ পুং ; হুশ হারান।

سرتا (সুরতা) হিঃ বিঃ ; হুঁশিয়ার। চৌকস। অনবদ্য। ধীমান। বিচক্ষণ।

سرتا برتا (সরতা বরতা) হিঃ নাঃ পুং ; ইন্তেযাম। ব্যবস্থাপনা। বন্দোবস্ত। খর্চা। ব্যয়। হিস্যা।

سرتی (সুর্‌তী) হিঃ নাঃ স্ত্রীং ; শুষ্ক তামাক।

سرٹیفکیٹ (সার্টিফিকেট–Certificate) ইং নাঃ পুং ; সনদ। প্রমাণপত্র।

سرجری (সার্জারী–Surgery) ইং নাঃ স্ত্রীং ; অস্ত্রোপচার। ফাড়া-চেড়া।

سرجن (সার্জন–Surgeon) ইং নাঃ পুং ; অস্ত্রোপচারকারী। সার্জন।

سرجن (সুর্জন) হিঃ নাঃ পুং ; সুজন। অভিজাত। ভদ্র। অমায়িক।

سرجن ہار (সুর্জনহার) হিঃ বিঃ ; স্রষ্টা।

سرجیون (সারজিওন) হিঃ বিঃ ; সবুজ–শ্যামল। মজবুত। শক্ত। জীবন

সঞ্জীবনী। উজ্জীবনী। চিরসবুজ।

سرچارج (সারচার্জ–Surcharge) ইং নাঃ পুং ; বিদ্যুতের অতিরিক্ত কর। অতিরিক্ত রাজস্ব।

سرحد (সর্‌হদ্) নাঃ স্ত্রীং ; সীমা। সীমান্ত।

سرحدی (সর্‌হদী) সীমান্তের অধিবাসী।

سرخ (সুরখ) ফাঃ বিঃ ; লাল। এক রত্তি। আট চাউলের সমপরিমাণ ওজন।

سرخ باد (সুরখ বাদ) ফাঃ নাঃ পুং ; অসুখ বিশেষ, যাতে সারা শরীরে লাল দাগ পড়ে।

سرخا (সুরখা) নাঃ পুং ; সিন্দুরে আম। কবুতর বিশেষ। তুচ্ছার্থে। কমিউনিস্ট।

سرخاب (সুরখাব) ফাঃ নাঃ পুং ; মাছরাঙ্গা।

سرخ رو (সুর্‌খ্‌'রূ) বিঃ ; কৃতকার্য সফলকাম। বিজয়ী।

سرخروئی (সুর্‌খ্‌'রূঈ) নাঃ স্ত্রীং ; সম্মান। খ্যাতি। কৃতকার্যতা।

سرخی (সুরখী) ফাঃ নাঃ স্ত্রীং ; লালিমা। লাল বর্ণ। লিপিস্টিক।

سرخی دینا (সুরখী দেনা) নাঃ পুং বাঃ ; শিরোনাম সেট করা। শিরোনাম সাব্যস্ত করা।

سرخی مائل (সুরখী মায়েল) আঃ ফাঃ বিঃ ; রক্তাক্ত। রক্তিম। রক্তাভ।

سرد (সরদ) ফাঃ বিঃ ; ঠান্ডা। নিস্প্রভ। বিস্বাদ। নুজা। অনুভূতিহীন।

سرداته (সরদাতা) ফাঃ নাঃ পুং ; জীবন–মৃত্যু।

سرداله (সরদ আলা) ফাঃ নাঃ পুং ; ফ্রিজ। (রেফ্রিজারেটর–Refrigerator)।

سرد بازاری (সরদ বাজারী) বাজার মন্দা। নিম্নমূখী বাজার।

سرده (সরদাঃ) হিঃ নাঃ পুং ; একপ্রকার ফল। খরবুজা।

سرس (সরস) হিঃ বিঃ ; অতিরিক্ত। উত্তম। প্রকৃত। নিখাদ।

سرس (সিরাস) হিঃ নাঃ পুং ; পাতাবাহার গাছ।

سرسام (সরসাম) ফাঃ নাঃ পুং ; প্রলাপ। উম্মত্ততা। অসুখকালীন তিক্ততা।

سرساهی (সরসাহী) হিঃ নাঃ স্ত্রীং ; জমিনের মাপ বিশেষ। ৪$\frac{১}{২}$ ফুট।

سرستی (সরস্‌তি) হিঃ নাঃ স্ত্রীং ; হিন্দু বিশ্বাস মতে–বিদ্যার দেবী, স্বরস্বতী।

سرسٹه (সারসাঠ্‌) হিঃ নাঃ বিঃ ; সাতষট্টি। ৬৭।

سرسر (সরসর) হিঃ নাঃ ; বাতাসের আওয়াজ। শন্‌ শন্‌। শোঁ শোঁ।

سرسرانا (সরসরানা) হিঃ মূঃ ; বাতাসের ঝাপটা। শন্‌ শনানি।

سرسراهٹ (সরসরাহাট) হিঃ নাঃ স্ত্রীং ; বাতাসের তোড়ে পাতার শো শো আওয়াজ। সাপের ফোঁস-ফোঁসানি।

سرسری (সরসরী) ফাঃ বিঃ ; স্বাভাবিক। মামুলী। দ্রুত। এক নযরে।

سرسری (সুরসুরি) হিঃ নাঃ স্ত্রীং ; ক্যাত কুতু। লাল পামরী পোকা। আঠালী পোকা।

سرسوں (সরসোঁ) হিঃ নাঃ স্ত্রীং ; সরিষা। মৈষনা।

سرشار (সরশার) ফাঃ বিঃ ; পাগল। মাতাল। নেশাখোর। মদ্যপ।

سرشاری (সরশারী) ফাঃ নাঃ স্ত্রীং ; মাতলামি। পাগলামি।

سرشت (সারিশ্‌ত) ফাঃ নাঃ স্ত্রীং ; প্রকৃতি। মেজাজ। স্বভাব। অভ্যাস। বৈশিষ্ট্য। গুণাবলী। চরিত্র।

سرشته (সারিশ্‌তা) ফাঃ নাঃ পুং ; মোকাম। কাচারী বিভাগ প্রথা। সংবিধান। রীতিনীতি।

سرشته دار (সারিসতাদার) ফাঃ নাঃ পুং ; দপ্তরী। সেরেস্তাদার।

سرشک (সারশক) ফাঃ নাঃ পুং ; অশ্রু। চোখের পানি। আঁসূ।

سرطان (সরতান) আঃ নাঃ পুং ; কাঁকড়া।

বৃশ্চিক রাশি। ক্ষতরোগ বিশেষ। ক্যান্সার।

سرعت (সুর'আত) আঃ নাঃ স্ত্রীং ; দ্রুততা। গতি। বেগ।

سرغنا (সরগানা) ফাঃ নাঃ পুং ; দলপতি। সম্মানিত ব্যক্তি।

سرفه (সরফাঃ) আঃ নাঃ পুং ; অপব্যয়। বেহুদা খর্চা।

سرفه (সুরফাঃ) ফাঃ নাঃ পুং ; কাঁশী। গলা কাঁখা। কফ।

سرقه (সারাকাঃ) আঃ নাঃ পুং ; চুরি।

سرقه بالجبر (সারাকা বিল জবর) আঃ নাঃ পুং ; লুটতরাজ। লুটপাট। ছিনতাই।

سرک (সুরুক) প্রাঃ নাঃ স্ত্রীং ; ফাঁদ। ফাঁসি।

سرکار (সরকার) ফাঃ নাঃ স্ত্রীং ; হুকুমত। রাজত্ব। প্রভু। মালিক। সর্দার। প্রেমাষ্পদ। অকৃত্রিম বন্ধু। আদালত। দরবার।

سرکار دربار (সরকার দরবার) নাঃ পুং ; শাহী কাচারী। হাইকমান্ড। নীতি নির্ধারক। উর্ধ্বতন কর্তৃপক্ষ।

سرکاری (সরকারী) নাঃ বিঃ ; সরকারী। রাষ্ট্রীয়।

سرکاری اہل کار (সরকারী আহলেকার) ফাঃ নাঃ পুং ; প্রজাতন্ত্রের কর্মচারী। সরকারী কর্মচারী।

سرکاری کاغز (সরকারী কাগজ) ফাঃ নাঃ পুং ; স্ট্যাম্প।

سرکاری وظیفه (সরকারী ওজিফা) ফাঃ নাঃ পুং ; পেনশন।

سرکانا (সরকানা) হিঃ মূঃ ; সরান। স্থানচ্যুত করণ। স্থানান্তরণ।

سرکرنا (সরকরনা) হিঃ মূঃ ; জয় করা।

سرکٹ (সার্কিট-Circuit) ইং নাঃ পুং ; পরিদর্শন। চক্র। ঘূর্ণন। জজের মোকাদ্দমা শোনার জন্য কোথাও যাওয়া।

سرکٹ هاوس (সার্কিট হাউস-Circuit House) বাংলো, যাতে সরকারী প্রশাসন পরিদর্শনে বেরিয়ে আরাম করেন।

سرکس (সার্কাস-Circus) ইং নাঃ পুং ; মানুষ ও জানোয়ারের দৈহিক কসরত প্রদর্শনের তামাশা বিশেষ। সার্কাস।

سرکل (সার্কেল-Circle) ইঃ নাঃ পুং ; ক্ষুদ্রদল। বৃত্ত। বন্ধনী। কোন অফিসারের আওতাধীন এলাকা।

سرکلر (সারকুলার-Circular) ইঃ নাঃ পুং ; ফরমান নামা। হুকুম নামা। সরকারী পত্র। ইশতেহার নামা।

سرکنا (সরকনা) হিঃ বিঃ ; সরানো। টানা। আকর্ষণ করা। নড়া।

سرکش (সারকাশ) ফাঃ বিঃ ; অবাধ্য। উদ্ধত। আত্মম্ভরী। অহংকারী।

سرکشی (সারকাশী) ফাঃ নাঃ স্ত্রীং ; ঔদ্ধত্য। অবাধ্যতা। বিদ্রোহ।

سرکنڈا (সারকান্ডা) হিঃ নাঃ পুং ; নল খাগড়া।

سرکنگبین (সরকাঙ্গাবীন) ফাঃ নাঃ স্ত্রীং ; সিরকা। মধুর শরবত। আরবীতে, سکنجبین।

سرکوب (সারকুব) ফাঃ নাঃ পুং ; ব্যবস্থাপক। অফিসার।

سرکوبی (সারকুবী) ফাঃ বিঃ ; কান মলা। কান টানা। লঘুদন্ড। হালকা শাস্তি।

سرکه (সিরকা) ফাঃ নাঃ পুং ; আখ বা আংগুরের টক শরবত। মজাদার চাটনি জাতীয় উপখাদ্য।

سرکی (সিরকী) হিঃ নাঃ স্ত্রীং ; নলের পাতলা চটা। বাশের শাঁস্।

سرگ (সুরাগ) হিঃ নাঃ পুং ; জান্নাত। ফেরদাউস। আসমান।

سرگ باشی (সুরাগ বাশী) জান্নাতী। স্বর্গীয়। বেহেশতী।

سرگذشت (সার গোযাস্ত) ফাঃ নাঃ স্ত্রীং ; কাহিনী। ঘটনা। ব্যপার। উপাখ্যান।

سرگشته (সর্‌গশ্‌তাঃ) ফাঃ বিঃ ; বিঃ চিন্তান্বিত। পথভ্রষ্ট। ভবঘুরে।

سرگران (সারগেরাঁ) ফাঃ বিঃ ; দুঃখিত। বিমর্ষ। অসন্তোষ। নাখোশ। অহংকারী।

سرگردان (সারগরদাঁ) ফাঃ বিঃ ; চিন্তান্বিত। পেরেশান।

سرگرم (সরগরম) ফাঃ বিঃ ; চতুর। পরিশ্রমী। উৎসাহী। দ্রুত।

سرگرمی (সরগরমী) ফাঃ নিঃ ; চালাকী।

سرگرده (সরগরদাঃ) ফাঃ ; কওমের সর্দার। নেতা। লিডার।

سرگشته (সারগাশতাঃ) ফাঃ ; চিন্তান্বিত। পথভ্রষ্ট। ভবঘুরে। হয়রান। পেরেশান।

سرگم (সুরগম) হিঃ নাঃ পুং ; সংগীতের সপ্ত সুরের সমষ্টি। সারে-গামা-পাদা -নিসা।

سرگوشی (সরগুশী) ফাঃ ; কানাকানি। কানাঘুষা।

سرل (সরল) হিঃ ; লম্বা। সোজা। সরল।

سرلوح (সারে লোহ) ফাঃ; প্রচ্ছদ নকশা।

سرما (সরমা) ফাঃ নাঃ পুং ; শীত। শীত কাল। শীতঋতু।

سرمائی (সরমাঈ) ফাঃ বিঃ ; শীত পোষাক।

سرمایه (সরমায়াঃ) ফাঃ নাঃ পুং ; দৌলত। পুঁজি। মূলধন। ঐ বস্তু যা সম্পদ বৃদ্ধিতে সহায়ক হয়। (Capital-ক্যাপিটল)।

سرمایه دار (সরমায়াদার) ফাঃ নাঃ পুং ; ধনী, ধণাঢ্য। ধনকুবের। মালদার।

سرمایه دارانه (- দারানাঃ) ফাঃ নাঃ বিঃ ; পুঁজিবাদ সম্পর্কীয়।

سرمایه دارانه نظام (- দারানা নেযাম) ফাঃ নাঃ পুং ; পুঁজিবাদ। ইং ; (ক্যাপিটালিজম- Capitalism)।

سرمایه کار (- কার) ফাঃ নাঃ বিঃ ; পুঁজিবাদী। ক্যাপিটালিস্ট (Capitalist)।

سرمایه کاری (সরমায়াকারী) টাকা খাটান। পুঁজি বিনিয়োগ। ইং ; ক্যাপিটালাইজেশন। (Capitalisa -tion)।

سرمد (সারমাদ) আঃ বিঃ ; চিরন্তন। চিরকাল। সর্বকালীন। স্থিতিশীল। অবিনশ্বর। অক্ষয়। অটুট। অভঙ্গুর। অম্লান।

سرمدی (সারমাদী) ফাঃ বিঃ ; চিরন্তনী। সার্বজনীনত্ব। প্রাতিষ্ঠানিক রূপ। খোদায়ী। স্ত্রীং ; অক্ষত। অম্লান।

سر مست (সরমাস্ত) ফাঃ ; চিরন্তন। চিরকাল। অনন্তকাল।

سرمگیں (সরমগীঁ) ফাঃ বিঃ ; সুরমা লাগানো। সুরমা মিশ্রিত।

سرمغزی (সরমগযী) উঃ নাঃ স্ত্রীং ; বাচালতা। বক বক।প্যান প্যানানি।

سرمو (সারে মো) ফাঃ ; কিছুটা। সামান্য। যৎকিঞ্চিত। যৎসামান্য।

سرمه (সুরমাঃ) ফাঃ নাঃ পুং ; সুরমা। কাজল। বাংলাদেশের সিলেটের উপর দিয়ে প্রবাহিত একটি নদীর নাম।

سرمائی (সুরমাঈ) হিঃ বিঃ ; সুরমা রঙের।

سرمه آگیں (সুরমা আগীন) ফাঃ বিঃ ; সুরমা পেলব চোখ। কাজল কালো চোখ।

سرمه چشم (সুরমায়ে চশম) ফাঃ নাঃ বিঃ ; প্রিয়। চোখের মনি। পেয়ারা।

سرمه دانی (সুরমা দানী) ফাঃ নাঃ স্ত্রীং ; সুরমা রাখার পাত্র। সুরমা দানি।

سرمے (সুরমায়ে) ফাঃ ; সুরমা রঙ্গের।

سرنامه (সারনামা) ফাঃ ; শিরোনাম। হেড লাইন।

سرنا (সারনা) হিঃ মূঃ ; জিন্দা থাকা। জীবন ধারণ। হতে পারে।

سرن (সারান) হিঃ নাঃ ; আশা-ভরসা।

سرنج (সিরিঞ্জ-Syringe) ইং নাঃ স্ত্রীং ; নল। ইঞ্জেকশন কিংবা স্যালাইনের

সূঁচ।

سرنگ (সুরঙ্গ) হিঃ নাঃ স্ত্রীং ; খনি। সুড়ঙ্গ। মাটির নীচের সরুপথ। গহ্বর। পুং ; যে ঘোড়ার গ্রীবা ও লেজ লাল। বিঃ ; মনোলোভা রঙ।

سرنگوں (সার নগুঁ) ফাঃ বিঃ ; অবনত মস্তক। লজ্জিত।

سرنو (সারনও) ফাঃ ; নতুন করে। পুনরায়। গোড়ার থেকে। আবারও।

سرنوشت (সার নবিশ্‌ত) ললাট লিখন। ভাগ্যলিপি। তকদীর।

سرو (সরব) ফাঃ নাঃ পুং ; প্রকান্ড গাছ বিশেষ। সাইপ্রাসে সাধারণত এই গাছ জন্মে। সাইপ্রাস গাছ।

سروقد (সরবকদ) ফাঃ বিঃ ; লম্বা সুঠাম দেহ। হ্যান্ডসাম।

سروال (সরবল) প্রাঃ বিঃ ; বিখ্যাত। খ্যাতিমান।

سرواله (সরবালা) সালোয়ার। পাজামা।

سروپ (সরূপ) হিঃ ; সুন্দর। কান্তিমান। প্রাকৃতিক সৌন্দর্য।

سروها (সরবাহা) হিঃ নাঃ পুং ; ওয়ারিশ। উত্তরাধিকারী।

سروتا (সরোতা) হিঃ নাঃ পুং ; সুপারী কাটার সরতা।

سروبار (সরোবার) ফাঃ ; নহর। সাগর। ঝিল। বিল।

سرود (সুরূদ) ফাঃ নাঃ পুং ; গান। সুর। বীনা। সুর সংযোজনা।

سروری (সরওয়ারী) ফাঃ নাঃ স্ত্রীং ; সর্দারী।

سروس (সার্ভিস-Service) ইং নাঃ স্ত্রীং ; খেদমত। দায়িত্ব। চাকরী। নামায। পূজা-পাট। বল কিক্ করা। বল ড্রাইভ দেয়া। ভলিবল সার্ব করা।

سروس بک (সার্ভিস বুক-Service Book) ইং নাঃ পুং ; যে বইতে সরকারী কর্মচারীদের চাল-চলন লিপিবদ্ধ করা হয়।

سرور (সুরুর) ফাঃ ; খুশী। আনন্দ। প্রফুল্লতা।

سرور (সর্‌ওয়ার) ফাঃ নাঃ পুং ; প্রধান। দলপতি। سرور کائنات (-এ কায়েনাত) সৃষ্টির সেরা হযরত মুহাম্মাদ (সাঃ)।

سروکار (সরোকার) ফাঃ নাঃ পুং ; সম্বন্ধ। সহযোগীতা।

سره (সারা) ফাঃ ; নির্ভেজাল। নিখাদ। খালেছ।

سره (সুররা) হিঃ ; নাভী।

سرهنگ (সুরহঙ্গ) ফাঃ ; সেনাপতি। সিপাহসালার।

سرهانا (সারহানা) হিঃ নাঃ পুং ; বালিশ। তাকিয়া। কেদারা।

سرهج (সারহাজ) হিঃ নাঃ স্ত্রীং ; শালা-বৌ।

سرهنگی (সারহাঙ্গী) ফাঃ ; বীরত্ব। চালাকি।

سری (সারী) ফাঃ ; সর্দারী। মাতব্বরি।

سری (সিররী) উঃ বিঃ ; দেওয়ানা। পাগল।

سرير (সরীর) আঃ ; তক্তা। পালঙ্ক। রাজাসন। খাট।

سرے (সারে) হিঃ ; মাথাপিছু। জনপ্রতি। হার।

سرير (সারীর) হিঃ নাঃ পুং ; শরীর। অবয়ব।

سرير آرا (সারীর আরা) আঃ বিঃ ; ক্ষমতাশিল। সরকারী দল।

سريش (সারীশ) ফাঃ নাঃ পুং ; সিঁরিশ কাগজ। আইকা জাতীয় কাষ্ঠ জোড়া দেয়া আঠা বিশেষ।

سريع (সরী) আঃ বিঃ; দ্রুত। জলদি তেজস্বী। তেজোদীপ্ত।

سريع التاثير (সরীউত তাছীর) আঃ বিঃ ; দ্রুত প্রতিক্রিয়াজাত।

سريع الحركت (সরীউল হারাকাত) আঃ বিঃ ; দ্রুত স্পন্দনশীল।

سريع الزوال (সরীউয যাওয়াল) আঃ বিঃ ; ক্ষয়িষ্ণু। ভঙ্গুর।

سريع الانزال (সরীউল এনযাল) আঃ বিঃ ; ধ্বজভংগ। দ্রুত রতিস্খলন। নপুংসক।

سريع الفهم (সরীউল ফাহম) আঃ ; ধীমান। মেধাবী। তীক্ষ্ণধী।

سريلا (সুরিলা) হিঃ বিঃ ; সুরেলা। সুকণ্ঠা। মিষ্টি গলা।

سرين (সুরীন) ফাঃ ; পাছা। নিতম্ব।

سريه (সারিয়া) আঃ অন্যূন চারজন সওয়ারী বিশিষ্ট সেনাদল।

سريه (সুররিয়া) আঃ ; বাঁদী। দাসী।

س - ڑ

سڑ (সেড়) হিঃ নাঃ স্ত্রীং ; পাগল। মাতাল। উম্মাদ। পাগলামি। মাতলামি। বাতুলতা।

سڑا (সড়া) হিঃ বিঃ ; পঁচা। দুর্গন্ধযুক্ত। বিকৃত।

سڑا سڑ (সড়াসড়) হিঃ নাঃ স্ত্রীং ; সপসপ্। সপাং সপাং। বেত্রাঘাতের আওয়াজ।

سڑاک (সড়াক) হিঃ নাঃ স্ত্রীং ; বেত্রাঘাতের আওয়াজ।

سڑانا (সড়ানা) হিঃ মূঃ ; খারাপ করা। দুর্গন্ধ করা। খামির উঠানো। গলানো।

سرانڈر - سڑانهد (সরান্ড-সরাহান্ড) হিঃ নাঃ স্ত্রীং ; দুর্গন্ধ দূর করা। পয়ঃনিষ্কাশন করা।

سڑپ (সড়প) হিঃ নাঃ স্ত্রীং ; চক্ চক্। মজাদার খানা গোগ্রাসে গেলার শব্দ।

سڑپا (সড়পা) হিঃ নাঃ পুং ; একবারেই পান করার আওয়াজ।

سڑسڑ (সুড় সুড়) হিঃ মূঃ ; হুক্কা খাওয়ার আওয়াজ। নস্য টানার শব্দ।

سڑسٹھ (সাড়সাঠ্) হিঃ বিঃ ; সাতষট্টি। ৬৭।

سڑپنا (সুড়প্‌না) হিঃ মূঃ ; টানা। চুমুক দেওয়া। চোষা।

سڑك (সড়ক) উঃ নাঃ স্ত্রীং ; মহাসড়ক। রাস্তা। রাজপথ। সরনী।

سڑکنا (সুড়ুকনা) হিঃ মূঃ ; গিলে ফেলা। নাকের শ্লেষা উপরে টেনে নেয়া। তলোয়ার কোষাবদ্ধ করা।

سڑکی (সুড়কী) হিঃ নাঃ স্ত্রীং ; পানি সেচার ডুরি খিঁচে একসাথে ছেড়ে দেয়া।

سڑن (সিড়ন) হিঃ বিঃ ; উন্মত্ততা। মাতলামি। পাগলামি।

سڑنا (সড়না) হিঃ মূঃ ; খারাপ হওয়া।

سڑی (সিড়ী) হিঃ বিঃ ; পাগল। দেওয়ানা। আহাম্মক। বেকুফ।

سڑيل (সাড়য়েল) হিঃ বিঃ ; পচা। দুর্গন্ধ। নষ্ট। দুর্গন্ধযুক্ত। বেকুফ। আহাম্মক। কর্কশ মেজাজী। খিটমিটে প্রকৃতির লোক।

س - ز

سزا (সাযা) ফাঃ নাঃ স্ত্রীং ; কর্মফল। শাস্তি। জরিমানা। শাসন।

سزاوار (সাযাওয়ার) ফাঃ ; বদলা। যোগ্য।

سزايافته (সাযা ইয়াফতাহ্) ফাঃ নাঃ স্ত্রীং ; শাস্তি প্রাপ্ত।

سزا بامشقت (সাযা ব'মুশাক্কাত) ফাঃ নাঃ স্ত্রীং ; সশ্রম কারাদন্ড।

سزائے سنگين (সাযায়ে সঙ্গীন) ফাঃ নাঃ স্ত্রীং ; কঠোর শাস্তি। সশ্রম কারাভোগ।

سزائے قتل (সাযায়ে কতল) ফাঃ নাঃ স্ত্রীং ; ফাঁসী। মৃত্যুদন্ড।

سزاول (সাযাবল) আঃ নাঃ পুং ; কালেক্টর। সরকারী টাকা উসুলকারী।

س - س

سسا (সুস্‌সা) হিঃ নাঃ পুং ; খরগোশ।

سست (সুসত) ফাঃ বিঃ ; দুর্বল। ক্ষীণ। কমযোর।

سست اعتقاد (-ই'তিকাদ) আঃ ফাঃ বিঃ ; কাঁচা আকীদা। অপরিপক্ক বিশ্বাস।

سست بنياد (- বুনিয়াদ) ফাঃ বিঃ ; দূর্বল ভিত। কমযোর। ইঁচড়ে পাকা।

سست پيماں (- পায়মা) ফাঃ বিঃ ; কাঁচা ওয়াদা। ওয়াদা খেলাফে অভ্যস্ত।

سستا (সস্‌তা) হিঃ বিঃ ; কম মূল্যের। নীচু দামের। নিম্নস্তরের। সস্তা।

سستانا (সুসতানা) হিঃ মূঃ ; বিশ্রাম নেয়া। দম নেয়া। অলসতা দূর করা।

سستی (সসতী) হিঃ নাঃ স্ত্রীং ; সস্তা। সহজলভ্য। সুলভ।

سستی (সুসতি) হিঃ নাঃ স্ত্রীং ; অলসতা। দুর্বলতা।

سسرا (সুস্‌রা) سسر (সসুর) হিঃ নাঃ পুং ; শ্বশুর।

سسٹر (সিস্টার- Sister) ইং নাঃ স্ত্রীং ; বোন। সহোদরা। নার্স। গীর্জার খাদেমা।

سسٹیم (সিস্টেম-System) ইং নাঃ পুং ; নিয়ম। পদ্ধতি। তরীকা। উসুল। কানুন। সংবিধান।

سسر (সুসর) হিঃ নাঃ পুং ; শ্বশুর। স্বামীর বাবা বা স্ত্রীর বাবা। গালি বিশেষ।

سسرال (সুসরাল) হিঃ নাঃ পুং ; শ্বশুরালয়।

سسکارنا (সিস্‌কার্‌না) হিঃ মূঃ ; শিস্‌ দিয়ে শিশুদের মূত্রত্যাগের প্রবণতা বাড়িয়ে দেওয়া।

سسکنا (সিসাকনা) হিঃ ; ধীরে শ্বাস নেয়া।

سسکی (সেস্‌কি) হিঃ নাঃ স্ত্রীং ; দীর্ঘশ্বাস। ফুঁপিয়ে কাঁদা। কেঁপে কেঁপে কাঁদা।

سسکاری (সিস্‌কারী) হিঃ নাঃ স্ত্রীং ; দীর্ঘশ্বাস। কুত্তা ডাকার আওয়াজ।

س - ش

سشن (সেশন-Session) ইং নাঃ পুং ; আদালত। এজলাস।

سشن جج (সেশন জজ-Session Judge) ফৌজদারী আদালতের জজ।

س - ط

سطح (সত্‌হ) আঃ নাঃ স্ত্রীং ; কোন বস্তুর উপরের অংশ। কুঠি। ছাদ। ময়দান। স্তর। সমতল ভূমি।

سطح آب (-আব) আঃ নাঃ স্ত্রীং ; পানির উপরের অংশ।

سطح زمین (-জমিন) আঃ নাঃ স্ত্রীং ; ভূ-পৃষ্ঠ। জমিনের উপরিভাগ।

سطح مرتفع (-মুরতাফি) আঃ নাঃ স্ত্রীং ; পাথুরে জমিন।

سطحی (সতহী) আঃ বিঃ ; উপরি। অগভীর। হালকা।

سطر (সতর) আঃ নাঃ স্ত্রীং ; রেখা। লাইন। মার্জিন। কাতার। ছফ। সারি।

سطوت (সতুত) আঃ নাঃ স্ত্রীং ; প্রভাব। দাপট। শান-শওকত। আগ্রাসন।

سطیح (সতীহ) আঃ নাঃ পুং ; খয়বরের একটি কেল্লার নাম।

سطور (সুতূর) আঃ নাঃ স্ত্রীং ; سطر -এর ব-ব। রেখাসমূহ। লাইনগুলো।

س - ع

سعادت (সা'আদাত) আঃ নাঃ স্ত্রীং ; ভাগ্য। খোশনসীব। সৌভাগ্য। নেকী। কল্যাণ।

سعادت دارین (সাআদাতে দারাইন) আঃ নাঃ স্ত্রীং ; ইহলৌকিক ও পারলৌলিক কল্যাণ।

سعادت مند (সাআদাত মন্দ) আঃ ফাঃ পুং বিঃ ; ভাগ্যবান। অনুগামী। খাদেম।

سعاد (সোয়াদ) আঃ নাঃ স্ত্রীং; আরবী কবিদের কাব্যে স্থান পাওয়া প্রেমাস্পদের নাম।

سعال (সুআল) আঃ নাঃ স্ত্রীং ; কাঁশি।

سعایت (সিআয়াত) আঃ বিঃ ; চোগলখোরি।

سعتر (সায়াতর) আঃ নাঃ পুং ; পুদিনা পাতা।

سعتری (সা'তরী) আঃ রূপক অর্থে-অসৎ নারী।

سعد (সাআদ) আঃ বিঃ ; মোবারক। সম্মানিত। চন্দ্রের বাইশ নং কক্ষপথের

নাম।

سعد اصغر (সাআদে আসগর) আঃ নাঃ পুং ; জোহরা তারকা। নাহিদ। জুমা।

سعد اکبر (সাআদে আকবর) আঃ নাঃ পুং ; বৃহস্পতি গ্রহ।

سعدی (সা'দী) ফাঃ বিঃ ; সাআদের সম্বন্ধীয়। গুলিস্তাঁ, বোস্তাঁ, বুলবুলনামা ও কারীমা গ্রন্থের লেখক, পারস্যের বিদগ্ধ কবি সুলতানুল আউলিয়া শায়খ শরফুদ্দীন সিরাজীর নাম। উপাধি-মোসলেহ উদ্দীন।

سعدین (সা'দাঈন) আঃ নাঃ পুং ; দু'ভাগ্য তারকা।

سعی (সাঈ) আঃ নাঃ স্ত্রীং ; চেষ্টা। পরিশ্রম। হজ্জের সময় ছাফা ও মারওয়া পাহাড়দ্বয়ের মাঝে দৌড়াদৌড়ি। উঃ ; সুপারিশ।

سعی لاحاصل (সাঈয়ে লা হাসিল) আঃ নাঃ স্ত্রীং ; অনর্থক দৌড় ঝাপ। ট্রাইবেকার।

سعید (সাঈদ) আঃ বিঃ ; সৌভাগ্য। খোশ নসীব। ভাগ্যবান।

سعیر (সাঈর) আঃ নাঃ পুং ; দোযখের একটি স্তর।

سعر (সি'র) আঃ ; তাস। ভাও। দরাদরি।

سعفه (সা'ফা) আঃ ; মাথার উপরিভাগ।

س - غ

سغب (সাগ্‌ব) আঃ ; ক্ষুধা-তৃষ্ণা।

سغب (সাগাব) আঃ মূঃ ; ক্ষুধা আসা।

سغبه (সাগবাঃ) আঃ ; আসক্তি। অনুরাগ। আকর্ষণ।

سغد (সোগদ) আঃ ; হালকা বৃষ্টি।

سغری (সিগরাঃ) ফাঃ ; নির্লজ্জতা। বেলেল্লাপনা।

سغراق (সুগরাক) তুঃ নাঃ পুং ; বড় পাত্র। ডেকচি। ডেগ।

سغراق (সাগরাক) তুঃ নাঃ পুং ; তাম্র ডাগ। মদের লৌহপেয়ালা।

س - ف

سفاح (সিফাহ) আঃ বিঃ ; ব্যভিচারী। হারামি। কুকর্মী।

سفاح (সাফ্‌ফাহ) আঃ বিঃ ; যুদ্ধংদেহী। জল্লাদ। কোতোয়াল। যম। প্রথম আব্বাসীয় খলীফার নাম। দাতা। বাগ-বিদগ্ধ। বাগ্মী।

سفارت (সিফারত) আঃ নাঃ স্ত্রীং; দূত গিরি। মধ্যস্ততা। কূটনৈতিক পদ।

سفارت خانه (সিফারত খানা) আঃ ফাঃ নাঃ পুং ; দূতাবাস। ইং; এ্যামবাসী। হাই কমিশন।

سفارش (সিফারিশ) ফাঃ নাঃ স্ত্রীং ; সুপারিশ। সাহায্য।

سفاک (সাফফাক) আঃ বিঃ ; হন্তা। নিহতকারী। হত্যাকারী। কসাই। রক্ত পিপাসু। কাপালিক। অততায়ী।

سفاکی (সফফাকী) আঃ নাঃ স্ত্রীং ; নির্দয়তা। নিষ্ঠুরতা। অমানবিকতা। নিপীড়ন। জুলুম। তোষণ। শোষণ। রক্তারক্তি। খুনাখুনি।

سفال (সিফাল) ফাঃ নাঃ স্ত্রীং ; চাড়া। ঘর ছাউনির মাটির তৈরী পাত। টালি।

سفالی (সিফালী) ফাঃ বিঃ ; মাটির পাত্র।

سفاهت (সাফাহাত) আঃ নাঃ স্ত্রীং ; কুচক্রি। নষ্টামি। ভ্রষ্টামি। বেকুফী।

سفت (সিফত) ফাঃ বিঃ ; স্থুল। মোটা।

سفت (সুফত) ফাঃ নাঃ পুং ; গর্ত। ছিদ্র।

سفته (সুফতাঃ) ফাঃ বিঃ ; ছিদ্রযুক্ত। ফুটো মাল।

سفر (সফর) আঃ নাঃ পুং ; ভ্রমণ। সাঁতার। যাত্রা। রওয়ানা। পর্যটন।

سفر آب (সফরে আব) ফাঃ নাঃ পুং ; সামুদ্রিক ভ্রমণ। নৌ বিহার।

سفر آخرت (সফরে আখেরাত) আঃ নাঃ পুং ; দুনিয়া ত্যাগ। মৃত্যুবরণ।

سفر خرچ (সফর খরচ) ভাতা। (ট্রাভেলিং এলাউন্স- Travelling

Allowance) পথ খর্চা।

سفر كرنا (সফরকরনা) হিঃ মূঃ ; ভ্রমণ করা। রওয়ানা করা।

سفر نامه (সফরনামাঃ) ফাঃ নাঃ পুং ; ভ্রমণ কাহিনী।

سفر نمونه سقر (সফর নমুনায়ে সকর) সফর জাহান্নামের সাদৃশ।

سفراء (সুফারা) আঃ নাঃ পুং ; (سفير -এর ব-ব) দূতগণ। হাই কমিশনার। ইং ; এ্যামবাসেডর।

سفره (সুফরাহ) আঃ নাঃ পুং ; দস্তরখান। ডাইনিং টেবিল।

سفره (সুফরাঃ) ফাঃ নাঃ পুং ; পাছা। নিতম্ব। বসার স্থান।

سفرى (সফরী) ফাঃ বিঃ ; পর্যটক। দর্শক। মুসাফির। পথখর্চা। উঃ ; আমরুদ।

سفل (সিফ্ল) আঃ নাঃ পুং ; নীচু। নিম্ন। অধঃপতন। উপত্যকা। আর্দ্র। ভুখা। অতিরিক্ত।

سفله (সিফলাঃ) আঃ বিঃ ; জোচ্চুর। দাগাবাজ। কুচক্রি। লোফার। বাটপার।

سفلى (সিফলী) আঃ বিঃ ; নিম্নস্তর। নীচের। নিম্নের।

سفنا (সিফনা) আঃ নাঃ পুং ; মাছ কিংবা কুমীরের চামড়ার ওপরের গোটা গোটা দাগকে "সিফনা" বলে।

سفوف (সুফুফ) আঃ নাঃ পুং ; অধঃপতিত বস্তু। অপাংক্তেয় জিনিষ।

سفها (সুফাহা) আঃ বিঃ ; (سفيه -এর ব-ব) বোকার দল। আহাম্মক গোষ্টি।

سفيد (সফিদ) আঃ বিঃ ; সাদা। উপালা। ডোরা কাটা। চিত্রল।

سفيد پوش (সফীদ পোশ) ফাঃ বিঃ ; সাদা পোষাকধারী। অভিজাত লোক।

سفيد چشم (সফীদ চশম) ফাঃ বিঃ ; অন্ধ। বেহায়া।

سفيد وسياه (সফীদ ও সীয়া) ফাঃ বিঃ ; কালো-সাদা। ভালো-মন্দ। হিতাহিত। কল্যাণ-অকল্যাণ।

سفيده (সফীদাঃ) ফাঃ নাঃ পুং ; একপ্রকার পাউডার। পদ্মফুল। আম বিশেষ। এক কিসিমের তরমুজ।

سفيدى (সফীদী) ফাঃ নাঃ স্ত্রীং ; ডোরাকাটা। চিত্রল। ডিমের লালা। চুন। শুভ্রতা। ভোরের উজালা।

سفير (সফীর) আঃ নাঃ পুং ; দূত। প্রতিনিধি। মুখপাত্র। (ব-ব ; سفراء) ইং ; এ্যামবাসেডর।

سفينه (সফীনাঃ) আঃ নাঃ পুং ; কিশতি। নৌকা। জাহাজ। নোট বুক (ব-ব سفن)

سفيهه (সাফীহাঃ) আঃ বিঃ ; আহাম্মক। বোকা। হাবা।মগা।

س - ق

سقا (সাককা) আঃ নাঃ পুং ; পানিবাহক। পানি পরিবেশক। বেহেশতি গেলমান।

سقده - سقابه (সাকাদা-সাকাবা) উঃ নাঃ পুং ; জলাশায়। জলাধার। পানির টাঙ্কী। হাউজ।

سقايه (সিকায়াহ) আঃ পুং ; পানির পেয়ালা। পেগ। মগ। গ্লাস।

سقر (সাকার) আঃ নাঃ পুং ; দোযখ। জাহান্নাম।

سقط (সাকাত) আঃ নাঃ পুং ; পশু-পাখির মড়ক। ঘোড়া-গাধার মওত। (ব-ব , اسقط)

سقف (সাকফ) আঃ নাঃ পুং স্ত্রীং ; ছাদ। শামিয়ানা।

سقم (সুকম) আঃ নাঃ পুং ; ত্রুটি। দাগ। স্পট। লোকসান। স্ত্রীং ; অসুস্থতা।

سقن - سقنى (সাকন-সাকানী) উঃ নাঃ স্ত্রীং ; পানি পরিবেশকের বউ। মালিনী।

سقرات (সাকরাত) আঃ নাঃ পুং ; গ্রীক দার্শনিক একত্ববাদী সক্রেটিস।

سقوط (সুকুত) আঃ নাঃ পুং ; আছড়ে

পড়া। নিপতিত হওয়া। যুদ্ধে হারা।

سقیفہ (সকীফাঃ) আঃ নাঃ পুং; মিলনায়তন। প্রশস্ত হলঘর। দেউড়িতে বসার বড় তখতা। দরজার সামনে বসার স্থান।

سقیفہ بندی (সকীফা বন্দী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; অপবাদ। বেহুদা কথা।

سقیم (সাকীম) আঃ বিঃ ; অসুস্থ। রোগী। উঃ ; খারাপ। নিপতিত। বিপর্যস্ত।

س - ک

سک (সাক) ফাঃ নাঃ ; সিরকা।

سکار (সকার) হিঃ নাঃ পুং; টাকার হিসাবে অনুমোদনসূচক সহি। প্রভাত।

سکاف (সাককাফ) আঃ নাঃ পুং ; মুচি। চামার।

سکاک(সাক্কাক) আঃ নাঃ পুং ; লৌহকার। টাকা বা মুদ্রার ওপর নকশা অংকনকারী।

سکاکی (সাককাকী) আঃ নাঃ পুং; বালাগাত শাস্ত্রের বিখ্যাত ইমাম আল্লামা আবু ইয়াকুব ইউসুফের উপাধি। আল্লামা সাক্কাকী (রহঃ)।

سکان (সুক্কান) আঃ ; নৌকার গলুই। গ্রাম। মহল্লাগুলো। (ساکن-এর ব-ব) অধিবাসীগণ।

سکال (সকাল) সঃ নাঃ স্ত্রীং ; সকাল। প্রভাত। ঊষা।

سکالر (স্কলার-Scholar) জ্ঞানী। বিজ্ঞ।

سکالر شپ (স্কলারশিপ-Scholarsip) ইং নাঃ পুং ; বৃত্তি। স্টাইপেন্ড। শিক্ষা ভাতা।

سکاؤٹ (স্কাউট-Scout) ইং নাঃ পুং ; বিশ্বব্যাপী শরীর চর্চা সংস্থা, যা শিশুদের সচেতন করে। খোজারু বাহিনী।

سکائی لیب (স্কাইল্যাব-Skylab) ইং স্ত্রীং ; মহাকাশের স্টেশন। আমেরিকার মহাকাশ গবেষণা সংস্থা ১৯৭৪ সালে এই স্টেশন তৈরী করে। কিন্তু প্রযুক্তিগত ত্রুটির কারণে ১২ই জুলাই ১৯৭৯ এটা ভারত মহাসাগরে পতিত হয়।

سکت (শক্ত) হিঃ নাঃ স্ত্রীং ; শক্তি। বল। সামর্থ্য।

سکتر (সেকাত্তর) উঃ নাঃ পুং ; ইংরেজী (সেক্রেটারী-Secretary)-এর উর্দু রূপ। নায়েম।

سکٹ (সাকট্) হিঃ নাঃ স্ত্রীং; মুশকিল। কষ্ট। দুর্ভাগ্য।

سکتہ (সাক্তাঃ) আঃ নাঃ পুং ; মূর্ছা। সম্মোহন। সন্ন্যাসরোগ। কবিতার ছন্দ-পতন।

سکر (সুকর) আঃ নাঃ পুং; মদ। নেশা। বেহুঁশ।

سکرات (সকরাত) আঃ নাঃ স্ত্রীং ; দুর্বিষহ কষ্ট।

سکرین (স্ক্রীন-Screent) ইং ; পর্দা। আড়।

سیکرین (স্যাকারীন-Saccharine) ইং; নাঃ পুং ; এক প্রকার সাদা কৃত্রিম মিষ্ট পদার্থ। যা মিষ্টির দিক দিয়ে চিনির তুলনায় ৫০০ গুণ বেশী।

سکڑ دادا (সকড় দাদা) হিঃ নাঃ পুং; পরদাদার বাপ।

سکڑنانا (সকড় নানা) হিঃ নাঃ পুং ; পর নানার বাপ।

سکڑا (সুকড়া) হিঃ বিঃ ; সংকীর্ণ। সংকুচিত।

سکڑنا (সুকড়না) হিঃ মূঃ ; সংকোচন। অবগুণ্ঠন।

سکڑی (সুকড়ী) হিঃ বিঃ ; সংকুচিত।

سکشا (সিক্শা) হিঃ নাঃ স্ত্রীং ; শিক্ষা-দীক্ষা। পড়ালেখা।

سکنا (সাকনা) হিঃ মূঃ ; যোগ্য হওয়া। সম্ভব হওয়া।

سکنا (সিকনা) মূঃ ; আগুনে ছ্যাঁক দেয়া।

سکنات (সাকানাত) আঃ নাঃ পুং ; (سکنۃ

-এর ব-ব) থামা। স্থির।

سکنجبین (সেকাঞ্জাবীন) আঃ নাঃ স্ত্রীং ; সিরকা বা লেবু সংমিশ্রিত শরবত।

سکندر (সিকান্দার) ফাঃ নাঃ পুং ; ফিলকোশের সম্রাট মেসিডোনিয়ার পুত্র। দিগ্বিজয়ী গ্রীক বীর। যিনি ভারত বর্ষ হামলা করে পাঞ্জাবের রাজা পোরসকে পরাজিত করেন। তাকে 'সিকান্দারে আযম' বলা হয়। আলেকজান্ডার।

سکندری (সেকেন্দারী) ফাঃ বিঃ ; রাজত্ব।

سکنڈ (সেকেন্ড-Second) ইঃ নাঃ পুং ; ক্ষণ। মুহূর্ত। সেকেন্ড। বিঃ ; ২য়। দ্বিতীয়।

سکنڈ کلاس (সেকেন্ড ক্লাস-Second class) ইং নাঃ পুং ; দ্বিতীয় স্থান। দ্বিতীয় স্তর।

سکنڈری (সেকেন্ডারী-Secondary) ইং হিঃ ; মাধ্যমিক। নিম্ন মাধ্যমিক। নিম্নস্তর। অধীনস্থ।

سکنہ (সাকানা) আঃ নাঃ পুং ; (ساکن -এর ব-ব) বাসিন্দা। অধিবাসী।

سکنی (সুকনা) আঃ বিঃ ; বাসযোগ্য। বাসভবন।

سکوت (সুকুত) আঃ নাঃ পুং ; খামোশি। চুপ চাপ। নির্লিপ্ততা।

سکوت کا عالم (সুকুত কা আলম) চুপচাপ অবস্থায়।

سکوار (সুক্‌ওয়ার) হিঃ বিঃ ; নরম। দুর্বল। কোমল। কচি।

سکوٹر (স্কুটার-Scooter) ইং নাঃ পুং ; বেবি ট্যাক্সী।

سکور (স্কোর) ইং ; সংখ্যা নির্ণয়।

سکورا (সিকোরা) ফাঃ নাঃ পুং ; মাটির পেয়ালা।

سکول (স্কুল-School) বিদ্যালয়। শিক্ষালয়। মাদ্রাসা।

سکون (সুকুন) আঃ নাঃ পুং ; স্থিতিশিলতা। স্থিতি। নিশ্চুপ। খামোশি। বিরাম। শান্তি নীরবতা।

سکوڑنا (সিকোড়না) হিঃ মূঃ ; মোচড় দেয়া। অঙ্গ-চর্চা। আলস্য প্রকাশ করা। কুঞ্চিত করা।

سکون اور (সুকুন আওর) আঃ নাঃ বিঃ ; শান্তিদায়ক। তৃপ্তিশীল।

سکونت (সুকুনাত) উঃ নাঃ স্ত্রীং ; বসবাস। বাসস্থান। নীড়।

سکویش (স্কোয়াশ-Squash) ঘাম। শরবত। একপ্রকার খেলা, যা কক্ষের মধ্যে বসানো কোর্টে র‍্যাকেট ও নরম বল দ্বারা খেলা হয়।

سکہ (সিককা) আঃ নাঃ পুং ; ছাপ। মোহর। নকশা। সরকারী মোহরযুক্ত মুদ্রা। উঃ; প্রভাব। দাপট।

سکہ رائج الوقت (সিককা রায়েজুল ওয়াক্ত) আঃ নাঃ পুং ; প্রচলিত মুদ্রা।

سکہ زن (সিক্কাযন) ফাঃ বিঃ ; টাকশালী।

سکھ (সিখ্) হিঃ নাঃ পুং ; শিষ্য। ভক্ত। ছাত্র। গুরু নানকের অনুসারী। শিখ।

سکھ (সুখ) হিঃ নাঃ পুং ; শান্তি। তৃপ্তি। সুখ। আরাম। নিরাপত্তা। স্বচ্ছলতা। সুস্থতা।

سکھپال (সুখ পাল) হিঃ নাঃ স্ত্রীং ; পাল্কী বিশেষ।

سکہ چین (সুখ চাইন) হিঃ নাঃ পুং ; সুখ-শান্তি।

سکھانا (সিখানা) হিঃ মূঃ ; শিক্ষাদান। পড়ান। দীক্ষাদান।

سکھانا (সুখানা) হিঃ মূঃ ; শুকান। শুষ্ক করণ। শুটকীকরণ।

سکھی (সখী) হিঃ নাঃ স্ত্রীং ; বান্ধবী। সখী। সই। সুহায়লী। সঙ্গিনী।

سکیت (সকেত) হিঃ বিঃ ; সংকীর্ণ। অল্পপরিসর।

سکیل (স্কেল-Scale) ইং নাঃ পুং ; পরিমাপ। ধারণা। অনুমান। আন্দায। রেখা টানার বস্তু।

سکینڈل (স্কান্ডাল-Scandal) ইঃ নাঃ পুং

; অপবাদ। অপমান। বদনাম। নিন্দাবাদ।

سکین (সিককীন) আঃ নাঃ স্ত্রীং ; চাকু। ছুরি।

سکینہ (সাকীনাঃ) আঃ নাঃ স্ত্রীং ; আরাম। শান্তি।

س - گ

سگ (সাগ) ফাঃ নাঃ পুং ; কুকুর। কুত্তা। কুক্কুর।

سگ بازاری (সাগে-বাজারী) ফাঃ নাঃ পুং ; বাজারী কুত্তা। মালিকহীন কুকুর।

سگ تازی (সাগে-তাযী) ফাঃ বিঃ ; আরবী বংশগত কুত্তা।

سگا (সাগা) হিঃ বিঃ ; এক মা-বাবার ঔরসজাত। আপন রক্তের। যামাই। স্বগোত্রের।

سگار (সিগার-Cigar) ইং নাঃ পুং ; চুরুট। তামাক পাতা লেপ্টানো লম্বা বিড়ি।

سگارت (সিগারাত) হিঃ নাঃ স্ত্রীং ; আপনত্ব। আত্মীয়তা।

سگال (সগাল) ফাঃ নাঃ পুং ; চিন্তা। সন্দেহ। শত্রুতা। মিথ্যা অপবাদ।

سگانہ (সেগানা) ফাঃ বিঃ ; জমীনের তৃতীয় স্তর।

سگائی (সাগাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; সম্বন্ধ। সম্পর্ক। আত্মীয়তা। বাগদান।

سگرٹ (সিকরেট-Cigarette) ইং নাঃ পুং ; । সিগারেট। নস্য।

سگند (সুগন্দ) হিঃ নাঃ স্ত্রীং ; খোশবু। সুগন্ধি। সৌরভ।

سگنل (সিগনাল-Signal) ইং নাঃ পুং ; হুঁশিয়ারী। সাবধান বাণী। ইশারা।

سگنیلر (সিগনেলার-Signaller) ইং নাঃ পুং ; টেলিগ্রাফ মাস্টার। ক্লার্ক।

سگن (সগুন) হিঃ নাঃ পুং ; কাক চরিত্র বা শকুন বিদ্যা। শুভাশুভের নিদর্শন।

سگھڑ (সুঘর) হিঃ বিঃ ; সুশিক্ষিত। গুনান্বিত। সুন্দর। কান্ডাজ্ঞনসম্পন্ন। মিশুক। অমায়িক।

سگھڑائی (সুঘড়ায়ী) প্রাঃ ; হুঁশিয়ারী।

س - ل

سل (সিল্) আঃ নাঃ পুং ; ক্ষয়। ফুসফুসের ক্ষত। ক্ষয়-জ্বর।

سل (সিল) হিঃ নাঃ স্ত্রীং ; মশলা পেষার পাথর। শিল।

سل بٹا (সিল বাটা) হিঃ নাঃ পুং ; শিলের ওপর মশলা পেষার ছোট পাথর। নাড়া। পুতা।

سلاجیت (সালাজীত) হিঃ নাঃ পুং ; কালো রঙ্গের সূক্ষ্মাতিসূক্ষ্ম পদার্থ, যা পাথর থেকে বের হয়। শিলাজিৎ। যৌন রোগের মহৌষধ।

سلاح (সিলাহ) আঃ নাঃ পুং; হাতিয়ার। সমরাস্ত্র। জঙ্গী সামান। বর্ম।

سلاح بند (সিলাহ বন্দ) আঃ ফাঃ বিঃ ; যুদ্ধ সাজে সজ্জিত। যোদ্ধা।

سلاح خانہ (সিলাহ খানা) আঃ ফাঃ নাঃ পুং ; ম্যাগাজিন। অস্ত্র ভান্ডার।

سلاح شور (সিলাহ শোর) ফাঃ বিঃ ; বাহাদুর সেপাই।

سلاح ساز (সিলাহ সায) আঃ ফাঃ বিঃ ; অস্ত্রনির্মাতা।

سلاخ (সলাখ) হিঃ নাঃ স্ত্রীং ; স্বর্ণ-রৌপ্য বা লৌহদন্ড। খুঁটি।

سلاد (সালাদ-Salad) ইং নাঃ পুং ; টমাটো, ক্ষীরা, কাচা মরিচ ও পেঁয়াজ দিয়ে গড়া উপখাদ্য বিশেষ। সালাদ। খাদ্যের আস্বাদনে সহায়ক।

سلاست (সালাসত) আঃ নাঃ স্ত্রীং ; নম্রতা। সরলতা। প্রাঞ্জলতা। বাগ্মীতা।

سلاسل (সালাসিল) আঃ নাঃ স্ত্রীং ; (سلسلہ -এর ব-ব) শেকলসমূহ। দন্ডগুলি। বেড়ি। জিঞ্জিরগুলো।

سلاطین (সালাতীন) আঃ নাঃ পুং ; (سلطان -এর ব-ব) বাদশাহগণ।

রাজন্যবর্গ। সম্রাটবৃন্দ।

سلاف (সুলাফ) আঃ ; শরাব। স্বেচ্ছা-নির্গত আঙ্গুর রস।

سلاق (সুলাক) আঃ ; চোখ ওঠা। চোখের রোগ বিশেষ।

سلاک (সালাক) ফাঃ ; স্বর্ণ-রৌপ্যের কড়া বা বেড়ী।

سلاله (সুলালাঃ) আঃ নাঃ পুং ; সজোরে নিক্ষিপ্ত পানি। বীর্য। শুক্র। যৌনরস।

سلالم (সালালিম) আঃ ; খায়বারের একটি কেল্লার নাম।

سلام (সালাম) আঃ নাঃ পুং ; নিরাপত্তা। শান্তি। বিদায়সূচক সংবর্ধনা। স্থিতি। আরাম। পরিতৃপ্তি। সুখানুভূতি। নামাযের পর মুখ ফেরানো। হতাশা প্রকাশ। রাসূলের প্রতি দরূদ।

سلام لینا (সালাম লেনা) নাঃ পুং; সালামের জবাব দান।

سلامت (সালামত) আঃ বিঃ ; নিরাপদ। ভাল। সংরক্ষণ। জীবিত। মজুদ। মোবারকবাদীর জওয়াব।

سلامتی (সালামতি) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; নিরাপত্তা। শান্তি। কল্যাণ। সুস্থতা। জীবনকাল। অবস্থান।

سلامی (সালামী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; গার্ড অব অনার প্রদান করা। রাজকীয় সংবর্ধনা। ঢাল।

سلانا (সিলানা) হিঃ মূঃ ; সেলাই করান।

سلانا (সুলানা) হিঃ মূঃ ; ঘুম পাড়ান।

سلائی (সেলাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; সেলাইয়ের মজুরী। সেলাই করা। দর্জি বা টেইলারিং পেশা।

سلائی (সলাই) হিঃ নাঃ স্ত্রীং ; সুরমার শলাকা।

سلب (সলব) আঃ নাঃ পুং ; বিলুপ্তিকরণ। রহিতকরণ। রদ। অস্বীকার।

سلپ (স্লিপ- Slip) ইং নাঃ স্ত্রীং ; চিরকুট। ছোট কাগজ।

سلپٹ (সিলপাট) হিঃ বিঃ ; পরিষ্কার। সরল। অন্ধ। স্লিপার। রেল লাইনের নীচের কাঠ।

سلپچی (সিলপাচি) উঃ নাঃ স্ত্রীং ; চিলুমচী।

سلٹنا (সুলাটনা) হিঃ মূঃ ; পরস্পরে সিদ্ধান্ত নেয়া। সিধা করা। আপোষ করা।

سلجوق (সেলজুক) তুঃ নাঃ পুং ; তুরস্কের এক বিখ্যাত বংশ।

سلجھانا (সুলঝানা) হিঃ মূঃ ; জটখোলা। শিথিল করা। মীমাংসা করা।

سلجھنا (সুলঝ্না) নাঃ মূঃ ; সমাধান হওয়া। সহজ হওয়া।

سلجھاؤ (সুলঝাও) ফায়ছালা। সিদ্ধান্ত। মীমাংসা। বিজড়ন। বিশ্লেষণ।

سلسبیل (সালসাবীল) আঃ নাঃ স্ত্রীং ; বেহেশেতের এক ঝরনার নাম। উচ্ছ্বসিত ফোয়ারা।

سلس البول - سلسل بول (সালিসুল বাওল–সালেসালে বাওল) সঃ নাঃ পুং ; বহুমুত্র। ডায়াবেটিস্।

سلسلانا (সালসালানা) হিঃ মূঃ ; কাঁচা পাচড়া। নরম ঘাঁ।

سلسلاھٹ (সালসালাহাট) হিঃ নাঃ স্ত্রীং ; চুলকানি।

سلحفات (সুলাহফাত) আঃ ; কচ্ছপ।

سلسله (সিলসিলা) আঃ নাঃ পুং ; জিঞ্জির। বেড়ি। কাতার। ছফ। পরম্পরা। সারি। সুতা। তাগা। খান্দান। বংশ। মাধ্যম।

سلسله بندی (সিলসিলা বন্দী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; কাতারবন্দী। সারিবদ্ধ।

سلسلة الذهب (সিলসিলাতুয যাহাব) আঃ পুং ; স্বর্ণ–শেকল। সোনালী–পরম্পরা। রূপক অর্থে, মহান ও নির্ভরযোগ্য লোকদের ধারা। অকাট্য পরম্পরা।

سلسله وار (সিলসিলা ওয়ার) আঃ ফাঃ বিঃ ; সংখ্যানুক্রম। সারিবদ্ধভাবে।

سلطان (সুলতান) আঃ নাঃ পুং ; বাদশাহ।

প্রশাসক। হাকিম। সম্রাট।

سلطانہ (সুলতানাঃ) আঃ নাঃ স্ত্রীং ; রাণী। রাজমহিষী। রাজবধু।

سلطانی (সুলতানী) আঃ নাঃ স্ত্রীং ; রাজত্ব। গভর্নরী। সাম্রাজ্য।

سلطنت (সালতানাত) আঃ নাঃ স্ত্রীং ; ক্ষমতা। সাম্রাজ্য। রাজত্ব। গভর্নারী।

سلف (সালাফ) আঃ বিঃ ; বিগত। পূর্ববর্তী। পূর্বেকার। পূর্বসূরী। (ব-ব, اسلاف)

سلفا (সুলাফা) উঃ নাঃ পুং ; এক ছিলুম তামাক।

سلفر (সালফার -Sulphur) ইং নাঃ পুং ; গন্ধক। পটাশ।

سلفی (সালাফী) আঃ বিঃ ; তথাকথিত আহলে হাদীসগণ নিজেদেরকে সালফে সালিহীনের উত্তরসূরী হিসেবে গণ্য করতে গিয়ে এই নাম ব্যবহার করেন। অথচ তারা 'গায়রে মোকাল্লিদ' তথা 'লা-মাযহাবী', সালাফী নয় কিছুতেই।

سلک (সিলক) আঃ নাঃ পুং ; তাগা। দড়ি। রশি। সুতলী।

سلک (সিল্ক-Silk) ইং নাঃ পুং ; রেশম।

سلگ (সালাগ) হিঃ বিঃ ; লাগাতার। বিরামহীন। নিরবচ্ছিন্ন।

سلگانا (সুলগানা) হিঃ মূঃ ; প্রজ্জ্বলিত করা। উস্কে দেয়া। লেলিয়ে দেয়া। ঘৃতাহুতি দান।

سلگنا (সুলুগনা) হিঃ মূঃ ; আগুন জ্বলা। অগ্নিমূর্তি ধারণ। জ্বলে ওঠা। ঈর্ষান্বিত হওয়া।

سلم (সলম) আঃ নাঃ স্ত্রীং ; পণ্যের দাম আগেভাগেই দিয়ে দেয়া। ইসলামী ব্যবসা নীতিতে এক بیع سلم বলে।

سلمی (সালমা) আঃ নাঃ স্ত্রীং ; আরবের এক সুন্দরী নারী। রূপক অর্থে-প্রেমাস্পদ।

سلنا (সালনা) হিঃ মূঃ ; ছিদ্র করা। গর্ত করা।

سلما (সালামা) হিঃ নাঃ পুং ; অলংকৃত ফিতা।

سلو (স্লো-Slow) ইং বিঃ ; আস্তে। ধীরে।

سلو (সাল্লু) হিঃ নাঃ পুং ; টুকরো চামড়া।

سلوانا (সেলওয়ানা) হিঃ মূঃ ; সেলানো। সেলাই করার জন্য দেয়া।

سلوائی (সেলওয়ায়ী) হিঃ নাঃ স্ত্রীং ; বন্ধনী। সেলাইয়ের মজুরী।

سلوتری (সালুতরী) হিঃ নাঃ পুং ; ঘোড়ার ডাক্তার।

سلوپ (স্লপ-Slop) ইং নাঃ বিঃ ; ঢালু। উপত্যকা।

سلوٹ (সেলুট-Salute) ইং নাঃ স্ত্রীং ; সালাম। আদাব। ফৌজি সালাম।

سلور (সিলভার-Silver) ইং নাঃ পুং ; রূপা। চাঁদি। রজত।

سلوشن (সালভেশন-Salvation) ইং নাঃ পুং ; অনুপ্রবেশ। সংক্রমণ।

سلوک (সুলুক) আঃ নাঃ পুং; পথ। উপায় ব্যবহার। রীতি নীতি। চাল চলন। বন্ধুত্ব। সাহায্য।

سلولائڈ (সেলুলয়েড-Celluloid) ইং নাঃ পুং ; এক প্রকার মশলা, যা নানান পদার্থ দিয়ে বানানো হয়।

سلونا (সালুনা) হিঃ বিঃ ; লবণাক্ত। বিস্বাদ। সলটেস। সুন্দর। শ্যামল।

سلی (সিল্লী) হিঃ নাঃ স্ত্রীং ; চাকু। চাপাতি। চোখা পাথর।

سلوی (সাল্ওয়া) আঃ নাঃ পুং ; মধু। অমৃত। من و سلوی (মন্না ও -) স্বর্গীয় খাদ্য। অমৃত।

سلہج (সল্হজ) হিঃ নাঃ স্ত্রীং ; শ্যালকের স্ত্রী।

سلیبس (সিলেবাস-Syllabus) ইং নাঃ পুং ; পাঠ্যসূচী। নেছাব।

سلیپر (স্লিপার-Sleeper) ইং নাঃ পুং ; রেল লাইনের নীচের কাষ্ঠ।

سلیپر (স্লিপ্পার-Slipper) ইং নাঃ পুং ;

হালকা ফিতাহীন চপ্পল। ঘাসি চপ্পল। ঘরে ব্যবহারের সাধারণ স্যান্ডেল।

سليٹ (স্লেট-Slate) ইং নাঃ স্ত্রীং ; লেখার বোর্ড। শ্লেট। পাথরের পাত।

سليس (সালীস) আঃ বিঃ ; সহজ। সহজবোধ্য।

سليقه (সলীকাঃ) আঃ নাঃ পুং ; আচরণ বা ব্যবহার। রীতি। অনুভূতি। সম্ভ্রম। আভিজাত্য। মহানুভবতা।

سليكشن (সিলেকশন-Selection) প্রতিদ্বন্দ্বীতাহীন নির্বাচন। পূর্বনিধারণ। বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত।

سليم (সালীম) আঃ বিঃ ; ঠিক, যথার্থ। সাদাসিধা। খামোশ। আপোষকামী। শাহানশাহ জাহাংগীরের উপাধি।

سليم الطبع (সালীমুত তবা) আঃ বিঃ ; গম্ভীর। মহানুভব। নম্র। ভদ্র। উদারচিত্ত। দূরদর্শী।

سليمان (সুলায়মান) আঃ নাঃ স্ত্রীং ; হযরত দাউদ (আঃ)-এর পুত্র হযরত সুলায়মান (আঃ)। মশহুর এক পয়গম্বর। সমস্ত সৃষ্টিজীব তাঁর কথায় ওঠবস করত।

سليمانى (সুলায়মানী) আঃ বিঃ ; হযরত সুলায়মান সম্বন্ধীয়। একপ্রকার পাথর।

سليمانى ٹوپى (সুলায়মানী টুপী) নাঃ স্ত্রীং ; কাল্পনিক টুপি বিশেষ, যা পড়লে নাকি তাকে কেউ দেখবে না, অথচ সে সকলকে দেখতে পাবে।

س - م

سم (সাম) হিঃ নাঃ পুং ; আওয়াজ। তাল। সুর। বরাবর। সমান। এক ওজনের।

سم (সুম) ফাঃ নাঃ পুং ; ঘোড়ার ক্ষুর।

سم (সাম্‌ম) আঃ নাঃ স্ত্রীং ; বিষ। এন্দ্রি। ছিদ্র।

سم الخياط (সাম্মুল খিয়াত) আঃ নাঃ পুং ; সুঁচের ছিদ্র।

سما (ছামা) আঃ নাঃ পুং ; আসমান।

سماں (ছামাঁ) হিঃ নাঃ পুং ; সময়। ক্ষণ। মুহূর্ত। অবকাশ। সুযোগ।

سماپت (সমাপ্‌ত) সঃ নাঃ পুং ; পুরো। চূড়ান্তি। সমাপ্তি।

سماج (সমাজ) আঃ নাঃ পুং স্ত্রীং ; সমাজ। সোসাইটি। সংস্থা। কমিটি। পঞ্চায়েত।

سماجانا (সামা জানা) হিঃ মূঃ ; বসে যাওয়া। ভরে যাওয়া। অনুপ্রবেশ করা।

سماجت (সামাজাত) আঃ নাঃ স্ত্রীং ; লজ্জা। শরম। উঃ ; তোষামোদি। চাটুকারিতা।

سماجى (সামাজী) উঃ বিঃ ; সামাজিক। সামাজিকতা।

سماچار (সামাচার) সঃ নাঃ পুং ; খবর। সংবাদ। নিউজ। বুলেটিন। অবস্থা। ধরন।

سماده (সমাধ) সং নাঃ পুং ; সমাধি। গর্ত। কবর। সৌধ।

سمادهان (সামাধান) সং নাঃ পুং ; ধর্মীয় কট্টরতা। ধ্যান। প্রশ্নোত্তর।

سمادهى (সমাধি) সং নাঃ স্ত্রীং ; একত্রিত করা। কল্পনা করা। মতানৈক্য করা। মেরুদন্ড। দুঃসাধ্য কাজে হাত দেয়া। এবং দেখুন- اسماده ।

سماروغ (সামারুগ) ফাঃ নাঃ পুং ; ছত্রাক। ছাতি আকৃতির ফুল। ব্যাঙের ছাতা।

سماع (সোমা') আঃ নাঃ পুং ; শোনা। উঃ ; রাগ অথবা গান শোনা। নাচ গান উপভোগ।

سماع (সমা') আঃ নাঃ পুং ; শ্রবণ। গান। ধর্ম-সঙ্গীত।

سماعت (সেমায়াত) আঃ নাঃ স্ত্রীং ; শ্রবন। শোনা। ধারণ। শ্রবণ শক্তি।

سماعى (সেমায়ী) আঃ বিঃ ; শ্রুতি। গতানুগতিক। ব্যাকারণের নীতিবিরুদ্ধ শব্দ।

سماط (সেমাত) আঃ ; দস্তরখান। খানার (টেবিল) কাতার বা সারি।

سماق (সামাক) আঃ নাঃ পুং ; মর্মর পাথর বিশেষ।

سماق (সুমমাক) আঃ নাঃ পুং ; বড় একপ্রকার তেঁতো ফল বিশেষ। ডউয়া। গাব।

سمان (সুমান) হিঃ; মত। নজির। উপমা। সাদৃশ্য। দ্বিতীয়।

سماوی (সামাব) আঃ ; আসমানী।

سماء (সামা) আঃ বিঃ ; ছায়ানীড়। আসমান।

سمانا (সামানা) খাপ খাওয়া। পুরো হওয়া। অবকাশ হওয়া।

سمائی (সামাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; অবকাশ। সুযোগ। ধৈর্য। উদারতা। মহানুভবতা।

سمبت (সম্বত) হিঃ নাঃ পুং ; সংবত। বৎসর। বর্ষ। বিক্রমী বৎসর। যা খ্রীস্ট পূর্ব ৫৭ অব্দে জারি করা হয়েছিল।

سمبهالنا (সাম্‌ভাল্‌না) হিঃ মূঃ ; ধরা। সামলান।

سمبل (সিম্বল–Symbol) ইং নাঃ পুং ; নিদর্শন। ইশারা। চিহ্ন। সন।

سمبنده (সম্বন্ধ) হিঃ নাঃ পুং ; আত্মীয়তা। মিলমিশ। মেলামেশা।

سمپان (সাম্পান–Sampan) ইং নাঃ স্ত্রীং ; একপ্রকার চীনা নৌকা। সাম্পান।

سمپت (সম্পাৎ) হিঃ নাঃ স্ত্রীং ; উত্তম। সচ্ছলতা। উন্নয়ন।

سمپٹ (সাম্পাট) সং নাঃ পুং ; রসায়নবিদদের আগুন রাখার পাত্র।

سمپورن (সম্পূরণ) হিঃ বিঃ ; পুরো। পরিপূরণ। সম্পূরণ।

سمت (সাম্‌ত) আঃ ; সোজা রাস্তা। দিক। পার্শ্ব। লক্ষ্য। পথ।

سمت (সিমাত) আঃ ; নিশানা আলামত।

سمٹ (সিমাট) হিঃ নাঃ স্ত্রীং ; ফাটল। একত্রিকরণ।

سمٹنا (সিমাটনা) হিঃ মূঃ ; একত্রিত হওয়া। বিদায় হওয়া। দায়িত্বমুক্তকরণ।

سمجه (সম্‌ঝ) হিঃ নাঃ স্ত্রীং ; বুঝ। বোধ। জ্ঞান। অনুভব। উপলব্ধি। ধারণা।

سمجه دار (সমঝদার) নাঃ বিঃ ; জ্ঞানী। বোধসম্পন্ন।

سمجهانا (সমঝানা) হিঃ মূঃ ; বুঝানো। উপদেশ দেয়া। সতর্ক করা।

سمجهنا (সমঝনা) হিঃ মূঃ ; জানা। জ্ঞাত হওয়া। বোধগম্য হওয়া।

سمجها لینا (সমঝ লেনা) বুঝে নেয়া। ধারণা করে নেয়া।

سمجهوتا (সমঝোতা) নাঃ পুং ; আপোষ। সমঝোতা। পারস্পরিক মীমাংসা।

سمجهے (সমঝে) হিঃ প্রশ্নসূচক অব্যয় ; বুঝলে ? মনে করে দেখ তো ? মনে এসেছে কি ? বুঝলে তো ?

سمدهن (সমাধান) হিঃ নাঃ স্ত্রীং ; পাত্র – পাত্রীর মাতা। এদের পারস্পরিক সম্বোধন। বিয়াইন।

سمدهی (সামধী) হিঃ নাঃ পুং; পাত্র – পাত্রীর বাবাদ্বয়ের পারস্পরিক সম্বোধন। বিয়াই।

سمرن (সামুরন) হিঃ নাঃ পুং ; অজিফা। বেতন। ভাতা। তসবীহ। মালা।

سمك (সমক্) আঃ নাঃ পুং ; মৎস্য। মাছ। প্রবাদোক্ত মৎস্য যারওপর পৃথিবী স্থাপিত।

سمع (সাম') আঃ নাঃ পুং ; শ্রবণ শক্তি।

سمگل (স্মাগল–Smuggle) অবৈধ কারবার। চোরা কারবার। কালো-বাজার। অবৈধ আমদানী – রপ্তানী।

سمگلر (স্মাগলার–Smuggler) দেখুন – سمگلر। চোরাকারবারী। কালো বাজারী।

سمن (সমন–Summon) ইং নাঃ পুং ; আদালতের লিখিত হুকুম। সমন। নির্দেশ।

سمند (সমন্দ) ফাঃ নাঃ পুং ; ঘোড়া। হলুদ

ঘোড়া।

سمندر (সমান্দর) ফাঃ নাঃ পুং ; এক প্রকার পোকা। কথিত আছে, আগুনেই এগুলোর জন্ম। আগুনেই এদের বাস, আগুন থেকে বের হলেই ওরা মারা যায়।

سمندر (সামুন্দার) হিঃ নাঃ পুং ; সমুদ্র। সাগর।

سمندری (সামুন্দরী) হিঃ বিঃ ; সামুদ্রিক। জলজ।

سمشان (সমশান) হিঃ নাঃ পুং ; শ্মশান। দেহ পোড়ানোর স্থান।

سموچا (সমুচা) আঃ বিঃ ; সম্পূর্ণ। পুরা। অটুট।

سموسا (সামুচা) হিঃ নাঃ পুং ; ত্রিকোণ বিশিষ্ট পিঠা বা সিঙ্গাড়া।

سمور (সামুর) আঃ নাঃ পুং ; খেক শিয়ালের মত বরফাঞ্চলের এক জানোয়ার। ঐ জানোয়ারের চামড়া।

سموم (সামুম) আঃ নাঃ স্ত্রীং ; বিষাক্ত হাওয়া। লু-হাওয়া। গরম বাতাস। সাইমুম।

سمونا (সামুনা) হিঃ মুঃ ; মেলানো। ঠান্ডা ও গরম পানি মিশ্রণ।

سمیات (সামিয়্যাত) আঃ নাঃ পুং ; বিষাক্ত বস্তু।

سمیت (সামিয়্যাত) আঃ ; বিষক্রিয়া।

سمیر (সামীর) আঃ ; নিশিতের গল্পকার।

سمیع (সামী) আঃ বিঃ ; সর্বশ্রোতা। আল্লাহর গুণবাচক নাম বিশেষ।

سمٹنا (সামীটনা) হিঃ মূঃ ; একত্রিত করা। জমা করা। পুরা করা। সংকুচিত করা।

سمیلن (সমীলন) হিঃ নাঃ পুং ; জলসা। সম্মেলন। সংস্থা।

سمیط (সামীত) আঃ ; মোতির তাগা। মোতি গাঁথা সুতা।

سمیل (সমীল) আঃ ; পলি। কাঁদা।

سمین (সামীন) আঃ বিঃ ; মোটা। হোৎকা।

سمینه (সামীনা) ফাঃ ; সূক্ষ্ম ও মিহি কাপড় বিশেষ।

س - ن

سن (সনন্) আঃ নাঃ পুং ; বৎসর। বয়স।

سن بلوغ (সননে বুলুগ) আঃ ফাঃ নাঃ পুং ; যৌবন বয়স। সেয়ানা হওয়া।

سن رسیده (সনন রসীদাহ) আঃ ফাঃ বিঃ ; বুড়ো বা বুড়ি।

سن (সুন্‌ন) হিঃ বিঃ ; অনুভূতিহীন। নীরব। জড়। নির্জীব। খামোশ। চুপ চাপ। বেহুঁশ।

سن (সুন) হিঃ নাঃ পুং ; একপ্রকার গাছের ছাল, যদ্বারা দড়ি তৈরী হয়। পাট। শন্‌শন্ আওয়াজ।

سننا (সুননা) হিঃ মূঃ ; শোনা। শ্রবণ করা।

سناتن (সনাতন) হিঃ নাঃ পুং ; প্রাচীন। আদী। পাক্কা। মজবুত।

سناٹا (সন্‌নাটা) হিঃ নাঃ পুং ; বিজন অঞ্চল। নীরবতা। নিস্তব্ধতা। খামোশি। ভীতি।

سنار (সুনার) হিঃ নাঃ পুং ; স্বর্ণকার।

سناں (সিনাঁ) আঃ নাঃ স্ত্রীং ; নেযার ফাল। তীরের অগ্রভাগ। বর্শা। নেযা।

سنانا (সুনানা) হিঃ মূঃ ; শোনান। নিন্দামন্দ বলা।

سنانی (সুনানী) হিঃ নাঃ স্ত্রীং ; মামলার শুনানী। মৃত্যু খবর প্রচার।

سنائی (সুনাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; ফরিয়াদ। দখল। শোনান।

سنبل (সুনবুল) আঃ নাঃ পুং ; এক প্রকার সুগন্ধি ঘাস।

سنبله (সুম্বলাহ) আঃ নাঃ পুং ; খোসা। গম। শীষ।

سنبهلنا (সাম্ভালনা) হিঃ মূঃ ; থামা। বাধা দেয়া। মদদ করা। সেবা করা।

سنبوگ (সম্ভোগ) প্রাঃ নাঃ স্ত্রীং ; ভোগ। সংসর্গ। সহবাস।

سنپولیا (সানপোলিয়া) হিঃ পুং ; সাপের বাচ্চা।

سنپیرا (সাঁপেরা) হিঃ নাঃ পুং ; সাপুড়ে। গাড়োলি।

سنت (সনত) হিঃ বিঃ ; যোগী। দরবেশ। সন্ন্যাসী।

سنت (সুন্নাত) আঃ নাঃ স্ত্রীং ; রাসূলের কাজ কর্ম ও সম্মতি। অভ্যাস। রীতি।

سنتری (সন্‌তরী) নাঃ পুং ; সান্ত্রী। পাহারাদার। সেপাই।

سنتوش (সন্তোষ) হিঃ নাঃ পুং ; সবর। সতন্ত্র। অল্পেতুষ্টি। সান্ত্বনা।

سنتوشی (সন্তোষী) হিঃ বিঃ ; ধৈর্যশীল।

سنٹر (সেন্টার-Centre) ইং নাঃ পুং ; কেন্দ্র।

سنٹرل (সেন্ট্রাল-Central) ইং বিঃ ; কেন্দ্রীয়।

سنجاف (সেনজাফ) ফাঃ নাঃ স্ত্রীং ; ঝালর। পার্শ্ব। কিনারা। টিকা।

سنٹی (সেন্টী) হিঃ নাঃ স্ত্রীং ; হালকা শাখা। ছড়ি।

سنجوگ (সনযোগ) হিঃ নাঃ পুং ; সংযোগ। মেলা-মেশা। আবকশ। সুযোগ।

سنجها (সনঝা) হিঃ নাঃ স্ত্রীং ; সন্ধ্যা।

سنجهلا (সনঝলা) হিঃ বিঃ ; তৃতীয় পুত্র। সেজো – পুত্র।

سنجیدگی (সনজীদগী) ফাঃ নাঃ স্ত্রীং ; গাম্ভীর্য। গুরুত্ব। পবিত্রতা। মহানুভবতা।

سنتری (সান্ত্রী) নাঃ পুং ; প্রহরী। সান্ত্রী। পাহারাদার। সেপাই।

سنجیده (সঞ্জীদা) ফাঃ বিঃ ; গম্ভীর। চিন্তাশীল। বিবেচক।

سنچانا (সনচানা) নাঃ মূঃ ; ক্ষেতে পানি দান। সেচকার্য।

سنچائی (সনচায়ী) নাঃ স্ত্রীং ; সেচকাজ। পানি সেচ। সেচের মজুরী।

سنچری (সেঞ্চুরী-Century) ইং নাঃ স্ত্রীং ; শতাব্দী। শতবর্ষ। ক্রিকেটের ব্যক্তিগত ১০০ রান।

سند (সনদ) আঃ নাঃ স্ত্রীং ; সার্টিফিকেট। দস্তাবেজ। শিক্ষার স্বীকৃতি ও প্রমাণ পত্র। সনদ। সত্যায়নপত্র। সরকারী রেজিষ্ট্রি। (ব-ব, اسناد)

سند یافته (সনদ ইয়াফতা) আঃ ফাঃ বিঃ ; সনদপ্রাপ্ত। স্বীকৃত। সার্টিফিকেট প্রাপ্ত।

سندا (সনদান) আঃ ; সনদের দৃষ্টিকোণে। সামান্য। প্রামাণিক।

سندان (সিন্দান) ফাঃ নাঃ স্ত্রীং ; হামান। ঔষধ বা পানগুড়ো করার লৌহ মগ বিশেষ।

سندر (সুন্দর) হিঃ বিঃ ; সুন্দর। কান্তিমান। লাবণ্যময়। শ্রীমান।

سندری (সুন্দরী) হিঃ নাঃ স্ত্রীং ; শ্রীমতি। সুন্দরী। সুশ্রী।

سندس (সুন্দস) আঃ নাঃ পুং ; একপ্রকার উত্তম রেশম।

سندور (সিন্দুর) হিঃ নাঃ পুং ; সিঁদুর। লাল রঙ বিশেষ।

سنده (সিন্ধ) হিঃ নাঃ পুং ; সমুদ্র। দরিয়া। সাগর। প্যাকিস্তানের একটি নদীর নাম। রাগিণী বিশেষ।

سندهیا (সন্ধেয়া) আঃ নাঃ স্ত্রীং ; দিন-রাতের মিলনক্ষণ। সকাল। সন্ধ্যা।

سندسا (সন্দেসা) হিঃ নাঃ পুং ; বার্তা। পয়গাম। সংবাদ। খবর। খোশ খবর।

سنڈ (সন্ড) হিঃ বিঃ ; মোটা তাজা। হৃষ্ট পুষ্ট। বৃহৎকায়।

سنڈ منڈ (সন্ড মন্ড) ক্রিঃ বিঃ ; মোটাতাজা। হৃষ্টপুষ্ট।

سنڈا (সন্ডা) হিঃ বিঃ ; বপুধারী। হোৎকা। বলবান।

سنڈاس (সন্ডাস) হিঃ নাঃ পুং ; পায়খানা। শৌচাগার। প্রক্ষালন।

سنڈاسی (সন্ডাসী) হিঃ নাঃ স্ত্রীং ; হাড়ি

নামানোর ন্যাকড়া। হাতা। চিমটা।

سنڈی (সন্ডী) হিঃ বিঃ ; বপুধারিণী। হোৎকা - নারী।

سنسار (সানসার) হিঃ নাঃ পুং ; সংসার। দুনিয়া। পৃথিবী। বিশ্ব।

سنسان (সুনসান) হিঃ বিঃ ; নীরব। খামোশ। খালি। বিজন। ভয়ানক। ভীতিকর।

سنسکرت (সংস্কৃত) সঃ নাঃ স্ত্রীং ; পবিত্র। শুচিশুদ্ধ। সংস্কৃতি। উত্তম।

سنسنانا (সনসনানা) হিঃ মূঃ ; শন্ শন করা। শোঁ শোঁ করা। কাঁপা।

سنسناهٹ (সনসনাহাট) হিঃ নাঃ স্ত্রীং ; মর্মর-ধ্বনি। টুনটুন আওয়াজ।

سنسی (সনসী) হিঃ নাঃ ; গুর্জ। কর্মকারের লৌহদন্ড।

سنك (সানক) হিঃ নাঃ স্ত্রীং ; পাগলামি। মৃদুমন্দ বাতাস।

سنك (সিনাক) হিঃ নাঃ স্ত্রীং ; নাকের ময়লা। শ্লেষা। ছ্যাঁত।

سنکارنا (সাংকারনা) হিঃ মূঃ ; চোখে চোখে ইশারা। চোখ মারা। উত্তেজিত করা।

سنکل (সানকাল) হিঃ নাঃ স্ত্রীং ; জিঞ্জির। বেড়ী। দন্ড। দুরমুজ।

سنکلپ (সংকল্প) সং নাঃ পুং ; সংকল্প। ইচ্ছা। লক্ষ্য। ওয়াকফ।

سنکنا (সিনকনা) হিঃ মূঃ ; নাক ছাফ করা।

سنکه (শংখ) হিঃ নাঃ পুং ; শঙ্খ। শাঁখ। ঘন্টা।

سنکهی (শংখী) শংখী নারী। যে নারীর চুল লম্বা, দেহ দীর্ঘ, মেজায রুক্ষ এবং চাহিদা বিশাল।

سنکهیا (সংখিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; এক প্রকার বিষ।

سنگ (সাঙ্গ) ফাঃ নাঃ পুং ; পাথর। ভার। সুযোগ। প্রভাব।

سنگ اسود (-ই-আসওয়াদ) আঃ ফাঃ নাঃ পুং ; হজরে আসওয়াদ। কাবা দেয়ালে সংস্থাপিত সুমহান পাথর।

سنگ باری (-বারী) ফাঃ নাঃ স্ত্রীং ; পাথর বর্ষণ। পাথর নিক্ষেপ।

سنگ پا (-পা) ফাঃ পুং ; পাথর কুচি।

سنگ پارس (-ই-পারিস) ফাঃ নাঃ বিঃ ; পরশ পাথর।

سنگ پشت (-ই-পুশত) ফাঃ নাঃ পুং ; কচ্ছপ।

سنگلاخ (সঙ্গলাখ) ফাঃ বিঃ ; পাথুরে জমিন। কংকরময় মরু।

سنگ دانا (-দানা) ফাঃ নাঃ পুং ; পাখির পাকস্থলি।

سنگ دل (-দিল) ফাঃ বিঃ ; বে-রহম। নির্দয়। পাষাণ।

سنگ راه (সাঙ্গে-রাহ) ফাঃ নাঃ পুং ; পথের কাঁটা। অন্তরায়।

سنگ میل (-মীল) ফাঃ নাঃ পুং ; মাইল ষ্টোন। মাইন ফলক। পথ প্রদর্শক।

سنگ (সঙ্গ) হিঃ নাঃ পুং ; সংস্পর্শ। সাহচর্য। সঙ্গ।

سنگائی (সঙ্গাঈ) হিঃ নাঃ পুং ; সাথী। সঙ্গী। বন্ধু।

سنگار (সিঙ্গার) হিঃ নাঃ পুং ; সাজ - সজ্জা। প্রসাধন। পোষাক-পরিচ্ছদ।

سنگار دان (সিঙ্গার দান) ফাঃ নাঃ পুং ; সাজ-সজ্জা বিশেষজ্ঞ। মেক আপম্যান। বিউটিশিয়ান।

سنگت (সাঙ্গত) হিঃ নাঃ স্ত্রীং ; সংশ্রব। সঙ্গ সহপাঠী। অংশ প্রাণ।

سنگتره (সঙ্গতারা) পর্তুঃ নাঃ পুং ; কমলা লেবু। নারকেল।

سنگتی (সঙ্গতী) হিঃ নাঃ পুং ; সাথী। বন্ধু। সহপাঠী।

سنگر (সাঙ্গর) ফাঃ নাঃ পুং ; প্রতিরোধ মোর্চা। ব্যারিকেড। পরিখা। দমদমা।

سنگر (সিঙ্গার-Singer) ইং নাঃ পুং স্ত্রীং ; গায়ক। গায়িকা। আমেরিকার বিশিষ্ট বিজ্ঞানী। যিনি সেলাই মেশিন আবিষ্কার

করেন। তার নামেই একটি বাণিজ্যিক কোম্পনী রয়েছে।

سنگرام (সংগ্রাম) সং নাঃ পুং ; সংগ্রাম। যুদ্ধ। বিপ্লব।

سنگرنا (সংগরনা) হিঃ মূঃ ; বুনন। সাজান। মেক আপ দেওয়া।

سنگل (সিঙ্গেল–Single) ইং বিঃ ; এক। একক। একাকী। অর্ধেক। হাবা। সিঙ্গাল। ক্রিকেটে এক রানের জন্য দৌড়।

سنگم (সঙ্গম) সঃ নাঃ পুং ; মোহনা। মিলন। সহবাস। সঙ্গম। দুই নদীর মিলনস্থল। সাক্ষাৎ।

سن گن (সুনগুন্) হিঃ নাঃ স্ত্রীং ; গোপন কথা, গোপন খবর। শোনাকথা। سن گن لینا (– লেনা) কারও গোপন কথা শোনা বা জিজ্ঞাসা করা।

سنگوانا (সঙ্গওয়ানা) হিঃ মূঃ ; জমা করা। একত্রিত করা। মেরে ফেলা।

سنگوی (সিঙ্গুয়ী) হিঃ নাঃ স্ত্রীং ; শিংয়ের কাপড়। ঝালর। গাভী বা হরিণীর ছোট শিং।

سنگھ (সিংঘ) হিঃ নাঃ পুং ; বাঘ। সিংহ। সিংহ রাশি।

سنگھاڑا (সিঙ্গাড়া) হিঃ নাঃ পুং ; ত্রিকোণ বিশিষ্ট ভাজা খাদ্য বিশেষ। সিঙ্গাড়া। ত্রিভুজ। ত্রিকোণ।

سنگھاسن (সিংঘাসন) হিঃ নাঃ পুং ; সিংহাসন।

سنگھانا (সুংঘানা) হিঃ মূঃ ; নাকে খোশবু ইত্যাদি দেয়া। শুঁকা।

سنگی (সঙ্গী) হিঃ নাঃ পুং ; সাথী। সঙ্গী। সহপাঠী। সহচারী। সুতি মিশ্রিত রেশমী কাপড় বিশেষ।

سنگیت (সঙ্গীত) সঃ নাঃ পুং ; আবহ সংগীত। সম—জৈরে সংগীত। নাচগান। নৃত্যসহ গান।

سنگین (সংগীন) ফাঃ বিঃ ; ভারী। মজবুত। শক্ত। ইং নাঃ স্ত্রীং ; বেয়োনেট। বন্দুকের প্রান্তবর্তী ছোরা।

سنگین جرم (সঙ্গীন জুরম) ফাঃ আঃ নাঃ পুং ; চরম অপরাধ। ক্ষমাহীন অপরাধ।

سن مکھ (সনমুখ) হিঃ বিঃ ; সম্মুখ। সামনে।

سنن (সুনান) আঃ নাঃ পুং ; (سنت -এর ব-ব) আদর্শ। আল্লাহর রসূল (সঃ) ও ছাহাবায়ে কিরামের কর্ম, কথা ও সম্মতির সমষ্টি।

سننا (সান্‌না) হিঃ মূঃ ; ভরা। পূর্ণ।

سننا (সুননা) হিঃ মূঃ ; কর্ণ দ্বারা আওয়াজ অনুধাবন করা। ধ্যান করা।

سنوار (সানোয়ার) হিঃ নাঃ স্ত্রীং ; যথার্থতা। সংশোধন। অভিসম্পাৎ।

سنوارنا (সঁওয়ারনা) হিঃ মূঃ ; পরিপাটি করা। সজ্জিত করা।

سنون (সানুন) আঃ নাঃ পুং ; দাঁতের মাজন।

سنہ (সানা) আঃ নাঃ পুং ; বছর। বৎসর।

سنہری (সুনহারী) হিঃ বিঃ ; স্বর্ণের। সোনালী। হলুদ। হরিদ্রা।

سنی (সুন্নী) আঃ নাঃ পুং ; মুসলমানদের ঐ ফেরকা, যারা খোলাফায়ে রাশেদাকে হক মনে করেন। এরাই প্রকৃত আহলে সুন্নাত ওয়াল জামায়াত।

سنیاس (সনয়াস) আঃ নাঃ পুং ; দুনিয়া ত্যাগ। যোগী। সন্ন্যাসী। বৈরাগী।

سنیاسی (সনইয়াসী) সঃ নাঃ পুং ; হিন্দু যোগী। কবিরাজ। বৈদ্য। ওঝা।

سنیچر (সনীচার) হিঃ নাঃ পুং ; শনিবার। দুর্ভাগ্য।

س – و

سو (সও) হিঃ বিঃ ; একশত। অনেক। অসংখ্য।

سوفی صد (সও ফি সদ) পর ; একশোতে একশ। ১০০%। হান্ড্রেড পার্সেন্ট। পুরোপুরি।

سوتک گننا (সও তক গিননা) ফাঃ ;

একশত পর্যন্ত গণনা। শতকিয়া।

سو (সূ) ফাঃ নাঃ স্ত্রীঃ ; দিক। পার্শ্ব। প্রান্ত।

سو (সো) হিঃ ; সে। যা। এজন্য। এ কারণে। কাজেই। سونا মাছদার-এর امر = ঘুমাও।

سوء (সূ') আঃ নাঃ স্ত্রীঃ ; অসৎ। কুচক্রী। অসুস্থতা।

سوا (সোওয়া) হিঃ বিঃ ; সোয়া। এক ও চারের এক। $1\frac{1}{4}$।

سوا (সেওয়া) আঃ ; ছাড়া। ব্যতীত। অতিরিক্ত। ফালতু।

سوا (সুওয়া) হিঃ নাঃ পুং ; বড় সুঁচ। ভোড়।

سواحل (সওয়াহিল) আঃ নাঃ পুং ; ساحل -এর ব-ব) উপকূল। তীর। বন্দর। জেটি। সৈকত।

سواد (সাওয়াদ) হিঃ নাঃ পুং ; মজা। স্বাদ। তৃপ্তি। আস্বাদন। রুচিশীল। আনন্দ। খুশি। একনিষ্ঠতা।

سواد (সওয়াদ) আঃ নাঃ পুং ; কালো। ধূমোত্থিত কালি। কৃষ্ণবর্ণ। শহরতলী। পাঠজ্ঞান। অভিজ্ঞতা। লেখা। সিংহভাগ।

سوار (সওয়ার) ফাঃ নাঃ পুং ; ঘোড় সওয়ার। আরোহী।

سوار (সেওয়ার) আঃ নাঃ পুং ; কাঁকন। বালা। হাতের অলংকার বিশেষ।

سوار (সেওয়ার) সং নাঃ স্ত্রীঃ ; ঘাস বিশেষ।

سوارت (সওয়ারাত) হিঃ নাঃ পুং ; ভাল কাজে আসা।

سواری (সওয়ারী) ফাঃ নাঃ স্ত্রীঃ ; যাতে আরোহণ করা হয়। সওয়ারী। অশ্বারোহণ।

سواع (সুয়া') আঃ নাঃ স্ত্রীঃ ; নূহ (আঃ)-এর কওম যে মূর্তির পূজা করত। প্রাচীন মূর্তি বিশেষ।

سواک (সওয়াক) আঃ বিঃ ; ধীর গতি। ধীরে চলা। গজেন্দ্র গমন। শম্বুক গতি।

سواک (সেওয়াক) আঃ নাঃ পুং ; মেসওয়াক। দাঁতন।

سواگت (সওয়াগিত) সং নাঃ পুং ; খোশ আমদেদ। সংবর্ধনা। অভিনন্দন। সালাম। অভিবাদন।

سوال (সুয়াল) আঃ নাঃ পুং ; জিজ্ঞাসা। জানতে চাওয়া। দরখাস্ত। আবেদন। আহবান। বিশ্লেষণ। উঃ ; দাবী। গোজারেশ। আশা। ভিক্ষা চাওয়া।

سوال جواب (-জওয়াব) আঃ নাঃ পুং; প্রশ্নোত্তর।

سوالی (সুওয়ালী) আঃ ফাঃ নাঃ পুং ও বিঃ ; জিজ্ঞাসু।

سوامی (সোয়ামী) আঃ নাঃ পুং ; স্বামী। মনিব। হাকেম। খোদা। পীর। মোর্শেদ। হুজুর কেবলা। হযরত।

سوانا (সিওয়ানা) সীমানা। গন্ডি। সীমান্ত।

سوانح (সওয়ানিহ) আঃ নাঃ পুং ; سانحة -এর ব-ব) ঘটনা। প্রত্যক্ষ বর্ণনা। অবস্থা বিশ্লেষণ। জীবনী।

سوانح عمری (সাওয়ানিহে ওমরী) আঃ নাঃ স্ত্রীঃ ; জীবনী। জীবন-চরিত।

سوانح نگار (সাওয়ানিহ নিগার) আঃ ফাঃ বিঃ ; কাহিনীকার। গল্পকার। প্রবন্ধকার। প্রতিবেদক। উঃ ; জীবনীকার। জীবনী লেখক।

سوانگ (সওয়াঁগ) হিঃ নাঃ পুং ; তামাশা। নকল। খেলাধুলা। বহুরূপ।

سوانه (সিওয়ানাঃ) হিঃ নাঃ পুং ; জমির সীমারেখা ; গ্রামের সীমানা। سوانه بندی (-বন্‌দী) সীমা-বন্ধন।

سوانگیا (সাওয়ানাগিয়া) হিঃ মূঃ ; বহুরূপী। বহুমুখী। ধোঁকাবাজ। দাগাবাজ।

سواها (সুয়াহা) সঃ বিঃ ; ছাইভস্ম।

سوائے (সাওয়ায়ে) ফাঃ নাঃ ; ছাড়া। ব্যতীত। ব্যতিরেকে।

سوایا (সওয়া-য়া) হিঃ বিঃ ; এক এবং একচতুর্থাংশ।

سوبھا (সোভা) হিঃ নাঃ স্ত্রীং ; শোভা। সৌন্দর্য। সজ্জা।
سوپ (সোপ–Soap) ইং নাঃ পুং ; সাবান।
سوپ (সুপ–Soup) ইং নাঃ পুং ; ঝোল জাতীয় খাদ্য। সুপ। সুরা।
سوپ (সুপ) হিঃ নাঃ পুং ; শস্য ইত্যাদি ঝাড়ার কুলা।
سوپن (সোপন্) সঃ নাঃ পুং ; স্বপ্ন।
سوت/سوتن (সওত–সওতন) হিঃ নাঃ স্ত্রীং ; সতীন। সপত্নী। প্রতিদ্বন্দ্বী।
سوت (সুত) হিঃ নাঃ স্ত্রীং ; তাগা। সুতা।
سوت (সৃত) হিঃ বিঃ ; ঝর্ণা। প্রস্রবণী।
سوتك (সুতাক) সং নাঃ স্ত্রীং ; কু-রক্ত। সদ্য প্রসূত বাচ্চার নাপাকী।
سوتنا (সুতনা) হিঃ মৃঃ ; নিংড়ান। চোষা।
سوتی (সূতী) হিঃ বিঃ ; সূতির। নিদ্রামগ্ন।
سوتے (সোতে) হিঃ বিঃ ; ঘুমন্ত। নিদ্রামগ্ন।
سوتیلا (সওতেলা) হিঃ বিঃ ; সপত্নীর সঙ্গে সম্বন্ধযুক্ত। সৎ ভাই-বোন।
سوٹ (স্যুট–Suit) ইং নাঃ পুং ; জোড়া কাপড়। এক রঙা সেট কাপড়।
سوٹ کیس (সুটকেস– Suiting) ইং নাঃ পুং ; স্যুট কাপড়।
سوجا (সূজা) হিঃ নাঃ পুং ; তুর পূর্ণ। ড্রিল মেশিন। ভোড়। বর্মা।
سوجن (সুজন) হিঃ নাঃ স্ত্রীং ; স্ফীতি। ফুলা।
سوجنا (সূজ্না) হিঃ মৃঃ ; স্ফীত হওয়া। দোলা।
سوجھ (সূঝ) হিঃ নাঃ স্ত্রীং ; জ্ঞান। বুদ্ধি। বিবেক। দৃশ্যায়ন। দিব্যদৃষ্টি। নজর।
سوجھ بوجھ (সূঝ বুঝ) নাঃ স্ত্রীং ; বিদ্যা-বুদ্ধি। বোধ-ছোদ। দূরদর্শিতা।
سوجی (সূজী) হিঃ নাঃ স্ত্রীং ; মোটা দানার ময়দা। সুজি।
سوچ (সোচ) হিঃ নাঃ পুং ; চিন্তা। বিবেচনা। ধ্যান। দুঃখ। উদ্বেগ।
سوچنا (সোচনা) হিঃ মৃঃ ; চিন্তা করা। ভাবনা।
سوئچ (সুইচ–Switch) ইং নাঃ পুং ; বৈদ্যুতিক বোতাম। সুইচ।
سوئچ بورڈ (সুইচ বোর্ড–Switch Board) ঐ তুক্তা, যাতে সুইচ থাকে।
سوخت (সোখত) ফাঃ নাঃ স্ত্রীং ; জ্বলন। দগ্ধ হওয়া। ভস্ম।
سوختی (সোখতী) উঃ নাঃ স্ত্রীং ; কষ্ট। দগ্ধ। জ্বলন।
سوختنی (সোখতানী) ফাঃ বিঃ ; জ্বালানী।
سوختہ (সোখতা) ফাঃ বিঃ ; ভস্মীভূত। বিপদগ্রস্ত।
سوختہ بال (–বাল) ফাঃ বিঃ ; অসহায়।
سوختہ بخت (–বখত) ফাঃ বিঃ ; বদনসীব। দুর্ভাগা। হতভাগ্য।
سوختپا (– পা) ফাঃ বিঃ ; দ্রুতগামী।
سوختہ تن (–তন) ফাঃ বিঃ ; দেহজ্বলা। মর্মপীড়া। প্রেমিক।
سود (সূদ) ফাঃ নাঃ স্ত্রীং ; ভোগ। উপভোগ। উপকার গ্রহণ। সূদ। কর্জ টাকার থেকে বাড়তি লাভ। ইং ; ইন্টারেস্ট।
سود بٹا (–বাটা) নাঃ পুং ; লাভ। লোকসান।
سود در سود (– দর সূদ) ফাঃ নাঃ পুং ; চক্রবৃদ্ধি সূদ।
سود مند (সূদমন্দ) ফাঃ বিঃ ; উপকারী।
سودا (সওদা) আঃ নাঃ পুং ; কালা। কালো। ফাঃ ; পাগলামি। বেচা। কেনা। পণ্য।
سوداگر (সওদাগর) ফাঃ বিঃ ; ব্যবসায়ী। ব্যাপারী।
سودائی (সওদাঈ) আঃ বিঃ ; দেওয়ানা। পাগল। মাতাল। মস্তিষ্ক বিকৃত।
سودھا (সুধা) হিঃ বিঃ ; সিধা। সরল। পরিষ্কার। নিরীহ।
سودھن (সাওধন) ফাঃ হিঃ নাঃ পুং ; তাহযীব। তামাদ্দুন। পবিত্রতা।

সংশোধন। পরিশুদ্ধি। সংস্কৃতি। সভ্যতা। কৃষ্টি।

سودهنا (সূধ্না) হিঃ মূঃ ; দ্রবণ। মিশ্রণ।

سودهی (সুধী) নাঃ বিঃ ; পাক ছাফ। মহান। উত্তম। আমন্ত্রিত মেহমান। সাচ্চা।

سودی (সূদী) ফাঃ বিঃ ; সূদের শর্তে নেয়া টাকা।

سودیش (সূদেশ) হিঃ নাঃ পুং ; নিজ-দেশ। স্বদেশ। স্বাগতিক।

سودیشی (সুদেশী) হিঃ বিঃ ; দেশীয়। স্বদেশী। নিজ-দেশের।

سوڈا (সোডা-Soda) ইং নাঃ পুং; সোডিয়ামের ক্ষার।

سوڈیم (সোডিয়াম-Sodium) ইং নাঃ পুং ; একপ্রকার ধাতু, যা সোডার মধ্যে থাকে এবং তা হতে সাদা রশ্মি স্ফুরিত হয়।

سور (সুওর) হিঃ নাঃ পুং ; শুকর। বিঃ ; নিকৃষ্ট। বজ্জাত। উঃ ; গালি বিশেষ।

سور (সূর) হিঃ নাঃ পুং ; বীর। বীরপুরুষ।

سوراج (সওরাজ) হিঃ নাঃ পুং ; সার্বভৌমত্ব। স্বাধীন রাজত্ব।

سوراخ (সূরাখ) ফাঃ নাঃ পুং ; ছিদ্র। ফুটো। মুখ। ফাটল।

سوره (সুরা) আঃ নাঃ স্ত্রীং ; (ব-ব سور) কুরআনের সুরা।

سورج (সুরাজ) হিঃ নাঃ পুং ; সূর্য। সুরুজ।

سورج گهن (- গহন) নাঃ পুং ; সূর্য গ্রহণ।

سورج سنسار (-সনসার) সৌর পরিবার। সৌরজগৎ। সৌরমন্ডল।

سورج مکهی (- মুখী) সূর্যমুখী ফুল।

سورگ (সোরগ) হিঃ নাঃ স্ত্রীং ; সত্তা। বেহেশ্‌ত। জান্নাত।

سورما (সূরমা) হিঃ বিঃ ; বাহাদুর। বীর।

سورن (সূরণ) হিঃ নাঃ পুং ; সোনা। স্বর্ণ। স্বর্ণ-পাত।

سورنجان (সুরঞ্জন) ফাঃ নাঃ স্ত্রীং ; ভেষজ ঔষধ বিশেষ।

سورنی (সুয়োরাণী) হিঃ নাঃ স্ত্রীং ; অধিক সন্তান জন্মদান কারিণী মহিলা।

سوره (সূরাঃ) আঃ নাঃ পুং ; কোরআনের পরিচ্ছেদ।

سوز (সোয) ফাঃ নাঃ পুং ; জ্বালা। হৃদয়োত্তাপ। মর্মপীড়া। বহ্নিজ্বালা। মনোত্তাপ।

سوزاک (সুযাক) ফাঃ নাঃ পুং ; একপ্রকার রোগ, যাতে প্রস্রাবের সাথে পুঁজ পড়ে। সিফিলিস। গণোরিয়া।

سوزاں (সূযাঁ) ফাঃ বিঃ ; জলন্ত। জালাযুক্ত।

سوزش (সোযিশ) ফাঃ নাঃ স্ত্রীং ; জ্বালা। ব্যথা। স্ফীত।

سوزن (সোযন্) ফাঃ নাঃ স্ত্রীং ; সূঁচ।

سوزنی (সোয্‌নী) ফাঃ নাঃ স্ত্রীং ; কারুখচিত বিছানায় চাদর, সুজনী।

سوس (সোস) ফাঃ নাঃ পুং ; ঘড়িয়াল। একপ্রকার কুমীর।

سوسمار (সূসমার) ফাঃ নাঃ পুং ; জংলী জানোয়ার বিশেষ। কাল্লাস। শোষক। রক্ত চোষক।

سوسائٹی (সোসাইটি-Society) ইং নাঃ স্ত্রীং ; সমাজ। সামাজিক জীবন। মানুষের সংশ্রব।

سوسن (সোসন) ফাঃ নাঃ স্ত্রীং ; পদ্মফুল। নলীনী।

سوسنا (সোসনা) প্রাঃ বিঃ ; সহ্য করা। ধৈর্য্য করা।

سوسنی (সোসনী) ফাঃ বিঃ ; নীল বর্ণ। নীলাভ।

سوسی (সোসী) নাঃ স্ত্রীং ; এক প্রকার বিষাক্ত কীট। বিচ্ছু।

سوشل (সোশাল-Social) ইং বিঃ ; সোসাইটিয়াল। সামাজিক। মেলামেশা। মেলেন্সার।

سوشلزم (সোশালিজম-Socialism) ইং নাঃ পুং ; সমাজতন্ত্র। সামন্তবাদ।

سوشلسٹ (সোশালিস্ট-Socialist) ইং

বিঃ; সমাজতন্ত্রী। সামন্তবাদী।

سوغات (সওগাত) তুঃ নাঃ স্ত্রীং ; তোহফা। উপহার। হাদিয়া। উত্তম বস্তু। সওগাত।

سوفار (সূফার) ফাঃ নাঃ পুং ; সুঁচের ছিদ্র। তীরের ফলা।

سوفتا (সূফতা) হিঃ নাঃ পুং ; অবকাশ। সুযোগ। ছুটি।

سوفسطا (সূফাসতা) আঃ ; হেকমতের বিশেষ ফেরকা। যাদের চিন্তাধারা কেবল কল্পনার ওপর নির্ভরশীল।

سوفسطانی (সুফাসতাঈ) আঃ নাঃ পুং ; দার্শনিকদের ঐ ফেরকা, যারা (حقائق الاشياء) বস্তুর বাস্তবতা ও অস্তিত্বকে স্বীকার করেন না।

سوفه (সোফা-Sofa) ইং নাঃ পুং ; আরামদায়ক গদী বিশেষ। সোফা। ফোমের গদীযুক্ত চেয়ার।

سوق (সুক) আঃ নাঃ পুং ; বাজার। ব-ব, اسواق।

سوقيانه (সুকিয়ানা) আঃ ফাঃ বিঃ ; রাজারী। জনগণনন্দিত। সর্বজন ব্যবহৃত।

سوك (সূক) হিঃ নাঃ পুং ; জোহরা তারকা।

سوكها (সুখা) হিঃ নাঃ ; শুকনো। হালকা। পাতলা। শুষ্ক তামাক। ভাং।

سوكن (সওকন) হিঃ নাঃ স্ত্রীং ; সতীন। স্বামীর অপর বউ। সহপত্নী।

سوكا (সূকা) হিঃ নাঃ পুং ; চিটা। দুর্ভিক্ষ।

سوكهنا (সূখনা) হিঃ ; শুষ্ক হওয়া। শীর্ণ হওয়া। রসহীন।

سوك (সোগ) ফাঃ নাঃ পুং ; শোক। মাতম। মর্সিয়া। দুঃখ। বেদনা।

سوكند (সওগন্দ) ফাঃ নাঃ স্ত্রীং ; কসম। কথা। হলফ।

سوكی (সোগী) হিঃ বিঃ ; দুঃখিত। মাতমকারী। শোকগ্রস্ত।

سول (সূল) হিঃ নাঃ পুং; কাঁটা। পেট ব্যথা।

سول (সোল-Sole) ইং নাঃ পুং ; পায়ের তলা। জুতার তলা। বিঃ ; একক। অদ্বিতীয়।

سول (সিভিল-Civil) ইং বিঃ ; শহরী। তামাদ্দুনিক। ইন্তেজামী। উঁচু মানুষ। সংস্কৃতিমনা। মর্যাদাবান। প্রধান।

سول جج (সিভিল জজ-Civil judge) ইং নাঃ পুং ; দেওয়ানী মোকদ্দমার জজ।

سول سرجن (সিভিল সার্জন-Civil Surgeon) ইং নাঃ পুং; শহরের প্রধান চিকিৎসক।

سول كورٹ (সিভিল কোর্ট-Civil Court) ইং নাঃ স্ত্রীং ; দেওয়ানী আদালত। যেখানে লেন-দেনের মোকাদ্দমা শোনা ও বিচার হয়।

سول لسٹ (সিভিল লিস্ট-Civil List) প্রধান বেতন বহি। যে বইতে সরকারী কর্মকারীদের বেতন-পেনশন লিপিবদ্ধ থাকে।

سول ميرج (সিভিল ম্যারেজ-Civil marriage) ইং নাঃ স্ত্রীং ; কোর্টের মাধ্যমে বিবাহ পড়ান। কোর্ট ম্যারেজ।

سوال وار (সিভিল ওয়ার-Civil war) ইং নাঃ স্ত্রীং ; গৃহযুদ্ধ।

سول (সোল) হিঃ নাঃ পুং ; একপ্রকার মাছ। শোল মাছ। গজাল মাছ। টাকি মাছ।

سوله (সোলাঃ) হিঃ বিঃ ; ষোল। ১৬।

سولهواں (সোলাহ্ওয়াঁ) হিঃ বিঃ ; [illegible]দশ। ষোড়শ। ১৬ তম।

سولی (সূলী) হিঃ নাঃ স্ত্রীং ; শূল। ফাঁসী। রূপক অর্থে- মুসিবত। বড় কষ্ট।

سولين (সিভিলিয়ান-Civilian) ইং নাঃ পুং ; বেসামরিক। সরকারী অফিসের চাকুরে।

سوم (সিওম) ফাঃ বিঃ ; তৃতীয়। তৃতীয়া। তৃতীয় দিনের ফাতেহা। থার্ড।

سوم (সূম) হিঃ নাঃ পুং ; কৃপণ। শক্ত। বখিল।

سوم (সোম) হিঃ নাঃ পুং ; চন্দ্র। মালাকুল মউত।

[illegible] (সোমনাথ) সং নাঃ পুং ; ভারতের ঐতিহাসিক মন্দির। সুলতান মাহমুদ গজনবী (রহঃ) এটি জয় করেছিলেন। রূপক অর্থে- মন্দির।

سوم وار (সোমওয়ার) সং নাঃ পুং ; চাঁদের দিন। সোমবার।

سون (সোন) হিঃ নাঃ স্ত্রীং ; কসম। কিরা। হলফ। অঙ্গীকার।

سون (সূন) হিঃ নাঃ স্ত্রীং ; চুপচাপ। খামোশি। শ্বাস। শুভ লক্ষণ। লক্ষণ।

سونا (সোনা) হিঃ নাঃ পুং ; শূন্য। খালি। বিজন।

سونا (সোনা) হিঃ নাঃ পুং ; স্বর্ণ। ঐশ্বর্য। স্বর্ণমুদ্রা।

سونا (সোনা) হিঃ মূঃ ; শোয়া। নিদ্রা যাওয়া।

سونیا (সোনিয়া) হিঃ নাঃ পুং ; ছাই ধুয়ে স্বর্ণ তালাশকারী মেথর। ডোম। ভবিষ্যৎ বক্তা। স্বপ্নবৃত্তান্তকারী।

سونپنا (সোঁপনা) হিঃ মূঃ ; সঁপে দেয়া। সমর্পণ করা। সোপর্দ করা।

سوہان (সোহান) ফাঃ নাঃ পুং ; রেত। লোহা বা অস্ত্র ধার দেয়ার বস্তু।

سوہلا (সোহলা) হিঃ নাঃ পুং ; স্তুতি গান। প্রশংসা বর্ণনা। গুণকীর্তন।

سوہنی (সোহানী) হিঃ বিঃ ; সুন্দরী। লাবণ্যময়ী।

سونٹا (সোঁটা) আঃ নাঃ পুং ; সন্তান। দীর্ঘ দন্ড। বল্লম।

سونڈ (সোন্ড) হিঃ নাঃ স্ত্রীং ; হাতির শুঁড়।

سونف (সঁওফ) হিঃ নাঃ স্ত্রীং ; মৌরী বীজ। গুয়ামুড়ি।

سونگھنا (সূংঘ্না) হিঃ মূঃ ; ঘ্রাণ লওয়া। শুঁকা।

سوہاگا (সোহাগা) হিঃ নাঃ পুং ; আদুরে। সোহাগা।

سوہن (সোহন্) হিঃ বিঃ ; সুন্দর। মনোমত। নাঃ ; বন্ধু।

سوئی (সুই) হিঃ নাঃ স্ত্রীং ; সুঁই। ঘড়ি বা কম্পাসের কাঁটা।

سویدا (সুবয়দা) আঃ নাঃ পুং ; আত্মার ওপরের কালো দাগ। কৃষ্ণবর্ণ। কালো।

سویر (সবের) হিঃ বিঃ ; জলদি। প্রথম। সকাল। পূর্ব।

سویرا (সবেরা) হিঃ নাঃ পুং ; প্রভাত। ভোর। উষাকাল।

سویرے (সবেরে) হিঃ বিঃ ; প্রাতঃকালে। ভোরে। প্রত্যুষে।

سویمبر (সুবিম্বর) হিঃ নাঃ পুং ; প্রাচীন হিন্দুদের বিশেষ প্রথা, যাতে হিন্দুকন্যারা স্বামী নির্বাচন করে। স্বামী নির্বাচনের অনুষ্ঠান। স্বয়ম্বর।

سویم (সোবেম) ফাঃ বিঃ ; তৃতীয়।

س – ہ

سہ (সেঃ) ফাঃ বিঃ ; তিন। ৩।

سہ شنبہ (– শোম্বাঃ) মঙ্গলবার।

سہ ماہی (– মাহী) ফাঃ বিঃ ; ত্রৈমাসিক। প্রথম সাময়িক।

سہار (সহার) হিঃ নাঃ স্ত্রীং ; সহ্য। সহনশীলতা।

سہارا (সাহারা) হিঃ নাঃ পুং ; নির্ভর। ভরসা। সাহায্য। ভর করে।

سہاگ (সোহাগ) হিঃ নাঃ পুং; স্বামীর জীবিত কাল। ভালবাসা। দাম্পত্য প্রণয়।

سہاگ رات (সোহাগরাত) হিঃ নাঃ স্ত্রীং ; বাসর রাত। ফুলশয্যার রাত।

سہاگن (সোহাগন) হিঃ বিঃ ; সধবা। যে নারীর স্বামী জীবিত।

سہالگ (সোহালগ) হিঃ নাঃ পুং ; বিয়ের দিন। শুভলগ্ন।

سہالی (সুহালী) হিঃ নাঃ স্ত্রীং ; চাপাতি। পাতলা রুটি।

سہام (সিহাম) আঃ নাঃ পুং ; (سہم -এর ব-ব) হিস্যা। অংশ। প্রাপ্য।

سہانا (সোহানা) হিঃ বিঃ ; হিঃ বিঃ ; অনুরাগ। সম্প্রতি।

سہاے (সহায়ে) হিঃ নাঃ পুং ; সহায়। সাহায্য।

سہایتا (সহায়তা) হিঃ নাঃ স্ত্রীং ; মদদ। সাহায্য। সহায়তা। সহানুভূতি। ভালবাসা। সম্প্রীতি। সৌহার্দ্য।

سہج (সহজ) হিঃ নাঃ পুং ; সহজে। অবলীলায়। ধীরে।

سہرا (সিহরা) হিঃ নাঃ পুং ; ফুল অথবা মুক্তার তৈরী টোপর, যা বর কনের মাথায় পরানো হয়।

سہل (সহ্‌ল) আঃ বিঃ ; সহজ।

سہلانا (সাহলানা) হিঃ মূঃ ; মৃদুভাবে গা মর্দন করা। সোহাগ করা। তোষামোদ করা।

سہم (সাহ্‌ম) আঃ নাঃ পুং ; তীর। অংশ। হিস্যা।

سہم (সাহম) ফাঃ নাঃ পুং ; ভয়-ভীতি।

سہمگین (সাহমগীন) ফাঃ বিঃ ; ভয়াল। ভীতিকর। বিভীষিকাময়।

سہمنا (সহামনা) হিঃ মূঃ ; ভয়। ডর। ভয় পাওয়া।

سہنا (সহনা) প্রাঃ ; সেয়ানা।

سہنا (সহনা) হিঃ মূঃ ; সহ্য করা।

سہو (সাহো) আঃ নাঃ পুং ; ভুল-চুক।

سہو قلم (-এ-কলম) ফাঃ নাঃ পুং ; কলমী ভুল। লেখার ভুল।

سہوا (সাহওয়ান) আঃ ; ভুলক্রমে।

سہولت (সহুলাত) আঃ নাঃ স্ত্রীং ; নম্র। সহজ।

سہی (সাহী) উঃ ; ঠিক। যথার্থ।

سہیل (সুহায়ল) আঃ নাঃ পুং ; একটি তারকা।

سہیلی (সুহায়লী) হিঃ নাঃ স্ত্রীং ; সঙ্গিনী। সখী। সহচরী।

سہیم (সাহীম) আঃ বিঃ ; শরীক।

س - ی

سی (সী) উঃ নাঃ স্ত্রীং ; মরিচ খেয়ে ঝাল লাগার শব্দ।

سی (সী) ফাঃ বিঃ ; ত্রিশ। ৩০।

سی پارہ (সীপারাঃ) কোরানের ত্রিশতম পারা। সিপারা।

سی - آئی - ڈی (সি, আই, ডি-C.I.D) ইং নাঃ পুং ; গোয়েন্দা পুলিশ।

سے (সে) হিঃ অব্যঃ ; দ্বারা। হতে। থেকে। এর। প্রতি। সাথে।

سیاح (সাইয়াহ্‌) আঃ নাঃ পুং ; বিখ্যাত ভ্রমণকারী। পর্যটক।

سیاحت (সিয়াহাত) আঃ নাঃ স্ত্রীং ; সফর। ভ্রমণ। পর্যটন।

سیاحی (সাইয়াহী) আঃ নাঃ স্ত্রীং ; সফর করা। ভ্রমণ। সমুদ্র যাত্রা। তীর্থযাত্রা।

سیادت (সিয়াদাত) আঃ নাঃ স্ত্রীং ; সর্দারী। বুযুর্গী। নেতৃত্ব। সালতানাত। হুকুমত।

سیار (সইয়ার) আঃ নাঃ পুং ; ভ্রমণকারী।

سیار (সিয়ার) হিঃ নাঃ পুং ; শৃগাল।

سیارہ (সাইয়ারাঃ) আঃ নাঃ পুং ; গ্রহ। জিপগাড়ী। কার।

سیاست (সিয়াসাত) আঃ নাঃ স্ত্রীং ; হুকুমত। সালতানাৎ। রাষ্ট্রীয় ব্যবস্থাপনা। রাজনীতি।

سیاسی (সিয়াসী) আঃ বিঃ; রাজনৈতিক।

سیاسیات (সিয়াসিয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; রাষ্ট্রবিজ্ঞান।

سیاق (সিয়াক) আঃ নাঃ পুং ; হিসাব। সামনের। যা পরে আসছে। পরের হিসাবের খাতা। বিষয়বস্তুর যোগসূত্র।

سیاقت (সিয়াক'ত্‌) আঃ নাঃ স্ত্রীং ; তাড়না। সম্মুখদিকে ধাবন। উত্তেজনা।

سیال (সাইয়াল) আঃ বিঃ ; বহমান। তরল বস্তু।

سیالا (সিয়ালা) হিঃ নাঃ পুং ; ঠান্ডা। শীতকাল।

سیام (সিয়াম) হিঃ বিঃ ; কালো। কয়লা। রাগিণী বিশেষ।

سیان (সিয়ান) হিঃ নাঃ পুং ; বিজ্ঞতা। হুঁশিয়ারী। সাবধানতা।

سیاں (সাইয়্যাঁ) হিঃ নাঃ পুং ; স্বামী। বর। জামাই। প্রেমাস্পদ। মালিক। প্রভু। মনিব।

سیانا (সেয়ানা) হিঃ বিঃ ; জ্ঞানী। বিচক্ষণ। তত্ত্বজ্ঞানী।

سیاه (সিয়াহ্) ফাঃ বিঃ ; কাল। অন্ধকার।

سیاه دل (-দিল) আঃ বিঃ ; রিয়াকার। দাগাবাজ। কপট। মোনাফেক। কুচক্রী।

سیاه بخت (-বখত) ফাঃ নাঃ বিঃ ; হতভাগা। কুচক্রী।

سیاهه (সিয়াহাঃ) ফাঃ নাঃ পুং ; সরকারী হিসাব বা জমা-খরচ বহি।

سیاهی (সিয়াহী) ফাঃ নাঃ স্ত্রীং ; কালি। মসি। অন্ধকার। কাজল। দাগ। কাল রং।

سیاهی دهونا (-ধোনা) নাঃ পুং ; দোষ মুক্ত করা। পাপমুক্তি পাওয়া।

سیاهی فالیز (-ফালীয) নাঃ পুং ; অকর্মা। বেকার লোক।

سیب (সেব) ফাঃ নাঃ পুং ; ফল বিশেষ। আপেল।

سیپ (সীপ) হিঃ নাঃ স্ত্রীং ; ঝিনুক। শঙ্খ। শামুক।

سیپی (সীপী) উঃ নাঃ স্ত্রীং ; শামুক-ঝিনুকের খোল।

سیتا (সীতা) সং নাঃ স্ত্রীং ; পূতপবিত্র। নিষ্পাপ। রাজা রামচন্দ্রের স্ত্রী।

سیتل (সীতল) হিঃ বিঃ ; ঠান্ডা, শীতল। অলস।

سیتلا (সীতলা) হিঃ নাঃ স্ত্রীং ; বসন্তরোগ।

سیتل پاٹی (সীতল পাটী) শীতল পাটি। 'পাইত্‌রা' নামী মোলায়েম ঘাস থেকে এটা বানান হয়।

سیٹ (সেট-Set) ইং নাঃ পুং ; নাট্য চিত্র। টেনিস ইত্যাদির এক গেম। এক জিনিসের সমাহার। জোড়া। স্বতন্ত্র।

سیٹ (সিট-Seat) ইং নাঃ স্ত্রীং ; বসার স্থান। চেয়ার, কুরসী। চৌকি। গদী। সদস্য (বিশেষ করে সংসদের)।

سیٹلائٹ ٹاؤن (স্যাটেলাইন টাউন-Satellite Town) ইং নাঃ স্ত্রীং ; শহরতলী। শহরের নিকট দূরের উপশহর।

سیٹھ (সেঠ) হিঃ নাঃ পুং ; ধনাঢ্য। আমীর। মহাজন। বড় ব্যবসায়ী। ইংরেজ বেনিয়াদের দেয়া খেতাব বিশেষ- শেঠ। যেমন- জগৎশেঠ।

سیٹھا (সেঠা) হিঃ বিঃ ; স্বাদহীন। বিস্বাদ। পানসে।

سیٹھانی (সেঠানী) হিঃ নাঃ স্ত্রীং ; শেঠনী। শেঠ-বৌ।

سیٹی (সিটি) হিঃ নাঃ স্ত্রীং ; শিস্। শিকারী পাখির সুর নকল করে আওয়াজ দেয়া।

سیج (সেজ) হিঃ নাঃ স্ত্রীং ; বিছানা। পালঙ্ক। ছাপ্পড় খাট। তাজা ফুলের ডালি।

سیجنا (সেজনা) হিঃ মূঃ ; উথলে উঠা। খোলা। সিদ্ধ হওয়া।

سیچنا (সেচনা) হিঃ মূঃ ; সিঞ্চন করা। সেচ করা।

سیچائی (সেঁচাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; সিঞ্চন, সেঁচ। সেঁচের মজুরী।

سیخ (সীখ) ফাঃ নাঃ স্ত্রীং ; কাবাবের শিক্। শলা।

سیخچه (সীখচাঃ) ফাঃ নাঃ পুং ; ছোট শিক বা শলা।

سیخیا کباب (সীখিয়া কাবাব) উঃ নাঃ পুং ; শিক কাবাব।

سید (সায়্যিদ) আঃ নাঃ পুং ; ইমাম। নেতা। সর্দার। হযরত ফাতেমা (রাঃ) -এর বংশধর। সাইয়্যেদ। সৈয়দ।

سیدها (সীধা) হিঃ বিঃ ; সোজা। সরল। ভদ্র। অকপট।

سیر (সায়র) আঃ নাঃ স্ত্রীং ; বাতাস খাওয়া। বিচরণ। তামাশা। পর্যটন। ভ্রমণ। হাসি-ঠাট্টা। কিতাব দেখা।

سیر (সের) হিঃ নাঃ পুং ; সের। ১৬ ছটাক। ৮০ তোলার সমপরিমাণ ওজন।

سیر (সীর) হিঃ নাঃ স্ত্রীং ; ব্যক্তিগত খামার, নিজের চাষের জমি।

سير (সিয়ার) ফাঃ নাঃ স্ত্রীঃ ; (سيرت -এর ব-ব) গুণাবলী। নৈতিকতা। চরিত। ইতিহাস।

سيرا (সীরা) হিঃ নাঃ পুং ; পাতলা হালুয়া। শীরা।

سيراب (সায়রাব) ফাঃ বিঃ ; পানিতে ভরা। টইটুম্বুর। তৃপ্ত।

سيرابى (সায়রাবী) ফাঃ নাঃ স্ত্রীঃ ; তরুতাজা। শস্য-শ্যামলতা। তৃপ্তি।

سيرت (সীরাত) আঃ নাঃ স্ত্রীঃ ; অভ্যাস। খাসলত। গুণ। চরিত।

سيرى (সায়রী) ফাঃ নাঃ স্ত্রীঃ ; তৃপ্তি। আশ্বস্ত।

سيڑهى (সীড়হী) হিঃ নাঃ স্ত্রীঃ ; সিঁড়ি। সোপান।

سيزدهم (সীয্দহম্) হিঃ বিঃ ; ত্রয়োদশ।

سيزن (সীযান–Season) ইং নাঃ পুং ; ঋতু। মৌসুম।

سيس (সীস) হিঃ নাঃ পুং ; মাথা। মস্তক। খুপড়ি। ললাট।

سيس ناگ (সীসনাগ) হিঃ নাঃ পুং; বড় নাগ। স্বর্পরাজ। সাপের রাজা। শীষনাগ।

سيسر (সীসার) হিঃ নাঃ পুং ; কামানের ফুটো বা ট্রিগার।

سيسه (সীসাঃ) হিঃ নাঃ পুং ; একপ্রকার ধাতু, যদ্বারা কামানের গোলা বানানো হয়। সীসা।

سيف (সাইফ) আঃ নাঃ স্ত্রীঃ ; তলোয়ার। অসি। তরবারী। তেগ।

سيف (সেফ–Safe) ইং নাঃ পুং ; নিরাপদ। প্রশান্তি।

سيفه (সায়ফাঃ) ফাঃ নাঃ পুং ; বই বাধাইয়ের ছুরি।

سيفى (সাইফী) আঃ ফাঃ নাঃ পুং ; শাপমন্ত্র পাঠ। অভিশাপ।

سيك (সেক) হিঃ নাঃ স্ত্রীঃ ; সেঁক। ভাজা।

سيكريٹرى (সেক্রেটারী–Secretary) ইং নাঃ পুং ; নির্ভরযোগ্য। সাধারণ সম্পাদক। সরকারী কিংবা কোন সংস্থার বড় পদ। যাদের ওপর প্রায় পুরো কাজ সম্পাদন ও ফাইল প্রস্তুতের দায়িত্ব থাকে। সচিব।

سيكريٹريٹ (সেক্রেটারিয়েট–Secretariate) ইং নাঃ পুং ; সচিবালয়। মহাকরণ। মন্ত্রনালয়।

سيكڑا (সয়কড়া) হিঃ নাঃ পুং ; শতকরা। একশত।

سيكنا (সেক্‌না) হিঃ মূঃ ; গরম করা। তাপ দেওয়া। সেঁকা।

سيكس (সেক্স–Sex) ইং নাঃ পুং ; যৌনতা।

سيكهنا (সীখনা) হিঃ মূঃ ; শিক্ষা প্রাপ্তি। শিক্ষা গ্রহণ।

سيل (সায়ল) আঃ নাঃ পুং-স্ত্রীঃ ; পানি–স্রোত। নহর।

سيل (সীল) হিঃ নাঃ পুং ; প্রকৃতি। স্বভাব। মানবতা। নৈতিকতা। গুণ।

سيل (সীল) হিঃ নাঃ স্ত্রীঃ ; শীতলতা। আর্দ্রতা। লজ্জা। পর্দা।

سيلاب (সয়লাব) ফাঃ নাঃ পুং ; বন্যা। স্রোত। প্লাবন।

سيلان (সায়লান) আঃ নাঃ পুং ; তরল জিনিষের প্রবাহ। বেয়ে চলা।

سيلانى (সায়লানী) উঃ নাঃ পুং ; ভ্রমণ প্রিয়। ভবঘুরে।

سيلون (স্যালুন–Saloon) ইং নাঃ পুং ; দেওয়ান খানা। হোটেলকক্ষ। জাহাজের বড় কক্ষ। চুল কাটার স্যালুন।

سيلى (সীলী) ফাঃ নাঃ স্ত্রীঃ ; চড়। থাপ্পড়। চাটা।

سيم (সীম) হিঃ নাঃ স্ত্রীঃ ; সীম। তরকারী বিশেষ।

سيم (সীম) ফাঃ নাঃ স্ত্রীঃ ; রৌপ্য। দৌলত। টাকা। রজত।

سيما (সীমা) ফাঃ নাঃ পুং ; মাথা। ললাট। চেহারা। মুখ।

سيما (সীমা) হিঃ নাঃ স্ত্রীঃ ; সীমা। প্রান্ত।

سيماب (সীমাব) ফাঃ নাঃ পুং ; পারদ।

سیمرغ (সী মোরগ) ফাঃ নাঃ পুং ; অসৎ খেয়ালের পাখি। প্রাচীন কথা-কাহিনীতে এটির উল্লেখ পাওয়া যায়। প্রবাদের পাখি। আন্‌কা পাখি।

سیمبهل (সীমভূল) سیمل (সিমূল) হিঃ নাঃ পুং ; শিমূল গাছ।

سین (সাইন) হিঃ নাঃ স্ত্রীং ; চোখ মারা। আলামত। নিদর্শন।

سینا (সেনা) সং নাঃ পুং ; ফৌজ। সৈন্য। সেনানী।

سینا (সেনা) হিঃ মূঃ ; পাখির ডিমে তা দেয়া।

سینا (সীনা) আঃ নাঃ পুং ; বিখ্যাত চিকিৎসা বিজ্ঞানী আবু আলী আল হুসাইন বিন আব্দুল্লাহ্ ইবনে সীনা।

سینا (সীনা) হিঃ মূঃ ; সেলাই করা।

سینت (সায়নত) হিঃ মূঃ ; ফ্রি। বিনামূল্যে।

سینتالیس (সায়ঁতালীস) উঃ বিঃ ; সাতচল্লিশ। ৪৭।

سیتنا (সয়তনা) হিঃ মূঃ ; যত্ন করে রাখা। সরিয়ে রাখা। মুলতবি রাখা।

سینتیس (সায়ঁতীস) হিঃ মূঃ ; সাঁইত্রিশ। ৩৭।

سیندر (সীন্দুর) হিঃ নাঃ পুং ; سندور দেখুন।

سینٹ (সেন্ট-Scent) ইং নাঃ পুং ; খোশবু। সুঘ্রাণ। সৌরভ। সুগন্ধি। সেন্ট।

سینٹر (সেন্টার-Centre) ইং নাঃ পুং ; কেন্দ্র।

سیندھ (সীন্‌ধ) হিঃ নাঃ স্ত্রীং ; ফুটো। গর্ত। ফাটল।

سیندھا (সীনধা) হিঃ নাঃ পুং ; সিন্ধুনদের পাহাড়ী লবণ। সৈন্ধব লবণ।

سیندھی (সিন্ধী) হিঃ নাঃ স্ত্রীং ; খেজুরের রস। তাড়ি।

سینک (সীক) হিঃ নাঃ স্ত্রীং ; ঝাড়ুর শলা। খিলাল।

سینک (সেঁক) হিঃ নাঃ পুং ; গরম। তপ্ত। ছ্যাঁক দেয়ার কার্য।

سینکنا (সেঁকনা) হিঃ মূঃ ; আগুনে গরম করা। ছ্যাঁক দেয়া।

سینگ (সীং) হিঃ নাঃ পুং ; শিং।

سینه (সীনাঃ) ফাঃ নাঃ পুং ; ছাতি। বক্ষ। বুক। স্তন।

سینه زور (-যোর) ফাঃ বিঃ ; আত্মম্ভরী। জালেম। গোঁয়ার।

سینه زوری (-যোরী) ফাঃ নাঃ স্ত্রীং ; জবরদস্তি। গোয়ার্তুমি। আত্মম্ভরিতা। ঘাউরামি। সীনাজুরি। দৈহিক শক্তি জাহির করা।

سینه سپر هونا (-সেপার হোনা) বিপদের কালে ইস্পাত কঠিন থাকা। সীনা টান করে দাঁড়ান।

سینه افگار (-আফগার) ফাঃ বিঃ ; বিষন্ন। দুঃখিত।

سینه کاوی (-কাবী) ফাঃ নাঃ স্ত্রীং ; আত্যাধিক কষ্ট-পরিশ্রম। অসামান্য চেষ্টা।

طهر (তুহুর) আঃ নাঃ পুং ; হায়েয থেকে পাক হওয়া। যে সময় হায়েয থাকে না।

طهران (তুহরান) আঃ বিঃ ; পাক। শুচি। পবিত্র। নির্মল।

طهران (তেহরান) আঃ ফাঃ নাঃ পুং ; ইরানের রাজধানী। তেহরান।

طهور (তহুর) আঃ বিঃ ; নেহাৎ পাক। অতি পরিষ্কার। পরিষ্কারকারী।

ط – ى

طے (তয়) আঃ নাঃ পুং ; লেপা। লেপ্টান। মিলান। ভাজ করা। গোছান। পরিপূর্ণ করা। শেষ করা। সংক্ষিপ্ত করা। সিদ্ধান্ত করা। নিষ্পত্তিতে আসা। মীমাংসায় উপনীত হওয়া।

طئ دارض (-ই-আরদ) আঃ নাঃ পুং ; দূরত্ব কমান। সফর শেষ করা।

طیار (তইয়্যার) আঃ বিঃ ; খেচর। উড়ন্ত। দ্রুতগামী। হযরত জাফর (রাঃ)-এর উপাধি। পাইলট। বৈমানিক।

طیاره (তইয়্যারাহ) আঃ নাঃ পুং ; উড়োজাহাজ। বিমান। প্লেন। হাওয়াই জাহাজ। বেলুন।

طیاری (তইয়ারী) উঃ নাঃ স্ত্রীং ; যোগ ব্যায়ামের মাধ্যমে অর্জিত মেদ। প্রস্তুতি।

طیب (তীব) আঃ নাঃ স্ত্রীং ; সুগন্ধি। খোশবু। কোন বস্তুর উত্তম অংশ।

طیب النفس (তীবুন নফস) আঃ বিঃ ; পাক অংশ। পবিত্র।

طیب خاطر (তীবে-খাতির) আঃ নাঃ স্ত্রীং ; মনতুষ্টি। সন্তুষ্টি। মন রক্ষার খাতিরে।

طیب (তাইয়্যিব) আঃ বিঃ ; উত্তম। ভাল। পাক। হালাল। বৈধ। মজাদার। স্বাদ। হুজুর (সাঃ)-এর এক সাহেবজাদার নাম। (ব-ব طیبات)

طیبات (তাইয়্যিবাত) আঃ নাঃ স্ত্রীং ; সতী নারীগণ। বিনোদন সামগ্রী।

طیبه (তইয়্যেবা) আঃ নাঃ পুং ; মদীনার একটি নাম। পবিত্রা নারী।

طیر (তয়ের) আঃ নাঃ পুং ; পাখি। খেচর। বিহঙ্গ। পাখারু।

طیران (তইরান) আঃ নাঃ স্ত্রীং ; উড়া। ওঠা। বিমান। প্লেন।

طیران الخلیج (- আল-খলীজ) আঃ নাঃ স্ত্রীং ; গলফ এয়ার। উপসাগরীয় বিমান এয়ার লাইন্‌স।

طیران الهند (- আল-হিন্দ) আঃ নাঃ স্ত্রীং ; ইন্ডিয়ান এয়ার লাইন্স।

طیران السعودی (-আল সাউদী) আঃ নাঃ স্ত্রীং ; সাউদী এয়ার লাইন্‌স।

طیران البرٹیش (-আল ব্রিটিশ) আঃ নাঃ স্ত্রীং ; বৃটিশ এয়ারওয়েজ।

طیش (তয়শ) আঃ নাঃ পুং ; রাগ। ক্রোধ। ইন্দ্রিয়াবেগ।

طیاش (তইয়্যাশ) আঃ বিঃ ; হালকা। বেকুফ। লোভ। আত্মসম্ভ্রম বোধহীন।

طیان (তইয়্যান) আঃ বিঃ ; ক্ষুধার্ত।

طیره (তইরাহ) আঃ ; গোস্বা।

طیف (তইফ) আঃ নাঃ পুং ; সীসার। লম্বা টুকরা, যা রোদে চকচক করে।

طیلسان (তয়েলসান) আঃ নাঃ পুং ; ঝুলন্ত পাগড়ি। আরবের ব্যবহৃত চাদর।

طین (তীন) আঃ নাঃ পুং ; পৃথিবী, মাটি।

طینت (তীনাত) আঃ নাঃ স্ত্রীং ; প্রকৃতি। স্বভাব।

ظ

ظ (য) উর্দুর তেইশ, ফার্সির বিশতম এবং আরবীর সপ্তদশ হরফ। আবজাদ হিসেবে এর মান- ৯০০।

ظ - ا

ظاعن (যাইন) আঃ বিঃ ; পর্যটক। ভ্রমণকারী। মুসাফির।
ظافر (যাফির) আঃ বিঃ ; বিজয়ী। বিজেতা।
ظالم (যালিম) আঃ বিঃ ; শোষক। জালিম। স্বৈরাচারী।
ظالمانه (যালিমানাঃ) ফাঃ বিঃ ; জালিমানা। জালিমের মত। স্বেচ্ছাচারিতা।
ظاهر (যাহির) আঃ বিঃ ; স্পষ্ট। প্রতীয়মান। দৃষ্ট। প্রকাশিত। নাঃ পুং ; বহির্ভাগ।
ظاهردار (-দার) আঃ ফাঃ বিঃ; কপট। ধোঁকাবাজ।
ظاهر هونا (- হোনা) নাঃ পুং ; খোলা। ছড়িয়ে পড়া। প্রকাশিত হওয়া।
ظاهری (যাহিরী) বিঃ ; স্পষ্টত। বাহ্যত।
ظان (যন) আঃ ; কু-ধারনা। অপবাদকারী।

ظ - ب

ظبی (যবী) অ নাঃ পুং ; হরিণ।
ظبيه (যবিয়্যাঃ) আঃ নাঃ স্ত্রীং ; হরিণী। ছোট থলে। মটকা। ঠিলা। লোটা। (ব-ব- ظبيات)

ظ - ر

ظرافت (যারাফাত) আঃ নাঃ স্ত্রীং ; বুদ্ধি। কৌতুক। ঠাট্টা।
ظرافت اميز (-আমীয) আঃ ফাঃ বিঃ ; কৌতুক মিশ্রিত। কৌতুকে কথা।
ظرافت پسند (-পছন্দ) আঃ ফাঃ বিঃ ; কৌতুকামোদী।
ظرفتا (যরাফাতান) আঃ বিঃ ; কৌতুকছলে।
ظرف (যরফ) আঃ নাঃ পুং ; বিজ্ঞতা। প্রতিভা। পাত্র। ভান্ড। ডেকচি। ছরফ ও নাহব-এর পরিভাষায় স্থান বা সময় বিষয়ক বিশেষ্য।
ظرف آفتاب (-এ-আফতাব) আঃ ফাঃ নাঃ পুং ; শরাবের পেয়ালা। পেগ। গ্লাস।
ظروف (যুরূফ) আঃ নাঃ পুং ; (ظرف -এর ব-ব) পাত্র। ভান্ড।
ظريف (যরীফ) আঃ নাঃ পুং ; স্ত্রীং ; সূক্ষ্মভাষী। কৌতুকে। কৌতুক সম্রাট।
ظريف طبع (- তবা) আঃ বিঃ ; কৌতুক সম্রাট। কৌতুকামোদী।
ظريفانه (যরীফানাঃ) ফাঃ বিঃ ; ঠাট্টামূলক। বিজ্ঞতাজনিত।

ظ - ف

ظفر (যফর) আঃ নাঃ স্ত্রীং ; জয়। জয়লাভ। লাভ। জিত। সৌভাগ্যতা।
ظفر پيكر (- পায়কার) আঃ ফাঃ বিঃ ; যে সব সময় জয় পায়। কালজয়ী। সর্বজয়ী। দিগ্বিজয়ী।
ظفر تكيه (-তাকিয়্যা) আঃ ফাঃ নাঃ পুং ; অন্ধের যষ্টী। ফকিরের লাঠি।
ظفرجنگ (- জঙ্গ) আঃ ফাঃ নাঃ পুং ; যুদ্ধ-বিজেতা। ফিল্ড মার্শাল।
ظفر ياب (- ইয়াব) আঃ ফাঃ বিঃ ; বিজয়ী। বিজেতা।
ظفره (যফরাঃ) আঃ নাঃ স্ত্রীং ; চোখের রোগ বিশেষ। ছানি পড়া। পানি ঝরা।

ظ - ل

ظل (যিল) আঃ নাঃ পুং ; ছায়া। ছাউনি। আশ্রয়। ছাতি। ছায়ানীড়।

ظل الله (যিল্লুল্লাহ) আঃ নাঃ পুং ; আল্লাহর ছায়া। বাদশাহ।

ظلام (যিলাম) আঃ নাঃ পুং ; নিশি-আঁধার। রাতের আঁধার।

ظلام (যল্লাম) আঃ নাঃ পুং ; চরম জালেম। চরম অত্যাচারী।

ظلم (যুলম) আঃ নাঃ পুং ; অন্ধকার। জুলুম। অত্যাচার। শোষণ। বে-ইনসাফী। নির্দয়তা। নিষ্ঠুরতা। অমানবিকতা।

ظلم رسیده (- রসীদা) আঃ ফাঃ বিঃ ; মজলুম। অত্যাচারিত। শোষিত।

ظلمات (যুলুমাত) আঃ নাঃ স্ত্রীং ; (ظلمت -এর ব-ব) তমসা। অমানিশা। অন্ধকার। পাতাল। আটলান্টিক মহা সাগর। উর্দুতে একবচনে ব্যবহার হয়।

ظلمتی (যুলমাতি) আঃ বিঃ ; তমসাচ্ছন্নতা।

ظلمت (যুলমত) আঃ নাঃ স্ত্রীং ; অন্ধকার। অমানিশা। আলোহীন। আঁধার।

ظلمی (যুলূমী) উঃ বিঃ ; জালিম। স্বৈরাচারী। শোষক।

ظلوم (যলূম) আঃ বিঃ ; মহা অত্যাচারী। সীমাহীন জালিম।

ظلوم جهول (যলূম যাহুল) আঃ বিঃ ; মহা অত্যাচারী। রূপক অর্থে-মানুষ।

ظلی نبی (যিল্লী নবী) আঃ নাঃ পুং ; যিনি নবী নন-বরং নবীর ছায়া পড়েছে তার ওপর। ছায়া নবী। এমন আজগুবী নবীর সমর্থন ইসলাম করে না। গোলাম আহমদ কাদিয়ানী এমন দাবী করে শেষাবধি পায়খানায় ডুবে মরেছে।

ظ - ن

ظن (যন্) আঃ নাঃ পুং ; ধারণা। চিন্তা। খেয়াল। অপবাদ। কু-ধারণা। সন্দেহ।

ظن باطل (-এ-বাতিল) আঃ নাঃ পুং ; অনর্থক ধারনা। খামাখা সন্দেহ।

ظن غالب (-এ-গালিব) আঃ নাঃ পুং ; নিশ্চিত। প্রবল ধারনা। জোরালো চিন্তা।

ظن فاسد (-এ-ফাসিদ) আঃ নাঃ পুং ; কু-ধারণা। সন্দেহ-সংশয়।

ظنی (যন্নী) আঃ বিঃ ; খেয়ালী। যৌক্তিক, সন্দেহ। জ্ঞানসম্মত।

ظنین (যনীন) আঃ বিঃ ; অপবাদক্লিষ্ট। অপবাদ জর্জরিত।

ظ - و

ظواهر (যওয়াহির) আঃ নাঃ পুং ; ভূমির উচ্চতা। উদ্ভিদ। বাহ্যাবয়ব।

ظ - ه

ظهار (যিহার) আঃ নাঃ পুং ; তালাক বিশেষ। ফিকহের পরিভাষায়, স্ত্রীকে মা কিংবা বোনের বা এমন কোন মহিলার সথে তুলনা করা, যাদের বিয়ে করা হারাম।

ظهر (যোহর) আঃ নাঃ পুং ; মধ্যাহ্নের সময়। তৃতীয় প্রহর। দুপুরের নামায।

ظهر (যাহ্‌র) আঃ নাঃ স্ত্রীং ; মেরুদন্ড। পিঠ।

ظهرین (যুহ্‌রয়ন্) আঃ নাঃ স্ত্রীং ; যোহর ও আসরের নামায।

ظهرانه (যোহরানাঃ) আঃ নাঃ স্ত্রীং ; দুপুরের খানা। ইং ; (লাঞ্চ-Lunch)

ظهور (যুহূর) আঃ নাঃ পুং ; খোলা। প্রকাশিত হওয়া। বের হওয়া।

ظهورا (যহূরা) উঃ নাঃ পুং ; প্রকাশ। মুদ্রণ। ছাপা।

ظهیر (যহীর) আঃ বিঃ ; মদদগার। সহানভূতিশীল। বন্ধু।

ع

ع (আইন) আঃ নাঃ পুং ; উর্দুর চব্বিশ। ফার্সীর একুশ এবং আরবীর আঠারতম অক্ষর। আবজাদ হিসেবে এর মান ৭০।

ع – ا

عابث (আবিছ) আঃ বিঃ ; খেলোয়াড়।

عابد (আবিদ) আঃ বিঃ ; উপাসক। ভক্ত। এবাদত গোযার। বুযুর্গ।

عابر (আবির) আঃ নাঃ পুং ; যাত্রী। পর্যটক। মুসাফির।

عاج (আ'জ) আঃ নাঃ পুং হস্তিদন্ত।

عاجز (আজিয) আঃ বিঃ ; দুর্বল। কমজোর। অসহায়। নিঃস্ব। পরাজিত। নিপতিত। হতাশ। নিরাশ।

عاجزانه (আজিযানাঃ) উঃ বিনঃ ; দূর্বল হেতু। অসহায় বশতঃ।

عاجزی (আজিযী) উঃ নাঃ স্ত্রীং ; উঃ নাঃ স্ত্রীং ; দুর্বলতা। অসামর্থ্য। অসহায়তা। মিনতি।

عاجل (আজিল) আঃ বিঃ ; দ্রুতগতি। শ্রীঘ্রগতি। চঞ্চল। দ্রুত। চঞ্চল। দূরন্ত। ছুটন্ত।

عاجله (আজিলাঃ) আঃ নাঃ স্ত্রীং ; জলদি। তাড়াতাড়ি। রূপকার্থে–এই জগৎ।

عاد ('আদ) আঃ নাঃ পুং ; হুদ (আঃ) যে জাতির কাছে নবীরূপে প্রেরিত হয়েছিলেন। আদ জাতি।

عادت ('আদত) আঃ নাঃ স্ত্রীং ; চরিত্র। অভ্যাস। বৈশিষ্ট্য। প্রকৃতি। খাসলত।

عادت مستمره (–এ মুসতামিররাহ) ফাঃ নাঃ স্ত্রীং ; চিরাচরিত অভ্যাস।

عادت پڑنا (– পড়না) নাঃ পুং ; অভ্যাস হয়ে যাওয়া। অভ্যস্ত হওয়া।

عادل (আদিল) আঃ বিঃ ; ন্যায়বিচারক। সমদৃষ্টিসম্পন্ন।

عادلانه (আদিলানাঃ) আঃ বিণ ; ন্যায় বিচারগত।

عادی (আদী) আঃ বিঃ ; অভ্যস্ত।

عار (আর) আঃ নাঃ স্ত্রীং ; লজ্জা। লাজুকতা। সম্ভ্রমতা। দোষ।

عار دلانا (– দেলানা) আঃ ফাঃ নাঃ পুং ; লজ্জাদান। লজ্জা দেয়া।

عارج (আরিজ) আঃ বিঃ ; উর্ধ্বগামী। আরোহী। আরোহণকারী।

عارض (আরিয) আঃ নাঃ পুং ; গন্ডদেশ। কপোল। ঘটনা।

عارضی (আরিযী) আঃ নাঃ পুং ; বৈপত্তিক। আকস্মিক। অযথার্থ।

عارضه (আরিযাঃ) আঃ নাঃ পুং ; দুঃখ। অসুখ। অসুস্থতা। (ব–ব, عوارض)

عارف (আরেফ) আঃ বিঃ ; আধ্যাত্মিক। দৃষ্টিসম্পন্ন। খোদাপ্রেমী। ওলি।

عارفانه (আরিফানাঃ) ফাঃ বিণ ; বুদ্ধিমত্তার সাথে। বিজ্ঞতাজনিত।

عاری (আরী) আঃ বিঃ ; শ্রান্ত। ক্লান্ত। উলঙ্গ। দিগম্বর। অসহায়। অক্ষম।

عاریت (আরিয়াত) আঃ নাঃ স্ত্রীং ; কর্জ। ধার।

عاریتی (আরিয়াতী) আঃ বিঃ ; অস্থায়ী। স্বল্প সময়ের তরে।

عاریتا (আরিয়াতান) আঃ বিণ ; ধার স্বরূপ। কর্জস্বরূপ।

عازم (আযিম) আঃ বিঃ ; স্থির প্রতিজ্ঞ। ইচ্ছুক।

عاشق (আশিক) আঃ নাঃ পুং ; প্রেমিক। উপপতি। আশাবাদী। অনুরাগী। মজনু। (ব–ব, عشاق)

عاشقانه (আশিকানাঃ) ফাঃ বিণ ; প্রেমিক জনিত। প্রেম ঘটিত।

عاشقی (আশিকী) ফাঃ নাঃ স্ত্রীং ; রাগ-অনুরাগ। ভালোলাগা-ভালবাসা। প্রেম-প্রীতি।

عاشوراء (আশুরা) আঃ নাঃ পুং ; মুহাররামের দশ তারিখ।

عاصم (আসিম) আঃ বিঃ ; পুন্যবান। সৎ। নিষ্পাপ।

عاصمة ('আসিমাঃ) আঃ বিঃ ; পুণ্যবতী, সতী। রাজধানী।

عاصی (আসী) আঃ বিঃ ; নাফরমান। পাপাচারী। পাপিষ্ঠ। পাপী। গোনাহগার।

عاطر (আতির) আঃ বিঃ ; সুগন্ধিময়। খোশবুযুক্ত। সুরভি।

عاطفت (আতিফাত) আঃ নাঃ স্ত্রীং ; মেহেরবানি। দয়ার্দ্রতা।

عافیت (আফিয়াত) আঃ নাঃ স্ত্রীং ; নিরাপত্তা। সুস্থতা। নেকী। পুণ্য।

عافیت اندیش (-আন্দেশ) আঃ ফাঃ বিঃ ; পরিণামদর্শী। নিরাপত্তাকারী। শুভাকাংখী।

عاق (আক) আঃ বিঃ ; পিতামাতার অবাধ্য। বিদ্রোহী। আত্মম্ভরী।

عاق نامه (-নামা) আঃ ফাঃ নাঃ পুং ; ত্যাজ্যপুত্র নামা। সম্পত্তি বঞ্চিতকরণ পত্র।

عاقبت (আকিবাত) আঃ নাঃ স্ত্রীং ; পরিণাম। শেষফল। পরিসমাপ্তি। চূড়ান্তী।

عاقر (আকির) আঃ বিঃ ; বন্ধ্যা। বাঁজা। যে নারীর সন্তান নেই। নিঃসন্তান।

عاقل (আকিল) আঃ বিঃ ; জ্ঞানী। বিচক্ষণ।

عاقلانه ('আকি'লানাঃ) আঃ বিণ ; বুদ্ধিমত্তার সঙ্গে, বিচক্ষনতার সহিত।

عاقله (আকিলাঃ) আঃ নাঃ স্ত্রীং ; জ্ঞানবতী। বিচক্ষণা।

عاکف (আকিফ) আঃ বিঃ ; ইতিকাফে অবস্থানকারী।

عالم (আলিম) আঃ নাঃ পুং ও বিঃ ; জ্ঞানী। আলিম। মৌলভী। মাওলানা।

عالم الغیب (আলিমুল গাইব) আঃ নাঃ পুং ; অদৃশ্য জ্ঞানী। গায়েবদর্শী।

عالم (আলাম) আঃ নাঃ পুং ; কাল। দুনিয়া। দুনিয়াবাসী। সৃষ্টিজীব। প্রকারভেদ।

عالم اخرت (-এ-আখেরাত) আঃ নাঃ পুং ; পরকাল। পরলোক। আলমে বরযখ।

عالم ارواح (-এ-আরওয়াহ) আঃ ফাঃ নাঃ পুং ; রুহের জগৎ। আত্মার জগৎ।

عالم اسباب (-এ-আসবাব) আঃ ফাঃ নাঃ পুং ; দুনিয়া। পৃথিবী।

عالم جاوید (-এ-জাবীদ) আঃ নাঃ পুং ; পরকাল। অনন্তকাল।

عالم جبروت (-এ-জাবারূত) আঃ নাঃ পুং ; ফেরেশতা-জগৎ।

عالمگیر (আলমগীর) ফাঃ বিঃ ; আন্তর্জাতিক। জগৎজোড়া। বিশ্বব্যাপী। দিগ্বিজয়ী।

عالم لاهوت (-লাহূত) আঃ নাঃ পুং ; খোদার মাকাম। আল্লাহর রাজ্য। যার সন্ধান পান সাধকগণ।

عالمی (আলমী) ফাঃ বিঃ ; দুনিয়াজোড়া। বিশ্বব্যাপী। আন্তর্জাতিক।

عالی (আলী) আঃ বিঃ ; উঁচু। বুলন্দ। স্বর্গীয়। উন্নত। প্রধান। পবিত্র। নন্দনযোগ্য।

عالی جاه (আলীজাহ) আঃ ফাঃ বিঃ ; মহাত্মন। জনাব।

عالیه (আলীয়াঃ) আঃ বিঃ ; উঁচু। মহান। মাহাত্ম্য। মুসলিম রমণীদের খেতাব বিশেষ।

عام (আম) আঃ বিঃ ; সাধারণ। বিক্ষিপ্ত। বহুত। অনেক। অসংখ্য। রূপক।

عامر (আমির) আঃ বিঃ ; আবাদ। আবাদকারী।

عامره (আমিরাঃ) আঃ বিঃ ; ভরপুর। পরিপূর্ণ।

عامل (আমেল) আঃ নাঃ পুং ; হাকেম। তহসিলদার। সেয়ানা। ভূত-প্রেত হাজির করতে পারে এমন। কর্ম। কর্মচারী। আমলা।

عامله (আমেলাঃ) আঃ নাঃ স্ত্রীং ; মহিলা-কর্মী। নাঃ পুং ; ঘটনা। বাস্তবোচিত কথা। প্রকৃত রহস্য।

عامه (আমমাঃ) আঃ বিঃ ; জনতা। জনসাধারণ। জনগণ।

عامه الناس (-আন-নাস) আঃ নাঃ স্ত্রীং ; জনসাধারণ। জনগণ। আওয়াম।

عامی (আমী) আঃ বিঃ ; নিম্নস্তর। জাহিল। মূর্খ। অন্ধ।

عامیانه (আমীয়ানাঃ) ফাঃ বিঃ ; মূর্খতাজনিত। মূর্খসুলভ।

عانه (আনা) আঃ নাঃ পুং ; লজ্জাস্থানের চুল। নাভীর নীচের চুল। বাল।

عائد (আইদ) আঃ বিঃ ; প্রত্যাবর্তনকারী।

عائل (আইল) আঃ বিঃ ; ফকির। নিঃস্ব।

عائله (আইলা) আঃ বিঃ ; খান্দান। বংশ। বিবি। স্ত্রী।

عائلی (আইলী) আঃ বিঃ ; বংশীয়। গোষ্ঠীগত। বৈবাহিক। স্ত্রীং ; দারিদ্রতা।

ع - ب

عبا (আবা) আঃ নাঃ পুং ; আচকান। জুব্বা। চোগা। আবা-কাবা।

عباد (আব্বাদ) আঃ নাঃ পুং ; (عابد -এর ব-ব) অধিক ইবাদত গুযার।

عباد (ইবাদ) আঃ নাঃ পুং ; (عبد -এর ব-ব) বান্দা। দাস। গোলাম। ভৃত্য।

عبادت ('ইবাদত্) আঃ নাঃ স্ত্রীং ; আল্লাহ্‌র উপাসনা। দাসত্ব। ভক্তি।

عبادت گاه (ইবাদতগাহ্) আঃ নাঃ স্ত্রীং ; মসজিদ। মন্দির। গীর্জা। প্যাগোডা।

عبادله (আবাদিলাঃ) আঃ নাঃ পুং ; আব্দুল্লাহ নামের চার সাহাবীর সমষ্টি। যথা ঃ
(১) আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ)।
(২) আব্দুল্লাহ ইবনে ওমর (রাঃ)।
(৩) আব্দুল্লাহ ইবনে যুবায়ের (রাঃ)।
(৪) আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ)।

عبارت (ইবারত) আঃ নাঃ স্ত্রীং ; রচনা। ভঙ্গী। ব্যাখ্যা। বাক। পদ্ধতি।

عباسی (আব্বাসী) আঃ বিঃ ; হযরত আব্বাস (রাঃ)-এর বংশধর।

عباسیه (আব্বাসিয়াঃ) আঃ বিঃ ; খেলাফতে বনী আব্বাসীয়া। হযরত আব্বাস (রাঃ) সম্পর্কিত।

عبث (আব্‌ছ) আঃ বিঃ ; অর্থহীন। নিরর্থক। অযথা। বেকার। খামাখা।

عبد (আবদ) আঃ নাঃ পুং ; বান্দা। গোলাম। দাস।

عبد الدنیا (-উদ-দুনিয়া) আঃ বিঃ ; দুনিয়াদার।

عبدیت (আবদিয়ত) আঃ নাঃ স্ত্রীং ; বন্দেগী। দাসত্ব। গোলামীত্ব।

عبر (ইবর) আঃ নাঃ পুং ; তাবীর বলা। স্বপ্ন ভাঙ্গান। ঘাঁট-পয়সা।

عبرانی (ইবরানী) আঃ নাঃ পুং ; ইহুদী। ইহুদীদের প্রাচীন ভাষা। কেনানবাসী। বিঃ ; ইসরাঈলী। ইয়াকুব (আঃ)-এর বংশধর।

عبرت (ইবরাত) আঃ নাঃ স্ত্রীং ; উদাহরণ। সতর্কীকরণ। সাবধাণ-বাণী। দৃষ্টান্ত। নসীহত।

عبرت انگیر (- আঙ্গীয) আঃ ফাঃ বিঃ ; দৃষ্টান্তমূলক।

عبرت ناک (- নাক) আঃ ফাঃ বিঃ; ভীতিকর। বিভীষিকাময়।

عبس (আবাসা) আঃ নাঃ ফাঃ ; ভ্রূ-কুচকান। মলিন চেহারা। কুরআনের সূরা বিশেষ।

عبقری (আবকরি) আঃ বিঃ ; ধীমান।

তীক্ষ্ণতা। মেধাবী। সর্দার। অতিউত্তম। মডেল। আদর্শ।

عبوديت (উবূদিয়্যত) আঃ নাঃ স্ত্রীং ; বন্দেগী। গোলামী। দাসত্ব। অনুসরণ। অনুকরণ। ইবাদত। ধর্মাচার।

عبور (উবূর) আঃ নাঃ পুং ; পথে গমন। পার হওন। অতিক্রমণ।

عبورى (উবূরী) আঃ বিঃ ; সাময়িক।

عبهر (আবহার) আঃ নাঃ পুং ; নার্গিস ফুল। উঁচুকায়। দীর্ঘকায়।

عبيد (উবায়দ) আঃ নাঃ পুং ; عبد -এর تصغير। ছোট গোলাম।

عبير (আবীর) আঃ নাঃ পুং ; গোলাপ-চন্দন মিশ্রিত শুষ্ক খোশবু বিশেষ।

ع - ت

عتاب (ইতাব) আঃ নাঃ পুং ; ভর্ৎসনা। গোস্বা। ক্রোধ। অসন্তোষ। নিন্দা।

عتاب نامه (- নামা) আঃ ফাঃ ; নাঃ পুং ; চরম পত্র।

عتبات (আতাবাত) আঃ নাঃ পুং ; আস্তানা। দরগাহ। মাজার। সমাধি।

عتبه (আতবাঃ) আঃ নাঃ পুং ; আস্তানা। দরগাহ। সমাধি।

عترت (ইতরত) আঃ নাঃ স্ত্রীং ; নিকটাত্মীয়। সন্তানাদি।

عتيق (আতীক) আঃ বিঃ ; প্রাচীন। পুরোনো। প্রৌঢ়ত্ব। পৌরাণিক। স্বাধীন। নির্বাচিত। যাচাইকৃত।

عتيقيات (আতীকিয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; প্রত্নতত্ত্ব। প্রাচীন বিষয়ের জ্ঞান।

عتيل (আতীল) আঃ বিঃ ; তৃষ্ণার্ত। খাদেম।

ع - ث

عثار (ইছার) আঃ ; মাথার চুল পড়ে যাওয়া।

عثرت (ইছরত) আঃ ; পদস্খলন।

عثمان (উছমান) আঃ নাঃ পুং ; বিখ্যাত সাহাবী। তৃতীয় খলীফা হযরত উসমান গণি (রাঃ)।

عثمانى (উছমানী) আঃ বিঃ ; উসমান -এর আওলাদ যিনি 'উসমানী খেলাফতের উদগাতা।

ع - ج

عجاب (উজাব) আঃ নাঃ পুং ; আশ্চর্য। বিরল।

عجاج (উজাজ) আঃ নাঃ পুং ; ধুলাবালি। ধুঁয়া ; আহাম্মক।

عجالت (উজালাত) আঃ নাঃ স্ত্রীং ; জলদি। দ্রুত। তীব্রতা। প্রাবল্য।

عجائب (আজাইব) আঃ নাঃ পুং ; (عجيب -এর ব-ব) বিরল বস্তু।

عجائز (আজাইয) আঃ নাঃ স্ত্রীং ; (عجوز -এর ব-ব) বৃদ্ধা। প্রৌঢ়া।

عجب (আজ্‌ব) আঃ নাঃ পুং ; বিস্ময়। আশ্চর্য। বিরল। অপূর্ব। নয়া। নতুন।

عجب (উয্‌ব) আঃ নাঃ পুং ; অহংকার। হিংসা। স্বার্থপরতা। (ব-ব, اعجاب।)

عجز (ইজ্‌য) আঃ নাঃ পুং ; দুর্বলতা। অসামর্থ্য। হার। পরাজয়। বিনয়। নিঃস্বতা। দরিদ্রতা। খোশামোদ।

عجلت (উজ্‌লত) আঃ নাঃ স্ত্রীং ; দ্রুততা। তীব্রতা। গতি। ক্ষিপ্রতা।

عجم (আজম) আঃ নাঃ পুং ; বোবা। মূক। অনারব।

عجمى (উজমা) আঃ বিঃ ; অনারবী। ইরানী। তুরানী।

عجوبه (আ'জূবা) আঃ নাঃ পুং ; বিস্ময়কর বস্তু। অদ্ভুত জিনিষ।

عجوز (আজূয) আঃ নাঃ স্ত্রীং ; বৃদ্ধ। (ব-ব عجائز) বৃদ্ধ।

عجول (আজূল) আঃ বিঃ; দ্রুতি। প্রবল। গতিমান। গতিসম্পন্ন। ক্ষিপ্র।

عجيب (আজীব) আঃ বিঃ ; বিরল।

অভিনব। নান্দনিক। অনুপম। বিস্ময়কর।

عجیب وغریب (-ওয়া-গরীব) আঃ বিঃ ; বিস্ময়কর। বিভীষিকাময়। অশ্রুতপূর্ব। অপূর্ব। লোমহর্ষক।

عجن (আজন) আঃ ; আটার খামীর।

عجیز (আজীয) আঃ বিঃ ; নপুংসক। ধ্বজভংগ।

ع - د

عدالت (আদালত) আঃ নাঃ স্ত্রীং ; সামঞ্জস্যতা। ইনসাফ। কাচারী। দরবার। এজলাস। ইনসাফকারী। জজ্। বিচারালয়।

عدالت ابتدائی (-এ-ইবতিদায়ী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; প্রাথমিক আদালত।

عدالت دیوانی (-এ-দেওয়ানী) আঃ নাঃ স্ত্রীং ; দেওয়ানী আদালত।

عدالت شن (-এ-শীন) আঃ নাঃ স্ত্রীং ; বিশেষ আদালত। বিশেষ ট্রাইবুনাল।

عدالت عالیه (-এ-আলীয়া) আঃ নাঃ স্ত্রীং ; হাইকোর্ট। সুপ্রীমকোর্ট।

عدالت فوج داری (-এ-ফৌজদারী) আঃ নাঃ স্ত্রীং ; ফৌজদারী আদালত।

عدالتی (আদালতী) উঃ বিঃ; বিচার বিভাগীয়।

عداوت (আদাওয়াত) আঃ নাঃ স্ত্রীং ; শত্রুতা। বৈরিতা। দুশমনি। ঘৃণা। ঈর্ষা।

عداوتی (আদাওয়াতী) উঃ বিঃ ; শত্রুভাবাপন্ন। বৈরী। অহিতকামী।

عدت (ইদ্দত) আঃ নাঃ স্ত্রীং ; সংখ্যা। গণনা। ঐ সময়, যখন নারীরা বিবাহ বসতে পারে না। তালাকপ্রাপ্তার তিনমাস, বিধবার চার মাস দশ দিন এবং অন্তঃসত্ত্বার সন্তান ভূমিষ্ঠ পর্যন্ত সময়কাল।

عدد (আদদ) আঃ নাঃ পুং : নম্বর- গণনা। [illegible]।

عددی (আদদী) আঃ বিঃ ; নম্বরী।

عدس (আদাস) আঃ নাঃ স্ত্রীং ; মসূর ডাল।

عدسه (আদাসাঃ) আঃ নাঃ পুং ; আকর্ষণীয় সীসা। ক্যামেরার ঐ কাঁচ, যাতে ছবি ধারণ করে। লেন্স।

عدل (আদল) আঃ নাঃ পুং ; সাম্যতা। দৃষ্টান্ত। ইনসাফ। ন্যায়।

عدل پرور (-পারওয়ার) আঃ ফাঃ বিঃ ; ইনসাফগার। ন্যায় বিচারক।

عدم (আদম) আঃ নাঃ পুং ; নেতিবাচক। অনস্তিত্ব। না-বাচক। না-সূচক। গরহাজিরা।

عدن (আদন) আঃ নাঃ পুং; যে বেহেশেতে হযরত আদমকে রাখা হয়েছে। বসবাস করা। দক্ষিণ-পশ্চিম আরবের একটি ক্ষুদ্ররাজ্য।

عدنان (আদনান) আঃ নাঃ পুং ; হযরত ইসমাঈল (আঃ)-এর এক বংশ।

عدنی (আদনী) আঃ বিঃ ; এডেন রাজ্যের লোক।

عدو (আদুউ') আঃ নাঃ পুং ; দুশমন। শত্রু। পাহারাদার। রক্ষক।

عدول (উদূল) আঃ নাঃ পুং ; মুখ ফিরিয়ে নেয়া। অস্বীকার।

عدیل (আদীল) আঃ বিঃ ; বরাবর। উপমা। উদাহরণ। মুন্সেফ। জজ। বিচারক।

عدیم (আদীম) আঃ নাঃ পুং ; অনস্তিত্ব। দুষ্প্রাপ্য। দুর্লভ।

عدیم الفرصت (- উল ফুরসত) আঃ বিঃ ; অত্যন্ত ব্যস্ত।

عدیم المثال (- আল মিছাল) আঃ বিঃ ; বে-নযীর। উপমাহীন। অনন্য।

ع - ذ

عذاب (আযাব) আঃ নাঃ পুং ; সংকীর্ণ। কষ্ট। দুঃখ। মুসিবত। সাজা। শাস্তি। দন্ড।

عذاب الحریق (-উল-হারীক) আঃ নাঃ পুং ; দোযখের আগুনের শাস্তি। পীড়াদায়ক

সাজা।

عذار (ইযার) আঃ নাঃ পুং ; নাক। গাল। চেহারা। মুখমন্ডল।

عذب (উয্ব) আঃ বিঃ ; মিষ্ট। মিষ্টি। মিঠাই। মজাদার।

عذب البيان (-উল-বয়ান) আঃ নাঃ পুং ; মিষ্ট কথা। মিষ্টি ভাষণ।

عذر (উযর) আঃ নাঃ পুং ; বাহানা। ছুঁতা। ওজর। আপত্তি। ধর-পাকড়। মাফ। অস্বীকার।

عذرا (আযরা) আঃ নাঃ স্ত্রীং ; কুমারী। অনূঢ়া। হযরত ফাতেমা (রাঃ) ও মরিয়াম (আঃ)-এর উপাধি। ওয়ামিক বাদশাহ'র প্রেমিকা।

عذوبت (আযূবাত) আঃ নাঃ স্ত্রীং ; মিষ্টি। আস্বাদনি। মজাদার।

ع - ر

عرابه (আরাবাঃ) আঃ নাঃ পুং ; রিক্সা। টাঙ্গা। গাড়ী। শকট। ত্রি-চক্র যান।

عرابچی (আরাবচী) আঃ ফাঃ নাঃ পুং ; গাড়ী চালক। রিকসা চালক। ড্রাইভার।

عراق (ইরাক) আঃ নাঃ পুং ; প্রান্ত। পার্শ্ব। দিজলা, ফোরাত ও জাইহুনের তীরবর্তী দেশ। সংগীত বিশেষ।

عراقی (ইরাকী) আঃ নাঃ পুং ; ইরাকী ঘোড়া। আরবী ঘোড়া। ইরাকবাসী।

عرائس (আরাইস) আঃ নাঃ স্ত্রীং ; عروس (-এর ব-ব) দুলহান। কনে।

عرائض (আরাইয) আঃ নাঃ পুং ; (عريضة -এর ব-ব) চিঠি পত্রাদি। দরখাস্ত।

عرب (আরব) আঃ নাঃ পুং ; আরবী। মধ্যপ্রাচ্যের দেশ বিশেষ। শিষ্ট বয়ান। রাসূলের দেশ। কোরানের দেশ। বাগ্মী।

عربی ('আরবী) আঃ বিঃ ; আরব দেশের অধিবাসী, নাঃ পুং ; আরবী ভাষা। আরবী ঘোড়া।

عربده (আরাবাদাঃ) আঃ নাঃ পুং ; অহিতকামনা। ঝগড়া। লড়াই। ফেৎনা। সন্ত্রাস।

عربده جو (-জু) আঃ ফাঃ বিঃ ; লড়াকু। যুদ্ধংদেহী। সন্ত্রাসী। প্রেমাস্পদ।

عربيه (আরবিয়াঃ) আঃ বিঃ ; আরবী নারী।

عرس (উরস) আঃ নাঃ পুং ; দরবেশ বা পীরের তথাকথিত মৃত্যুবার্ষিকী। বিবাহ আমন্ত্রন। ওয়ালিমা। বৌভাত।

عرس ('ইরস্) আঃ নাঃ পুং ; স্ত্রীং ; স্বামী বা স্ত্রী। স্বামী। স্ত্রী।

عرش (আরশ) আঃ নাঃ পুং ; ছাদ। আসমান। অষ্টম আসমান।

عرشه (আরশাঃ) আঃ নাঃ পুং ; সামুদ্রিক জাহাজের ছাদ বা ডেক।

عرشی (আরশী) ফাঃ নাঃ পুং ; নিকটবর্তী ফেরেশতা। আরশবাহী ফেরেশতা।

عرصه (আরসাঃ) আঃ নাঃ পুং ; অঙ্গন। প্রাঙ্গণ। ময়দান। দাবার ছক। দূরত্ব।

عرصه حشر (-এ-হাশর) কিয়ামতের ময়দান।

عرض (আরজ) আঃ নাঃ স্ত্রীং ; বয়ান। বর্ণনা। গোজারেশ। অনুরোধ। আহ্বান। মধ্যে। মাঝে।

عرضی ('আরযী) আঃ নাঃ স্ত্রীং ; অপ্রাকৃত। আবেদন। দরখাস্ত।

عرضه (উরযাঃ) আঃ নাঃ স্ত্রীং ; ঢাল। বাহানা। দলিল দেয়া।

عرف (উরফ) আঃ নাঃ পুং ; পরিচয়। পরিভাষা। ঐ নাম, মানুষ যদ্দারা সহজে চিনতে পারে।

عرفاء (উরাফা) আঃ নাঃ পুং ; (عارف -এর ব-ব) ওলি-আল্লাহ। বুযুর্গ।

عرفات (আরাফাত) আঃ নাঃ পুং ; মক্কার থেকে বার মাইল দূরবর্তী এক তীর্থ ময়দান। হাজীগণ এখানে দাঁড়িয়ে 'লাব্বাইক' বলেন। আরাফার ময়দান।

عرفان (ইরফান) আঃ নাঃ পুং ; সনাক্ত। পরিচয়। খোদার মারেফত।

عرفه (আরাফাঃ) আঃ নাঃ পুং ; জিলহজ্বের ৯ তারিখ। যাতে হাজীগণ 'লাব্বাইক' বলেন। আরাফার দিন। কোরবানির ঈদের পূর্বদিন।

عرفی (উরফী) আঃ বিঃ ; প্রথা। প্রসিদ্ধি। রীতিনীতি। প্রণালী।

عرق (আরক) আঃ নাঃ পুং ; ঘাম। নিংড়ানো পানি। শরাব। শিরা। নির্যাস।

عرق آلود (–আলুদ) আঃ ফাঃ বিঃ ; ঘামে পানি পানি হওয়া। চুপসে যাওয়া ঘাম।

عرق انفعال (–এ-ইনফিয়াল) আঃ নাঃ পুং ; লজ্জার ঘাম।

عرق (ইরক) আঃ নাঃ স্ত্রীং ; রগ। শিরা। মূল। ব–ব, عروق।

عروج (উরূজ) আঃ নাঃ পুং ; উচ্চতা। উত্থান।

عروس (আরূস) আঃ নাঃ স্ত্রীং ; দুলহান। কনে। বউ।

عروس البلاد (–আল-বালাদ) আঃ নাঃ স্ত্রীং ; নয়নাভিরাম শহর।

عروسانه (আরূসানাঃ) ফাঃ বিঃ ; জামাইয়ের মত। বর বেশ। কনে বেশ।

عروسی (আরূসী) ফাঃ নাঃ স্ত্রীং ; সঙ্গী। বিয়ে। পয়নামা। বিয়ে বাজার। গায়ে হলুদ।

عروض (আরূয) আঃ নাঃ পুং ; মক্কা মোয়াজ্জমা, কাবা শরীফ। ছন্দ-জ্ঞান। কবিতার প্রথম চরণের শেষ শব্দ।

عروق ('উরূক) আঃ নাঃ পুং ; শিরা, ধমনী। উদ্ভিদের শিকড়।

عروه (ওরওয়াঃ) আঃ বিঃ ; পাকড়াও। গ্রেফতার। বক্র। দস্তানা। কব্জা।

عروة الوثقى (উরওয়াতুল উসকা) আঃ বিঃ ; মজবুত পাকড়াও। আঁকড়ে ধরা।

عریان (উরইয়ান) আঃ বিঃ : উলঙ্গ। দিগম্বর। বেপরোয়া। নগ্ন।

عریانی (উরইয়ানী) ফাঃ নাঃ স্ত্রীং ; নগ্নতা। উলঙ্গপনা। বেহায়াপনা।

عریانیت (উরইয়ানিয়ত) ফাঃ নাঃ স্ত্রীং ; বেলেল্লাপনা। দিগম্বরপনা। পশুত্ব।

عریش (আরীশ) আঃ নাঃ স্ত্রীং ; ছায়ানীড়। আংগুর ঝাড়।

عریض (আরীয) আঃ বিঃ ; চওড়া। লম্বা।

عریضه (আরীযাঃ) আঃ নাঃ পুং ; দরখাস্ত। আবেদনপত্র।

ع - ز

عز (ইযযা-আযযা) আঃ নাঃ স্ত্রীং ; ইজ্জত। সম্মান। আভিজাত্য।

عزوجل (আযযা ওয়া জাল্লা) আঃ বিঃ ; সম্মান ও শ্রেষ্ঠত্ব। আল্লাহ শব্দের সাথে এই শব্দের ব্যবহার হয়।

عزی (উযযা) আঃ নাঃ পুং ; মূর্তিবিশেষ। আরবের বৃক্ষ বিশেষ, কাফেররা যেটিকে সেজদা করত।

عزا ('অযা) আঃ নাঃ স্ত্রীং ; বিলাপ। শোক।

عزازیل (আযাযীল) আঃ নাঃ পুং ; ইবলিশ। শয়তান। মানবের চিরশত্রুর নাম।

عزائم (আযাইম) আঃ নাঃ পুং ; (عزیمت -এর ব–ব) ইচ্ছা। চিন্তা। সংকল্প।

عزت (ইজ্জত) আঃ নাঃ স্ত্রীং ; আবরু। বড়ত্ব। শ্রেষ্ঠত্ব। শান-আভিজাত্য।

عزرائیل (ইযরাঈল) আঃ নাঃ পুং ; মালাকুল মউত। মৃত্যুর ফেরেশতা। যমদূত। আযরাঈল।

عزل (আযল) আঃ নাঃ পুং ; ছাটাই। ইস্তেফা। পদচ্যুতকরণ। ছুটি। কর্মত্যাগ। সহবাসকালীন চরম পুলকের পরম মুহূর্তে বীর্য যোনীর বাইরে ফেলা।

عزلت (উযলত) আঃ নাঃ স্ত্রীঃ ; নির্জনতা। নির্জনস্থান। ইতেকাফ।

عزم (আযম) আঃ নাঃ পুং ; ইচ্ছা। সংকল্প। নিয়ত।

عزم بالجزم (-বিল-জযম) আঃ নাঃ পুং ; পরিপক্ক ইচ্ছা।

عزمت (আযমত) আঃ নাঃ পুং ; দৃঢ়তা। ফরজ কাজ বা কথা।

عزيز (আযীয) আঃ নাঃ পুং-স্ত্রীঃ ; প্রিয়। প্রিয়পাত্র। যোগ্য। খোদা তা'আলার গুণবাচক নাম বিশেষ।

عزيمت (আযীমত) আঃ বিঃ স্ত্রীঃ ; ইচ্ছা। উদ্দেশ্য। তেলেসমাতি সুলভ দোয়া।

ع - س

عساكر (আসাকির) আঃ নাঃ পুং ; (عسكر -এর ব-ব) সৈন্য-সামন্ত। ফৌজ। সেনানী।

عسر (উসর) আঃ নাঃ পুং ; কাঠিন্য। দৃঢ়তা। মুসিবত। দরিদ্রতা। নিঃস্বতা।

عسرت (উসরত) আঃ নাঃ স্ত্রীঃ ; সংকীর্ণতা। নিঃস্বতা। দরিদ্রতা। কাঠিন্যতা।

عسس (আসাস) আঃ নাঃ পুং ; কোতোয়াল। জল্লাদ।

عسكر (আসকার) আঃ নাঃ পুং ; ফৌজ। সেপাই। সেনানী। (ব-ব, عساكر)

عسكرى (আসকারী) আঃ বিঃ ; ফৌজি। সেপাই সুলভ।

عسكريت (আসকারিয়্যত) আঃ নাঃ স্ত্রীঃ ; যুদ্ধংদেহী। লড়াকু মনোবৃত্তি। আগ্রাসন বাদী মনোভাব।

عسل (আসাল) আঃ নাঃ পুং ; মধু।

عسير (আসীর) আঃ বিঃ ; জটিল। মুশকিল।

عسير الحال (-আল হাল) আঃ বিঃ ; দুরবস্থা।

عسيله (উসায়লাঃ) আঃ ; সহবাসের স্বাদ। বীর্য।

ع - ش

عشا ('আশা) আঃ নাঃ পুং ; সান্ধ্য ভোজন।

عشاء (ইশা) আঃ নাঃ স্ত্রীঃ ; রাতের আঁধার। রাতের নামায।

عشائيه (আশাইয়্যাহ) আঃ নাঃ পুং ; রাতের খানা। ডিনার।

عشائے ربانى (আশায়ে-রাব্বানী) আঃ নাঃ পুং ; হযরত ঈসা (আঃ) হাওয়ারীদের সাথে শেষ যে খানা খেয়েছিলেন। ইউকেরিস্ট। প্রভূর ভোজপর্ব।

عشاق (উশশাক) আঃ নাঃ পুং ; (عاشق -এর ব-ব) প্রেমিক।

عشبه ('উশ্‌বাঃ) আঃ ; এক প্রকার উদ্ভিজ ঔষধ।

عشر (আশার) আঃ বিঃ ; দশ। ১০।

عشر (উশর) আঃ নাঃ পুং ; দশমাংশ।

عشر عشير (আশরে আশীর) দশমাংশের দশমাংশ। $\frac{১}{১০০}$ অংশ। বহূত কম।

عشرت (ইশরত) আঃ নাঃ স্ত্রীঃ ; খুশী। মজা। সহবাস।

عشره (আশরাঃ) আঃ বিঃ ; দশ। ১০। উঃ নাঃ পুং ; মুহাররমের দশ তারিখ। আশুরার দিন।

عشق (ইশ্‌ক) আঃ নাঃ পুং ; ভালবাসা। প্রেম-প্রীতি। শখ। খায়েশ। সৌখিন।

عشق باز (ইশকবায) আঃ নাঃ বিঃ ; সুন্দরের পূজারী। বিলাসী।

عشق بازى (ইশকবাযী) আঃ বিঃ নাঃ স্ত্রীঃ ; সৌখিনতা। বিলাসিতা।

عشير (আশীর) আঃ নাঃ পুং ; দশমাংশ। $\frac{১}{১০}$। প্রতিবেশী।

عشوه (ইশওয়াঃ) ফাঃ ; কৃতিত্ব। কারিশ্‌মা। ধোকা।

عشيره (আশীরাঃ) আঃ ; বংশ। গোত্র। (ব-ব, عشائر)

عصير (আসীর) আঃ নাঃ পুং ; নির্যাস। জুস। আংগুরের শরাব। রস।

عشيقه (আশীকাঃ) আঃ বিঃ ; প্রেমিকা। প্রেমাস্পদ।

ع - ض

عضد (আয্‌দ-ইয্‌দ) আঃ নাঃ পুং ; বাযু। সাথী। সহচর। সঙ্গী।

عضد الدوله (- আদ দৌলাঃ) সাম্রাজ্যের বাযু। রাষ্ট্রের প্রাণশক্তি।

عضل (আযল) আঃ নাঃ পুং ; বিধবাকে দ্বিতীয় বিবাহ করাতে নিষেধ করা।

عضلات (আযালাত) আঃ নাঃ পুং ; শরীর। অবয়ব। দেহ।

عضو (উযব) আঃ নাঃ পুং ; শরীর। দেহ। অঙ্গ। অংশ। জোড়া-বদন।

عضوتناسل (-এ-তানাসুল) লিঙ্গ।

عضويات (উযবিয়াত) আঃ নাঃ স্ত্রীং ; শারীরিক।

عضوم (আযূম) আঃ নাঃ স্ত্রীং ; পরিশ্রমী উষ্ট্রী।

ع - ط

عطا (আতা) আঃ নাঃ স্ত্রীং ; পুরস্কার। দান। উপঢৌকন। উপহার।

عطار (আত্তার) আঃ নাঃ স্ত্রীং ; আতর বিক্রেতা। পারফিউমার।

عطارد (উতারিদ) আঃ নাঃ পুং ; বুধ গ্রহ।

عطارى (আতারী) আঃ নাঃ স্ত্রীং ; আতর বিক্রি। আতর ব্যবসা।

عطائى (আতাঈ) উঃ নাঃ পুং ; বিনা উস্তাদে কোন কিছু শেখা। খোদাপ্রদত্ত মেধা।

عطايا (আতায়া) আঃ নাঃ পুং ; তোহফা। বখশিশ। পুরস্কার। উপঢৌকন।

عطر (ইত্‌র) আঃ নাঃ পুং ; সুগন্ধি। সৌরভ। আতর। সংক্ষিপ্তি।

عطس (আতস) আঃ নাঃ পুং ; হাঁচি দেয়া। ফুঁক দেয়া।

عطسه (আতাসাঃ) আঃ নাঃ পুং ; হাঁচি।

عطش (আত্‌শ) আঃ নাঃ স্ত্রীং ; পিপাসা।

ع - ص

عصا (আসা) আঃ নাঃ পুং ; লাঠি। ডান্ডা। কাঠ। বল্লম।

عصابه (ইছাবাঃ) আঃ নাঃ পুং ; মহিলাদের মাথার বাঁধা কাপড়।

عصار (আসসার) আঃ নাঃ পুং ; তেলী। তেল ব্যবসায়ী।

عصاره (উসারাঃ) আঃ নাঃ পুং ; রস। নিংড়ানো বস্তু। নির্যাস।

عصافير (আসাফীর) আঃ নাঃ স্ত্রীং (عصفور -এর ব-ব) চড়ুই পাখি।

عصب (আসাব) আঃ নাঃ পুং ; রগ। মাংসপেশী। স্নায়ু। শিরা। (ব-ব, اعصاب)

عصبه (আসাবাঃ) আঃ নাঃ পুং ; শরীরের রগ। উত্তরাধিকারের অবশিষ্টাংশ। (ব-ব, عصبات)

عصبيت (আসাবিয়্যত) আঃ নাঃ স্ত্রীং ; তরফদারী। আত্মীয়তা। শক্ত।

عصر (আসর) আঃ নাঃ পুং ; রোজগার। যামানা। দিনের শেষাংশ। অপবাদ। এক ওয়াক্ত নামায-এর নাম।

عصرانه (আসরানাঃ) আঃ ফাঃ নাঃ ; দুপুরের খানা। লাঞ্চ। বৈকালীন চা-পান।

عصرى (আসরী) আঃ ফাঃ ; সমকালীন।

عصفر ('আস্‌ফ'র্) আঃ নাঃ পুং ; ফুলবিশেষ। কুঙ্কুম।

عصفور (উসফূর) আঃ নাঃ স্ত্রীং ; চড়ূই।

عصمت (ইসমত) আঃ নাঃ পুং ; নিষ্পাপ। পবিত্রতা। সতীত্ব। কলুষহীন।

عصمت دار (- দার) আঃ ফাঃ বিঃ ; সতী। নিষ্পাপ।

عصه (আসাঃ) প্রাঃ নাঃ পুং ; মাফলার।

عصيان (ইসয়ান) আঃ নাঃ পুং ; গোনাহ। পাপ। অপরাধ। ভুল। কসুর।

পিয়াশা। তৃষ্ণা।

عطف (আত্‌ফ) আঃ নাঃ পুং ; অনুগ্রহ। দয়া। সংযোগ। মোড়।

عطوفت (আতূফাত) আঃ নাঃ স্ত্রীং ; মেহেরবানি। সহানুভূতি। কৃপা।

عطيه (আতিয়্যাঃ) আঃ নাঃ পুং ; দান। বখশিশ। পুরস্কার।

ع - ظ

عظام (ইযাম) আঃ নাঃ পুং ; (عظيم -এর ব-ব) বড়। মহান। মহত্তম। মেরুদন্ড। হাড্ডি।

عظام (উযযাম) আঃ বিঃ ; বুযুর্গ। মহান। মহাত্মন। মহত্তম। মহাত্মা।

عظم (আয্‌ম) আঃ নাঃ পুং ; হাড্ডি। হাড়। (ব-ব عظام)।

عظمى (উযমা) আঃ বিঃ ; اعظم -এর স্ত্রী লিঙ্গ। সর্বোচ্চ। সর্বপ্রধান। মহান।

عظمت (আযমত) আঃ নাঃ স্ত্রীং ; বুযুর্গী। শ্রেষ্ঠত্ব। কঠোর। নেহায়েত।

عظيم ('আযীম) আঃ বিঃ ; শ্রেষ্ঠ। বড়। উচ্চ মর্যাদাসম্পন্ন।

عظيم الجثه (আযীমুল জুচ্ছা) আঃ বিঃ ; মোটা। মেদস্বী। দীর্ঘকায়। হৃষ্টপুষ্ট। মোটা-তাজা।

عظيم الشان (আযীমুশ্বান) আঃ বিঃ ; জাঁক-জমকপূর্ণ। বহুত বড়। বিশাল।

عظيم القدر (আযীমুল কদর) আঃ বিঃ ; মহাপরাক্রমশালী। শক্তিধর। পরাশক্তি।

ع - ف

عفاريت (আফারিয়ত) আঃ নাঃ পুং ; (عفريت -এর ব-ব) দেও-দৈত্য। ভূত-প্রেত।

عفاف (আফাফ) আঃ নাঃ পুং ; পরহেযগারী। আধ্যাত্মিকতা।

عفاف (ইফাফ) আঃ নাঃ স্ত্রীং ; গোপনীয়তা। গুপ্ত রহস্য।

عفت (ইফফত) আঃ নাঃ স্ত্রীং ; নিষ্পাপ। সতীত্ব। পরহেযগারী। পবিত্রতা। শুচি-শুদ্ধতা।

عفريت (ইফরীত) আঃ নাঃ পুং ; দেও-দৈত্য। ভূত-প্রেত। দানব।

عفض (আফায) আঃ নাঃ পুং ; বৃক্ষ বিশেষ।

عفعف (আফআফ) আঃ ; কুকুরের আওয়াজ।

عفو (আফ্‌ব) আঃ নাঃ পুং ; ক্ষমা। মাফ। উদারতা।

عفونت (উফূনাত) আঃ নাঃ স্ত্রীং ; দুর্গন্ধ। নোংরামি। পচন।

عفيف (আফীফ) আঃ বিঃ ; পবিত্র-নর।

عفيفه (আফীফাঃ) আঃ বিঃ ও নাঃ স্ত্রীং ; পবিত্রা নারী। সতী নারী।

ع - ق

عقاب (ঈকাব) আঃ নাঃ পুং ; দুঃখ-কষ্ট। শাস্তি।

عقاب (উকাব) আঃ নাঃ পুং ; ঈগল পাখি। উঁচুস্থান। হযরত রাসূলুল্লাহ (সাঃ)-এর একটি ঝান্ডা।

عقابى (উকাবী) আঃ বিঃ ; ঈগলের মত।

عقابين (আকাবাইন) আঃ নাঃ পুং ; কাঠগড়া। শুলি।

عقارب (আকারিব) আঃ নাঃ পুং ; (عقرب -এর ব-ব) বিচ্ছু।

عقائد (আকাইদ) আঃ নাঃ পুং ; (عقيده ব-ব) আকীদা। ধর্মীয় মৌল বিশ্বাস।

عقب (আক্‌ব) আঃ নাঃ পুং ; পিছে। পিছনে। পশ্চাতে।

عقبه (আকাবাঃ) আঃ নাঃ স্ত্রীং ; উঁচু পর্বতে চড়ার রাস্তা। দুর্গম ঘাঁটি।

عقبےا (উকবা) আঃ নাঃ স্ত্রীং ; আখেরাত। শেষফল। পরিণাম।

عقد (আক্‌দ) আঃ নাঃ পুং ; গিরা। গাঁট। শাদী। বিবাহ। বিক্রি।

عقد انامل (আকদে আনামেল) আঃ নাঃ

পুং ; দশ আঙ্গুলের সাহায্যে বিশেষ গণনা। গণনা করা।

عقد (ইকদ) আঃ নাঃ পুং ; হার। মোতির মালা।

عقده (উকদাঃ) আঃ নাঃ পুং ; গিরা। গাঁট। জটিল কথা।

عقر (আক্‌র) আঃ নাঃ পুং ; বন্ধ্যাত্ব। স্ত্রী ভেবে পরনারীর সাথে সহবাস করার জরিমানা।

عقرب (আকরাব) আঃ নাঃ পং ; বিচ্ছু। বৃশ্চিক রাশি।

عقربى (আকরবী) আঃ নাঃ পুং ; মূল্যবান পাথর। লাল মোতি।

عقل (আকল) আঃ নাঃ স্ত্রীং ; বিজ্ঞতা। জ্ঞান। অনুভূত। উপলব্ধি।

عقل كاد شمن (-কা দুশমন) আঃ নাঃ পুং ; বেকুফ। আহাম্মক।

عقلا (আকলান) আঃ বিণ ; যুক্তির নিরিখে।

عقلاء (উকালা) আঃ নাঃ পুং ; (عاقل -এর ব-ব) জ্ঞানী। বিচক্ষণ। বুঝমান ব্যক্তি। কান্ডজ্ঞানসম্পন্ন।

عقليات (আকলিয়াত) আঃ নাঃ স্ত্রীং ; দর্শন। যুক্তিবিদ্যা।

عقليه (আকলিয়াঃ) আঃ বিঃ ; যুক্তির মাধ্যমে। কিয়াসের দ্বারা।

عقليت (আকলিয়ত) আঃ নাঃ স্ত্রীং ; জ্ঞানের মাধ্যমে। মাথা খাটিয়ে। জ্ঞান পূজারী।

عقوبت (উকূবাত) আঃ নাঃ স্ত্রীং ; দুঃখ। শাস্তি। আযাব।

عقول (উকূল) আঃ নাঃ স্ত্রীং ; (عقل -এর ব-ব) জ্ঞানসমূহ।

عقول عشره (উকূলে আশারাঃ) আঃ নাঃ স্ত্রীং ; দশ ফেরেশতা। যাঁদেরকে আল্লাহ পাক পর্যায়ক্রমে পয়দা করেন।

عقيدت (আকীদাত) আঃ নাঃ স্ত্রীং ; মনো বিশ্বাস। ঈমান। মৌল বিশ্বাস।

عقيدت مند (-মন্দ) আঃ ফাঃ বিঃ ; বিশ্বাসী। দ্বীনদ্বার।

عقيده (আকীদাঃ) আঃ নাঃ পুং ; মনে জমা মৌল বিশ্বাস। আকীদা। ঈমান।

عقيق (আকীক) আঃ নাঃ পুং ; লাল পাথর বিশেষ।

عقيقه (আকীকাঃ) আঃ নাঃ পুং ; আকীকা। মুসলিম সন্তান ভূমিষ্ঠের সাত দিনের মাথার অনুষ্ঠান।

عقيل (আকীল) আঃ বিঃ ; জ্ঞানী লোক। বুদ্ধিমান। বিচক্ষণ।

عقيله (আকীলাঃ) আঃ বিঃ ; (عقيل -এর ব-ব) বুদ্ধিমতি। বিচক্ষণা।

عقيم (আকীম) আঃ নাঃ পুং-স্ত্রীং ; বন্ধ্যা নারী।

عقيمه (আকীমাঃ) আঃ নাঃ স্ত্রীং ; নিঃসন্তান মহিলা।

ع - ك

عكاشه (উকাশাঃ) আঃ নাঃ পুং ; মাকড়সা।

عكاظ (উকায) আঃ ; নাখলী। তায়েফের মধ্যবর্তী নামকরা বাজার বিশেষ।

عكرمه (ইকরামাঃ) আঃ নাঃ স্ত্রীং ; পুং ; কপোতী। আবু জাহেলের পুত্র হযরত ইকরামা (রাঃ)।

عكاس (আক্কাস) আঃ নাঃ পুং ; ফটোগ্রাফার।

عكاسى (আক্কাসী) আঃ নাঃ স্ত্রীং ; ফটো তোলা। ছবি উঠান।

عكس (আকস) আঃ নাঃ পুং ; উলটা-পালটা। বিপরীত। ছায়া-প্রতিচ্ছায়া।

عكسى ('আক্‌সী) ফাঃ বিঃ ; প্রতিবিম্বিত, ফটোগ্রাফে গৃহীত।

عكسى تصوير (আকসী তাছবীর) ক্যামেরার প্রতিচিত্র। ফটো।

عكسى طباعت (আকসী তিবা'আত) ফটো অফসেট- (Photo offset)

عكه (আক্কা) ফাঃ ; জংলী কাক।

ع - ل

علا (আলা) আঃ বিঃ ; বুলন্দ। উঁচু। পুং ; সম্মান। মর্যাদা।

علاتی (আল্লাতী) আঃ বিঃ ; মা-শরীক ভাই। বৈমাতৃক ভাই।

علاج (ইলাজ) আঃ নাঃ পুং ; চিকিৎসা। উপায়। উপশম। তদবির। শাস্তি।

علاحدگی (আলাহেদগী) ফাঃ নাঃ স্ত্রীং ; বিরহ। পৃথকীকরণ।

علاحده (আলাহিদাঃ) আঃ বিঃ ; পৃথক। জুদা। আলাদা।

علاقه (এলাকাঃ) আঃ নাঃ পুং ; শিকা। বন্ধনী বস্তু। রেকাবির ফিতা।

علالت (আলালাত) উঃ নাঃ স্ত্রীং ; অসুস্থতা। দুঃখ। রোগ।

علام (আল্লাম) আঃ নাঃ পুং ; সবজান্তা। সর্বজ্ঞ। তত্ত্বজ্ঞানী। জ্ঞান বিশারদ।

علام الغیوب (আল্লামুল গুয়ুব) আঃ বিঃ ; গায়েবের খবর জানেন যিনি। অদৃশ্য জ্ঞানী।

علامت (আলামাত) আঃ নাঃ স্ত্রীং ; নিশানা। নিদর্শন। মার্ক। সনাক্ত।

علامه (আল্লামাঃ) আঃ বিঃ ; তত্ত্বজ্ঞানী। জ্ঞানবতী। বিচক্ষণা নারী।

علامة الدهر (আল্লামাতুদ দাহর) আঃ ফাঃ নাঃ পুং ; যুগশ্রেষ্ঠ আলেম। ধোঁকাবাজ।

علامی (আল্লামী) আঃ বিঃ ; পণ্ডিত। বড়জ্ঞানী। আকবর বাদশাহর উজীর আবুল ফজলের উপাধি।

علانیه (আলানিয়াঃ) আঃ বিঃ ; প্রকাশ্য। বাহ্যত। দিবালোক।

علاوه (আলাওয়া) আঃ বিণ ; ব্যতীত। ছাড়া। অন্য। অপরাপর।

علت (ইল্লত) আঃ নাঃ স্ত্রীং ; অসুস্থতা। দুঃখ। রোগ-ভোগ। খারাপ। ঝগড়া। দোষ-ত্রুটি। অপবাদ। খড়কুটো। কারণ।

علتی (ইল্লতি) উঃ বিঃ ; দোষযুক্ত। ত্রুটিপূর্ণ। অসৎ।

علف (আলাফ) আঃ নাঃ পুং ; ঘাস। চারা।

علف زار (– যার) আঃ ফাঃ নাঃ পুং ; চারণ ক্ষেত।

علل (ইলাল) আঃ নাঃ স্ত্রীং ; (علت -এর ব–ব) কারণসমূহ।

علم (আলাম) আঃ নাঃ পুং ; ঝান্ডা। নেযা। নিশানা। ফ্লাগ। যে নামে মানুষে সহসাই চিনে। বদনাম। উলঙ্গ।

علم (ইল্‌ম) আঃ নাঃ পুং ; জ্ঞান। বিদ্যা। বিষয়। মোতি। জওহর।

علم المعیشت (ইলমুল মায়িশাত) অর্থনীতি। (Economics)।

علم حیوانات (ইলমে হায়ওয়ানাত) আঃ নাঃ পুং ; প্রাণবিদ্যা। (Zoology)।

علم طبعی (ইলমে তবয়ী) আঃ নাঃ পুং ; প্রকৃতির জ্ঞান। ফিজিক্স (Physics)।

علم کیمیا (ইলমে কিমিয়া) আঃ নাঃ পুং ; রসায়ন। কেমিস্ট্রি (Chemistry)।

علم نجوم (ইলমে নুজুম) আঃ নাঃ পুং ; গণকবিদ্যা। জ্যোতিষবিদ্যা। (এস্ট্রোনমি–Astronomy)

علماء ('উলামা) আঃ নাঃ পুং ; (عالم 'আলিম এর ব–ব) জ্ঞানীলোক সকল। ধর্মজ্ঞ ব্যক্তিবর্গ।

علمی ('ইল্‌মী) আঃ বিঃ ; বৈজ্ঞানিক। সাহিত্যিক। দার্শনিক। علمی مباحثه (– মুবাহাসা) বৈজ্ঞানিক বা দার্শনিক আলোচনা।

علمیت ('ইলমীয়ত) আঃ নাঃ স্ত্রীং ; জ্ঞান। শিক্ষা।

علو (উলু) আঃ নাঃ পুং ; উঁচু। উচ্চ।

علو همت (উলু হিম্মত) আঃ ফাঃ বিঃ ; দুঃসাহস। অসম সাহস। অসম হিম্মত। অভিনব। কর্মোদ্দীপনা।

علوفه (উলূফাঃ) আঃ নাঃ পুং ; খোরাকি।

বেতন। ভাতা। ওজিফা।

علوق (উলূক) আঃ নাঃ পুং ; বীর্যস্থিতি। রেহেমে শুক্র প্রবেশ।

علوم ('উলূম) আঃ নাঃ পুং ; বিজ্ঞান সমূহ। علوم و فنون (– ও ফু'নূন) শিল্প ও বিজ্ঞান।

علوی (আলাবী) আঃ নাঃ পুং ; হযরত আলী (রাঃ) -এর বংশধর।

علوی (উলাবী) আঃ নাঃ পুং ; ফেরেশতা। তারকা।

علویت (উলবিয়ত) আঃ নাঃ স্ত্রীং ; উচ্চতা। উঁচু। সুউচ্চ।

علی (আলী) আঃ বিঃ ; উঁচু। পুং ; আল্লাহর গুণবাচক নাম। ইসলামের চতুর্থ খলীফা।

علی (আ'লা) আঃ হরফে জর ; উপর।

علی الاتصال (আলাল ইত্তিসাল) ক্রমানুসারে। আনুপাতিক হারে। লাগাতার। বিরামহীন।

علی الاطلاق (আলাল-ইতলাক) আঃ বিণ ; ব্যাপক। মুক্ত। নিঃশর্ত।

علی وجه البصیرت (আলা অজহিল বাসীরাত) আঃ বিণ ; মোটামুটি ভাবে। বাহ্য দৃষ্টিতে।

علی هذا القیاس (আলা হাজাল কিয়াস) আঃ বিণ ; এইভাবে। এই যুক্তিতে। এই ধারায়।

علیا (উলিয়া) আঃ বিঃ ; সুউচ্চ। বুযুর্গ।

علحدگی (আলাহেদগী) ফাঃ নাঃ স্ত্রীং ; বিরহ। পৃথক। আলাদা।

علحده علحده (আলাহিদা আলাহিদা) আঃ ফাঃ বিঃ ; পৃথক পৃথক। ভিন্ন ভিন্ন।

علیل (আলীল) আঃ বিঃ ; রোগী। অসুস্থ।

علیم (আলীম) আঃ বিঃ ; মহাজ্ঞানী। আল্লাহর গুণবাচক নাম বিশেষ।

علیین (ইল্লিয়্যীন) আঃ নাঃ স্ত্রীং ; বেহেশতের নাম। অষ্টম আসমান। উঁচুস্তর। মোবারক স্থান। যেখানে মুমিন বান্দাদের রুহ থাকে।

ع - م

عم (আম) আঃ নাঃ পুং ; চাচা।

عم زاده (–যাদা) আঃ ফাঃ বিঃ ; চাচাত ভাই।

عماد (ইমাদ) আঃ নাঃ পুং ; খুঁটি। গ্রহণযোগ্যতা। উঁচু ঘর।

عمارت (ইমারত) আঃ নাঃ স্ত্রীং ; আবাদী। বস্তি। ঘর। মহল।

عماری (আম্মারী) আঃ নাঃ স্ত্রীং ; হাতির হাওদা।

عمال (উম্মাল) আঃ নাঃ পুং ; (عامل –এর ব–ব) হাকেম। গভর্ণর। কর্মকর্তা। তহসীলদার।

عمامه (ইমামাহ) আঃ নাঃ পুং ; পাগড়ি। দস্তার। উর্দুতে (عمامه -আমামা) ব্যবহার হয়।

عمائد (আমাইদ) আঃ নাঃ পুং ; (عمید -এর ব–ব) সর্দার। গোত্রাধিপতি। সচিব।

عمد (আমাদ) আঃ নাঃ পুং ; ইচ্ছা। এরাদা। সংকল্প। নিয়ত। প্রতিজ্ঞা।

عمدا (আমাদান) আঃ বিণ ; ইচ্ছাকৃত ভাবে। স্বেচ্ছাপ্রণোদিত হয়ে। স্বেচ্ছায়।

عمدت ('উম্‌দত্‌) ফাঃ নাঃ স্ত্রীং ; অবলম্বন। ঠেকা। স্তম্ভ। থাম।

عمدگی (উমদগী) আঃ বিঃ ; নির্ভরযোগ্যতা। গ্রহণযোগ্যতা। আচ্ছা। ভাল। খুব। অভিজাত। শ্রেয়তর। মর্যাদাবান। সম্মানিত। উত্তম। তোহফা। নান্দনিক। নিখাদ। মজাদার। মূল্যবান। সুন্দর। খুঁটি।

عمده ('উম্‌দাঃ) আঃ বিঃ ; শ্রেষ্ঠ। ভাল। সুন্দর। প্রকৃষ্ট।

عمر (ওমর) আঃ নাঃ স্ত্রীং ; সময়কাল। জীবন। যুগ।

عمرطبعی (ওমরে-তবী) আঃ নাঃ স্ত্রীং ; আজীবন। গোটা জীবন।

عمران (ইমরান) আঃ নাঃ পুং ; আবাদী।

হযরত মূসা (আঃ) -এর পিতার নাম।

عمرانى (ইমরানী) আঃ বিঃ ; সামাজিক।

عمرانيات (ইমরানিয়ত) আঃ নাঃ স্ত্রীং ; সামাজিক জ্ঞান। (সোসিয়ালজি-Sociology)

عمرو (আমর) আঃ নাঃ পুং ; ব্যাপক নাম। যেমন। জায়েদ। করিম। রহিম। যদু। মদু। ছলিম।

عمره (উমরাঃ) আঃ নাঃ পুং ; হজ্বের মওসুম ছাড়া অন্য সময় মক্কায় হাজিরা এবং বাইতুল্লাহ তাওয়াফ করা। ওমরা করা।

عمق (উমুক) আঃ নাঃ পুং ; গভীর। অতল। (ব-ব, اعماق।)

عمل (আমল) আঃ নাঃ পুং ; কাজ। কর্ম। ব্যবহার। অভ্যাস।

عملا (আমালান) আঃ বিণঃ ; কার্যত। বস্তুতঃ।

عمله (আমলাঃ) আঃ নাঃ পুং ; (عامل-এর ব-ব) স্টাফ। কর্মচারী। প্রজাতন্ত্রের কর্মজীবী।

عملى (আমালী) আঃ বিঃ ; নেশাখোর। কার্যবিধি। মামুলি।

عمليات (আমালিয়াত) আঃ নাঃ স্ত্রীং; (عمل -এর ব-ব) ঝাড়-ফুঁক। মন্ত্র। প্রথা।

عمود (আমূদ) আঃ নাঃ পুং ; থাম। পিলার। স্তম্ভ। তাঁবুর খুঁটি।

عمودا (উম্‌দান) আঃ বিণ ; সরল সোজা। (জ্যামিতিতে) দৈর্ঘ ও প্রস্থ।

عموم (উমূম) আঃ নাঃ পুং ; ব্যাপক। সঠিকাংশ। প্রায়ই।

عموما (উমুমান) আঃ বিণ ; সাধারণতঃ।

عمى (আমা) আঃ নাঃ পুং ; অন্ধত্ব।

عميد (আমীদ) আঃ নাঃ পুং ; সর্দার। হাকেম। সচিব।

عمومى (উমূমী) আঃ বিঃ ; সাধারণ। অধিকাংশ।

عميق (আমীক) আঃ বিঃ ; গভীর। অতল।

عميم (আমীম) আঃ বিঃ ; পুরো। তামাম। গোটা। সাধারণ। ব্যাপক।

ع - ن

عنا (আনা) আঃ নাঃ স্ত্রীং ; দুঃখ। যন্ত্রণা। মানসিক ক্লেষ। ক্লান্তি।

عناب (উন্নাব) আঃ নাঃ পুং ; লাল রঙের ফল বিশেষ। রূপকার্থে-প্রেমিকার ঠোঁট।

عناد (ইনাদ) আঃ বিঃ ; লড়াই। আত্মম্ভরিতা। ঝগড়া। জেদ। শত্রুতা। বৈরিতা। হিংসা।

عنادا (ইনাদান) আঃ বিণ ; শত্রুতাবশত। বৈরীভাবাপন্ন হয়ে।

عنادل (আনাদিল) আঃ নাঃ পুং ; (عندليب এর ব-ব) বুলবুলিরা। বুলবুল পাখি (গুলি)।

عناصر (আনাসীর) আঃ নাঃ পুং ; (عنصر -এর ব-ব) মৌল উপাদানসমূহ।

عناصر اربع (আনাসিরে আরবা') আঃ নাঃ পুং ; বস্তু দুনিয়ার উপাদান চতুষ্টয়। পানি, হাওয়া, মাটি, আগুন।

عنان (ইনান) আঃ নাঃ পুং ; লাগাম। বাগডোর।

عنايت (এনায়েত) আঃ নাঃ স্ত্রীং ; স্বাদ। মেহেরবানি। অনুরাগ। সাহায্য। উপকার।

عنب (ইনাব) আঃ নাঃ পুং ; আঙ্গুর। কিশমিশ। (ব-ব اعناب।)

عنبر (আম্বর) আঃ নাঃ পুং ; সমুদ্রের ঘাস বিশেষ, যা জ্বালালে খোশবু পয়দা হয়।

عند (ইনদা) আঃ ; ইসমে যরফ ; নিকট। প্রতি। সম্মুখে। সাথে। উপরে। মতে।

عند ليب (ইনদালীব) আঃ নাঃ পুং -স্ত্রীং ; বুলবুল। (ব-ব, عنادل)

عنديه (ইনদিয়্যাঃ) উঃ নাঃ পুং ; ইচ্ছা। অভিমত। রায়।

عنصر (উনসুর) আঃ নাঃ পুং ; মৌল

বুনিয়াদ।

عنصری (উনসুরী) ফাঃ বিঃ ; বুনিয়াদী।

عنفوان (উনফুয়ান) আঃ নাঃ পুং ; প্রারম্ভ। সূচনা। শুরু। সৌন্দর্য।

عنفوان شباب (–এ-শাবাব) আঃ নাঃ পুং ; যৌবনের সূচনা।

عنقا (আনকা) আঃ নাঃ পুং ; সী-মোরগ। কাল্পনিক পাখি। দুর্লভ বস্তু। ডাইনোসার।

عنقریب ('আন্‌ক'রীব) আঃ বিণ ; সত্বর। প্রায়। উদ্যত।

عنکبوت (আনকাবূত) আঃ নাঃ স্ত্রীং ; মাকড়সা।

عنوان (উনওয়ান) আঃ নাঃ পুং ; শিরোনাম। প্রারম্ভ। সূচনা। হেড লাইন।

عنید (আনীদ) আঃ বিঃ ; লড়াকু। অহংকারী।

عنیف (আনীফ) আঃ বিঃ ; কঠোর। উগ্র। রুক্ষ।

عنین (ইন্নীন) আঃ বিঃ নাঃ পুং ; হিজড়া। নপুংসক। ধ্বজভঙ্গ।

ع – و

عوارض (আওয়ারিয) আঃ নাঃ পুং ; (عارضة -এর ব–ব) রোগ। দুঃখ। ব্যথাসমূহ। পরিস্থিতি।

عواطف (আওয়াতিফ) আঃ নাঃ স্ত্রীং ; (عاطفه -এর ব–ব) মেহেরবানি (—সমূহ)।

عوام (আওয়াম) আঃ নাঃ পুং ; (عامه -এর ব–ব) জনগণ। প্রজা। জাহিল। মূর্খ। গেঁয়ো।

عوام الناس (আওয়ামুন নাস) আঃ নাঃ পুং ; গোটা মানব জাতি। জনসাধারণ।

عوام کالانعام (আওয়াম কাল আনআম) আঃ নাঃ পুং ; সাধারণ মানুষ মূর্খ প্রকৃতির।

عوامی (আওয়ামী) ফাঃ বিঃ ; জনতার। মানুষের। প্রজাতন্ত্রের।

عوان (আওয়ান) আঃ নাঃ স্ত্রীং ; গৃহকর্ত্রী। বিবি। সতী নারী। মধ্যম। মাঝারী।

عوائب (আওয়াইব) আঃ নাঃ পুং ; পাপী। দোষী।

عوج (উজ) আঃ নাঃ পুং ; হযরত আদম (আঃ)-এর যুগের দীর্ঘকায় লোক। তিনি সাড়ে তিন হাজার বছর জীবিত ছিলেন। নূহ (আঃ)-এর মহাপ্লাবনের পর হযরত মূসা (আঃ) তাকে কতল করেন।

عود (উদ) আঃ নাঃ পুং ; আগর কাষ্ঠ, যা জ্বালিয়ে আগরবাতি বানানো হয়।

عود (আওদ) আঃ নাঃ পুং ; প্রত্যাবর্তন।

عورت (আওরাত) আঃ নাঃ স্ত্রীং ; স্ত্রীলোক। নারী। স্ত্রী।

عوض (এওয়াজ) আঃ নাঃ পুং ; বদলা। প্রতিদান। দন্ড। জরিমানা। শাস্তি।

عوض معاوضه (– মোয়াবজা) আঃ নাঃ পুং ; উল্টা-পাল্টা। অদল-বদল। রদ-বদল।

عوضانه (এওয়াজানাঃ) উঃ নাঃ পুং ; বদলা। প্রতিদান। ঘুষ। পারিশ্রমিক।

عوضی (এওয়াযী) আঃ নাঃ পুং ; স্থলাভিষিক্ত।

عوعو (আও আও) আঃ নাঃ স্ত্রীং ; ভেউ ভেউ। কুকুরের আওয়াজ।

عون (আওন) আঃ নাঃ পুং ; সাহায্য। সহানুভূতি। মদদ।

عویص (আবীছ) আঃ ; মুশকিল। জটিল।

ع – ه

عهبر (আহবর) আঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার নার্গিস ফুল।

عهد (আহদ) আঃ নাঃ পুং ; সময়। কাল। বছর। কথা। অঙ্গীকার। কসম। দোহাই। কিরা। পাবন্দী। অনুসরণ। চুক্তি।

عهد جدید (আহদে জাদীদ) আঃ নাঃ পুং ;

চুক্তি নবায়ন। বাইবেলের নতুন নিয়ম। নতুন সুসমাচার। ইঞ্জিল।

عهد حكومت (আহদে হুকুমত) আঃ নাঃ স্ত্রীং ; শাসনকাল।

عهد عتيق (আহদে আতীক) আঃ নাঃ পুং ; প্রাচীন নিয়ম। পুরাতন নিয়ম। বাইবেলের পুরান সুসমাচার। তাওরাত।

عهد نامه (আহদ নামাঃ) আঃ ফাঃ নাঃ পুং ; অঙ্গীকারনামা। চুক্তিপত্র।

عهد وپيمان (আহদ ওয়া পায়মান) আঃ ফাঃ নাঃ পুং ; পাকাপোক্ত চুক্তি। অঙ্গীকার। কথা ও কাজ।

عهده ('উহ্দাঃ) আঃ নাঃ পুং ; পদ। বৃত্তি। নিয়োগ। কর্তব্য। ব্যবসায়।

عهد (ওহদ) আঃ নাঃ পুং ; জিম্মা। জামানত। পদ মর্যাদা।

عهد دار (ওহদা দার) পদমর্যাদাসম্পন্ন। অফিসার।

عهن (ইহ্ন) আঃ ; রঙিন পশম। তুলা। (ব-ব, عهون)

عهيد (আহীদ) আঃ বিঃ ; সমকালীন। সহকর্মী।

ع - ى

عيادت (ইয়াদত) আঃ নাঃ স্ত্রীং ; সেবা। রোগীর শুশ্রূষা।

عياذ (ইয়ায) আঃ নাঃ পুং ; আশ্রয় চাওয়া। আশ্রয় নেয়া। অসৎকর্ম থেকে পরিত্রাণ কামনা।

عيار (ইয়ার) আঃ নাঃ পুং ; খাঁদ। সোনা। চান্দীর খোঁটা।

عيار (আইয়ার) আঃ বিঃ ; ধোঁকাবাজ। চালবাজ। চালাক। হুঁশিয়ার।

عيارى ('আইয়ারী) ফাঃ নাঃ স্ত্রীং ; ধূর্ততা। প্রতারণা। ঠকামি।

عياش (আইয়্যাশ) আঃ বিঃ ; বিশ্বাসী। কৌতুকদর্শী। অসৎ। জোচ্চুর। লুচ্ছা।

عياشى (আইয়াশী) উঃ নাঃ স্ত্রীং ; বিলাসিতা। কৌতুক। আত্মপূজা। আড়ম্বড়তা। ভোগ। ইন্দ্রিয় সেবা।

عيال (আয়াল) আঃ নাঃ পুং-স্ত্রীং ; পুত্র। বাল-বাচ্চা। আত্মীয়-স্বজন।

عيان (ইয়াঁ) আঃ বিঃ ; প্রকাশ্য। বাহ্যত। দিবালোক। প্রত্যক্ষ।

عيب (আয়ব) আঃ নাঃ পুং ; দোষ-ত্রুটি। দাগ। গোনাহ। কসূর। (ব-ব عيوب)।

عيب اچهالنا (আয়ব উছালনা) নাঃ পুং ; গোপনীয়তা ফাঁস করা। দোষ বর্ণনা করা।

عيب بينى (আয়ব বিনী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; ছিদ্রান্বেষণ। দোষ বের করা।

عيب پوش (আয়ব পোষ) আঃ ফাঃ বিঃ ; দোষ গোপনকারী। উদার। মহানুভব।

عيب پوشى (আয়ব পোশী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; চক্ষুলজ্জা। ত্রুটি হজম। উদারতা প্রদর্শন।

عيب جو (আয়ব জো) আঃ ফাঃ বিঃ ; ছিদ্রান্বেষী। হিংসুক।

عيب دار (আয়বদার) আঃ ফাঃ বিঃ ; দোষযুক্ত। খাদযুক্ত। ত্রুটিপূর্ণ।

عيبى (আইবী) উঃ নাঃ পুং ; দোষযুক্ত। বজ্জাত। রোগী।

عيد (ঈদ) আঃ নাঃ স্ত্রীং ; যা বারবার আসে। মুসলমানদের ধর্মীয় উৎসব। খুশির দিন।

عيد الاضحى (ঈদুল আযহা) আঃ নাঃ স্ত্রীং ; বকর ঈদ। দশ জিলহজ্বের ঈদ। কোরবানির ঈদ।

عيد الفطر (ঈদুল ফিতর) আঃ নাঃ স্ত্রীং ; রমযান শেষের ঈদ। ১ম শাওয়ালের ঈদ।

عيد كاچاند (ঈদ কা চাঁদ) নাঃ পুং ; ঈদের চাঁদ। খুশীর বস্তু। কাঙ্ক্ষিত ধন।

عيد گاه (ঈদগাহ) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; ঈদের নামায পড়া হয় যেখানে। ঈদের ময়দান। ঈদগাহ।

عيد نوروز (ঈদে নওরোজ) আঃ নাঃ স্ত্রীং ;

ইরানী বছরের প্রথম দিন।

عیدی (ঈদী) উঃ নাঃ পুং ; ঈদ-পুরস্কার। ঈদ বোনাস।

عیدین (ঈদাঈন) আঃ নাঃ স্ত্রীং ; দুই ঈদ। ঈদুল ফিতর ও আযহা।

عیسی (ঈসা) ইবঃ নাঃ পুং ; গোনাহ থেকে পরিত্রাণকারী। এক মহান রাসূলের নাম। যিনি বিনা বাপে খোদার কুদরতে সতী মরিয়ম (আঃ)-এর গর্ভে জন্ম করেন। তাঁর উপর ইঞ্জিল কিতাব নাযিল হয়।

عیسی دم (ঈসা দম) আঃ ফাঃ বিঃ ; ফুঁক দিয়ে মৃত্যুকে জীবিত করা। পুণ্য মানব।

عیسی دوراں (ঈসা দাওরাঁ) আঃ ফাঃ নাঃ বিঃ ; বিজ্ঞ ডাক্তার।

عیسائی (ঈসায়ী) উঃ নাঃ পুং ; খ্রীস্টান।

عیسوی (ঈসাবী) আঃ বিঃ ; ঈসা (আঃ) সম্পর্কীয়। খ্রীষ্টাব্দ।

عیش (আয়শ) আঃ নাঃ পুং ; বিলাস। আনন্দ। আনন্দোল্লাস।

عیش وعشرت (আয়শ ও ঈশরত) নাঃ পুং ; বিলাসী। ভোগী।

عیص (ঈস্) আঃ ; ঘন বৃক্ষ। হযরত ইসহাক (আঃ)-এর পুত্রের নাম।

عیل (আইল) আঃ ; দরিদ্রতা।

عین (ঈন) আঃ ; সুন্দর। ডাগর ডোগর চোখ বিশিষ্ট নারী।

عین (আইন) আঃ নাঃ স্ত্রীং ; ঝরণা। সর্দার। চোখ।

عین الحیوة (আইনুল হায়াত) আঃ ; আবে হায়াতের ঝরনা।

عین وقت (আইনে ওয়াক্ত) আঃ নাঃ পুং ; ঠিক সময়। সময়মত। নির্ধারিত সময়ে।

عینک (আইনাক) আঃ নাঃ স্ত্রীং ; চক্ষু সম্বন্ধীয়। চশমা।

عینی (আইনী) আঃ বিঃ ; চোখ সম্বন্ধীয়। প্রত্যক্ষ।

عینی شہادت (আইনী শাহাদাত) আঃ নাঃ স্ত্রীং ; প্রত্যক্ষ বর্ণনা।

عیوب (উয়ূব) আঃ নাঃ পুং ; (عیب -এর ব-ব) দোষগুলো। ত্রুটিসমূহ।

عیون (উয়ূন) আঃ নাঃ পুং ; (عین -এর ব-ব) ঝর্ণা। চোখগুলো।

غ

غ (গাইন) আঃ পুং ; উর্দুর পঁচিশ, ফার্সীর বাইশ এবং আরবীর উনিশতম অক্ষর। 'আবজাদ হিসেবে এর মান–১০০০।

غ – ا

غاب (গাব) আঃ নাঃ পুং ; (غابه -এর ব–ব) জঙ্গল। বন।

غابر (গাবির) আঃ বিঃ ; সাবেক। পূর্বের। ইজা। অবশিষ্ট। উচ্ছিষ্ট। ভবিষ্যৎ।

غاٹیا (গাটিয়া) উঃ বিঃ ; অতিশয় মোটা। বেখাপ্পা। হোৎকা। বিশাল মেদস্ব।

غاد (গাদ) আঃ নাঃ পুং ; নম্রতা। প্রচ্ছন্নতা।

غادر (গাদির) আঃ বিঃ ; ওয়াদা ভঙ্গকারী। কপট। গাদ্দার।

غار (গার) আঃ নাঃ পুং ; গুহা। বন্দর।

غارت (গারত) আঃ নাঃ পুং ; লুট-পাট। যুদ্ধলব্ধ মাল। ধ্বংস। বিরাণ।

غارت کر (– গার) আঃ ফাঃ বিঃ ; লুটেরা। ডাকাত। ছিনতাইকারী।

غارت گری (– গারী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; লুটপাট। অরাজকতা।

غارتی (গারাতী) উঃ বিঃ ; লুটেরা। ডাকাত। দস্যু। ছিনতাইকারী।

غازه (গাযাঃ) ফাঃ নাঃ পুং ; প্রসাধন। প্রসাধন দ্রব্য।

غازی (গাযী) আঃ নাঃ পুং ; বিজেতা। যিনি কাফেরদের বিরুদ্ধে জিহাদ করেন। ধর্মযুদ্ধে বিজেতা সৈনিক।

غازی مرد (গাযী মরদ) আঃ ফাঃ বিঃ ; বাহাদুর লোক। বীরবর। বীরোত্তম। রূপক অর্থে– ঘোড়া।

غازی میاں (গাযী মিয়াঁ) নাঃ পুং ; সুলতান মাহমুদ গজনবীর সেনাপতি মাসউদের উপাধি।

غازیانه (গাযিয়ানাঃ) আঃ বিঃ ; বীরোচিত। বাহাদুর সুলভ।

غاشیه (গাশিয়াঃ) আঃ নাঃ পুং ; পর্দা। জিনপোষ।

غاشیه بردار (– বরদার) আঃ ফাঃ বিঃ ; অনুসারী। অনুগামী। খাদেম।

غاصب (গাসিব) আঃ বিঃ ; সন্ত্রাসী। ছিনতাইকারী। ডাকু। চাঁদাবাজ। অবৈধ। দখলকারী।

غافر (গাফির) আঃ বিঃ ; দোষ গোপনকারী। ক্ষমাকারী। মহানুভব।

غافل (গাফিল) আঃ বিঃ ; অলস। বেপরোয়া।

غالب (গালিব) আঃ বিঃ ; বিজেতা। জয়ের নায়ক। অধিকাংশ।

غالبا (গালিবান) আঃ বিণ ; সম্ভবতঃ।

غالی (গালী) আঃ বিঃ ; কট্টর ফেরকা বিশেষ, যারা হযরত আলীকে খোদা মান্য করে। উগ্র। চরমপন্থী।

غالیچه (গালীচাঃ) ফাঃ নাঃ পুং ; কার্পেট। গালিচা। পুরু পাপোষ।

غالیه (গালিয়াঃ) আঃ নাঃ পুং ; মেশক-আম্বর মিশ্রিত সুগন্ধি বিশেষ। খোশবু।

غالیه مو (গালিয়াঃ মো) আঃ ফাঃ বিঃ ; সুগন্ধি চুলবিশিষ্টা। প্রেমাস্পদ।

غامض (গামিয) আ বিঃ ; সূক্ষ্ম। দুর্বোধ্য। (ব–ব, غوامض)

غانما (গানিমান) আঃ বিনঃ ; উপভোগ্য। বিনোদনশীল। যুদ্ধলব্ধ মাল। মুনাফাখোর।

غانی (গানী) আঃ বিঃ ; গায়ক। ধনকুবের। ধনী।

غانیہ (গানিয়াঃ) আঃ বিঃ ; সুন্দরী। সতীনারী।

غاوی (গাবী) আঃ বিঃ ; ভ্রষ্ট। গোমরাহ্ আত্মম্ভরী। (ব–ব غواۃ)

غائب (গাইব) আঃ বিঃ ; অনুপস্থিত। অন্তর্হিত। উধাও।

غائبانہ (গায়েবানাঃ) আঃ ফাঃ বিণ ; গায়েবানা। অনুপস্থিত।

غائر (গাইর) আঃ বিঃ ; গভীর। আর্দ্র জমি।

غایت (গায়াত) আঃ বিঃ ; উদ্দেশ্য। মতলব। শেষ। চূড়ান্ত। পরিণাম।

غایت الامر (গায়াতুল আমর) আঃ ক্রিঃ বিঃ ; অর্থবহ। ফলপ্রসূ। শেষ ফল।

غایت درجہ (গায়াত দরজাঃ) আঃ ফাঃ বিঃ ; সর্বোপরি। শেষ কথা। শেষবার। শেষ প্রচেষ্টা। শেষ সীমা পর্যন্ত।

غ – ب

غب (গিব) আঃ নাঃ স্ত্রীং ; ভাইরাস জ্বর। প্রতি বস্তুর শেষাংশ।

غبار (গুবার) আঃ নাঃ পুং ; ধুলো-বালি। ধুলিকণা। ধূলি-ঘূর্ণি। কষ্ট।

غبار آلود (– আলুদ) আঃ ফাঃ বিঃ ; ধূলিম্লান। ধূলি নিষিক্ত। ধূলি ধূসরিত। ধূলি ধূসর।

غبارا (গুবারা) উঃ নাঃ পুং ; বেলুন। আতশবাজি বিশেষ।

غباوت (গাবাওয়াত) আঃ নাঃ স্ত্রীং ; নির্বুদ্ধিতা। মেধাহীনতা।

غبطہ (গিবতাহ) আঃ নাঃ পুং ; ঈর্ষা। পাল্লা দেয়া।

غبغب (গাবগাব) আঃ নাঃ পুং ; চিবুক। থুতনির গোশত্‌পিন্ড।

غبن (গাবান) আঃ নাঃ পুং ; ধোঁকা। ঠক্। খেয়ানত করা। ধোঁকাবাজি করা। মূল্য বেশী নেয়া।

غبن یسیر (–এ-ইয়াসীর) আঃ নাঃ পুং ; স্বল্পধোঁকা। মামুলি ঠক্। সামান্য বেশী মূল্য নেয়া।

غبن فاحش (–এ-ফাহিশ) আঃ নাঃ পুং ; প্রকাশ্য ধোঁকাবাজি। পুকুর চুরি। চরম সর্বনাশ। অশেষ ধোঁকা। চোখে আংগুল দেয়া। অত্যাধিক বেশী মূল্য নেয়া।

غبی (গবী) আঃ বিঃ ; স্থূলবুদ্ধি। অবিবেচক। মেধাহীন।

غ – پ

غپ (গপ্) উঃ নাঃ পুং ; মিথ্যা। কাহিনী। গল্প।

غپ شپ (গপ শপ) নাঃ স্ত্রীং ; অর্থহীন কথা। কাহিনী।

غپا (গপ্পা) উঃ নাঃ স্ত্রীং ; দ্রুত নেমে আসা। ধোঁকা।

غپاغپ (গপাগপ) উঃ ; ধামা-ধাম। একযোগে। চটপট।

غپی (গপ্পী) উঃ বিঃ ; মিথ্যা। ডিগবাজি দাতা।

غ – ت

غتربود (গতরেবুদ) উঃ বিঃ ; গোঁজামিল। জগাখিচুরি। গর বড়।

غت ربود کرنا (গতরেবুদ করনা) নাঃ পুং ; গোঁজামিল সমাধান। প্রচ্ছন্ন কথা। অজ্ঞতাবশতঃ একশব্দের শেষ ও তার পরবর্তী শব্দের শুরু এদুইকে মিলিয়ে এক শব্দ মনে করে পড়া।

غ – ٹ

غٹ (গট) উঃ নাঃ পুং ; ভীড়। মজমা।

গলধঃকরণ শব্দ। ঢোক।

غٹ غٹ (গট গট) নাঃ স্ত্রীং ; ঢোক গেলার শব্দ।

غٹا غٹ (গটাগট) উঃ নাঃ স্ত্রীং ; ঢোক ঢোক করে গেলা। এক চুমুকে গেলা।

غٹر غٹر (গুটর গুটর) উঃ নাঃ স্ত্রীং ; শ্বাস নিতে নিতে। ঢোক গেলা ছাড়া।

غٹ غوں (গট গুঁ) উঃ বিঃ ; বাক বাকুম। কবুতর ডাকার শব্দ।

غ - ث

غث (গাছ) আঃ বিঃ ; দুর্বল। ক্ষীণ।

غثی (গাছী) আঃ নাঃ স্ত্রীং ; বমি আসা। ওক দেয়া।

غثیان (গুছইয়ান) আঃ নাঃ পুং ; বমি। ওক্। গা ভেঙ্গে আসা। শরীর ম্যাজ ম্যাজ করা। মালিশ।

غ - ج

غچ (গচ) উঃ নাঃ স্ত্রীং ; কাঁদায় চলার আওয়াজ। প্যাঁচ-প্যাচ। ধারালো অস্ত্র দিয়ে গোশত্ কাটার শব্দ।

غچا (গুচ্চা) উঃ নাঃ পুং ; ধোকা। প্রতারণা। শঠামি।

غچا دینا (-দেনা) নাঃ পুং ; ধোঁকা দেয়া। প্রতারণা করা।

غچاکھانا (-খানা) নাঃ পুং ; ধোকা খাওয়া। ক্ষতি হওয়া। গচ্চা যাওয়া।

غچا غچ (গচাগচ) উঃ নাঃ স্ত্রীং ; খচা খচ। শপশপ। কলম ও তলোয়ার চালানোর শব্দ।

غچاکا (গচাকা) উঃ বিঃ ; মোটা। হোৎকা। হৃষ্টপুষ্ট।

غچ پچ (গচ পচ) উঃ নাঃ স্ত্রীং ; খচাখচ। ভীড়। ভেড়া।

غچلی (গিচলী) উঃ বিঃ ; নাপাক। দুর্গন্ধ। নষ্ট। স্থুল।

غ - د

غد (গাদ) আঃ নাঃ পুং ; প্রভাত। সকাল। আগামী প্রত্যুষে। আগামী কাল।

غدا (গাদান) আঃ নাঃ পুং ; আগামী কাল।

غداة (গাদাতুন) আঃ ; সকাল। প্রভাত। উষালগ্ন। প্রাতঃকাল।

غدار (গাদ্দার) আঃ বিঃ ; বিশ্বাসঘাতক। নেমক হারাম। বিদ্রোহী। আত্মম্ভরী। ধোঁকাবাজ। প্রভাবশালী। বিশাল।

غداری (গাদ্দারী) আঃ নাঃ স্ত্রীং ; বিদ্রোহ। বিশ্বাসঘাতকতা। আত্মম্ভরিতা।

غدر (গাদার) আঃ নাঃ পুং ; বিদ্রোহ। ফাসাদ। সন্ত্রাস।

غدری (গাদারী) প্রাঃ বিঃ ; গাদ্দার। নেমকহারাম। বিশ্বাস হন্তা।

غدود (গদুদ) উঃ নাঃ পুং ; জোড়া। শরীরের গাঁট।

غدیر (গদীর) আঃ নাঃ পুং ; দীঘি। বড় পুকুর। লেক। ঝিল। হাউজ।

غدیر خم (গাদীরে খোম) আঃ মক্কা-মদীনার মধ্যবর্তী স্থান, যেখানে বিদায় হজ্জে রসূল (সাঃ) বিশেষ ভাষণ রেখে ছিলেন।

غ - ذ

غذا (গেযা) আঃ নাঃ স্ত্রীং ; খোরাকি। খানা। আহার। (ব-ব, اغذیه।)

غذائے ثقیل (-য়ে ছাকীল) আঃ নাঃ স্ত্রীং ; শক্ত খাবার। দেরীতে হজম হয় এমন খানা।

غذائے لطیف (-এ লাতীফ) আঃ নাঃ স্ত্রীং ; হালকা খাদ্য। তরল খাদ্য। শীঘ্র হজম হয় এমন খানা।

غذائی (গেযাঈ) আঃ বিঃ ; খাদ্য বিষয়ক।

غ - ر

غرا (গিরার) আঃ বিঃ ; অনভিজ্ঞ। অলস। ননীর পুতুল। শ্রমবিমুখ।

غر (গরর) আঃ বিঃ ; তলোয়ারের তীক্ষ্মতা। ফাঃ ; নষ্টানারী। কুলটা রমণী। বুযদিল। হীনমন্য।

غر (গুর) ফাঃ ; অর্শ। পাইলস্ রোগ।

غرا (গাররা) আঃ বিঃ ; সাদা। চমকদার। উজ্জ্বল। চিত্রল। মহত্তম। মনোত্তীর্ণ।

غرا (গুররা) আঃ নাঃ স্ত্রীং ; চাঁদনী রাত। চাঁদের প্রথম রাত। ছুটি।

غراب (গুরার) আঃ নাঃ পুং ; কাক। কাউয়া।

غراء (গিরা) আঃ বিঃ ; লোকসান। ক্ষতি। লস্।

غرابت (গারাবাত) আঃ নাঃ স্ত্রীং ; বিরল। লেখায় দুর্বোধ্য শব্দ চয়ন করা।

غراره (গারারাহ) আঃ উঃ নাঃ পুং ; কুলি করা। গরগরা করা। ঢিলা পাজামা। সালোয়ার।

غرام (গারাম) আঃ নাঃ পুং ; প্রেম-প্রীতি। লোভ-লালসা।

غرامت (গারামাত) আঃ নাঃ স্ত্রীং ; শাস্তি। আজাব। মুসিবত। অনুতাপ।

غراں (গুররাঁ) ফাঃ বিঃ ; গোস্বাকারী। রাগী।

غرانا (গুররানা) উঃ ; রাগ করা। ডাকা। আওয়াজ।

غرب (গরাব) আঃ ; সূর্যাস্তের স্থান। পশ্চিম। চোখের আড়াল।

غرباء (গুরাবা) আঃ নাঃ পুং ; গরীব। ফকির। নিঃস্ব। ভিখারী। পর্যটক। পরদেশী। মুসাফির। (غريب -এর ব-ব)

غربال (গিরবাল) আঃ নাঃ স্ত্রীং ; চালনী। দফ। ছিদ্রান্বেষী। (ব-ব, غرابيل)

غربت (গুরবত) আঃ নাঃ স্ত্রীং ; পর্যটন। ভ্রমন। পরদেশ। প্রবাস। দেশছাড়া। অসচ্ছল হওয়া।

غربى (গারবী) আঃ বিঃ ; পশ্চিমা। বেনিয়া। ইংরেজ। ধোঁকাবাজ। মাড়োয়ারী। পোদ্দার। আগ্রাসী। লাল খেজুরের মদ।

غرث (গারছ) আঃ ; ক্ষুধা।

غرثان (গারছান) আঃ ; ক্ষুধার্ত।

غرچه (গরচাঃ) ফাঃ ; বেকুফ। নাদান। মূর্খ। আহাম্মক।

غرس (গারস) আঃ ; চারা গাছ। কচিবৃক্ষ। চারা লাগান। ছোট কাক।

غرش (গুররিশ) ফাঃ নাঃ স্ত্রীং ; অসন্তুষ্ট হওয়া। রাগ করা। প্রভাব দেখান। রাগে চিৎকার দেয়া। শোরগোল করা।

غرض (গরয) আঃ নাঃ স্ত্রীং ; উদ্দেশ্য। ইচ্ছা। অভিসন্ধি। মতলব। প্রয়োজন। নিশানা। সম্বন্ধ। কৌতুহল। গন্তব্য। সংক্ষিপ্ত। (ব-ব اغراض)

غرض آشنا (- আশনা) আঃ বিঃ ; স্বার্থপর। স্বার্থান্ধ। লোভী।

غرضى (গরযী) উঃ বিঃ ; লোভী। স্বার্থপর। আত্মপূজারী।

غرغره (গরগরাঃ) আঃ নাঃ পুং ; কুলি করা। কুলির শব্দ। গরগরা করা।

غرفات (গরাফাত) আঃ নাঃ পুং ; (غرفه -এর ব-ব) জানালা। বাতায়ন। বারান্দা। অলিন্দ। বেলকনি। কড়িডোর। প্রকোষ্ঠ। ছোট কামরা।

غرفش (গুরফিশ) উঃ নাঃ স্ত্রীং ; ধমকি। পুনঃ উচ্চারণ। গোস্বা। রাগ।

غرفه (গুরাফাঃ) আঃ ; খিড়কি পথ। চোরা পথ। (দেখুন- غرفات)

غرفه (গুরফাঃ) আঃ ; এক কোষ। অঞ্জলিপূর্ণ পানি।

غرق (গারক) আঃ বিঃ ; ডোবা। ডুবে যাওয়া। নিমজ্জিত হওয়া।

غرقاب (গিরকাব-গারকাব) ফাঃ বিঃ ; সলিল সমাধি হওয়া। পানিতে নিমজ্জিত হওয়া।

غرقی (গারকী) উঃ বিঃ ; ডুবন্ত। নিমজ্জিত। ডুবোচর। চোরাবালি।

غرم (গারাম) আঃ বিঃ ; লোকসান। জরিমানা। গচ্চা যাওয়া।

غرنیق (গিরনিক) আঃ ; জিরাফ। লম্বা গরদান বিশিষ্ট প্রাণী। স্পর্শকাতর। ডোরাকাটা। শ্যামলা। একটি মূর্তির নাম। (ব-ব غرانیق)

غرو (গরব) ফাঃ ; নারকেল। কলমের নিপ। ক্লিপ।

غروب (গুরুব) আঃ নাঃ পুং ; সূর্যাস্ত। চন্দ্র অস্ত যাওয়া। পতন। পরিসমাপ্তি।

غرور (গুরুর) আঃ নাঃ পুং ; অভিমান। অহংকার। গর্ব। সন্দেহ। গোঁয়ার্তুমি।

غره (গররাহ) আঃ নাঃ পুং ; দেখুন- غرا। অহংকার। পতন।

غریب (গারীব) আঃ বিঃ ; নিঃস্ব। ভূমিহীন। বাস্তুহারা। ছিন্নমূল। উদ্বাস্তু। পর্যটক। মুসাফির। পরদেশী। বিরল।

غریب آزار (-আযার) আঃ ফাঃ বিঃ ; গরীব-শোষক। প্রজা-পীড়ক।

غریب الدیار (- আদ দিয়ার) আঃ নাঃ পুং ; পর্যটক। মুসাফির। দর্শনার্থী। পরদেশী। ভিনদেশী। উদ্বাস্তু। দেশহারা।

غریب خانه (- খানাঃ) আঃ ফাঃ নাঃ পুং ; ঝুপড়ি। কুটির।

غریب زاده (-যাদাঃ) আঃ নাঃ পুং ; গরীব-পুত্র। জারজ। বেশ্যা-পুত্র।

غریب نواز (- নাওয়ায) আঃ ফাঃ বিঃ ; গরীব-পালক। গরীব-সেবী। খাজা মুঈনুদ্দীন চিশতী আজমিরী (রহঃ) -এর উপাধি।

غریب نوازی (নাওয়াযী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; মেহেরবানি। প্রতিপালন।

غریب الوطنی (- আল ওতনী) আঃ নাঃ স্ত্রীং ; দূরদেশ। সুদূর। প্রবাস। ভিনদেশ। বিদেশ। সফর অবস্থা।

غریبا مئو (গরীবা মিউ) উঃ নাঃ পুং স্ত্রীং ; ঘিঞ্জি বস্তি। কুটির। দারিদ্র্য।

غریبانه (গরীবানাঃ) আঃ ফাঃ বিঃ ; সাদামাটা। সাদাসিধা। কোন রকমে। দায়সারা গোছের।

غریبی (গরীবী) ফাঃ নাঃ স্ত্রীং ; ঠেকা। মুখাপেক্ষিতা। দুর্বলতা। পিছুটান।

غریز (গারীয) আঃ বিঃ ; অনভিজ্ঞ। সৎচরিত্র।

غریزی (গারীযী) আঃ বিঃ ; প্রাকৃতিক। স্বভাবজাত। বাস্তবিক।

غریق (গারীক) আঃ বিঃ ; নিমজ্জিত। লিপ্ত।

غریق رحمت (-এ-রাহমাত) আঃ বিঃ ; কৃপা-ধন্য। রহমত-ধন্য। খোদা তা'আলার অসংখ্য কৃপায় ডুবে থাকা।

غریم (গারীম) আঃ বিঃ ; ঋণদাতা। কর্জদার।

غریو (গরীউ) ফাঃ ; শোরগোল। ফরিয়াদ।

غریوان (গরীওয়ান) ফাঃ বিঃ ; চিৎকারকারী। ক্রন্দসী।

غ - ڑ

غڑاپ (গড়াপ) উঃ নাঃ পুং ; পানিতে ডুব দেয়ার শব্দ।

غڑپ (গড়প) উঃ নাঃ স্ত্রীং ; ডুবে যাওয়ার শব্দ। চোখের নিমিষে। মুহূর্তে।

غڑپ شڑپ (গড়প শড়প) নাঃ বিঃ ; জলদি খাওয়া। দ্রুত কথা বলা।

غ – ز

غزا (গযা) আঃ নাঃ পুং ; ধর্মযুদ্ধ। জেহাদ। (ব–ব - غزوات)।

غزاة (গুযাত) আঃ নাঃ পুং ; (غازى -এর ব–ব) ইসলামের দুশমনদের খতমকারী। ধর্ম-বৈরী বিনাশক। মুজাহিদ।

غزال (গাযাল) আঃ নাঃ পুং ; হরিণ শাবক। হরিণ।

غزال چشم (– চশম) আঃ ফাঃ বিঃ ; ডাগর ডোগর চক্ষু। হরিণবৎ আঁখি। প্রেমিকা।

غزال (গাযযাল) আঃ বিঃ ; রশি বিক্রেতা।

غزاله (গাযালাহ) আঃ ; হরিণী।

غزالى (গাযালী) আঃ বিঃ ; তুসের গযালাহ নিবাসী। দর্শন-সম্রাট ইমাম গাযযালী (রহঃ)।

غزل (গাযাল) আঃ নাঃ স্ত্রীং ; মহিলাদের সাথে কথা বলা। নারী-সৌন্দর্য বর্ণন। গযল গাওয়া।

غزل (গায্‌ল) আঃ ; সুতা কাটা। বুনন।

غزنوى (গাযনবী) ফাঃ বিঃ ; গজনী বাসী। রূপক অর্থে– ভারত বিজেতা সুলতান মাহমুদ গজনবী।

غزوه (গাযওয়াঃ) আঃ নাঃ পুং ; যে যুদ্ধে স্বয়ং রাসূলুল্লাহ (সাঃ) অংশগ্রহণ করেছিলেন। ধর্মযুদ্ধ। (ব–ব غزوات)

غ – ژ

غژ گاؤ (গঝগাও) ফাঃ ; গাভীর মাথা, যেখানে লেজের মত অল্প চুল গজায়।

غژم (গঝম) ফাঃ ; টাটকা। পাকান। সদ্য রান্নাকৃত। আঙ্গুরের দানা।

غژاق (গঝঝাক) আঃ বিঃ ; দুর্গন্ধ। পুঁজ।

غ – س

غسال (গাস্‌সাল) আঃ নাঃ পুং ; গোসলদাতা। মৃতকে গোসল করান যিনি।

غساله (গাসসালাহ্‌) আঃ নাঃ স্ত্রীং ; গোসলদাতা মহিলা।

غساله (গুসালাঃ) আঃ নাঃ পুং ; ধোওন। ব্যবহৃত পানি।

غسق (গাসাক) আঃ ; শুরু রাত্রির অন্ধকার। সন্ধ্যা। আঁধারী।

غسک (গাসাক) আঃ ফাঃ ; ছারপোকা। উড়াশ।

غسل (গুসল) আঃ নাঃ পুং ; ধোয়া। স্নান। ময়লা দূর করা।

غسل خانه (– খানাঃ) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; গোসল খানা। হাম্মাম খানা।

غسلين (গিসলীন) আঃ নাঃ পুং ; পুঁজ-রক্তের হাউজ। দোযখের একটি নাপাক হাউজ।

غسول (গাসূল) আঃ বিঃ ; সাবান। সোডা। পানি।

غ – ش

غش (গশ্‌) ফাঃ নাঃ পুং ; মূর্ছা। অচৈতন্য। সংজ্ঞাহীনতা।

غش (গিশ) আঃ ; খাদ। ত্রুটি। খিয়ানত।

غش (গাশ্‌) আঃ বিঃ ; কপটতা। মামুলি বস্তু। কমদামী জিনিষ।

غشاوه (গিশাওয়াঃ) আঃ নাঃ স্ত্রীং ; মোটা পর্দা। আবরণ। আড়।

غشى (গাশী) আঃ ; ঢাকা। মূর্ছা যাওয়া। সহবাস করা।

غشيان (গিশয়ান) আঃ ; সহবাস করা। রতি মিলন। মিলন।

غ – ص

غصب (গাসব) আঃ নাঃ পুং ; খিয়ানত।

চুরি। অবৈধ দখল। জবর দখল। জবরদস্তি করা।

غصبا (গসবান) আঃ ফাঃ বিণ ; জবরদস্তি করে। পেশী শক্তিতে।

غصبی (গসবী) আঃ বিঃ ; চুরিকৃত। ছিনতাইকৃত। চোর। ডাকু। দস্যু। ডাকাত। ছিনতাইকারী।

غصه (গুস্‌সাঃ) আঃ নাঃ পুং ; রাগ। গোস্বা। অসন্তুষ্টি। দুঃখ।

غصيل - غصيلا (গুসীল-গুস্‌লা) উঃ বিঃ ; বদমেজাজ। ক্রোধাগ্নি।

غ – ض

غض (গায) আঃ নাঃ পুং ; চোখ বন্ধ করা। ঝুঁকান। মস্তকাবনত।

غضب (গাযাব) আঃ নাঃ পুং ; গজব। ক্রোধ। বিপদ। জুলুম। অন্ধকার।

غضنفر (গাযানফার) আঃ নাঃ পুং ; বাঘ। বাহাদুর। সিংহ।

غضنفری (গাযানফরী) আঃ নাঃ স্ত্রীং ; ব্যঘ্রতা। বীরত্ব।

غضيض (গাযীয) আঃ বিঃ ; গাছের নরম কেশর। কলি।

غ – ط

غطاء (গিতা) আঃ নাঃ স্ত্রীং ; পরদা। আড়। (ব–ব غطية।)

غطرس (গিতরীস) আঃ বিঃ ; জালিম। আত্মম্ভরি। স্বৈরাচারী।

غطش (গাতশ) আঃ নাঃ পুং ; রোগীর কচ্ছপ গতি। ধীরে চলা।

غطيط (গতীত) আঃ বিঃ ; জবাই করতে ও ঘুমাতে বিশেষ আওয়াজে নাক ডাকা।

غ – ف

غف (গফ) ফাঃ বিঃ ; স্থুল। মোটা। ঘন কোকড়া চুল।

غفار (গাফফার) আঃ বিঃ ; ক্ষমাশীল। দয়ালু। আল্লাহর গুণবাচক নাম বিশেষ।

غفاری (গিফারী) আঃ বিঃ ; আরব্য গোত্র বিশেষ। হযরত আবুযর (রাঃ) ছিলেন এই গোত্রের সন্তান।

غفران (গুফরান) আঃ নাঃ পুং ; ক্ষমা। উদারতা। ঔদার্য।

غفلان (গুফলান) আঃ বিঃ ; অলস।

غفلت (গাফলাত) আঃ ; অলসতা। উদাসীনতা। ছন্নছাড়া।

غفلتی (গাফলাতী) উঃ বিঃ ; গাফিলতি। আলসেমি। বেপরোয়া।

غفور (গাফুর) আঃ বিঃ ; ক্ষমাশীল। অতিশয় দয়ালু। আল্লাহ্‌র গুণবাচক নাম।

غفير (গাফীর) আঃ বিঃ অসংখ্য। বৃহৎ। ভাণ্ডার।

غ – ل

غل (গুল) ফাঃ নাঃ পুং ; শোরগোল। হাঙ্গামা। গণ্ডগোল। তোক। জিঞ্জির।

غل (গিল) আঃ নাঃ পুং ; হিংসা। বিদ্বেষ। অসুয়া।

غل (গিল্‌ল) আঃ ; পিয়াসা। পিপাসা।

غلاظت (গিলাযাত) আঃ নাঃ স্ত্রীং ; নোংরামি। আবর্জনা। খড়কুটো। মালিন্য। অপবিত্রতা।

غلاف (গিলাফ) আঃ নাঃ পুং ; আচ্ছাদনি। বালিশের খোল। কভার। জুযদান। ঢাকনি। গিলাফ।

غلافنا (গিলাফনা) উঃ মূঃ ; শিরায় কিছু ভেজান। মিষ্টি জিলাপিকে শিরায় চুবান।

غلام (গুলাম) আঃ ; ছেলে। নওকর। চাকর। খাদেম। ভৃত্য। গোলাম।

غلامی (গুলামী) ফাঃ নাঃ স্ত্রীং ; দাসত্ব। আনুগত্য। বন্দীত্ব।

غلبه (গালাবাঃ) আঃ নাঃ পুং ; বড়ত্ব। শ্রেষ্ঠত্ব। জিত। জয়। বিজয়। আক্রমণ। আধিক্য।

غلس (গালাস) আঃ ; শেষরাতের অমানিশা।

غلط (গলত) আঃ ; ভুল। অসম্পূর্ণ। ভজোগড়ো।

غلط العام (–আল-আম) জনগণের ভুল। গণভুল।

غلط فهمی (–ফাহমী) আঃ বিঃ ; ভুল বোঝাবুঝি। অজ্ঞতা।

غلط بیان (–বয়ান) আঃ ফাঃ বিঃ ; মিথ্যা। মিথ্যা বর্ণনা। মিথ্যা বচন।

غلط سلط (–সলত) আঃ ফাঃ বিঃ ; ভুলচুক।

غلط نامه (–নামাঃ) ভুলের ফিরিস্তি। সঠিক পরিসংখ্যান।

غلطان (গলতান) ফাঃ বিঃ ; গোল। গোলাকার বস্তুর ঘূর্ণন। নড়বড়ে। ভগ্ন। অবলুণ্ঠিত।

غلطک (গলতক) আঃ নাঃ পুং ; পার্শ্ব। ঘূর্ণন। চক্কর। বৃত্তাকায় বস্তু।

غلظت (গিলযত) আঃ নাঃ স্ত্রীং ; গাঢ়ত্ব। ঘনত্ব। পুরুতা। দুর্গন্ধ।

غلغله (গলগলাঃ) ফাঃ নাঃ পুং ; গোলমাল। সুখ্যাতি। ধুমধাম।

غلف (গুলফ) আঃ ; পর্দাচ্ছাদিত।

غلف (গলাফ) আঃ ; খৎনা করা। মুসলমানী করা।

غلق (গালাক) আঃ ; দরজার খিঁল। ডাসা।

غلک (গোলক) ফাঃ নাঃ স্ত্রীং ; নগদ টাকা রাখার সিন্দুক। ক্যাশ-বাক্স। ড্রয়ার।

غلل (গালাল) আঃ ; পিয়াসা। পিপাসা। তৃষ্ণা। তেষ্টা।

غلو (গুলু) আঃ ; সীমালংঘন। বাড়াবাড়ি।

غله (গুললাঃ) উঃ নাঃ পুং ; মাটির গুলতি।

غلیان (গলয়ান) আঃ নাঃ পুং ; সিদ্ধ করা, ফুটান।। হুক্কা।

غلول (গুলুল) আঃ ; গনিমতের মালে চুরি করা।

غله (গল্লাঃ) আঃ ; তরকারী। আনাজ। শস্য।

غلیظ (গালীয) আঃ ; শক্ত। মোটা। নাপাক। (ব-ব, غلاظ)

غلیل (গলীল) উঃ নাঃ স্ত্রীং ; পিপাসা। অন্তরের জ্বলন। অন্তর্দাহ।

غلیل (গুলাইল) ফাঃ ; কামান। ধনুক। পাখি শিকারের গুলাইল।

غلیلچی (গলীলচী) ফাঃ ; ধনুকবাজ।

غ - م

غم (গাম) আঃ নাঃ পুং ; দুঃখ। চিন্তা। কষ্ট। আফসোস। চোট। পেরেশানি।

غماء (গমা) আঃ ; বেহুঁশ হওয়া।

غماء (গিমা) আঃ ; ছাদ, (ব-ব, اغماء)

غمار (গুমার) আঃ ; আধিক্য। ভীড়।

غماز (গামমায) আঃ ; চোখে। চোখে ইশারাকারী। চোগলখোর।

غمازی (গমমাযী) আঃ ; চোগলখোরী। ইঙ্গিত করণ।

غماض (গমায) আঃ ; তন্দ্রা যাওয়া।

غمامه (গমামাহ) আঃ ; মেঘ। বাদল। (ব-ব غمائم)

غم خواری (গমখারী) ফাঃ ; সহানুভূতি। ধৈর্য।

غم خور (গমখোর) ফাঃ ; সহানুভূতিশীল।

غمد (গিম্‌দ) আঃ ; কোষ। খাপ

غمدان (গিমদান) ফাঃ ; কোষবদ্ধ। খাচাবদ্ধ। রূপক অর্থে– দুনিয়া।

غمر (গমর) আঃ ; পিপাসা। তৃষ্ণা।

غمر (গুমর) আঃ ; অনভিজ্ঞ। আহাম্মক। আনাড়ি।

غمرہ (গমরাঃ) আঃ ; কঠোরতা। কষ্ট।

غمز (গাময্) আঃ ; চোখমারা। নিংড়ান। নির্যাস।

غمزہ (গা'ম্যাঃ) আঃ নাঃ পুং ; অপাঙ্গের ইঙ্গিত। ইশারা। কামোদ্দীপক ভাবভঙ্গী।

غمس (গমাস) আঃ ; ডুব দেয়া। তারকার অস্তগমন।

غمض (গাময্) আঃ ; চোখের ক্যাতর। চোখের ময়লা।

غمض (গুময) আঃ ; জটিল কথা। পেচাঁনো। (ব-ব غموض)

غم کدہ (গমকাদাঃ) ফাঃ ; কষ্টের ঘর। দুনিয়া।

غمگسار (গমগেসার) ফাঃ ; সহানুভূতিশীল। উদার। মহানুভব।

غمگین (গমগীন) ফাঃ ; বিষণ্ণ। মুসিবতগ্রস্ত। পেরেশান।

غموس (গুমুস) আঃ ; মিথ্যা কসম। অর্থহীন দোহাই।

غموص (গামুস) আঃ ; খয়বারের একটি কেল্লার নাম।

غموض (গুমুয) আঃ ; জ্ঞানের গুপ্তভান্ডার।

غمہ (গুম্মাঃ) আঃ ; কষ্ট। বিপন্নতা। ভাঁজ। জটিলতা।

غمی (গমী) উঃ ; দুঃখ। মাতম। মৃত্যু। মর্সিয়া। শোক।

غ - ن

غنا (গিনা) আঃ নাঃ স্ত্রীং ; ধনাঢ্যতা। ধনকুবের। মুখাপেক্ষীহীনতা।

غنا (গিনা) আঃ নাঃ পুং ; গান। রাগ-রাগিণী।

غنائم (গনাইম) আঃ নাঃ পুং ; (غنیمت -এর ব-ব) যুদ্ধলব্ধ মাল। লুটের মাল।

غنائی (গিনাঈ) ফাঃ বিঃ ; গানজনিত। গান-বাদ্য জাতীয়।

غنچہ (গুনচাঃ) ফাঃ নাঃ পুং ; ফুলকলি। কেশর। কলি। ফুল।

غنڈا (গুনডা) উঃ বিঃ ; বদমাশ। গুন্ডা। মাস্তান।

غنغنا (গুনগুনা) উঃ বিঃ ; নাকের দ্বারা কথা বলে যে। নাহ্য। নাকা।

غنغنانا (গুনগুনানা) উঃ মূঃ ; গুনগুন করা। নাকের দ্বারা কথা বলা।

غنغنی (গুনগুনী) উঃ বিঃ ; নাকী। নাহী। নাক দ্বারা বলে যে নারী।

غنم (গানিম) আঃ নাঃ পুং ; লুটের মাল। যুদ্ধলব্ধ মাল।

غنم (গানাম) আঃ নাঃ পুং ; ছাগল। বকরা।

غنودگی (গনুদাগী) ফাঃ নাঃ স্ত্রীং ; তন্দ্রা। নিন্দ্রা। নেশা।

غنہ (গুন্নাঃ) আঃ নাঃ পুং ; নাকে শব্দ করার শব্দ। নাক দ্বারা বলা।

غنی (গা'নী) আঃ বিঃ ; ধনী। ঐশ্বর্যশালী। আল্লাহ্‌র গুণপ্রকাশক নাম।

غنیم (গানীম) আঃ নাঃ পুং ; লুটেরা। ডাকাত। দস্যু। শত্রু।

غنیمت (গানীমত) আঃ নাঃ স্ত্রীং ; ধর্মযুদ্ধে প্রাপ্ত বিধর্মীদের মাল।

غنیمت ہے (-হ্যায়) উত্তম। শোকরিয়া। যুদ্ধলব্ধ।

غنیمت جاننا (- জাননা) উঃ ; যথাযথ। ইজ্জত সম্মান করা। কদরদানি। মূল্যায়ন।

غ - و

غواص (গাউওয়াস) আঃ নাঃ পুং ; ডুবুরি।

غواصی (গাউওয়াসী) আঃ নাঃ স্ত্রীং ; ডুব দেওয়া। ডুবুরি পেশা।

غوامض (গাওয়া মিয) আঃ নাঃ পুং ; (غامض এর ব-ব) সুক্ষ্ম কথা। রহস্য। অন্তর্নিহিত তথ্য।

غوایت (গাওয়ায়াত) আঃ নাঃ পুং ; ভ্রষ্টামি। পদস্খলন। আত্মম্ভরিতা।

غوث (গাওছ) আঃ নাঃ পুং ; সাহায্য। ফরিয়াদ। মদদগার। সুফিদের এক স্তর। গাউছ।

غوث الاعظم (গউছুল আযম) বড় পীর শায়খ মুহিউদ্দীন আব্দুল কাদের জিলানী (রহঃ)-এর উপাধি।

غوچ (গুচ) ফাঃ ; যুদ্ধবাজ বকরী বা ভেড়া।

غوچه (গওচাঃ) তুঃ ; মোরগের বোল। মোরগের তাজ।

غور (গওর) আঃ ; গভীর। অতল। চিন্তা। ভাবনা। ধ্যান।

غوره (গাওরুঃ) ফাঃ বিঃ ; কাঁচা আঙ্গুর।

غوری (গৌরী) ফাঃ নিঃ ; আফগানিস্তানের শহর বিশেষ।

غوز (গোয) ফাঃ নাঃ স্ত্রীং ; গপ্প। অর্থহীন। বাগাড়ম্বর। গল্প-ছড়া।

غوط (গোত) উঃ নাঃ পুং ; বেহুশী। পতঙ্গের অবতরণ।

غوطه (গোতাঃ) ফাঃ নাঃ পুং ; ডুব দেয়া।

غوطه خور (গোতাঃখোর) ফাঃ বিঃ ; ডুবুরী।

غوغا (গোগা) ফাঃ ; শোরগোল। পঙ্গপালের কিচির-মিচির। মজমা। হাঙ্গামা।

غوک (গুক) ফাঃ নাঃ পুং ; ব্যাঙ।

غول (গোল) ফাঃ নাঃ পুং ; দল। জনতা। সমবায়। আঃ নাঃ পুং ; চৈতন্য। দানব। ভূত। প্রেত।

غول بیابان (গোলে বিয়াবান) উঃ ; জঙ্গলের ভূত।

غوں غاں (গোঁগাঁ) উঃ নাঃ স্ত্রীং ; শিশুদের বচন-ধ্বনি।

غوی (গাবী) আঃ বিঃ ; ভ্রষ্ট। পদস্খলিত।

غ - ی

غیاب (গিয়াব) আঃ নাঃ স্ত্রীং ; গোপনীয়। অনুপস্থিত। গুপ্ত। অন্তর্নিহিত। অজানা। (غیب -এর ব-ব)

غیاث (গিয়াছ) আঃ বিঃ ; অভিযোগ-শ্রোতা। সালিশ। ফরিয়াদী।

غیب (গায়ব) আঃ নাঃ পুং ; অনুপস্থিত। অজানা রহস্য। গুপ্ত জ্ঞান। অদৃশ্য।

غیاف (গাইয়াফ) আঃ বিঃ ; দাড়িয়াল। লম্বা দাড়িবিশিষ্ট।

غیبت (গয়বাত) আঃ মূঃ ; গায়েব হওয়া। অদৃশ্য হওয়া।

غیبت (গীবত) আঃ বিঃ ; নিন্দাবাদ। নিন্দামন্দ। অগোচরে বদনাম করা।

غیبوبت (গায়বুবাত) আঃ ; গায়েব হওয়া। অনুপস্থিত থাকা। গরহাজিরা।

غیبه (গয়বাঃ) আঃ ; তীরদান। তুনীর।

غیبی (গায়বী) উঃ বিঃ ; গায়েব। লোক চক্ষুর অন্তরাল। গায়বী। অদৃশ্য। অগোচর।

غیث (গায়ছ) আঃ ; বৃষ্টি। বর্ষা।

غیر (গায়র) আঃ বিঃ ; অপরিচিত। আগন্তুক। অন্য। দ্বিতীয়। দুশমন। নায়ুক।

غیر آباد (-এ-আবাদ) আঃ ফাঃ বিঃ ; বিরাণ। উজাড়। পোড়ো।

غیر آینی (-এ-আইনী) আঃ ফাঃ বিঃ ; রাষ্ট্রীয় কানুন বহির্ভূত। অসাংবিধানিক।

غیر اختیاری (-এ-ইখতিয়ারী) আঃ ফাঃ বিঃ ; বাধ্যগত। অনিচ্ছাকৃতভাবে।

غیر جنس (-এ-জিন্‌স) আঃ নাঃ বিঃ ; বিজাতীয়।

غیر حاضر (-এ-হাজির) আঃ বিঃ ; অনুপস্থিত। গর হাজির।

غیر رواج (-এ-রওয়াজ) আঃ ফাঃ বিঃ ;

অপ্রচলিত।

غير رسمی (-এ-রসমী) অস্বাভাবিক।

غير ساكن (-এ-সাকিন) যাযাবর। বেদুঈন। ভবঘুরে। উদ্বাস্তু। ভূমিহীন। বাস্তহারা।

غير مترقبه (-এ-মুতারাক্কিবাঃ) আঃ নাঃ বিঃ ; অপ্রত্যাশিত। অনাকাঙ্ক্ষিত।

غير متأثر (-এ-মুতাআছ্‌ছির) আঃ নাঃ হিঃ ; অপ্রতিক্রিয়াশীল।

غير متعين (-এ-মুতাআয়্যিন) আঃ বিঃ ; অশেষ। অসীম। অনির্দিষ্ট। অনির্ধারিত।

غير متناهی (-এ-মুতানাহী) আঃ বিঃ ; সীমাহীন। বিশাল। অশেষ। অফুরন্ত। অবারিত।

غير مروج (-এ-মুরাউওয়াজ) আঃ নাঃ ; অপ্রচলিত।

غير مزروعه (-এ-মাযরুআ'ঃ) আঃ বিঃ ; অকর্ষিত জমি। চাষাবাদহীন ভূমি। জলাক্ষেত।

غير مساوی (-এ-মুসাবী) আঃ বিঃ ; অমিল। অসম।

غير مستعمل (-এ-মুস্তামাল) আঃ বিঃ ; অব্যবহৃত। অচ্ছুৎ। অস্পৃশ্য।

غير مشروط (-এ-মাশরুত) আঃ বিঃ ; নিঃশর্ত। নিশ্চিত।

غير معتبر (-এ-মু'তাবার) আঃ বিঃ ; অগ্রহণযোগ্য। মিথ্যা। বাতিল। রহিত।

غير مفيد (-এ-মুফীদ) আঃ নাঃ পুং ; অলাভজনক। ক্ষতিকারক।

غير مقبوضه (-এ-মাকবুযাঃ) আঃ বিঃ ; অদখলকৃত। দখলহীন। বেদখল।

غير مكمل (-এ মুকাম্মাল) নাঃ বিণ ; অসম্পূর্ণ। আধাআধি। অর্ধাঅর্ধি।

غير منكوحه (-এ-মানকুহাঃ) আঃ ফাঃ স্ত্রীং ; অবিবাহিতা। অনূঢ়া। কুমারী।

غيرت (গায়রাত) ফাঃ নাঃ স্ত্রীং ; লজ্জা। আত্মসম্ভ্রমবোধ। আত্মমর্যাদা বোধ।

غيرت مند (- মান্দ) উঃ নাঃ স্ত্রীং ; আত্মসম্ভ্রমবোধসম্পন্ন।

غيريت (গায়রিয়্যাত) উঃ নাঃ স্ত্রীং ; আগন্তুক। অচেনা ভাব।

غيض (গয়য) আঃ নাঃ পুং ; অসম্পূর্ণ বাচ্চা।

غيض (গীয) আঃ ; কলি। কেশর। অংকুর। মুকুল।

غيظ (গয়য) আঃ ; অধিকক্রোধ। ক্রোধে অগ্নিশর্মা।

غيف (গীফ) আঃ ; পাখির দল।

غيم (গায়ম) আঃ ; বিশাল মেঘখন্ড। মেঘপুঞ্জ। মেঘমালা। (ব-ব, غيوم)

غين (গীন) উঃ নাঃ ; অর্থহীন আওয়াজ।

غيور (গায়ূর) আঃ বিঃ ; অতি লজ্জাশীল। আল্লাহর গুণবাচক নাম বিশেষ।

ف

ف (ফা) আঃ নাঃ স্ত্রীং ; উর্দুর ছাব্বিশ, ফার্সীর তেইশ এবং আরবীর বিশতম অক্ষর। আবজাদ হিসেবে এর মান– ৮০।

ف – ا

فاتح (ফাতিহ্) আঃ নাঃ পুং ; বিজয়ী, বিজেতা। সূচনাকারী। উদ্ভাবক।

فاتحه (ফাতিহা) আঃ নাঃ স্ত্রীং ; কোন কিছুর শুরু। উদ্বোধন। আলহামদু-সুরা।

فاتحه خوانی (ফাতিহা খানী) ফাঃ নাঃ স্ত্রীং ; উদ্দেশ্যে, আলহামদু পাঠ।

فاتر (ফাতির) আঃ বিঃ ; দুর্বল। অলস। কমযোর।

فاتک (ফাতিক) আঃ বিঃ ; বাহাদুর। বীর। পালোয়ান।

فاجر (ফাজির) আঃ বিঃ ; কু-প্রথা। বদকার। পাপাচারী। পাপী। দুষ্টমতি।

فاجره (ফাজিরাঃ) আঃ বিঃ ; পাপিষ্ঠা।

فاجعه (ফাজিয়াঃ) আঃ বিঃ ; লোমহর্ষক। হৃদয় বিদারক। পীড়াদায়ক।

فاحش (ফাহিশ) আঃ বিঃ ; অশ্লীল। লজ্জাহীন। পাপিষ্ঠ। প্রগলভ। দুশ্চরিত্র। কামুক। ভ্রষ্ট। বিকারগ্রস্ত।

فاخته (ফাখতাঃ) আঃ নাঃ স্ত্রীং ; লাল-মেটে রঙ্গের পাখি বিশেষ। ব–ব, فواخت।

فاختئی (ফাখতাঈ) আঃ নাঃ পুং ; বাদামী রঙ্গ। খাকি রঙ্গ।

فاخر (ফাখির) আঃ নাঃ পুং ; উত্তম। প্রকৃষ্ট। অকৃত্রিম। আত্মগৌরবী। মূল্যবান।

فاخره (ফাখিরাঃ) আঃ বিঃ ; উত্তম। মূল্যবান।

فادر (ফাদার–Father) ইং নাঃ পুং ; বাবা। পিতা। মুরুব্বী। পাদ্রী।

فادزهر (ফাদযহর) ফাঃ নাঃ পুং ; বিষ প্রতিষেধক। তৈরাক।

فار (ফার) আঃ নাঃ পুং ; ইঁদুর। ছুঁচো। চিকা।

فاران (ফারান) আঃ নাঃ পুং ; মক্কার নিকটবর্তী পাহাড় বিশেষ, যেখানে সর্ব প্রথম ওহী নাযিল হয়।

فارخطی (ফারুখতী) উঃ নাঃ স্ত্রীং ; ছাড়পত্র। তালাকনামা। রসিদ। কুপন। মেমো। চোতা।

فارس (ফারিস) আঃ বিঃ ; পারস্য। ইরানের অপর নাম। ঘোড়সওয়ার। অশ্বারোহী।

فارسٹ (ফরেস্ট–Forest) ইং নাঃ পুং ; বন। জঙ্গল।

فارسٹر (ফরেস্টার–Forester) ইং নাঃ স্ত্রীং ; বন অফিসার। বন বিভাগের আমলা।

فارسی (ফারসী) ফাঃ নাঃ স্ত্রীং ; ভাষা বিশেষ। ইরানের রাষ্ট্রীয় ভাষা।

فارغ (ফারিগ) আঃ নাঃ পুং ; তৃপ্ত। শান্ত। নিশ্চিত। স্বাধীন। মুক্ত। সমাপক।

فارغ البال (ফারিগুল বাল) আঃ হিঃ ; নিশ্চিত সুখী। তৃপ্ত। সচ্ছল।

فارغ البالی (ফারিগুল বালী) আঃ নাঃ স্ত্রীং ; সচ্ছলতা। নিশ্চিন্ততা।

فارغ هونا (ফারিগ হোনা) মূঃ ; ছুটি প্রাপ্তি। শিক্ষা সমাপন। অবকাশ পাওয়া।

فارق (ফারিক) আঃ বিঃ ; পার্থক্য নির্ণয়কারী।

فارقلیط (ফারকলীত) ইবঃ নাঃ পুং ; মুহম্মদ (সাঃ) -এর ইঞ্জিলে দেয়া নাম – প্যারাক্লীতাস। আরবী অর্থ, আহমদ।

فارم (ফরম–Form) ইং নাঃ পুং ; নকশা। নমুনা। চিত্র। ছাপানো কাগজ, যা পূরণ করতে হয়।

فارم (ফার্ম–Farm) ইং নাঃ পুং ; ক্ষেত-খামার।

فارمولا (ফর্মুলা–Formula) ইং নাঃ পুং ; অনুপান। মৌলিক নিয়ম। কানুন।

فارميسى (ফার্মেসী-Pharmacy) ইং নাঃ স্ত্রীং ; ঔষধালয়। দাওয়াখানা।

فارن هائث (ফরেনহাইট–Farenheit) ইং নাঃ পুং ; জার্মান থার্মোমিটার। যাতে ৩২ ডিগ্রী সেলসিয়াস ঘনত্ব ও তরল ২১২ ডিগ্রী হয়।

فارورڈ (ফরোয়ার্ড–Forward) ইং বিঃ ; আগে। সামনে।

فاروق (ফারুক) আঃ বিঃ ; দু' বস্তুর মধ্যে তারতম্য সৃষ্টিকারী। হযরত ওমরের (রাঃ) উপাধি। নিষ্ঠাবান।

فاروقى (ফারুকী) আঃ ; হযরত উমর (রাঃ) সম্বন্ধীয়। হযরত ওমর (রাঃ) -এর বংশধর।

فاسٹ (ফাস্ট–Fast) ইং বিঃ ; দ্রুত।

فاسٹ فوڈ (ফাস্ট ফুড–Fast food) ইং নাঃ পুং ; হালকা খাবার। নাস্তা।

فاسخ (ফাসিখ) আঃ বিঃ ; ভঙ্গকারী।

فاسد (ফাসিদ) আঃ বিঃ ; ধ্বংস। বরবাদ। সন্ত্রাসী। অসৎ। ঝগড়াটে। অসম্পূর্ণ।

فاسق (ফাসিক) আঃ বিঃ ; গোনাহগার। বদকার। পাপাচারী। পাপিষ্ঠ। নরাধম।

فاش (ফাশ) ফাঃ বিঃ ; ফাঁস। প্রকাশন। খুলে দেয়া। প্রতীয়মান। অনুধাবন।

فاش غلطى كرنا (– গলতী করনা) নাঃ পুং ; নির্জলা ভুল। সাংঘাতিক ভুল।

فاش هونا (– হোনা) মৃঃ ; খুলে যাওয়া। ছড়িয়ে পড়া।

فاشزم (ফ্যাসিজম–Fascism) ইং নাঃ পুং ; পুঁজিবাদী বুর্জোয়া শ্রেণীর পীড়নতন্ত্র। ফ্যাসিবাদ।

فاشسٹ (ফ্যাসিস্ট–Fascist) ইং বিঃ ; ফ্যাসীবাদী।

فاصل (ফাসিল) আঃ বিঃ ; পৃথককারী। তারতম্যকারী।

فاصله (ফাসিলাঃ) আঃ নাঃ পুং ; দূরত্ব। ফাঁক। ব্যবধান। ময়দান।

فاضل (ফাযিল) আঃ বিঃ ; অতিরিক্ত। অবশিষ্ট। সমাবর্তক। জ্ঞানী। আলেম। বিজ্ঞ। ব–ব, فضلاء - ফুযালা।

فاضل اجل (–এ-আজল) আঃ বিঃ ; যুগশ্রেষ্ঠ আলেম। সময়ের সেরা জ্ঞানী।

فاضل باقى (–বাকী) উদ্বৃত অর্থ।

فاضله (ফাযিলাঃ) আঃ বিঃ ; জ্ঞানবতী। আলেমা।

فاطمه (ফাতিমাঃ) আঃ নাঃ স্ত্রীং ; যে নারী দু'বছরেই বাচ্চার দুধ ছাড়ায়। রাসূলুল্লাহ (সাঃ)-এর সর্বকনিষ্ঠা মেয়ে ফাতেমাতুয যাহরা (রাঃ)।

فاطمى (ফাতেমী) আঃ বিঃ ; হযরত ফাতেমা (রাঃ)-এর বংশধর, যারা ৯০০ থেকে ১১১৭ খ্রীস্টাব্দ পর্যন্ত মিসর শাসন করেছেন।

فاعل (ফায়িল) আঃ বিঃ ; কর্তা। কার্যকারক। সম্পাদনকারী।

فاق (ফাক) আঃ নাঃ পুং ; তীরের পেছনের অংশ। সওফার।

فاقد (ফাকিদ) আঃ বিঃ ; হারিয়ে ফেলেছে যে।

فاقد البصر (– আল বসর) অন্ধ।

فاقه (ফাকাঃ) আঃ নাঃ পুং ; বুভুক্ষু। ক্ষুধার্ত।

فاقه كش (–কাশ) ভিখারী। মুখাপেক্ষী।

فاقه مست (– মস্ত) আঃ ফাঃ নাঃ পুং ; ঠেকা। নিঃস্ব। দরিদ্র।

فاكهه (ফাকিহাঃ) আঃ নাঃ পুং ; ফল। মেওয়া।

فال (ফাল) আঃ নাঃ স্ত্রীং ; ভবিষ্যৎকাল। শকুন বিদ্যা। পূর্বলক্ষণ।

فال گو (– গো) আঃ নাঃ পুং ; গণক। ফাল বিশেষজ্ঞ।

فال نامه (–নামাঃ) যে কিতাবে ফাল লেখা থাকে। ফালনামা।

فالتو (ফালতু) উঃ বিঃ ; অতিরিক্ত। অপ্রয়োজনীয়। বেকার।

فالج (ফালিজ) আঃ বিঃ পুং ; অর্ধাঙ্গ। পক্ষাঘাতগ্রস্ত। প্যারালাইসিস রোগী।

فالسه (ফালসাঃ) আঃ নাঃ পুং ; ক্ষুদ্রফল বিশেষ।

فالسى (ফালসী) ফাঃ বিঃ ; লাল-কালো রঙের।

فالوده (ফালুদাঃ) ফাঃ নাঃ পুং ; একপ্রকার পানীয়–দই, বরফ, জেলী ও চিনির সংমিশ্রণে গড়া।

فاليز (ফালীয্) ফাঃ নাঃ স্ত্রীং ; তরমুজ-ক্ষেত। ক্ষিরা। শসার-ক্ষেত।

فام (ফাম) ফাঃ বিঃ ; মত। রঙ। (বিশেষ্যের সাথে যোগ হয়ে ব্যবহার হয়–যেমন– سياه فام (কালোর মত) سفيد فام (সাদা রঙের মত)।

فانوس (ফানূস) ফাঃ নাঃ পুং ; একপ্রকার ঝাড় বাতি। প্রকান্ড প্রদীপ।

فانه (ফানাঃ) ফাঃ নাঃ পুং ; পানা। প্রস্থকাঠি। তাঁতীদের কাঠি বিশেষ।

فانى (ফানী) আঃ বিঃ ; মরণশীল। ক্ষয়িষ্ণু। অস্থায়ী। ভঙ্গুর।

فانيز (ফানীয) আঃ ; চিনি। সাদা।

فائت (ফায়িত) আঃ বিঃ ; মৃত। লয়প্রাপ্ত। ছুটন্ত।

فائحه (ফায়িহাঃ) আঃ ; সুগন্ধিময়।

فائده (ফায়িদাঃ) আঃ নাঃ পুং ; লাভ। সুবিধা পাওয়া। উপকার। সূদ। প্রয়োজন।

فائده مند (– মন্দ) ফাঃ আঃ নাঃ পুং ; উপকারী। লাভজনক। সুবিধাজনক।

فائر (ফায়ার- Fire) ইং নাঃ পুং ; আগুন।

فائر بريگڈ (ফায়ার ব্রিগেড–Fire Brgade) অগ্নি নির্বাপক বাহিনী।

فائز (ফায়েজ) আঃ বিঃ ; কৃতকার্য। সফলকাম। লভ্য।

فائق (ফায়েক) আঃ বিঃ ; অগ্রগামী। বুযুর্গ। সম্মানিত।

فائق الاحترام (ফায়েকুল ইহতিরাম) আঃ ; সম্মানিত। মাননীয়।

فائن (ফাইন-Fine) ইং নাঃ পুং ; জরিমানা। দন্ড। উত্তম।

فائنرى (ফাইনারী–Finery) ইং নাঃ স্ত্রীং ; লোহা গলানোর চুল্লি।

فائينل (ফাইনাল–Final) ইং নাঃ পুং ; শেষ খেলা। চূড়ান্ত।

فاؤل (ফাউল–Foul) ইং নাঃ পুং ; বিধিভঙ্গ। অন্যায়-আচরণ।

فاؤنٹين پن (ফাউন্টেন পেন–Fountain pen) ইং নাঃ পুং ; কালি কলম।

فاونڈرى (ফাউন্ড্রী–Foundry) ইং নাঃ স্ত্রীং ; ইস্পাত কারখানা। যে কারখানায় লোহা গলিয়ে বস্তু বানানো হয়।

ف – ب

فبها (ফাবিহা) আঃ বিণ ; ভালো কথা। সুন্দর। উত্তম। স্বার্থোদ্ধার।

ف – ت

فتى – فتا (ফাতা) আঃ নাঃ পুং ; জোয়ান। যুবক। যুব। বাহাদুর। বীর।

فتاح (ফাততাহ) আঃ বিঃ ; বিজেতা। নির্দেশক। খোদার একটি গুণবাচক নাম।

فتاں (ফাত্তাঁ) আঃ বিঃ ; সন্ত্রাসী। ফেৎনাবাজ। কুচক্রী। প্রিয়ার চক্ষু।

فتاوى (ফাতাওয়া) আঃ নাঃ পুং ; (فتوى -এর ব–ব) ইসলামী শরীয়তের হুকুম। দ্বীনী মুফতীর ফায়ছালা।

فتح (ফাত্হ) আঃ নাঃ স্ত্রীং ; জিত। বিজয়। সফলতা।

فتح الباب (– আল বাব) আঃ নাঃ স্ত্রীং ; ঋতুর সূচনা। আরম্ভ।

فتح البارى (– আলবারী) আঃ নাঃ পুং ;

আল্লামা ইবনে হজর আসকালানী (রহঃ) লিখিত বুখারীর শ্রেষ্ঠ ব্যাখ্যা গ্রন্থ।

فتح باب (ফত্‌হে বাব) আঃ নাঃ স্ত্রীং ; বিজয়। কেল্লা পতন।

فتح مند (– মান্দ) আঃ ফাঃ বিঃ ; বিজেতা। জয়ী।

فتح مندى (– মান্দী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; বিজয়। জয়। সাফল্য। কৃতিত্ব।

فتحه (ফাতাহ) আঃ নাঃ স্ত্রীং ; যবর। কারকচিহ্ন। (´) বিশেষ।

فتح ياب (– ইয়াব) আঃ ফাঃ বিঃ ; সফলকাম। বিজয়ী। বিজেতা।

فتح يابى (– ইয়াবী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; জয়। বিজয়। কৃতিত্ব। সফলতা।

فتراک (ফিতরাক) আঃ নাঃ পুং ; জিনের পেটী। শিকারীর দল।

فترت (ফাতরাত) আঃ নাঃ স্ত্রীং ; অলসতা। দু'নবীর মাঝখানের শূন্য সময়।

فتق (ফাত্‌ক) আঃ নাঃ পুং ; প্রশস্ততা। দাদ। ছড়িয়ে পড়া। বিক্ষিপ্ত হওয়া।

فتن (ফিতান) আঃ নাঃ পুং ; (فتنه -এর ব-ব) ফেৎনাসমূহ।

فتنه (ফিৎনাঃ) আঃ নাঃ পুং ; ঝগড়া। ফাসাদ। হাঙ্গামা। বিদ্রোহ। মাল। সম্পদ। পাগলামি।

فتنه برپا (– বরপা) ঝগড়া করা। সন্ত্রাস ছড়ানো।

فتنى (ফিতনী) উঃ বিঃ ; সন্ত্রাসী। চাঁদাবাজি। ঝগড়াটে।

فتوت (ফুতুওয়াত) আঃ নাঃ স্ত্রীং ; বীরত্ব। মমত্ববোধ। দানশীলতা।

فتوح (ফুতূহ) আঃ নাঃ পুং ; স্ত্রীং ; (فتح -এর ব-ব) সফলতাসমূহ। উপরি আমদানী। বাড়তি পাওনা। ফ্রী-প্রাপ্তি।

فتوحات (ফুতূহাত) আঃ নাঃ পুং স্ত্রীং ; (فتوح -এর ব-ব) বিজয়গুলি। জিতের ফিরিস্তি।

فتوحى (ফাতূহী) ফাঃ নাঃ স্ত্রীং ; সদরী। ছাতার খোল। আচকান। আলখেল্লা।

فتور (ফুতুর) আঃ নাঃ পুং ; দোষ-ত্রুটি। বিশৃঙ্খলতা। অনৈক্য। কোলাহল। ঝগড়া।

فتور عقل (–এ-আকল) আঃ নাঃ পুং ; নির্বুদ্ধিতা। জ্ঞানশূন্যতা।

فتورى (ফুতূরী) উঃ বিঃ ; ঝগড়াটে। যুদ্ধংদেহী। সন্ত্রাসী। মাস্তান।

فتوى (ফাতাওয়া) আঃ নাঃ পুং ; শরয়ী হুকুম। মুফতীর নিস্পত্তি। কাজীর রায়।

فتوى دينا (– দেনা) নাঃ পুং ; ফতোয়া দান। শরয়ী বিধানে নিস্পত্তি দেয়া।

فتيل (ফাতীল) আঃ নাঃ পুং ; চেরাগ। বাতি। কুপি।

فتيل سوز (– সূয) আঃ নাঃ পুং ; মোমদানী। দেউলা। চেরাগ রাখার উঁচু পাত্র বিশেষ।

فتيله (ফাতীলাঃ) আঃ নাঃ পুং ; পলিতা। শলতে। নাষা।

فتيله داغنا (– দাগনা) নাঃ পুং ; নালিশ করা।

ف – ث

فٹ ((ফিট–Fit) ইং বিঃ ; ঠিক। সংযোজন। প্রয়োগ। লাগসই।

فٹ (ফুট–Foot) ইং নাঃ পুং ; পা। পাও। কদম। ১২ ইঞ্চির পরিমাপ বিশেষ। $\frac{1}{3}$ গজ।

فٹ بال (ফুটবল–Football) ফুটবল।

فٹ نوٹ (ফুটনোট–Foot note) ইং নাঃ পুং ; কিতাবের মূল লাইনের নীচে লেখা ব্যাখ্যা। বাইনাস্ সত্‌র। টোটকা ব্যাখ্যা।

ف – ج

فجا (ফুজা) আঃ নাঃ পুং ; আচমকা হামলা। অতর্কিত হামলা।

فجائی (ফুজাঈ) আঃ বিঃ ; আচমকা। অকস্মাৎ। আচানক।

فجار (ফুজ্জার) আঃ নাঃ পুং ; (فاجر -এর ব–ব) অসৎ লোক।

فجر (ফজর) আঃ নাঃ স্ত্রীং ; অতি প্রত্যুষে। সকালে। এক ওয়াক্ত নামাযের নাম। উষালগ্ন।

فجور (ফুজুর) আঃ নাঃ পুং ; গোনাহ। অন্যায়। কসুর। ব্যভিচার। কু-কাম।

ف - ح

فحاش (ফাহ্হাশ) আঃ বিঃ ; অসৎ। কুচক্রী। নষ্ট।

فحاشی (ফাহ্হাশী) আঃ নাঃ স্ত্রীং ; অসদাচরণ। বেহায়াপনা। নগ্নতা। বেলেল্লাপনা।

فحش (ফুহ্শ) আঃ বিঃ ; খামোখা আলাপ। লজ্জাষ্কর কথা। যৌন-চর্চা।

فحل (ফুহ্ল) আঃ নাঃ পুং ; উট। নামজাদা আলেম। একটি তারকা।

فحواء (ফাহওয়া) আঃ নাঃ পুং ; বিষয় বস্তু। অর্থ। মতলব। ঢং। আন্দায।

فحوائے کلام (–এ-কালাম) আঃ নাঃ পুং ; কথার উদ্দেশ্য। আলাপের ঢং। বক্তব্যের মর্ম। বাক্যের ধরন।

فحول (ফুহুল) আঃ নাঃ পুং ; (فحل -এর ব–ব) নামজাদা আলেম শ্রেণী। উটগুলি।

فحم (ফাহ্ম) আঃ নাঃ স্ত্রীং ; কয়লা।

ف - خ

فخر (ফখর) আঃ নাঃ পুং ; সুনাম। সুখ্যাতি। আভিজাত্য। বুযুর্গী।

فخریہ (ফখরিয়া) আঃ বিণ ; গর্বভরে। গর্বিতভাবে।

ف - د

فدا (ফিদা) আঃ বিঃ ; আত্মদান। উৎসর্গ। ত্যাগ। তিতিক্ষা। কুরবান। সদকা। আশেক। প্রেমিক।

فدائی (ফিদায়ী) আঃ নাঃ পুং ; জীবনদান। প্রেমিক। আত্মোৎসর্গ। ইসমাঈলিয়া ফেরকার একটি শাখা।

فدک (ফিদাক) আঃ নাঃ পুং ; একটি জনপদ, যেখানে রাসুলুল্লাহ (সাঃ)-এর সরকারী বাগান ছিল।

فدوی (ফিদবী) আঃ বিঃ ; জীবন উৎসর্গকারী। আত্মাহুতি। তাবেদারী। আপনার অনুগত।

فدیہ (ফিদ্য়াঃ) আঃ নাঃ পুং ; বন্দীর উদ্ধার মূল্য। পনবন্দী। উৎসর্গ।

فدفد (ফাদফাদ) আঃ ; সমতল ভূমি।

ف - ر

فر (ফার) আঃ নাঃ পুং ; আড়ম্বর। জাঁকজমক। যশ। প্রভাব।

فرات (ফুরাত) আঃ নাঃ পুং ; মিঠা ও ঠান্ডা পানি। ইরাকের বিখ্যাত নদী। এর উৎস ধারা হচ্ছে–জান্নাত। ইউফ্রেটিস।

فراٹا (ফররাটা) উঃ নাঃ পুং ; কোন বস্তু উড়ার আওয়াজ। বাতাসের ঝাপটা। শন্ শন্। শোঁ-শোঁ।

فراخ (ফরাখ) আঃ বিঃ ; প্রশস্ত। খোঁলা। দিগন্ত প্রসারী।

فراخی (ফরাখী) ফাঃ নাঃ স্ত্রীং ; প্রশস্ততা। বৃহত্ব। প্রাচুর্য। ঐশ্বর্য।

فرادی (ফুরাদা) আঃ বিঃ ; (فرد -এর ব–ব) একক। একাকী। নিঃসঙ্গ।

فرار (ফাররার) আঃ বিঃ ; পলায়নপর। অতীব ফেরারী।

فرار (ফেরার) আঃ নাঃ পুং ; পলায়ন করা। ভেগে যাওয়া।

فراری (ফেরারী) ফাঃ বিঃ ; পলাতক। পলায়নপর। ছুটন্ত। ফেরারী।

فراز (ফরায) ফাঃ নাঃ পুং ; সুউচ্চ। উচ্চতা। আগে। সামনে। অগ্রে। প্রশস্ত। খোলা।

فرازی (ফরাযী) ফাঃ নাঃ স্ত্রীং ; উচ্চতা।
فراست (ফিরাসাত) আঃ নাঃ স্ত্রীং ; অনুপ্রবেশ। তীক্ষ্ণবুদ্ধি। বিচক্ষণতা। অন্তর্দৃষ্টি।
فراست (ফারাসাত) আঃ ; ঘোড়ায় চড়া।
فراش (ফররাশ) আঃ নাঃ পুং ; বিছানা পাতে যে। তাঁবু নির্মাতা। দেবদারু গাছ।
فراش (ফিরাশ) আঃ নাঃ পুং ; বিছানা। চাদর।
فراعنه (ফারাইনাঃ) আঃ নাঃ পুং ; (فرعون -এর ব-ব) মিসরাধিপতি। ফারাওগণ। ফেরাউনরা।
فراغ (ফারাগ) আঃ নাঃ পুং ; ছুটি। আরাম। ফুরসত। অবসর। অবকাশ। মুক্তি। খুশি। সুখ-শান্তি।
فراغ بالی (- বালী) ফাঃ আঃ বিঃ ; শান্তি। তৃপ্তি। স্বচ্ছলতা।
فراغت (ফারাগাত) আঃ নাঃ স্ত্রীং ; ফুরসত। অবকাশ। ঝামেলামুক্ত। নির্ঝঞ্ঝাট।
فراق (ফিরাক) আঃ নাঃ পুং ; বিরহ। বিচ্ছেদ। চিন্তা। পৃথকী।
فراق زاده (- যদাঃ) ফাঃ বিঃ ; ছ্যাঁক খাওয়া। প্রেমে ব্যর্থতা।
فراموش (ফরামুশ) ফাঃ বিঃ ; বিস্মৃতি। ভুল। অচৈতন্য।
فراموشی (ফরামুশী) ফাঃ নাঃ স্ত্রীং ; ভুল-চুক। ত্রুটি-বিচ্যুতি।
فرامین (ফরামীন) ফাঃ নাঃ পুং ; (فرمان -এর ব-ব) শাহী কানুন। সরকারী নির্দেশ।
فرانسیس (ফ্রান্সীস) ফাঃ নাঃ পুং ; ফ্রান্সবাসী।
فرانک (ফ্রাংক-Franc) ফ্রাঃ নাঃ পুং ; ফ্রান্সের মুদ্রা।
فراواں (ফরাওয়াঁ) ফাঃ বিঃ ; বহুত। অনেক। পরিপূর্ণ। প্রচুর। অপ্রতুল।
فراوانی (ফারাওনী) ফাঃ নাঃ স্ত্রীং ; আধিক্য। প্রাচুর্য।
فراهم (ফারাহাম) ফাঃ বিঃ ; একত্রিত। গচ্ছিত। উৎকলিত।
فراهمی (ফারাহামী) ফাঃ নাঃ স্ত্রীং ; ইজতেমা। সমাবেশ। জমায়েত। বৈঠক।
فرائد (ফারাঈদ) আঃ নাঃ পুং ; (فریده -এর ব-ব) অমূল্য পাথর। অতুলনীয়।
فرائض (ফারাইয) আঃ নাঃ পুং ; (فریضه -এর ব-ব) অবশ্য করণীয়। আবশ্যক কর্ম।
فربودیت (ফরবুদিয়ত) ফাঃ নাঃ স্ত্রীং ; বেহুদা। খামোখা। এলোমেলো।
فربه (ফরবাঃ) মোটা তাজা। স্থুল। মাংসল। হৃষ্টপুষ্ট। মেদবহুল।
فربهی (ফরবহী) ফাঃ নাঃ স্ত্রীং ; বৃহত্ব। মেদস্ব। পুষ্ঠতা। মাংসলতা।
فرتوت (ফরতুত) ফাঃ বিঃ ; অশীতিপর বৃদ্ধ। থুথরে বুড়ো। প্রবীন। প্রৌঢ়। দুর্বল। নির্বোধ। হগা।
فرج (ফারজ) আঃ নাঃ স্ত্রীং ; ফাটল। ছিদ্র। গর্ত। নারীর যৌনাঙ্গ। (ব-ব, فروج)
فرج (ফ্রিজ) ইং নাঃ পুং ; রেফ্রিজারেটরের সংক্ষেপ।
فرجاد (ফরজাদ) ফাঃ বিঃ ; জ্ঞানী। বিচক্ষণ।
فرجام (ফরজাম) ফাঃ নাঃ পুং ; পরিনাম। পরিসমাপ্তি।
فرح (ফরহ) আঃ নাঃ স্ত্রীং ; খুশী। আনন্দ। সচ্ছলতা।
فرحت (ফ'রহত) আঃ নাঃ স্ত্রীং ; আনন্দ। সন্তুষ্টি। আমোদ-প্রমোদ। স্ফূর্তি।
فرخ (ফররুখ) ফাঃ বিঃ ; সৌভাগ্যশালী। ভাগ্যবান। সমৃদ্ধ।
فرخار (ফরখার) ফাঃ নাঃ পুং ; কৃত্রিম সাজ-সজ্জা।
فرخنده (ফরখান্দাঃ) ফাঃ বিঃ ; পবিত্র। উত্তম। সৌখিন। সুখী। সমৃদ্ধ। ভাগ্যবান।

فرد (ফরদ) আঃ নাঃ পুং ; এক। একক। শ্লোক। তালিকা। সূচিকা। হিসাব। রেজিস্টার। ফর্দ। লেপ। চাদর। শান। একজন লোক। একাকী। নিঃসঙ্গতা। বিঃ ; অনন্য। অন্যতম। অতুলনীয়। (ব–ব, افراد)

فردا (ফর্দা) ফাঃ ; আগামীকল্য। অনাগত দিন। কাল। রূপক অর্থে– কিয়ামতের দিন।

فردافردا (ফরদান ফরদান) ফাঃ বিণ ; পৃথক পৃথক ভাবে। আলাদা আলাদা করে।

فردوس (ফেরদাউস) আঃ নাঃ পুং ; বাগান। কানন। উদ্যান। বেহেশত। জান্নাত। স্বর্গ।

فردوس برين (–ই-বরীঁ) আঃ নাঃ পুং ; উঁচু জান্নাত । সর্বোচ্চ বেহেশ্‌ত।

فردوسی (ফেরদৌসী) ফাঃ নাঃ পুং ; ইরানের প্রাচীন মহাকবি ফেরদৌসী। তিনি শাহনামা প্রণয়ন করেছিলেন। স্বর্গীয়। জান্নাতী।

فرزا نگی (ফরযাঙ্গী) ফাঃ নাঃ স্ত্রীং ; জ্ঞান। বুদ্ধি। বুঝ। বিজ্ঞতা। কৌশল।

فرزانه (ফরযানাঃ) বিঃ ; বুদ্ধিমান। জ্ঞানী। সম্মানিত। কৌশলী।

فرزند (ফরযন্দ) ফাঃ নাঃ পুং ; পুত্র। ছেলে। মেয়ে।

فرزند رشيد (–এ-রশীদ) ফাঃ আঃ নাঃ পুং ; সৎপুত্র। যোগ্যপুত্র।

فرزندی (ফরযন্দী) ফাঃ নাঃ স্ত্রীং ; পুত্রত্ব। বাৎসল্য।

فرزيں (ফরযীঁ) ফাঃ বিঃ ; জ্ঞানী। বিচক্ষণ। নাঃ পুং ; দাবার রাণী। মন্ত্রী।

فرس (ফরস) আঃ নাঃ পুং ; ঘোড়া। অশ্ব। দাবার ঘোড়া।

فرسا (ফরসা) ফাঃ ; ধ্বংসকারী। বিনাশক। বিশেষ্যের সাথে যোগ হয়ে ব্যবহার হয়। যেমন– روح فرسا আত্মহননকারী। প্রাণঘাতী।

فرستاده (ফরসতাদাঃ) ফাঃ বিঃ ; প্রেরিত। দূত। প্রতিনিধি। মুখপাত্র।

فرسخ (ফরসখ) আঃ নাঃ পুং ; ক্রোশ। পৌনে চার মাইলের মত দূরত্ব। ১৮,০০০ ফুট প্রায়।

فرسنگ (ফরসঙ্গ) ফাঃ নাঃ পুং ; দেখুন فرسخ।

فرسودگی (ফরসুদগী) ফাঃ নাঃ স্ত্রীং ; পৌরাণিক। প্রৌঢ়ত্ব। পুরানো। সেকেলে। ফাটল। পোড়ো।

فرسوده (ফরসুদাঃ) ফাঃ বিঃ ; ধসে যাওয়া। পুরানা। বিধ্বস্ত।

فرش (ফরশ) আঃ নাঃ পুং ; বিছানা। চাদর। কার্পেট। গালিচা। জমি।

فرشتگاں (ফেরেশতেগাঁ) ফাঃ নাঃ পুং ; ফেরেশতাগণ। (فرشته -এর ব-ব)

فرشته (ফেরেশতাঃ) ফাঃ নাঃ পুং ; প্রেরিত। দূত। মুখপাত্র। প্রতিনিধি। ইসলামী আকীদা মতে– নূরানী সত্তা। খায় না, ঘুমায় না, বিয়ে শাদী করেনা। আল্লাহর আজ্ঞাবহ প্রাণী।

فرشته خاں (– খাঁ) নাঃ পুং ; প্রভাবশালী লোক। বিশাল ব্যক্তিত্বসম্পন্ন। রাশভারী। রুই-কাতলা। রাঘব বোয়াল।

فرشته سيرت (– সীরাত) ফাঃ আঃ বিঃ ; অভিজাত। চরিত্রবান। শরীফ।

فرشته مرگ (–এ-মুরগ) ফাঃ নাঃ পুং ; মালাকুল মওত। আযরাঈল। যমদূত।

فرشی سلام (ফরশী সালাম) ফাঃ আঃ নাঃ পুং ; কুর্নিশ।

فرشی (ফ'রশী) আঃ নাঃ স্ত্রীং ; এক প্রকার বড় হুক্কা। গড়গড়া।

فرصت (ফুরসত) আঃ নাঃ স্ত্রীং ; অবকাশ। অবসর। বিশ্রাম। ছুটি। অব্যাহতি।

فرض (ফরয) আঃ নাঃ পুং ; খোদার হুকুমে যে কাজ করা হয়। আবশ্যিক। বাধ্যতামূলক। বিবাহ। (ব–ব, فرائض)

فرض عين (-এ-আইন) আঃ নাঃ পুং ; খাস ফরয। বিশেষ ফরয। নেহাৎ জরুরী।

فرض كفايه (-এ-কিফায়া) আঃ নাঃ পুং ; ক'জন মিলে আদায় করলে যে ফরয আদায় হয়ে যায়। যেমন, জানাযা নামায।

فرض محال (-এ-মহাল) আঃ নাঃ পুং ; অসম্ভব। অবান্তর। আকাশ-কুসুম।

فرضا (ফরযান) আঃ বিণ ; ধারণামূলক। ধরে নেয়া।

فرضى (ফরযী) আঃ বিঃ ; খেয়ালী। কেয়াসী। কৃত্রিম। চয়নিত। ধারণাপ্রসূত।

فرضيت (ফরযিয়ত) আঃ নাঃ স্ত্রীং ; ফরয হওয়া। আবশ্যিক বা বাধ্য হওয়া।

فرط (ফরত) আঃ নাঃ স্ত্রীং ; আধিক্য। প্রাবল্য। অসংখ্য। অশেষ। সীমাহীন।

فرع (ফরা') আঃ নাঃ স্ত্রীং ; শাখা। ডাল। প্রাসঙ্গিক। বিচ্ছিন্ন। যৌগিক। (ব-ব, فروعات)

فرعون (ফেরআউন) আঃ নাঃ পুং ; মিসরের প্রাচীন ফারাও রাজাদের উপাধি। আত্মম্ভরী। অহংকারী। পাপাচারী। (ব-ব, فراعنه)

فرعونيت (ফেরআউনিয়াত) আঃ নাঃ স্ত্রীং ; বজ্জাতি। চক্রান্ত। আত্মম্ভরিতা। স্বেচ্ছাচারিতা। অহংকারী।

فرغانه (ফরগানা) ফাঃ নাঃ পুং ; উজবেকিস্তানের এলাকা বিশেষ, যেখানে সম্রাট বাবর জন্মগ্রহণ করেন।

فرغل (ফরগল) আঃ নাঃ স্ত্রীং ; তুলোভরা জামা। তুলা-পোষাক।

فرفر (ফরফর) উঃ ; জলদি। শীঘ্র। দ্রুত। বাতাসের বেগে।

فرفرى (ফরফরী) ফাঃ নাঃ স্ত্রীং ; শিশু-বাক্য। বালখিল্যতা।

فرق (ফরক) আঃ নাঃ পুং ; বিরহ। বিচ্ছিন্ন। আলাদা। পৃথক। পার্থক্য। দূরত্ব। মতানৈক্য। অপরিচিতি। (ব-ব, افراق)

فرقدان (ফরকদান) ফাঃ নাঃ পুং ; মাথা। খুপড়ি। খোল।

فرقان (ফোরকান) আঃ বিঃ ; তারতম্যকারী। হক-বাতিলের মাঝে পার্থক্য নির্ণয়ক। কুরআনের নাম বিশেষ।

فرقت (ফু'রক'ত্) আঃ নাঃ স্ত্রীং ; বিরহ, বিচ্ছেদ।

فرقته (ফুরকতাঃ) আঃ নাঃ স্ত্রীং ; বিরহ। দূরত্ব। পৃথকী।

فرقه (ফিরকাঃ) আঃ নাঃ পুং ; কওম। দল। গোত্র। জামায়াত।

فرقه بندى (ফিরকাবন্দী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; জামায়াত বানান। শাখা দল।

فرقه پرست (ফিরকা পোরস্ত) আঃ ফাঃ বিঃ; সংকীর্ণমনা। হীনমন্য। দলীয় দৃষ্টিকোণ।

فرلانگ (ফার্লং- Furlong) ইং নাঃ স্ত্রীং ; এক মাইলের $\frac{১}{৮}$ অংশ। ২২০ গজ।

فرم (ফার্ম-Firm) ইং নাঃ স্ত্রীং ; কারখানা। কোম্পানী। ইন্ডাস্ট্রীজ।

فرما-فرمه (ফর্মা) উঃ নাঃ পুং ; প্রকাশিত। প্রুফ। সাঁচ। ধাঁচা। ৮ বা ১৬ পৃষ্ঠার প্রুফ।

فرمان (ফরমান) ফাঃ নাঃ পুং ; শাহী হুকুম। রাজ-নির্দেশ। শাহী সনদ। (ব-ব, فرامين)

فرمان بالمشافهه (-বিল মোশাফাহ) ফাঃ আঃ নাঃ পুং ; মৌখিক নির্দেশ।

فرماں بردار (- বরদার) ফাঃ বিঃ ; অনুসারী। অনুগামী। চাকর। নওকর। ভৃত্য।

فرماں روا (-রওয়াঁ) ফাঃ বিঃ ; শাসক। হাকেম। বাদশাহ।

فرماں روائى (- রওয়ায়ী) ফাঃ নাঃ স্ত্রীং ; শাসন। রাজত্ব। সাম্রাজ্য। হুকুমত।

فرمائش (ফরমাইশ) ফাঃ নাঃ স্ত্রীং ;

দরখাস্ত। বলা। আশা। ভিক্ষা। প্রয়োজন। জরুরত।

فرمانا (ফরমানা) ফাঃ মূঃ ; আদেশ করা। নির্দেশ দেওয়া। ঘোষণা করা। অনুগ্রহ করা।

فرمودگی (ফরমুদগী) প্রাঃ নাঃ স্ত্রীং ; হুকুম। ফরমান। ইরশাদ।

فرموده (ফরমুদাঃ) ফাঃ নাঃ পুং ; বর্ণিত। কথিত।

فرنچ (ফ্রান্স–French) ইং নাঃ পুং ; ইউরোপের একটি দেশ।

فرنگ (ফিরিঙ্গ) ফাঃ বিঃ ; পাশ্চাত্য। পশ্চিমা।

فرنگستان (ফিরিঙ্গিস্তান) ফাঃ নাঃ পুং ; ইউরোপ।

فرنگی (ফিরিঙ্গী) ফাঃ নাঃ স্ত্রীং ; ইউরোপীয়ান। ইংরেজ। পাশ্চাত্যবাসী। পশ্চিমা।

فرنی (ফিরনী) ফাঃ নাঃ স্ত্রীং ; দুধ-চিনি ও আতপ চাল দ্বারা তৈরী সুস্বাদু খাদ্য বিশেষ। ফিরনী। পায়েশ।

فرو (ফেরো) ফাঃ ; নীচের। অধীন। বাধ্যগত। নিম্নস্তর।

فروتن (ফেরোতন) ফাঃ বিঃ ; গরীব। অসহায়। মিসকীন। নিঃস্ব।

فروتنی (ফেরোতনী) ফাঃ নাঃ স্ত্রীং ; অসহায়ত্ব। রিক্ততা। নিঃস্বতা।

فروگذ اشت (ফেরুগোযাশ্‌ত) ফাঃ নাঃ স্ত্রীং ; অলসতা। দুর্বলতা। ভুল-চুক। গাফিলতী। চক্ষুলজ্জা।

فروماندگی (ফেরুমান্দগী) ফাঃ নাঃ স্ত্রীং ; অসহায়ত্ব। রিক্ততা। নিঃস্বতা।

فرومانده (ফেরুমান্দাঃ) ফাঃ বিঃ ; অসহায়। গরীব। ভিক্ষুক। ভিখারী।

فرومایه (ফেরুমায়াঃ) ফাঃ বিঃ ; কুচক্রী। স্বার্থপর। লোফার। ঠক্। শঠ। প্রবঞ্চক। হাবা।

فروهونا (ফেরুহোনা) মূঃ ; নিম্নতর হওয়া। অচ্ছুৎ-অস্পৃশ্যতা।

فروٹ (ফুরুট –Fruit) ইং নাঃ পুং ; ফল। মেওয়া।

فروخت (ফুরুখত) ফাঃ নাঃ স্ত্রীং ; বিক্রী। বেচা। বিক্রয়।

فرود (ফেরুদ) ফাঃ বিঃ ; নিম্ন। অধীন। বাধ্যগত। নাঃ পুং ; অবতরণ। অবস্থান।

فرودگاه (ফেরুদগাঃ) ফাঃ নাঃ স্ত্রীং ; অবতরণ স্থল। অবস্থানস্থল।

فروری (ফেরওরী–February) ইং নাঃ পুং ; ইংরেজী বছরের ২য় মাস। ফেব্রুয়ারী।

فروزاں (ফিরোযাঁ) ফাঃ বিঃ ; উজ্জ্বল। দীপ্তি।

فروز (ফারুয) ফাঃ বিঃ ; উজ্জ্বলকার। দীপ্তিশীল।

فروش (ফরোশ) ফাঃ বিঃ ; বিক্রয়। বিক্রেতা। দোকানদার। দোকানী।

فروشنده (ফরুশিন্দাঃ) ফাঃ বিঃ ; বিক্রেতা।

فروع (ফরু') আঃ নাঃ পুং ; ডাল। শাখা। উপদল।

فروغ (ফুরুগ) ফাঃ নাঃ পুং ; রোশনী। নূর। চমক। ধমক। উজ্জ্বলতা। জ্যোতি। উন্নতি।

فردهی (ফরদেহী) উঃ নাঃ স্ত্রীং ; কমিশন। সাংবিধানিক। উপকার গ্রহণ।

فرهاد (ফরহাদ) ফাঃ নাঃ পুং ; শিরীর প্রেমিক। পারস্য রূপকথার নায়ক।

فرهنگ (ফরহঙ্গ) ফাঃ নাঃ স্ত্রীং ; শব্দকোষ। অভিধান। অভিজ্ঞান। বুদ্ধিমত্তা। ডিকশোনারী।

فری (ফ্রী–Free) ইং বিঃ ; মুক্ত। বিনামূল্যে।

فریاد (ফরিয়াদ) ফাঃ নাঃ স্ত্রীং ; দোহাই। সাহায্য। মদদ। নালিশ।

فریاد رس (– রস) ফাঃ বিঃ ; ফরিয়াদী। বাদী।

فریادی (ফরিয়াদী) ফাঃ বিঃ ; দোহাই দাতা। ইনসাফ আকাঙ্ক্ষী।

فریب (ফেরেব) ফাঃ নাঃ পুং ; দাগা। ধোঁকা। চালাকী। শঠামি। প্রবঞ্চনা। প্রতারণা।

فریب ساز (– সায) ফাঃ নাঃ হিঃ ; দাগাবাজ। ধোকাবাজ।

فریبی (ফেরেবী) উঃ বিঃ ; দাগাবাজ। ধোঁকাবাজ। প্রতারক। প্রবঞ্চক।

فرید (ফরীদ) আঃ বিঃ ; একক। অনন্য। বেনযীর। বিরল। অদ্বিতীয়। শেখ ফরীদের ডাক নাম। (ব–ব, فرائد)

فریدی (ফরিদী) উঃ নাঃ স্ত্রীং ; বাবা ফরীদের খানা। ফরিদপুরবাসী।

فریس (ফ্রেস) উঃ বিঃ ; জ্ঞানী। বিচক্ষণ।

فریضہ (ফরীযাঃ) আঃ নাঃ পুং ; ওয়াজিব। ফরয। আবশ্যিক। জরুরী। খোদায়ী নির্দেশ।

فریفتہ (ফারীফতাঃ) ফাঃ বিঃ ; প্রেমিক।

فریفتگی (ফারিফতগী) ফাঃ নাঃ স্ত্রীং ; ভালবাসা। প্রেম। মুহাব্বত।

فریق (ফরীক) আঃ নাঃ পুং ; বিচ্ছেদকারী। সম্প্রদায়। বিচারপ্রার্থী। প্রতিদ্বন্দ্বী। দল।

فریق اول (–এ- আউয়াল) বাদী।

فریق ثانی (–এ-ছানী) বিবাদী।

فریقین (ফারিকাইন) উভয় পক্ষ। বাদী-বিবাদী।

فریم (ফ্রেম–Frame) ইং নাঃ পুং ; ছবির ধাঁচ। চশমার সাঁচ।

ف – ز

فزا (ফিযা) ফাঃ বিঃ ; বর্দ্ধক। বর্ধনশীল।

فزع (ফাযা') ফাঃ বিঃ ; অতিরিক্ত। প্রাচুর্য। অনেক। বিলাপ।

فزون (ফু'যূ)ফাঃ বিঃ ; প্রচুর। অনেক।

فزونی (ফুযূনী) ফাঃ নাঃ স্ত্রীং ; অনেক। প্রচুর। অধিক।

ف – س

فساد (ফাসাদ) আঃ নাঃ পুং ; তুমুল ঝগড়া। গন্ডগোল। বিবাদ। সন্ত্রাস। ষড়যন্ত্র।

فسادی (ফাসাদী) উঃ বিঃ ; ঝগড়াটে। লড়াকু।

فساق (ফুসসাক) আঃ বিঃ ; (فاسق -এর ব–ব)

فسان (ফিসাঁ) ফাঃ নাঃ স্ত্রীং ; শান্। শানের পাথর।

فسانہ (ফাসানাঃ) ফাঃ নাঃ পুং ; উপাখ্যান। উপন্যাস। মনগড়া কথা।

فسخ (ফস্খ) আঃ নাঃ পুং ; ভাঙ্গন। বাতিলকরণ। ভঙ্গকরণ। রহিত করণ।

فسردہ (ফাসুরদাঃ) ফাঃ বিঃ ; হতাশা। কষ্টদায়ক।

فسردگی (ফাসুরদগী) ফাঃ নাঃ স্ত্রীং ; হতাশা। অরাজকতা। বিশৃঙ্খলা।

فسطائیت (ফুসতাইয়াত) উঃ নাঃ স্ত্রীং ; ফ্যাসিবাদ। উগ্রবাদ। বুর্জোয়া শাসন। পুঁজিবাদী সমাজব্যবস্থা।

فسق (ফিস্ক) আঃ নাঃ পুং ; নাফরমানি। শাস্তি। অবাধ্যতা। পাপ।

فسق فجور (– ফুজুর) আঃ নাঃ পুং ; পাপাচার। অন্যায়– আচরণ।

فسوں (ফুসূঁ) ফাঃ নাঃ পুং ; যাদু। মন্ত্র। ধোঁকা। প্রতারণা।

فسوں ساز (– সায) যাদুকর।

فسوں سازی (– সাযী) যাদুকরী।

ف – ش

فش (ফুস) ফাঃ নাঃ পুং ; পাগড়ির লেজ। ঘোড়ার লেজ।

فش (ফেশ্) ফাঃ তুচ্ছ ; নিম্নতর। উদ্ভট। উৎকট।

فشار (ফিশার) ফাঃ নাঃ পুং ; দাবান। ধ্বসা। কবরে লাশ রাখা।

فشان (ফিশা) ফাঃ বিঃ ; বিচ্ছুরনশীল। বিস্তার শীল।

فشانی (ফিশানী) বিচ্ছুরণ। বিস্তার।

فشرده (ফিশারদা) ফাঃ বিঃ ; নির্যাস। ঘর্ম বের হওয়া। ঘাম। রস।

ف – ص

فص (ফাস্) আঃ ; নগিনা। হাড্ডির জোড়া। গিঁট। (ব–ব, فصوص)

فصاحت (ফাসাহাত) আঃ নাঃ স্ত্রীঃ ; বাকপটুতা। অনর্গল কথন। বাগ্মীতা।

فصاد (ফাস্সাদ) আঃ নাঃ বিঃ ; অস্ত্রোপচারকারী। সার্জন।

فصحا (ফুসাহা) আঃ নাঃ পুং ; (فصیح -এর ব–ব) বাগ্মীদল। বাকপটুর দল।

فصد (ফসদ) আঃ নাঃ স্ত্রীঃ ; রগ থেকে রক্ত বের করা।

فصل (ফস্‌ল) আঃ নাঃ স্ত্রীঃ ; মওসুম। ঋতু। পরিচ্ছেদ। বিরহ। জুদা। পর্দা। আড়। (ব–ব, فصول)

فصل خریف (–এ-খরীফ) আঃ ফাঃ নাঃ স্ত্রীঃ ; আউশ। মৌসুম। আউশ ফসল।

فصل ربیع (–এ-রবী) আঃ ফাঃ স্ত্রীঃ ; রবিশস্য।

فصل گل (–এ-গুল) আঃ ফাঃ নাঃ স্ত্রীঃ ; বসন্তকাল।

فصیح (ফসীহ) আঃ বিঃ ; বাকপটু। মিষ্টভাষী। তর্কবাগীশ।

فصیل (ফাসীল) আঃ নাঃ স্ত্রীঃ ; দেয়াল। প্রাচীর। চার দেয়াল। বাউন্ডারী।

ف – ض

فضا (ফাযা) আঃ নাঃ স্ত্রীঃ ; প্রশস্ততা। স্তর। বসন্ত। উজ্জ্বল।

فضائل (ফাযাইল) আঃ নাঃ পুং ; (فضیلت -এর ব–ব) নেক। সৌন্দর্য। পুর্ণ্য।

فضائل اربعه (–ই-'আ আরবা) চার সুন্দর। হেকমত, বীরত্ব, নিস্পাপ, ইনসাফ– এই চার গুণের সমন্বয়।

فضائیه (ফাযাইয়াঃ) আঃ নাঃ পুং ; বিমান বাহিনী। এয়ার ফোর্স–Air Force.

فضل (ফযল) আঃ নাঃ পুং ; আধিক্য। অতিরিক্ত। জ্ঞান। পুণ্য। রহম। দয়া। মেহেরবানি।

فضلا (ফুযালা) আঃ নাঃ পুং ; (فاضل -এর ব–ব) শিক্ষা সমাপক আলেমগণ।

فضله (ফযলাঃ) আঃ নাঃ পুং ; উচ্ছিষ্ট। অবশিষ্ট। অতিরিক্ত। পায়খানা। বিষ্ঠা। (ব–ব, فضلات)

فضول (ফুযূল) আঃ বিঃ ; অপ্রয়োজনীয়। অতিরিক্ত। অনর্থক। অত্যধিক।

فضول خرچ (– খরচ) নাঃ বিঃ ; অপব্যয়। অমিতব্যয়িতা।

فضول خرچی (–খরচী) নাঃ স্ত্রীঃ ; অমিতব্যয়িতা। অপব্যায়।

فضول گو (– গো) আঃ ফাঃ পুং ; বাচাল।

فضولی (ফুযুলী) আঃ বিঃ ; বেহুদা। বাচাল। যে বক বক করে। অথর্ব।

فضه (ফিযযাঃ) আঃ নাঃ স্ত্রীঃ ; রূপা। রৌপ্য। রজত।

فضیتا (ফাযীতা) উঃ নাঃ স্ত্রীঃ ; অপমান। অপদস্ত। বদনামি।

فضیحت (ফযীহত) আঃ নাঃ স্ত্রীঃ ; অপমান। অখ্যাতি।

فضیحتی (ফযীহতী) উঃ নাঃ স্ত্রীঃ ; বদনামি। অখ্যাতি।

فضیلت (ফযীলত) আঃ নাঃ স্ত্রীঃ ; মহাত্মন। প্রকৃষ্টতা। জ্ঞান। উৎকর্ষ।

فضیلت مآب (– মা'আব) আঃ বিঃ ; অতি মহান। মাননীয়। ইং ; হিজ এক্সেলেন্সী (His Excelleney)

ف – ط

فطانت (ফাতানাত) আঃ নাঃ স্ত্রীঃ ; মেধা। বিচক্ষণতা। বুদ্ধিমত্তা। বিজ্ঞতা।

فطام (ফিতাম) আঃ ; বাচ্চার দুধ ছাড়ান। বিরহ।

فطر (ফিতর) আঃ নাঃ পুং ; রোযা খোলা। ইফতার।

فطرت (ফিতরাত) আঃ নাঃ স্ত্রীং ; সত্তা। প্রকৃতি। কৌশল। অভিসন্ধি। বুদ্ধি। তীক্ষ্ণবুদ্ধি। ষড়যন্ত্র।

فطرتا (ফিতরাতান) আঃ বিণ ; প্রকৃতিগত। স্বভাবজাত। সহজাত।

فطرتی (ফিতরাতী) বিঃ ; প্রাকৃতিক। ধূর্ত। কৌশলী।

فطره (ফিতরাঃ) আঃ নাঃ পুং ; ঈদের নির্ধারিত দান। ফেৎরা।

فطری (ফিতরী) আঃ বিঃ ; জন্মগত। অভ্যাসগত।

فطس (ফিতাস) আঃ ; সূচাল নাক। লোহা চ্যাপটা করা।

فطن (ফিতান) আঃ বিঃ ; বিচক্ষণ। হুঁশিয়ার।

فطوس (ফুতূস) আঃ ; মরা।

فطیر (ফাতীর) আঃ বিঃ ; তাজা খামীর।

فطیس (ফাতীস) আঃ বিঃ ; বড় হাতুড়ি। গুর্জ। মুগুর। দুরমুজ।

فطیم (ফাতীম) আঃ বিঃ ; দুধ ছাড়া বাচ্চা।

ف – ظ

فظ (ফায্যা) আঃ ; কর্কশ। বাজখাই। রুক্ষভাষা।

فظع (ফাযা') আঃ ; ঠোঁটে ঠোঁটে।

فظیع (ফযী) আঃ ; জটিল কাজ। মারাত্মক।

ف – ع

فعال (ফাআল) আঃ বিঃ ; মানবতা। উদারতা। সহনশীলতা।

فعال (ফা'আল) আঃ বিঃ ; অতিশয় কর্ম সম্পাদনকারী। আল্লাহ তা'আলা।

فعل (ফে'ল) আঃ নাঃ পুং ; কর্ম। কাম। কাজ। স্পন্দন। নড়াচড়া।

فعل جائز (–এ-জায়িজ) আঃ নাঃ পুং ; বৈধ কাজ।

فعل شنیع (–এ-শানি') আঃ নাঃ পুং ; লজ্জাষ্কর কাজ।

فعل ناشائشته (–নাশায়িস্তাঃ) আঃ নাঃ পুং ; অসৌজন্যমূলক আচরণ। অনাবশ্যক কর্ম। বেখাপ্পা ব্যবহার।

فعلا (ফে'লান) আঃ বিণ ; কর্মগত। আমলী। বাস্তবোচিত।

فعلی (ফে'লী) আঃ বিঃ ; কর্ম। কর্মগত। আমলী।

فعلیا (ফে'লিয়া) উঃ বিঃ ; ধোঁকাবাজ। শঠ। প্রতারক।

ف – غ

فغاں (ফুগাঁ) ফাঃ নাঃ পুং ; শোরগোল। ফরিয়াদ। বিলাপ। অভিযোগ। হতভম্ব।

فغانی (ফুগানী) ফাঃ বিঃ ; ফরিয়াদী। বাদী। বিচার প্রার্থী।

فغور (ফাগুর) ফাঃ নাঃ পুং ; চীনের এক বাদশাহ'র নাম।

ف – ف

فف (ফিফ) ফাঃ নাঃ স্ত্রীং ; ফুঁক।

ففرو (ফাফিররু) উঃ বিঃ ; পলায়নপর। ফেরারী।

ف – ق

فق (ফক্) আঃ বিঃ ; বিবর্ণ। চিন্তান্বিত। হতভম্ব। উদাস। পেরেশান। কিংকর্তব্যবিমূঢ়।

فقدان (ফুকদান) আঃ নাঃ পুং ; হারিয়ে ফেলা। খুইয়ে বসা। ভুল।

فقر (ফকর) আঃ নাঃ পুং ; দারিদ্র্য। ভিক্ষা।

فقرو فاقه (– ওয়া ফাকা) আঃ নাঃ পুং ; দরিদ্রতা। নিঃস্বতা।

فقراء (ফুকারা) আঃ নাঃ পুং ; (فقیر

-এর ব-ব) গরীবের মিছিল। গরীবরা।

فقره (ফিকরাঃ) আঃ নাঃ পুং ; মেরুদন্ড। বাক্য। লেজ। ধোঁকা। ব-ব, فقرات।

فقره باز (ফকরাঃ বায) নাঃ পুং ; ধোঁকাবাজ। শঠ। প্রতারক। চালবাজ।

فقه (ফিক্‌হ) আঃ নাঃ স্ত্রীং ; জ্ঞান। (আইনের) জ্ঞান। মুসলমানী শরীয়তী জ্ঞান।

فقها (ফুকাহা) আঃ নাঃ পুং ; (فقیه -এর ব-ব) ফকীহগণ। শরীয়ত জ্ঞানের পন্ডিতবর্গ। ফকীহবৃন্দ।

فقید (ফকীদ) আঃ বিঃ ; দুষ্প্রাপ্য। অনিশ্চিত।

فقید المثال (- আল মিছাল) বিরল। বে-নজীর। অতুলনীয়। অদ্বিতীয়। লা-জওয়াব।

فقیر (ফকীর) আঃ নাঃ পুং ; নিঃস্ব। দরিদ্র। ভিখারী। ভান্ডারী। দরবেশ।

فقیر خانه (- খানাঃ) আঃ ফাঃ নাঃ পুং ; লঙ্গরখানা। উদ্বাস্তু।

فقیرانه (ফকীরানাঃ) ফাঃ বিঃ ; দরিদ্রের মত। দরবেশী।

فقیرنی (ফকীরনী) উঃ নাঃ স্ত্রীং ; ভিখারিণী।

فقیری (ফকিরী) আঃ নাঃ স্ত্রীং ; দরিদ্রতা। দরবেশী। ফকিরী।

فقیه (ফকীহ) আঃ নাঃ পুং ; ফিক্‌হ জ্ঞানের পন্ডিত। মুফতীয়ে দ্বীন।

ف - ک

فکاهت (ফুকাহাত) আঃ নাঃ স্ত্রীং ; ধাঁ ধাঁ। সৌখিনতা। মিশুক প্রকৃতি।

فک (ফক) আঃ নাঃ পুং ; চোয়াল। বিরহ। পৃথকীকরণ। আলাদাকরণ।

فک اسفل (-এ-আসফাল) আঃ ; নীচের চোয়াল।

فک اعلی (-এ-আলা) আঃ ; উপরের চোয়াল।

فکر (ফিকর) আঃ নাঃ পুং ; চিন্তা। কল্পনা। উদ্বেগ। সংশ্রব। যত্ন। উৎকণ্ঠা।

فکرمند (ফিকরমান্দ) আঃ ফাঃ হিঃ ; চিন্তাবিদ। চিন্তাশীল। কষ্টপেলব। কষ্ট দায়ক।

فکر مندی (ফিকর মান্দী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; খেয়াল। চিন্তা।

فکرت (ফিকরত) আঃ নাঃ স্ত্রীং ; বিচার। চিন্তাধারা। নযরিয়া।

فکس ڈیپازٹ (ফিক্স ডিপোজিট -Fixed Deposit) ইং নাঃ পুং ; নির্ধারিত সময়ের জন্য ব্যাংকে টাকা জমা করা, যা মেয়াদের পূর্বে তোলা যায় না।

ف - گ

فگار (ফাগার) ফাঃ বিঃ ; যখমী। ঘায়েল। আহত।

فگن (ফিগান) ফাঃ বিঃ ; افگن -এর সংক্ষেপ। নিক্ষেপক। বিশেষণের শেষে ব্যবহৃত হয়। যেমন- تیز فگن -দ্রুত নিক্ষেপক।

ف - ل

فلاح (ফালাহ্‌) আঃ ফাঃ স্ত্রীং ; কল্যাণ। উন্নতি। নেকী। তৃপ্তি। শ্রেষ্ঠত্ব।

فلاح دارین (-এ-দারাইন) আঃ নাঃ স্ত্রীং ; ইহ-পারলৌকিক কল্যাণ।

فلاح (ফাল্লাহ্‌) আঃ নাঃ পুং ; কৃষক।

فلاحت (ফালাহাত) আঃ নাঃ স্ত্রীং ; ক্ষেত-খামার। চাষাবাদ। জমি-জমা।

فلاسفر (ফিলোসোফার-Philosopher) ইং নাঃ পুং ; দার্শনিক।

فلاسفه (ফালাসিফাঃ) আঃ নাঃ পুং ; (فلسفی -এর ব-ব)।

فلاطونی (ফালাতুনী) আঃ বিঃ ; গ্রীক দার্শনিক প্লেটো সম্বন্ধীয়। প্লেটিয়।

فلاطونیت (ফালাতুনিয়ত) আঃ নাঃ স্ত্রীং ; প্লেটোর চিন্তাধারা। প্লেটোবাদ।

فلاکت (ফালাকাত) আঃ নাঃ স্ত্রীং ; দরিদ্রতা। নিঃস্বতা। রিক্ততা।

কপর্দকহীনতা। অর্থশূন্যতা।

فلاكت زده (ফালাকাত যাদাঃ) ফাঃ নাঃ বিঃ; মুসিবতগ্রস্ত। অসৎ। দুর্ভাগা।

فلالين (ফালালাইন) উঃ নাঃ পুং; একপ্রকার মোলায়েম পশমী কাপড়।

فلان (ফালান) উঃ নাঃ পুং স্ত্রীং; লিঙ্গ। পুরুষাঙ্গ। লজ্জাস্থান।

فلاں (ফুলা) আঃ বিঃ; অমুক।

فلاں بهماں (ফুলা বহমাঁ) আঃ ফাঃ নাঃ পুং; আজেবাজে। এয়া-ওয়া। ছল্লি-বল্লি। ছক্কা-পাঞ্জা।

فلانا (ফুলানান) উঃ বিঃ; ব্যক্তি। সত্তা।

فلانى (ফুলানী) উঃ বিঃ; অমুক নারী। অমুক কাম। ঐ কথা।

فلزات (ফিলিযযাত) আঃ নাঃ পুং–স্ত্রীং; খনিজ পদার্থ। যে পদার্থ গলে যায়– যেমন, সোনা, রূপা।

فلس (ফাল্‌স) আঃ নাঃ পুং; পয়সা। তাম্র-মূদ্রা। কাঁচা টাকা। (ব–ব, فلوس)

فلسفه (ফালসাফা) আঃ নাঃ পুং; দর্শন। বিজ্ঞতা। হেকমত। ফিলোসপি।

فلسفى (ফালসফী) আঃ বিঃ; কৌশলী। দার্শনিক।

فلسفيانه (ফালসফীয়ানা) আঃ বিঃ; দর্শনগত। কৌশলগত।

فلفل (ফিলফিল) আঃ নাঃ স্ত্রীং; মরিচ। (ব–ব, فلافل)

فلفل دراز (–এ-দরায) আঃ ফাঃ নাঃ পুং; লম্বা মরিচ। ছিটি মরিচ।

فلفل اخضار (–ই-আখযার) আঃ নাঃ পুং; কাচা মরিচ। কাচা লংকা।

فلک (ফালক) আঃ নাঃ পুং; আকাশ। আসমান। অন্তরীক্ষ।

فلک اطلس - فلک اعظم (– এ-আতলাস -এ আযম) আঃ নাঃ পুং; উঁচু আসমান। যেখানে তারকা নেই।

فلكيات (ফালকিয়ত) আঃ নাঃ পুং; জ্যোতির্বিদ্যা।

فلم (ফিল্ম–Film) ইং নাঃ পুং; চলচ্চিত্র। ছায়াছবি। প্রতিচিত্র। প্রতিচ্ছায়া।

فلم سٹار (ফিল্ম স্টার) ইং নাঃ পুং; হিরো। নায়ক।

فلو (ফিলো–Flue) ইং নাঃ পুং; ইনফ্লুয়েঞ্জার সংক্ষেপ। নিউমোনিয়া।

فلورمل (ফ্লাওয়ার মিল–Flour mill) ইং; আটার কল। যাঁতা।

فلور (ফ্লোর–Floor) ইং নাঃ পুং; স্তর। ফ্লাট। তলা। মঞ্জিল।

فلوس (ফ্লুস) আঃ নাঃ পুং; (فلس -এর ব–ব) পয়সা। মাছের আঁশ।

فلهذا (ফালিহাযা) আঃ বিন; এ জন্যই। এ কারণেই।

فليته (ফলীতাঃ) আঃ নাঃ পুং; সলিতা।পলিতা। দিয়াশলাই।

ف – م

فم (ফাম) আঃ নাঃ পুং; মুখ। গাল।

فم رحم (ফামে রহম) আঃ নাঃ স্ত্রীং; জরায়ুর মুখ।

ف – ن

فن (ফান্‌) আঃ নাঃ পুং; বিজ্ঞান। কৌশলবিদ্যা। বিষয়। কৌশল।

فنا (ফানা) আঃ নাঃ স্ত্রীং; অনস্তিত্ব। মৃত্যু। ধ্বংস। বিলয়। ক্ষয়। লয়।

فنانس (ফিন্যান্স–Finance) ইং নাঃ পুং; উৎপাদন। ঋণ দান। ভান্ডার। খাযানা।

فنانشيل (ফাইনান্সিয়াল–Financial) ইং বিঃ; রাজস্ব। ট্রেজারী। কর। জাতীয় আয়।

فنجان (ফিনজান) আঃ নাঃ পুং; কফির পেয়ালা। চা-কাপ।

فند (ফানদ) ফাঃ নাঃ পুং; ফাঁদ। প্রতারণা। জাল। চক্রান্ত।

فندق (ফিনদাক) আঃ নাঃ স্ত্রীং; চেরীফল। প্রেমিকার নেইল পলিশ করা আঙ্গুলের

মাথা।

فنڈ (ফান্ড–Fund) ইং নাঃ পুং ; পুঁজি। জমা। লগ্নি। সম্পদ।

فنر (ফনার) নাঃ পুং ; কাপ। সরু জিনিষ ঢুকানোর নল।

فنس (ফিনস) উঃ নাঃ স্ত্রীং ; পালকী। হাওদা।

فنون (ফুনূন) আঃ নাঃ পু ং; (فن -এর ব–ব) শিল্প। গুণ। বিদ্যা। ধোঁকা।

فنی (ফান্নী) ফাঃ বিঃ ; বিষয় ভিত্তিক।

ف – و

فواحش (ফাওয়াহিশ) আঃ নাঃ পুং ; (فاحشه এর ব–ব) অসৎ কাজ। কুকর্ম।

فواد (ফুয়াদ) আঃ নাঃ পুং ; আত্মা। হৃদয়। মন।

فواره (ফাওয়ারা) আঃ নাঃ পুং ; উৎক্ষেপণ। কূর্দন। ফোয়ারা। জলপ্রপাত। জলাধার। বারিধারা।

فواکه (ফাওয়াকিহ) আঃ নাঃ পুং ; (فاکة -এর ব–ব) ফল।

فوائد (ফাওয়াহিদ) আঃ নাঃ পুং ; (فائده -এর ব–ব) উপকার। বাড়তি পাওনা। মজা। সূদ।

فوت (ফওত) আঃ বিঃ ; হারানো। খোয়া। মৃত্যু। অনস্তিত্ব।

فوتی (ফওতি) আঃ নাঃ বিঃ ; মৃত। মুমুর্ষু। মরণ পথযাত্রী।

فوٹو (ফোটো –Photo) ইং নাঃ পুং ; ছবি। কপি। প্রতিচিত্র।

فٹوسٹیٹ کاپی (ফটোস্ট্যাট কপি –Photostet copy) ইং নাঃ পুং ; নকল কপি।

فوج (ফৌজ) আঃ নাঃ স্ত্রীং ; সেপাই। সৈনিক। জঙ্গী সৈনিক। সেনা। পার্টি। দল। (ব–ব, افواج)

فوج دار (ফৌজদার) আঃ ফাঃ বিঃ ; সেনাপতি। ফৌজি অফিসার। কোতোয়াল। ম্যাজিস্ট্রেট। মাহুত। যিনি বাদশাহর হাতি চালান।

فوج داری (ফৌজদারী) আঃ ফাঃ স্ত্রীং ; ফৌজদারের পেশা। যে কোর্টে মারামারি, খুনাখুনিসহ ফেৎনা-ফাসাদের বিচার কার্য চলে। ফৌজদারী আদালত।

فوج کشی (ফ'ওজ্‌কাশী) ফাঃ ; সৈন্যচালনা। আক্রমণ।

فوجی (ফওজী) আঃ বিঃ ; সৈনিক। জঙ্গী। সেনা সম্বন্ধীয়।

فور (ফওর) আঃ নাঃ পুং ; জলদি। দ্রুত। নিমিষে।

فورا (ফওরান) আঃ বিণ ; এই সময়। তাড়াতাড়ি। ঝটপট।

فورٹ (ফোর্ট-Fort) ইং নাঃ পুং ; দুর্গ। কেল্লা।

فوری (ফওরী) আঃ বিঃ ; জলদি। এখনই। এই মুহূর্তে।

فوز (ফওয) আঃ নাঃ স্ত্রীং ; সফলতা। বিজয়। উৎকর্ষ। উন্নতি।

فوز عظیم (–এ-আযীম) আঃ বিঃ ; বিশাল উৎকর্ষ। ঈর্ষণীয় সাফল্য।

فوض (ফওয) আঃ নাঃ পুং ; সোপর্দ। ঠিকাদারী।

فوضیت (ফউযিয়াত) আঃ নাঃ স্ত্রীং ; সংস্কৃতিক সাম্যতা। ঐক্যমতের সরকার।

فوطه (ফুতাঃ) ফাঃ নাঃ পুং ; ডিম। বয়যা। অন্ডকোষ। পট্টি। কোমরবন্দ। সিভিল পোষাক। সাধারণ পোষাক। তোয়ালে। গামছা। পাগড়ি। ভান্ডার।

فوطه خانه (– খানাঃ) ফাঃ নাঃ পুং ; খাযানা। ট্রেজারী। ব্যাংক।

فوطه دار (ফুতাদার) ফাঃ নাঃ পুং ; খাজাঞ্চী। তহশীলদার।

فوفل (ফুফাল) আঃ নাঃ স্ত্রীং ; সুপারী।

فوق (ফাওক) আঃ নাঃ পুং ; উঁচু। উচ্চ। উপরে। অগ্রণী। শ্রেষ্ঠত্ব।

فوقانی (ফওকনী) আঃ বিঃ ; উপরি।

উচ্চতর। শ্রেয়তর।
فوقيه (ফাওকিয়াঃ) আঃ নাঃ স্ত্রীং ; শ্রেষ্ঠত্ব। বড়ত্ব। প্রাধান্য। বাছনিক। শ্রদ্ধা। সম্মান।
فول (ফুল-Fool) ইং বিঃ ; বেকুফ। আহম্মক।
فولاد (ফোলাদ) ফাঃ নাঃ পুং ; নেহাৎ শক্ত। ইস্পাত। কড়া। মজবুত। কঠিন।

ف - ه

فهارس (ফাহারিস) আঃ নাঃ স্ত্রীং ; (فهرس -এর ব-ব) তালিকা। সূচী।
فهامه (ফাহামাঃ) আঃ বিঃ ; পন্ডিত। মহাজ্ঞানী। ধার্মিক।
فهرست (ফেহরেস্ত) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; সূচীপত্র। তালিকা।
فهم (ফাহ্‌ম) আঃ নাঃ স্ত্রীং ; বুঝ। জ্ঞান। উপলব্ধি। অনুধাবন। বিজ্ঞতা। বুদ্ধিমত্তা।
فهمائش (ফাহ্‌মায়েশ) ফাঃ নাঃ স্ত্রীং ; দিশা। হেদায়েত। বোঝান।
فهميد (ফাহমীদ) ফাঃ নাঃ স্ত্রীং ; বুঝ। জ্ঞান। অনুধাবন।
فهميدگى (ফাহমিদগী) ফাঃ নাঃ স্ত্রীং ; বুঝ-সুঝ। বিজ্ঞতা। বুদ্ধিমত্তা।
فهميده (ফাহমীদাঃ) ফাঃ বিঃ ; জ্ঞানী। হুঁশিয়ার। (ব-ব, فهميدگان)
فهيم (ফাহীম) ফাঃ বিঃ ; জ্ঞানী। বিজ্ঞ। অভিজ্ঞ।

ف - ى

فى (ফী) আঃ ; মধ্যে। মাঝে। সাথে।
فى الاصل (ফিল আসল) আঃ বিণ ; বাস্তবিকপক্ষে। সত্যি বলতে কি। স্মর্তব্য যে।
فى البديه (ফিল বদীহ) আঃ বিণ ; স্বতঃস্ফূর্তচিত্তে। অবলীলায়। আগপাছ না ভেবে।
فى الجمله (ফিল জুমলাঃ) আঃ মোটামুটি। মোটকথা। মোদ্দাকথা।
فى الفور (ফিল ফওর) আঃ বিণ ; জলদি। দ্রুত।
فى صد (ফি- সদ) ফাঃ বিঃ ; শতকরা। পার্সেন্টিজ।
فى كس (ফি কাস) ফাঃ বিঃ ; মাথাপিছু। জনপ্রতি।
فى كل وجوه (ফিকুল্লী অজুহ) আঃ বিঃ ; সর্বদিক থেকে।
فى (ফী) উঃ নাঃ স্ত্রীং ; দোষ। খাদ। ত্রুটি।
فياض (ফাইয়াজ) আঃ বিঃ ; দাতা। সাগরসম হৃদয়। উদার। মহানুভব।
فياضى (ফাইয়াযী) আঃ নাঃ স্ত্রীং ; উদারতা। বদান্যতা।
فيته (ফীতাঃ) হিঃ নাঃ পুং ; ফিতা।
فيچر (ফিচার-Feature) ইং নাঃ পুং ; রেডিও, টি ভি বা সিনেমা জগতের খবর। পর্নো খবর।
فيڈرل سٹيٹ (ফেডারেল স্টেট-Federal state) ইং নাঃ পুং ; যুক্তরাষ্ট্র। যুক্তরাজ্য।
فيڈرشن (ফেডারেশন- Federation) ইং নাঃ পুং ; সংস্থা। সমিতি। জামায়াত। আঞ্জুমান।
فير (ফায়ার) উঃ নাঃ পুং ; আগুন। বন্দুক বা তোপ চালান।
فير كرنا (ফায়ার করনা) মূঃ ; গুলি করা।
فيرنى (ফিরনী) নাঃ স্ত্রীং ; ফিন্নি। দুধ. চিনি ও চাল দ্বারা তৈরী পায়েশ।
فيروز (ফিরোয) ফাঃ বিঃ ; বিজয়। কামিয়াব।
فيروز بخت (- বখত) আঃ ফাঃ বিঃ ; খোশনসীব।
فيروزه (ফিরোযাঃ) ফাঃ নাঃ পুং ; নীল। সবুজ দামী পাথর বিশেষ।
فيرى (ফেরী-Ferry) ইং নাঃ পুং ; খেয়া। পারাপারের বড় বাহন। ফেরী।
فيشن (ফ্যাশন-Fashion) ইং নাঃ পুং ; ঢং। আদর্শ। মডেল। প্রচলিত

সাজ-সজ্জা।

فیصل (ফায়ছাল) আঃ নাঃ পুং ; ফায়ছালাকারী। নিস্পত্তিমূলক।

فیصله (ফায়ছালাঃ) আঃ বিঃ ; মীমাংসা। পরখ। নিরীক্ষণ।

فیض (ফয়েয) আঃ নাঃ পুং ; সমৃদ্ধি। উদারতা। দয়া। সংশ্রব।

فیض عام (–এ-আম) জনকল্যাণ।

فیض یاب (–ইয়াব) আঃ ফাঃ বিঃ ; উপকৃত।

فیض (ফেয– Fez) ইং নাঃ পুং ; তুর্কী টুপী।

فیضان (ফায়যান) আঃ নাঃ পুং ; মহাপকার। বিশাল দান।

فیضی (ফয়যী) আঃ ফাঃ বিঃ ; উপকারী। আকবর বাদশাহর দরবারী কবির নাম।

فیکڑی (ফ্যাক্টরী –Factory) ইং নাঃ পুং ; কারখানা। ইন্ডাস্ট্রী।

فیل (ফেল–Fail) ইং বিঃ ; অকৃতকার্য। হতাশ। নিপতিত। মার।

فیل (ফয়ল) উঃ নাঃ পুং ; ধোকা। প্রতারণা। শঠামি।

فیل (ফীল) আঃ নাঃ পুং ; হাতী। হস্তী। ঐরাবত। (ব–ব, فیلان)

فیلبان (ফীলবান) ফাঃ নাঃ পুং ; মাহুত। হস্তীচালক।

فیلپا (ফীলপা) ফাঃ নাঃ পুং ; পা মোটা হয় এমন রোগ।

فیل خانه (ফীল খানাঃ) ফাঃ নাঃ পুং ; হাতিশাল। পিলখানা।

فیلڈ (ফীল্ড –Field) ইং নাঃ স্ত্রীং ; মাঠ। ময়দান।

فیلڈ مارشل (ফীল্ড মার্শাল –Field Marshal) ইং নাঃ পুং ; সেনাবাহিনীর সর্বোচ্চ পদ। যিনি দু'টি যুদ্ধে জয়লাভ করেন। তাকে এই উপাধি দেয়া হয়।

فیلسوف (ফায়লাসুফ) ইউঃ নাঃ পুং ; হাকীম। দার্শনিক। কৌশলী। ধোঁকাবাজ।

فیلسوفی (ফায়লাসুফী) উঃ নাঃ স্ত্রীং ; অপব্যয়। অমিতব্যয়িতা। কৌলিন্যপ্রিয়তা। বিলাসিতা।

فیلو (ফিলো–Fellow) ইং নাঃ পুং ; মানুষ। একা, একাকী। সাথী। সহচর। সোসাইটি বা ভার্সিটির মেম্বর।

فیلوشپ (ফিলোশীপ–Fillow Ship) ইং নাঃ পুং ; শিক্ষা প্রতিষ্ঠানের সর্বোচ্চ সদস্য।

فیله (ফীলাঃ) ফাঃ নাঃ পুং ; দাবার হাতি। পিল, কোণাকুণী চলে যা।

فیملی (ফ্যামিলী–Family) ইং নাঃ পুং ; পরিবার। খান্দান। বংশ। বাল-বাচ্চা।

فیملی پلانیگ (ফ্যামিলী প্লানিং– Family Planning) জন্ম নিরোধ। জন্ম নিয়ন্ত্রণ। পরিবার পরিকল্পনা।

فین (ফ্যান–Fan) ইং নাঃ পুং ; পাখা। বৈদ্যুতিক পাখা।

فینسی (ফ্যান্সী–Fancy) ইং নাঃ বিঃ ; উত্তম। মনোলোভা। আকর্ষনীয়।

فیوڈل (ফিউডাল–Feudal) ইং বিঃ ; ইংরেজী শাসন ব্যবস্থার মধ্যযুগীয় জমিদারী প্রথা।

فیه نظر (ফীহি নযরুন) আঃ বিঃ ; আপত্তিকর। এটা সন্দেহজনক। এর মধ্যে কথা আছে।

ق

ق (ক্বফ) আঃ পুং ; উর্দুর ২৭, ফার্সীর ২৪ ও আরবীর ২১তম অক্ষর। আবজাদ হিসেবে এর মান–১০০।

ق – ا

قل (ক্বা) উঃ নাঃ স্ত্রীং ; কাকের ডাক। ক্ব-লা। কা–কা।

قاآن (ক্বা'আন) তুঃ নাঃ পুং ; ন্যায় বিচারক। দাতা ও জ্ঞানী বাদশাহ। তুর্কী ও চীন সম্রাটদের উপাধি। চেঙ্গিজখানের পুত্র উগতাই-এর উপাধি।

قا آنی (কাআনী) তুঃ ফাঃ বিঃ ; কা'আন সম্বন্ধীয়। ইরানের বিখ্যাত কবি।

قاب (কাব) তুঃ নাঃ পুং ; তশতরি। রেকাবি। বড় থালা।

قاب (ক্বাব) আঃ নাঃ স্ত্রীং ; এক হাত পরিমাণ দূরত্ব।

قاب قوسين (কাবা কাওসাইন) আঃ ; অতি নিকট। দু'হাত দূরত্ব। দু'ধনুক পরিমাণ দূর।

قابض (কাবিয) আঃ ফাঃ নাঃ পুং ; কব্জাকারী। দখলদার।

قابل (কাবিল) আঃ ফাঃ বিঃ ; উপযুক্ত। যথোপযুক্ত। জ্ঞানী। বিচক্ষণ।

قابل ادا (–এ-আদা) আঃ ফাঃ বিঃ; আদায় যোগ্য।

قابل اعتبار (–এ-ইতিবার) আঃ ফাঃ বিঃ ; গ্রহণযোগ্য। যুক্তিগ্রাহ্য।

قابل اعتراض (–এ-ইতিরাজ) আঃ ফাঃ বিঃ ; আপত্তিকর। খামাখা। খাদযুক্ত। ভেজাল।

قابل تعريف (–এ-তারীফ) আঃ ফাঃ বিঃ ; প্রশংসনীয়। নান্দনিক।

قابل ديد (–এ-দীদ) আঃ ফাঃ বিঃ ; দর্শনীয়।

قابل ذكر (–এ-জিকর) আঃ ফাঃ বিঃ ; উল্লেখযোগ্য।

قابله (কাবিলাঃ) আঃ বিঃ ; হুঁশিয়ার এবং যোগ্য নারী। নাঃ স্ত্রীং ; দাই।

قابليت (কাবিলিয়াত) মূঃ ; যোগ্যতা কার্যক্ষমতা। উপযুক্ততা।

قابو (কাবু) ফাঃ নাঃ পুং ; শক্তি। ক্ষমতা অধিকার। সুযোগ।

قابوچى - قاپوچى (কাবুচী-কাপুচী) তুঃ নাঃ পুং ; দারোয়ান। নীচ। হীনমন্য। স্বার্থপর।

قابيل (কাবীল) সুঃ নাঃ পুং ; হযরত আদম (আঃ)-এর সন্তান। হাবীলের হত্যাকারী।

قاتل (কাতিল) আঃ বিঃ ; হত্যাকারী। হন্তা। খুনী। জল্লাদ। আততায়ী।

قاجار (কাজার) ফাঃ নাঃ পুং ; ইরানের একটি রাজবংশ।

قادر (কাদির) আঃ বিঃ ; শক্তিবান। বিজয়ী। আল্লাহর গুণবাচক নাম।

قادرى (কাদিরী) আঃ বিঃ ; শায়খ আব্দুল কাদির জিলানী (রহঃ)-এর অনুসারী।

قاديانى (কাদিয়ানী) নাঃ পুং ; মীর্যা গোলাম আহমদ কাদীয়ানীর অনুসারী। খতমে নবুওয়ত অস্বীকার কারী। তথাকথিত আহমদী (কাফির) মুসলিম নামধারী জামাত।

قاروره (কারূরাঃ) আঃ নাঃ পুং ; যে শিশিতে পেশাব ভরে ডাক্তারের কাছে নিয়ে যাওয়া হয়, পেশাব পরীক্ষার জন্য। রূপক অর্থে–প্রস্রাব।

قارون (কারূন) আঃ নাঃ পুং ; সর্বকালের সর্বশ্রেষ্ঠ কৃপণ। হযরত মূসা (আঃ)-এর যুগের ধনী। আল্লাহ পাক তার ধন-সম্পদসহ তাকে মাটিতে

দেবে দিয়েছেন। তার দেবে যাওয়া স্থানটি সাগরে রূপ নিয়েছে। মিশরের কায়রোতেই এটি অবস্থিত। ধ্বংসাবশেষটির নাম 'বুহায়রা কারূন'। ৮০ কিঃ মিঃ দৈর্ঘ্য এটা।

قارئ (ক্বারী) আঃ নাঃ পুং ; যিনি কোরান তেলাওয়াত করেন। (ব–ব, قارئين - قراء)

قاز (কায) তুঃ নাঃ স্ত্রীং ; রাজহাঁস।

قاسم (কাসিম) আঃ বিঃ ; বন্টনকারী। বিতরক।

قاش (কাশ) তুঃ নাঃ স্ত্রীং ; ফাক। ফালি। টুকরা। টুকরো টুকরো।

قاشر (কাশির) আঃ বিঃ ; ছিলে ফেলায় যে। চর্মকার। চামার। কসাই।

قاشق (কাশুক) তুঃ বিঃ ; চামচ। তোষামোদী। চাটুকারিতা।

قاص (কাস্‌স) আঃ বিঃ ; গল্পকার। কাহিনীকার।

قاصب (কাসিব) আঃ বিঃ ; ধোপা। ধৌতকার।

قاصد (কাসিদ) আঃ নাঃ পুং ; দূত। প্রতিনিধি। পত্র-বাহক। ইং ; এ্যামব্যাসেডর।

قاصر (কাসির) আঃ বিঃ ; অলস। বাধ্য। অসহায়।

قاصي (কাসী) আঃ ; দূরপাল্লার মুসাফির। দূর।

قاضي (কাযী) আঃ নাঃ পুং ; মুসলিম মুন্সেফ। শরীয়া আদালতের বিচারক। জজ্‌। বিয়ে পড়ানোর মৌলভী।

قاضي القضات (–আল-কুযাত) আঃ বিঃ ; প্রধান বিচারপতি। চীফ জাস্টিস।

قاطبة (কাতিবাঃ) আঃ ; পুরো। গোটা। তামাম। সব।

قاطر (কাতির) ফাঃ নাঃ স্ত্রীং ; খচ্চর।

قاطرچي (– চী) ফাঃ বিঃ ; খচ্চর ওয়ালা।

قاطع (কাতি') আঃ বিঃ ; ভঙ্গকারী। বাধাদানকারী। কর্তনকারী।

قاطع الطريق (–আল-তরীক) লুটেরা। চাঁদাবাজ। সন্ত্রাসী। মাস্তান। ছিনতাইকারী।

قاطن (কাতিন) আঃ ; অবস্থানকারী। মুকীম। মুসাফির এর বিপরীত শব্দ।

قاع (কা') আঃ ; সমতল ভূমি। প্রশস্ত জমি।

قاعد (কায়িদ) আঃ ; উপবিষ্ট।

قاعده (কায়িদাঃ) আঃ নাঃ পুং ; মূল। বুনিয়াদ। সংবিধান। রীতিনীতি। প্রথা। কানুন। আইন-প্রণালী। পদ্ধতি। উঃ ; অভ্যাস। খাসলত। বাচ্চাদের প্রথম পাঠ-বর্ণবোধ।

قاف (ক্বফ) আঃ নাঃ পুং ; আরবী বর্ণমালার এক অক্ষর। ককেশাস পাহাড়।

قاف تاقاف (কাফ তা কাফ) নাঃ বিণ ; গোটা বিশ্ব। পৃথিবীর এক প্রান্ত থেকে অপর প্রান্ত।

قافله (কাফেলাঃ) আঃ নাঃ পুং ; যাত্রীদল। পর্যটক-দল।

قافله سالار (– সালার) আঃ ফাঃ নাঃ পুং ; কাফেলা-সর্দার।

قافيه (কাফিয়াঃ) আঃ নাঃ পুং ; (কবিতার) মিল। পর্যন্ত। মিত্রাক্ষর। ছন্দ।

قاق (কাক্‌) তুঃ নাঃ পুং ; শুষ্ক গোশ্‌ত। রূপক অর্থে, হাড্ডিসার। দুর্বল।

قاقله (কাকুলাঃ) আঃ নাঃ স্ত্রীং ; বড় এলাচী।

قاقم (কাকুম) আঃ নাঃ পুং ; গোকুল জাতীয় জন্তু। যার চর্মদ্বারা পুস্তিন তৈরী করা হয়।

قال (কাল) আঃ নাঃ পুং ; কথোপকথন। আলোচনা।

قالب (কালিব) আঃ বিঃ ; সাঁচ। ধাঁচ। শরীর। রং।

قال وقيل (–ওয়া-কীল) বাদানুবাদ ভালবাসা। দলিলবাজি।

قالیچه (কালীচাঃ) ফাঃ নাঃ পুং ; ছোট গালিচা।

قالین (কালীন) তুঃ নাঃ পুং ; গালিচা। কার্পেট।

قامت (কামাত) আঃ নাঃ পুং ; দেহ। দেহের গঠন।

قاموس (কামুস) আঃ নাঃ পুং ; সাগর। সমুদ্র। আরবীর বিখ্যাত অভিধান।

قامع (কামি') আঃ বিঃ ; অপদস্থকারী। অপমানকারী। উৎপাটনকারী।

قانت (কানিত) আঃ বিঃ ; তাঁবেদার। ইবাদতকারী। চুপ। খামোশ।

قانع (কানি') আঃ বিঃ ; অল্পেতুষ্ট ব্যক্তি।

قانط (কানিত্) আঃ বিঃ ; হতাশা। আশাহত।

قانون (কানুন) আঃ নাঃ পুং ; আইন। বুনিয়াদ। নীতি।

قانون اساسی (-এ-আসাসী) আঃ নাঃ পুং ; সংবিধান। সমরনীতি।

قانون جنگی (-জঙ্গী) আঃ নাঃ পুং ; যুদ্ধনীতি।

قانون دان (কানুনদাঁ) আঃ ফাঃ বিঃ; আইনজ্ঞ। আইনবিদ।

قانونا (কানুনান) আঃ বিণ ; আইনগত। আইনী। আইনানুগ।

قانونی (কানুনী) ফাঃ বিঃ ; আইনানুগ। যুদ্ধংদেহী।

قانونیا (কানুনিয়া) উঃ বিঃ ; লড়াকু। ঝগড়াটে।

قاهر (কাহির) আঃ বিঃ ; বিজেতা। শক্তিমান। প্রভাবশালী।

قاهره (কাহিরাঃ) আঃ বিঃ ; প্রভাবশালী। অত্যাচারী। মিসরের রাজধানী- কায়রো।

قاه قاه (কহ্ কহ্) ফাঃ নাঃ স্ত্রীং ; অট্টহাসি।

قائد (কায়িদ) আঃ নাঃ পুং ; ফৌজি সর্দার। হাকেম। নেতা। লিডার। দিশারী।

قائد اعظم (-এ-আযম) মহান দিশারী। উভয় পাকিস্তানী মুসলমানদের মহাপোকারী। পাকিস্তানের স্থপতি মুহাম্মদ আলী জিন্নাহর উপাধি।

قائزه (কায়িযাঃ) ফাঃ নাঃ পুং ; লাগাম।

قائل (কায়িল) আঃ বিঃ ; সাব্যস্তকারী। কথক। লা-জওয়াব।

قائل هونا (-হোনা) মৃঃ ; মেনে নেয়া। গ্রহণ করা।

قائم (কায়িম) আঃ বিঃ ; দন্ডায়মান। উপস্থিত। সতন্ত্র। দাঁড়। দাবায় চালমাত হওয়া- ড্র হওয়া।

قائم الزمان (কায়েমুজ্জামান) আঃ নাঃ পুং ; শিয়া ইমামদের নায়েব।

قائم بالذات (কায়েম বিযযাত) আঃ বিঃ ; স্বয়ং উত্থিত। সুপ্রতিষ্ঠিত। স্বয়ংক্রিয়।

قائمه (কায়িমাঃ) আঃ নাঃ পুং ; (জ্যামিতিতে) সমকোণ। লম্ব।

قائمی (কায়েমী) ফাঃ নাঃ স্ত্রীং ; অবস্থান। স্থিতিশীলতা। স্বতন্ত্র।

ق - ب

قبا (কাবা) আঃ নাঃ স্ত্রীং ; আচকান। আলখেল্লা।

قباچه (কাবাচাঃ) ফাঃ নাঃ পুং ; ক্ষুদ্র আচকান।

قباحت (কবাহাত) আঃ নাঃ স্ত্রীং ; পাপ। অনিষ্ট। দোষ। অসুবিধা। অপূর্ণতা।

قباله (কবলাঃ) আঃ নাঃ পুং ; জমি বিক্রয়ের দলিল।

قبائح (কাবাইহ) আঃ নাঃ পুং ; (قبحة -এর ব-ব) অসৎকর্ম। পাপাচার।

قبائل (কবাইল) আঃ নাঃ পুং ; (قبیله -এর ব-ব) পাটি। উপদল। গোত্র। বংশ।

قبچاق (কবচাক) ফাঃ নাঃ স্ত্রীং ; তুর্কিস্তানের একটি মরুভূমি।

قبح (কুবহ) আঃ নাঃ পুং ; লোকসান।

দোষ। ত্রুটি।

قبر (কবর) আঃ নাঃ স্ত্রীং ; সমাধি। কবর। গোর।

قبرستان (কবরস্তান) আঃ ফাঃ নাঃ পুং ; সমাধিক্ষেত্র। গোরস্তান।

قبض (কব্জ) আঃ নাঃ পুং ; অধিকার। অনুপ্রবেশ। দখল।

قبضه (কব্জাঃ) আঃ নাঃ পুং ; দখল। অনুপ্রবেশ। অধিগ্রহণ। মুষ্টি। বাযু।

قبط (কিবত) আঃ নাঃ পুং ; মিসরের প্রাচীন নাম।

قبطی (কিবতী) আঃ নাঃ পুং ; প্রাচীন মিশরী জাতি। ফেরাউনের সাথী।

قبطيه (কিবতিয়াঃ) আঃ বিঃ ; মিশরী–নারী।

قبقاب (কবকব) আঃ নাঃ স্ত্রীং ; খড়ম। উট। বাঘ।

قبل (কুবুল) আঃ বিঃ ; নারীর যৌনাঙ্গ। যোনী।

قبل (কব্‌ল) আঃ বিঃ ; পয়লা। পূর্বে। প্রথম। অধিকাংশ।

قبله (কিবলাঃ) আঃ নাঃ পুং ; সম্মানের জিনিষ। কা'বার দিক। যেদিকে ফিরে মানুষ নামায পড়ে। হযরত। জনাব।

قبور (কুবুর) আঃ নাঃ পুং–স্ত্রীং ; (قبر -এর ব–ব) কবর।

قبول (কুবূল) আঃ নাঃ পুং ; স্বীকারোক্তি। গ্রহণ।

قبوليت (কুবূলিয়ত) উঃ নাঃ স্ত্রীং ; গ্রহণীয়। দোয়া কবুল। গ্রহণযোগ্যতা।

قبه (কুববাঃ) আঃ নাঃ পুং ; গম্বুজ। মীনার। (ব–ব, قبب - قباب)

قبيح (কবীহ) আঃ বিঃ ; মন্দ। লজ্জাজনক। কুশ্রী।

قبيل (কবীল) আঃ নাঃ পুং ; দল। শাখা। গোত্র।

قبيله (ক'বীলাঃ) আঃ নাঃ স্ত্রীং ; গোত্র। গোষ্ঠী। উপজাতি। পরিবার।

ق - ت

قتال (কিতাল) আঃ নাঃ স্ত্রীং ; যুদ্ধ। লড়াই। খুনাখুনি।

قتال (কততাল) আঃ বিঃ ; ঘাতক। হত্যাকারী। মহাঘাতক। আততায়ী।

قتاله (কতালাঃ) আঃ বিঃ ; ডাইনী। ডেইজী। রাক্ষুসী। ঘাতিনী।

قتل (কতল) আঃ নাঃ পুং ; মারা। কতল করা। হত্যা।

قتله (ক'ত্‌লাঃ) আঃ নাঃ পুং ; খণ্ড। টুকরা।

قتى (কুততী) তুঃ নাঃ স্ত্রীং ; ছোট সিন্দুক।

قتيل (কতীল) আঃ বিঃ ; খুন। মৃত। শহীদ। শাহাদাতপ্রাপ্ত।

ق - ث

قثاء (কিচ্ছা) আঃ নাঃ পুং ; ক্ষিরা। শশা। কাকড়ী।

قثم (কছম) আঃ বিঃ ; দাতা। পুং ; উত্তম কাপড়।

ق - ح

قحبه (কহবাঃ) আঃ নাঃ স্ত্রীং ; কূলটা রমনী। নষ্টা–নারী।

قحبه خانه (– খানাঃ) আঃ ফাঃ নাঃ পুং ; পতিতালয়। নিষিদ্ধ পল্লী। বেশ্যালয়।

قحط (কহত) আঃ নাঃ পুং ; দুর্ভিক্ষ। অভাব। দুর্মূল্য।

قحط سالى (– সালী) আঃ বিঃ ; দুর্ভিক্ষের বছর। শুষ্কবছর।

ق - د

قد (কদ্‌) আঃ নাঃ পুং ; দৈর্ঘ্য। দেহের উচ্চতা।

قدامت (কদামত) আঃ নাঃ স্ত্রীং ; পুরানো। প্রত্নত্ব। সেকেলে।

قدح (কদহ) আঃ নাঃ পুং ; পেয়ালা। পেগ। পান পাত্র।

قدح (কদহ) আঃ নাঃ স্ত্রীং ; নিন্দামন্দ বলা। আপত্তি। রহিতকরণ।

قدر (কদর) আঃ নাঃ পুং ; আল্লাহর হুকুম। তাকদীর। পরিমাণ। আন্দায।

قدر (কদর) আঃ নাঃ স্ত্রীং ; ইজ্জত। বুযুর্গী। আভিজাত্য। শ্রদ্ধা। সম্মান।

قدرداں (– দাঁ) আঃ ফাঃ বিঃ ; গুণগ্রাহী।

قدرت (কুদরত) আঃ নাঃ স্ত্রীং ; শক্তি। বল। হিম্মত।

قدرتی (কুদরতী) ফাঃ বিঃ ; প্রাকৃতিক। মৌলিক। অস্বাভাবিক। জন্মগত। অলৌকিক। স্বভাবজাত।

قدری (কুদরী) উঃ নাঃ স্ত্রীং ; প্রচেষ্টা। পীড়াপীড়ি।

قدرے (কদরে) আঃ ফাঃ বিঃ ; কম। থোড়া। সামান্য।

قدریہ (কদরিয়া) আঃ নাঃ পুং ; তাকদীর অস্বীকারকারী ফেরকা।

قدس (কুদস) আঃ বিঃ ; পবিত্র। মহিমান্বিত। নাঃ পুং ; আরবের একটি পাহাড়ের নাম। বায়তুল মোকাদ্দাস। হযরত জিবরাঈল (আঃ)-এর নাম- রুহুল কুদস।

قدس سرہ (কুদ্দিসা সিররুহু) আঃ ; মরহুম বুযুর্গদের শানে ব্যবহৃত। দোয়ামূলক শব্দ।

قدسی (কুদসী) আঃ ফি ; পাক। পবিত্র। মহিমান্বিত। মহাত্মা।

قدغن (কেদগন) তুঃ নাঃ পুং-স্ত্রীং ; গুরুত্ব। বাধা। দেখাশোনা।

قدم (কদম) আঃ নাঃ পুং ; পা। কদম। পাও। ঠেং। পদক্ষেপ। ঘোড়ার চলন বিশেষ।

قدم چومنا (– চুমনা) নাঃ পুং ; কদম বুছি।

قدم (কিদাম) আঃ নাঃ পুং ; পুরানো। পৌরাণিক। সেকেলে। অনাদি।

قدوس (কুদ্দুস) আঃ বিঃ ; অতিমহান। অতিশয় পাক। মহাপবিত্র। আল্লাহর গুণবাচক নামবিশেষ।

قدوہ (কুদওয়াঃ) আঃ নাঃ পুং ; দিশারী। নেতা। সর্দার। উপমা।

قدیر (কদীর) আঃ বিঃ ; শক্তিশালী। বলবান। মজবুত। খোদা তা'আলার গুণবাচক নাম।

قدیم (কদীম) আঃ বিঃ ; অনাদি। আদি। যে যুগের শুরু নেই। চিরস্থায়ী। প্রাচীন।

قدیمی (কদীমী) ফাঃ বিঃ ; প্রাচীনত্ব। সার্বজনীন। বৈদিক। সনাতন।

ق - ذ

قذف (কযফ) আঃ নাঃ পুং ; শরীয়তী দৃষ্টিকোণে পবিত্রা নারীর উপর ব্যভিচারের অপবাদ দান। গালি দেয়া।

ق - ر

قرا (কিরা) আঃ নাঃ স্ত্রীং ; আতিথেয়তা।

قری (কুরা) আঃ নাঃ পুং ; (قریۃ -এর ব-ব) গ্রাম।

قراء (কুররা) আঃ নাঃ পুং ; (قاری -এর ব-ব) যিনি ক্বোরান তেলাওয়াতে বিশেষজ্ঞ।

قرابت (ক্বরাবাত) আঃ নাঃ স্ত্রীং ; নৈকট্য। আত্মীয়-স্বজন।

قرابتی (ক্বরাবাতী) উঃ বিঃ ; আত্মীয়তা।

قرابہ (ক্বরাবাঃ) আঃ নাঃ পুং ; সোরাহী।

قرابین (করাবীন) পুঃ নাঃ স্ত্রীং ; পাইপ গান। কাঁটা রাইফেল।

قراءت (কিরাত) আঃ নাঃ স্ত্রীং ; পড়া। উচ্চারণ।

قرار (করার) আঃ নাঃ পুং ; আরাম। শান্তি। তৃপ্তি। স্বতন্ত্র। স্থায়িত্ব। দৃঢ়তা। উঃ ; অঙ্গীকার। কর্তা। ওয়াদা।

قرارداد (করার দাদ) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; চুক্তি। মীমাংসা। প্রস্তাব। ইং ; রেজুলেশন- Resolution।

قراول (করাওয়াল) তুঃ নাঃ পুং ; অগ্রগামী, সৈনিক। পাহারা। খোজারু বাহিনী।

قراضه (কুরাযাঃ) আঃ নাঃ পুং ; স্বর্ণ-টুকরা।

قراقر (করাকর) আঃ নাঃ পুং ; পেটের পীড়া। ট্রাবল। পেটে গন্ডগোল।

قرآن (কুরআন) আঃ নাঃ পুং ; আল্লাহর কালাম। কুরআন মজীদ।

قران (কেরান) আঃ নাঃ পুং ; নৈকট্য। মিল।

قرآن خوانی (কোরআন খানী) আঃ ফাঃ স্ত্রীং ; কোরান তেলাওয়াত।

قرآنی (কুরআনী) আঃ বিঃ ; কুরানিক।

قرب (কুরব) আঃ নাঃ পুং ; নৈকট্যতা। আত্মীয়তা।

قرب وجوار (-ওয়া জওয়ার) আঃ নাঃ পুং ; পাড়া-প্রতিবেশী। আশে পাশে।

قربان (কুরবান) আঃ নাঃ পুং ; খোদার নামে উৎসর্গ।

قربانی (কুরবানী) ফাঃ নাঃ স্ত্রীং ; জবাই। ঈদুল আযহার পশু। খোদার রাহে জবাই করা হালাল পশু।

قربت (কুরবাত) আঃ নাঃ স্ত্রীং ; সংশ্রব। আত্মীয়তা।

قربی (কুরবা) আঃ নাঃ পুং ; নৈকট্য। সম্বন্ধ। আত্মীয়তা।

قرح (করহ) আঃ নাঃ পুং ; যখম। আহত। ঘায়েল। ক্ষত। ঘা।

قرد (কিরাদ) আঃ নাঃ পুং ; বানর।

قرش (কিরাশ) আঃ নাঃ পুং ; হাঙ্গর।

قرشی (কুরশী) আঃ বিঃ ; কুরাইশী। কুরাইশ বংশীয়।

قرص (কুরস) আঃ নাঃ পুং ; সৌরমন্ডল। গোলাকৃতি বস্তু। চন্দ্র মন্ডল।

قرض (করয) আঃ নাঃ পুং ; ঋণ। কর্জ। ধার। উদ্ধার।

قرض حسنه (-এ-হাসানাহ) আঃ নাঃ পুং ; বিনা সুদের ঋন।

قرض خواه (করযখাঁ) আঃ ফাঃ নাঃ পুং ; ঋণদাতা।

قرض دار (করযদার) আঃ ফাঃ বিঃ ; ঋণী।

قرطاس (কিরতাস) আঃ নাঃ পুং ; কাগজ। (ব-ব, قراطیس)।

قرع (কোরা) আঃ নাঃ পুং ; পাশা। জুয়ার গুটি। লটারী।

قرعه انبیق (-এ- আম্বীক) আঃ নাঃ পুং ; পাতন-যন্ত্র। পাশার ছক। লটারীর প্লেট।

قرعه (কোরা') আঃ নাঃ পুং ; পাশার গুটি।

قرعه اندازی (কোরান্দাযী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; পাশা নিক্ষেপ। অনেকের মধ্যে একজনকে নির্বাচন করার বিশেষ প্রক্রিয়া।

قرق (কুরক) তুঃ নাঃ পুং ; বাজেয়াপ্ত। ক্রোক।

قرم (কুররম) তুঃ নাঃ পুং ; অসতী স্ত্রীর স্বামী। স্ত্রীকে পরপুরুষের ভোগে প্রদান করে যে। পাঁজি। দাইয়ূছ।

قرن (করন) আঃ নাঃ পুং ; যুগ। ১০, ১২, ৩০, ৮০, অথবা ১২০ বছরের সময়।

قرن اول (এ-আউয়াল) আঃ নাঃ পুং ; হুজুরে আকরাম (সাঃ)-এর খলীফা সাহাবাদের শাসনকাল। সোনালী যুগ।

قرنا (কিরনা) আঃ নাঃ স্ত্রীং ; শিঙ্গা। তুরী। রণভেরী।

قرمز (কিরমিয) আঃ নাঃ পুং ; লাল টকটকে। লোহিত বর্ণ। লাল রঙের কীট।

قرنطینه (করনতীনাঃ) নাঃ পুং ; যে সময়টা ছোঁয়াচে রোগীকে দেশের বাহিরে বা সমাজ ছাড়া করা হয়। যাতে ঐ রোগের ব্যাপক প্রাদুর্ভাব না ঘটে।

قرنفل (করনফল) আঃ নাঃ পুং ; নোলক। দুল। কান-নাকের অলংকার বিশেষ।

قرولی (করবলী) হিঃ নাঃ স্ত্রীং ; দো'ধারী ছুরি। কসাইয়ের চামড়া ছিলানের দু'ধারী ছোরা।

قریب (ক্বরীব) আঃ বিঃ ; পাশে। নিকটে। সংলগ্ন। আত্মীয়–স্বজন। বিণ ; পাশাপাশি।

قریب قریب (করীব করীব) আঃ বিণ ; কাছাকাছি। পাশাপাশি। ক্লোজআপ।

قریش (কুরাইশ) আঃ নাঃ পুং ; আরবের বিখ্যাত বংশ। এই গোত্রেই বিশ্বনবী (সাঃ) -এর জন্ম।

قریبل (করিবাল) আঃ বিণ ; আন্দাযগত। ধারণাগত।

قرین (করীন) আঃ বিঃ ; নিকটে। পাশে। মত। কাছাকাছি। উপমা। উদাহরণ। দোস্ত। বন্ধু।

قرینه (করীনাঃ) আঃ বিঃ ; ঢং, অবস্থা। পদ্ধতি। কারণ। রীতি-নীতি।

قرینه بقرینه (করীনা ব'করীনা) আঃ ফাঃ ; ধারাবাহিকভাবে।

قریه (করীয়া) আঃ নাঃ পুং ; গ্রাম। লোকালয়। জনপদ। পদচারণ।

ق – ز

قز (কয্) ফাঃ নাঃ পুং ; কাঁচা রেশম।

قزاق (কাযযাক) তুঃ নাঃ পুং ; কাযাকিস্তানী। কাজাখ নিবাসী। লুটেরা। দস্যু।

قزاق اجل (–এ-আজল) আঃ ফাঃ নাঃ পুং ; মৃত্যুর ফেরেশতা। মালাকুল মউত। যমদূত।

قزاقی (কাযযাকী) তুঃ নাঃ স্ত্রীং ; রাহাজানি। মাস্তানি। চাঁদাবাজি। অরাজকতা।

قزاگند (কাযাগন্দ) ফাঃ নাঃ পুং ; প্রাচীন জঙ্গী পোষাক। বর্ম।

قزل (কিযল) পুঃ বিঃ ; লাল। রাঙা।

قزح (কযাহ্) আঃ ; সাপের ফনা। পেঁয়াজের মাঝের অংশ।

قزحه (কযাহাঃ) আঃ ; রঙ বেরঙের। নানান রঙের।

قزغان (কিযগান) তুঃ নাঃ স্ত্রীং ; ডেগ। বড় পাতিল। কড়াই।

قزوین (কয্বীন) ফাঃ ; ইরানের একটি শহরের নাম।

ق – س

قسام (কস্সাম) আঃ বিঃ ; বন্টক। বিতরক।

قسام ازل (–এ-অযযাল) খোদা তা'আলা।

قساوت (কসাওয়াত) আঃ নাঃ স্ত্রীং ; পাথুরে দিল। নির্দয়তা। পাষন্ডতা।

قساوڑا (কসাউড়া) না পুং ; তুচ্ছার্থে– কসাই পুত। নিষ্ঠুর। নিঠুর। নির্দয়। পাষাণ।

قسائنی (কসাইনী) উঃ নাঃ স্ত্রীং ; কসাই বৌ।

قسائی (কসাই) উঃ নাঃ পুং ; কসাই। গোশ্ত বিক্রেতা।

قسط (কিস্ত) আঃ নাঃ স্ত্রীং ; হিস্যা। অংশ। টুকরা। পালা করে আদায়কৃত টাকা। কিস্তি।

قسط به قسط (কিস্ত বা কিস্ত) আঃ ফাঃ বিণ ; কিস্তি কিস্তি করে। কিস্তির মাধ্যমে।

قسم (কস্ম) আঃ নাঃ পুং ; কসম। দোহাই।

قسم (কিস্ম) আঃ নাঃ স্ত্রীং ; অংশ। ভাগ। হিস্যা। (ব–ব, اقسام)

قسما قسمی (কিসমা কিসমী) উঃ নাঃ স্ত্রীং ; পারস্পরিক চুক্তি।

قسمت (কিসমত) আঃ নাঃ স্ত্রীং ; ভাগ্য।

তাকদীর। নসীব। নির্ধারিত হিস্যা।

قسمت ازمائی (কিসমত আযমাঈ) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; ভাগ্য পরীক্ষা।

قسميه (কসমিয়্যা) আঃ বিণ ; কসম খেয়ে। দোহাই পেড়ে।

قسيس (কিসসীস) আঃ নাঃ পুং ; পাদ্রী। বিশপ। পোপ।

قسم (কিসামু) আঃ বিঃ ; বন্টক। বিতরণকারী।

ق – ش

قشر (কিশর) আঃ নাঃ পুং ; ছিলকা। কেশর। (ব–ব, قشور)

قشقه (কশকাঃ) ফাঃ নাঃ পুং ; টীকা। তিলক।

قشف (কাশফ) আঃ ; ধূপ। গরম। গরমে মুখে ঠোস্ পড়া।

قشلاق (কশলাক) আঃ নাঃ পুং ; শীতকালের গরমালয়।

قشور (কশোর) আঃ ; পাউডার। স্নো। বোরোলিন। বাম।

قشون (কাশুন) তুঃ নাঃ পুং ; পত্র। ফৌজ। ছাউনি। ক্যাম্প। সেনানিবাস।

قشيب (কশীব) আঃ ; নতুন জিনিষ। নতুন কাপড়।

ق – ص

قصاب (কসসাব) আঃ নাঃ পুং ; কসাই। কাটা। জবাইকারী।

قصابه (কসসাবাঃ) আঃ নাঃ পুং ; কসাই পেশা।

قصار (কসসার) আঃ নাঃ পুং ; ধোপা।

قصاص (কিসাস) আঃ নাঃ পুং ; বদলা। প্রতিদন্ড। সাজা। শাস্তি। প্রতিশোধ। খুনের বদলে খুন।

قصاص (কসসাস) আঃ বিঃ ; গল্পকার। ছড়াকার। ঔপন্যাসিক।

قصبات (কসবাত) আঃ নাঃ পুং ; (قصبه -এর ব–ব) ছোট শহর। বিশাল জনপদ। উপশহর।

قصبه (কসবাঃ) আঃ নাঃ পুং ; ছোট শহর। বড় গ্রাম।

قصد (কসদ্) আঃ নাঃ পুং ; এরাদা। ইচ্ছা। নিয়ত। প্রতিজ্ঞা। মর্জি। খায়েশ। চেষ্টা।

قصدا (কসদান) আঃ বিণ ; ইচ্ছাকৃত। জেনে বুঝে।

قصر (কসর) আঃ নাঃ পুং ; মহল। প্রাসাদ। হাবেলি। অট্টালিকা। স্ত্রীং ; সফরের নামায।

قصص (কসাস) আঃ নাঃ পুং ; (قصه -এর ব–ব) কাহিনীসমূহ।

قصور (কুসূর) আঃ নাঃ পুং ; অপরাধ। ভুল-চুক।

قصوروار (কু'সূরওয়ার) বিঃ ; দোষী। ত্রুটিকারক।

قصه (কিচ্ছাঃ) আঃ নাঃ পুং ; কাহিনী। উপাখ্যান। উপন্যাস।

قصه خوان (কিসসা খাঁ) গল্পকার। ছড়াকার।

قصه كهانى (– কাহিনী) গল্প-উপন্যাস।

قصيده (–কাসীদাঃ) আঃ নাঃ পুং ; যে কাব্যে কারো প্রশংসা বা নিন্দা থাকে। এই কবিতা কমপক্ষে ১৫ পংক্তি বিশিষ্ট হবে।

قصير (কাসীর) আঃ বিঃ ; বেঁটে। ছোট।

قصيل (কাসীল) আঃ নাঃ পুং ; কাঁচা ফসল।

ق – ض

قضا (কাযা) আঃ নাঃ স্ত্রীং ; ভাগ্য। নিয়তি। মৃত্যু। সময়। সময় অতিক্রমণের পর যে নামায পড়া হয়।

قضاوقدر (কাযা ওয়া কদর) ভাগ্য।

আল্লাহর হুকুম ও ইচ্ছা।

قضات (কুযাত) আঃ নাঃ পুং ; (قاضى -এর ব–ব) কাজীগণ। ইসলামী মুন্সেফগণ।

قضيه (ক'যিয়াঃ) আঃ নাঃ পুং ; বিবাদ, বিতণ্ডা। মামলা। বর্ণনা।

قضايا (কাযায়া) আঃ নাঃ পুং ; (قضيه -এর ব–ব) ঝগড়া। সন্ত্রাস। ফেৎনা-ফাসাদ।

قضيب (কাযীব) আঃ নাঃ পুং ; কর্তিত শাখা। কাটা ডাল।

ق – ط

قط (কত্) আঃ নাঃ পুং ; কাঁটা।

قطار (কিতার) আঃ নাঃ স্ত্রীং ; সোজা ও লম্বা কাতার। রেলগাড়ী। ঝুড়ি। জিঞ্জির। (উর্দু উচ্চারণ– কাতার। যেটা নির্জলা ভুল)

قطاع (কুততা') আঃ স্ত্রিঃ ; (قاطع -এর ব–ব) প্রতিবন্ধক। বাধাদানকারী।

قطاع الطريق (কুততাউত তরীক) আঃ নাঃ পুং ; ডাকাত। ছিনতাইকারী। দস্যু। চাঁদাবাজ।

قطامه (কুত্তামাঃ) আঃ নাঃ স্ত্রীং ; কুট্‌নী। নির্লজ্জ। ব্যভিচারিণী।

قطائمه (কত্তাইমাঃ) আঃ নাঃ স্ত্রীং ; ছিনাল। ভ্রষ্টা-নারী। নষ্টা-নারী। আত্মসম্ভ্রমবোধহীনা। হারামজাদী।

قطب (কুতুব) আঃ নাঃ পুং ; ধ্রুবতারা। উত্তর মেরু। বিঃ ; দরবেশ। পীর ব–ব, اقطب।

قطب جنوبى (–ই-জুনাবী) আঃ নাঃ পুং ; দক্ষিণ মেরু।

قطب مينار (কুতুবমীনার) আঃ ফাঃ নাঃ পুং ; দিল্লীর মসজিদ-ই-কুতুব আল ইসলাম-এ তৈরী বিশাল মীনার, যা তৈরী করেন সুলতান কুতুবুদ্দীন আইবক।

قطبين (কুতবাইন) আঃ নাঃ পুং ; দুই মেরু। উত্তর-দক্ষিণ মেরু।

قطر (কুত্‌র) আঃ নাঃ পুং ; দিক। ব্যাস। পার্শ্ব। প্রান্ত। (ব–ব اقطار।)

قطره (কতরাঃ) আঃ নাঃ পুং ; পানির ফোঁটা। টপকানো পানি। বিন্দু।

قطع (কতা') আঃ নাঃ স্ত্রীং ; কাটা। ছেঁড়া। নিয়ম। নীতি। ঢং। আন্দায।

قطعا (কত'আন) আঃ বিণ ; নিশ্চিতভাবে। সর্বতোভাবে।

قطعه (কিতা'ঃ) আঃ নাঃ পুং ; টুকরো। হিস্যা। খন্ড। অংশ। দু'চরণ বিশিষ্ট পংক্তি।

قطعى (কত্ঈ) আঃ বিন ; সম্পূর্ণরূপে। একেবারে। নিশ্চিত।

قطمير (কিতমীর) আঃ নাঃ পুং ; আসহাবে কাহাফের কুকুরের নাম। খেজুর বীচির পাতলা আবরণ। রূপক অর্থে–অতিঅল্প।

قطن (কুতন) আঃ নাঃ পুং ; কার্পাস তুলা।

قطنى (কুতনী) আঃ বিঃ ; সুতির তৈরী। সুতি কাপড়।

قطيفه (কতীফাঃ) আঃ বিঃ ; চাদর। শাল।

ق – ع

قعب (কা'আব) আঃ নাঃ স্ত্রীং ; কাপ। বড় পেয়ালা। অন্তঃর্নিহিত মর্ম।

قعده (কা'দা) আঃ নাঃ পুং ; বসা। নামাযে আত্তাহিয়্যাতুর বৈঠক।

قعر (কয়র) আঃ নাঃ পুং ; গভীর। নিরেট। ঘণ।

قعود (কুউদ) আঃ নাঃ পুং ; বৈঠক। বসা। উপবেশন।

قعيد (কঈদ) আঃ বিঃ ; সহচর। বন্ধু-বান্ধব।

ق – ف

قفا (কফা) ফাঃ নাঃ স্ত্রীং ; পিঠ। পেছন।

قفس (কফস) ফাঃ নাঃ পুং ; পিঞ্জিরা। খাঁচা। জাল। ফাঁদ।

قفل (কুফ্‌ল) আঃ নাঃ পুং ; তালা।

قفلی (কুফ্‌লী) উঃ নাঃ স্ত্রীং ; ঢাকনাদার পাত্র।

قفه (কুফফাঃ) আঃ ; উঁচু জমি। পার্বত্যাঞ্চল। হাইল্যান্ড।

قفیز (কফীয) আঃ ; ৪৮ সের ওজন। শরয়ী পরিমাপ বিশেষ।

ق – ق

ققنس (কুকনুস) ইউঃ নাঃ পুং ; দর্শনীয় রঙ ও সুরেলা পাখী বিশেষ। এর ঠোঁটে নাকি ৩৬০ টি ছিদ্র রয়েছে। প্রতিটি ছিদ্র থেকে পৃথক পৃথক সুর বের হয়। সংগীতজ্ঞরা 'সারে গা–মা–পা–দা নি–সা' আবিষ্কার করেছেন এর ওপর ধারণা করেই।

ق – ل

قل (কুল) আঃ নাঃ পুং ; নির্দেশ বাচক ক্রিয়া– বল। উঃ ; ফাতিহা।

قل (কল্‌) তুঃ নাঃ পুং ; দাস। ভৃত্য।

قلابه (কুল্লাবাঃ) আঃ নাঃ পুং ; বড়শী। কড়া। মাছ ধরা কাঁটা।

قلابازی (ক'লাবাযী) ফাঃ নাঃ স্ত্রীং ; ডিগ্‌বাজি।

قلاح (কাল্লাহ) উঃ বিঃ ; গরীব। অসহায়। রিক্ত।

قلاده (কলাদাঃ) আঃ নাঃ পুং ; গলা কাপ। গলাবন্দ। গলায় লাগানো দড়ি, যা দিয়ে পশু টানা হয়।

قلاش (কাল্লাস) তুঃ বিঃ ; দেখুন قلاح ।

قلاقنا (কলা কিনা) উঃ মূঃ ; সুর নকল করা। ঠাট্টা করা।

قلاقند (কলাকন্দ) উঃ নাঃ পুং -স্ত্রীং ; মিষ্টি বিশেষ।

قلانچ (কুলাঞ্চ) উঃ নাঃ স্ত্রীং ; লাফ। ঘোড়া দৌড়ানো।

قلب (কলব) আঃ নাঃ পুং ; মন। আত্মা। প্রাণ। মধ্যে। মাঝখানে।

قلبانه (কলবানা) ফাঃ নাঃ পুং ; কাওয়ালী। আমীর খসরু আবিষ্কৃত গান বিশেষ।

قلبی (কলবী) আঃ বিঃ ; আত্মিক। আন্তরিক। অন্তরঙ্গ।

قلبه (কলবা) আঃ নাঃ পুং ; হাল। জমিতে হাল দেওয়া।

قلت (কিল্লাত) আঃ নাঃ স্ত্রীং ; অপূর্ণতা। ন্যূনতম। অভাব। অসুবিধা।

قلتبان (কলতাবান) ফাঃ নাঃ পুং ; দাইয়ূস। যে ব্যক্তি তার স্ত্রীকে পর পুরুষকে ব্যবহার করতে দেয়।

قلتین (কুল্লাতাইন) আঃ নাঃ পুং ; এমন দু'টি পাত্র, যাতে দশ-দশ মণ পানি ধরে। উঃ ; নাপাক। দুর্গন্ধ। রূপক অর্থে–অসৎ। কুলটা নারী।

قلچاق (কুলচাক) ফাঃ নাঃ পুং ; লৌহ দস্তানা, যা যোদ্ধারা পড়ে যুদ্ধ করে। লৌহ পাঞ্জা।

قلزم (কুলযুম) আঃ নাঃ পুং ; গভীর সমুদ্র। লোহিত সাগর।

قلع (কলা') আঃ নাঃ পুং ; ধ্বসা। নিপতিত করা। মিসমার করা।

قلع قمع (কলা'কমা') আঃ নাঃ পুং ; ছিন্ন-ভিন্ন। ছিন্ন-বিক্ষিপ্ত। দুমড়ে -মুচড়ে। মূলোৎপাটন। লণ্ডভণ্ড।

قلعه (কেলআঃ) আঃ নাঃ পুং ; কেল্লা। দুর্গ। উদুর্তে। ব–ব, قلعوں । ফার্সীতে, ব–ব, قلعجات । আরবীতে ব–ব, قلاع - قلوع ।

قلعی (কলী') আঃ নাঃ স্ত্রীং ; রাঙ্গা। সাদা। শুভ্রতা। চুনা। বার্নিশ।

قلفه (কুলফাঃ) আঃ ; খতনা করা হয়নি এমন। চামড়া সহ লিঙ্গের মাথা।

قلفی (কু'লফী') ফাঃ নাঃ স্ত্রীং ; হুক্কার নল ও গড়গড়ার মধ্যবর্তী তামা বা পিতল নির্মিত চাকতি। বরফের চাকা।

قلق (কলক) আঃ নাঃ পুং ; চাপা পেরেশানী। অসহনীয় জ্বালা। ছটফটানী। আতংকভাব।

قلقاری (কিলকারী) উঃ নাঃ স্ত্রীং ; দুধের বাচ্চার শব্দ।

قلقل (কলকল) আঃ নাঃ স্ত্রীং ; সোরাহী ও বোতল থেকে পানি ঢালার আওয়াজ। কুলুকুলু ধ্বনী।

قلم (কলম) আঃ নাঃ পুং ; কলম। মসী। লিখনী। বৃক্ষ শাখার কর্তিত ডাল, যাহা লাগান হয়।

قلمرو (কলমরু) আঃ ফাঃ নাঃ পুং ; সাম্রাজ্য। হুকুমত। রাজত্ব। আমলাতন্ত্র।

قلمکار (কলমকার) আঃ ফাঃ নাঃ পুং মুন্সী। লেখক। শিল্পী।

قلمی (কলমী) ফাঃ বিঃ ; হস্তলিখিত। কলমে লেখা। পান্ডুলিপি।

قلندر (কলন্দর) আঃ নাঃ পুং ; পাগল। মুক্ত ফকীরের দল বিশেষ। উদাসীন।

قلندرا (কলন্দুরা) উঃ নাঃ পুং ; একপ্রকার রেশমী কাপড়।

قلندری (কলন্দরী) ফাঃ নাঃ স্ত্রীং ; উদাসীন ও ভবঘুরে নারী। বুটিদার রেশমী কাপড়।

قلندریه (কলান্দারিয়াঃ) ফাঃ নাঃ পুং ; কলন্দর ইউসুফের গড়া সাধু সন্যাসীর দল এবং তাঁর-ই অনুসারী।

قله (কুল্লাঃ) আঃ নাঃ পুং ; পাহাড়ের চূড়া।

قلی (কুলি) তুঃ নাঃ পুং ; গোলাম। ভৃত্য। উঃ ; মজদুর। মুটে-মজুর। মেহনতী।

قلیان (কুলিয়ান) ফাঃ নাঃ পুং ; হুক্কার কল্কে।

قلیان کشی (-কাশী) ফাঃ নাঃ স্ত্রীং ; হুক্কাপান।

قلیب (কলীব) আঃ নাঃ পুং ; কাঁচা ও পুরানো কূয়া।

قلیچ (কলচ) ফাঃ নাঃ স্ত্রীং ; তলোয়ার। অসী।

قلیل (কলীল) আঃ বিঃ ; কম। অল্প।

قلیه (কলীয়্যাঃ) আঃ নাঃ পুং ; কালিয়া। কাবাব।

ق - م

قم (কুম) আঃ নাঃ পুং ; ওঠো। দাঁড়াও!

قمار (কিমার) আঃ নাঃ পুং ; জুয়া।

قمارباز (কিমার বায) আঃ বিঃ ; জুয়ারি।

قماش (কিমাশ) আঃ নাঃ স্ত্রীং ; মালমাত্তা। আসবাবপত্র। রেশমী কাপড়। ঢং। রীতি।

قمچی (কমচী) তুঃ নাঃ স্ত্রীং ; চাবুক। কোড়া। সরু ডাল।

قمر (কমর) আঃ নাঃ পুং ; চাঁদ। চন্দ্র। চাঁদ।

قمرنورد (-ই-নওরদ) আঃ ফাঃ বিঃ ; চন্দ্র বিজয়ী।

قمروش (কমরুশ) আঃ ফাঃ বিঃ ; চন্দ্রাকৃতির। চাঁদ-সুন্দর।

قمری (ক'মরী) আঃ বিঃ ; চান্দ্র। قمری ماه (- মাহ্) চান্দ্র মাস।

قمری (কুম্‌রী') আঃ নাঃ স্ত্রীং ; ঘু ঘু, বন্য পারাবত বিশেষ।

قمرین (কমারাইন) আঃ নাঃ পুং ; চাঁদ-সূর্য।

قمع (কামা') আঃ নাঃ পুং ; মূলোৎপাটন। মূলোচ্ছেদ।

قمقام (কমকম) আঃ নাঃ পুং ; বড় ছোরা। বড় সাগর। সর্দার। নেতা।

قمقمه (কমকমাঃ) আঃ নাঃ পুং ; বিজলি বাতি। বাল্ব।

قمیص (কমীস) আঃ নাঃ স্ত্রীং ; জামা। শার্ট।

ق – ن

قنات (কনত) তুঃ নাঃ স্ত্রীং ; তাঁবুর ক্যানভাসযুক্ত দেয়াল। পার্টিশন। মোটা পর্দা।

قناد (কন্নাদ) আঃ নাঃ পুং ; মিষ্টি।

قنار (কুনার) আঃ ; যে লৌহদন্ডের উপর জবেহকৃত ছাগল লটকানো হয়।

قناعت (কনা'আত) আঃ নাঃ স্ত্রীং ; সন্তোষ। অল্পে তুষ্টি হওয়া।

قند (কান্দ) আঃ নাঃ পুং ; সাদা চিনি। মিষ্টি বিশেষ। মিস্‌রী।

قنديل (কিনদীল) আঃ নাঃ স্ত্রীং ; প্রদীপ। বাতি। লণ্ঠন।

قنداق (কুনদাক) তুঃ ; বন্দুকের বাট।

قندر (কুন্দার) তুঃ ; কুকুরাকৃতির তুরস্কের প্রাণী বিশেষ। সামুদ্রিক কুকুর।

قنديلا (কন্দীলা) আঃ ; বড় ফানুস।

قنطار (কিনতার) আঃ ; সোনা-রূপার ১২০ রিতল পরিমাণ ওজন। প্রায় সোয়া সের। সাঁকো। ব্রীজ। পুল।

قنطره (কনতারাঃ) আঃ ; পোল।

قنق (কনক) তুঃ ; মেহমান।

قنو (কিন্‌ব) আঃ ; তাজা।

قنوت (কুনূত) আঃ নাঃ স্ত্রীং ; অনুকরণশীলতা। বেতের নামাযে পড়া দোয়া বিশেষ। নিশ্চুপ অনুকরন।

قنط (কুনূত) আঃ ; হতাশা হওয়া। নিরুৎসাহিত হওয়া।

قنوطيت (কুনূতিয়ত) আঃ নাঃ স্ত্রীং ; জীবনের হতাশাগ্রস্ত দিকটা অবলোকন করা।

قنوطى (কুনূতী) ফাঃ নাঃ পুং ; হতাশা। হতাশ। নিরুৎসাহ। হতোদ্যম। ভগ্নোৎসাহ।

قنيه (কুনিয়াঃ) আঃ ; পুঁজি। মূলধন।

قنينه (কুনীনা) আঃ ; শরাবের মটকা। সীসা।

ق – و

قو (কূ) উঃ নাঃ স্ত্রীং ; কবুতরের আওয়াজ। কু-কু।

قوى (কুওয়া) আঃ নাঃ পুং ; (قوت -এর ব–ব) শক্তি। বল।

قواعد (কাওয়ায়িদ) আঃ নাঃ পুং ; (قاعده -এর ব–ব) নিয়মাবলী। আইনসকল।

قوال (কাওয়াল) আঃ নাঃ পুং ; নায়ক। সঙ্গীত বিশারদ।

قوالى (কাওয়ালী) সঙ্গীত বিশেষ।

قوام (কেওয়াম) আঃ নাঃ পুং ; সাম্য। সুবিচার।

قوام (কিওয়াম) আঃ নাঃ পুং ; উপাদান। মূল পদার্থ। নির্যাস। শীরা। ব্যবস্থাপনা।

قوت (কু'ত) আঃ নাঃ স্ত্রীং ; খাদ্য। আহার্য।

قوانين (কাওয়ানীন) আঃ নাঃ পুং ; (قانون -এর ব–ব) আইনসমূহ। নীতি সকল।

قوت (কুওয়াত) আঃ নাঃ স্ত্রীং ; শক্তি। সামর্থ্য। বল।

قوت بازو (–এ-বাযু) আঃ নাঃ পুং ; পেশী শক্তি। রূপক অর্থে-ভাই।

قوت باصره (–এ-বাছিরাঃ) আঃ নাঃ স্ত্রীং ; দৃষ্টিশক্তি। চোখের আলো।

قوت باه (–এ-বাহ) আঃ নাঃ স্ত্রীং ; যৌন শক্তি। সেক্স পাওয়ার।

قوت جاذبه (–এ-জাযিবাঃ) আঃ নাঃ স্ত্রীং ; চোষক শক্তি। শোষক শক্তি।

قوت حافظه (–এ- হাফিযাঃ) আঃ নাঃ স্ত্রীং ; স্মরণ শক্তি।

قوت دافعه (–এ-দাফিয়াঃ) আঃ নাঃ স্ত্রীং ; প্রতিরোধ ও প্রতিরক্ষা শক্তি।

قوت سامعه (–এ-সামিয়াঃ) আঃ নাঃ স্ত্রীং ; শ্রবণ শক্তি।

قوت شامه (–এ-শাম্মাঃ) আঃ নাঃ স্ত্রীং ; ঘ্রাণ শক্তি।

قوت شهوانيه (–এ-শাহওয়ানিয়াঃ) আঃ

নাঃ স্ত্রীং ; যৌন শক্তি। সেক্স পাওয়ার।

قوت متخیله (-এ-মুতাখয়্যিলাঃ) আঃ নাঃ স্ত্রীং ; চিন্তাশক্তি।

قوت متفکره (-এ-মুতাফাককিরাঃ) আঃ নাঃ স্ত্রীং ; চিন্তাশক্তি। ধ্যানবল।

قوت متصوره (-এ- মুতাছাব্বিরাঃ) আঃ ফাঃ ; কাল্পনিক শক্তি। কল্পনা বল।

قوت مدرکه (-এ-মুদরিকাঃ) আঃ নাঃ স্ত্রীং ; উপলব্ধি শক্তি। ধী-শক্তি। বোধশক্তি।

قوت ممیزه (-এ-মুমাইয়াযাঃ) আঃ নাঃ স্ত্রীং ; বাছনিক শক্তি।

قور (কুর) তুঃ নাঃ স্ত্রীং ; হাতিয়ার। অস্ত্র।

قور بیگی (কুর বেগী) ফাঃ নাঃ পুং ; অস্ত্রভান্ডারের দারোগা।

قورخانه (কুর খানাঃ) তুঃ ফাঃ নাঃ পুং ; অস্ত্রগুদাম। ম্যাগাজিন।

قورچی (কুরচী) তুঃ নাঃ পুং ; সশস্ত্র সেপাই।

قورمه (কোরমাঃ) তুঃ নাঃ পুং ; ঘী-তে ভুনা গোশ্‌ত।

قوس (কওস) আঃ নাঃ স্ত্রীং ; ধনুক। নবম রাশি।

قوس قزح (-এ-কযাহ) আঃ নাঃ স্ত্রীং ; রঙধনু।

قوش (কওশ) তুঃ ; শিকারী পাখী।

قول (কওল) আঃ নাঃ পুং ; শব্দ। কথা। প্রতিজ্ঞা। হলফ। বাণী।

قولنج (কুলাঞ্জ) আঃ নাঃ পুং ; শূল বেদনা।

قوم (কওম) আঃ নাঃ স্ত্রীং ; জাতি। সম্প্রদায়। শ্রেণী।

قوم دار (কওমদার) আঃ ফাঃ বিঃ ; ভালো বংশ। বংশীয়। অভিজাত।

قومه (কওমাঃ) আঃ নাঃ পুং ; নামাযে রুকুর পর খাড়া হওয়া।

قومی (কওমী) আঃ বিঃ ; জাতীয়।

قومیت (কওমিয়ত) উঃ নাঃ স্ত্রীং; জাতীয়তা। মূলতত্ত্ব।

قونصل (কাউন্সিল-Council) ইং নাঃ পুং ; দূত। প্রতিনিধি। উকিল। কৌঁসুলী। মজলিসে সূরা।

قوی (কবী') আঃ বিঃ ; শক্তিশালী। বলবান। তেজস্বী।

قویم (কবীম) আঃ বিঃ ; সঠিক। সরল। মজবুত।

ق - ه

قهار (কাহহার) আঃ বিঃ ; মহাপরাক্রমশালী। আল্লাহর গুণবাচক নাম বিশেষ।

قهر (কহর) আঃ নাঃ পুং ; রাগ। ক্রোধ। প্রতিশোধ। ঘৃণামিশ্রিত ক্রোধ। শাস্তি। জটিল। মুশকিল। বদমেজাজ।

قهراً (কাহরান) আঃ বিণঃ ; জবরদস্তি মূলক।

قهرمان (কহরমান) আঃ নাঃ পুং ; হাকেম। বাদশাহ। বীর। ক্ষমতাবান। প্রশাসক।

قهقری (কহকরা) আঃ নাঃ পুং ; উল্টা চলা। পিছনের পা দিয়ে চলা।

قهقه (কহকহাঃ) আঃ নাঃ পুং ; ঠাট্টা, তামাশা। অট্টহাসি।

قهوه (কহওয়া) আঃ নাঃ পুং ; কফি।
قهوه خانه (- খানা) কফি ঘর।

ق - ی

قئے (কয়) আঃ নাঃ স্ত্রীং ; বমি। ওক্।

قیادت (কিয়াদত) আঃ নাঃ স্ত্রীং ; নেতৃত্ব। কমান্ড। দিশা। পথপ্রদর্শন।

قیاس (কিয়াস) আঃ নাঃ পুং ; আন্দায। ধারণা। তুলনা।

قیاسا (কিয়াসান) আঃ বিণ ; তুলনামূলক। আন্দাযগত।

قیاسی (কিয়াসী) আঃ বিঃ ; খেয়ালি। ধারণাপ্রসূত।

قیاصره (কায়াসারা) আঃ নাঃ পুং ;

(قيصر -এর ব–ব) রোম সম্রাটদের উপাধি।

قيافه (কেয়াফাঃ) আঃ নাঃ পুং ; চেহারা আকৃতি দেখে মনের ভাব সনাক্ত করা। মনোবিজ্ঞান।

قيافه شناس (– শিনাস) আঃ ফাঃ নাঃ পুং ; মনোবিজ্ঞানী।

قيام (কিয়াম) আঃ নাঃ পুং ; দাঁড়ান। খাড়া হওয়া। অবস্থান।

قيامت (কিয়ামত) আঃ নাঃ স্ত্রীং ; পুনরুত্থান দিবস। মহাবিচারের দিন। উঃ ; দীর্ঘকাল। আবহমানকাল।

قيد (কয়েদ) আঃ নাঃ স্ত্রীং ; হাজত। বন্দীত্ব। বাধ্যতা।

قيدى (কয়েদী) আঃ ফাঃ নাঃ পুং ; আসামী। বাঁদী।

قير (কীর) আঃ নাঃ পুং ; আলকাতরা। মেটে তৈল।

قيرگوں (কীরগোঁ) আঃ ফাঃ হিঃ ; কৃষ্ণাঙ্গ।

قيراط (কীরাত) আঃ নাঃ পুং ; এক দেরহামের দ্বাদশাংশ।

قيس (কয়েস) আঃ নাঃ পুং ; মজনু। লাইলীর প্রেমিক।

قيصر (কায়সার) আঃ নাঃ পুং ; রোম সম্রাটের উপাধি।

قيصرى (কায়সারী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; সাম্রাজ্য। রাজত্ব।

قيف (কীফ) আঃ নাঃ স্ত্রীং ; চুঙ্গী। কাপ। বোতলে ঢুকানের সরু নলবিশিষ্ট পাত্র।

قيق (কীক) উঃ নাঃ স্ত্রীং ; হাতীর ডাক।

قيل وقال (কীল ওয়া কাল) আঃ নাঃ স্ত্রীং ; বাদানুবাদ। দলিলবাজি। তর্কবিতর্ক।

قيلوله (কায়লুলাঃ) আঃ নাঃ পুং ; দুপুরের খাওয়ার পর সামান্য বিশ্রাম।

قيم (কাইয়্যিম) আঃ নাঃ পুং ; ব্যবস্থাপক। নিয়ন্ত্রক। আল্লাহর গুণবাচক নাম।

قيمت (কীমাত) আঃ নাঃ স্ত্রীং ; মূল্য। দাম। দরাদরি।

قيمتا (কীমতান) আঃ বিণ ; দাম দিয়ে।

قيمتى (কীমতী) ফাঃ বিঃ ; মূল্যবান। দামী। উত্তম।

قيمه (কীমাঃ) আঃ নাঃ পুং ; টুকরো। পেশাব। ভূনি গোশত।

قيچى (কায়চী) উঃ নাঃ স্ত্রীং ; কাঁচি।

قيود (কুয়ূদ) আঃ নাঃ পুং ; স্ত্রীং ; (قيد -এর ব–ব) শর্ত। পাবন্দী।

قيوم (কাইয়ূম) আঃ বিঃ ; চিরস্থায়ী। অনুপম। নাঃ ; আল্লাহর গুণবাচক নাম বিশেষ।

ک

ک (কাফ) আঃ নাঃ পুং; উর্দুর ২৮, ফার্সীর ২৫, আরবীর ২২ তম এবং হিন্দীর পয়লা হরফ। আবজাদ হিসেবে এর মান-২০।

ک - ا

کا (কা) হিঃ ; এর। অধিকারযুক্ত। সম্বন্ধযুক্ত।

کابر (কাবার) হিঃ নাঃ পুং ; চিত্রল। পাখি বিশেষ, যার পেট সাদা।

کابس (কাবিস) হিঃ নাঃ স্ত্রীং ; কাঁচা মাটির পাত্রে লাগানো বার্নিশ বিশেষ। এই মাটি অন্তঃসত্ত্বা মহিলারা খেয়ে থাকে।

کابک (কাবুক) ফাঃ নাঃ স্ত্রীং ; পায়রার খোপ। পাখির বাসা। নীড়।

کابل (কাবুল) ফাঃ ; আফগানিস্তানের রাজধানী।

کابلی (কাবুলী) ফাঃ বিঃ ; কাবুলবাসী। এক প্রকার কবুতর যা খুব উঁচুতে চড়ে, তিন দিনেও মাটিতে নামে না।

کابوس (কাবূস) আঃ নাঃ পুং ; নিদ্রাকালে বুক চাপা রোগ। বোবায় ধরা রোগ।

کابشه (কাবিশাঃ) ফাঃ ; কুসুম ফুল।

کابینه (কাবীনাঃ) (ইং-Cabinet -এর বিকৃত রূপ) নাঃ পুং ; মন্ত্রি পরিষদ। মন্ত্রণালয়। কেবিনেট।

کاپی رائٹ (কপিরাইট-Copy right) ছাপা ও প্রকাশের স্বত্ব লেখক বা সংকলকের হাতে থাকার আইন।

کاپی نویس (কাপি নবীস) ফাঃ বিঃ ; লিপিকার।

کاتا (কাতা) হিঃ নাঃ পুং ; একপ্রকার হাতিয়ার। নারকেলের ছোবড়া নিয়ে বানানা সুতা বিশেষ। বাশ কাটার পাতলা ছোরা-চা পাতি।

کاتب (কাতিব) আঃ নাঃ পুং ; লিপিকার। কেরানী। লেখক।

کاتب تقدیر (-এ তাকদীর) ভাগ্য লেখক। আল্লাহ তা'আলা।

کاتب سر (-এ-সির্) আঃ নাঃ পুং ; প্রাইভেট সেক্রেটারী।

کاتک (কাতিক) হিঃ নাঃ পুং ; হিন্দী বর্ষ গণনার ৭ম মাস। কার্তিক।

کاتنا (কাতনা) হিঃ মূঃ ; সুতাকাটা। সুতা পাকান।

کاتی (কাতী) হিঃ নাঃ স্ত্রীং ; মিস্ত্রীদের পেরেক ঠোকার শব্দ।

کاٹ (কাট্) হিঃ নাঃ স্ত্রীং ; কর্তন। লম্বা চিড়। দংশন। খন্ড। তালি। ক্ষত। বিচ্ছেদ।

کاٹ پھانس (কাট ফাঁস) হিঃ নাঃ স্ত্রীং ; তোড় জোড়। চালাকি।

کاٹ چھانٹ (কাটছাঁট) হিঃ নাঃ স্ত্রীং ; কাট ছাট। যাচাই-বাছাই।

کاٹا (কাটা) হিঃ বিঃ ; কর্তিত। চোট। ব্যথা।

کاٹن (কটন-Cotton) ইং নাঃ স্ত্রীং ; কাপাস। তুলা। সুতা।

کاٹنا (কাটনা) হিঃ মূঃ ; কর্তন। করা। ছেদন করা। দংশন করা।

کاٹھ (কাঠ্) হিং নাঃ পুং ; কাঠ্। কাষ্ঠ। শুলদন্ড।

کاٹھ کالو (কাঠ্ কাউল্লু) হিঃ ; বেকুফ, আহাম্মক।

کاٹھ کباڑ (কাঠ কোবাড়) হিঃ ; সাধারণ আসবাবপত্র। বেকার।

کاٹھی (কাঠী) হিঃ নাঃ স্ত্রীং ; শরীর। দেহ। ধাঁচ। সাঁচ।

کاج (কাজ) হিঃ নাঃ পুং ; কর্ম। কাজ। ব্যাপার।

كاجل (কাজল) হিঃ নাঃ পুং ; ধুমোত্থিত কালি। কাজল। অঞ্জন।

كاچك (কাচুক) ফাঃ ; মাথার মাঝের হাড্ডি। খুপড়ির হাড়ি।

كاچه (কাচাঃ) ফাঃ ; কিছু। অল্প। ঠান্ডা।

كاچھ (কাছ) হিঃ নাঃ পুং ; জাঙ্গিয়া। কোঁচা। রানের অংশ ঢাকে এমন কাপড় পরা। নেংটি।

كاچھا (কাছা) হিঃ নাঃ পুং ; জাঙ্গিয়া। ল্যাংকোট। নেংটি।

كاچھی (কাছী) হিঃ নাঃ পুং ; সব্জী বিক্রেতা।

كاخ (কাখ্) ফাঃ নাঃ পুং ; প্রাসাদ। অট্টালিকা। মহল। বালাখানা। নাট্যমঞ্চ। অলিন্দ।

كاد (কাদ্) ফাঃ ; লোভ-লালসা। আশা।

كادی (কাদী) আঃ নাঃ পুং ; কেওড়া গাছ।

كاذب (কাযিব) আঃ বিঃ ; মিথ্যুক। মিথ্যাবাদী। ভুয়া।

كار (কার-Car) ইং নাঃ স্ত্রীং ; মোটর গাড়ী। গাড়ী।

كار (কার) ফাঃ নাঃ পুং ; কাম, কাজ। ধান্ধা। কর্ম। পেশা।

كار آزموده (কার আযমুদা) ফাঃ বিঃ ; অভিজ্ঞ। নিপুণ।

كار خانه (কার্খানাঃ) ফাঃ নাঃ পুং ; কারখানা। ফ্যাক্টরী। ইন্ডাষ্ট্রী।

كارزار (কারযার) ফাঃ নাঃ স্ত্রীং ; যুদ্ধ। সংগ্রাম। প্রতিদ্বন্দ্বীতা।

كارنامه (কারনামাঃ) নাঃ পুং ; ইতিহাস চরিত। কর্মকান্ড। কীর্তি।

كار آمد (কার আমাদ) ফাঃ বিঃ ; প্রয়োজনীয় বস্তু। দরকারি জিনিষ।

كاربار (কার বার) ফাঃ বিঃ ; লেনদেন। কাজকর্ম।

كارپرداز (কারপরদায) ফাঃ নাঃ পুং ; কর্মচারী। গোমস্তা। সুশৃঙ্খলা বিধানকারী।

كار جوئی (কারজুঈ) ফাঃ নাঃ পুং ; যুদ্ধকর্ম। মহান কাজ। গুরুত্বপুর্ণ কাজ। ইং ; (এন্টারপ্রাইজ-Enterprise)

كارچوب (কারচুব) ফাঃ নাঃ পুং ; জরীকাজের শিল্পী।

كارچوبی (কারচুবী) ফাঃ নাঃ স্ত্রীং ; জরীর কাজকরা বস্ত্র।

كارتوس (কারতুস) হিঃ নাঃ পুং ; কার্তুজ। টোটা। গুলি।

كارخير (কারে খয়র) ফাঃ আঃ নাঃ পুং ; নেক কাজ। কল্যাণ কর্ম। ভাল কাজ।

كاردار (কারদার) আঃ বিঃ ; কর্মী। কর্মকর্তা। কর্মচারী। আমলা। শ্রমিক। অভিজ্ঞ।

كاردان (কারদাঁ) ফাঃ বিঃ ; অভিজ্ঞ। নিপুণ। কারিকর।

كاردانی (কারদানী) ফাঃ নাঃ স্ত্রীং ; কর্মক্ষমতা। অভিজ্ঞতা।

كارروائی (কাররাওয়াঈ) ফাঃ নাঃ স্ত্রীং ; কর্ম পরিচালনা। কাজ পরিচালনা। কাম কাজ। কর্মসম্পাদন। ব্যবস্থাপনা। ব্যবস্থা গ্রহন। শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন।

كارساز (কারসাজ) ফাঃ বিঃ ; শিল্পী। কর্মী। কারিকর। মহাশক্তিশালী।

كارسازی (কারসাযী) ফাঃ নাঃ স্ত্রীং ; কাজ করা। শিল্প। হস্তশিল্প।

كاركن (কারকুন) ফাঃ বিঃ ; কর্মী। কারিকর। শ্রমিক।

كارپوریشن (কর্পোরেশন-Corporation) ইং নাঃ স্ত্রীং ; সনদপ্রাপ্ত দল। সরকারী রেজিস্ট্রিপ্রাপ্ত কমিটি। মিউনিসিপ্যাল কমিটি।

كارفرما (কারফরমা) ফাঃ বিঃ ; কার্যকারক। আদেশদাতা।

كارن (কারন) হিঃ নাঃ পুং ; কারণ, জন্য।

كارنده (কারেন্দাঃ) ফাঃ বিঃ ; কর্মী। আমলা। শ্রমিক। কর্মচারী।

كاروان (করাওয়াঁ) ফাঃ নাঃ পুং ; কাফেলা। যাত্রীদল। পর্যটক।

کاری (কারী) ফাঃ বিঃ ; ধ্বংসকারী। প্রভাবশালী। সম্পূর্ণ।

کاریز (কারীয) ফাঃ নাঃ স্ত্রীং ; ক্ষেতে পানি দেয়ার ছোট নালা। কৃষিপ্রধান দেশে নদী বা মেশিনের সাহায্যে জমিতে জমিতে পানি নেয়ার ক্ষুদ্র ড্রেন বা নালা।

کاریگر (কারিগার) ফাঃ নাঃ পুং; শিল্পী। কারিকর। কারু-হস্তশিল্পী।

کاڑھا (কাড়হা) হিঃ নাঃ পুং ; কার্য। ঔষধ বিশেষ।

کاسمیٹکس (কসমেটিকস্-Cosmetics) ইং নাঃ পুং ; রূপ-চর্চা সামগ্রী। প্রসাধনী। কসমেটিক্স।

کاسہ (কাসাঃ) ফাঃ নাঃ পুং ; পেয়ালা। ভিক্ষার পাত্র। খানা।

کاسہ باز (কাসাঃবায) ফাঃ নাঃ পুং ; বাজিগর। ব্যাপক অর্থে-ধোঁকাবাজ। প্রতারক।

کاش (কাশ) ফাঃ বিঃ ; তামান্না। আশা। খোদা চাইলে। হায়! এমন যদি হত।

کاشانہ (কাশানাঃ) ফাঃ নাঃ পুং ; কুটির। নীড়। ঝুপড়ি।

کاشانی (কাশানী) ফাঃ বিঃ ; ইরানের কাশান শহরাধিবাসী। দামী মখমল বিশেষ।

کاست (কাসত) ফাঃ নাঃ স্ত্রীং ; ক্ষতি। ন্যূনতম। ঘাটতি।

کاسد (কাসিদ) আঃ বিঃ ; অকেজো।

کاشت (কাশ্‌ত) ফাঃ নাঃ স্ত্রীং ; কর্ষিত ভূমি। ক্ষেত।

کاشتکاری (কাশত কারী) ফাঃ নাঃ স্ত্রীং ; কর্ষণ। কৃষি। চাষাবাদ।

کاشتہ (কাশতাঃ) ফাঃ বিঃ ; বপনকৃত। কর্ষিত।

کاشف (কাশিফ) আঃ বিঃ ; প্রকাশকারী। উন্মোচনকারী।

کاظم (কাযিম) আঃ বিঃ ; রাগ হজমকারী। ইমাম মূসা রেযার উপাধি।

کاغذ (কাগায) ফাঃ নাঃ পুং ; কাগজ। দলিল। পত্র। সংবাদপত্র।

کافر (কাফির) আঃ বিঃ নাঃ পুং ; দুশমন। শত্রু। অবিশ্বাসী। অমুসলিম। অকৃতজ্ঞ। অস্বীকারকারী। রূপকার্থে-প্রেমিক। প্রতিমা।

کافرانہ (কাফিরানাঃ) আঃ বিঃ ; কাফেরের মত। কাফের সুলভ।

کافور (কাফুর) আঃ নাঃ পুং ; কর্পুর।

کافی (কাফী) আঃ বিঃ ; পরিপূর্ণ। যথেষ্ট।

کافیہ (কাফিয়াঃ) আঃ নাঃ স্ত্রীং ; ইবনে হাজেব লিখিত নাহব্-এর বিখ্যাত কিতাব।

کاک (কাক) উঃ নাঃ পুং ; কর্ক। গম।

کاکا (কাকা) ফাঃ নাঃ পুং ; বড় ভাই। বৃদ্ধ গোলাম। বাবার ছোট ভাই।

کاکا (কাকা) পানঃ নাঃ পুং ; শিশু। দুধের বাচ্চা।

کاکاتوا (কাকাতুয়া) নাঃ পুং; সাদাতোতা। কাকাতুয়া। পাখী বিশেষ।

کاکڑا (কাকড়া) হিঃ নাঃ পুং ; জলজ প্রাণী বিশেষ। কাকড়া।

کاکل (কাকুল) ফাঃ নাঃ স্ত্রীং ; কেশগুচ্ছ। দীর্ঘ কেশ। অশ্বের কেশর।

کاکی (কাকী) আঃ নাঃ পুং ; প্রসিদ্ধ দরবেশ খাজা কুতুবুদ্দীন বখতিয়ারের উপাধি।

کاکن (কাকুন) আঃ নাঃ পুং ; আচড়ান।

کاکو (কাকু) ইঃ নাঃ স্ত্রীং ; মায়ের ভাই। মামু।

کاگ (কাগ) হিঃ নাঃ পুং ; শিশি বা বোতলের মুখের ছিপি। আলা জিহবা।

کاگا (কাগা) হিঃ নাঃ পুং ; কাক। কাউয়া।

کال (কাল) হিঃ নাঃ পুং ; অকাল। দুর্ভিক্ষ। যম। মৃত্যু। সময়। মৌসুম। ঋতু।

کالاپانی (কালাপানি) আন্দামান দীপপুঞ্জ।

کالاپہاڑ (কালাপাহাড়) পাকিস্তানের উত্তর পশ্চিমের নামকরা কালোপাহাড়।

کالا (কালা) হিঃ বিঃ ; কৃষ্ণবর্ণ। অন্ধকার। সাপ।

کالبد (কালুবুদ) ফাঃ নাঃ পুং ; গঠন। আদর্শ। সাঁচ।

کالی اندھی (কালী আন্ধী) হিঃ নাঃ পুং ; ধূলিঝড়। কালো মেঘ।

کالی بلا (কালীবালা) হিঃ নাঃ পুং ; অত্যন্ত কৃষ্ণবর্ণ কদাকার চেহরার স্ত্রীলোক। ভয়ঙ্কর বিপদ।

کالی مرچ (কালী মির্‌চ) হিঃ নাঃ পুং ; গোলমরিচ।

کالےکوسے (কালে কোসে) দূর-দূরান্তের ব্যবধান।

کالی بھیڑ (কালী ভেড়) নাঃ বিঃ ; বদনাম। পাজি। বদমাশ।

کام (কাম) সাঃ নাঃ পুং ; খায়েশ। জৈবিক চাহিদা। যৌনতা। ভালবাসা।

کام دیو (কামদেব) সঃ নাঃ পুং ; কামদেব। যৌনশক্তি।

کام (কাম) হিঃ নাঃ পুং ; কাম। কাজ। কর্ম। মতলব। সহবাস।

کام بخش (কামবখশ) ফাঃ বিঃ ; ইচ্ছামত। খুশীমত।

کام ران (কামরান) ফাঃ বিঃ ; ভাগ্যবান। সফলকাম।

کامرانی (কামরানী) ফাঃ নাঃ স্ত্রীং ; ভাগ্য। সফলতা।

کامرس (কমার্স–Commerce) ইং নাঃ স্ত্রীং ; ব্যবসা। বাণিজ্য। সওদাগরী। কমার্স বিষয়।

کامل (কামিল) আঃ বিঃ ; পুরো। সব। তামাম। গোটা। সিদ্ধপুরুষ। পূর্ণাঙ্গ। পরিপূর্ণ। নিষ্কলংক। নিপুণ। চূড়ান্ত।

کامن ویلتھ (কমনওয়েলথ–Commonwealth) ইং নাঃ স্ত্রীং ; বৃটেনের ঔপনিবেশমুক্ত দেশের ভ্রাতৃসংঘ। এর প্রধান বৃটেন-ই।

کامنا (কামনা) সঃ নাঃ স্ত্রীং ; তামান্না। আশা। কামনা। বাসনা। খায়েশ। ইচ্ছা। আশা।

کامیڈی (কমোডি–Comedy) ইং নাঃ পুং ; কৌতুক নাটক।

کامنی (কামিনী) হিঃ নাঃ স্ত্রীং ; সুন্দরী নারী। তন্বী। কোমলদেহী মহিলা। সুগন্ধি বিশেষ।

کامود (কামোদ) হিঃ নাঃ স্ত্রীং ; সঙ্গীতের রাগিনি বিশেষ।

کامیاب (কাময়াব) ফাঃ বিঃ ; কৃতকার্য। সফলকাম। কামিয়াব।

کامیابی (কাময়াবী) ফাঃ নাঃ স্ত্রীং ; কৃতকার্যতা। সফলতা। কামিয়াবি।

کان (কান) হিঃ নাঃ ; কান। শ্রবণেন্দ্রিয়। শ্রবণশক্তি। কানের দুল।

کان (কান) ফাঃ নাঃ স্ত্রীং ; খনি। উৎস।

کانا (কানা) হিঃ বিঃ ; এক চক্ষুবিশিষ্ট। দাগী।

کانا باتی (কানাবাতি) নাঃ স্ত্রীং ; কানাবাতি। কানে কানে আলাপ।

کانا پھوسی (কানা ফুসী) নাঃ স্ত্রীং ; গোপনে কথা বলাবলি। কানাঘুষা।

کان امیٹھنا (কান উমেঠনা) শাস্তি দেয়া। ভর্ৎসনা করা।

کان بھرنا (কান ভরনা) কথা লাগান। নিন্দা করা। কানভারী করা।

کانپ (কাঁপ) হিঃ নাঃ স্ত্রীং ; পতঙ্গ। কম্পন।

کانپنا (কাঁপনা) হিঃ মূঃ ; কাঁপন। থির থির করা। থর থর করা। কাঁপা। কম্পিত হওয়া।

کانٹا (কাঁটা) হিঃ নাঃ পুং ; কন্টক। কাঁটা। বড়শি। ঘড়ির কাটা। নিক্তি।

کانٹی (কাঁটী) হিঃ নাঃ স্ত্রীং ; খারাপ। তুলো। ছোট নিক্তি।

کانجی (কাঁজী) হিঃ নাঃ পুং ; অজীর্ণতা নাশক টক পানীয়। চাল ধোয়া পানী। টক দই।

کانچ (কাঁচ) হিঃ নাঃ স্ত্রীং ; কাঁচ।

کانچو (কাঁচু) হিঃ নাঃ পুং ; সমকামী।

کاندھا (কান্ধা) হিঃ নাঃ পুং ; কাঁধ। স্কন্ধ।

کانڈ (কানড়) হিঃ নাঃ পুং ; কিতাবের

অধ্যায়। পরিচ্ছেদ।

کانڈل (কান্ডল) হিঃ নাঃ পুং ; সরিষার শাক।

کانڑا (কাঁড়া) হিঃ নাঃ পুং ; কানা। এক প্রকার রাগিনী।

کانس (কাঁস) উঃ নাঃ স্ত্রীং ; আচড়ান।

کانسا (কাঁসা) হিঃ নাঃ পুং ; শাহীখানা। ধাতু বিশেষ। কাঁসা।

کانسٹبل (কনস্টেবল–Constable) ইং নাঃ পুং ; পুলিশের একটি পদ। পুলিশ কনস্টেবল।

کانسٹی ٹیوشن (কনস্টিটিউশন–Constitution) ইং নাঃ পুং ; শাসনতন্ত্র। সংবিধান।

کانسہ (কাঁসাঃ) উঃ নাঃ পুং ; পেয়ালা। কাপ। ভিক্ষার ঝুলি।

کانفرنس (কনফারেন্স–Conference) ইং নাঃ স্ত্রীং ; সম্মেলন। সেমিনার। সিম্পোজিয়াম। মজলিসে শুরা। মাহফিল। কনফারেন্স।

کانکڑا (কাঁকড়া) হিঃ নাঃ পুং ; বুলবুল পাখি। মশাল।

کانکھ (কাঁখ) হিঃ নাঃ স্ত্রীং বোগল। বায়ু। পার্শ্ব। বাহু।

کانکھنا (কাঁখনা) হিঃ মূঃ ; গলা পরিষ্কারের আওয়াজ। গলা খাকারি।

کانگڑی (কাংড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; মাটির আংটি। কাশ্মীরীরা সাধারণত এটা ব্যবহার করে।

کانور (কানোর) হিঃ নাঃ পুং ; একপ্রকার রোগ যাতে চোখ হলদে হয়ে যায়। পান্ডুরোগ। জন্ডিস। কাওলা।

کانورا (কানোরা) হিঃ বিঃ ; হতোদ্যম। হতাশ। ভগ্নোৎসাহ। ভীত।

کانون (কানুন) ফাঃ নাঃ পুং ; আংটি। অগ্নি চামচ।

کانی (কানী) হিঃ বিঃ ; একচোখা নারী। খনিজ পদার্থ।

کاو (কাও) ফাঃ নাঃ স্ত্রীং ; খোদাই করা। তালাশ। অনুসন্ধান। পরীক্ষা।

کاو کاو (কাওকাও) প্রচেষ্টা। অনুসন্ধান। নখ দ্বারা যখম খোঁচানো।

کاوا (কাওয়া) উঃ নাঃ পুং ; খোঁড়াকে শিক্ষা দেয়ার সময় এই ভাবে চারিদিকে ঘোরান হয় যে, তার পদচিহ্ন অংকিত হয়।

کاواک (কাওয়াক) ফাঃ বিঃ ; খালি। খোকলা। সারহীন।

کاوش (কাবেশ) ফাঃ নাঃ স্ত্রীং ; খোদাই। খনন। অনুসন্ধান। দ্বন্দ্ব। শক্রতা।

کاوی (কাবী) ফাঃ নাঃ স্ত্রীং ; খনন। খোদাই।

کاہ (কাহ) ফাঃ নাঃ স্ত্রীং ; কাটা শুকনো ঘাস। খড়।

کاہش (কাহিশ) ফাঃ নাঃ স্ত্রীং ; পতন। অবনতি। হ্রাস। ন্যূনতা। পদস্খলন।

کاہل (কাহিল) আঃ বিঃ ; কামচোর। আরামপ্রিয়। বিলাসী।

کاہلا (কাহিলা) উঃ বিঃ ; দুর্বল। থমকান। মন্থর। বিষন্ন। পরিশ্রান্ত। ক্লান্ত।

کاہلی (কাহিলী) ফাঃ নাঃ স্ত্রীং ; অলসতা। শ্রমবিমুখতা। বিলাসিতা। আরামপ্রিয়তা। আড়ম্বড়তা।

کاہن (কাহিন) আঃ নাঃ পুং ; গণক। জ্যোতিষী। যাদুকর। ভবিষ্যদ্বক্তা। (ব–ব, کہنہ)

کاہنہ (কাহিনাঃ) আঃ নাঃ স্ত্রীং ; গণকী। জ্যোতিষীণি।

کاہو (কাহু) ফাঃ নাঃ পুং ; শাক বিশেষ এবং তার বীজ।

کاہی (কাহী) উঃ নাঃ পুং ; হালকা সবুজ রঙ।

کاہے (কাহে) হিঃ সর্ব ; কেন? কি প্রকারে? কিসের?

کاہیدگی (কাহিদগী) ফাঃ নাঃ স্ত্রীং ; দুর্বলতা। অলসতা। ক্ষীণতা।

کاہیدہ (কাহিদাঃ) ফাঃ বিঃ ; নিম্নমানের। দুর্বল।

کاپهل (কাফাল) হিঃ নাঃ পুং ; কাউ ফল। টক ফল বিশেষ। পাহাড়ী গাছ-গাছড়ার ছালের দ্বারা তৈরী ঔষধ বিশেষ।

کائد (কাইদ) আঃ বিঃ ; ধোঁকাবাজ। কুচক্রী। ষড়যন্ত্রকারী।

کائن (কাইন) আঃ বিঃ ; অনুষ্ঠিতব্য। উপস্থিত। হতে যাচ্ছে এমন। থাকছে এমন।

کاؤنٹ (কাউন্ট-Count) ইং নাঃ পুং ; ইউরোপের নওয়াবের পদ। গীর্জার নায়েব। ধর্ম-পদ।

کاؤنٹر (কাউন্টার-Counter) ইং নাঃ পুং ; ক্লার্ক। টাকা গণনার টেবিল। টাকা জমাদানের অফিস। কাউন্টার।

کائنات (কায়েনাত) আঃ নাঃ স্ত্রীং ; জগৎ। বিশ্ব। পুঁজি।

کائی (কাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; ময়লা। শেওলা। গাঁদ। তলানী।

کائیاں (কাইয়াঁ) উঃ বিঃ ; অতিচালাক। ধূর্ত। গভীর পানির মাছ।

کایا (কায়া) হিঃ নাঃ স্ত্রীং ; শরীর। মায়া। অবয়ব। রূপ। বেশ। উপাদান। সাঁচ।

کایاپلٹ (কায়াপালাট) হিঃ বিঃ ; বেশ বদল করা। ছদ্মবেশ।

کایاکشٹ (কায়া কাশ্‌ট) দৈহিক নির্যাতন। অসুখ বিশেষ।

کایا کلپ (কায়া কলপ) হিঃ নাঃ পুং ; হারবাল সেবন করে পুরানো যৌবন ফিরিয়ে আনা।

کایہ - کایستہ (কায়াঃ-কায়স্থ) হিঃ নাঃ পুং ; কর্মজীবী হিন্দুদের একটি শ্রেণী। নিম্নশ্রেণী। অচ্ছুৎ- অস্পৃশ্য।

ک - ب

کب (কব্‌) কবে। কখন। কোন সময়। কেন। কিভাবে।

کب (কুব) হিঃ নাঃ পুং ; কুঁজা। ন্যুব্জ। উটের গলা। হাওদা।

کباب (কাবাব) ফাঃ নাঃ পুং ; শিকে গেঁথে আগুনে ঝলসানো খাদ্য। ভুনা গোশত। কাবাব।

کباب کاانسو (-কা আঁসু) শিক কাবাব বেয়ে পড়া পানি।

کبابی (কাবাবী) ফাঃ নাঃ পুং ; কাবাব বিক্রেতা।

کبادہ (কাবাদাঃ) ফাঃ নাঃ পুং ; নরম ধনুক। ট্রেনিংয়ের কামান বা ধনুক।

کبار (কিবার) আঃ নাঃ পুং ; (کبیر -এর ব-ব) মহান ব্যক্তি। অভিজাত। মহাত্মা। বস।

کباڑ (কাবাড়) হিঃ নাঃ পুং ; পুরাতন জীর্ণ আসবাব।

کبائر (কাবাইর) আঃ নাঃ পুং ; (کبیرۃ -এর ব-ব) কবিরা গোনাহ। বড় গোনাহ।

کبت (কাবত) আঃ ; অপমান করা। নিলামের মাল বিক্রেতা।

کبد (কাবিদ) আঃ নাঃ পুং ; কলিজা। যকৃত।

کبدھی (কাবুদ্ধী) হিঃ বিঃ ; আহাম্মক। গোঁয়ার। বেকুফ। গেয়ো।

کبڈی (কাবাডী) উঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার খেলা। কাবাডী খেলা।

کبر (কিব্‌র) আঃ নাঃ পুং ; বড়ত্ব। মাহাত্ম্য। শ্রেষ্ঠত্ব। অহংকার। আমি আমি ভাব। আমিত্ব।

کبر (কিবার) আঃ নাঃ পুং ; বার্দ্ধক্য। পৌঢ়ত্ব। বয়সে বড় হওয়া। বড় হওয়া।

کبرا (কোবরা) হিঃ বিঃ ; চিত্রল। সাদা-কালো মিশ্রিত রঙ। ডোরাকাটা।

کبراء (কুবারা) আঃ নাঃ পুং ; (کبیر -এর ব-ব) মহান ব্যক্তি। শীর্ষস্থানীয়। নেতৃস্থানীয়।

کبری (কুবরা) আঃ বিঃ ; অতিবড়। মহান। শ্রেষ্ঠ। দেশ সেরা। জগৎ সেরা।

کبریا (কিবরিয়া) আঃ নাঃ পুং ; বড়ত্ব।

শ্রেষ্ঠত্ব। অহংকার। আত্মগৌরব। আত্মম্ভরিতা। খোদাতা'আলার সিফাতে কিবরিয়া তথা বড়ত্বের গুণ।

کبریائی (কিবরিয়াঈ) আঃ নাঃ বিঃ ; বড়ত্ব। মহত্ত্ব। মহানুভবতা। উদারতা।

کبریت (কিবরীত) আঃ নাঃ পুং ; গন্ধক। খাঁটি সোনা। দিয়াশলাই। ম্যাচ।

کبڑا (কুবড়া) হিঃ বিঃ ; কুঁজো। ন্যূব্জ।

کبڑن (কুবড়ন) হিঃ নাঃ স্ত্রীং ; তরকারী বিক্রেতা নারী।

کبڑیا (কুবড়িয়া) তরকারী বিক্রেতা। কাঁচাবাজারী।

کبک (কাবুক) ফাঃ নাঃ পুং ; চকোর। তিত্তির পাখি। চালাক পাখি।

کبوتر (কবুতর) ফাঃ নাঃ পুং ; কবুতর। পায়রা। কপোত।

کبوتری (কবুতরী) হিঃ নাঃ স্ত্রীং ; পায়রি। কপোতী।

کبود (কাবুদ) ফাঃ নাঃ পুং ; নীল। আকাশী রঙ।

کبودی (কাবুদী) ফাঃ বিঃ ; নীলা। আকাশী।

کبھی (কভী) হিঃ বিণ ; কখনও। কোন সময়। কালে-ভদ্রে। মাঝে মধ্যে।

کبیدگی (কাবীদগী) ফাঃ নাঃ স্ত্রীং ; দুঃখ। যাতনা। বেদনা। কষ্ট। ব্যথা। বিষন্নতা।

کبیده (কাবীদাঃ) ফাঃ বিঃ ; বিষন্ন। বিপর্যস্ত। দুঃখিত।

کبیده خاطر (-খাতির) ফাঃ বিঃ ভগ্নহৃদয়। ভারাক্রান্ত অন্তর।

کبیر (কাবীর) আঃ বিঃ ; বড়। বুযুর্গ। হিঃ নাঃ পুং ; ১৫ শতাব্দীর একজন একত্ববাদী হিন্দু কবি।

کبیره (কাবীরাঃ) আঃ বিঃ ; মাননীয়া। উত্তমা। মহামতি। মহান-নারী। মহিয়সী রমণী।

کبیسه (কাবীসাঃ) আঃ ; পাতকুয়া। লিপিয়ার বছর।

کبیسر (কাবীসর) হিঃ বিঃ ; কৃপণ। বখীল।

کبیشر (কাবীশর) আঃ নাঃ পুং ; কবি-সম্রাট।

ک - پ

کپ (কাপ) হিঃ নাঃ পুং ; কম্পন। কাঁপা। স্পন্দন। নড়াচড়া।

کپ (কাপ-Cup) ইং নাঃ পুং ; চায়ের পাত্র। কাপ

کپا (কুপপা) হিঃ নাঃ পুং ; ঘি ইত্যাদি রাখার জন্য ব্যবহৃত চামড়ার পাত্র বিশেষ।

کپاٹ (কপাট) নাঃ পুং ; দরজা।

کپاری (কপারী) হিঃ নাঃ স্ত্রীং ; ঘোড়ার মুখে বাধার রশি।

کپاس (কাপাস) হিঃ নাঃ স্ত্রীং ; কার্পাস। তুলা। তুলার চারা।

کپاسی (কাপাসী) নাঃ বিঃ ; হলুদ রঙ।

کپال (কপাল) সঃ নাঃ স্ত্রীং ; কপাল। ললাট। খুপড়ী। শিবাজীর উপাধি। মাথা। ভাগ্য। নিয়তি। বাঙালী হিন্দুদের জাতি বিশেষ।

کپتان (কাপ্তান-Captain) ইং নাঃ পুং ; সেনা, পুলিশ বা জাহাজের বড় অফিসার। ক্যাপ্টেন।

کپٹ (কপট) সঃ নাঃ স্ত্রীং ; ধোঁকা। প্রতারণা। প্রবঞ্চনা। হিংসা। শত্রুতা। মোনাফেকী।

کپٹی (কপটী) সঃ বিঃ ও নাঃ পুং ; দাগাবাজ। ধোঁকাবাজ। প্রতারক। শঠ। জোচ্চুর। হিংসুটে। হিংসুক। বৈরী। মুনাফিক। ঈর্ষাপরায়ণ।

کپڑ (কাপড়) হিঃ নাঃ পুং ; (کپڑا -এর সংক্ষেপ)। কাপড়। পরিধেয়।

کپڑ کوٹ (কাপড় কোট) নাঃ পুং ; তাঁবু। খিমা।

کپڑا (কাপড়া) হিঃ নাঃ পুং ; কাপড়। পোষাক। লেবাস। জামা।

کپڑہ (কুপাড়) হিঃ বিঃ ; মূর্খ। গেঁয়ো। অশিক্ষিত।

کپکپانا (কাপকাপানা) হিঃ মূঃ ; থর থর করা। কাঁপা কাঁপি করা।

کپکپاہٹ – کپکپی (কাপকাপাহাট-কাপকাপী) হিঃ নাঃ স্ত্রীং ; কম্পন। শিহরণ। স্পন্দন। দুশ্চিন্তা। ভীতিভাব।

کپوت (কুপুত) হিঃ নাঃ পুং ; কুপুত্র। বদমাশ ছেলে।

کپور (কপুর) হিঃ নাঃ পুং ; কর্পুর।

کپورا (কপুরা) হিঃ নাঃ পুং ; অন্ডকোষ। ডিম। ডিম্ব। ভেড়া-বকরির অন্ডকোষ।

کپوری (কপুরী) হিঃ বিঃ ; কর্পুরের ন্যয় সাদা এবং সুগন্ধিময়। কর্পুরী। এক প্রকার পান।

کپی (কুপপী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট তৈল পাত্র। চেরাগ। কুপি। চর্ম-শিশি। বারুদের ব্যাটারী।

ک - ت

کت (কিত্) হিঃ বিণ ; কোথায়। কোন দিকে। কোনখানে ?

کتا (কিত্তা) হিঃ বিণ ; বলো না ?

کتا (কাত্তা) হিঃ নাঃ পুং ; তলোয়ার বিশেষ।

کتا (কুততা) হিঃ নাঃ পুং ; কুকুর। প্রেম-কাঁটা। গোলাম। দাস। ভৃত্য। পানি উঠানোর চড়কির লাঠি।

کتاب (কিতাব) আঃ নাঃ স্ত্রীং ; লিখিত। নামা। পুঁথি। গ্রন্থ। কপি। বই। পুস্তক। হিঃ ; বহি। রেজিস্টার।

کتاب بین (– বীন) আঃ ফাঃ বিঃ ; পাঠক।

کتاب حواله (–এ-হাওয়ালাঃ) আঃ নাঃ স্ত্রীং ; উদ্ধৃতি পুস্তক। ইং ; (রেফারেন্স বুক–Reference Book)

کتاب رو (– রও) আঃ ফাঃ বিঃ ; লম্বা গড়ন। অভিজ্ঞতার ছাপযুক্ত চেহারা।

کتاب فروش (– ফরুশ) আঃ ফাঃ বিঃ ; পুস্তক ব্যবসায়ী। লাইব্রেরীয়ান।

کتابت (কিতাবাত) আঃ নাঃ স্ত্রীং ; লেখা। লিপিকা। লিখন। কপি করা। নকল কপি করা। লিপিকাকরণ।

کتابچه (কিতাবচাঃ) ফাঃ নাঃ পুং ; পুস্তিকা। ক্ষুদ্র বই। চটি বই।

کتابه (কিতাবাঃ) আঃ নাঃ পুং ; লিখিত। শিরোনাম। হেড লাইন।

کتابی (কিতাবী) আঃ বিঃ ; পুস্তক সম্বন্ধীয়। লিখিত। নকলকৃত। নিশ্চিত। গ্রহণযোগ্য। নাঃ পুং ; আহলে কিতাব। আসমানী কিতাবধারী। ইহুদী-খ্রীস্টান।

کتابی چهرا (কিতাবী চেহারা) আঃ ফাঃ নাঃ পুং ; কমনীয় কান্তি। লম্বা গড়ন। লম্বা চেহারা।

کتابی علم (কিতাবী ইলম) আঃ নাঃ পুং ; পুঁথিজ্ঞান। পুস্তকগত বিদ্যা। অভিজ্ঞতাহীন জ্ঞান। শিক্ষকবিহীন শিক্ষা।

کتابیت (কিতাবিয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; বিশেষ তথ্যসম্বলিত সূচী। সূচী-পুস্তক।

کتاف (কিতাফ) আঃ নাঃ পুং ; চোর বাধার রশি। বেড়ী। হাতকড়া। হ্যান্ডকাপ।

کتان (কাতান) ফাঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার সূক্ষ্মকাপড়। কাতান শাড়ী। কাতান।

کتانا (কাতানা) হিঃ মূঃ ; সূতা তৈরী করানো। চড়কি চালনা।

کتائی (কাতাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; সূতা তৈরীর পারিশ্রমিক।

کتب (কুতুব) আঃ নাঃ স্ত্রীং ; (کتاب -এর ব-ব)। কিতাব। বই। পুস্তক।

کتب خانه (কতুব খানাঃ) আঃ ফাঃ নাঃ পুং ; কিতাব ঘর। পাঠাগার। গ্রন্থাগার। লাইব্রেরী। বুকডিপো।

کتبه (কতাবাঃ) আঃ নাঃ পুং ; প্রস্তর লিখন। শিলা লিপি।

کتخدا (কত খোদা) ফাঃ নাঃ পুং ; বাড়ীওয়ালা। দুলা। স্বামী। মনিব।

کتخدائی (কত খোদাঈ) ফাঃ নাঃ স্ত্রীং ;

বিয়ে। বিবাহ। ঘরকন্যা। পরিণয়।

کتار (কাতার) হিঃ নাঃ পুং ; কাটাই। ছাটাই। কাটিং। সমান্তরাল করণ।

کترن (কাতরান) হিঃ নাঃ স্ত্রীং ; ছাঁটাই। কাট-ছাট। টুকরো কাপড়।

کترن (কুতরন) হিঃ নাঃ স্ত্রীং ; দাঁত-কাটা বস্তু।

کترنا (কাতারনা) হিঃ মূঃ ; দাঁত দ্বারা কাটা। পাখির ঠোঁটে কাটা। মাঝখান থেকে রাখা।

کترانا (কাত্‌রানা) হিঃ মূঃ ; পার্শ্ববতী হওয়া। বড় রাস্তা ছেড়ে দেয়া।

کترنی (কাতারনী) হিঃ নাঃ স্ত্রীং ; কাঁচি।

کتروان (কাতরাওয়াঁ) হিঃ বিঃ ; আড়। বাঁকা। তেড়ছা।

کتروا چال (কাতরাওয়া চাল) নাঃ স্ত্রীং ; কুচক্র। বাঁকা চাল। সূক্ষ্ম চালবাজি।

کتروائی (কাতরাওয়াঈ) হিঃ নাঃ স্ত্রীং ; কাঁটিং চার্জ। মজুরী।

کتف (কাতিফ) আঃ নাঃ পুং ; কাধ। স্কন্ধ।

کتکی (কুতকী) হিঃ নাঃ পুং ; ভাং ঘোটার দন্ড। ডান্ডা। লৌহদন্ড। হাম্বল-দিস্তা। মুগুড়। দুরমুজ। হাতুড়ি।

کتل (কাততাল) হিঃ নাঃ স্ত্রীং ; ইট-পাটকেল। চারা। মাটি-ভাঙ্গা টালি।

کتلا (কুতলা) হিঃ নাঃ পুং ; টুকরা। ভগ্নাংশ।

کتمان (কিতমান) আঃ নাঃ পুং ; সাক্ষ্য গোপনকরণ। লুকিয়ে রাখন। ঢেকে দেয়া। চেপে যাওয়া। গোপন করা।

کتنا (কিত্‌না) হিঃ বিণ ; এতটুকু। কতটুকু। কি পরিমাণ ? যতটুকু।

کتنا (কাতনা) হিঃ মূঃ ; সুতা কাটা।

کتنا (কুতনা) হিঃ মূঃ ; ধারণা করা। আন্দায করা। অনুমান করা।

کتوال (কোতোয়াল) হিঃ নাঃ পুং ; জল্লাদ।

کتوانا (কাত্‌ওয়ানা) হিঃ মূঃ ; সুতা তৈরী করা। সুতার মেশিন বা চড়কা চালান।

کتھا (কথা) সঃ নাঃ স্ত্রীং ; বয়ান। বর্ণনা। বাণী। কথা। কিচ্ছা-কাহিনী। উপাখ্যান। সূত্র। ওয়াজ। নসীহত। ধর্মীয়-উপদেশ।

کتھا باچنا (-বাচনা) হিঃ মূঃ ; কথা শোনানো। তেলাওয়াত শোনানো। শ্রাস্ত্র বলা।

کتھا (কাত্‌থা) হিঃ নাঃ পুং ; পানের খয়ার।

کتھرا (কুথরা) হিঃ নাঃ পুং ; নাপাকী। অপবিত্রতা। অপরিচ্ছন্নতা।

کتھری (কুথরী) হিঃ নাঃ স্ত্রীং ; ছেঁড়া-কাঁথা। কম্বল।

کتھک (কথক) হিঃ নাঃ পুং ; প্রশংসাকারী। নট। নৃত্যশিল্পী। নাচ-গানের ছেলে। অপেরা শিল্পী।

کتی (কাততী) হিঃ নাঃ স্ত্রীং ; স্বর্ণকারের অস্ত্র বিশেষ। একপ্রকার তলোয়ার।

کتی - کتیا (কুততী-কুত্তিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; মাদী কুত্তা। কুকুরী। তুচ্ছার্থে ব্যভিচারিণী।

کتیبه (কাতীবাঃ) আঃ নাঃ পুং ; সেনা। সৈন্য। খয়বরের একটি কেল্লার নাম।

کتیرا (কাতীরা) হিঃ নাঃ পুং ; লোহা পিটিয়ে সোজা করার গুর্জ বা হাতুড়ি।

ک - ٹ

کٹ (কুট) হিঃ নাঃ স্ত্রীং ; ধাতুবিশেষ। একপ্রকার ঔষধ। মারপিট। আলাদা। জুদা। পৃথক।

کٹ بندیا (কুট বেদ্দিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; কানমলা। কানটানা।

کٹ (কাট) হিঃ নাঃ স্ত্রীং ; কোমর। মেরুদন্ড।

کٹا (কাটা) হিঃ বিঃ ; কর্তিত। (کاٹ -এর সংক্ষেপ)।

کٹا (কাটটা) হিঃ বিঃ ; শক্ত। উগ্র। মজবুত। শক্তিশালী। কট্টর।

کٹار (কাটার) হিঃ নাঃ স্ত্রীং ; খঞ্জর।

তলোয়ার। অসী। নেউলে প্রকৃতির প্রাণী।

کٹار (কুটার) হিঃ নাঃ পুং ; ছোট ঘোড়া। দুষ্ট বালক।

کٹاری (কাটারী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট তলোয়ার।

کٹاریا (কাটারিয়া) নাঃ পুং ; ধারালো পাড়ের রেশমী কাপড়।

کٹاؤ (কাটাও) হিঃ নাঃ পুং ; কাটানো।

کٹائی (কুটাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; মারপিট। কোনকিছু পেটা ও তার মজুরী।

کٹائی (কাটাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; ফসল কাঁটা। ফসল কাটার পারিশ্রমিক। কাঁটা-মৌসুম।

کٹر (কট্টর) হিঃ বিঃ ; উগ্র। শক্তপ্রাণ। পাষাণ।

کٹرکٹر (কুটুর কুটুর) হিঃ নাঃ স্ত্রীং ; কট্‌কট্‌। শক্ত কিছু চাবানোর আওয়াজ।

کٹرا (কাটরা) হিঃ নাঃ পুং ; ছোট এলাকা। চক। ক্ষুদ্র বাজার। মহিষের নর-শাবক।

کٹری (কাটরী) হিঃ নাঃ স্ত্রীং ; উপকূলীয় জমি। মহিষের মাদী-শাবক। ক্ষুদ্র অঞ্চল।

کٹک (কটক) সঃ নাঃ পুং ; সেনা। ফৌজ। ফোর্স। ভারতের একটি নামকরা প্রদেশ।

کٹکٹانا (কিটকিটানা) হিঃ মূঃ ; দাঁত কাটার আওয়াজ। দন্ত-পেষণ। রাগে কট্‌মট্‌ করা।

کٹکھنا (কট্‌খন্না) হিঃ বিঃ ; দংশনকারী। আঘাতকারী।

کٹل (কুটিল)হিঃ বিঃ ; বিকৃত। বক্র। দুষ্ট। জটিল। কুটিল।

کٹکٹی (কটকটি) নাঃ স্ত্রীং ; দাঁত কাটা। কষ্ট-মুসিবত। গুড় ও আটা দিয়ে তৈরী শিশু খাদ্য বিশেষ।

کٹکنا - کٹکنہ (কটকানা-কটকানাঃ) হিঃ নাঃ পুং ; নমুনা। খসড়া। তদ্বীর। কানুন। আইন। শিল্প। চালাক।

کٹکی (কুটকী) হিঃ নাঃ স্ত্রীং ; তেঁতো ঔষধ বিশেষ।

کٹلری (কাটলারী-Cutlery) ইং নাঃ স্ত্রীং ; ছুরি। চাকু। ছুরি বানানোর অস্ত্র।

کٹمب - کٹم (কুটুম-কুটুম্ব) হিঃ নাঃ পুং ; বংশ। গোত্র। খান্দান। পরিবার। আত্মীয়-স্বজন। গৃহস্থালী।

کٹنا (কাটনা) হিঃ মূঃ ; কাটা। থেঁতলে যাওয়া। যখম হওয়া। লজ্জিত হওয়া। জিতা।

کٹنا (কুটনা) হিঃ নাঃ পুং ; দাইয়ুছ। লুচ্ছা। হিঃ মূঃ ; মার খাওয়া। চূর্ণ করা। দুর্বল।

کٹنی (কুটনী) হিঃ নাঃ স্ত্রীং ; চালাক। চতুর। কুটনানারী।

کٹنی (কট্‌নী) হিঃ নাঃ স্ত্রীং ; শস্য কর্তনের ঋতু বা কাল।

کٹواں (কুটওয়াঁ) হিঃ বিঃ ; থেতলানো। ছিলানো। সূদ। বাড়তি বা কমতি-সূদ।

کٹوتی (কাটোতী) হিঃ নাঃ স্ত্রীং ; বাটা। সাংবিধানিক। মাটিকাটা। ইং ; কমিশন। ছাড়। মূল্য হ্রাস। (ডিসকাউন্ট-Discount)

کٹورا (কাটোরা) হিঃ নাঃ পুং ; পানি পানের বড় কাসা-তাম্র-পাত্র।

کٹوری (কাটোরী) হিঃ নাঃ স্ত্রী ; ছোট পেয়ালা। ব্লাউজ। ব্রেসিয়ার। বডিস। সীনাবন্দ। কাঁচুলি।

کٹول (কটোল) সঃ নাঃ পুং ; অচ্ছুৎ শ্রেণী। চন্ডাল। হিঃ ; গাছ বিশেষ।

کٹھ (কাঠ) হিঃ নাঃ পুং ; কাঠ। লাকড়ি। কাষ্ঠ। পরিশ্রম। মেহনত।

کٹھا (কাঠা) হিঃ নাঃ পুং ; জমি পরিমাপ। কাঠা।

کٹھالی (কোঠালী) হিঃ নাঃ স্ত্রীং ; স্বর্ণ-রৌপ্য গলানোর পাত্র।

کٹھرا (কাঠরা) হিঃ নাঃ পুং ; বাঘের পিঞ্জিরা। লোহা বা কাঠের খাঁচা। কাঠগড়া।

کٹھرا (কাঠরা) হিঃ নাঃ পুং ; লোহা বা কাঠের পাত্র। জালা। বয়লার।

کٹھری (কাঠরী) হিঃ নাঃ পুং ; কাঠের বালতি।

کٹھل (কাঠাল) হিঃ নাঃ পুং ; কাঁঠাল ফল বা বৃক্ষ।

کٹھلا (কুঠলা) হিঃ নাঃ পুং ; শস্য গুদাম। চুনা- গোডাউন। কর্ণ-হাড্ডি।

کٹھن (কাট্‌ঠিন) হিঃ নাঃ বিঃ ; শক্ত। কঠিন। মজবুত। দুর্গম।

کٹھنائی (কঠনাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; দুর্গমতা। মুশকিল। কষ্ট। দুঃখ। বেদনা।

کٹھوتی (কঠওয়াতী) হিঃ নাঃ স্ত্রীং ; কাঠ-পাত্র।

کٹھور (কঠোর) হিঃ নাঃ বিঃ ; শক্ত প্রাণ। হৃদয়হীন। নিষ্ঠুর। পাষাণ। কট্টর।

کٹھورپن (– পন) হিঃ নাঃ বিঃ ; উগ্রতা। নির্মমতা। নিষ্ঠুরতা। কঠোরতা। পাষন্ডতা।

کٹھیا (কুঠিয়া) হিঃ নাঃ স্ত্রীং ; গুদাম। ভান্ডার। খাজানা। গোডাউন।

کٹی (কুটটী) হিঃ নাঃ স্ত্রীং ; মন্ড। গলিত কাগজ। ইক্ষু-চারা।

کٹی (কুটী) হিঃ নাঃ স্ত্রীং ; আশ্রম। খানকা। সমাধা। মাজার। সৌধ। কুটির। তাপোবন মধ্যস্থ কুটির।

کٹیا (কাটইয়্যা) হিঃ নাঃ স্ত্রীং ; মেটে পাত্র। বড়শী। জোয়ান মহিষ।

کٹیا (কাটইয়্যা) হিঃ নাঃ পুং ; মোটা ঘাস বিশেষ।

کٹیلا (কাটিলা) হিঃ বিঃ ; ধারাল বুটি। মোটা ঘাস বিশেষ। বিষাক্ত। তীব্র। চালাক। বাহাদুর। তরল।

ک - ث

کثافت (কছাফাত) ফাঃ নাঃ স্ত্রীং ; ঘনত্ব। পুরুত্ব। স্থূলতা। মেদস্ব। অপবিত্রতা। অপরিচ্ছন্নতা।

کثرت (কাছরাত) আঃ নাঃ স্ত্রীং ; আধিক্য। প্রাচুর্য। অতিরিক্ত। উগ্রতা। বাড়াবাড়ি। সীমালংঘন।

کثیر (কাছীর) আঃ বিঃ ; অধিক। অনেক। প্রচুর।

کثیف (কাছীফ) আঃ বিঃ ; ঘন, মোটা। পুরু। গাঢ়। নাপাক। অপবিত্র।

ک - ج

کج (কাজ্) ফাঃ বিঃ ; বাঁকা। বক্র। আড়াআড়ি।

کج اخلاق (– আখলাক) ফাঃ আঃ বিঃ ; টেরা- প্রকৃতি। ঘাউরা। গোঁয়ার।

کج فہم (– ফাহম) ফাঃ বিঃ ; স্থূলবুদ্ধি।

کج بیان (– বায়ান) ফাঃ বিঃ ; অগোছালো কথা। তেঁতো উক্তি। গোল মেলে বচন।

کجا (কুজা) ফাঃ বিণ ; কোথায় ? کدام جا 'কুদামজা'-এর সংক্ষিপ্তি।

کجا (কুজজা) নাঃ পুং ; কুঁজা। নুব্জ।

کجات (কুজাত) হিঃ বিঃ ; বজ্জাত। কমিনা। নিম্নজাত। বিধর্মী। অজাত।

کجاوہ (কাজাওয়া) ফাঃ নাঃ পুং ; হাওদা। উট বা হাতির পিঠে বসার ঘর।

کجرا (কাজরা) হিঃ নাঃ পুং ; কাজল।

کجری (কাজরী) হিঃ নাঃ স্ত্রীং ; হোলি খেলার গীত বিশেষ।

کجک (কাজাক) ফাঃ নাঃ পুং ; অংকুশ। বাঁশিওয়ালার কাঁঠ বা বাঁশি।

کج کلاہ (কজ্‌কুলাহ) ফাঃ বিঃ ; বিলাসী (প্রেমিক)। ফিট্‌ফাট।

کجکول (কাজকুল) ফাঃ নাঃ ; ভিক্ষার ঝুলি। থলে।

کجلا (কাজলা) হিঃ নাঃ পুং ; কাঁজলা।

کجلانا (কাজলানা) হিঃ মূঃ ; অগ্নি নির্বাপণ।

کجلوٹی (কাজলোটী) হিঃ নাঃ স্ত্রীং ; সুরমা দানি। কাঁজল-পাত্র।

کجلی (কাজলী) হিঃ নাঃ স্ত্রীং ; কাজল। হাতি।

کجلی بن (কাজলী বন) হিঃ নাঃ স্ত্রীং ; হাতি বন। যে বনে হাতি থাকে।

کجی (কাজী) ফাঃ নাঃ স্ত্রীং ; টেরা প্রকৃতি। গোঁয়ার্তুমি।

کجی (কুজজী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট মশক। বেটে। কুঁজো।

کـ - چ

کچ (কাচ) হিঃ বিঃ ; খাদেম। চাকর। নরম কাঁচা। (کچا -এর সংক্ষেপ)

کچ بچ (কাচ বাচ) হিঃ নাঃ পুং ; ছেলে পেলে। বাচ্চা-কাচ্চা। আন্ডা-বাচ্চা।

کچ (কুচ) হিঃ নাঃ স্ত্রীং ; স্তন। থন। দুধের বোটা।

کچا (কাচ্চা) হিঃ বিঃ ; অপরিপক্ক। অনভিজ্ঞ। মাটির ঘর।

کچا پکا (কাচ্চা পাককা) নাঃ বিঃ ; অপরিপক্ক। ইতস্ততঃভাব। আড়।

کچال (কুচাল) হিঃ বিঃ ; অভদ্র। পাজি। দুষ্ট।

کچالو (কচালু) হিঃ নাঃ পুং ; সিদ্ধআলু। যাতে লবণ মরিচ ইত্যাদি দিয়ে চাটনি তৈরী করা হয়।

کچ پچ (কিচ্ পিচ্) হিঃ নাঃ স্ত্রীং ; কিচর। কাদা। কাদা ও নরম মাটিতে চলার আওয়াজ। জনতার ভিড়।

کچرا (কাচরা) হিঃ নাঃ পুং ; কাঁচা ফল। অপরিপক্ক ফল।

کچر پچر (কিচার পিচার) হিঃ বিঃ ; কর্দমাক্ত। ধূলিম্লান। ধূলি ধূসরিত।

لشکری (লশকরী) ফাঃ নাঃ স্ত্রীং ; সিপাহী। ফৌজী।

ل - ط

لطافت (লতাফাত) আঃ নাঃ স্ত্রীং ; সৌন্দর্য। শোভা। পবিত্রতা। নমনীয়তা। স্বাদ।

لطائف (লতাইফ) আঃ নাঃ পুং ; (لطیفه -এর ব-ব) বাকপটুত্ব। সূক্ষ্ম কথা বা কাজ। আমোদ-প্রমোদ।

لطف (লুতফ) আঃ নাঃ পুং ; মেহেরবানি। সৌন্দর্য। স্বাদ। মজা। শিষ্টতা। আমোদ-প্রমোদ। (ব-ব, الطاف।)

لطفی (লুতফী) ফাঃ বিঃ ; পোষ্যপুত্র। পালক-পুত্র।

لطمه (লতামাঃ) আঃ নাঃ পুং ; চড়। থাপ্পড়। চটকানা। চপেটাঘাত। চাপড়।

لطیف (লতীফ) সঃ বিঃ ; সূক্ষ্মাতিসূক্ষ্ম। মনমত। নমনীয়। নাযুক। নরম। মোলায়েম। পবিত্র।

لطیف الطبع (লতীফুত তবা') আঃ ফাঃ ; জীবন্ত অন্তর। জাগ্রত হৃদয়। খোশ প্রকৃতি।

لطیفه (লতীফাঃ) আঃ নাঃ পুং ; উত্তম বস্তু। নেক কাজ। কৌতুক। ধাঁধা। ঠক্।

ل - ع

لعاب (লু'আব) আঃ নাঃ পুং ; থুক। থুথু। লালা। শ্লেষা।

لعاب دار (– দার) আঃ ফাঃ বিঃ ; রসালো। রসাত্মক।

لعان (লে'আন) আঃ নাঃ পুং ; পরস্পর অভিসম্পাত। ফিকহের পরিভাষায়, স্বামী কর্তৃক স্ত্রীর ওপর ব্যভিচারের অপবাদ দেয়া এবং কাজীর সামনে নিজের সত্যতার কসম খাওয়া।

لعب (লা'ব) আঃ নাঃ পুং ; খেলাধুলা। চিত্তবিনোদন। মনোরঞ্জন।

لعبت (লু'বাত) আঃ নাঃ স্ত্রীং ; খেলনা। পুতুল। মূর্তি।

لعل (লা'ল) আঃ নাঃ পুং ; লাল রত্ন। প্রেমিকার ঠোঁট।

لعل آبدار (লা'ল আবদার) আঃ নাঃ পুং ; উজ্জ্বল হীরা। রূপকার্থে, প্রেমিকার ওষ্ঠ।

لعل بدخشاں (লা'লবদখশাঁ) আঃ ফাঃ নাঃ পুং ; বদখশার মোতি। উত্তম মাণিক্য।

لعل پیکانی (লা'ল পায়কানী) আঃ ফাঃ নাঃ পুং ; তীরাকৃতির মোতি। মহিলাদের কানে ব্যবহৃত মোতি বিশেষ।

لعل رمانی (লা'ল রুম্মানী) আঃ ফাঃ নাঃ পুং ; লাল রঙের মোতি। লাল মোতি।

لعن (লা'ন) আঃ নাঃ স্ত্রীং ; নিন্দা মন্দ বলা। ঘৃণা। অভিশাপ।

لعن طعن (লা'ন ত'ন) আঃ নাঃ স্ত্রীং ; অভিশাপ। নিন্দা মন্দ। ঘৃর্ণা। অভিসম্পাত।

لعنت (লা'নত) আঃ নাঃ স্ত্রীং ; ধিক্কার। অভিশম্পাৎ। লানত।

لعنتی (লা'নাতী) ফাঃ বিঃ ; অভিশপ্ত। বদনসীব। কুচক্রী।

لعوق (লাউক) আঃ নাঃ পুং ; চাটনি।

لعین (লা'ঈন) আঃ বিঃ ; মালাউন।

মরদুদ। অভিশপ্ত। দোযখী। ঘৃণিত।

ل - غ

لغات (লুগাত) আঃ নাঃ পুং ; অভিধান। শব্দকোষ। ডিকশনারী। ভাষা। (لغة -এর ব-ব)

لغام (লাগাম) ফাঃ নাঃ স্ত্রীং ; লাগাম। বাগডোর।

لغايت (লাগায়াত) আঃ বিণ ; শেষ পর্যন্ত। পরিনাম।

لغت (লুগাত) বুলি। ভাষা। শব্দ। অভিধান। ডিকশনারী। শব্দকোষ। (ব-ব, لغات)

لغت تراش (- তরাশ) আঃ ফাঃ বিঃ ; মুখরা। বাচাল। অভিধানকার।

لغزش (লগযিশ) ফাঃ নাঃ স্ত্রীং ; পদস্খলন। পদচ্যুতি। ভ্রষ্টামি। ভুলচুক।

لغو (লগব) আঃ বিঃ ; খামাখা। অহেতুক। নিরর্থক। বেকার। বাচাল। (ব-ব لغويات)

لغوى (লুগাবী) আঃ বিঃ ; শাব্দিক। অভিধান বিশেষজ্ঞ। আক্ষরিক।

لغوية (লগবিয়ত) আঃ নাঃ স্ত্রীং ; বাচালতা। নিরর্থকতা।

ل - ف

لف (লফ) আঃ বিঃ ; লেপটানো। ভাঁজ কৃত। মোড়ানো। অন্তর্ভুক্ত।

لفاظ (লফ্‌ফাজ) আঃ বিঃ ; মিষ্টভাষী। মধুস্রাবী বক্তা।

لفاظى (লফফাযী) আঃ নাঃ স্ত্রীং ; বাকপটুত্ব। মিষ্টভাষণ। জ্যাঠামি। বুড়োমি।

لفافا (লেফাফা) আঃ নাঃ পুং ; মোড়ক। ইনভেলপস। খাম। প্যাকেট। ধোকা। ভঙ্গুর। রহস্য। আচ্ছাদনী।

لفٹ (লিফ্‌ট-Lift) ইং নাঃ পুং ; বৈদ্যুতিক সিঁড়ি। উঁচু ইমারতে সহজেই ওঠা-নামার মাধ্যম। লিফ্‌ট।

لفظ (লফয) আঃ নাঃ পুং ; শব্দ। কথা। শব্দকোষ। নিক্ষিপ্ত বস্তু। (ব-ব, الفاظ)

لفظ بلفظ (লফয্ ব'লফয) আঃ ফাঃ নাঃ বিঃ ; শব্দে শব্দে। অক্ষরে অক্ষরে।

لفظا (লফযান) আঃ বিঃ ; শাব্দিক।

لفظى (লফযী) আঃ বিঃ ; প্রকৃত। বাস্তবিক। শাব্দিক।

لفنگ (লফঙ্গ) উঃ বিঃ ; লুচ্চা। লম্পট। গুন্ডা। বদমাশ। চাঁদাবাজ। সন্ত্রাসী। আত্মসম্ভ্রম বাধহীন।

لفنگا (লফ'ঙ্গা) হিঃ বিঃ ; দাম্ভিক। দুশ্চরিত্র। লম্পট।

لفيف (লফীফ) আঃ বিঃ ; মোড়ানো। পেঁচানো। ভাঁজকৃত। মজ্‌মা। জনাকীর্ণতা।

ل - ق

لق (লক্) ফাঃ বিঃ ; পরিষ্কার। পশমহীন।

لقا (লক্কা) উঃ নাঃ পুং ; কবুতর বিশেষ।

لقا (লিকা) আঃ নাঃ স্ত্রীং ; দীদার। মোলাকাত। চেহারা। মুখমন্ডল।

لقا (লুক্কা) উঃ বিঃ ; লুচ্চা। বদমাশ। লম্পট।

لقات (লক্কাত) উঃ বিঃ ; নেহাৎ দুর্বল।

لقب (ল্কব) আঃ নাঃ পুং ; উপাধি। কোন গুণ বা অবদানের কারণে হয়ে যাওয়া প্রসিদ্ধি।

لقطه (লুকতাঃ) আঃ নাঃ স্ত্রীং ; পতিত বস্তু।

لقلق (লক্‌লক) ফাঃ নাঃ পুং ; সারস পাখি।

لقلقه (লকলকাঃ) আঃ নাঃ পুং ; সরস পাখির কর্কশতা। সুভাষী। রূপক অর্থে, প্রভাব। হিম্মত। সাহস। সচ্ছলতা।

لقمان (লুকমান) আঃ নাঃ পুং ; বিখ্যাত হাকীম, যার আলোচনা কুরআনে এসেছে।

لقمه (লুকমাঃ) আঃ নাঃ পুং ; লোকমা। গ্রাস। একমুঠ। একবাবের খাদ্য।

لقندار (লুকনদার) উঃ বিঃ ; দুশ্চরিত্র। লম্পট। গুন্ডা। বদমাশ। কু-প্রথা।

لق ودق (লক ও দক) ফাঃ বিঃ ; বিজন। লতাপাতাহীন প্রান্তর।

لقوہ (লকওয়াঃ) আঃ নাঃ পুং ; মুখের ওপর সংগঠিত অর্ধাঙ্গ। মুখ ঝলসানো রোগ।

لقہ (লুককাঃ) উঃ বিঃ ; বদমাশ। মেঘখন্ড।

ل - ک

لک (লুক) ফাঃ নাঃ পুং ; তেল। অগ্নিশিখা। লূ।

لکاتہ (লুক্কাতাঃ) উঃ নাঃ স্ত্রীং ; বেহায়া নারী।

لکان (লুকান) হিঃ নাঃ পুং ; গোপন করা। লুকানো।

لکانا (লুকানা) মূঃ ; গোপন করা। লুকান।

لکتی (লুকতী) হিঃ নাঃ স্ত্রীং ; আধা জ্বলা কাঠ।

لکچر (লেকচার–Lecture) ইং নাঃ পুং ; দরস। সবক। ওয়াজ। ভাষ্য। উপদেশ। বক্তৃতা।

لکچرار (লেকচারার–Lecturer) ইং নাঃ পুং ; বক্তা। শিক্ষক। উপদেশক। উপদেশদাতা। ভাষ্যকার।

لکد (লকদ) ফাঃ নাঃ স্ত্রীং ; লাথি। ঠোকর।

لکد کوب (– কোব) ফাঃ নাঃ পুং ; লাথি মারা।

لکڑ (লক্কড়) হিঃ নাঃ পুং ; কড়ি কাঠ। বড় কাঠ।

لکڑبگھا (লকড় বগ্ঘা) হিঃ নাঃ পুং ; হিংস্র জন্তু বিশেষ। হায়েনা।

لکڑی (লাকড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; কাঠ। কাষ্ট। খড়ি। জ্বালানী। লাঠি। ভরসা।

لکشمن (লকশমন) সঃ নাঃ পুং ; রাজা রামচন্দ্রের ভাই। লক্ষণ।

لکشمنی (লক্শমনী) আঃ নাঃ স্ত্রীং ; লক্ষ্মীদেবী।

لک لکاٹ (লকলকাট) নাঃ স্ত্রীং ; চমক। রশ্মি।

لکڑ یکھا (লকড়একাহা) হিঃ নাঃ পুং ; হিংস্র জন্তু বিশেষ। হায়েনা।

لکنت (লুকনত) হিঃ নাঃ স্ত্রীং ; তোতলামি।

لکھا پڑی (লেখাপড়ী) হিঃ বিঃ ; লিখিত। নাঃ স্ত্রীং ; দলিল।

لکنجن (লুকাঞ্জন) হিঃ নাঃ পুং ; সুরমা বিশেষ। যা চোখে লাগালে নাকি মানুষের দৃষ্টি থেকে বেঁচে থাকা যায়।

لکہ (লক্কাঃ) ফাঃ নাঃ পুং ; টুকরা। হিস্যা।

لکھ (লাখ্) হিঃ নাঃ পুং ; একশ হাজার। লক্ষ।

لکھ پتی (লাখপতি) নাঃ বিঃ ; লক্ষপতি। লাখপতি। ধনী।

لکھنا (লিখনা) হিঃ মূঃ ; লেখা। রচনা করা। নকল করা। পাডুলিপি রচনা করা।

لکھائی (লেখাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; লেখার কাজ। কেরানীগিরি।

لکھاڑی (লেখাড়ী) হিঃ বিঃ ; লেখক। রচয়িতা।

لیکھنی (লিখনী) হিঃ নাঃ স্ত্রীং ; ক্লিপ। কলম।

لکھی (লখ্খী) হিঃ বিঃ ; লাখপতি। ধনী।

لکھیرا (লখিরা) হিঃ নাঃ পুং ; লাখ টাকার ব্যাপার।

لکیر (লাকীর) হিঃ নাঃ স্ত্রীং ; দাগ। লাইন। সারি। চরণ। প্রাচীনত্ব।

لکیرنا (লাকীরনা) হিঃ ; রেখা টানা। মার্জিন টানা। দাগ দেয়া। চিহ্নিত করা।

ل - گ

لگ (লগ) হিঃ অব্যয় ; নিকট। কাছাকাছি। প্রায়। পর্যন্ত।

لگ بھگ (লগভগ) নাঃ বিণ ; কাছাকাছি। প্রায়। মত।

لگا (লাগা) হিঃ বিঃ পুং ; লগি। দাঁড়। বৈঠা। প্রেম। বন্ধুত্ব। সূচনা।

لگاتار (লাগাতার) হিঃ ; অনবরত।

পরপর। একাধারে।

لگاسگا (লাগগা সাগগা) হিঃ নাঃ পুং ; ভালবাসা। সম্মিলন। আঁট সাঁট। মিল মিশ। ধারণা।

لگام (লাগাম) ফাঃ নাঃ স্ত্রীং ; বাগডোর। ঘোড়ার মুখবন্ধনী। বল্গা। অবরোধিক। গতিরোধক। স্পীড বেকার।

لگان (লাগান) হিঃ নাঃ পুং ; খাজনা। ট্যাক্স। কর। রাজস্ব। জমির কর।

لگانا (লাগানা) হিঃ মূঃ ; সংযোজন করা। নিয়োজিত করা। লাগান।

لگاوٹ (লাগাওয়াট) হিঃ নাঃ স্ত্রীং ; সম্বন্ধ। আত্মীয়তা। আত্মবন্ধন। মিলমিশ।

لگاؤ (লাগাও) হিঃ নাঃ পুং ; সম্পর্ক। বন্ধন। দখল। মিলমিশ। প্রথা।

لگائی (লুগাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; স্ত্রী। বউ। গুণবতী।

لگای بجھائی (লুগাঈ বুঝাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; চোগলখোরী। অশ্রাব্য কথা। অপবাদ। বদনাম।

لگائی لتری (লাগাঈ লুতরী) বিণ ; কথা লাগান। চোগল খোরী করা।

لگتی (লাগতী) নাঃ বিঃ স্ত্রীং ; ঘায়েল কারী। আহতকারী।

لگدی (লুগদী) হিঃ নাঃ স্ত্রীং ; টিকিয়া। কাবাব।

لگڑ (লগড়) বাজ পাখি বিশেষ। চিল।

لگڑا (লুগড়া) হিঃ নাঃ পুং ; ফাটা। ছোঁড়া কাপড়।

لگن (লগন্) হিঃ নাঃ পুং ; সম্বন্ধ। ভালবাসা। বাসনা। লগ্ন। বিবাহের তারিখ।

لگن (লগন) ফাঃ নাঃ পুং ; তশতরি। চিলমচি। টব। মোমদানি। আগরদানি।

لگنا (লাগনা) হিঃ মূঃ ; জোড়ানো। মিলানো। অন্তর্ভুক্তকরণ। স্থাপনকরণ। উৎপাদন। ব্যথা পাওয়া। টক্কর খাওয়া। সংঘর্ষ লাগা। উপলব্ধি হওয়া। প্রতিদ্বন্দ্বী হওয়া। সহবাস করা। পান পাতা।

لگنت (লগনত) হিঃ নাঃ স্ত্রীং ; সহবাস।

لگنت بدیا (লগনত বিদ্যা) যা পড়লে সহবাসের নিয়ম পদ্ধতি জানা যায়। কোকশাস্ত্র।

لگنی (লগনী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট খাজনা। লগ্নি।

لگو (লাগগু) হিঃ বিঃ ; দোস্ত। বন্ধু। মিত্র।

لگوار (লগওয়ার) হিঃ নাঃ পুং বিঃ ; বন্ধু-বান্ধব। অনুরাগী। মতলববাজ।

لگوا (লগওয়া) হিঃ বিঃ ; হামলাবাজ। বন্ধু। প্রেমিক।

لگی (লগগী) হিঃ নাঃ স্ত্রীং ; মাছধরার ছড়ি বিশেষ। ছিপি। ঝাঝ। দুয়োর। মাছের খাঁচা। লগি।

لگی (লগী) হিঃ নাঃ স্ত্রীং ; আকাঙ্ক্ষা। কামনা। আশা।

لگے (লগে) নিকট। সঙ্গে।

ل – ل

للا (লাল্লা) হিঃ নাঃ পুং ; বাচ্চা। শিশু। সন্তান। বালক। ছেলে। বেটা। পুত্র। শ্রীকৃষ্ণের উপাধি বিশেষ। বিঃ ; প্রিয়। অবোধ। শিশুত্ব। আহাম্মক। বেকুফ।

للاٹ (ললাট) সঃ নাঃ পুং ; কপাল। ভাগ্য। কিসমত।

للت (ললিত) সঃ বিঃ ; প্রভাবিত। শখ। চঞ্চল। অনুরাগ। প্রেমোচ্ছাস। রাগিণী বিশেষ। ললিতকলা।

للچانا (ললচানা) হিঃ মূঃ ; লোভ বাড়িয়ে দেয়া। বাসনা উত্তেজিত করা। আশা করা। লাভ করা।

للچاهٹ (ললচাহাট) হিঃ নাঃ স্ত্রীং ; লোভ-লালসা। খায়েশ। আশা।

للک (ললক) হিঃ নাঃ স্ত্রীং ; শখ। আশা। জোশ। ধ্যান। খেয়াল। লহর। ঢেউ।

للکار (ললকার) হিঃ নাঃ স্ত্রীং ; নারা। উচ্চস্বর। উচ্চকণ্ঠ। হাঁক-ডাক।

দাপট-ধমকি।

للكارنا (ললকারনা) হিঃ মূঃ ; নারা লাগান। শ্লোগান দেয়া। ধমকি দেয়া। ধিক্কার দান।

للو (লাললু) হিঃ নাঃ স্ত্রীং ; জিহ্বা। ভাষা। জিভ্। বুলি। কথা। কথাবার্তা। কথোপকথন।

للوپتو (লাললু পাতু) তোষামোদ। বাগাড়ম্বর। কথা। চাটুকারিতা।

لله (লিল্লাহ্) আঃ ; আল্লাহ্ ওয়াস্তে। আল্লাহর উদ্দেশ্যে।

للهى (লিল্লাহী) আঃ বিঃ ; খোদার উদ্দেশ্যে। একনিষ্ঠভরে। নিঃস্বার্থে।

للهيت (লিল্লাহিয়াত) আঃ স্ত্রীং ; একনিষ্ঠতা। নিঃস্বার্থ।

لليانا (লিলিয়ানা) হিঃ মূঃ ; মিনতি করা। ভিক্ষা চাওয়া।

ل - م

لم (লাম) হিঃ বিঃ ; লম্বা। দীর্ঘকায়। দরাজ। উচ্চ। (لمبا -এর সংক্ষিপ্তি)

لم (লাম) আঃ অব্যয় ; না। নয়।

لمبا (লম্বা) উঃ বিঃ ; লম্বা। উঁচু। উচ্চ।

لمبان (লম্বান) হিঃ নাঃ পুং স্ত্রীং ; উচ্চতা। দৈর্ঘতা। দীর্ঘতা। লম্ব।

لمبائى (লম্বাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; উচ্চতা। দৈর্ঘতা।

لمبر (লম্বর-Number) নাঃ পুং ; নম্বর। সংখ্যা। স্তর। বিভাগ। পালা। সুযোগ।

لمبرى (লম্বারী) উঃ বিঃ ; নম্বরী। সরকারী পদমর্যাদা। সনাক্ত।

لمبردار (লম্বারদার) নাঃ পুং ; গ্রামের মোড়ল বা পদস্থ ব্যক্তি যার উপর রাজস্ব ইত্যাদি আদায়ের ভার ন্যস্ত থাকে।

لمبڑ (লম্বড়) হিঃ নাঃ পুং ; বেঢপ লম্বা। অতি উঁচু।

لمبو (লম্বু) হিঃ বিঃ ; লম্বা। উঁচুকায়। দীর্ঘকায়। দীর্ঘদেহী।

لمبوترا (লম্বুতরা) হিঃ বিঃ ; লিকলিকে। ছিপছিপে।

لمبى تاننا (লম্বীতান্‌না) মূঃ ; অনেকক্ষণ শোয়া। শান্তিতে নিদ্র যাওয়া। লম্বা হওয়া। দূর দেশের ভ্রমণ করা। রূপকার্থে- মরে যাওয়া।

لمپ (ল্যাম্প-Lamp) ইং নাঃ পুং ; বিদ্যুত বাতি। বিজলি বাতি। বাল্ব।

لمحه (লমহাঃ) আঃ নাঃ পুং ; ক্ষণ। মুহূর্ত। নিমিষে। পালক।

لمس (লাম্‌ছ) আঃ নাঃ পুং ; স্পর্শ। স্পর্শ শক্তি। অনুভূতিশক্তি।

لمعان (লম'আন) আঃ বিঃ ; চমকদ'র। উজ্জ্বল। দীপ্যমান। দেদীপ্যমান। চকচকে।

لمعه (লম'আঃ) আঃ নাঃ পুং ; চমক। রশ্মি। নূর। আলো। কিরণ। (ব-ব, لمعات)

لمٹڈ (লিমিটেড-Limited) ইং বিঃ ; সীমিত। ঐ কোম্পানী যাদের পার্টনারদের (অংশীদার) জিম্মাদারী সীমিত।

لم يزل (লাম ইয়াযাল) আঃ বিঃ ; চিরস্থায়ী।

ل - ن

لن (লান) আঃ অব্যয় ; না। আদৌ না। কস্মিনকালেও নয়।

لنبا (লনবা) হিঃ বিঃ ; লম্বা।

لنج (লুনজ) ফাঃ বিঃ ; ল্যাংড়া। লুলা।

لنجا (লুনজা) উঃ বিঃ ; ল্যাংড়া। খোঁড়া। লুলা।

لنجهاڑا (লুনঝাড়া) হিঃ নাঃ পুং ; বিশ্বব্যাপী। দুনিয়াভর।

لنچ (লাঞ্চ-Lunch) ইং নাঃ পুং ; দুপুরের খাদ্য। মধ্যাহ্ন ভোজ।

لنڈ (লিঙ্‌ড) সঃ নাঃ পুং ; লিঙ্গ। লজ্জাস্থান।

لنڈ (লুন্ড) হিঃ বিঃ ; মাথা কাটা। পত্র গুল্মহীনবৃক্ষ।

لنڈمنڈ (লুন্ড মুন্ড) নাঃ বিঃ ; গোঁফ-দাড়ি শেভ করা লোক। রিক্ত। মাকুন্দু।
لنڈا (লুন্ডা) নাঃ বিঃ ; লেজকাটা। অসম্পূর্ণ। নিঃসঙ্গ।
لنگر (লঙ্গর) ফাঃ নাঃ পুং ; নোঙ্গর। (নৌকা বা জাহাজের) শৃঙ্খল। কাছি। সাধারণের ভোজনালয়।
لنس (লেন্স–Lens) ইং নাঃ পুং ; চোখের পর্দা। দৃশ্যশক্তির গ্লাস। পাওয়ার গ্লাস।
لنک (লিংক) হিঃ নাঃ পুং ; স্তুপ। ভান্ডার। লাগাম। বলগা। কোমর। খাপ। কোষ।
لنگ (লংগ) ফাঃ বিঃ ; ল্যাংড়া। লুলা। খোঁড়া। খঞ্জ। খোঁড়ামি।
لنگ (লিংগ) সঃ নাঃ পুং ; লিঙ্গ। লজ্জাস্থান।
لنگارا (লুংগারা) নাঃ বিঃ ; বেহায়া। লজ্জাহীন। লম্পট। লোফার। বাটপার।
لنگروا (লঙ্গারওয়া) হিঃ বিঃ ; আত্মসম্ভ্রমবোধহীন। আত্মমর্যাদাবোধ নেই যার।
لنگری (লঙ্গরী) ফাঃ বিঃ ; খোঁড়ামিপনা। বড় থালা।
لنگوٹ (লঙ্গোট) হিঃ নাঃ পুং ; কোঁচা। নিতম্ব ও লজ্জাস্থান ঢাকে এমন কাপড়। জাঙ্গিয়া। নেংটি।
لنگوٹی (লাঙ্গোটি) উঃ নাঃ স্ত্রীং ; নেংটি। জাঙ্গিয়া। কোঁচা।
لنگوٹیا (লাঙ্গোটিয়া) উঃ বিঃ ; বাল্য সাথী। জাঙ্গিয়া।
لنگوٹیا یار (লঙ্গোটিয়া য়ার) নাঃ পুং ; শৈশবের বন্ধু। বাল্যবন্ধু।
لنگور (লঙ্গুর) হিঃ নাঃ পুং ; বড় জাতের বাঁদর বিশেষ।
لنگوری (লাঙ্গোরী) হিঃ নাঃ স্ত্রীং ; চুরির মাল বিক্রির ব্যাপারে সাহায্য। চোর ধরার পুরস্কার।
لنگھانا (লঙ্গানা) হিঃ মূঃ ; পার করা। নদী পারাপার।
لنگھن (লংঘন) আঃ নাঃ পুং ; লাফ-ঝাপ। পারাপার করানো। উপবাস। ক্ষুধা।
لنگی (লিংগী) হিঃ নাঃ স্ত্রীং ; পেশাব। প্রস্রাব। মৃত্যু।
لنگی (লুংগী) উঃ নাঃ স্ত্রীং ; লুঙ্গি। ধুতি। পাগড়ি।
لنیا (লুনিয়া) হিঃ নাঃ পুং ; কূপ খননকারী জাতি বিশেষ।

ل - و

لو (লও) হিঃ নাঃ স্ত্রীং ; কিরণ। ধ্যান। খেয়াল। কায়মনোবাক্য। একনিষ্ঠতা।
لولگنا (লওলংগানা) নাঃ পুং ; পরিকল্পনা করা। ধ্যানখেয়াল করা।
لو (লাউ) আঃ অব্যয় ; যদি।
لو (লো) হিঃ ; ধরো। পাকড়াও করো।
لوجی (লোজি) আশ্চার্য ও পেরেশানির ক্ষেত্রে বলা হয়। হয়েছে। সেরেছে।
لو (লূ) হিঃ নাঃ স্ত্রীং ; লূ-হাওয়া। সাইমুম।
لوا (লেওয়া) আঃ নাঃ পুং ; ঝান্ডা। নিশানা। ফ্লাগ।
لوارا (লওয়ারা) হিঃ নাঃ পুং ; বাছুর। গো-শাবক।
لوازم (লাওয়াযিম) আঃ নাঃ পুং ; প্রয়োজনীয় জিনিষপত্র। মালপত্র। উপাদান।
لواطت (লেওয়াতাত্) সমকামিতা। পুং মৈথুন।
لومہ (লাওয়ামাঃ) আঃ ; আত্মা। কু-প্রবৃত্তি। কু-রিপু।
لوائح (লওয়াহিহ্) আঃ নাঃ পুং ; (لائحہ -এর ব-ব) সংবিধান। কানূন। উজ্জ্বল বস্তু।
لوانا (লেওয়ানা) হিঃ মূঃ ; বদলানো। চেঞ্জ করা।
لوبان (লুবান) আঃ নাঃ পুং ; একপ্রকার খোশবু। লোবান।
لوبھ (লোভ) হিঃ নাঃ পুং ; লোভ-লালসা।

তামান্না-আশা।

لوبیا (লোবিয়া) হিঃ নাঃ পুং ; একপ্রকার তরকারী।

لوپ (লোপ) হিঃ বিঃ ; গোপনীয়। নাস্তানাবুদ। বিলুপ্তি।

لوتھ (লোথ) হিঃ নাঃ স্ত্রীং ; লাশ। শবদেহ। মুর্দা।

لوتھرا (লোথরা) হিঃ নাঃ পুং ; গোশতের বড় টুকরা, যাতে হাড্ডি নেই। চিবানো গোশ্‌ত পিন্ড। জমাট রক্তপিন্ড।

لوٹ (লওট) হিঃ নাঃ স্ত্রীং ; বাহু। পার্শ্ব দেশ। বিঃ ; প্রেমিক। অনুরাগী।

لوٹ (লুট) হিঃ নাঃ স্ত্রীং ; লুণ্ঠন। লুটের মাল। ডাকাতি। জুলুম। ছিনতাই।

لوٹا (লোটা) হিঃ নাঃ পুং ; মাটির পাত্র। বদনী।

لوٹنا (লওটনা) হিঃ মূঃ প্রত্যাবর্তন। উঠান।

لوٹنا (লুটনা) হিঃ মূঃ ; লুণ্ঠন করা। ডাকাতি করা।

لوٹنا (লোট্‌না) হিঃ মূঃ ; ভূমিতে গড়াগড়ি যাওয়া। লুটে পড়া। প্রণত হওয়া। প্রাণপণ করা।

لوٹنی (লওটনী) হিঃ নাঃ স্ত্রীং ; পরিষ্কার জবাব। সরাসরি নাকচ।

لوٹھا (লওঠা) হিঃ বিঃ ; হৃষ্টপুষ্ট। মোটাতাজা। তাগড়া।

لوٹھی (লওঠী) হিঃ বিঃ ; সুস্থ।

لوث (লওছ) আঃ নাঃ পুং ; অপবিত্র করণ। অপবিত্রতা। কলঙ্ক।

لوچ (লওচ) হিঃ নাঃ পুং ; মিশ্রণ। দ্রবণ। দাগ। দোষ। কলংক।

لوچ (লোচ) হিঃ নাঃ পুং ; নমনীয়। নরম।

لوح (লওহ) আঃ নাঃ স্ত্রীং ; তক্তা। পাত। প্রচ্ছদ।

لوح زبرجد (–এ-যবরজাদ) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; তাওরাত। রহিত ধর্ম-পুস্তক।

لوح سمیں (–এ-সামী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; চাঁদের তক্তা। রূপকার্থে-প্রেমিকার পেট ও ললাট।

لوح محفوظ (–এ-মাহফুয) এটা সেই তক্তা, যাতে ভাগ্য এবং 'বিশ্বের শুরু থেকে শেষ' তামাম ঘটনা লেখা।

لوڈ (লোড–Lood) ইং নাঃ পুং ; বোঝা। ওজন। ভারী বস্তু।

لوذعی (লওযাঈ) আঃ বিঃ ; পন্ডিত। মহাজ্ঞানী। ধীমান।

لورا (লুরা) হিঃ নাঃ পুং ; আওয়ারা পুরুষ।

لوری (লোরী) হিঃ নাঃ স্ত্রীং ; ঘুমপাড়ানী গান।

لوڑہ (লোড়হ) পানঃ নাঃ স্ত্রীং ; প্রয়োজন। খায়েশ। জরুরত।

لوڑا (ল্যাওড়া) হিঃ নাঃ পুং ; লিঙ্গ। লজ্জাস্থান। যৌনাঙ্গ।

لوڑھنا (লাওঢ়না) হিঃ মূঃ ; কার্পাস থেকে তুলা আলাদা করা।

لوڑھی (লোঢ়ী) হিঃ নাঃ স্ত্রীং ; কালীমূর্তির মন্ত্র।

لوز (লওয) আঃ নাঃ পুং ; বাদাম।

لوزیات (লওযিয়াত) আঃ নাঃ স্ত্রীং ; বাদামের হালুয়া।

لوس (লুস) হিঃ নাঃ স্ত্রীং ; জ্বলার গন্ধ। তরকারী–বাষ্পের ঘ্রাণ।

لوط (লুত) আঃ নাঃ পুং ; খোদার বিশিষ্ট নবী, হযরত লুত (আঃ)।

لوطی (লুতী) আঃ নাঃ পুং ; লুত (আঃ)-এর জাতি। রূপকার্থে-সমকামী।

لوفر (লোফার–Loafer) ইং নাঃ পুং ; মাস্তান। বাটপার। লম্পট। চাঁদাবাজ। আওয়ারা।

لوک (লোক) সং নাঃ পুং ; ইনসান। মানুষ। লোক। আত্মার জগৎ। ভূ-স্তর।

لوک ناتھ (লোকনাথ) সঃ নাঃ পুং ; রাজা। বাদশাহ। মহাদেব। বিষ্ণু।

لوکا (লুকা) হিঃ নাঃ পুং ; অগ্নিশিখা। আগুনের হলকা। জলন্ত কাঠ।

لوکال (লোকাল–Local) ইং বিঃ ; স্থানীয়। সাধারণ।

لوکنا (লওকনা) হিঃ মূঃ ; বিদ্যুৎ চমকানো।

لوکڑی (লওকড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; শিয়াল।

لوکی (লওকী) হিঃ নাঃ স্ত্রীং ; তরকারী বিশেষ। লাউ। কদু।

لوگ (লোগ) হিঃ নাঃ পুং ; মানুষ। মানব জাতি।

لولا (লুলা) হিঃ বিঃ ; টুন্ডা। যার হাত-পা নেই।

لؤلؤ (লুলু) আঃ নাঃ পুং ; মুক্তা। মোতি।

لولی (লুলী) ফাঃ নাঃ স্ত্রীং ; নটী। নৃত্যশিল্পী।

لولین (লওলীন) হিঃ বিঃ ; মোহ। কোন কাজে লিপ্ত থাকা।

لومت (লওমাত) আঃ নাঃ স্ত্রীং ; নিন্দামন্দ। অপবাদ।

لومڑی (লোমড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; শিয়াল।

لون (লওন, আঃ নাঃ পুং ; রং। মুখের ঝলক।

لون (লুন) হিঃ নাঃ পুং ; লবণ। নুন।

لونا (লুনা) হিঃ বিঃ ; নোনা। লোনা। লবণাক্ততা।

لونار (লুনার) হিঃ নাঃ পুং ; লবণাক্ত জমি।

لونبڑ (লুম্বড়) হিঃ বিঃ ; লম্বা। দীর্ঘ। উঁচু। আহাম্মক। বেকুফ।

لونجی (লোঞ্জী) হিঃ নাঃ স্ত্রীং ; কাঁচা আমের আচার।

لونڈ (লওন্ড) হিঃ নাঃ পুং ; হিন্দী গণনার ত্রয়োদশ মাস, যা প্রতি তৃতীয় বর্ষে বছরের অতিরিক্ত দিনগুলো যোজনা করে তৈরী করা হয়।

لونڈا (লওন্ডা) হিঃ নাঃ পুং ; বালক। ছোকড়া।

لونڈی (লওন্ডী) হিঃ নাঃ স্ত্রীং ; বালিকা। পরিচারিকা। ক্রীতদাসী। বাঁদী।

لونڈے باز (লওন্ডে বায) নাঃ বিঃ ; সমকামী। শিশুদের সাথে যৌনমিলনকারী।

لونگ (লওঙ্গ) হিঃ নাঃ স্ত্রীং ; লবঙ্গ। নাকফুল।

لونی (লোনী) হিঃ বিঃ ; লবণাক্ত। ক্ষার। লবণাক্ত মাটি।

لونیا (লোনিয়া) হিঃ নাঃ পুং ; পালংশাক। লবণ বিক্রেতা। লবণচাষী।

لوہ (লোহ্) সঃ নাঃ পুং ; লোহা। ইস্পাত। লৌহ।

لوہا (লোহা) হিঃ নাঃ পুং ; লোহা। লৌহ। মজবুত। শক্ত। কঠিন।

لوہار (লোহার) নাঃ পুং ; লৌহ ব্যবসায়ী। কামার। কর্মকার।

لوہو (লোহূ) হিঃ নাঃ পুং ; لہو দেখুন।

لوہیا (লোহিয়া) হিঃ বিঃ ; লৌহ নির্মিত জিনিস বিক্রেতা।

لوئی (লুঈ) হিঃ নাঃ স্ত্রীং ; পশমী চাদর। আটার খামিরের স্তূপ।

ل - ه

لہاڑا (লোহাড়া) নাঃ বিঃ ; লেন-দেনের খোঁটা।

لہاس (লাহাস) হিঃ নাঃ পুং ; মোটা রশি। জাহাজের প্রকান্ড দড়ি। ঝুড়ি।

لہان (লুহান) হিঃ বিঃ ; রক্তাক্ত। রক্তাপ্লুত।

لہبر (লহবর) হিঃ নাঃ পুং ; চোগা। জুব্বা। দীর্ঘকায় তোতা। নেযা। আচকান।

لہجہ (লাহজাঃ) আঃ নাঃ পুং ; কণ্ঠস্বর। বাক-ভঙ্গি। উচ্চারণ।

لہچون (লোহচুন) হিঃ নাঃ পুং ; লৌহচূর্ণ।

لہذا (লেহাযা) আঃ বিণ ; এ কারণে। সুতরাং। অতএব। মোটকথা। মোদ্দাকথা।

لہر (লহর) হিঃ নাঃ স্ত্রীং ; তরঙ্গ। ঢেউ। সাপের বিষক্রিয়া। উৎসাহ। আশা। উন্মাদনা। কল্পনা। স্মরণ। তীব্রতা।

لہرا (লহরা) হিঃ নাঃ পুং ; চিত্তাকর্ষক সুর। সারেংগীর গীত। সুর। আওয়াজ। টোন।

لہری (লহরী) হিঃ বিঃ ; তরঙ্গাঘাত।

লহরী। অন্তর। মিশুক।

لہرانا (লহ্‌রানা) মূঃ ; নদীর পানিতে ঢেউ উঠা। পত্রপুঞ্জ বায়ুতে আন্দোলিত হওয়া। প্রিয়ার কেশরাশি বাতাসে উড়তে থাকা। সাপের চলা। পতাকার বায়ু বেগে আন্দোলিত হওয়া।

لہسن (লহসন) নাঃ পুং ; রসুন।

لہک (লাহাক) হিঃ নাঃ স্ত্রীং ; অগ্নিশিখা। চমক।

لہکارنا (লহকারনা) হিঃ মূঃ ; চমকানো। উত্তেজিত করা।

لہکانا (লাহকানা) হিঃ মূঃ ; ভড়কানো। উত্তেজনা। দীপ্তি পাওয়া।

لہکنا (লহকনা) হিঃ মূঃ ; জ্বলা। উজ্জ্বল হওয়া।

لہلوٹ (লাহলোট) হিঃ বিঃ ; হতাশা। উদ্বিগ্নতা।

لہلہانا (লাহলহানা) হিঃ মূঃ ; প্রস্ফুটিত হওয়া। উন্নতি করা। আন্দোলিত হওয়া। শস্য-শ্যামলতা।

لہلہاہٹ (লহলহাহট) হিঃ নাঃ স্ত্রীং ; শস্য-শ্যামলতা। সুজলা-সুফলা।

لہنا (লহনা) হিঃ নাঃ পুং ; ভাগ্য। কিসমত। উপকার।

لہنگا (লহঙ্গা) হিঃ নাঃ পুং ; মহিলাদের পাজামা বিশেষ। ঘাগড়া।

لہو (লাহু) হিঃ নাঃ পুং ; রক্ত। খুন। শোণিত।

لہو (লাহব) আঃ নাঃ পুং ; কৌতুকানন্দ। কৌতুকাবহ। ক্রীড়া।

لہولعب (– লা'ব) ক্রীড়া-কৌতুক।

لہینڈی (লেহেন্ডী) হিঃ নাঃ স্ত্রীং ; পানিসেচ। ডোলের সাহায্যে ক্ষেতে পানি সিঞ্চন।

لہولہان (লহুলাহান) বিঃ ; রক্তরঞ্জিত।

ل – ء

لئے (লিয়ে) নাঃ বিণ ; জন্য।

لئیق (লাইক) উঃ বিঃ ; প্রতিভাবান। দক্ষ।

لئیم (লাঈম) আঃ হিঃ ; কৃপণ। নীচ।

ل – ی

لے (লয়) হিঃ নাঃ স্ত্রীং ; আওয়াজ। সুর। ধারাবাহিকতা।

لے پالک (লেপালক) হিঃ নাঃ পুং ; পোষ্যপুত্র।

لیاقت (লিয়াকত) আঃ নাঃ স্ত্রীং ; যোগ্যতা। সৌন্দর্য।

لیپ (লেপ) সঃ নাঃ পুং ; প্রলেপ। মালিশ।

لیت ولعل (লাইত ওয়া লায়াল) আঃ নাঃ স্ত্রীং ; টাল-বাহানা। ছল্লি-বল্লি। ছক্কা-পাঞ্জা।

لیٹنا (লেটনা) হিঃ মূঃ ; শোয়া। শায়িত হওয়া। বিশ্রাম করা।

لے جانا (লেজানা) বহন করা। নিয়ে যাওয়া। ছিনিয়ে নেয়া।

لیچڑ (লীচাড়) হিঃ বিঃ ; নীচ। কৃপন। কর্জ নিয়ে যে শোধ করে না। কাঁচা-মোয়ামালা।

لیچی (লীচী) হিঃ নাঃ স্ত্রীং ; লিচু।

لید (লেদ) হিঃ নাঃ স্ত্রীং ; ঘোড়া, গাধা ও গরুর মল। গোবর।

لیڈر (লীডার-Leader) ইং নাঃ পুং ; নেতা। দিশারী। প্রধান। মুখপাত্র।

لیڈی (লেডী-Lady) ইং নাঃ স্ত্রীং ; বিবি। ভদ্রমহিলা। অভিজাত নারী। স্ত্রী।

لیس (লেস) উঃ বিঃ ; কোমরবন্দ। বেল্ট।

لیس (লেস-Lace) ইং নাঃ স্ত্রীং ; ফিতা। ঝালর। ডুরি।

لیس (লেস) হিঃ নাঃ স্ত্রীং ; চটচটে। তৈলাক্ততা।

لیسدار (লেসদার) নাঃ বিঃ ; তৈলাক্ত।

لیسنا (লেসনা) হিঃ মূঃ ; লেপে দেয়া।

لیک (লেক) হিঃ নাঃ স্ত্রীং ; রাস্তা। সড়ক। গিরিপথ। ব্যথা।

لیک (লেক) ফাঃ لیکن (লেকিন) আঃ ;

কিন্তু। তথাপি।

لیکھ (লীখ) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট। উকুন। রেখা।

لیکھ (লেখ) হিঃ নাঃ স্ত্রীং ; লিখিত বস্তু। দস্তখত।

لیکھا (লেখ্‌খা) হিঃ নাঃ পুং ; হিসাব। লেন-দেন। পরিপক্ক হিসাব।

لیگ (লীগ-League) ইং নাঃ স্ত্রীং ; সংঘ। দল। পার্টি। সংস্থা। সমিতি।

لیگ آف نیشنز (লীগ অব নেশান্স-League of Nation) জাতিসংঘ। রাষ্ট্রসংঘ।

لیل (লাইল) আঃ নাঃ স্ত্রীং ; রাত। রজনী। রাত্রি। নিশি।

لیلا (লেলা) হিঃ নাঃ পুং ; বকরী বা ভেড়ার বাচ্চা।

لیلا (লীলা) সঃ নাঃ স্ত্রীং ; খেলা। ক্রীড়া।

لیلة (লাইলাতুন) আঃ নাঃ স্ত্রীং ; রাত। রজনী।

لیلة البدر (লায়লাতুল বদর) আঃ নাঃ স্ত্রীং ; পূর্ণিমা রজনী।

لیلة القدر (লায়লাতুল কদর) আঃ নাঃ স্ত্রীং ; কদর রাত্রি। এক মহতী রজনী যা রামাযানের শেষ দশকের কোন এক বেজোড় সময়ে আসে, এ রাত্রের উপাসনা এক হাজার মাসের উপাসনার সমতুল্য।

لیلے (লায়লা) আঃ বিঃ ; কালো। কৃষ্ণাঙ্গ। নিগ্রো। কায়েসের (মজনুর) প্রেমিকা। সুন্দরী।

لیل ونهار (লায়ল ও নাহার) হিঃ নাঃ পুং ; দিবারাত্র।

لیمن (লেমন-Lemon) ইং নাঃ পুং ; লেবু।

لیمو (লেমু) ফাঃ নাঃ পুং ; লেবু।

لیمو نیڈ (লেমুনেড-Lemonade) ইং নাঃ পুং ; লেবুর নির্যাস। লেবুর শরবত।

لین (লেন) হিঃ নাঃ পুং ; গ্রহণ لین دین (-দেন) ব্যবসায়। টাকা-পয়সা আদান প্রদান।

لین ڈوری (লেনডোরী) নাঃ স্ত্রীং ; পারপর্য। সৈন্যবাহিনীর অগ্রগামী তাঁবু। পূর্বাভাস।

لینا (লেনা) হিঃ মূঃ ; লওয়া। গ্রহণ করা। জেতা। অধিকার করা।

لیوادیوا (লেওয়া দেওয়া) লেন-দেন।

لیول (লায়ওল) ইং নাঃ পুং ; সমতল ভূমি।

لیندار (লেনদার) বিঃ ; ঋণী।

لیی (লেঈ) হিঃ নাঃ স্ত্রীং ; আঠা। কষ। কাঁই।

م

م (মিম) আঃ পুং ; উর্দুর একত্রিশ, ফার্সীর আঠাশ, আরবীর চব্বিশ এবং হিন্দীর পঁচিশতম অক্ষর। আবজাদ হিসেবে এর মান–৪০।

م – ا

مآب (মাআব) আঃ নাঃ স্ত্রীং ; প্রত্যাবর্তন স্থল।

مآت (মিআত) আঃ পুং ; (مائة -এর ব–ব) শত শত। অজস্র।

مآرب (মাআরিব) আঃ নাঃ স্ত্রীং ; প্রয়োজনীয় বস্তু। প্রয়োজনীয় দ্রব্যাদি।

ما (মা) হিঃ পুং-স্ত্রীং ; মা। আম্মা।

ما (মা) আঃ ; যা। যেটি। কেন। না। কিরূপে।

مابعد (মাবা'দ) আঃ ফাঃ ; পরের। পরবর্তী।

مابه الامتیاز (মা বিহিল ইমতিয়ায) আঃ নাঃ পুং ; সনাক্তকরণ চিহ্ন। সনাক্তকরণ বস্তু।

مابین (মা বাইন) আঃ বিণ ; মাঝে। মধ্যে।

ماپ (মাপ) হিঃ নাঃ স্ত্রীং ; পরিমাপ।

ماپا (মাপা) হিঃ নাঃ পুং ; ওজনদাতা। পরিমাপকারী।

مات (মাত্) হিঃ নাঃ স্ত্রীং ; পরাজয়। আটক। দাবা খেলার হার।

ماتا (মাতা) হিঃ নাঃ স্ত্রীং ; মাতা। আম্মা। মা। বসন্ত। বিঃ ; পাগল। উদ্বিগ্ন।

ماترا (মাতরা) আঃ নাঃ স্ত্রীং ; মাত্র। শুধু। এতটুকুই। এই পর্যন্ত।

ماتقدم (মা তাকাদ্দুম) আঃ বিঃ ; পূর্বোল্লেখিত। পূর্ব বর্ণিত।

ماتم (মাতম) আঃ নাঃ পুং ; মুসিবত। বিপর্যয়। পতন। ভাটা। কষ্ট। মৃত্যুশোক।

ماتمی (মাতমী) ফাঃ বিঃ ; শোকপালনকারী।

ماتها (মাথা) হিঃ নাঃ পুং ; মাথা। কপাল। ললাট।

ماتی (মাতী) হিঃ বিঃ ; পাগল। উদ্বিগ্ন। প্রস্ফুটিত।

ماٹ (মাট) হিঃ নাঃ পুং ; মটকা।

ماٹھ (মাঠ্) হিঃ নাঃ স্ত্রীং ; জালা। মটকা। মঠ্। হিন্দু সাধুদের কুটির। ধর্মশালা। পাঠশালা।

ماٹھو (মাট্‌ঠু) হিঃ বিঃ ; বেকুফ।

ماثور (মাছুর) আঃ বিঃ ; প্রভাবিত। প্রভাবান্বিত। বর্ণিত।

ماجد (মাজিদ) আঃ বিঃ ; সম্মানিত। মহৎ। আল্লাহর গুণবাচক নাম বিশেষ।

ماجوج (মাজুজ) আঃ নাঃ পুং ; হযরত ইয়াফেস ইবনে নূহ (আঃ) -এর বংশ বিশেষ।

ماجور (মাজুর) আঃ বিঃ ; পুরস্কারপ্রাপ্ত। পুরস্কৃত।

ماجده (মাজিদাঃ) আঃ বিঃ ; সম্মানিত মহিলা।

ماجوم (মাজুম) হিঃ নাঃ স্ত্রীং ; ভাং মিশ্রিত মিষ্টান্ন বিশেষ।

ماجرا (মাজ্‌রা) আঃ নাঃ ; ঘটনা। ব্যাপার। বস্তু।

ماجهی (মাঝী) হিঃ নাঃ পুং ; মাঝি। মাল্লা।

ماچا (মাচা) হিঃ নাঃ পুং ; উঁচু এবং বড় জানালা। মাচা।

ماچهی (মাছী) হিঃ নাঃ স্ত্রীং ; মাছ। পানঃ নাঃ স্ত্রীং ; স্বর্গীয়।

ماحضر (মাহাযার) আঃ বিঃ ; রেডিমেড। তৈরী। প্রস্তুত যা।

ماحی (মাহী) আঃ বিঃ ; বিনাশকারী। বিনাশক।

ماخذ (মাখায) আঃ নাঃ পুং ; উৎসগিরি। উৎপত্তিস্থল। বুনিয়াদ। ভিত্তি। সুতিকাগার।
ماخوذ (মাখুয) আঃ বিঃ ; পাকড়াও। ফেঁসে যাওয়া।
مادح (মাদিহ্) আঃ বিঃ ; প্রশংসাকারী।
مادر (মাদার) ফাঃ নাঃ স্ত্রীঃ ; মা। আম্মা। মাতা। (ব–ব, مادراں)
مادر رضائی (মাদর-ই-রিযাঈ) আঃ নাঃ স্ত্রীঃ ; দুধ-মা। ধাত্রী।
مادر علاتی (মাদরে 'অল্লাতী) আঃ নাঃ স্ত্রীঃ ; সৎমা।
مادرزاد (মাদারযাদ) ফাঃ বিঃ ; জন্ম হতে। স্বভাবজাত। জন্মগত।
مادرنہ (মাদারনাঃ) ফাঃ বিঃ ; মাতৃসুলভ।
مادری (মাদারী) ফাঃ বিঃ ; মাতৃত্ব। জন্মগত।
مادہ (মাদাঃ) ফাঃ নাঃ স্ত্রীঃ ; মাতৃজাত। নারী জাতি।
مادہ (মাদ্দাঃ) আঃ নাঃ পুং ; যোগ্যতা। উৎসগিরি। মূল।
مادی (মাদ্দী) আঃ বিঃ ; জাতি। সত্তাগত। প্রাকৃতিক। চারিত্রিক। বস্তু।
مادیت (মাদ্দিয়াত) ফাঃ নাঃ স্ত্রীঃ ; বস্তুবাদ। বস্তু।
مادیان (মাদিয়ান) ফাঃ নাঃ স্ত্রীঃ ; স্ত্রী-অশ্ব, ঘোটকী।
مادین (মাদীন) ফাঃ নাঃ স্ত্রীঃ ; مادہ (মাদাঃ) দেখুন।
ماڈرن (মডার্ন-Modern) ইং বিঃ ; আধুনিক।
ماڈل (মডেল-Model) ইং নাঃ পুং ; নমুনা। নকশা। পরিমাপ। ধাঁচ। সাঁচ।
مأذنہ (মিযানাঃ) আঃ নাঃ পুং ; মীনার।
ماذون (মাযুন) আঃ বিঃ ; অনুমতিপ্রাপ্ত। অনুমোদিত।
مار (মার) ফাঃ নাঃ পুং ; সাপ। সর্প। অজগর। (ব–ব, مارها - ماراں)
مار (মার) হিঃ নাঃ স্ত্রীঃ ; চোট। মার। আঘাত। ব্যথা। খেয়ানত। লুট। অভিশাপ।
مارآستین (মারে আস্‌তীন) ফাঃ নাঃ পুং ; আস্তিনের সাপ, কপট বন্ধু।
مارتول (মার্‌তওল্‌) হিঃ নাঃ পুং ; হাতুড়ি, ছুতোরের যন্ত্র বিশেষ।
ماربل (মার্বেল-Marble) ইং নাঃ পুং ; মর্মর পাথর। শ্বেত পাথর।
مارتور (মারতুর) হিঃ নাঃ পুং ; হাতুড়ি। মুগুর।
مارٹر (মার্টার-Mortar) ইং নাঃ স্ত্রীঃ ; একপ্রকার ছোট আগ্নেয়াস্ত্র।
مارچ پوسٹ (মার্চ পাস্ট-March past) ইং নাঃ পুং ; ফৌজী সালাম।
مارشل (মার্শাল-Marshal) ইং নাঃ পুং ; সেনাপতি। জেনারেল।
مارکا (মার্কা) উঃ নাঃ পুং ; চিহ্ন। প্রতীক। আলামত। নিশানা। শিল্পকার্যে ব্যবহৃত প্রতীক। ট্রেড মার্ক।
مارکسزم (মার্ক্সিজম-Marcism) ইং বিঃ ; বিখ্যাত জার্মানী সামন্তবাদী কার্লমাক্সের চিন্তাধারা। মার্কসবাদ।
مارکسی (মার্কসী) উঃ নাঃ পুং ; মার্কসবাদী।
مارگ (মার্গ) সঃ নাঃ পুং ; রাস্তা। পন্থা। তরীকা। উপায়। তদবির।
مار گزیدہ (মারগোযীদাঃ) ফাঃ বিঃ ; সর্পদংশিত। সাপে কাটা।
مارلینا (মারলেনা) মূঃ ; আত্মসাৎ করা। লুট করে নেয়া। জয় করা।
مارنا (মারনা) হিঃ মূঃ ; আঘাত করা। শাস্তি দেয়া।
مارننگ (মর্নিং-Morning) ইং নাঃ স্ত্রীঃ ; প্রভাত। সকাল।
مارو (মারূ) হিঃ নাঃ পুং ; ধ্বংসকারক। প্রহারকারী।
مارواڑ (মারওয়াড়) হিঃ নাঃ পুং ; যোধপুর এলাকা। রাজপুতদের একটি গীত। হিন্দুদের গোত্র বিশেষ।

ماروت (মারূত) আঃ নাঃ পুং ; একজন ফেরেশতার নাম।
مارى (মারী) হিঃ নাঃ স্ত্রীং ; সাপ।
مارے (মারে) হিঃ নাঃ বিণ ; কারণ। জন্যে। মাধ্যমে। দ্বারা।
مارا (মাড়া) হিঃ বিঃ ; কমযোর। দুর্বল। অক্ষম। জীর্ণ-শীর্ণ। গরীব। মিসকীন।
ماس (মাস) সঃ নাঃ পুং ; মাস। চন্দ্র। গোশত্।
ماسكه (মাসিকাঃ) আঃ নাঃ পুং ; হজম শক্তি।
ماسى (মাসী) হিঃ নাঃ স্ত্রীং ; খালা। মায়ের বোন।
ماش (মাশ) হিঃ নাঃ পুং ; একপ্রকার ডাল। মাষ।
ماشه (মাশাঃ) ফাঃ নাঃ পুং ; আট রতি পরিমাণ ওজন। এক তোলার দ্বাদশাংশ।
ماشى (মাসী) হিঃ বিঃ ; মাষ কলাইয়ের রঙযুক্ত।
ماضى (মাযী) আঃ বিঃ ; অতীত। বিগত। ঐতিহ্য। অতীতকাল।
مافى الضمير (মাফি'য্ যমীর) আঃ নাঃ পুং ; মনের কথা। উদ্দেশ্য।
ماضيه (মাযীয়াঃ) আঃ বিঃ ; বিগত। গত হয়েছে এমন। সাবেক।
ماغ (মাগ) ফাঃ নাঃ পুং ; একপ্রকার কাপড়।
ماقبل (মাকবল) আঃ বিঃ ; পূর্ববর্তী।
ماقوتى (মাকুতী) আঃ নাঃ স্ত্রীং ; হালুয়া বিশেষ। পোস্টাই।
ماكولات (মাকুলাত) আঃ নাঃ পুং ; খাদ্য-দ্রব্য। খাবার-দাবার।
ماگه (মাঘ) হিঃ ; হিন্দী গণনায় ১ম মাস। মাঘ মাস।
ماكول (মাকুল) আঃ বিঃ ; খাদ্য।
ماكهن (মাখন) হিঃ নাঃ পুং ; মাখন। কাঁচা ঘি। তেল।
مال (মাআল) আঃ নাঃ পুং : শেষ। পরিণাম। উদ্দেশ্য। প্রত্যাবর্তনের স্থান।
مال (মাল) আঃ নাঃ পুং ; সম্পত্তি। ধন। মাল। পণ্যদ্রব্য। কর। উত্তম খাদ্য। সুন্দরী নারী।
مال غنيمت (মালে গনীমত) ফাঃ নাঃ পুং ; লুটের মাল। সেই ধন যা বিনা চেষ্টায় হাতে আসে।
مالا (মালা) হিঃ নাঃ পুং ; পুষ্প বা মোতির মাল্য। মালা। মালিকা।
مالا مال (মালামাল) উঃ বিঃ ; ধনী। স্বচ্ছ। ধনকুবের। আধিক্য। প্রাচুর্য।
مالدار (মালদার) বিঃ ; ধনবান। বিত্তশালী।
مالزادى (মালযাদী) হিঃ নাঃ স্ত্রীং ; অসৎ চরিত্রা স্ত্রীলোক। স্ত্রী জাতিকে লক্ষ্য করে গালি বিশেষ।
مالٹا (মাল্টা) উঃ নাঃ পুং ; বিখ্যাত দ্বীপ ও বিখ্যাত ফলের নাম। মাল্টা।
مالش (মালিশ) ফাঃ নাঃ স্ত্রীং ; ঘর্ষণ। মর্দন। প্রলেপ। মালিশ।
مالك (মালিক) আঃ নাঃ পুং ; প্রভু। মালিক। সত্ত্বাধিকারী।
مالك الملك (মালিকুল মুলক) আঃ নাঃ পুং ; রাজাধিরাজ।
مالكانه (মালিকানাঃ) ফাঃ বিঃ ; সত্ত্ব। দখলদারিত্ব। দখল সত্ত্ব। মালিকানা।
مالكوس (মালকুস) হিঃ নাঃ পুং ; সঙ্গীতের এক বিখ্যাত রাগিণী।
مالكى (মালিকী) আঃ বিঃ ; হযরত ইমাম মালেকের অনুসারী।
مالن (মালিন) হিঃ নাঃ স্ত্রীং ; মালিনী।
مالوف (মালুফ) আঃ বিঃ ; অভ্যস্ত। প্রিয়।
مالى (মালী) হিঃ নাঃ পুং ; মালি। বাগান রক্ষক।
ماليات (মালিয়ত) ফাঃ নাঃ স্ত্রীং ; পুঁজি।
مالگزار (মালগোযার) ফাঃ নাঃ পুং ; প্রজা। রাজস্ব দাতা।
مال مست (মালেমস্ত) বিঃ ; চিন্তাশূন্য।

ধনী।

مالیخولیا (মালি খোলিয়া) আঃ নাঃ পুং ; চিত্ত বিষাদ। মস্তিষ্ক বিকৃতি।

مام (মাম) হিঃ নাঃ স্ত্রীং ; সমর্থ। শক্তি। বল। ফাঃ ; মা।

ماما (মামা) ফাঃ নাঃ স্ত্রীং ; মা। মাতা। বৃদ্ধা নারী। পাঁচকী। বাঁদী।

ماماں (মামাঁ) হিঃ নাঃ পুং ; মায়ের ভাই। মামা।

ماما اصیل (মামা অসীল) নাঃ স্ত্রীং ; দাসী। বাঁদী। পরিচারিক।

ماما گیری (মামা গীরী) নাঃ স্ত্রীং ; বাবুর্চিগিরি। পরিচারকবৃত্তি।

مامتا (মাম্‌তা) হিঃ নাঃ স্ত্রীং ; মমতা। ভালবাসা। সৌহার্দ্য। সম্প্রীতি।

ماملا (মামলা) হিঃ নাঃ পুং ; মোয়ামালা। আচার। আচরণ।

مامن (মামন) আঃ নাঃ পুং ; আশ্রয়স্থল। ঠিকানা। সুখের নীড়।

مامو (মামু) হিঃ নাঃ পুং ; মামা।

مامور (মামুর) আঃ বিঃ ; আদিষ্ট। নির্দেশিত। স্থিরিকৃত।

مامون (মামুন) আঃ বিঃ ; নিরাপদ। নির্বিঘ্ন। বাগদাদের আব্বাসীয় খেলাফতের বিখ্যাত খলীফা।

مامی (মামী) হিঃ নাঃ স্ত্রীং ; মামী। মামানী। মামা-বৌ।

ماں (মাঁ) ফাঃ নাঃ স্ত্রীং ; মা। আম্মা।

مان (মান) সঃ নাঃ স্ত্রীং ; অহংকার। ইজ্জত। মান-সম্মান। শিষ্টতা।

مانجنا (মাঁজনা) হিঃ মূঃ ; পরিষ্কার করা। মাজা-ঘষা।

مانجهن (মাঁঝন) হিঃ নাঃ স্ত্রীং ; মাঝি-বৌ।

مانجها (মাঁঝা) হিঃ নাঃ পুং ; বোতল ইত্যাদির চূর্ণ, যা আঠার সঙ্গে মিশিয়ে ঘুড়ির সূতায় লাগান হয়।

مانجهی (মাঝী) হিঃ নাঃ পুং ; মাঝি। মাল্লা।

ماند (মান্দ) হিঃ বিঃ ; বিবর্ণ। অস্পষ্ট।

ماندگی (মান্দগী) হিঃ নাঃ স্ত্রীং ; ক্লান্তি। শ্রান্তি। অপ্রবৃত্তি। অসুস্থতা।

ماندا (মান্দা) হিঃ বিঃ ; অসুখ।

مانده (মান্দাঃ) ফাঃ বিঃ ;পরিত্যক্ত। ক্লান্ত। অসুস্থ।

مانڈ (মান্ড) হিঃ নাঃ পুং ; ভাতের ফেন। মাড়।

مانڈا (মান্ডা) হিঃ নাঃ পুং ; চৌখে ছানি পড়া।

مانس (মানুস) হিঃ নাঃ পুং ; মানুষ। ইনসান।

مانع (মানি') আঃ নাঃ পুং ; নিষেধ। বাধা। বিঘ্ন। প্রতিবন্ধক।

مانعه (মানি'আঃ) আঃ নাঃ পুং ; বাধা। অন্তরায়।

مانک (মানিক) সঃ নাঃ পুং ; ইয়াকুত। মোতি। জওহার। মাণিক্য।

مانگ (মাংগ) হিঃ নাঃ স্ত্রীং ; যে নারীর বিবাহ ঠিক হয়েছে। বাগদত্তা। স্বামী। প্রভু।

مانگے (মাঙ্গে) হিঃ ; উদ্ধার। কর্জ।

مان لینا (মান লেনা) হিঃ মূঃ ; মেনে নেয়া। মঞ্জুর করা।

مانند (মানিন্দ) ফাঃ বিঃ ; অনুরূপ। মত। সাদৃশ্য। হুবহু।

ماننا (মাননা) হিঃ মূঃ ; সম্মত হওয়া। মনে হওয়া। বিশ্বাস করা। মান্য করা।

مانوس (মানুষ) আঃ বিঃ ; অন্তরঙ্গ। পরিচিত। সম্বন্ধযুক্ত।

مانی (মানী) ফাঃ নাঃ পুং ; ৬১৬-৬৭৬ খ্রীস্টাব্দের বিখ্যাত চীনা শিল্পী।

مانی (মানী) হিঃ বিঃ ; আত্মম্ভরী। অহংকারী।

مانی (মানী) হিঃ নাঃ স্ত্রীং ; ধাত্রী। দাইমা।

مانیٹر (মনিটর–Monitor) ইং নাঃ পুং ; ক্লাসে শিক্ষকের পর শ্রেণী কক্ষের পরিচালনায় থাকে যে ছাত্র। লৌহ জাহাজ।

ماوا (মাওয়া) আঃ নাঃ পুং ; নিরাপদ আশ্রয়। ঘর। নীড়। স্বপ্নের ঠিকানা।

ماوا (মাওয়া) হিঃ নাঃ স্ত্রীং ; সারভাগ। সারাংশ। খামির।

ماوس (মাউস) হিঃ নাঃ পুং ; চান্দ্র মাসের শেষ দিন।

ماه (মাহ) ফাঃ নাঃ পুং ; চাঁদ। চন্দ্র। মাস।

ماه آب (মাহে আব) ফাঃ নাঃ পুং ; আক্টোবর মাস।

ماه الهى (মাহে ইলাহী) বসন্ত কালের একটি মাস। কুলাঙ্গার সম্রাট আকবর আবিষ্কৃত মাস।

ماه پیکر (মাহ পয়কার) চন্দ্রাকৃতির।। চাঁদ-বদন।

ماهتاب (মাহতাব) ফাঃ নাঃ পুং ; চন্দ্র।

ماهر (মাহির) আঃ বিঃ ; নিপুণ। কৌশলী। সুপরিচিত। নাঃ ; কলাবিদ।

ماهوارى (মাহ্ওয়ারী) হিঃ বিঃ ; মাসিক ঋতু। রজঃস্রাব। ঋতুস্রাব।

ماهى (মাহী) ফাঃ নাঃ স্ত্রীং ; মৎস্য। মীনরাশি।

ماهيت (মাহীয়ত) আঃ নাঃ স্ত্রীং ; মূল পদার্থ। প্রকৃতি। আসল। মূল।

ماهوار (মাহওয়ার) ফাঃ বিঃ ; মাসিক। মাসোহারা।

ماء (মা) আঃ নাঃ পুং ; পানি।

مائده (মায়িদাঃ) আঃ নাঃ পুং ; দস্তরখান। ডাইনিং টেবিল।

مائس (মাইস) আঃ বিঃ ; সদম্ভে চলে যে।

مائع (মাই') আঃ বিঃ ; তরল পদার্থ। যেমন- দুধ, পানি ও তেল।

مائع پیما (- পায়মা) যদ্দারা তরল পদার্থ পরিমাপ করা হয়। (হাইড্রোমিটার- Hydrometer)

مائعات (মাইয়াত) আঃ নাঃ স্ত্রীং ; (مائع -এর ব-ব) প্রবহমান বস্তু। তরল পদার্থ।

مائل (মাইল) আঃ বিঃ ; আকর্ষণ। আসক্ত-প্রবণ। স্নেহ-প্রবণ।

مائل هونا (- হোনা) আসক্ত হওয়া।

مائ (মাই) আঃ বিঃ ; পানীয়। জলজ

مائیوں بیٹھنا (মাইয়ুঁবয়ঠনা) বিবাহের দু'চার দিন পূর্বে হলুদ কাপড় পরে কনের নিভৃতে অবস্থান করা ও এই কয়দিন কারও সামনে না আসা।

ماوف (মাউফ) আঃ বিঃ ; শল্য। অবশ অংগ।। প্যারালাইসিস। পক্ষাঘাত।

مائیک (মাইক-Mike) ইং নাঃ পুং ; মাইক্রোফোন। মাইক।

مائکر وسکوپ (মাইক্রোসকোপ- Microscope) ইং নাঃ স্ত্রীং ; দূরবীন। বাইনোকুলার।

مايا (মায়াঃ) সঃ নাঃ স্ত্রীং ; মায়া। মোহ। মরীচিকা। মাৎসর্য। প্রাকৃতিক দৃশ্য।

مايوس (মায়ূস) আঃ বিঃ ; নিরাশ। আশাহীন। নিরাশ। হতাশা।

مايوسى (মায়ূসী) আঃ নাঃ স্ত্রীং ; নৈরাশ্য।

مايه (মায়াঃ) ফাঃ নাঃ স্ত্রীং ; ধন। ঐশ্বর্য। উৎপত্তি। সংখ্যা।

مايه دار (- দার) ফাঃ নাঃ পুং ; ধনী। ধনাঢ্য। ধনকুবের।

مايه ناز (- নায) ফাঃ নাঃ পুং ; গর্বের বস্তুসামগ্রী। প্রেমাস্পদ।

م — ب

مباح (মুবাহ) আঃ নাঃ পুং ; বৈধতা। হালাল। আইনানুগ ভোগদখল। পবিত্র। শুদ্ধ। পবিত্র। (ব-ব, مباحات)

مباحث (মাবাহিস) আঃ নাঃ পুং ; বাহাস। এক বিতর্ক। বাদানুবাদ। কথা কাটাকাটি।

مباحثه (মুবাহাসা) আঃ নাঃ পুং ; বাহাস। পুনোচ্চারণ। প্রশ্নোত্তর। বিতর্ক।

مبادا (মাবাদা) ফাঃ ; এমন যেন না হয়। খোদা না করুন।

مبادر (মুবাদির) আঃ বিঃ ; দ্রুতকর্মী। বিগত। সাবেক।

مبادرت (মুবাদারত) ফাঃ নাঃ স্ত্রীং ; ত্বরা। দ্রুত চলন। ত্বরিত উত্থান। উদ্যোগ। মিত্রতা।

مبادله (মুবাদালাঃ) আঃ নাঃ পুং ; আদান-প্রদান। বিনিময়। প্রতিশোধ।

مبادی (মাবাদী) আঃ নাঃ স্ত্রীং ; (مبداء -এর ব-ব) প্রারম্ভ। শুরু। সূচনা। বুনিয়াদ। ভিত্তি।

مباذرت (মুবাযারাত) আঃ নাঃ স্ত্রীং ; মিটান। বিলীন করা। নিক্ষেপ করা।

مبار (মুবার) ফাঃ নাঃ পুং ; পাকান। রন্ধন। পরিপক্ক করণ। রান্না করা।

مبارز (মুবারিয) আঃ বিঃ ; যুদ্ধংদেহী। যুদ্ধবাজ। জঙ্গী।

مبارک (মুবারক) আঃ বিঃ ; বরকতময়। কল্যাণময়। সৌভাগ্য। খোশ-আমদেদ।

مبارکباد (মুবারকবাদ) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; খোশ খবর। সুসংবাদ। অভ্যর্থনা। সংবর্ধনা। আশীর্বাদ।

مباشرت (মুবাশারাত) আঃ নাঃ স্ত্রীং ; সহবাস। যৌন মিলন। রতিক্রীড়া। যৌন সম্ভোগ।

مبالغ (মাবালিগ) আঃ নাঃ পুং ; (مبلغ -এর ব-ব) নগদ টাকা। নগদ ক্যাশ।

مبالغه (মুবালাগাহ) আঃ নাঃ পুং ; অতিরঞ্জন। উগ্রতা। অতিশয়োক্তি।

مبانی (মাবানী) আঃ নাঃ পুং; (مبنی -এর ব-ব) ভিত্তিসমূহ। ইমারত। বিল্ডিং। বাসভবন।

مباهات (মুবাহাত) আঃ নাঃ স্ত্রীং ; অহংকার। জাঁক-জমক। আত্মম্ভরিতা।

مباهله (মুবাহালা) আঃ নাঃ পুং ; একে অপরকে বদ দোয়া করা। পরিভাষায়, খোলা ময়দানে বিপক্ষকে লক্ষ্য করে এই বলা ঃ- অমুক ব্যাপারটা অমন না হলে-হয় তুমি, না হয় আমি ধ্বংস হয়ে যাব।

مبتدا (মুবতাদা) আঃ নাঃ পুং ; সূচনা। প্রারম্ভ। প্রথম। পয়লা। নাহ্‌ব পরিভাষায়- جمله اسميه -এর প্রথম জুয। جزء

مبتدا خبر (মুবতাদা খবর) আঃ নাঃ স্ত্রীং ; শুরু এবং শেষ। অগ্র-পশ্চাৎ।

مبتدی (মুবতাদী) আঃ নাঃ পুং ; আরম্ভকারী। সূচনাকারী। শিক্ষানবিশ।

مبتدع (মুবতাদী') আঃ নাঃ পুং ; উদ্ভাবক। আবিষ্কারক। বেদাতী।

مبتذل (মুবতাযাল) আঃ বিঃ ; হীন। নীচ। অপদস্থ। নিকৃষ্ট। সাধারণ। নিম্নশ্রেণী।

مبتسم (মুবতাসিম) আঃ বিঃ ; খেলোয়াড়। হাঁসুক।

مبتلا (মুবতালা) আঃ বিঃ ; ধৃত। পাকড়াওকৃত। লিপ্ত।

مبحث (মাবহাস) আঃ বিঃ ; বিতর্ক। বিশ্লেষণ। তর্ক। বাদানুবাদ।

مبدا (মাবদা) আঃ নাঃ পুং ; সূচনাস্থল।

مبدع (মুবদি') আঃ বিঃ ; পরিবর্তিত। আবর্তিত। আবিষ্কারক।

مبدل (মুবাদ্দিল) আঃ বিঃ ; পরিবর্তিত।

مبذر (মুবায্‌যির) আঃ বিঃ ; অপব্যয়ী। অমিতব্যয়ী।

مبذول (মাবযুল) আঃ বিঃ ; ব্যয়িত।

مبرا (মুবাররা) আঃ বিঃ ; মুক্ত। নিষ্কৃতিপ্রাপ্ত। পবিত্র। অকলংক। নির্দোষ।

مبرد (মুবাররাদ) আঃ নাঃ পুং ; হিমায়িত।

مبرز (মাবরায) আঃ নাঃ পুং ; পায়খানার পথ। পেছনের রাস্তা। পায়ূপথ।

مبرم (মুবরম) আঃ বিঃ ; মজবুত। অটল। আঁটা। শক্ত।

مبرور (মাবরুর) আঃ বিঃ ; পবিত্র। গৃহীত। শুচি। শুদ্ধ।

مبرهن (মুবারহান) আঃ বিঃ ; প্রমাণপুষ্ট। প্রমাণিত।

مبسوط (মাবসুত) আঃ বিঃ ; বিস্তৃত। বিস্তীর্ণ।

مبشر (মুবাশশির) আঃ বিঃ ;

সুসংবাদদাতা।

مبصر (মুবাসসির) আঃ বিঃ ; দৃষ্টিমান। চক্ষুষ্মান। পরামর্শদাতা।

مبطل (মুবতিল) আঃ বিঃ ; লোপকারী। রহিতকারী।

مبعوث (মাবউস্) আঃ বিঃ ; উত্তোলনকারী। প্রেরিত। সৃষ্ট।

مبغوض (মাবগুয) আঃ বিঃ ; ঈর্ষিত। ঘৃণার্হ। ক্রোধান্বিত।

مبلغ (মুবলিগ) আঃ নাঃ পুং ; নগদ টাকা। অবতরণস্থল।

مبلغ (মুবাল্লিগ) আঃ নাঃ পুং ; প্রচারক। ধর্মপ্রসারক। মিশনারী।

مبنی (মাবনা) আঃ নাঃ পুং ; বুনিয়াদ। ইমারত।

مبهم (মুবহাম) আঃ বিঃ ; সন্দেহযুক্ত। দুর্বোধ্য। অস্পষ্ট। প্রচ্ছন্ন। গুপ্ত। গুঢ়। অজ্ঞাত।

مبهوت (মাবহুত) আঃ বিঃ ; হয়রান। পেরেশান। হতভম্ব। আশ্চর্যান্বিত।

مبهی (মুবাহ্হী) আঃ নাঃ পুং ; শক্তি বর্ধক।

مبیع (মাবী') আঃ বিঃ ; ক্রয়কৃত। বিক্রিত মাল।

مبین (মুবীন) আঃ বিঃ ; স্পষ্ট। প্রাঞ্জল।

مبین (মুবাইয়িন) আঃ বিঃ ; বিঘোষিত। সুস্পষ্ট। বর্ণিত। বিশ্লেষিত।

مبینه (মুবাইয়ানাঃ) আঃ বিঃ ; বর্ণিত। বিঘোষিত। বিশ্লেষিত।

م – پ

مپان (মাপান) হিঃ নাঃ স্ত্রীং ; মাপ দেয়া।

م – ت

مت (মত) হিঃ নাঃ স্ত্রীং ; বোধ। জ্ঞান। পদ্ধতি। ধর্ম। বিশ্বাস।

متابعت (মুতাবা'আত) আঃ নাঃ স্ত্রীং ; অনুসরণ। অধীনতা। বাধ্যতা।

متاثر (মুতাআছছির) আঃ বিঃ ; কার্যকর। ফলপ্রসূ। প্রতিক্রিয়াশীল।

متاخرین (মুতাআখ্খিরীন) আঃ নাঃ পুং ; আধুনিকগণ। পরবর্তীগণ।

متادی (মুতায়াদ্দী) প্রস্তুত। সম্পাদনকারী।

متاذی (মুতাআযযী) আঃ বিঃ ; অত্যাচারী। বিরক্ত। শোকার্ত।

متاس (মুতাস) হিঃ নাঃ স্ত্রীং ; পেশাবের চাপ। প্রস্রাবের বেগ।

متاسف (মুতাআস্সিফ) আঃ বিঃ ; অনুতপ্ত। ব্যথিত। দুঃখিত।

متاع (মাতা') আঃ নাঃ পুং ; পণ্যদ্রব্য। মাল। মূল্যবান সামগ্রী।

متاع غرور (মাতা–এ–গুরুর) আঃ নাঃ স্ত্রীং ; রূপকার্থে– দুনিয়া, পৃথিবী।

متالم (মুতাআল্লাম) আঃ বিঃ ; মুসিবত গ্রস্ত। আযাবভোগী।

متالی (মুতালী) হিঃ নাঃ স্ত্রীং ; যেখানে ঘোড়ায় পেশাব করে। পেশাবের পাত্র। প্রস্রাবের টব।

متامل (মুতাআম্মিল) আঃ বিঃ ; চিন্তাবিদ। চিন্তাশীল।

متانا (মুতা–না) হিঃ মূঃ ; পেশাব করানো।

متانت (মাতানত) আঃ নাঃ স্ত্রীং ; দৃঢ়তা। গাম্ভীর্যতা। ছিমছাম। বাকপটুত্ব। ভাষা।

متاهل (মুতাআহহাল) আঃ বিঃ ; প্রাপ্ত বয়স্ক। যোগ্য। বিবাহিত।

متبادر (মুতাবাদির) আঃ বিঃ ; দ্রুতগামী। প্রত্যুৎপন্নমতি।

متبادل (মুতাবাদিল) আঃ বিঃ ; পালাক্রমে কর্ম সম্পাদনকারী। শিফ্‌ট মাফিক কর্মী।

متبادله (মুতাবাদিলাঃ) আঃ বিঃ ; পরিবর্তনশীল।

متبحر (মুতাবাহহার) আঃ বিঃ ; বিদ্যাসাগর। পন্ডিত। মহাজ্ঞানী। জ্ঞানবিশারদ।

متبدل (মুতাবাদ্দিল) আঃ বিঃ ; পরিবর্তনশীল। বিবর্তনশীল।

متبرك (মুতাবাররক) আঃ বিঃ ; কল্যাণময়। পূত-পবিত্র। শুচি-শুদ্ধ।

متبسم (মুতাবাসসাম) আঃ বিঃ ; হাস্যময়। হাসুক। হাসুটে। প্রস্ফুটিত।

متبع (মুততাবা') আঃ বিঃ ; অনুসারী। অনুগামী।

متبنى (মুতাবান্না) আঃ বিঃ ; পালক-পুত্র। পোষ্য-পুত্র।

متجانس (মুতাজানিস) আঃ বিঃ ; সমপর্যায়শীল। সামঞ্জস্যশীল। সমজাতীয়।

متجاوز (মুতাজাবিয) আঃ বিঃ ; সীমালংঘনকারী। সীমাতিক্রমকারী।

متجسس (মুতাজাসসিস) আঃ বিঃ ; অনুসন্ধানী। রহস্যভেদী। গোয়েন্দা।

متجلى (মুতাজাললা) আঃ বিঃ ; উজ্জ্বল। দীপ্যমান। দেদীপ্যমান। দীপ্তিমান। চকচকে। জ্বলজ্বলে।

متحارب (মুতাহারিব) আঃ বিঃ ; ঘরোয়া যোদ্ধা। গৃহযুদ্ধকারী। পরস্পরের মাঝে যুদ্ধকারী। গেরিলা।

متحد (মুত্তাহিদ) আঃ বিঃ ; সম্মিলিত। একত্রিত।

متحرك (মুতাহাররাক) আঃ বিঃ ; স্পন্দনশীল। প্রচলিত। হরকত বিশিষ্ট অক্ষর।

متحف (মাতহাফ) আঃ নাঃ পুং ; যাদুঘর। মিউজিয়াম।

متحقق (মুতাহাক্কাক) আঃ বিঃ ; প্রমাণিত। প্রমাণপুষ্ট। বিশ্লেষিত।

متحقق (মুতাহাক্কিক) আঃ বিঃ ; বিশ্লেষক। পরিশোধক।

متحكم (মুতাহাক্কিম) আঃ বিঃ ; বাদশাহ। সম্রাট।

متحلى (মুতাহাল্লা) আঃ বিঃ ; অলংকৃত।

متحمل (মুতাহাম্মিল) আঃ বিঃ ; ধারণক্ষম। সহ্যক্ষম। ধৈর্যধারণকারী।

متحير (মুতাহায়্যির) আঃ বিঃ ; হতভম্ব। স্তম্ভিত। থ।

متخاصم (মুতাখাসিম) আঃ বিঃ ; বাদী। বিরোধী। দুশমন। বৈরী। ঝগড়াটে।

متخالف (মুতাখালিফ) আঃ বিঃ ; পরস্পর বিরোধী।

متخصص (মুতাখাসসিস) আঃ বিঃ ; বিশেষজ্ঞ। (স্পেশালিস্ট-Specialist)

متخلص (মুতাখাল্লিস) আঃ বিঃ ; উপাধি। পরিচিত। প্রসিদ্ধ।

متخلل (মুতাখল্লল) আঃ বিঃ ; প্রতিবন্ধক। অন্তরায় সৃষ্টিকারী।

متخيله (মুতাখাইয়ালাঃ) আঃ বিঃ ; চিন্তাশক্তি। কল্পনা।

متداول (মুতাদাওয়াল) আঃ বিঃ ; প্রথা। প্রচলন। হাতে হাতে পৌঁছা বস্তু।

متدين (মুতাদায়্যিন) আঃ বিঃ ; দ্বীনদার। ধর্মভীরু। সৎ।

متذبذب (মুতাযাবযাব) আঃ বিঃ ; সন্দিহান। দোদুল্যমান।

متذكره (মুতাযাককিরাঃ) আঃ বিঃ ; উক্ত। বর্ণিত। উল্লেখিত।

مترادف (মুতারাদিফ) আঃ বিঃ; একার্থবোধক দুই কাজ। সমার্থবোধক।

مترتب (মুতারততাব) আঃ বিঃ ; সুশৃঙ্খল। শ্রেণীবদ্ধ। সুবিন্যস্ত।

مترجم (মুতারজিম) আঃ নাঃ পুং ; অনুবাদক। ব্যাখ্যাতা।

مترجم (মুতারজম) আঃ বিঃ ; অনূদিত। অনুবাদ করা হয়েছে এমন।

متردد (মুতারদ্দিদ) আঃ বিঃ ; সন্দিহান।

مترسل (মুতারস্সিল) আঃ নাঃ পুং ; প্রেরক। যিনি পত্র প্রেরণ করেন।

مترصد (মুতারসসিদ) আঃ বিঃ ; আশাবাদী।

متصدع (মুতাসাদ্দী') আঃ বিঃ ; কষ্টদাতা। মাথাব্যথা।

متروك (মাতরুক) আঃ বিঃ ; পরিত্যক্ত। প্রত্যাখ্যাত। অপ্রচলিত।

متزائد (মুতাযাইদ) আঃ বিঃ ; বর্ধনশীল। বর্ধিষ্ণু।

متزلزل (মুতাযালযাল) আঃ বিঃ ; কম্পিত। প্রকম্পিত। নড়বড়ে। দোদুল্যমান।

متساوى (মুতাসাবী) আঃ বিঃ ; সমান। ঠিক। যথার্থ।

متسلط (মুতাসাল্লাত) আঃ বিঃ ; প্রভাবশালী। স্বৈরাচারী। বিজেতা।

متشابه (মুতাশাবিহ) আঃ বিঃ ; অনুরূপ। মত। সাদৃশ্য।

متشاعر (মুতাশাইর) আঃ বিঃ ; ভুয়া কবি। কবি না হয়েও কবি কবি ভাব প্রদর্শনকারী।

متشدد (মুতাশাদ্দিদ) আঃ বিঃ ; উগ্র। কড়া। চরমপন্থী।

متشرع (মুতাশররি') আঃ বিঃ ; ধর্মভীরু। পরহেযগার।

متشكر (মুতাশাক্কির) আঃ বিঃ ; কৃতজ্ঞ।

متشكك (মুতাশাক্কিক) আঃ বিঃ ; সন্দিহান।

متشكى (মুতাশাক্কী) আঃ বিঃ ; ঝগড়াটে। অভিযোগকারী।

متصادم (মুতাসাদিম) আঃ বিঃ ; সংঘর্ষশীল। দ্বন্দ্বাত্বক। দ্বান্দিক।

متصاعد (মুতাসাইদ) আঃ বিঃ ; খেচর। উড্ডীয়মান। উদীয়মান।

متصدى (মুতাসাদ্দী) আঃ নাঃ পুং ; কেরানী। কার্যাধ্যক্ষ। সম্পাদক। হিসাব রক্ষক।

متصرف (মুতাসাররিফ) আঃ বিঃ ; ব্যয়নির্বাহকারী। অধিকারী।

متصل (মুত্তাসিল) বিঃ ; নিকটবর্তী। মিলিত। সংলগ্ন।

متصور (মুতসওবি'র) আঃ বিঃ ; কল্পিত। প্রতিবিম্বিত। চিন্তাশীল।

متصنع (মুতাসান্নী) আঃ বিঃ ; শিল্পী। প্রকৌশলী।

متصوف (মুতাসাওয়িফ) আঃ বিঃ : সাধক।

متضاد (মুতাযাদ) আঃ বিঃ ; উল্টা। বিরোধী।

متضرع (মুতাযাররি') আঃ বিঃ ; ক্রন্দনকারী। শিষ্টাচারী।

متضمن (মুতাযাম্মিন) আঃ বিঃ ; অন্তর্ভুক্ত। শামিল।

متعارف (মুতা'আরিফ) আঃ বিঃ ; বিখ্যাত। প্রসিদ্ধ। খ্যাতনামা। পরিচিতি।

متعاقدين (মুতা'আকিদাইন) আঃ নাঃ পুং ; পক্ষ-বিপক্ষ। উভয়পক্ষ। ক্রেতা। বিক্রেতা।

متعالى (মুতা'আলী) আঃ বিঃ ; বুলন্দ। উঁচু। শ্রেষ্ঠ। খোদা তা'আলার গুণবাচক নাম বিশেষ।

متعجب (মুতা'আজ্জিব) আঃ বিঃ ; বিস্মিত। স্তম্ভিত। আশ্চর্যান্বিত।

متعدد (মুতাআদ্দিদ) আঃ বিঃ ; অনেক। অসংখ্য। বিভিন্ন। কয়েকটি।

متعدى (মুতাআদ্দী) আঃ বিঃ ; সংক্রামক। বিভিন্ন। কয়েকটি।

متعصب (মুতা'আসসিব) আঃ বিঃ ; উগ্রবাদী। চরম পন্থী। গোঁড়া।

متعفن (মুতা'আফফান) আঃ বিঃ ; দুর্গন্ধযুক্ত। পুঁতিগন্ধময়।

متعلق (মুতা'আল্লাক) আঃ বিঃ ; সম্বন্ধযুক্ত। যুক্ত। বিষয়ীভূত। স্থিত। সম্পৃক্ত। সংযুক্ত।

متعلقات (মুত'আললিকাত) متعلقين (মুতঅললিকীন) আঃ নাঃ পুং ; পরিবারভুক্ত ব্যক্তি। পরিবার। সন্তান-সন্ততি।

متعلم (মুতা'আল্লিম) আঃ বিঃ ; ছাত্র। শিষ্য। শিক্ষানবীশ।

متعه (মুতা') আঃ নাঃ পুং ; সাময়িক বিয়ে। ইসলামে চিরতরে হারামকৃত বিবাহ বিশেষ। শিয়া সম্প্রদায় একে বৈধ মনে করে।

متعهد (মুতা'আহহিদ) আঃ নাঃ পুং ;

চুক্তিকারী। জিম্মাদার।

متعين (মুতা'আয়্যিন) আঃ বিঃ ; নির্ধারিত। নির্দিষ্ট। স্থিরিকৃত। প্রতিনিধি। প্রেরিত।

متغائر (মুতাগাইর) আঃ বিঃ ; পৃথক। আলাদা।

متغير (মুতাগাইয়্যির) আঃ বিঃ ; পরিবর্তিত। আবর্তিত।

متوسط (মুতাওয়াসসিত) আঃ বিঃ ; মধ্যম। মামুলী।

متوسل (মুতাওয়াস্‌সিল) আঃ বিঃ ; নৈকট্যের আশাবাদী।

متوطن (মুতাওয়াত্তিন) আঃ বিঃ ; বাসিন্দা। স্বদেশী। বসবাসকারী। স্বাগতিক।

متوفى (মুতাওয়াফফী) আঃ বিঃ ; মৃত।

متوقع (মুতাওয়াক্কী') আঃ বিঃ ; আশাবাদী।

متوكل (মুতাওয়াক্কিল) আঃ বিঃ ; ভরসাকারী।

متولد (মুতাওয়াল্লিদ) আঃ বিঃ ; নবজাতক। সদ্যভূমিষ্ঠ শিশু।

متولى (মুতাওয়াল্লী) আঃ বিঃ ; ব্যবস্থাপক। সম্পাদক।

متها (মাতহা) হিঃ নাঃ পুং ; মাথা। কপাল। ললাট।

متفرع (মুতাফাররী) আঃ বিঃ ; আনুষঙ্গিক।

متفرق (মুতাফাররিক) আঃ বিঃ ; বিক্ষিপ্ত। বিচ্ছিন্ন। স্বতন্ত্র।

متفرقات (মুতাফাররিকাত) আঃ নাঃ পুং ; বিক্ষিপ্ত। বিবিধ বস্তু। রকমারী বস্তু।

متفق (মুত্তাফিক) আঃ বিঃ ; সম্মত। অনুকূল। একতা। সমমতধারী। ঐকমত্যধারী।

متفكر (মুতাফাক্কির) আঃ বিঃ ; চিন্তাশীল। চিন্তান্বিত। উদাস। ভারাক্রান্ত।

متفنن (মুতাফান্নান) আঃ বিঃ ; বহুমুখী জ্ঞানের অধিকারী।

متفنى (মুতাফান্নী) আঃ বিঃ; ধূর্ত। ধোঁকাবাজ। প্রতারক। শঠ।

متقابل (মুতাকাবিল) আঃ বিঃ ; প্রতিদ্বন্দ্বী।

متقاضى (মুতাকাযী) আঃ বিঃ ; তাগাদাকারী। যাঞ্চাকারী।

متقدم (মুতাকাদ্দিম) আঃ বিঃ ; প্রথম। প্রাচীন। পুরাতন।

متقدمين (মুতাকাদ্দিমীন) আঃ বিঃ ; প্রাচীন লোকগণ। পূর্বসূরিগণ।

متقى (মুত্তাকী) আঃ বিঃ ; মিতাচারী। সংযমী। পুণ্যবান। অপ্রমত্ত।

متكبر (মুতাকাব্বির) আঃ বিঃ ; অহংকারী। আত্মগর্বী। উদ্ধত।

متكلم (মুতাকাল্লিম) আঃ নাঃ পুং ; বক্তা। দার্শনিক। দর্শনবিদ।

متلاشى (মুতালাশী) বিঃ ; অনুসন্ধানকারী।

متلاطم (মুতালাতিম) আঃ বিঃ ; থাপ্পড় দাতা।

متلى (মাতলী) হিঃ নাঃ স্ত্রীং ; গা বমিবমি ভাব। ওক্। বমি।

متلون (মুতালাব্বিন) আঃ বিঃ ; স্বতন্ত্র মেজাজ। ছদ্মবেশী।

متلذذ (মুতালাযযিয) আঃ বিঃ ; ভোগ দখলকারী।

متمادى (মুতামাদী) আঃ বিঃ ; লম্বা। দীর্ঘ।

متمتع (মুতামাত্তি') আঃ বিঃ ; ভোগী। সুবিধাপ্রাপ্ত। হজ্জ্ব ও ওমরা দু'টোই এক সময়ে আদায়কারী।

متمدن (মুতামাদ্দিন) আঃ বিঃ ; সংস্কৃতিশীল। কৃষ্টিশীল। রুচিশীল। সভ্য।

متمرد (মুতামাররিদ) আঃ বিঃ ; অবাধ্য। দুর্দান্ত। বিদ্রোহী।

متمسك (মুতামাসসিক) আঃ বিঃ ; থাবা বিস্তারকারী। দলিল দাতা।

متمكن (মুতামাক্কিন) আঃ বিঃ ; স্থায়ী। দৃঢ়। শক্ত। বাসিন্দা।

متمم (মুতাম্মিম) আঃ বিঃ ; খতমকারী। পরিশোধকারী।

متمنى (মুতামান্নি) আঃ বিঃ ; আশান্বিত।

متمول (মুতামাওবিল) আঃ বিঃ ; ধনী। ধনকুবের।

متن (মতন) আঃ নাঃ পুং ; মেরুদন্ড। মূল বইয়ের অংশ।

متنازع (মুতানাযি') আঃ বিঃ ; ঝগড়াটে। বিবাদী।

متنازعه (মুতানাযিআ') আঃ বিঃ ; ঝগড়ার বস্তু বা উপলক্ষ। যা নিয়ে ঝগড়া।

متناسب (মুতানাসিব) আঃ নাঃ ; অনুরূপ।

متنبه (মুতানাব্বিঃ) আঃ বিঃ ; হুঁশিয়ারকারী। চৌকস। চৌকান্না। বিচক্ষণ।

متنبی (মুতানাব্বী) আঃ বিঃ ; নবুওয়্যাতের দাবীদার।

متنجن (মুতানজন) ফাঃ নাঃ পুং ; এক প্রকার পোলাও, যাহা টক ও মিষ্টি মুক্ত হয়।

متنوع (মুতানাও') আঃ বিঃ ; ভাগভাগ। প্রকার প্রকার। পৃথক পৃথক।

متنزه (মুতানাযযাঃ) আঃ বিঃ ; পবিত্র। পরহেযগার।

متنفر (মুতানাফফির) আঃ বিঃ ; ঘৃণাকারী। বিষণ্ন।

متنفس (মুতানাফ্ফিস) আঃ বিঃ ; প্রাণী। মানুষ। জন। লোক।

متنگ (মাতঙ্গ) হিঃ নাঃ পুং ; হাতি। ঐরাবত।

متنی (মুতনী) হিঃ নাঃ স্ত্রীং ; মূত্রনালী। লিঙ্গ। যোনী।

متواتر (মুতাওয়াতির) আঃ বিণ ; অনবরত। ক্রমাগত। পরম্পরা।

متوارد (মুতাওয়ারিদ) আঃ বিঃ ; ধারাবাহিক আগন্তুক। পালাক্রমে অবতরণকারী।

متوازی (মুতাওয়াযী) আঃ বিঃ ; সমান্তরাল।

متواضع (মুতাওয়াযী) আঃ বিঃ ; শিষ্ট। নম্র। ভদ্র।

متولا (মতওয়ালা) হিঃ বিঃ ; মাতাল। মদ্যপ। মদারু।

متوجه (মুতাওয়াজ্জিহ) আঃ বিঃ ; নিবিষ্ট। মনোযোগী।

متوحش (মুতাওয়াহহিশ) আঃ বিঃ ; ভীতিগ্রস্ত। ভয় প্রদর্শনকারী। পরিত্যক্ত।

متہانی (মাথানী) হিঃ নাঃ স্ত্রীং ; দুগ্ধ মন্থন দন্ড। যে কাঠি দিয়ে দুধ ঘোটা হয়।

متی (মিতী) হিঃ নাঃ স্ত্রীং ; দিন। তারিখ। সুদ। দালালীর টাকা। কমিশন।

متیقن (মুতায়াক্কান) আঃ বিঃ ; নিশ্চিত-বিশ্বাসী।

متین (মতীন) আঃ বিঃ ; মজবুত। শক্ত। জটিল। গম্ভীর। বীর্যবান।

م - ٹ

مٹانا (মিটানা) হিঃ মূঃ ; মুছে ফেলা। ধ্বংস করা। লোপ করা। রহিত করা।

مٹر (মটর) হিঃ নাঃ পুং ; মটর। কলাই।

مٹر گشت (মটর গাশত) নাঃ স্ত্রীং ; ভবঘুরে। পর্যটন। আমোদ-প্রমোদ।

مٹک (মটক) হিঃ নাঃ স্ত্রীং ; কামোদ্দীপক অঙ্গভঙ্গি।

مٹکا (মটকা) হিঃ নাঃ স্ত্রীং ; চৌচালা। খড়ের চাল।

مٹکا (মটকা) হিঃ নাঃ পুং ; বড় মটকা। মৃৎপাত্র।

مٹکانا (মটকানা) হিঃ মূঃ ; অঙ্গ-প্রত্যঙ্গ মোচড় দেয়া।

مٹکنا (মটকনা) হিঃ মূঃ ; অপাঙ্গে দৃষ্টি নিক্ষেপ করা। কামোদ্দীপক ভঙ্গি করা।

مٹھ (মঠ্) হিঃ নাঃ পুং ; আশ্রম। মঠ। ধর্মমন্দির।

مٹھا (মটঠা) হিঃ নাঃ পুং ; ঘোল। মাঠা।

مٹھا (মুটঠা) হিঃ নাঃ পুং ; মুঠি। মুষ্ঠী।

مٹل (মটল) হিঃ বিঃ ; হোৎকা। মোটাকায়। মেদস্ব। মাংসল।

مٹن (মটন–Mutton) ইং নাঃ পুং ; ভেড়া-বকরীর গোশ্‌ত।

مٹنا (মিটনা) হিঃ মূঃ ; মিটে যাওয়া। ধসে যাওয়া।

مٹھارنا (মঠারনা) হিঃ মূঃ ; গোল করা। বিস্তৃত করা। ফুসলানো।

مٹھاس (মিঠাস) হিঃ নাঃ পুং ; মিষ্ট। মাধুর্য। মধুরতা।

مٹھائی (মিঠাঈ) হিঃ নাঃ পুং ; মিষ্টি। মিষ্টান্ন। মিঠাই। গুড়।

مٹھو (মিটঠু) হিঃ নাঃ পুং ; টিয়া পাখি বা শিশুদিগকে আদরের ডাক। চুমো। তোতা।

مٹھولا (মুঠলা) হিঃ নাঃ পুং ; কণ্ঠনালী।

مٹھی (মিটঠী) হিঃ নাঃ পুং ; বাৎসল্য চুম্বন।

مٹھی (মুটঠী) হিঃ নাঃ স্ত্রীং ; মুষ্টি। কব্জা। মুঠ। পাকড়াও।

مٹھولیا (মঠোলিয়া) হিঃ নাঃ পুং ; হস্ত মৈথুনকারী।

مٹھیا (মুঠিয়া) হিঃ নাঃ পুং ; হাতল। লাঠি বা দড়ির অগ্রভাগের মোটা অংশ।

مٹی (মিটটি) হিঃ নাঃ স্ত্রীং ; মাটি। জমি। মৃতদেহ।

مٹی کاتیل (-কা তেল) নাঃ পুং ; কেরোসিন তেল। মেটো তৈল।

م – ث

مثاب (মুছাব) আঃ বিঃ ; ছওয়াবের যোগ্য। ছওয়াবপ্রাপ্ত।

مثال (মিছাল) আঃ নাঃ স্ত্রীং ; উপমা। উদাহরণ।

مثالی (মিছালী) আঃ বিঃ ; আদর্শিক।

مثانہ (মাছানাঃ) আঃ নাঃ পুং ; মূত্রথলি। কিডনি।

مثبت (মুছবাত) আঃ বিঃ ; প্রমাণিত। প্রতিষ্ঠিত।

مثقال (মিছকাল) আঃ নাঃ পুং ; সাড়ে চার মাশা পরিমাণ ওজন। আরবে প্রচলিত মুদ্রা।

مثبت (মুছাব্বাত) আঃ বিঃ ; প্রমাণপুষ্ট। সত্যায়িত। লিখিত।

مثل (মাছাল) আঃ নাঃ স্ত্রীং ; প্রবাদ। কাহিনী। বচন।

مثل (মিছল) আঃ বিঃ ; অনুরূপ। সাদৃশ।

مثلا (মিছলান) আঃ বিঃ ; যেমন। সমান।

مثلب (মাছলাব) আঃ নাঃ পুং ; দোষ।

مثلث (মুছাল্লাস্) আঃ নাঃ পুং ; ত্রিকোন। ত্রিভূজ।

مثلہ (মুছলাঃ) আঃ বিঃ ; নাক- কান কাটা। বিকৃত। ক্ষত-বিক্ষত।

مثمر (মুছমির) আঃ বিঃ ; ফলপ্রসূ। ফলদায়ক। ফলদার।

مثمن (মুছাম্মান) আঃ বিঃ ; অষ্টকোন বিশিষ্ট। অষ্টছত্রের কবিতা।

مثور (মাছূর) আঃ বিঃ ; আধিক্য। অবিন্যস্ত।

مثنات (মুছনাত) আঃ নাঃ স্ত্রীং ; ফাটল।

مثنی (মুছান্না) আঃ নাঃ পুং ; দ্বিতীয়। জোড়া। প্রতিলিপি।

مثنوی (মছনবী) আঃ নাঃ স্ত্রীং ; কবিতার ছন্দ বিশেষ। আল্লামা জালালুদ্দীন রূমী (রহঃ) -এর বিখ্যাত কাব্যগ্রন্থ।

م – ج

مجاب (মুজাব) আঃ নাঃ বিঃ ; মঞ্জুরী। জওয়াব দেয়া হয়েছে এমন। গৃহীত।

مجادل (মুজাদিল) আঃ বিঃ ; লড়াকু। ঝগড়াটে। যুদ্ধংদেহী।

مجادلہ (মুজাদালাঃ) আঃ নাঃ পুং ; লড়াই। ঝগড়া। হাঙ্গামা। রক্তপাত।

مجاز (মাজায) আঃ বিঃ ; রূপক অর্থ। অতিবাহিত স্থল।

مجازا (মাজাযান) আঃ বিণ ; রূপকার্থে।

مجازی (মাজাযী) আঃ নাঃ স্ত্রীং ; অপ্রাকৃত। নকল। মেকি।

مجال (মাজাল) আঃ নাঃ স্ত্রীং ; শক্তি। সমর্থ। প্রভাব। অবকাশ।

مجالس (মাজালিস) আঃ নাঃ স্ত্রীং ; (مجلس -এর ব-ব) সভা। সভাগৃহ।

مجالست (মাজালিসাত) আঃ নাঃ স্ত্রীং ; একত্রে উপবেশন। সমবেত। একত্রিত। বৈঠক।

مجامعت (মুজামা'আত) ফাঃ নাঃ স্ত্রীং ; যৌন-সংসর্গ। সহবাস।

مجامع (মুজামি') আঃ নাঃ পুং ; সহবাসকারী।

مجانست (মুজানাসাত) ফাঃ নাঃ স্ত্রীং ; সৌসাদৃশ্য। সমজাতীয়। সমগ্রোত্রীয়।

مجانين (মাজানিন) আঃ নাঃ পুং ; (مجنون -এর ব-ব) পাগল।

مجاور (মুজাবির) আঃ নাঃ পুং ; প্রতিবেশী। পাড়া-পড়শী। খাদেম। শিষ্য।

مجاورت (মুজাওয়ারাত) আঃ নাঃ স্ত্রীং ; নৈকট্য। প্রতিবেশীত্ব। শিষ্যত্ব।

مجاهد (মুজাহিদ) আঃ বিঃ ; সংগ্রামী। মুসলিম যোদ্ধা। জীবনোৎসর্গকারী। অকুতোভয়।

مجاهده (মুজাহাদাঃ) আঃ নাঃ পুং ; চেষ্টা। পরিশ্রম। সাধনা।

مجبور (মজবুর) আঃ বিঃ ; অসহায়। সংকীর্ণ।

مجبورا (মজবুরান) উঃ বিণ ; বাধ্যগত। ঠেকাবশত।

مجبوری (মজবুরী) উঃ নাঃ স্ত্রীং ; নিঃস্বতা। অসহায়ত্ব।

مجتبے (মুজতবা) আঃ বিঃ ; নির্বাচিত। মনোনীত। রাসূলুল্লাহ (সাঃ)-এর গুণবাচক নাম।

مجتمع (মুজতামা') আঃ বিঃ ; একত্রিত। বৈঠক। সমবেত।

مجنب (মুজতাবান) আঃ বিঃ ; বেঁচে থাকার মত। পরহেযকৃত।

مجتنب (মুজতানিব) আঃ বিঃ ; দূরবর্তী। পলায়নপর। সংযমী।

مجتهد (মুজতাহিদ) হিঃ নাঃ পুং ; ইসলামী ধর্মজ্ঞানে সুপন্ডিত। নেতা।

مجتهدانه (মুজতাহিদানাঃ) আঃ নাঃ পুং ; বিণ ; বিশ্লেষণধর্মী। গবেষণালব্ধ।

مجد (মাজ্দ) আঃ বিঃ ; বড়ত্ব। শ্রেষ্ঠত্ব।

مجدد (মুজাদ্দিদ) আঃ বিঃ ; ধর্মসংস্কারক। মুসলিম রেনেসার অগ্রপথিক।

مجدد الف ثانی (-এ-আলফেছানী) আঃ নাঃ পুং ; বিংশ শতাব্দীর মুজাদ্দিদ। শায়খ আহমদ সিরহিন্দ (৯৮১-১০৩৪ খ্রীঃ)

مجددا (মুজাদ্দাদান) আঃ ; নতুনত্ব। সংস্কারধর্মী।

مجذوب (মজযুব) আঃ বিঃ ; নিমগ্ন। নিমজ্জিত। আত্মহারা।

مجذور (মাজযূর) আঃ বিঃ ; বর্গমূল।

مجذوم (মাজযুম) আঃ বিঃ ; কুষ্ঠরোগী।

مجرا (মাজরা) আঃ নাঃ পুং ; উৎসগিরি। সূতিকাগার। ঝর্ণা।

مجرا (মুজরা) আঃ নাঃ পুং ; চলতি। প্রণতি। অভিবাদন। শোকগাঁথা। নাচ-গান।

مجرائی (মুজরাঈ) নাঃ স্ত্রীং ; দরবারী। কুর্নিশকারী। রাজস্ব আদায়কারী। গায়ক।

مجرب (মুজাররব) আঃ বিঃ ; পরীক্ষিত। কার্যকরী।

مجرد (মুজাররদ) আঃ বিঃ ; নিঃসঙ্গ। একাকী। কুমার। অবিবাহিত।

مجرم (মুজরিম) আঃ নাঃ পুং ; দোষী। অপরাধী।

مجروح (মাজরুহ) আঃ বিঃ ; যখমী। আহত। ঘায়েল।

مجسٹریٹ (ম্যাজিস্ট্রেট-Magistrate) ইং নাঃ পুং ; ফৌজদারী হাকেম।

مجسم (মুজাসসাম) আঃ বিঃ ; দেহধারী। দীর্ঘদেহী। শরীর বিশিষ্ট। বপুধারী। তাগড়া।

مجسمه (মুজাসসামাঃ) আঃ নাঃ পুং ; মূর্তি। প্রতিমা। প্রস্তর বা ধাতুনির্মিত প্রতিকৃতি।

مجسمه ساز (- সায) আঃ ফাঃ বিঃ ;

মূর্তিকর।

مجلا (মুজল্লা) আঃ বিঃ ; উজ্জ্বল। প্রকাশিত।

مجلد (মুজাল্লাদ) আঃ বিঃ ; চামড়া দিয়ে তৈরী। চামড়া জাত। বাধাইকৃত।

مجلس (মজলিস) আঃ নাঃ স্ত্রীং ; সভা। বৈঠক। পরিষদ।

مجلس شوری (মজলিসে শুরা) আঃ নাঃ স্ত্রীং ; পরামর্শ পরিষদ।

مجلس عامله (মজলিসে আমেলাঃ) আঃ নাঃ স্ত্রীং ; কার্যনির্বাহী পরিষদ। ইং ; (Working Committee–ওয়ার্কিং কমিটি)

مجلس عامه (মজলিসে আম্‌মাঃ) আঃ নাঃ স্ত্রীং ; সাধারণ পরিষদ। ইং ; (General meeting– জেনারেল মিটিং)।

مجلس علمی (মজলিসে ইলমী) আঃ নাঃ স্ত্রীং ; শিক্ষায়তন।

مجلس قائمه (মজলিসে কায়িমাঃ) আঃ নাঃ স্ত্রীং ; বিশেষ কমিটি। ইং (স্ট্যান্ডিং কমিটি–Standing Committee)

مجله (মুজাল্লা–মাজাল্লা) আঃ বিঃ ; ম্যাগাজিন। পত্রিকা।

مجمع (মাজমা') আঃ নাঃ পুং ; সভা। সমিতি। সম্মেলন।

مجمع البحرین (– উল বাহরাইন) আঃ নাঃ পুং ; মোহনা। দু'সাগরের সঙ্গম স্থল।

مجمل (মুজমাল) আঃ বিঃ ; সংক্ষিপ্ত। সংকুচিত।

مجموعه (মাজমু'আঃ) আঃ নাঃ পুং ; জনতা। সংমিশ্রণ। সমন্বিত।

مجنون (মজনুন) আঃ নাঃ পুং ; উম্মাদ। প্রেমিক। কৃশ ও দুর্বল ব্যক্তি। লায়লার প্রেমিক মজনু (কায়েস)।

مجنونیت (মজনুনিয়ত) আঃ নাঃ স্ত্রীং ; উম্মাদনা। পাগলামি।

مجوز (মুজাওয়ায) আঃ বিঃ ; বৈধতা। বৈধ-স্বীকৃত। অনুমোদিত।

مجوس (মজূস) ফাঃ নাঃ পুং ; পারসিক। অগ্নিপূজক। (مجوسی -এর ব–ব)।

مجوزه (মুজাওবযাঃ) আঃ বিঃ ; প্রস্তাবিত। মীমাংসিত। অনুমোদিত।

مجوسا (মজূসা) উঃ নাঃ পুং ; আড়া। ভীম।

مجوف (মুজাওয়াফ) আঃ বিণ ; অন্তঃসার শূন্য। খোকলা।

مجه (মুঝ্‌ঃ) হিঃ সর্ব ; আমাকে।

مجهله (মাজহালাঃ) আঃ নাঃ পুং ; বেকুফী।

مجهول (মাজহুল) আঃ বিঃ ; অজ্ঞতা। মূর্খ। অলস।

مجهولا (মাজহুলান) আঃ বিঃ ; মধ্যম। অজ্ঞাত। ছোট ডেগ।

مجهولی (মঝোলী) হিঃ নাঃ স্ত্রীং ; মধ্যম। অন্তর্বর্তী। একপ্রকার গাড়ী।

مجیب (মুজীব) আঃ বিঃ ; জবাবদাতা। গ্রহণকারী। খোদা তা'আলার গুণবাচক নাম।

مجید (মজীদ) আঃ বিঃ ; খ্যাতিমান। মহান। উদার। মহানুভব। আল্লাহর গুণবাচক নাম।

مجیدی (মজীদী) আঃ নাঃ পুং ; তুর্কী-মুদ্রা বিশেষ।

مجیر (মুজীর) আঃ বিঃ ; আশ্রয়দাতা।

مجیرا (মুজীরা) হিঃ নাঃ পুং ; পিতলের চাকতী, যা ঢোলের সাথে বাজানো হয়। চাকতি। মন্দিরা।

م - چ

مچ (মচ) হিঃ নাঃ স্ত্রীং ; ভুল-চুক। মূর্খতা।

مچا (মুচচা) হিঃ নাঃ পুং ; গোশ্‌তের বড় টুকরা। চর্বিত গোশ্‌ত-পিন্ড।

مچامچ (মচামচ) নাঃ বিঃ ; টইটুম্বুর। ভরপুর। চিঁচি ধ্বনি। পশুর আওয়াজ।

مچان (মাচান) হিঃ নাঃ স্ত্রীং ; মাচা। চত্বর।

مچانا (মাচানা) হিঃ মূঃ ; রচনা। সম্পাদন

করা।

مچک (মচক) হিঃ নাঃ পুং ; চকচকে। কম্পন।

مچکا (মচকা) হিঃ নাঃ পুং ; অলসতা।

مچکانا (মচকানা) হিঃ মূঃ ; চোখ টেপা। চোখ মারা।

مچلکا (মুচলেকা) তুঃ নাঃ পুং ; মুচলেকা। চুক্তিপত্র।

مچلنا (মচলনা) হিঃ মূঃ ; জেদ করা।

مچمچاهٹ (মচমচাহাট) হিঃ নাঃ স্ত্রীং ; যৌন উন্মাদনা।

مچنا (মচনা) হিঃ মূঃ ; সৃষ্ট হওয়া। আন্দোলিত হওয়া। উত্তোলিত হওয়া। শোরগোল হওয়া।

مچه (মছ্) হিঃ নাঃ পুং ; বড়মাছ।

مچه رنگا (মাছরঙ্গা) হিঃ নাঃ পুং ; মাছরাঙ্গা। মাছ শিকারী পাখি বিশেষ।

مچهر (মচ্ছর) হিঃ নাঃ পুং ; মশা।

مچهلی (মছলী) হিঃ নাঃ স্ত্রীং ; মৎস্য। মাছ।

مچهندر (মছন্দর) হিঃ নাঃ পুং ; বিশাল গোঁফধারী। ইঁদুর। ছুঁচো। নির্বোধ। দাইয়ুস।

مچهوا (মছওয়া) হিঃ নাঃ পুং ; জেলে। মৎস্য ব্যবসায়ী।

مچهی (মচহী) হিঃ নাঃ স্ত্রীং ; মাছ। মৎস্য। শিশুদের চুমো দেয়া।

مچهیرا (মছেরা) হিঃ নাঃ পুং ; জেলে।

مچهیل (মাছীল) হিঃ বিঃ ; বিশাল গোঁফধারী।

م - ح

محابا (মুহাবা) আঃ নাঃ পুং ; পক্ষপাতিত্ব। সম্মান। মনোযোগ। স্বজনপ্রীতি।

محاذ (মাহায) আঃ নাঃ পুং ; রণাঙ্গন।

محاذات (মাহাযাত) আঃ নাঃ পুং ; সামনা সামনি হওয়া।

محاذی (মুহাযী) আঃ বিঃ ; সামনা সামনি। প্রতিদ্বন্দ্বী।

محارب (মুহারিব) আঃ বিঃ ; যোদ্ধা। সৈনিক।

محاسب (মুহাসিব) আঃ নাঃ পুং ; গণিতবিদ। হিসাব রক্ষক।

محاسبه (মুহাসাবাঃ) আঃ নাঃ পুং ; হিসাব। গণনা।

محاسن (মাহাসিন) আঃ নাঃ পুং ; (محسن -এর ব-ব) সৌন্দর্য। নেককাজ।

محاصر (মুহাসির) আঃ বিঃ ; অবরোধকারী।

محاصره (মুহাসারাঃ) আঃ নাঃ পুং ; অবরোধ। ঘেরাও।

محاصل (মাহাসিল) আঃ নাঃ পুং ; ট্যাক্স। কর। রাজস্ব। উৎপাদন কর।

محاط (মুহাত) আঃ বিঃ ; ঘেরাওকৃত। বেষ্টনী। বিখ্যাত। অবরুদ্ধ।

محافظ (মুহাফিয) আঃ বিঃ ; সংরক্ষক। পৃষ্ঠপোষক। মুরুব্বী।

محافظت (মুহাফাযাত) আঃ নাঃ স্ত্রীং ; রক্ষণ। পৃষ্ঠপোষকতা।

محافه (মুহাফাঃ) আঃ নাঃ পুং ; ডুলি। পাল্কী

محاکمه (মুহাকামাঃ) আঃ নাঃ পুং ; বিচার প্রার্থনা। দাবী উপস্থাপন।

محال (মুহাল) আঃ বিঃ ; অসম্ভব। অপ্রাকৃত।

محاکات (মুহাকাত) আঃ নাঃ স্ত্রীং ; পারস্পরিক কথাবার্তা। অভিজ্ঞতা বর্ণনা।

محامد (মাহামিদ) আঃ নাঃ পুং ; প্রশংসনীয় গুণাবলী। গুণ কীর্তন।

محاوره (মুহাওয়ারা) আঃ নাঃ পুং ; বাক-পদ্ধতি। ভাষাগত বৈশিষ্ট্য। পরিভাষা। অভ্যাস।

محب (মুহিব) আঃ নাঃ পুং ; বন্ধু। স্নেহ বা ভালোবাসার পাত্র।

محبانه (মুহিব্বানাঃ) ফাঃ বিঃ ; বন্ধুসুলভ।

মৈত্রী।

محبت (মুহাব্বাত) আঃ নাঃ স্ত্রীং ; ভালোবাসা। প্রেম। স্নেহ। বন্ধুত্ব।

محبس (মহ্বস) আঃ নাঃ পুং ; বন্দীশালা। জেলখানা।

محبوبه (মাহবুবাঃ) আঃ বিঃ ; প্রেমিকা। প্রেমাস্পদ।

محبوس (মাহবুস) আঃ বিঃ ; বন্দী। কয়েদী।

محتاج (মুহতাজ) আঃ বিঃ ; দরিদ্র। অভাবগ্রস্ত। অপারগ। অসম্পূর্ণ।

محتاجی (মুহতাযী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; অপারগতা। দরিদ্র। ঠেকা।

محتاط (মুহতাত) আঃ বিঃ ; সতর্কিত। সতর্কীকরণ। হুঁশিয়ার। সাবধান।

محترز (মুহতারিয) আঃ বিঃ ; সংযমী।

محترف (মুহতারাফ) আঃ বিঃ ; পেশাদারী।

محترم (মুহতারাম) আঃ বিঃ ; শ্রদ্ধেয়। সম্মানিত। বুযুর্গ। মাননীয়।

محترمه (মুহতারিমাঃ) আঃ বিঃ ; শ্রদ্ধেয়া। সম্মানিয়া। মাননীয়া।

محتسب (মুহতাসিব) আঃ নাঃ পুং ; তত্ত্বাবধায়ক। সমালোচক। পরিদর্শক।

محتشم (মুহতাশিম) আঃ বিঃ ; মহান। শক্তিমান। বিখ্যাত। ধনী। আমীর।

محتشی (মুহতাশী) আঃ বিঃ ; ভরপুর। টইটুম্বুর।

محتکر (মুহতাকির) আঃ বিঃ ; গুদামজাতকারী। পুঁজিবাদী।

محتلم (মুহতালিম) আঃ বিঃ ; স্বপ্নদোষ হয়েছে এমন। সবেমাত্র প্রাপ্তবয়স্ক হয়েছে যে বালক।

محتمل (মুহতামাল) আঃ বিঃ ; সন্দেহযুক্ত।

محجوب (মাহজুব) আঃ নাঃ পুং ; লজ্জিত। বিনয়ী। ক্রীড়ানত। লুক্কায়িত। যে ব্যক্তি উত্তরাধিকার হতে বঞ্চিত।

محدب (মুহাদ্দাব) আঃ বিঃ ; গম্বুজদার। উঁচু।

محدث (মুহাদ্দিস) ফাঃ নাঃ পুং ; হাদীস বিশারদ।

محدود (মাহদুদ) আঃ বিঃ ; সীমিত। সীমাবদ্ধ। নির্দিষ্ট।

محذوف (মাহযুফ) আঃ বিঃ ; বহিষ্কৃত। পরিত্যক্ত।

محراب (মিহরাব) আঃ নাঃ স্ত্রীং ; হাতিয়ার। ইমাম যেখানে দাঁড়িয়ে নামায পড়ান।

محرر (মুহাররার) আঃ বিঃ ; লিখিত। লিপিবদ্ধ।

محرر (মুহাররির) আঃ বিঃ ; লিপিকার। মুন্সি। কেরাণী।

محرف (মুহাররফ) আঃ বিঃ ; বক্র। তীর্যক।

محرک (মুহাররিক) আঃ নাঃ পুং ; আন্দোলনকারী। উস্কানিমূলক।

محرم (মাহরাম) আঃ নাঃ পুং ; মেয়েলোকের সে সব নিকটাত্মীয়, যাদের সঙ্গে বিবাহ নিষিদ্ধ। অন্তরঙ্গ বন্ধু। মেয়েদের বক্ষবন্ধনী।

محرم (মুহররম) আঃ নাঃ পুং ; হিজরী সনের প্রথম মাস। বিঃ ; পবিত্র। সম্মানিত।

محرور (মাহরুর) আঃ বিঃ ; গ্রীষ্ম। গরম। উষ্ণীষ।

محروس (মাহরুস) আঃ বিঃ ; সংরক্ষিত।

محروسه (মাহরূসাঃ) আঃ বিঃ ; সংরক্ষিত। রক্ষিত (স্থান)।

محروف (মাহরূফ) আঃ নাঃ পুং ; উল্টা।

محروق (মাহরুক) আঃ বিঃ ; গরম। জ্বলন্ত।

محروم (মাহরূম) আঃ বিঃ ; বঞ্চিত। অস্বীকৃত। ভাগ্যহত।

محرومی (মাহরূমী) ফাঃ নাঃ পুং স্ত্রীং ; হতাশা। নিরাশা।

محزون (মাহযুন) আঃ বিঃ ; পেরেশান। বেদনার্ত। শোকার্ত। বিরক্ত।

محسن (মুহসিন) আঃ নাঃ পুং ; উপকারী।

পৃষ্ঠপোষক। বিঃ ; দয়ালু। উদার।

محسنات (মুহসিনাত) আঃ নাঃ স্ত্রীং ; কল্যাণসমূহ। সৌন্দর্যগুলো।

محسن کش (মুহসিনকাশ) ফাঃ বিঃ ; গুরুজন ও উপকারীর প্রতি অকৃতজ্ঞ।

محسوب (মাহসূব) আঃ বিঃ ; গণনাকৃত।

محسود (মাহসূদ) আঃ বিঃ ; ঈর্ষিত। হিংসাকৃত।

محسوس (মাহসূস) আঃ বিঃ ; অনুভূত। দৃষ্ট।

محشر (মাহশার) আঃ নাঃ পুং ; ময়দান। হাশর। কিয়ামত। পুনরুত্থান।

محشور (মাহশুর) আঃ বিঃ ; পুনরুত্থিত।

محشی (মুহাশশী) আঃ বিঃ ; টীকাকার। টীকা লেখক।

محصل (মুহাসসিল) আঃ বিঃ ; উসূলকারী। তহশিলদার।

محصن (মুহসান) আঃ নাঃ পুং ; পবিত্র। বিবাহিত। প্রাপ্তবয়স্ক। দেয়াল বেষ্টিত।

محصنه (মুহসানাঃ) আঃ বিঃ ; নেকবিবি। সতীনারী।

محصور (মাহসূর) আঃ বিঃ ; পরিবেষ্টিত।

محصول (মাহসূল) আঃ নাঃ পুং ; কর। ট্যাক্স। আমদানী। বেতন। ভাতা। মজুরি। শুল্ক।

محض (মহয) বিঃ ; শুধুমাত্র। কেবল সবশুদ্ধ। সম্পূর্ণভাবে।

محضر (মাহযার) আঃ নাঃ পুং ; রাজকীয় উপস্থিতি। গণপ্রার্থনা। আবেদন।

محضرنامه (মাহযার নামা) ফাঃ নাঃ পুং; প্রার্থনা। আবেদনপত্র। দস্তখতি কাগজ।

محظوظ (মাহযুয) আঃ বিঃ ; আনন্দিত। সন্তুষ্ট। সুখী।

محفل (মাহফিল) আঃ নাঃ স্ত্রীং ; সভা। বৈঠক।

محفوظ (মাহফুয) আঃ বিঃ ; হেফাযতকৃত। সংরক্ষিত।

محقق (মুহাক্কিক) আঃ নাঃ পুং ; দলিল দ্বারা প্রমাণকারী। দার্শনিক। হাকিম।

محق (মুহিক) আঃ নাঃ পুং ; সত্যবাদী। সত্যাশ্রয়ী।

محقق (মুহাক্কাক) আঃ বিঃ ; প্রমাণিত। প্রমাণপুষ্ট।

محققانه (মুহাক্কিকানাঃ) ফাঃ বিঃ ; তাত্ত্বিক। বিশ্লেষণধর্মী

محک (মাহাক) আঃ নাঃ স্ত্রীং ; কষ্টিপাথর।

محکم (মুহকাম) আঃ বিঃ ; শক্ত। দৃঢ়। সুরক্ষিত।

محکمه (মুহকামাঃ) আঃ নাঃ পুং ; আদালত। মহকুমা। কোর্ট-কাছারী। দরবার।

محکوم (মাহকুম) আঃ বিঃ ; প্রভাবাধীন। প্রজা। জনতা।

محل (মহল) আঃ নাঃ পুং ; স্থান। অট্টালিকা। প্রাসাদ। সুযোগ।

محل سرا (মহলসরা) ফাঃ ; রাজা-বাদশাহ বা বড় লোকের অন্দর। হেরেম।

محلول (মাহলুল) আঃ বিঃ ; বিচূর্ণ। গলিত। মীমাংসিত।

محله (মহল্লাঃ) আঃ নাঃ পুং ; পাড়া। শহরের অংশ।

محلی (মুহাল্লা) উঃ নাঃ পুং ; অলংকৃত।

محمد (মুহাম্মদ) আঃ বিঃ ; বহু প্রশংসিত। নাঃ পুং ; ইসলামের নবী। বিশ্বনবী হযরত মুহাম্মদ (সাঃ) (৫৭১-৬৩২ খ্রীঃ)

محمل (মাহমিল) আঃ নাঃ পুং ; উটের পিঠের হাওদা।

محمود (মাহমুদ) আঃ বিঃ ; প্রশংসিত। নাঃ পুং ; গজনীর সিংহ। সোমনাথ মন্দির বিজেতা মহামতি সুলতান মাহমুদ গজনবী (রহঃ)।

محن (মিহান) আঃ নাঃ স্ত্রীং ; (محنت -এর ব-ব) কষ্ট-মুসিবত। পরিশ্রম।

محنت (মেহনত) আঃ নাঃ স্ত্রীং ; দুঃখ। কষ্ট। মজদুরী। পরিশ্রম। মেহনত।

محنتی (মেহনতী) উঃ বিঃ ; শ্রমিক।

মেহনতী। মজদুর। কুলি।

مختانه (মেহনতানাঃ) উঃ নাঃ পুং ; মজুরী। বেতন-ভাতা।

محو (মোহ্) আঃ বিঃ ; নিমজ্জিত। মোহগ্রস্ত। মোহিত। বিস্মৃত। বিলুপ্ত।

محور (মিহ্‌বর) আঃ নাঃ পুং ; মেরুদন্ড।

محويت (মহ্‌বীয়ত) আঃ নাঃ স্ত্রীং ; মোহিনীশক্তি। যাদুমন্ত্র।

محى (মুহী) আঃ বিঃ ; নব জীবনদানকারী। আল্লাহর গুণবাচক নাম বিশেষ।

م — خ

مخ (মুখ) আঃ নাঃ পুং ; মগজ। মাথা। মজ্জা।

مخابره (মুখাবারা) আঃ নাঃ পুং ; সংবাদ আদান-প্রদান।

مخارج (মাখারিজ) আঃ নাঃ পুং ; (مخرج -এর ব-ব) নির্গমন। বের হওয়ার স্থান। পায়ুপথ।

مخاصمت (মুখাসামাত) আঃ নাঃ স্ত্রীং ; পরস্পর বিবাদ। ঝগড়া-কলহ।

مخاطب (মুখাতিব) আঃ নাঃ পুং ; বক্তা।

مخاطب (মুখাতাব) আঃ নাঃ পুং ; সম্বোধিত ব্যক্তি। শ্রোতা।

مخاطره (মুখাতারাঃ) আঃ নাঃ পুং ; ভয়। ডর। আতংক।

مخافت (মুখাপাত) আঃ নাঃ স্ত্রীং ; ভয়। আতংক। ভীতি।

مخالطت (মুখালাতাত) আঃ নাঃ পুং ; বন্ধুত্ব। মেলামেশা। সামাজিকতা।

مخالف (মুখালিফ) আঃ নাঃ পুং ; শত্রু। বৈরী। দুশমন। বাদী। প্রতিদ্বন্দ্বী।

مخالفت (মুখালাফাত) আঃ নাঃ স্ত্রীং ; প্রতিদ্বন্দ্বিতা। শত্রুতা।

مخبر (মুখবির) আঃ নাঃ পুং ; সংবাদদাতা। প্রতিবেদক। রিপোর্টার। গুপ্তচর। গোয়েন্দা। সাংবাদিক। প্রদায়ক।

مخبرى (মুখবিরী) ফাঃ নাঃ স্ত্রীং ; গুপ্ত সংবাদ। গোয়েন্দাগিরি। সাংবাদিকতা।

مخبوط (মাখবুত) আঃ বিঃ ; পাগল। উম্মাদ।

مختار (মুখতার) আঃ বিঃ ; মনোনীত। মুক্ত। স্বাধীন। অনুমোদিত। আইনানুগ। শক্তিসম্পন্ন। মোক্তার।

محتال (মুহতাল) আঃ বিঃ ; ধোঁকাবাজ। প্রতারক। অহংকারী। আত্মম্ভরী।

مختتم (মুখতাতিম) আঃ বিঃ ; সমাপক। সমাপনকারী।

مخترع (মুখতারি') আঃ নাঃ পুং; আবিষ্কারক। রচয়িতা। উদগাতা। উদ্ভাবক। স্থপতি।

مخترعات (মুখতারিয়াত) আঃ নাঃ স্ত্রীং ; উদ্ভাবিত বস্তু। আবিষ্কৃত জিনিষ। নবোদ্ভাবিত।

مختص (মুখতাছ) আঃ বিঃ ; বিশেষিত। অনন্য।

مختصر (মুখতাছার) আঃ বিঃ ; সংক্ষিপ্ত। সংক্ষেপিত।

مختصرا (মখতাছারান) আঃ ফাঃ বিণ ; সংক্ষিপ্তি। সংক্ষিপ্ততা।

مختفى (মুখতাফী) আঃ বিঃ ; লুকায়িত। গোপনীয়।

مختل (মুখতাল) আঃ বিঃ ; চিন্তান্বিত। পেরেশান। কিংকর্তব্যবিমূঢ়।

مختلط (মুখতালাত) আঃ বিঃ ; মিলিত। মিশ্রিত। গড়বড়। গোঁজামিল।

مختلف (মুখতালাফ) আঃ বিঃ ; আলাদা। জুদা। পৃথক। ভিন্ন।

مختلف فيه (– ফীহি) আঃ বিঃ ; যা নিয়ে মতনৈক্য আছে। বিতর্কিত। মতপার্থক্য।

مختوم (মাখতুম) আঃ বিঃ ; সীলমোহর কৃত। স্বাক্ষরিত। মীমাংসিত। বন্ধ।

مختون (মাখতুন) আঃ বিঃ ; খতনাকৃত।

مخدر (মুখাদ্দার) আঃ বিঃ ; লুক্কায়িত। আচ্ছাদিত। পর্দানশীন।

مخدوش (মাখদুশ) আঃ বিঃ ; সংশয়ান্বিত। সন্দেহযুক্ত।

مخدوم (মাখদুম) আঃ নাঃ পুং ; প্রভু। যাজক। পীর। মহান। বুযুর্গ।

مخذول (মাখযুল) আঃ বিঃ ; অপদস্থ। নিকৃষ্ট।

مخرج (মাখরাজ) আঃ নাঃ পুং ; উৎস। উৎপত্তি স্থান।

مخزن (মাখযান) আঃ নাঃ পুং ; ধনাগার। গুদাম।

مخصوص (মাখসূস) আঃ বিঃ ; বিশিষ্ট। যথাযথ।

مخطوبه (মাখতুবাঃ) আঃ বিঃ ; বাগদত্তা। যে নারীর বিবাহের কথাবার্তা চলছে।

مخطور (মাখতুর) আঃ বিঃ ; সংশয়যুক্ত। আতংকিত। ভীতিপ্রদ।

مخفف (মুখাফফাফ) আঃ বিঃ; সংক্ষিপ্ত। লঘু।

مخطورات (মাখতুরাত) আঃ নাঃ পুং ; মানসিক উদ্বেগ।

مخفی (মখফী) আঃ বিঃ ; গোপনীয়। লুক্কায়িত। গুপ্ত। গুঢ়।

مخل (মুখিল) আঃ নাঃ পুং ; বাধাদানকারী। প্রতিবন্ধকতা সৃষ্টিকারী। প্রতিবন্ধক।

مخلص (মুখলিস) আঃ বিঃ ; খালিস। নিখাদ। নির্ভেজাল। একনিষ্ঠ।

مخلصانه (মুখলিসানাঃ) ফাঃ বিঃ ; একনিষ্ঠ ভরে।

مخلصی (মুখলিসী) ফাঃ নাঃ স্ত্রীং ; মুক্তি। রেহাই। ছাড়া।

مخلوق (মাখলুক) আঃ বিঃ ; সৃষ্টি।

مخلے (মুখাল্লা) আঃ বিঃ ; শূন্যকৃত। পরিত্যক্ত।

مخمر (মুখাম্‌মার) আঃ বিঃ ; মদপ্রস্তুতকারী।

مخمس (মুখাম্‌মাস) আঃ বিঃ ; পাঁচ পংক্তি বিশিষ্ট কবিতা। পঞ্চকোণ বিশিষ্ট। পঞ্চ জেলা বিশিষ্ট অঞ্চল। বিভাগ।

مخمسه (মাখমাসাঃ) আঃ নাঃ পুং ; দুশ্চিন্তা। বিপর্যয়। সংকট। নিরুপায়।

مخمل (মখমল) আঃ নাঃ স্ত্রীং ; সূক্ষ্ম মোলায়েম সুতি বস্ত্র বিশেষ। বিশেষ লাল সুতি কাপড়।

مخمور (মাখমুর) আঃ বিঃ ; মদ্যপ। মাতাল। নেশাখোর। মদখোর। মদারু।

مخوف (মুখাওবিফ) আঃ বিঃ ; ভীতি প্রদর্শনকারী।

مخمول (মাখমুল) প্রাঃ হিঃ বিঃ ; বিপর্যস্ত। উদাসীন। ঝড়ে ভাঙ্গা।

مخنث (মুখান্নাস) আঃ বিঃ ; হিজড়া। নারীসুলভ। স্ত্রী ভাবাপন্ন। নপুংসক।

مخول (মখোল) উঃ নাঃ স্ত্রীং ; ঠাট্টা। কৌতুক।

مخوليا (মখোলিয়া) উঃ বিঃ ; রসিক। কৌতুকী। ভাঁড়। অসভ্য। সন্ত্রস্ত।

مخير (মুখাইয়ার) আঃ বিঃ ; দাতা। দানবীর। উদার। অতিশয় নেককার।

مخيل (মুখাইয়াল) আঃ বিঃ ; পরিকল্পিত। ধারণকৃত। কল্পিত।

مخيله (মুখাইয়ালাঃ) আঃ নাঃ পুং ; ধারণা। কল্পনা।

مخيم (মুখাইয়াম) আঃ নাঃ পুং ; তাবু গাড়ার স্থান। তাবুস্থল। ছাউনি কেন্দ্র।

م - د

مد (মদ্দ) আঃ নাঃ পুং ; দৈর্ঘ্য। বিস্তৃতি। স্তম্ভ। জোয়ার। হিসাবের খাতা।

مدمقابل (মদ্দে মুকাবিল) আঃ বিঃ ; বিরোধী। বিবাদী।

مدنظر (মদ্দে নযর) আঃ নাঃ স্ত্রীং ; লক্ষ্য। ইঙ্গিত। বঞ্চিত।

مد (মদ) সঃ নাঃ স্ত্রীং ; মদ। খুশী। আহলাদ। নেশা। অহংকার।

مد ماتا (মদমাতা) হিঃ নাঃ পুং ; মাথা খারাপ। মস্তিষ্ক বিকৃত। মাতাল। মদ্যপ।

مد (মুদ্দ) আঃ নাঃ পুং ; দু'রিতল পরিমাণ ওজন।

مدا (মদ্দা) হিঃ বিঃ ; অলস। নিম্নমূল্য।

مداح (মাদ্দাহ) আঃ বিঃ ; প্রশংসাকারী।

مداخل (মাদাখিল) আঃ নাঃ স্ত্রীং ; আমদানী। রাজস্ব। মখমল ইত্যাদির ওপর জরীর কাজ।

مداخلت (মুদাখালাত) আঃ নাঃ স্ত্রীং ; অনুপ্রবেশ। দখল। অন্তর্ভুক্তি।

مداد (মিদাদ) আঃ নাঃ স্ত্রীং ; দোয়াতের কালি। যে কোন কালি।

مدار (মাদার) আঃ নাঃ পুং ; পরিধি। কক্ষপথ। পরিভ্রমণ কেন্দ্র।

مدار (মুদার) ফাঃ নাঃ স্ত্রীং ; আতিথ্য। ভদ্রতা। সৌজন্য। রেয়াত। ছাড়।

مدارات (মুদারাত) আঃ নাঃ স্ত্রীং ; আতিথেয়তা।

مدار المهام (মাদারুল হাম) আঃ নাঃ পুং ; প্রধানমন্ত্রী। সচিব।

مدارج (মাদারিজ) আঃ নাঃ পুং ; পদোন্নতি। সোপান। আরোহ।

مدارس (মাদারিস) আঃ নাঃ পুং ; (مدرسه -এর ব-ব) শিক্ষায়তন। মাদ্রাসা। দ্বীনি শিক্ষাকেন্দ্র।

مداری (মাদারী) আঃ নাঃ পুং ; সাপ বা বানরের নাচ প্রদর্শনকারী।

مدافعت (মুদাফায়াত) আঃ নাঃ স্ত্রীং ; প্রতিরক্ষা। বাধা। প্রতিরোধ।

مدام (মুদাম) আঃ বিঃ ; সর্বদা। চিরন্তন। চিরদিন।

مداوا (মুদাবা) আঃ ফাঃ নাঃ পুং ; ঔষধ। চিকিৎসা।

مداومت (মুদাওয়ামত) আঃ নাঃ স্ত্রীং ; চিরন্তন। স্থিতিশীল।

مداهن (মুদাহিন) আঃ নাঃ পুং ; অলস, কথা গোপনকারী।

مداهنت (মুদাহানাত) আঃ নাঃ স্ত্রীং ; খোশামোদ। চাটুকার।

مدبر (মুদবির) আঃ বিঃ ; দুর্ভাগা। হতভাগ্য।

مدبر (মুদাববির) আঃ বিঃ ; তদবিরকার। জ্ঞানী। পরামর্শদাতা।

مدت (মুদ্দত) আঃ নাঃ স্ত্রীং ; সময়। সুযোগ। অবকাশ। কাল।

مدت مديد (মুদ্দাতে মাদীদ) আঃ নাঃ স্ত্রীং ; দীর্ঘকাল। আবহমান কাল।

مدثر (মুদ্দাছছির) আঃ ফাঃ ; কম্বলে মোড়া। কোরানের একটি সূরা।

مدح (মদহ) আঃ নাঃ স্ত্রীং ; প্রশংসা। কীর্তন।

مدحيه (মদহিয়াঃ) আঃ বিঃ ; প্রশংসনীয়। অনবদ্য।

مدخل (মাদখাল) আঃ নাঃ স্ত্রীং ; প্রবেশ স্থল।

مدخوله (মাদখুলাঃ) আঃ বিঃ ; রক্ষিতা নারী। সহবাস করা হয়েছে এমন নারী।

مدد (মদদ) আঃ নাঃ স্ত্রীং ; সাহায্য। সহায়তা। উপশম। পুনঃবল যোজনা।

مدر (মুদির) সঃ নাঃ পুং ; মেঘ। প্রেমিক। আরামপ্রিয়।

مدرس (মুদাররিস) আঃ নাঃ পুং ; শিক্ষক। প্রফেসর। উস্তাদ। গৃহশিক্ষক।

مدرسه (মাদরাসাঃ) আঃ নাঃ পুং ; মাদ্রাসা। ইসলামী শিক্ষালয়। দ্বীনী বিদ্যাপীঠ।

مدرسی (মুদাররসী) আঃ নাঃ স্ত্রীং ; শিক্ষকতা।

مدركه (মুদরিকাঃ) আঃ নাঃ পুং ; বোধশক্তি। স্মৃতিশক্তি। প্রতিভা।

مدعا (মুদ্দা'আ) আঃ নাঃ পুং ; ইচ্ছা। বাসনা। উদ্দেশ্য। লক্ষ্য।

مدعا عليه (- আলাইহি) আঃ নাঃ পুং ; বিবাদী।

مدعو (মদউ) আঃ বিঃ ; আহূত। নিমন্ত্রিত।

مدعی (মুদ্দাঈ) আঃ নাঃ পুং ; ফরিয়াদী। বাদী। পাণিপ্রার্থী।

مدفن (মাদফান) আঃ নাঃ পুং ; সমাধি। কবর।

مدفون (মাদফূন) আঃ বিঃ ; সমাধিস্থ। লুক্কায়িত। প্রথিত।

مدقق (মুদাক্কিক) আঃ বিঃ ; দূরদর্শী। সূক্ষ্মদর্শী।

مدقوق (মাদকূক) আঃ বিঃ ; জরাক্রান্ত।

مدک (মদক) হিঃ নাঃ পুং ; তামাক পাতা ও আফিমের সহযোগে তৈরী মাদক বিশেষ।

مدل (মুদাল) প্রাঃ নাঃ ; পুঁজি।

مدلل (মুদাললাল) আঃ বিঃ ; প্রামাণ্য। প্রমাণসহ। প্রমাণপুষ্ট।

مدمغ (মুদাম্মিগ) উঃ বিঃ ; দেমাগী। অহংকারী।

مدوجزر (মদ্দওয়া জযর) আঃ নাঃ পুং ; জোয়ার-ভাঁটা।

مدن (মদান) হিঃ নাঃ পুং ; ভালবাসা। প্রেম। মৌমাছি। যৌবনের ঢেউ। বসন্তকাল।

مدنی (মাদানী) আঃ বিঃ ; মদীনার বাসিন্দা।

مدو (মদ্দূ) হিঃ নাঃ পুং ; হাওদা। উটের পিঠে বসার স্থান।

مدور (মুদাওআর) আঃ বিঃ ; চক্রাকার। গোল। বৃত্ত।

مدهر (মধুর) সঃ বিঃ ; মধুর। মিষ্ট।

مدهم (মুদহিম) হিঃ বিঃ ; ধীর। মাধ্যম। হালকা। সপ্তসুরের একটি।

مدهوش (মাদহুশ) আঃ বিঃ ; মাতাল। জ্ঞানশূন্য।

مدید (মাদীদ) আঃ বিঃ ; লম্বা। দীর্ঘ।

مدیر (মুদীর) আঃ নাঃ পুং ; পরিচালক। অধ্যক্ষ। প্রিন্সিপাল। সম্পাদক।

مدیرا (মুদীরা) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার মদ।

مدینه (মদীনাঃ) আঃ নাঃ পুং ; শহর। নগর। হেজাযের ঐ পবিত্র স্থান, যেখান বিশ্বনবী (সাঃ) হিজরত করেছিলেন— (ব—ব, مدن)।

مدینة الاسلام (—আল ইসলাম) আঃ নাঃ পুং ; বাগদাদ।

مدینة العلوم (মদীনাতুল উলূম) আঃ নাঃ পুং ; হযরত রাসূলে খোদার উপাধি।

مدیون (মাদয়ূন) আঃ নাঃ পুং ; ঋণী। ঋণগ্রহীতা।

م — ڈ

مڈاسا (মুডাসা) হিঃ নাঃ পুং ; পাগড়ি। দস্তার।

مڈوائف (মিড ওয়াইফ-Mid wife) ইং নাঃ পুং ; দাই। ধাত্রী।

مڈه (মুঢ) হিঃ নাঃ পুং ; কোন বস্তুর নিম্নাংশ। বুড়ো লোক। চৌধুরী। গ্রাম্য মাতব্বর। মোড়ল।

مڈهبهیڑ (মুঢ ভেড়) হিঃ নাঃ স্ত্রীং ; সামনা সামনি।

م — ذ

مذاق (মাযাক) আঃ নাঃ পুং ; রুচি। কৌতুক। আনন্দ। ব্যবহার। হাসি-তামাসা।

مذاق سخن (—এ-সখুন) আঃ ফাঃ বিঃ ; কবি ও কবিতার ঢং। রসিকতা। কবিভাব।

مذاقیه (মাযাকিয়া) সুরুচিপূর্ণ ব্যক্তি। কৌতুকী। ভাঁড়।

مذاکره (মুযাকারাঃ) আঃ বিঃ স্ত্রীং ; তর্ক। পারস্পরিক আলোচনা।

مذبح (মাযবাহ) আঃ নাঃ পুং ; জবাই করার স্থান। কসাইখানা।

مذبذب (মুযাবযাব) আঃ বিঃ ; তড়তড়ে। অস্থীর চিত্ত। সন্দেহপূর্ণ। সন্দিহান।

مذبله (মাযবালাঃ) আঃ নাঃ পুং ; ডাস্টবিন। ময়লা ফেলার স্থান।

مذکر (মুযাক্কার) আঃ বিঃ ; পুরুষ। নর। উল্লেখিত। নির্দেশিত।

مذکور (মাযকূর) আঃ বিঃ ; বর্ণিত। স্মরণকৃত। আলোচনা। উক্তি।

مذمت (মাযাম্মাত) আঃ নাঃ স্ত্রীং ; অপবাদ।

তিরস্কার। ঘৃণা। জঘণ্য।
مذلت (মুযিল্লাত) আঃ নাঃ স্ত্রীং ; অপদস্থ। বদনামী। বেইজ্জতি।
مذموم (মাযমূম) আঃ বিঃ ; মন্দ। দুষ্ট। নীচ।
مذنب (মুযনিব) আঃ বিঃ ; গোনাহগার। পাপী। পাপাচারী।
مذهب (মাযহাব) আঃ নাঃ পুং ; রাস্তা। ঈমান। ধর্ম। আকিদা।
مذاهب (মাযাহিব) আঃ নাঃ পুং ; (مذهب মাযহাব এর ব–ব) ধর্ম। সম্প্রদায়-(গুলি)।
مذى (মযী) আঃ নাঃ স্ত্রীং ; বীর্য বের হবার পূর্বে যে পাতলা পদার্থ বের হয়।

م – ر

مرا (মরা) হিঃ নাঃ পুং ; লাশ। মুর্দা। হতভাগ্য।
مراة (মিরআত) আঃ নাঃ স্ত্রীং; আর্শী। আয়না। দর্পণ।
مراتب (মরাতিব) আঃ নাঃ পুং ; (مرتبه মরতবাঃ এর ব–ব) ধাপ। পদমর্যাদা। –(সকল)
مراثى (মারাসী) আঃ নাঃ পুং ; (مرثيه -এর ব–ব) মার্সিয়া। শোক।
مراجعت (মুরাজা'আত) আঃ নাঃ স্ত্রীং ; প্রত্যাবর্তন। শয়ন।
مراحل (মারহিল) আঃ নাঃ স্ত্রীং ; (مرحله -এর ব–ব) ভ্রমণ পথের বিশ্রাম। যাত্রা বিরতি। স্তর।
مراحم (মারাহিম) আঃ নাঃ স্ত্রীং ; (مرحمت -এর ব–ব) সহানুভূতি। অনুকম্পা। দয়া।
مراد (মুরাদ) আঃ নাঃ স্ত্রীং ; ইচ্ছা। উদ্দেশ্য। বাসনা। অর্থ। পরিমান। কামনা। আশা।
مرادف (মুরাদিফ) আঃ নাঃ পুং ; সহযাত্রী। সমর্থবোধক।
مرادى (মুরাদী) আঃ বিঃ : ভাবার্থ। পারিভাষিক।
مراسلات (মুরাসালাত) আঃ নাঃ পুং ; (مراسله -এর ব–ব) চিঠি। পত্র।
مراسله (মুরাসালাঃ) আঃ নাঃ পুং ; চিঠি। পত্র। খত্।
مراسله تقرر (–এ-তাকাররুর) চাকুরি। নিয়োগ পত্র। (এপয়নমেন্ট কার্ড – Appointment Letter)।
مراسم (মারাসিম) আঃ নাঃ পুং ; (رسوم -এর ব–ব) আইন, রীতি। নীতি। প্রচলন।
مراعات (মুরাআত) আঃ নাঃ স্ত্রীং ; ধ্যান। মনোযোগ। বিবেচনা। পক্ষপাতিত্ব।
مرافقت (মুরাফাকাত) আঃ নাঃ স্ত্রীং ; পারস্পরিক মিল মিশ। ওঠ্ বস্। বন্ধুত্ব। সম্প্রীতি। সৌহার্দ্য।
مرافعه (মুরাফা'আঃ) আঃ নাঃ পুং ; আপীল। এক বিচারকের রায়ে সন্তুষ্ট না হয়ে অপর বিচারকের সমীপে রায় চাওয়া।
مراق (মিরাক) আঃ নাঃ পুং ; মস্তিষ্ক বিকৃতি। রোগ বিশেষ।
مراقب (মুরাকিব) আঃ বিঃ ; স্বর্গীয়। ধ্যানকারী।
مراقبه (মুরাকাবাঃ) আঃ বিঃ ; ধ্যান। চিন্তা। খেয়াল। জান্নাতী ধ্যান। আল্লাহ-চিন্তা।
مراقى (মিরাকী) আঃ বিঃ ; পাগলামি।
مرام (মারাম) আঃ নাঃ পুং ; মতলব। অর্থ। উদ্দেশ্য। মর্ম।
مراهق (মুরাহিক) আঃ বিঃ ; প্রাপ্ত বয়স্কের দার প্রান্তের বালক।
مراهم (মারাহিম) আঃ নাঃ পুং ; মলম।
مراؤ (মারাউ) হিঃ নাঃ পুং ; তরকারী ব্যবসায়ী।
مربا (মোরব্বা) আঃ নাঃ পুং ; যে ফল চিনির শিরার মধ্যে চুবিয়ে রাখা হয়।
مربهكا (মরভুক্কা) বিঃ ; দুর্ভিক্ষগ্রস্ত। উপবাসী। ভূখা।

مربع (মুরাব্বা) আঃ নাঃ পুং ; চতুর্ভুজ। যার চারটি বাহুই সমান্তরাল।

مربی (মুরব্বী) আঃ নাঃ পুং ; প্রতিপালক। অভিভাবক। গার্ডিয়ান। শ্রদ্ধেয়জন।

مرتا (মরতা) নাঃ স্ত্রীং ; মুমূর্ষ।

مرتاض (মুরতায) আঃ নাঃ পুং ; সাধক। আধ্যাত্মিক সাধনায় লিপ্ত।

مرتب (মুরাত্তিব) আঃ নাঃ পুং ; সংকলক।

مرتب (মুরাততাব) আঃ নাঃ পুং ; প্রস্তুত করানো। সংকলিত। চয়নিত। উৎকলিত।

مرتبان (মরতবান) ফাঃ নাঃ পুং ; চীনামাটির বাসন।

مرتبت (মরতবাত) مرتبه (মরতবাঃ) আঃ নাঃ পুং ; পদ। মর্যাদা। স্তর। ধাপ।

مرتد (মুরতাদ) আঃ নাঃ পুং ; ইসলাম। ধর্মত্যাগকারী। বিশ্বাসঘাতক। অভিশপ্ত।

مرتسم (মুরতাসাম) আঃ বিঃ ; চিহ্নিত। সনাক্ত।

مرتشی (মুরতাশী) আঃ বিঃ ; ঘুষখোর।

مرتضی (মুরতাযা) আঃ নাঃ পুং ; পছন্দসই। চয়েজ ফুল। গ্রহীত। হযরত আলী (রাঃ)-এর উপাধি।

مرتعش (মুরতাইশ) আঃ বিঃ ; দোদুল্যমান। কম্পমান।

مرتفع (মুরতাফি') আঃ বিঃ ; সুউচ্চ। আকাশ ছোঁয়া। বুলন্দ। উন্নত।

مرتکب (মুরতাকিব) আঃ বিঃ ; অপরাধী। কোন কাজের জন্য দোষী। লিপ্ত।

مرتل (মরতল) হিঃ বিঃ ; অসুস্থ। অতিশয় দুর্বল।

مرتو (মরতূ) হিঃ নাঃ পুং ; মৃত্যু। মউত। সময়।

مرتیلیا (মরতেলিয়া) হিঃ বিঃ ; মুমূর্ষ। দুর্বল।

مرثیه (মারছিয়াঃ) আঃ নাঃ পুং ; বিলাপ। শোকগাঁথা। বিষাদ-সংগীত।

مرجان (মারজান) আঃ নাঃ ; ছোট মোতি। ক্ষুদ্র মুক্তা।

مرجانا (মরজানা) হিঃ মৃঃ পুং ; মরে যাওয়া। মৃত্যু মুখে পতিত হওয়া। ক্ষতিগ্রস্ত হওয়া।

مرجح (মুরাজজাহ) আঃ বিঃ ; প্রাবল্য। প্রাধান্য। উত্তম।

مرجح (মুরাজজিহ) আঃ বিঃ ; প্রাধান্যশীল।

مرجع (মারজা') আঃ নাঃ পুং ; প্রত্যাবর্তন স্থল। ঠিকানা। কেন্দ্রস্থল।

مرجهانا (মুরঝানা) হিঃ মৃঃ ; বিশুষ্ক হওয়া। ম্লান হওয়া। ক্ষয় পাওয়া।

مرجهن (মুরঝান) প্রাঃ বিঃ ; বিশুষ্ক।

مرچ (মিরচ) হিঃ নাঃ স্ত্রীং ; মরিচ।

مرچڑا (মুরচড়া) হিঃ বিঃ ; জেদী। গোঁড়া। ঘাউরা।

مرچنٹ (মার্চেন্ট–Merchant) ইং নাঃ পুং ; ব্যবসায়ী। সওদাগর।

مرحبا (মারহাবা) আঃ ; সাবাস। বাহবা।

مرحله (মারহালাঃ) আঃ নাঃ পুং ; মঞ্জিল। ভ্রমণপথের বিশ্রাম। সরাইখানা। পথের কষ্ট।

مرحمت (মারহামাত) আঃ নাঃ স্ত্রীং ; সহানুভূতি। অনুকম্পা। দয়া।

مرحوم (মরহূম) আঃ বিঃ ; কৃপাধন্য। মৃত। পরলোকগত। স্ত্রীলিঙ্গে, مرحومه -মরহূমাঃ।

مرخص (মুরখ্খাস) আঃ নাঃ ; অনুমোদিত।

مرد (মরদ) ফাঃ নাঃ পুং ; পুরুষ। মানুষ। লোক। স্বামী। বাহাদুর। বীর। (ব-ব, مردماں)

مردار (মুর্দার) ফাঃ বিঃ ; অপবিত্র। জঘণ্য। মৃত। অশ্লীল ও ঘৃণ্য স্ত্রীলোক।

مردانگی (মরদানাগী) ফাঃ নাঃ স্ত্রীং ; পৌরুষ। বীরত্ব।

مردارسنگ (মুরদারসঙ্গ) ফাঃ নাঃ পুং ; একপ্রকার ঔষধ যা দেখতে পাথরের

মত।

مردانه (মরদানাঃ) হিঃ বিঃ ; পুরুষোচিত। সাহসী।

مردم (মরদুম) ফাঃ নাঃ পুং ; মানুষ। জনসাধারণ।

مردم خوار (মরদুমখার) ফাঃ নাঃ পুং; মানুষ খেকো। নরখাদক। কাপালিক।

مردم‌شماری (মরদুম শুমারী) ফাঃ নাঃ স্ত্রীং ; আদমশুমারী।

مردمک (মরদুমাক) ফাঃ নাঃ স্ত্রীং ; চোখের মনি।

مردمی (মরদুমী) ফাঃ নাঃ স্ত্রীং ; বাহাদুরী। বীরত্ব। মানবতা। রেয়াত। সৃজন।

مردنگ (মিরদাংগ) হিঃ নাঃ স্ত্রীং ; ঝাড়বাতি। দফ্।

مردنگی (মিরদাংগী) হিঃ নাঃ পুং ; দফ্‌বাদক।

مردنی (মুরদানী) উঃ নাঃ স্ত্রীং ; মৃত্যুলক্ষণ। মুমূর্ষু।

مرده (মুর্দাঃ) ফাঃ বিঃ ; মৃত। দুর্বল। জরাগ্রস্ত।

مردود (মরদুদ) আঃ বিঃ ; বিতাড়িত। বহিষ্কৃত। – নাঃ পুং ; বিশ্বাস-ঘাতক। ধর্মত্যাগী।

مردها (মৃধা) ফাঃ নাঃ পুং ; গ্রাম। সরকার। মাতব্বর। গ্রামাধিপতি।

مرز (মুরয) ফাঃ নাঃ পুং ; জমি। ফসলী ক্ষেত।

مرزبان (– বান) ফাঃ নাঃ পুং ; জমিদার। হাকেম। সীমান্ত অফিসার।

مرزبوم (– বুম) ফাঃ নাঃ স্ত্রীং ; জন্মভূমি।

مرزا (মির্যা) ফাঃ নাঃ পুং ; শাহজাদা। মোগলপুত্রদের খেতাব বিশেষ।

مرزائیت (মির্যাইয়াত) উঃ ; বিঃ ; কাদিয়ানীবাদ। মনুষ্যকুল কলঙ্ক, নরাধম, পাপিষ্ঠ, বেঈমান, ইংরেজদের চর, কুখ্যাত, কুলাঙ্গার গোলাম আহমদ কাদিয়ানীর অনুসারী সংখ্যালঘু কাফের গোষ্ঠী।

مرزئی (মিরযঈ) হিঃ নাঃ স্ত্রীং ; অর্ধহাতাযুক্ত জামা বিশেষ। ফতুয়া।

مرسل (মুরসাল) আঃ নাঃ পুং ; দূত। প্রেরিত ব্যক্তি। পয়গম্বর।

مرسله (মুরসিলাঃ) আঃ নাঃ পুং ; চিঠি। পত্র।

مرسوب (মরসূব) আঃ বিঃ ; তলানী। গাঁদ। নিজানী। তেল আস্তরণ।

مرسوم (মরসূম) আঃ বিঃ ; নির্ধারিত। বিধানকৃত। অভ্যস্ত।

مرشد (মুরশিদ) আঃ নাঃ পুং ; উপদেশ দাতা। পথ-প্রদর্শক। আধ্যাত্মিক গুরু।

مرشدی (মুর্শিদী) আঃ নাঃ পুং ; পীরগিরি। হেদায়েত। আমার মুর্শিদ।

مرصد (মুরসদ) আঃ নাঃ স্ত্রীং ; আশা-ভরসা স্থল।

مرصع (মুরস্‌সা') আঃ বিঃ ; মূল্যবান পাথর বসানো। জড়ানো।

مرصوص (মারসূস) আঃ বিঃ ; সীসাঢালা প্রাচীরের ন্যায় মজবুত।

مرض (মরয) আঃ নাঃ পুং ; রোগ। পীড়া। ব্যাধি। مرض الموت (– উলমওত) মারাত্মক ব্যাধি যা শুধু মৃত্যুতে অবসান লাভ করে।

مرض‌متعدی (মরযে মুতাআ'দ্দী) আঃ নাঃ পুং ; সংক্রামক ব্যাধি।

مرض‌الموت (মরযুল মওত) আঃ নাঃ পুং ; মৃত্যুরোগ।

مرض حاد (মরযে হাদ) আঃ নাঃ পুং ; মারাত্মক রোগ।

مرضعه (মুরযি'আ) আঃ বিঃ ; দাইমা। দুধপানকারী।

مرضی (মরযী) আঃ নাঃ স্ত্রীং ; খুশি। ইচ্ছা। মর্জি। অনুমতি।

مرطوب (মরতূব) আঃ বিঃ ; আর্দ্র। ভিজা। স্যাতসেঁতে।

مرعوب (মরউব) আঃ বিঃ ; ভীত। প্রভাবিত।

مرغ (মুরগ) ফাঃ নাঃ পুং ; মোরগ। পাখী।

مرغابى (মুরগাবী) ফাঃ নাঃ স্ত্রীং ; ধেড়ে। জলকুক্কুট। মাছ রাঙ্গা। ভোঁদড়।

مرغزار (মরগযার) ফাঃ নাঃ পুং ; তৃণভূমি। মাঠ।

مرغن (মুরগন) বিঃ ; ঘৃতপক্ক খাদ্য। সুস্বাদু খাদ্য।

مرغوب (মরগুব) আঃ বিঃ ; বাঞ্ছিত। সুন্দর। আনন্দদায়ক। পছন্দনীয়।

مرغى (মুরগী) ফাঃ নাঃ স্ত্রীং ; মুরগী।

مرفوع (মরফু') আঃ বিঃ ; উচ্চ। উন্নত। সম্মানিত। যে হাদীসের পরম্পরা হযরত মুহাম্মদ (সঃ) পর্যন্ত পৌঁছে।

مرفه (মুরফফাঃ) তৃপ্ত। সচ্ছল। সুখী।

مرقد (মারকদ) আঃ নাঃ পুং ; শয়ন কক্ষ। আরাম কুঠি। কবর। গোর। মাজার।

مرقع (মুরাককা') আঃ নাঃ পুং ; মেরামত কৃত। তালি লাগানো।

مرقوم (মারকুম) আঃ বিঃ ; লিখিত। স্বাক্ষরিত। লিপিবদ্ধ। বর্ণিত।

مركب (মারকাব) আঃ নাঃ পুং ; বাহন। সওয়ারী।

مركب (মুরাক্কাব) আঃ বিঃ ; বিন্যস্ত। মিশ্রিত।

مركبات (মুরাককাবাত) আঃ নাঃ পুং ; মিশ্রিত ঔষধ।

مركز (মারকায) আঃ নাঃ পুং ; হেড অফিস। কেন্দ্র। কোন বস্তুকে দাঁড় করাবার স্থান।

مركزى (মারকাযী) আঃ বিঃ ; কেন্দ্রীয়।

مرگ (মরগ) ফাঃ নাঃ স্ত্রীং ; মৃত্যু। মওত।

مرگ (মিরগ) হিঃ নাঃ পুং ; হরিণ। মৃগ।

مرگ مفاجات (মরগে মুফাজাত) ফাঃ নাঃ স্ত্রীং ; আকস্মিক মৃত্যু।

مرگ طبعى (মরগে তবঈ) ফাঃ নাঃ স্ত্রীং; স্বাভাবিক মৃত্যু।

مرگ مده (মুরগ মধ্) হিঃ নাঃ স্ত্রীং ; মৃগনাভী।

مرگل (মিরগেল) হিঃ নাঃ স্ত্রীং ; মৃগেল মাছ।

مرگهٹ (মারঘাট) হিঃ নাঃ পুং ; শ্মশান। চিতা।

مرگى (মিরগী) হিঃ নাঃ স্ত্রীং ; মৃগী রোগ। যে রোগ অকস্মাৎ মানুষকে জমিনে আছড়ে ফেলে।

مرلى (মুরলী) সঃ নাঃ স্ত্রীং ; বাঁশী। মুরলী।

مرم (মরম) সঃ নাঃ পুং ; স্পর্শকাতর অঙ্গ। অন্তর। মন। মর্ম। ভেদ। রহস্য।

مرمت (মরমমত) আঃ নাঃ স্ত্রীং ; মেরামত। ঝালাই। তালি। সংশোধন। রিপু। জোড়া।

مرمٹنا (মরমিটনা) মৃঃ ; হত হওয়া। প্রাণ দেওয়া। ধ্বংসপ্রাপ্ত হওয়া। প্রণয়াসক্ত হওয়া।। অত্যন্ত শ্রম সহ্য করা।

مرمر (মরমর) ইউঃ নাঃ পুং ; সাদা বা নীল চমকদার পাথর। মরমর পাথর।

مرمرا (মুরমুরা) নাঃ পুং ; ভাজা। কড়কড়ে দানা বা বীচি।

مرنا (মরনা) হিঃ মৃঃ ; মৃত হওয়া। মরা।

مرنڈا (মুরান্ডা) হিঃ নাঃ পুং ; লাড্ডু। গজা। দেল বাহার। শিশুখাদ্য বিশেষ।

مرواريد (মরওয়ারীদ) ফাঃ নাঃ পুং ; মুক্তা। মোতি। অশ্রু।

مروانا (মারওয়ানা) হিঃ মৃঃ ; খুন করানো। অসৎকাজ করানো। যিনা করানো।

مروت (মুরুওয়াত) আঃ নাঃ স্ত্রীং ; বীরত্ব। রেয়াত। চরিত্র। মানবতা।

مروج (মুরঅজ) مروجه (মুরওজাঃ) আঃ বিঃ ; প্রচলিত। চলতি। সাধারণ। সচরাচর।

مروڑنا (মরোড়না) হিঃ মৃঃ ; পাক দেওয়া। প্যাঁচ লাগান, আকুঞ্চিত করা। মোচড়িয়ে দেওয়া। শক্ত করে ধরা।

مروڑ (মরওড়) হিঃ নাঃ পুং ; পাক। পেঁচ। আকুঞ্চিত করা।

مروى (মরবী) আঃ বিঃ ; বর্ণিত। কথিত।

مرهم (মরহম) আঃ নাঃ পুং ; মলম। উপশম।

مرهون (মারহুন) আঃ বিঃ ; রেহেনকৃত। বন্ধকী।

مره (মাররাঃ) আঃ বিঃ ;একবার।

مرهٹه (মারহাটাঃ) হিঃ নাঃ পুং ; মারাঠা। জাতি বিশেষ।

مرهٹی (মারহাটী) হিঃ বিঃ ; মারাঠী। মারাঠাদের ভাষা।

مرهن (মুরহান) হিঃ নাঃ স্ত্রীং ; তাম্র-গুড়া। গুল।

مرئی (মারঈ) আঃ বিঃ ; দৃশ্যায়ন। দৃশ্য।

مری (মারী) হিঃ নাঃ স্ত্রীং ; ব্যাপক রোগ। মহামারী। প্লেগ। বসন্ত ও এইড্স জাতীয় রোগের প্রাদুর্ভাব।

مری (মুররী) হিঃ নাঃ স্ত্রীং ; গ্রন্থি। গেরো ফাঁস।

مری (মুরী) হিঃ নাঃ স্ত্রীং ; নরম হাড্ডি। সীনা বোডি।

مریخ (মিররীখ) আঃ নাঃ পুং ; মঙ্গল গ্রহ।

مرید (মুরীদ) আঃ নাঃ পুং ; আশাবাদী। অনুগামী। আমিত্ব বিলোপকারী। শাগরেদ। শিষ্য। চেলা।

مریدی (মুরিদী) আঃ নাঃ স্ত্রীং ; শিষ্যত্ব।

مریض (মরীয) আঃ বিঃ ; ব্যাধীগ্রস্ত। রোগগ্রস্ত। রোগী।

مریل (মরয়ল) হিঃ নাঃ ; জীর্ণ। শীর্ণ। দুর্বল।

مریم (মরিয়ম) আঃ নাঃ স্ত্রীং ; আল্লাহর বান্দা ও নবী হযরত ঈসা (আঃ)-এর মাতা। কুমারী।

م – ڑ

مڑآنا (মুড় আনা) নাঃ মূঃ ; ফিরে আসা। প্রত্যাবর্তন করা।

مڑاسا (মুড়াসা) হিঃ নাঃ স্ত্রীং ; পাগড়ি। দস্তার।

مڑک (মাড়ক) হিঃ নাঃ স্ত্রীং ; টেরা। বাঁকা। বক্র। ন্যুব্জ। তোড়জোড়।

مڑکنا (মুড়কনা) হিঃ মূঃ ; ভাঙ্গা। চটকানা।

مڑنا (মুড়না) হিঃ মূঃ ; ফেরা। প্রত্যাবর্তন করা।

مڑهنا (মঢ়না) হিঃ মূঃ ; চড়ান। মোড়ান। বইতে জিলদ করা।

مڑهی (মঢ়হী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট মন্দির।

م – ز

مزا (মযা) ফাঃ নাঃ পুং ; স্বাদ।

مزاج (মিযাজ) আঃ নাঃ পুং ; প্রকৃতি। চরিত্র। খাসলত। গুণ। মেজায। অহংকার। দেমাগ। অন্তর। মন।

مزاج دار (–দার) আঃ ফাঃ বিঃ ; আত্মম্ভরী। অহংকারী। আত্মপূজারী।

مزاجا (মিযাজান) আঃ বিণ ; প্রকৃতিগত। চারিত্রিক দৃষ্টিকোণ।

مزاح (মুযাহ) আঃ নাঃ পুং ; পরিহাস। ব্যঙ্গ। কৌতুক। রসিকতা।

مزاحف (মুযাহাফ) আঃ নাঃ পুং ; স্বহস্তে গড়া বস্তু।

مزاحم (মুযাহিম) আঃ বিঃ ; বাধাদানকারী। প্রতিবন্ধকযুক্ত। অসুবিধাজনক।

مزاحمت (মুযাহামাত) আঃ নাঃ স্ত্রীং ; বাধা। প্রতিবন্ধকতা। অন্তরায়।

مزار (মাযার) আঃ নাঃ পুং ; জেয়ারতগাহ। মাজার।

مزارع (মুযারি) আঃ নাঃ পুং ; বর্গাচাষী। বর্গাইত।

مزامیر (মাযামীর) আঃ নাঃ পুং ; বাঁশী। রাগ। গীত। রাগ-তরঙ্গ। মেলোডী।

مزامیر داؤد (–এ-দাঊদ) আঃ নাঃ পুং ; হযরত দাঊদ (আঃ)-এর যবুর কিতাবের সংগীত বিষয়ক আয়াতসমূহ। সুখ-রাগ। মিষ্ট-তরঙ্গ।

مزاوجت (মুযাওজাত) আঃ নাঃ স্ত্রীং ; বিয়ে। শাদী। দাম্পত্য বন্ধন।

مزاولت (মুযাওয়ালাত) আঃ নাঃ স্ত্রীং ; চিরন্তন কর্ম। নিবিড় কর্মসূচী।

مزائل (মিযাইল–Missile) ইং নাঃ স্ত্রীং ;

ক্ষেপণাস্ত্র।

مزبله (মাযবালাঃ) আঃ নাঃ পুং ; ময়লা ফেলার স্থান। ময়লা পোঁতা। ডাস্টবিন।

مزبور (মাযবূর) আঃ নাঃ পুং ; উপরে বর্ণিত। প্রকাশিত। লিখিত।

مزجات (মুযজাত) আঃ বিঃ ; সামান্য। অল্প-স্বল্প।

مزخرفات (মুযাখরাফাত) আঃ নাঃ স্ত্রীং ; সত্যের সাঁচে ঢালা মিথ্যা। গোয়েবলসীয় থিউরী। বানোয়াট। উদ্ভট। ভিত্তিহীন গুঁজব।

مزد (মুযদ) ফাঃ নাঃ স্ত্রীং ; মজদুরি। মজুরি। পারিশ্রমিক।

مزدور (মযদূর) ফাঃ নাঃ পুং ; শ্রমিক। মজুর।

مزدلفه (মুযদালিফাঃ) আঃ নাঃ পুং ; মীনা ও আরাফাতের মধ্যবর্তী স্থান। উকুফে আরাফাতের পর ৯-১০ জ্বিলহজ্জের রাত্রীতে হাজী সাহেবান যেখানে রাত কাটান।

مزدوری (মযদূরী) ফাঃ নাঃ স্ত্রীং ; পারিশ্রমিক। মজুরি।

مزرع (মাযরা') আঃ নাঃ পুং ; ক্ষেত্র। শস্যক্ষেত।

مزروعه (মাযরু'আ) আঃ বিঃ ; কর্ষিত। বপনকৃত।

مزعفر (মুযা'ফার) আঃ নাঃ পুং ; জাফরানের রঙে রঙ্গিত মিঠা পোলাও।

مزعوم (মাযউম) আঃ বিঃ ; ধারণাপ্রসূত।

مزکی (মুযাক্কা) আঃ বিঃ ; পবিত্র। শোধিত। যাকাত দেয়া হয়েছে এমন মাল।

مزکی (মুযাক্কী) আঃ নাঃ পুং ; পবিত্রকারী। যাকাতদাতা।

مزلت (মুযাল্লাত) আঃ নাঃ স্ত্রীং ; পদস্খলন স্থল।

مزلف (মুযাল্লাফ) আঃ নাঃ স্ত্রীং ; জুলফীধারী। জটা-জুটধারী। প্রেমাষ্পদ।

مزمار (মিযমার) আঃ নাঃ স্ত্রীং ; বাঁশি।

مزمل (মুযযাম্মিল) আঃ বিঃ ; কাপড়ে মোড়া। কুরআনের একটি সূরার নাম।

مزمن (মুযাম্মিন) আঃ বিঃ ; পুরানো। সেকেলে।

مزمور (মাযমূর) আঃ নাঃ স্ত্রীং ; গুণাগুণ। মোনাজাত। সুর।

مزمه (মুযাম্মাঃ) আঃ নাঃ পুং ; নাকিল। লাগামের দড়ি।

مزور (মুযাওয়ার) আঃ নাঃ পুং ; মিথ্যা প্রতিপন্ন। মিশ্রিত। খাদযুক্ত।

مزور (মুযাওবির) আঃ নাঃ পুং ; বদমাশ। লুচ্চা। বাটপার। লোফার। প্রতারক। প্রবঞ্চক। শঠ।

مزوری (মজূরী) প্রাঃ নাঃ স্ত্রীং ; পারিশ্রমিক। বেতন। ভাতা। মজুরি।

مزه (মযাঃ) ফাঃ নাঃ পুং ; স্বাদ। মজা। তৃপ্তি। সুখানুভূতি। আস্বাদন। খুশি। আরাম। অভ্যাস।

مزے دار (মযেদার) নাঃ বিঃ ; মজাদার আস্বাদনী। স্বাদযুক্ত। তৃপ্তিশীল।

مزیب (মুযায়্যাব) ফাঃ বিঃ ; সাজান। কল্পিত।

مزید (মযীদ) আঃ নাঃ পুং ; অতিরিক্ত। বৃদ্ধি। প্রসারণ। বর্দ্ধন।

مزیر (মযয়র) আঃ বিঃ ; শক্ত। পাষাণ। উগ্র। কঠিন।

مزیل (মুযীল) আঃ নাঃ পুং ; বিনাশক। দূরীকারক। ধ্বংসাত্মক।

مزین (মুযায়্যান) আঃ বিঃ ; সজ্জিত। অলংকৃত।

م - ژ

مژده (মুঝদা) ফাঃ নাঃ পুং ; সুসংবাদ। মোবারকবাদ। সংবর্ধনা। অভ্যর্থনা।

مژگاں (মুঝগাঁ) ফাঃ নাঃ স্ত্রীং ; (مژه -এর ব-ব) চোখের পাতা। পলক।

مژه (মিঝা) ফাঃ নাঃ স্ত্রীং : চোখের পাতা।

م – س

مس (মিস্) ফাঃ নাঃ পুং ; তাম্র। তামা।
مس (মিস্) হিঃ নাঃ স্ত্রীং ; কালি। বাহানা।
مس (মিস্-Miss) ইং নাঃ স্ত্রীং ; কুমারী। অনূঢ়া। অবিবাহিতা।
مس (মস্) আঃ নাঃ পুং ; স্পর্শ। স্পর্শবোধ।
مسا (মাসা) আঃ নাঃ স্ত্রীং ; সন্ধ্যা। সায়াহ্ন।
مسا (মিসসা) হিঃ নাঃ পুং ; গম। যব। মটর ইত্যাদি কমদামের শস্য।
مسا (মসসা) হিঃ নাঃ পুং ; গোশতের কালো দানা। নিতম্বের গোশ্‌ত।
مسابقت (মুসাবাকাত) আঃ নাঃ পুং ; অগ্রগামী হওয়া। আগে বাড়া। শ্রেষ্ঠত্ব অর্জন।
مساج (মাসাজ) ইং নাঃ পুং ; মালিশ করা। ম্যাসেজ করা।
مساجد (মাসাজিদ) আঃ নাঃ স্ত্রীং ; (مسجد -এর ব-ব) মসজিদ। নামায কক্ষ।
مساخ (মাসাখ) আঃ নাঃ পুং ; পরিমাপকারী।
مساحت (মাসাহাত) আঃ নাঃ পুং ; জমি মাপ। পরিমিত। ক্ষেত্রতত্ত্ব।
مساس (মাসাস) আঃ নাঃ পুং ; স্পর্শকরণ। হাত বুলান। স্ত্রীলোকের অঙ্গ বিশেষ মর্দন করা। সহবাস করা।
مساعد (মুসাইদ) আঃ নাঃ পুং ; সাহায্যকারী। সঙ্গী।
مساعدت (মুসা'আদাত) আঃ নাঃ স্ত্রীং ; আমানত। সাহায্য। মদদ। বন্ধুত্ব। মিত্রতা।
مساعی (মাসাঈ) আঃ নাঃ স্ত্রীং ; চেষ্টাসমূহ। (مسعات -এর ব-ব)
مساعی جمیله (-জামীলাঃ) আঃ নাঃ স্ত্রীং ; শুভ চেষ্টাসমূহ।
مسافت (মুসাফাত) আঃ নাঃ স্ত্রীং ; দূরত্ব। মধ্যবর্তী কাল। ভ্রমণের ক্লান্তি।
مسافر (মুসাফির) আঃ নাঃ পুং ; পথিক। পর্যটক। অপরিচিত ব্যক্তি। যাত্রী। পরদেশী।
مسافرت (মুসাফারাত) আঃ নাঃ স্ত্রীং ; সফর। পর্যটন। পরদেশ। প্রবাস।
مسافری (মুসাফিরী) উঃ নাঃ স্ত্রীং ; পর্যটন। সফর।
مساکن (মাসাকিন) আঃ নাঃ পুং ; (مسکن -এর ব-ব) বাসভবন। বসত ভিটা। ঘর বসতি। ঘর।
مساکین (মাসাকীন) আঃ নাঃ পুং ; (مسکین -এর ব-ব) দরিদ্র ব্যক্তি। অসহায়। গরীব।
مسالا (মাসালা) উঃ নাঃ পুং ; মশল্লা। উপখাদ্য।
مسالک (মাসালিক) আঃ নাঃ পুং ; (مسلک -এর ব-ব) পথসমূহ। রায়সমূহ। মতগুলি।
مسالمه (মাসালামাঃ) ফাঃ নাঃ পুং ; সালাম পৌঁছানোর মজলিশ। শহীদে কারবালাদের সম্মানে ভারতীয়দের সালাম দেয়ার কু-প্রথা।
مسام (মাসাম) আঃ নাঃ পুং ; শরীরের যে সব ফুটো থেকে ঘাম বের হয়। লোম কূপ। (ব-ব, مسامات)
مسامت (মসামাত) আঃ নাঃ পুং ; লোমকূপ। (مسام মসাম এর ব-ব)।
مسامحت (মুসামাহাত) আঃ নাঃ স্ত্রীং ; চক্ষুলজ্জা করা। কারো দোষ প্রকাশ না করা। ক্ষমাকরণ। ক্ষমা।
مسامرت (মুসামারাত) আঃ নাঃ পুং ; কেচ্ছা বলা। গল্প শোনানো।
مسان (মাসান) হিঃ নাঃ পুং ; শ্মশান ঘাট। শিশুরোগ। মাতৃকা। মন্ত্র। ভূত।
مسانی (মাসানী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট বসন্ত। জল বসন্ত।
مساوات (মুসাওয়াত) আঃ নাঃ স্ত্রীং ; সাম্য। সাম্যতা।
مساوی (মুসাবী) আঃ বিঃ ; সমান।

সমান্তরাল। উপযুক্ত। বরাবর।

مساهلت (মুসাহালাত) আঃ নাঃ স্ত্রীং ; অলসতা করা। আলসেমি প্রদর্শন।

مساهمت (মুসাহামাত) আঃ নাঃ স্ত্রীং ; সঙ্গ। লটারী করা।

مسائل (মাসাইল) আঃ নাঃ পুং ; (مسئله -এর ব-ব) প্রশ্ন। সমস্যা সমাধান :

مسبب (মুসাব্বিব) আঃ নাঃ পুং ; আদি কারণ। কর্তা।

مسبب الاسباب (মুসাব্বাবুল আসবাব) আঃ নাঃ পুং ; আল্লাহ তা'আলা। মহাকর্তা।

مسبوق (মসবুক) আঃ বিঃ ; প্রাক্তন। সাবেক। সম্পৃক্ত। সংযুক্ত। ফিক্হী পরিভাষায়- ঐ মুসুল্লী যিনি ইমামের সাথে শুরু থেকে নামায পাননি।

مست (মাস্ত) ফাঃ বিঃ ; উন্মুক্ত। যৌবনোন্মুক্ত। আত্মহারা। জ্ঞানহারা। আনন্দিত। অহংকারী।

مست الست (মসতে-আলাসতু) চির বিভোর। স্বভাবতঃই বিভোর।

مست مولا (মস্ত মোলা) নাঃ পুং ; বেপরোয়া। মুক্ত চিন্তার লোক।

مستاجر (মুস্তাজির) আঃ নাঃ পুং ; প্রজা। কৃষক। পত্তনিদার। ইজারাদার।

مستاجری (মুস্তাজারী) ফাঃ নাঃ স্ত্রীং ; ঠিকাদারী। ইজারাদারী।

مستاصل (মুস্তাসাল) আঃ বিঃ ; মূলোৎপাটিত। সমূলে ধ্বংস।

مستامن (মুস্তামিন) আঃ নাঃ পুং ; আশ্রয়কামী। নিরাপত্তাকামী।

مستان (মাস্তান) উঃ নাঃ পুং ; পাগল। উগ্র। মাস্তান। সন্ত্রাসী।

مستانس (মুস্তানিস) আঃ বিঃ ; আরাম প্রাপ্ত। শান্তিপ্রাপ্ত। উদার। প্রেমিক।

مستانه (মস্তানাঃ) আঃ বিঃ ; উন্মাদ সদৃশ কার্যকলাপ।

مستانفه (মুস্তানিফাঃ) আঃ বিঃ ; জুদা। আলাদা। পৃথক। নাহব পরিভাষায়- ঐ বাক্যকে বলে, যার সাথে পূর্বের বাক্যের معناً যোগসূত্র থাকলেও لفظا কোন যোগসূত্র নেই।

مستاهل (মুস্তাহাল) আঃ নাঃ পুং ; অযোগ্য। শাস্তিযোগ্য।

مستبد (মুস্তাবিদ) আঃ নাঃ বিঃ ; স্বয়ংসম্পূর্ণ। স্বাধীন-সার্বভৌম। একনায়কতন্ত্রী।

مستبدانه (মুস্তাবদানা) আঃ বিঃ ; সার্বভৌমত্ব। একনায়কতন্ত্র।

مستبدل (মুস্তাবদাল) আঃ বিঃ; পরিবর্তিত। আবর্তিত।

مستبدل (মুস্তাবদিল) আঃ বিঃ ; আন্দোলন কর্মী। বিবর্তনকারী। বিপ্লবী। বিবর্তনকামী।

مستبشر (মুস্তাবশির) আঃ বিঃ ; সুসংবাদকামী।

مستبصر (মুস্তাবসির) আঃ বিঃ ; দৃষ্টিকামী।

مستبعد (মুস্তাবআদ) আঃ বিঃ ; দূর। জটিল। সাধ্যাতীত। ধারণাতীত।

مستتر (মুস্তাভার) আঃ বিঃ ; লুক্কায়িত। গোপনীয়। ঢাকা।

مستثنی (মুস্তাছনা) আঃ বিঃ ; বিয়োজ্য। প্রকৃষ্ট। অসাধারণ। পৃথকী। কিন্তু। ছাড়। নাহব পরিভাষায় ঐ اسم কে বলে, যা حرف استثناء -এর পরে আসে।

مستجاب (মুস্তাজাব) আঃ বিঃ ; গৃহীত। অনুমোদনযোগ্য।

مستجاب الدعوات (মুস্তাজাবুদ দাওয়াত) আঃ নাঃ স্ত্রীং ; যাঁর দু'আ কবুল হয়ে থাকে। আল্লাহর দরবারে যাঁর দু'আ গৃহীত বলে স্বীকৃত।

مستحب (মুস্তাহাব) আঃ বিঃ ; মনোনীত। অনুমোদিত। সে সব ধর্মকার্য, যা করলে সওয়াব হয়, না করলে গোনাহ ও হয় না।

مستحسن (মুস্তাহসান) আঃ বিঃ ;

পুণ্যবান। প্রশংসার্হ।

مستحضر (মুস্তাহযার) আঃ বিঃ ; স্মৃতিময়। সংগৃহীত। উপস্থিত। সংরক্ষিত।

مستحق (মুস্তাহিক) আঃ বিঃ ; যোগ্য। উপযুক্ত। দাবীদার। গরীব। নিঃস্ব।

مستحكم (মুস্তাহকাম) আঃ বিঃ ; দৃঢ়। প্রতিষ্ঠিত।

مستحيل (মুস্তাহীল) আঃ বিঃ; পরিবর্তিত। অসম্ভব। দুঃসাধ্য।

مستخلص (মুস্তাখলাস) আঃ বিঃ ; মুক্তিপ্রাপ্ত।

مستدعى (মুস্তাদঈ) আঃ বিঃ; আবেদনকারী।

مستدير (মুস্তাদীর) আঃ বিঃ ; গোলাকার। বৃত্ত।

مسترد (মুসতারাদ) আঃ বিঃ ; ফিরিয়ে দেয়া। রদ-কৃত। বাতিল। রহিত। নাকচ।

مسترى (মিসতিরী) উঃ নাঃ পুং ; মিস্ত্রী। ছুতোর।

مستزاد (মুস্তাযাদ) আঃ বিঃ ; বর্ধিত। মুক্ত। আরও।

مستطيل (মুস্তাতীল) আঃ নাঃ পুং ; যে চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান্তরাল। সমান্তরাল ক্ষেত্র।

مستعار (মুস্তাআর) আঃ বিঃ ; ত্বরান্বিত। চঞ্চল। দূরন্ত।

مستعجل (মুসতা'জিল) আঃ বিঃ ; ত্বরান্বিত। চঞ্চল। দূরন্ত।

مستعد (মুস্তাইদ) আঃ বিঃ ; প্রস্তুত। কার্যক্ষম। প্রয়োজনারূপ।

مستعفى (মুস্তাফী) আঃ বিঃ ; পদত্যাগকারী।

مستعمل (মুস্তামাল) আঃ বিঃ ; ব্যবহৃত। নিয়োজিত। প্রতিষ্ঠিত। অভ্যস্ত। অন্যের ব্যবহৃত।

مستغرق (মুস্তাগরাক) আঃ বিঃ ; নিমজ্জিত। নিমগ্ন। নিযুক্ত। অভিভূত।

مستغيث (মুস্তাগীস) আঃ নাঃ পুং ; অভিযোগকারী। বিচারপ্রার্থী।

مستفيد (মুস্তাফীদ) আঃ বিঃ ; উপকার প্রার্থী। লাভবান।

مستفيض (মুস্তাফীয) আঃ বিঃ ; উপকৃত। অনুগৃহীত। বিস্তৃত।

مستقبل (মুস্তাকবিল) আঃ নাঃ পুং ; ভবিষ্যৎ। (ব্যাকরণে) ভবিষ্যৎকাল।

مستقل (মুস্তাকিল) আঃ বিঃ ; দৃঢ়। স্থির। অটল। চিরস্থায়ী। স্বাধীন। স্বতন্ত্র।

مستفتى (মুস্তাফতী) আঃ বিঃ ; ফতোয়া তলবকারী।

مستقر (মুস্তাকার) আঃ নাঃ পুং ; স্থায়িত্ব। স্থিতিশীলতা।

مستقيم (মুস্তাকীম) আঃ বিঃ ; সত্য। সোজা। বিশ্বস্ত।

مستك (মুস্তাক) সঃ নাঃ স্ত্রীং ; হাতির মাথা। মাথা। কপাল।

مستلذ (মুস্তালায) আঃ বিঃ ; তৃপ্তিশীল।

مستمد (মুস্তামিদ) আঃ বিঃ ; সাহায্যপ্রার্থী।

مستند (মুস্তানাদ) আঃ বিঃ ; প্রমাণসহ। বিশুদ্ধ। প্রমাণপুষ্ট।

مستمر (মুস্তামির) আঃ বিঃ ; চিরন্তন। সার্বজনীন।

مستنبط (মুস্তামবাত) আঃ বিঃ ; চয়নিত। উৎকলিত। যাচাই-বাছাইকৃত। ইজতিহাদ প্রসূত।

مستوجب (মুস্তাওজব) আঃ বিঃ ; উপযুক্ত। যোগ্য।

مستودع (মুস্তাওদা') আঃ বিঃ ; গচ্ছিত। আমানতকৃত।

مستور (মাস্তূর) আঃ বিঃ ; গোপনীয়। লুক্কায়িত। ঢাকা।

مستورات (মাস্তুরাত) আঃ নাঃ স্ত্রীং ; পর্দানশীন মহিলা।

مستوفى (মুস্তাওফী) আঃ বিঃ ; সম্পূর্ণ দেয় বা প্রাপ্ত। হিসাব নিরীক্ষক। কেরানী।

مستول (মাস্তুল) হিঃ নাঃ পুং ; নৌকা বা জাহাজের মাস্তুল।
مستوی (মুস্তাবী) আঃ বিঃ ; সমান সমান।
مستی (মস্তী) ফাঃ নাঃ স্ত্রীং ; নেশা। সংজ্ঞাহীন। আনন্দ বিহ্বলতা। উত্তেজনা। কামভাব। যৌন আবেগ।
مستنڈا (মুস্তানডা) হিঃ বিঃ ; স্থুলকায়। মাংসল।
مستنڈی (মুস্তানডী) হিঃ বিঃ ; হোৎকা নারী। মেদবহুল মহিলা। মোটা রমণী।
مسجد (মসজিদ) আঃ নাঃ স্ত্রীং ; সেজদাগাহ। মুসলমানদের ইবাদতগাহ। মসজিদ।
مسجع (মুসাজ্জা') ফাঃ বিঃ ; ছন্দময় গদ্য বা বক্তৃতা।
مسجل (মুসাজ্জাল) আঃ নাঃ পুং ; বিচারালয়ের পরীক্ষিত ও মীমাংসিত কাগজ। (রেজিস্টার্ড-Ragistered)
مسجود (মাসজূদ) আঃ বিঃ ; সেজদাকৃত। পূজ্য।
مسحور (মাসহূর) আঃ বিঃ ; মন্ত্রমুগ্ধ।
مسحوق (মাসহূক) আঃ বিঃ ; পেষণকৃত। গুড়ো।
مسحوق الحلیب (মাসহূকুল হালীব) আঃ বিঃ ; গুড়ো দুধ। মিল্ক পাউডার।
مسح (মসহ) আঃ নাঃ পুং ; মর্দন। শুকনো হাত বুলিয়ে যাওয়া।
مسخ (মসখ) আঃ বিঃ ; বিকৃত।
مسخر (মুসাখ্খার) আঃ বিঃ ; মন্ত্রমুগ্ধ।
مسخره (মসখারাঃ) ফাঃ নাঃ পুং ; কৌতুকী। ভাঁড়। হাস্যস্পদ।
مسخره پن (মসখরাপন) হিঃ নাঃ পুং ; ভাঁড়ামি, উপহাস। কৌতুক।
مسرت (মুসাররাত) আঃ নাঃ স্ত্রীং ; খুশী। আনন্দ। আহ্লাদ।
مسرف (মুসরিফ) আঃ বিঃ ; অপব্যয়ী। অমিতব্যয়ী।
مسرور (মাসরূর) আঃ বিঃ ; খুশী। আনন্দ। হর্ষ। ফুর্তি।
مسروق (মাসরূক) আঃ বিঃ ; খোয়া যাওয়া। চুরি হওয়া।
مسروقة (মসরূকাঃ) আঃ বিঃ ; অপহৃত।
مال مسروقه (মালে-) অপহৃত ধন।
مسدس (মুসাদ্দাস) আঃ বিঃ ; ছয় পংতির কবিতা। হালির বিখ্যাত কাব্য গ্রন্থ।
مسدود (মসদূদ) আঃ বিঃ ; রুদ্ধ। আটক।
مسز (মিসেস-Mrs) ইং নাঃ স্ত্রীং ; বেগম। স্বামীর নামের সাথে মিলিয়ে বলা হয়- যেমন, মিসেস আনোয়ার।
مسطح (মুসাত্তাহ) আঃ বিঃ ; বিক্ষিপ্ত।
مسطر (মিসতর) আঃ নাঃ পুং ; স্কেল। রুলার।
مسطور (মাসতূর) আঃ বিঃ ; লিখিত রেখায়িত।
مسعات (মাসআত) আঃ বিঃ নাঃ স্ত্রীং ; চেষ্টা। মেহনত। পরিশ্রম।
مسعود (মাসউদ) আঃ বিঃ ; নেক। ভাগ্যবান। সুখী। পুণ্যবান।
مسقط (মাসকত) আঃ নাঃ পুং ; অবতরন স্থল। বন্দর। পারস্য উপসাগরীয় একটি বন্দর।
مسقف (মুসাক্কাফ) আঃ নাঃ পুং ; ছাদযুক্ত।
مسک (মিস্‌ক) আঃ নাঃ পুং ; মেশক। কস্তুরী।
مسک (মাস্‌ক) হিঃ নাঃ স্ত্রীং ; কাপড়ের সামান্য ফাটল।
مسکانا (মাসকানা) হিঃ মৃঃ ; ছিন্ন করা। নৃত্য ভঙ্গীতে শরীরকে বাঁকান।
مسکرات (মুসকিরাত) আঃ নাঃ স্ত্রীং ; (مسکر -এর ব-ব) মাদকদ্রব্য।
مسکرانا (মুসকুরানা) হিঃ ; নিঃশব্দে হাসা।
مسکراهٹ (মুসকারাহাট) হিঃ নাঃ স্ত্রীং ; মৃদু হাসি। মুচকি হাসি।
مسکن (মাসকান) আঃ নাঃ পুং ; বাসস্থান। বাস। আবাস।
مسکن (মুসাক্কান) আঃ বিঃ ; আরামদায়ক।

বিলাসবহুল।

مسکنت (মিস্‌কিনাত) আঃ নাঃ স্ত্রীং ; অসহায়তা। দারিদ্র।

مسکوٹ (মিস্‌কওট) নাঃ স্ত্রীং ; গোপন সম্মিলন। ষড়যন্ত্র। পরামর্শ।

مسکورا (মাসকোরা) হিঃ নাঃ পুং ; মশারী।

مسکوک (মাসকূক) আঃ বিঃ ; সীলমোরহযুক্ত। সরকারী মুদ্রা।

مسکون (মাসকূন) আঃ বিঃ ; বাসস্থান। বাড়ী। নীড়।

مسکہ (মাসকাঃ) ফাঃ নাঃ পুং ; মাখন। কাঁচা ঘি।

مسکہ باز (–বায) উঃ নাঃ পুং ; চাটুকার। তোষামোদকারী।

مسکین (মিসকীন) আঃ বিঃ ; গরীব। ফকির। নিঃস্ব। রিক্ত। কাঙ্গাল।

مسکینی (মিসকিনী) ফাঃ নাঃ স্ত্রীং ; দরিদ্রতা। ভীরুতা।

مسل (মিসল) হিঃ নাঃ স্ত্রীং ; কার্যপ্রণালী বা মোকদ্দমার কাজ।

مسلح (মুসাল্লাহ) আঃ বিঃ ; বর্ম পরিহিত। অস্ত্র-শস্ত্রে সজ্জিত।

مسلسل (মুসালসাল) আঃ বিঃ ; শৃঙ্খলাবদ্ধ। ধারাবাহিক। পরম্পরাযুক্ত।

مسلط (মুসাল্লাত) আঃ নাঃ পুং ; বিজয়ী। শাসনকর্তা। বিজেতা।

مسلک (মাসলাক) আঃ নাঃ পুং ; পথ। ধর্ম। মত।

مسلم (মুসাল্লাম) আঃ বিঃ ; স্বীকৃত। যথার্থ। কর্তব্য।

مسلم (মুসলিম) আঃ নাঃ পুং ; মুসলমান। একত্ববাদী। ইসলাম ধর্মমতাবলম্বী।

مسلمان (মুসলমান) আঃ নাঃ পুং ; মুসলমান। ইসলাম ধর্মানুসারী।

مسلمانی (মুসলমানী) ফাঃ নাঃ স্ত্রীং ; ইসলাম ধর্ম। খৎনা।

مسلنا (মাসালনা) হিঃ মূঃ ; চূর্ণ করা। পেষণ করা।

مسلوب (মাসলূব) আঃ বিঃ ; বঞ্চিত। ধৃত। বলপূর্বক দখলীকৃত।

مسلوک (মাসলূক) আঃ বিঃ ; গতানুগতিক। প্রচলিত নিয়মানুযায়ী।

مسلول (মাসলূল) আঃ বিঃ ; বহিষ্কৃত। আকর্ষিত। নিষ্কাশিত।

مسماة (মুসাম্মাৎ) আঃ নাঃ স্ত্রীং ; নামীয়। স্ত্রীলোকের নামের পূর্বে ব্যবহার হয়।

مسمی (মুসাম্‌মা) আঃ বিঃ ; নামীয়। নামযুক্ত। পদবীযুক্ত। কখনো কখনো পুরুষের নামের পূর্বে এই শব্দ ব্যবহৃত হয়।

مسلی (মিসলী) উঃ বিঃ ; সাজাপ্রাপ্ত।

مسمار (মিসমার) আঃ নাঃ স্ত্রীং ; পেরেক। তারকাটা। ফাঃ ; ধ্বংস। চূর্ণ-বিচূর্ণ।

مسماع (মিসমা') আঃ নাঃ পুং ; কান। শোনার যন্ত্র। মাইক্রোফোন।

مسمریزم (মেসমেরিজম–Mesmerism) ইং নাঃ পুং ; অস্ট্রিয়ার মিঃ মেসমের (১৭৩৪-৭৮ খ্রীঃ) কর্তৃক আবিষ্কৃত পান্ডিত্য বিশেষ, যদ্বারা অপরের হৃদয়ে প্রভাব সৃষ্টি করা যায়। এবং প্রভাবিত ব্যক্তিকে যে কোন কথা জিজ্ঞাসা করলে সে জবাব দিতে পারে। ভেল্কিবাজি।

مسمط (মুসাম্মাত) আঃ বিঃ ; মোতির সূত্র। তিন থেকে দশ পংক্তির কবিতা।

مسموع (মাসমূ') আঃ বিঃ ; শ্রুতি। স্বীকৃত।

مسموم (মাসমূম) আঃ বিঃ ; বিষাক্ত। বিষমিশ্রিত। বিষপায়ী।

مسن (মুসিন) আঃ বিঃ ; বৃদ্ধ। বয়স্ক। বুড়ো। অভিজ্ঞ।

مسنا (মুসনা) হিঃ মূঃ ; কাটা। লুট হওয়া।

مسند (মাসনাদ) আঃ নাঃ স্ত্রীং ; ঠেস দিয়ে বসার স্থান। গদি, সোফা। সিংহাসন।

مسنون (মাসনূন) আঃ বিঃ ; সুন্নত। যে কাজ স্বয়ং রাসূলুল্লাহ (সাঃ) করেছেন।

مسواک (মেসওয়াক) আঃ নাঃ স্ত্রীং ;

দাঁতন। মেসওয়াক।

مسوده (মুসাওয়াদাঃ) আঃ নাঃ পুং ; পাণ্ডুলিপি। মুসাবিদা।

مسور (মসূর) হিঃ নাঃ পুং ; মসুর। কলাই।

مسوڑا (মসূড়া) হিঃ নাঃ পুং ; দাঁতের মাড়ী।

مسوسا (মাসূসা) হিঃ নাঃ পুং ; অনুতাপ। লোকসান। আফসোস। বোঝা। জোড়।

مسوسنا (মসূসনা) হিঃ মূঃ ; মোচড়ান। আটকান। দুঃখ করা। কষ্ট সহ্য করা।

مسهری (মসহারী) হিঃ নাঃ স্ত্রীং ; মশারী।

مسهل (মুসহিল) আঃ বিঃ ; বিরেচক ঔষধ। জোলাফ।

مسئله (মাসয়ালা) আঃ নাঃ পুং ; জিজ্ঞাসা। প্রশ্ন। ধর্মীয় নীতি সংক্রান্ত বিষয়।

مسى (মিসী) ফাঃ বিঃ ; তাম্রনির্মিত।

مسى (মিসসী) হিঃ বিঃ স্ত্রীং ; দাঁতের মাজন।

مسيح (মাসীহ) আঃ নাঃ পুং ; হযরত ঈসা (আঃ)-এর উপাধি।

مسيحائى (মাসীহাঈ) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; উজ্জীবনী। অলৌকিক শক্তি।

مسيحى (মাসীহি) আঃ বিঃ ; খ্রীস্টান।

مسيں (মসেঁ) হিঃ নাঃ স্ত্রীং ; গোঁফ গজানোর সূচনা। সবুজ রেখার উদয়। مسيں بهيگنا (– ভীগ্না) সবুজাভা দেখা দেওয়া। গোঁফ গজাতে শুরু করা।

مسير (মাসীর) আঃ নাঃ পুং ; যাওয়া। চলা। ভ্রমণ করা। সফর করা।

مسينا (মাসীনা) হিঃ নাঃ পুং ; মাস কলাই।

م – ش

مشابه (মুশাবিঃ) আঃ বিঃ ; মত। সদৃশ। উপমা।

مشابهت (মুশাবাহাত) আঃ নাঃ স্ত্রীং ; সাদৃশ্য। আকৃতি। গঠন।

مشار اليه (মুশারুন ইলায়হ) আঃ বিঃ ; চিহ্নিত। ইঙ্গিত দ্বারা যাকে চিহ্নিত করা হয়।

مشاتمت (মুশাতামাত) আঃ নাঃ স্ত্রীং ; গালি-গালাজ। গালাগালি।

مشاجره (মুশাজারা) আঃ নাঃ পুং ; বিরোধিতা। মন কষাকষি। টানাপোড়েন।

مشار (মুশার) আঃ বিঃ ; নির্দেশিত। ইশারাকৃত। অঙ্গুলি নির্দেশ।

مشارب (মাশারিব) আঃ নাঃ পুং ; (مشرب -এর ব-ব) পানি পানের স্থান। পানি বিতরণ কেন্দ্র। মত। অধীন। ধর্ম। নেতৃত্ব।

مشاركت (মুশারাকাত) আঃ নাঃ স্ত্রীং ; মেলামেশা। সমাজ। হিস্যাদারী। শরীকানা কাজ। পার্টনারশীপ।

مشاعره (মুশা'আরাঃ) আঃ নাঃ পুং ; কবি-গান। কাব্য-চর্চার আসর।

مشاغل (মাশাগিল) আঃ নাঃ পুং ; (مشغله -এর ব-ব) বৃত্তি। কর্ম। কর্মলিপ্ততা।

مشاطه (মুশশাতাঃ) আঃ নাঃ স্ত্রীং ; পরিচারিকা। কনেকে যে সাজ-সজ্জা করায়।

مشافهه (মুশাফাহা) আঃ নাঃ পুং ; মুখোমুখি। সামনা সামনি।

مشاق (মাশশাক) আঃ বিঃ ; নিপুণ। অভিজ্ঞ। সুশিক্ষিত। দক্ষ। পরিপক্ক।

مشاقى (মাশশাকী) আঃ নাঃ স্ত্রীং ; অভ্যাস। পুনঃ পুনঃ চেষ্টা।

مشاكلت (মুশাকালাত) আঃ নাঃ স্ত্রীং ; সমআকৃতির।

مشام (মুশাম) আঃ নাঃ পুং ; নাকের উৎস। মস্তিষ্ক। মস্তক।

مشاورت (মুশাওয়ারত) আঃ নাঃ স্ত্রীং ; পরামর্শ। পরামর্শ সভা। পঞ্চায়েৎ।

مشاهده (মুশাহাদাঃ) আঃ নাঃ পুং ; দৃষ্টি।

পর্যবেক্ষণ। উপস্থিত।

مشاهره (মুশাহারাঃ) আঃ নাঃ পুং ; মাসিক বেতন। পারিশ্রমিক। ভাতা। মাসোহারা।

مشاهير (মাশাহীর) আঃ নাঃ পুং ; (مشهور -এর ব-ব) নামকরা লোক। নামজাদা।

مشائخ (মাশাইখ্) আঃ নাঃ পুং ; (شيخ -এর ব-ব) মহান বুযুর্গ। অভিজ্ঞ। ওলামা। সুফীলোক।

مشائين (মাশ্শাঈন) আঃ নাঃ পুং ; আঃ নাঃ পুং ; (مشائى -এর ব-ব) পথিক। পর্যটক। দার্শনিকদের একাংশ, যারা حقائق الاشياء -বস্তুর বাস্তবতা-কে দলিল দ্বারা প্রমাণ করেন।

مشايع (মাশায়ি') আঃ নাঃ পুং ; অনুসারী, অনুকরণকারী।

مشايعت (মুশাইয়াত) আঃ নাঃ স্ত্রীং ; বিদায় জানাতে কিছুদূর অতিথির সাথে চলা। অনুকরণ। বিদায়ী সংবর্ধনা।

مشبك (মুশাব্বাক) আঃ বিঃ ; জালিদার। খালই। চালনী।

مشبه (মুশাব্বাঃ) আঃ বিঃ ; সাদৃশিক। তুলনীয়।

مشت (মুশত) ফাঃ নাঃ পুং ; মুষ্ঠ। মুঠি। ঘুষি।

مشت زن (– যন) ফাঃ বিঃ ; মুষ্টিযুদ্ধ।

مشتاق (মুশতাক) আঃ বিঃ ; ইচ্ছুক। আশাপূর্ণ। প্রিয়। উৎসাহপূর্ণ।

مشتاقانه (মুশতাকানাঃ) ফাঃ বিঃ ; আশাপূর্ণ ভাবে। আশাবাদী চিত্তে।

مشتبه (মুশতাবাঃ) আঃ বিঃ ; সন্দেহপূর্ণ। জটিল। দ্ব্যর্থবোধক।

مشترك (মুশতারাক) আঃ বিঃ ; সাধারণ। মিলিত।

مشتت (মুশাততাত) আঃ বিঃ ; প্রোপাগান্ডা। পেরেশানি। সন্দেহযুক্ত।

مشترى (মুশতারী) আঃ নাঃ পুং ; ক্রেতা। নাঃ স্ত্রীং ; বৃহস্পতি গ্রহ।

مشتعل (মুশতা'আল) আঃ বিঃ ; লকলকে অগ্নিশিখা। রাগান্বিত।

مشتمل (মুশতামাল) আঃ বিঃ ; প্রচারিত। বিঘোষিত। বিজ্ঞাপনী। ইশতেহার কৃত।

مشتهر (মুশতাহির) আঃ বিঃ ; প্রচারক। বিজ্ঞাপনদাতা। ঘোষক।

مشتهى (মুশতাহি) আঃ বিঃ ; বাসনাপূর্ণ। আশান্বিত।

مشث (মাশট) হিঃ নাঃ স্ত্রীং ; চুপ। খামোশী।

مشث (মিশ্ট) সঃ নাঃ : মিষ্টি। মিঠাই।

مشثان (মিষ্টান) সং নাং স্ত্রীং ; মিষ্টান্ন।

مشخون (মাশখূন) আঃ বিঃ ;

مشخص (মুশাখখাস) আঃ বিঃ ; অনুমোদিত। অনুমোদন প্রাপ্ত।

مشدد (মুশাদ্দাদ) আঃ বিঃ ; তাশদিদ ওয়ালা অক্ষর।

مشر (মিশার) আঃ বিঃ ; মিলিত হওয়া। অভিজাত। ভদ্র। হেকিম। ডাক্তার, বৈদ্য। ব্রাহ্মণদের উপাদান। মালি।

مشرب (মাশরব) আঃ নাঃ পুং ; পানি পান করার স্থান। ধর্ম। সম্প্রদায়।

مشرح (মুশাররহ) আঃ বিঃ ; বিশ্লেষিত। খোলাখুলি। পুরোপুরি। বর্ণিত।

مشرف (মুশাররফ) আঃ বিঃ ; সম্মানিত। মর্যাদাবান। মহান। মহানুভব।

مشرق (মাশরিক) আঃ নাঃ পুং ; পূর্বদিক। প্রাচ্যদেশ।

مشرك (মুশরিক) আঃ নাঃ পুং ; পৌত্তলিক। অনেক খোদায় বিশ্বাসী। অবিশ্বাসী।

مشروط (মশরূত) আঃ বিঃ ; চুক্তিকৃত। মীমাংসিত।

مشروع (মশরূ') আঃ বি; শরীয়ত সম্মত। শরীয়ত অনুমোদিত।

مشعر (মুশ'য়ির) আঃ বিঃ ; সংবাদদাতা। প্রকাশক।

مشعر (মাশ্'আর) আঃ নাঃ পুং ; কুরবানি করার স্থান।

مشعر الحرام (মাশ'আরুল হারাম) আঃ নাঃ স্ত্রীং ; মক্কা মোয়াজ্জমার ঐ স্থান যেখানে হজ্ব মৌসুমে কোরবানি করার জন্য মাথা মুন্ডন করা হয় এবং ইবাদত করা হয়।

مشعل (মাশ'আল) আঃ নাঃ পুং ; মশাল। মোমবাতি। লণ্ঠন।

مشعل بردار (মাশ'আল বরদার) আঃ ফাঃ বিঃ ; মশালবাহী। বাতিবাহী। লণ্ঠনধারী।

مشعلچی (মশা'আলচী) ফাঃ নাঃ পুং ; মশালবাহী।

مشعله (মুশ'আলাঃ) আঃ নাঃ পুং ; দৈউলা। মোমদানি। চেরাগ রাখার স্থান।

مشغله (মাশগালাঃ) আঃ নাঃ পুং ; লিপ্ততা। কর্ম। আনন্দ-আহ্লাদ। খেল-তামাশা। হাসি।

مشغول (মশগুল) আঃ বিঃ ; লিপ্ত।

مشغولی (মশগুলী) ফাঃ নাঃ স্ত্রীং ; লিপ্ততা।

مشفق (মুশফিক) আঃ নাঃ পুং ; মহানুভব। মেহেরবান। দয়ার্দ্র। দয়াবান।

مشفقانه (মুশফিকানাঃ) ফাঃ বিঃ ; বন্ধুয়ানা। মিত্রসুলভ। দয়ার্দ্রতা। বাৎসল্যতা।

مشق (মশ্ক) আঃ নাঃ স্ত্রীং ; অভিজাত। চর্চা। অনুশীলন। এক্সারসাইজ।

مشقاب (মুশকাব) ফাঃ নাং পুং ; রেকাবীর থালা। ট্রে।

مشقت (মুশাক্কত) আঃ নাঃ স্ত্রীং ; মেহনত। চেষ্টা। মজদুরি। দুঃখ। কষ্ট।

مشک (মশক) ফাঃ নাঃ স্ত্রীং ; মশ্ক। চামড়ার থলে।

مشک (মুশ্ক) ফাঃ নাঃ পুং ; মেশ্ক। কস্তুরী। মৃগনাভি।

مشکبار (মেশকবার) ফাঃ বিঃ ; অতিশয় ঘ্রাণযুক্ত।

مشکل (মুশকিল) আ ঃ বিঃ ; শক্ত। কঠিন, জটিল।

مشکل کشا (-কুশা) ফাঃ বিঃ ; অসুবিধা বিদূরণকারী। হযরত আলী (রাঃ)-এর উপাধি।

مشکور (মশকূর) আঃ বিঃ ; ধন্য। গর্বিত।

مشکوة (মিশকাত) আঃ নাঃ স্ত্রীং ; চেরাগদানি। দৈউলা। ফানুস। হাদীসের বিখ্যাত কিতাব।

مشکوک (মশকুক) আঃ বিঃ ; সন্দেহকৃত। ধারণাকৃত।

مشکو (মশকো) ফাঃ নাঃ পুং ; প্রসাদ।

مشکی (মুশকী) ফাঃ বিঃ ; কাল। নাঃ পুং ; কালো কুকুর। কালো ঘোড়া।

مشکیزه (মশকীযাঃ) ফাঃ নাঃ পুং ; ছোট মশ্ক। চামড়ার ছোট থলে। মটকা।

مشلول (মাশলূল) আঃ বিঃ ; পক্ষাঘাত গ্রস্ত। যার হাত-পা অবশ হয়ে গেছে। শল্য।

مشمول (মাশমূল) আঃ বিঃ; যুক্ত। অন্তর্ভুক্ত। নিযুক্ত। পরিবেশিত।

مشن (মিশন-Mission) ইং নাঃ পুং ; নবুওয়ত্ব। পয়গম্বরী। পাদ্রীদের বাসভবন। দূতাবাস। প্রতিনিধি। হাই কমিশন। বার্তা। উদ্দেশ্য। ধর্ম প্রচার।

مشنری (মিশনারী-Missionary) ইং বিঃ ; ধর্মপ্রচার সংঘ। তাবলীগ জামাতের রোকন।

مشورت (মশওয়ারত) আঃ নাঃ স্ত্রীং ; পরামর্শ। আলোচনা। ষড়যন্ত্র। চক্রান্ত।

مشوره (মশওয়ারাঃ) ফাঃ নাঃ পুং ; আলোচনা। বৈঠক পরামর্শ।

مشوش (মুশাওবিশ) আঃ বিঃ ; পেরেশান। উদ্বিগ্ন। হয়রান।

مشهد (মাশহাদ) আঃ নাঃ স্ত্রীং ; শহীদের মৃত্যু বরণের স্থান।

مشهود (মাশহুদ) আঃ বিঃ ; উপস্থিত।

উপনীত। বর্তমান। বিদ্যমান। প্রকাশ্য। প্রমাণিত।

مشهور (মশহূর) আঃ বিঃ ; প্রসিদ্ধ। খ্যাতি। নামজাদা। পরিচিত।

مشهورومعروف (-ওয়া মারুফ) খ্যাতনামা, নামকরা।

مشى (মাশী) আঃ নাঃ স্ত্রীং ; পদব্রজী। পদাতিক। পায়দল।

مشيت (মাশিয়াত) আঃ নাঃ স্ত্রীং ; ইচ্ছা। বাসনা। আনন্দ। আল্লাহর ইচ্ছা। নিয়তি। ভাগ্য।

مشيخت (মাশীখত) আঃ নাঃ স্ত্রীং ; বুযুর্গ। মাহাত্মা। অহংকার। গর্ব।

مشير (মুশীর) আঃ নাঃ পুং ; পরামর্শদাতা। তদ্বীরকারী।

ندی – ندی (নদী–নদ্দী) হিঃ নাঃ স্ত্রীং ; ছোট নদী। শাখা নদী। নালা।

ندید (নাদীদ) আঃ ; উপমা। উদাহরণ।

ندیده (নাদীদাঃ) ফাঃ বিঃ ; অদেখা। লোভী। যে কখনও ভাল জিনিষ দেখে নি।

ندیدی (নাদীদী) উঃ নাঃ স্ত্রীং ; লোভী নারী।

ندیم (নদীম) আঃ নাঃ পুং ; বন্ধু। সহচর। সাথী। চাটুকার। পরিষদ।

ندیف (নদীফ) আঃ ; ধুনি তুলা।

ن – ڈ

نڈر (নিডর) হিঃ বিঃ ; নির্ভীক। বীর। আওয়ারা।

نڈرپن (নিডর পন) হিঃ নাঃ স্ত্রীং ; নির্ভীকতা। বীরত্ব। আওয়ারাগিরি।

نڈھال (নিঢাল) হিঃ বিঃ ; অলস। পরিশ্রান্ত। ক্লান্ত। দুর্বল। বৃদ্ধ।

ن – ذ

نذر (নযর) আঃ নাঃ স্ত্রীং ; উপঢৌকন। উপহার। সদকা। কুরবানি। মানত। ঘুষ দেওয়া।

نذرانه (নযরানাঃ) আঃ ফাঃ নাঃ পুং ; তোহফা। হাদিয়া।

نذرونیاز (নযর ও নিয়ায) ফাঃ ; দরুদ ও ফাতেহা পাঠ। উপহার। ভেঁট। শিন্নী।

نذیر (নযীর) আঃ নাঃ পুং ; ভীতি প্রদর্শন কারী। হুযুরে আকরাম (সাঃ)-এর উপাধি।

ن - ر

نر (নর) ফাঃ নাঃ পুং ; পুরুষ। নর।

نرماده (নর মাদা) ফাঃ নাঃ পুং ; স্ত্রীং ; নারী–পুরুষ।

نرا (নিরা) হিঃ বিঃ ; মাত্র। শুদ্ধ। অবিমিশ্র। শুধু।

نرد (নরদ) ফাঃ নাঃ পুং ; দাবার মত এক প্রকার ক্রীড়া। পাশা, দাবা ও লুডুর ঘুঁটি।

نراس (নীরাস) আঃ বিঃ ; আশাহীন। নিরাশ। হতাশ।

نرالا (নিরালা) সঃ বিঃ ; পৃথক। নির্জন। গুপ্ত। খাঁটি। বিষয়। অদ্ভুত।

نرائی (নিরাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; নিড়ানি। জমির আগাছা ছাফ করা।

نردهن (নরধন) হিঃ বিঃ ; গরীব। ফকির। কাঙ্গাল।

نردئی (নিরদঈ) হিঃ বিঃ ; পাথুরে অন্তর। পাষাণ।

نرلاج (নির্লাজ) হিঃ বিঃ ; নির্লজ্জ। বেহায়া।

نرمول (নরমূল) ভিত্তিহীন। উদ্ভট।

نردان (নিরদান) হিঃ নাঃ পুং ; মুক্তি। অনস্তিত্ব।

نراج (নিরাজ) হিঃ নাঃ পুং ; নৈরাজ্য। আইন-শৃঙ্খলাহীনতা। অরাজকতা।

نرخ (নিরখ) ফাঃ নাঃ পুং ; বাজার দর। দর। মূল্য। নিরিখ। মার্কেট ভেল্যু।

نرخر (নরখরা) ফাঃ নাঃ পুং ; কণ্ঠনালী। হলকম।

نردبان (নরদবান) ফাঃ নাঃ পুং ; সিঁড়ি। সোপান। ধাপ। স্তর।

نردوش (নরদুশ) হিঃ ; নিস্পাপ। কলুষমুক্ত।

نرس (নার্স–Nurse) ইং নাঃ স্ত্রীং ; দাই। সেবিকা। ধাত্রী।

نرسری (নার্সারী–Nursery) ইং নাঃ স্ত্রীং ; ফুলবাগান। কানন। উদ্যান। ফুল চারা উৎপাদন ও লালনের কেন্দ্র।

نرسل (নারসীল) হিঃ নাঃ পুং ; বাশের বাঁশি।

نرسنگ (নর সিংগ) হিঃ নাঃ পুং ; বীর। বাহাদুর। বিষ্ণুর চতুর্থ অবতার।

نرسنگھا (নরসিংঘা) হিঃ নাঃ পুং ; একপ্রকার বাঁশী। সিঙ্গা।

نرغه (নরগাঃ) উঃ নাঃ পুং ; ভীড়। মজমা। মানব বন্ধনী। মুশকিল।

نرک (নরক) সঃ নাঃ পুং ; দোযখ। জাহান্নাম। নরক।

نرکل (নরকুল) আঃ নাঃ পুং ; বাঁশের বাঁশি।

نرکی (নরকী) হিঃ বিঃ ; জাহান্নামী।

نرگس (নারগিস) ফাঃ নাঃ স্ত্রীং ; নার্গিস ফুল। প্রেমাস্পদের চক্ষুর সাথে এই ফুলকে কবিবর্গ তুলনা দিয়ে থাকেন।

نرگس بیمار (নারগিস বীমার) ফাঃ নাঃ স্ত্রীং ; প্রেমিকার চোখ। মনোহরিণী আঁখি।

نرم (নরম) ফাঃ বিঃ ; মোলায়েম। নরম। ভদ্র। সহজ।

نرمی (নরমী) ফাঃ নাঃ স্ত্রীং ; মৃদতা। কোমলতা। অভদ্রতা। ধীরতা। সূক্ষ্মতা। কমনীয়তা। গাম্ভীর্য। সহনশীলতা।

نرمه (নরমাঃ) ফাঃ নাঃ পুং ; কানের লতি। তুলা বিশেষ। একপ্রকার কাপড়।

نروان (নরওয়ান) সঃ নাঃ পুং ; মুক্তি। রেহাই। বৌদ্ধ দর্শনের মুক্তি।

نروپ (নরূপ) সঃ বিঃ ; অরূপ। যার কোন রূপ নেই। বদসুরত। কুশ্রী।

نروگی (নরোগী) হিঃ বিঃ ; অসুস্থ। রোগমুক্ত।

نره (নররাঃ) ফাঃ বিঃ পুং ; বীরত্ব। পুরুষোচিত। লিঙ্গ। পুরুষাঙ্গ। হিজড়া।

نریش (নরেশ) হিঃ নাঃ পুং ; বাদশাহ।

نری (নরী) ফাঃ ; ভেড়া–বকরীর চামড়া।

ن ـ ڑ

نڑ (নড়) হিঃ নাঃ পুং ; একপ্রকার বাঁশি। মোহন বাঁশি।

نڑا (নড়ড়া) হিঃ নাঃ পুং ; গাজরের শক্ত শাঁস। গাজরের হাড্ডি।

نڑی (নড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; একপ্রকার আতশবাজি। হুক্কার নল।

ن ـ ز

نز (নয) আঃ বিঃ ; চালাক। ধীমান। বিচক্ষণ। উটপাখি।

نزار (নাযার) ফাঃ নাঃ বিঃ ; জীর্ণ। দুর্বল। কৃষ। ফকির। কাঙ্গাল।

نزاع (নিযা) আঃ নাঃ স্ত্রীং ; ঝগড়া। সন্ত্রাস। ফাসাদ।

نزاع لفظی (-ই-লফযী) মৌখিক বাদানুবাদ।

نزاکت (নাযাকাত) ফাঃ নাঃ স্ত্রীং ; কোমলতা। পবিত্রতা। মাধুর্য। কমনীয়তা। দুর্বলতা।

نزاهت (নাযাহাত) ফাঃ নাঃ স্ত্রীং ; অসৎকর্ম থেকে দূরত্ব বজায়। দোষমুক্ত। সংযম।

نزد (নযদ) ফাঃ বিণ ; নিকট। কাছ। রায়। মত।

نزدیکی (নযদিকী) ফাঃ নাঃ স্ত্রীং ; নৈকট্য। আশপাশ।

نزع (নয') আঃ নাঃ পুং ; মৃত্যু যাতনা। অন্তিম নিঃশ্বাস।

نزله (নযলা) আঃ নাঃ পুং ; সর্দিকাশি।

نزول (নুযুল) আঃ নাঃ পুং ; অবতরণ। অবতীর্ন হওয়া। উপর থেকে নীচে নামা।

نزهت (নুযহাত) আঃ নাঃ স্ত্রীং ; পবিত্রতা। তরতাজা। সজীবতা। শ্যামলতা। আনন্দ। নিষ্কলুষতা। অলংকার।

نزهت گاه (নুযহাতগাঃ) আঃ নাঃ স্ত্রীং ; পর্যটন কেন্দ্র। বিচরণ ক্ষেত্র। সজীব অঞ্চল।

نزیل (নাযীল) আঃ বিঃ ; পর্যটক। মেহমান। যাত্রী। পর্যটক। অতিথি।

ن ـ ژ

نژاد (নাঝাদ) ফাঃ নাঃ স্ত্রীং ; বংশ। গোত্র। জাতি। কুল। অধোমুখ।

نژند (ন[illegible]ন্দ) ফাঃ বিঃ ; দুঃখিত। বিপর্যস্ত। পেরেশান। ভীতিপ্রদ। ভয়ালো। অপদস্থ।

ن ـ س

نس (নস্) হিঃ নাঃ স্ত্রীং ; শিরা। ধমনী। রগ। নালী। লিঙ্গ। পুরুষাঙ্গ।

نساء (নিসা) আঃ নাঃ স্ত্রীং ; (امرءة -এর ব-ব) মহিলাগণ। স্ত্রী-জাতি। নারী মহল।

نسب (নসব) আঃ নাঃ পুং ; বংশাবলী। পরিবার। জাতি।

نسب نامه (নসব নামাঃ) আঃ নাঃ পং ; বংশ তালিকা। বংশানুক্রম।

نسبت (নিসবত) আঃ নাঃ স্ত্রীং ; সম্বন্ধ। সংযোগ। বৈবাহিক সম্পর্ক। মিত্রতা।

نسبتی (নিসবতি) বিঃ ; জাতীয়। নাঃ পুং ; শ্যালক। ভগ্নিপতি।

نسبی (নসবী) আঃ বিঃ ; খান্দানী। বংশীয়।

نستارا (নিস্তারা) হিঃ নাঃ পুং ; ছুটি। মুক্তি। রেহাই। নিস্তার। ঋণমুক্তি।

نسترن (নসতরন) ফাঃ নাঃ স্ত্রীং ; সাদা গোলাপ।

نستعلیق (নাস্তালীক) আঃ বিঃ ; ফারসী বা উর্দু বর্ণলিপি। ভদ্র। সভ্য। মার্জিত।

نسخ (নসখ) আঃ নাঃ পুং ; নকল। লেখা। রদ। রহিত। প্রাচীন আরবী বর্ণলিপি।

نسخه (নুসখাঃ) আঃ নাঃ পুং ; ঔষধের ব্যবস্থাপত্র। প্রেসক্রিপশন। পুস্তক। প্রবন্ধ। গ্রন্থ।

نسر (নসর) আঃ নাঃ পুং ; মুর্দাখোর প্রাণী। শকুন।

نسرين (নাসরীন) ফাঃ নাঃ স্ত্রীং ; বন্য গোলাপ। শ্বেত গোলাপ।

نس طور (নসতউর) আঃ নাঃ পুং ; পারসিক নেতা। নস্তুরা।

نسق (নসক্) আঃ নাঃ পুং ; নিয়ম। চলন। বন্দোবস্ত।

نسل (নসল) আঃ নাঃ স্ত্রীং ; সন্তান-সন্ততি। জাতি। বংশ।

نسلا بعد نسل (নসলান বাঁদা নসলিন) আঃ বিণ ; বংশ পরম্পরাগত। বংশানুক্রম।

نسوار (নিসওয়ার) হিঃ নাঃ স্ত্রীং ; নস্য। ধুমপান। নেশা।

نسوان (নিসওয়ান) আঃ নাঃ স্ত্রীং ; নারী জাতি। স্ত্রী মহল। মহিলগণ।

نسيا منسيا (নাসিয়াম মানসিয়া) আঃ বিঃ ; বিস্মৃত। বেমালুম ভুলে যাওয়া।

نسيان (নিসইয়ান) আঃ নাঃ পুং ; ভুল-চুক। বিস্মৃতি। মানসিক রোগ।

نسياتى (নিসইয়াতী) আঃ বিঃ ; ভুলক্রমে। বিস্মৃত। মেধাহীন।

نسيلا (নসীলা) হিঃ বিঃ ; মজবুত। কঠিন। শক্ত।

نسيم (নসীম) আঃ নাঃ স্ত্রীং ; মৃদমন্দ প্রাতঃ হাওয়া। প্রভাতী মলয়। ভোরের বায়ু।

نسيم حجازى (নসীম হিজাযী) আঃ উঃ নাঃ পুং : পাকিস্তানের বিশ্ববিখ্যাত ঔপন্যাসিক, ভারতীয় বংশোদ্ভূত জনাব নসীম হিজাযী। মুসলিম পতন যুগের ইতিহাস তুলে ধরায় তিনি বিশ্বখ্যাতি অর্জন করেছেন।

نسينى (নসীনী) হিঃ নাঃ স্ত্রীং ; কাঠের সিঁড়ি।

نسيه (নিসিয়াঃ) আঃ নাঃ পুং ; কর্জ। উদ্ধার। দেরী।

ن - ش

نشا (নাশা) আঃ নাঃ পুং ; পয়দা করা। জন্মদান। তৈরী করা। দুনিয়া। পৃথিবী।

نشا (নিশা) উঃ নাঃ পুং ; গ্রহণযোগ্য। নিশ্চিত।

نشاة (নাশাত) আঃ নাঃ স্ত্রীং ; জন্ম। নবজন্ম। নবজীবন। নবযৌবন।

نشاتين (নাশয়াতীন) ফাঃ নাঃ পুং ; উভয় জগত। ইহকাল ও পরকাল।

نشاشته (নিশাশতাঃ) ফাঃ নাঃ পুং ; গমের শ্বেতসার বা সার। জমাট।

نشاط (নাশাত) আঃ নাঃ স্ত্রীং : খুশী। আনন্দ। প্রফুল্লতা। আমোদ। ভোগ।

نشاف (নাশশাফ) আঃ বিঃ ; শুষে নেয় যে। শোষক। চোষক। আকর্ষক।

نشان (নিশান) ফাঃ নাঃ পুং ; চিহ্ন। প্রমাণ। কলঙ্ক। স্মারক চিহ্ন। পতাকা। নাম ঠিকানা। সনাক্ত চিহ্ন। পতাকাধারী। ট্রেডমার্ক। যখমের দাগ।

نشانه (নিশানাঃ) ফাঃ নাঃ পুং ; চিহ্ন। সনাক্তকরণ চিহ্ন। টার্গেট। চাঁদমারির স্থান।

نشانى (নিশানী) ফাঃ নাঃ স্ত্রীং ; চিহ্ন। স্মারক চিহ্ন। অভিজ্ঞান।

نشتر (নশতর) ফাঃ নাঃ স্ত্রীং ; ছবি। অস্ত্রোপাচারের অস্ত্র।

نشٹ (নশট্) সঃ নাঃ স্ত্রীং ; নষ্ট। ক্ষতি। বিধ্বস্ত। মীমাংসিত। ফল। নষ্ট।

نشچت (নিশচিত) সঃ বিঃ ; নিশ্চিত। অবধারিত।

نشر (নশর) আঃ নাঃ পুং ; বিস্তৃতকরণ। পতন। প্রকাশন। অস্থিরতা।

نشره (নশরাঃ) আঃ নাঃ পুং ; ছেলে মেয়েদের কোরান শরীফ পাঠ সমাপ্তির পূর্বক্ষণ।

نشست (নিশাসত) ফাঃ নাঃ স্ত্রীং ; বৈঠক। উপবেশন।

نشست گاه (নিশাসতগাঃ) ফাঃ নাঃ স্ত্রীং বৈঠকখানা।

نشريه (নশরিয়াঃ) আঃ নাঃ পুং রেডিওতে

সম্প্রচারিত। বিজ্ঞাপন। সম্প্রচার।

نشو (নশ্ব) আঃ নাঃ পুং ; বৃদ্ধি। বিকাশ। প্রজনন।

نشوونما (নশ্ব ওয়া নুমা) ক্রমবিকাশ। ক্রমোন্নতি।

نشور (নুশুর) আঃ নাঃ পুং ; পুনরুত্থান। কিয়ামত।

نشه (নেশাঃ) ফাঃ নাঃ পুং ; নেশা। উত্তেজক পানীয়। সুগন্ধি। পাগলামি।

نشه باز (নেশাবাজ) ফাঃ বিঃ ; নেশাখোর। মদ্যপ।

نشیب (নশীব) ফাঃ নাঃ পুং ; অবতরণ। অবরোহ। নিম্নাঞ্চল।

نشیب وفراز (নশীব ওয়া ফরায) ফাঃ নাঃ পুং ; উত্থান-পতন। উন্নতি-অবনতি।

نشید (নাশীদ) ফাঃ নাঃ পুং ; গানের আওয়াজ। সুর লহরী। টোন।

نشیدخوان (নাশীদ খাঁ) ফাঃ নাঃ পুং গায়ক। সুরকার।

نشیلا (নশীলা) উঃ বিঃ ; নেশায় ঢুলুঢুলু। নেশায় ভরা। মাতাল। মদমত্ত। মদারু। মদুরা। মদ্যপ।

نشیمن (নশেমন) ফাঃ নাঃ পুং ; বাসস্থান। বাসভবন। পাখীর বাসা। নীড়।

نشینی (নশীনী) ফাঃ নাঃ স্ত্রীং ; বসা। উপবেশন করা। অধিষ্ঠিত হওয়া।

ن - ص

نص (নসস্) আঃ নাঃ স্ত্রীং ; পরিষ্কার কথা। খুঁটিয়ে খুঁটিয়ে জিজ্ঞাসা করা। সূক্ষ্ম তদন্ত করা। অকাট্য হুকুম। কুরআনের প্রাঞ্জল আহকাম। (ব–ব نصوص)

نصاب (নিসাব) আঃ নাঃ পুং ; পুঁজি। মূলধন। ধনের পরিমাণ, যা থাকলে যাকাত ফরয হয়। পাঠ্যসূচী। সিলেবাস। পাঠক্রম।

نصاری (নাসারা) আঃ নাঃ পুং ; যীশুখ্রীস্টের অনুসারী। খৃস্টান। (نصرانی -এর ব–ব)

نصائح (নাসাইহ্) আঃ নাঃ স্ত্রীং ; (نصیحت - এর ব–ব) উপদেশগুলো।

نصب (নসব) আঃ নাঃ পুং ; রোপন করণ। দন্ডায়মান করান। প্রতিষ্ঠাকরণ। স্থাপন।

نصب العین (নসবুল আইন) আঃ নাঃ পুং ; মূখ্য উদ্দেশ্য। আকাঙ্ক্ষা। লক্ষ্য ও উদ্দেশ্য।

نصر (নসর) আঃ নাঃ পুং ; খ্রীস্টান।

نصرانی (নাসরানী) আঃ নাঃ পুং ; খ্রীস্টান।

نصرانیت (নাসরানিয়ত) আঃ নাঃ স্ত্রীং ; খ্রীস্টত্ব। ত্রিত্ববাদ।

نصرت (নুসরত) আঃ নাঃ স্ত্রীং ; বিজয়, জয়। সাহায্য । সহযোগিতা।

نصف (নিসফ) আঃ বিঃ ; আধা। অর্ধেক। অর্ধ।

نصف النهار (নিসফুন নাহার) মধ্যাহ্ন। দুপুর।

نصفا نصفی (নিসফা নিসফী) উঃ বিঃ ; আধা আধি। অর্ধাঅর্ধি।

نصفت (নিসফাত) আঃ নাঃ স্ত্রীং ; ইনসাফ। ন্যায়বিচার।

نصوح (নাসূহ) আঃ নাঃ পুং ; একনিষ্ঠ। খালিস। পরিপক্ক তওবা। আন্তরিক অনুতাপ।

نصوص (নুসূস) আঃ নাঃ স্ত্রীং ; কুরআন মজীদের ঐ সব আয়াত, যার অর্থ ও দিক-নির্দেশনা প্রাঞ্জল।

نصیب (নসীব) আঃ নাঃ পুং ; কিসমত, ভাগ্য। তকদীর। হিস্যা। অংশ। অর্জন।

نصیب خفته (নসীবে খুফতা) আঃ নাঃ পুং ; সুপ্ত ভাগ্য। হতভাগ্য।

نصیبه (নসীবাঃ) আঃ নাঃ পুং ; ভাগ্য। নসীব। কিসমত। তকদীর।

نصیبه ور (নসীবা ওয়ার) ফাঃ পুং ; ভাগ্যবান। সৌভাগ্যবান।

نصیحت (নসীহত) আঃ নাঃ স্ত্রীং ;

উপদেশ। পরামর্শ।

نصيحت پذير (নসীহত পাযীর) আঃ ফাঃ হিঃ ; উপদেশ গ্রহণকারী।

نصير (নাসীর) আঃ নাঃ পুং ; সাহায্যকারী। সহযোগী। বন্ধু।

نصيرى (নুসায়রী) আঃ বিঃ ; হযরত আলী (রাঃ)-কে খোদা মান্য করে যে সম্প্রদায়। জীবনোৎসর্গকারী। আত্মদান কারী।

ن - ض

نضارت (নাযারাত) আঃ নাঃ স্ত্রীং ; সরসতা। সজীবতা।

نضج (নুয্‌জ) আঃ নাঃ পুং ; পাকা ফল। চিকিৎসা বিজ্ঞানের পরিভাষায় শক্ত জীবাণু থেকে তরল হয়ে নির্গত হওয়া।

نضير (নযীর) আঃ বিঃ ; স্বর্ণ। সোনা।

نضو (নুযু) আঃ ; কলপের রং চলে যাওয়া।

نضوب (নুযুব) আঃ নাঃ ; জমীনের পানি শুষে নেয়া।

ن - ط

نطاق (নিতাক) আঃ ; কোমরবন্দ। বেল্ট।

نطح (নাতাহ) আঃ ; শিংওয়ালা প্রাণীর গুঁতো।

نطع (নাতা) আঃ নাঃ পুং ; চামড়ার বিছানা।

نطعى (নাতাঈ) আঃ ; চামড়ার জাঙ্গিয়া।

نطف (নাতফ) আঃ ; মাথার যখম। দোষযুক্ত হওয়া। ঘায়েল হওয়া।

نطفه (নুতফাঃ) আঃ নাঃ স্ত্রীং ; পরিষ্কার পানি। বীর্য। সন্তান। শুক্র। রতি। ধাতু।

نطفه حرام (নুতফায়ে-হারাম) আঃ নাঃ স্ত্রীং ; অবৈধ সন্তান। হারামজাদা। জারজ।

نطق (নুতক) আঃ নাঃ পুং ; কথন। বাক শক্তি। কথোপকথন।

نطو (নুতু) আঃ ; দূর হওয়া। দূরত্ব।

نطول (নাতুল) আঃ নাঃ পুং ; জ্বাল দেয়া গরম পানি। পানি কামান।

ن - ظ

نظار (নুযযার) আঃ নাঃ পুং ; (ناظر -এর ব-ব) দর্শক।

نظارت (নাযারাত) আঃ নাঃ স্ত্রীং ; দেখা। সংরক্ষণ। নাজিরের মহকুমা।

نظاره (নাযযারাঃ) আঃ নাঃ পুং ; দৃশ্য। প্রদর্শনী। তামাসা। পরিদর্শন। চশমা।

نظافت (নাযাফাত) আঃ নাঃ স্ত্রীং ; পবিত্রতা। প্রাঞ্জলতা।

نظام (নিযাম) আঃ নাঃ পুং ; মুক্তার মালা। শৃঙ্খলা, নীতি। অভ্যাস। প্রচলিত রীতি। রচয়িতা। ভিত্তি। প্রধান। শাসনকর্তা। হায়দারাবাদের (দক্ষিণাত্যের) শাসকদের উপাধি।

نظامت (নিযামত) আঃ নাঃ পুং ; শৃঙ্খলা। বন্দোবস্ত। ব্যবস্থাপনা।

نظام الاوقات (নিযামুল আওকাত) আঃ নাঃ পুং ; নিয়মানুবর্তিতা।

نظام شمسى (নিযামে শামসী) আঃ নাঃ পুং ; সৌর পরিবার। সৌরমন্ডল।

نظاميه (নিযামিয়াঃ) আঃ নাঃ স্ত্রীং ; বাগদাদের প্রাচীন বিশ্ববিদ্যালয়ের একটি। যোদ্ধা। নেযামউদ্দীন আউলিয়ার অনুসারী।

نظر (নযর) আঃ নাঃ স্ত্রীং ; দৃষ্টি। অন্তর্দৃষ্টি। অবলোকন। পরিদর্শন। চেহারা। উল্লেখ। ভূত-প্রেত বা দুষ্টগ্রহের দৃষ্টি।

نظر بد (নযরে বদ) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; কু-নযর। বদ-নযর।

نظر بند (নযরবন্দ) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; কয়েদী। হাজতী।

نظريه (নযরিয়াঃ) আঃ নাঃ পুং ; চিন্তা ধারা। মতবাদ, ধারণা।

نظم (নযম) আঃ নাঃ স্ত্রীং ; কবিতা। শৃঙ্খলা। মালা গাথা। মাল্য-সূত্র।

ছন্দবদ্ধ পদ্য । পুং ; বন্দোবস্ত ।

نظم معرى (নযমে মুয়াররা) আঃ নাঃ স্ত্রীং ; ছন্দহীন কাব্য । আধুনিক কবিতা ।

نظم ونسق (নযম ও নসক) ফাঃ নাঃ পুং ; বন্দোবস্ত । ব্যবস্থাপনা । রাজনীতি । রাষ্ট্রনীতি ।

نظير (নযীর) আঃ বিঃ ; মত । সাদৃশ্য । উপমা । নমুনা । নযীর ।

نظيف (নযীফ) আঃ বিঃ ; পবিত্র । হালাল । পরিচ্ছন্ন ।

ن – ع

نعت (নাত) আঃ নাঃ স্ত্রীং ; প্রশংসা । গুণকীর্তন । স্তুতিগান । হযরত মোহাম্মদ (সঃ) -এর গুণ বর্ণনা ।

نعره (নারাঃ) আঃ নাঃ পুং ; চিৎকার । গোলমাল ।

نعره تكبير (নারায়ে তাকবীর) আঃ নাঃ পুং ; আল্লাহু আকবর ধ্বনি ।

نعره زن (নারাযন) আঃ ফাঃ বিঃ ; ঘোষক । ফরিয়াদী ।

نعش (না'শ) আঃ নাঃ স্ত্রীং ; শব । মৃতদেহ । শবাধার । মুর্দা ।

نعل (না'ল) আঃ নাঃ স্ত্রীং ; জুতা । পাপোষ । ঘোড়ার পায়ের নল ।

نعم البدل (নি'মাল বদল) আঃ নাঃ স্ত্রীং ; উত্তম প্রতিদান । শুভ বিনিময় ।

نعمت (নিয়ামত) আঃ নাঃ স্ত্রীং ; অনুগ্রহ । অনুকম্পা । দান । স্বর্গীয় আশীর্বাদ ।

نعمان (নু'মান) আঃ নাঃ পুং ; ইমাম আবু হানীফা (রহঃ)-এর নাম ।

نعمت غير مترقبه (নিয়ামতে গায়র মুতারাক্কাবাঃ) আঃ ; অপ্রত্যাশিত সম্পদ । অযাচিত মাল ।

نعناع (না'না) আঃ নাঃ পুং ; পুদিনা পাতা ।

نعوذ بالله (নাউযুবিল্লাহ) আঃ ; আল্লাহ রক্ষা করুন ।

نعوس (নুউস) আঃ ; দুগ্ধবতী উষ্ট্রী ।

نعوظ (নুউয) আঃ নাঃ পুং ; লিঙ্গ খাড়া হওয়া ।

نعيب (নাঈব) আঃ ; কাকের ডাক ।

نعيم (নাঈম) আঃ ; নিয়ামত । মাল । বিত্তশালী । একটি জান্নাতের নাম ।

ن – غ

نغز (নগয) ফাঃ বিঃ ; উত্তম । ভাল । শুভ । শ্রেয় ।

نغم (নগম) আঃ নাঃ পুং ; স্বর-মাধুর্য । গান । সঙ্গীত ।

نغمه (নগমাঃ) আঃ নাঃ পুং ; স্বর । টোন । ভয়েস । মাধুর্য । সংগীত ।

ن – ف

نفاخ (নাফফাখ) আঃ বিঃ ; স্ফীতিকারক । বায়ুজনিত ।

نفاس (নেফাস) আঃ নাঃ পুং ; স্ত্রীলোকের সন্তান প্রসবের পর বেশীর বেশী চল্লিশ দিন যাবৎ যে রক্ত বের হয় ।

نفاست (নফাসাত) আঃ নাঃ স্ত্রীং ; পবিত্রতা । সুপরিচ্ছদ প্রিয়তা । সূক্ষ্মদর্শিতা ।

نفاق (নিফাক) আঃ নাঃ পুং ; কপটতা । মিথ্যা । শত্রুতা ।

نفت (নিফাত) আঃ নাঃ পুং ; মেটে তৈল ।

نفتا (নাফতা) উঃ নাঃ পুং ; নীল-সাদা রঙের কবুতর বিশেষ ।

نفخ (নফখ) আঃ নাঃ স্ত্রীং ; ফুঁকা । ফুঁক দেয়া । ফোলা । স্ফীত হওয়া ।

نفر (নফর) আঃ ; চাকর । সাধারণ লোক । মজুর ।

نفرا (নফরা) নাঃ পুং ; নগন্য ব্যক্তি । অতি নগন্য অনুচর । গোবরে পদ্মফুল ।

نفرت (নফরত) আঃ নাঃ পুং; বিষন্নতা । ঘৃণা । বিমুখতা । পলায়ন ।

نفرى (নফ্‌রী) ফাঃ নাঃ স্ত্রীং ; দৈহিক কর্ম । মজুর ।

نفس (নফস) আঃ নাঃ পুং ; আত্মা । রূহ ।

সত্তা। বাস্তবতা। লিঙ্গ। জৈবিক চাহিদা।

نفس (নফাস) আঃ নাঃ পুং ; নিঃশ্বাস। দম। ক্ষণ। মুহূর্ত। বাক-স্ফুরণ।

نفسانیت (নফসা নিয়ত) ফাঃ নাঃ স্ত্রীং ; অহংকার। বিলাস। আড়ম্বর।

نفس کشی (নফস কাশী) ফাঃ ; বাসনা দমনের সাধনা।

نفس ناطقه (নফসে নাতেকা) ফাঃ নাঃ পুং ; মানবাত্মা। কারো অতি আপন জন।

نفس واپسی (নফসে-ওয়াপসী) ফাঃ নাঃ পুং ; শেষ নিঃশ্বাস।

نفس نفیس (নফসে নফীস) আঃ নাঃ পুং ; খোদার সত্তা। স্বয়ং।

نفسی (নফসী) আঃ বিঃ ; সত্তা। মূল।

نفسی نفسی (নফসী নফসী) আঃ নাঃ স্ত্রীং ; আপনার মঙ্গলকামী। আত্মপূজক। স্বার্থপর।

نفع (নফা) আঃ নাঃ পুং ; উপকার। লাভ। সুবিধা। সুদ।

نفقه (নফকাঃ) আঃ নাঃ পুং ; জীবন ধারণের প্রয়োজনীয় ব্যয়। পারিবারিক ব্যয়।

نفل (নফল) আঃ নাঃ পুং-স্ত্রীং ; পুণ্য লাভের জন্য ফরয ইবাদতের পর অতিরিক্ত ইবাদত করা। অতিরিক্ত। ঐচ্ছিক।

نفوس (নুফুস) আঃ নাঃ পুং ; (نفس -এর ব-ব) আত্ম সফল। ব্যক্তিগণ।

نفور (নুফুর) আঃ নাঃ পুং ; ঘৃণাকারী।

نفیر (নফীর) আঃ বিঃ ; ঘৃণাকারী। অগ্রগামী লোক। নাক ডাকা আওয়াজ। অভিযোগ। বিলাপ।

نفی (নফী) আঃ নাঃ পুং ; অস্বীকৃতি। নিষেধ।

نفیس (নফীস) আঃ বিঃ ; মূল্যবান। মনোরম। সূক্ষ্ম। খাঁটি।

نفیری (নফীরী) ফাঃ ; সানাই। বিখ্যাত বাজনা।

ن - ق

نقاب (নক্কাব) আঃ নাঃ পুং ; গর্তকারী। খননকারী।

نقاب (নিকাব) আঃ নাঃ পুং-স্ত্রীং ; বোরকা। পর্দা। নেকাব। গালপাট্টা। ঘোমটা। অবগুণ্ঠন।

نقاد (নক্কাদ) আঃ নাঃ পুং ; পরীক্ষক। মুদ্রা যাঁচাইকারী। ভালমন্দ নিরীক্ষক।

نقارچی (নক্কারচী) ফাঃ নাঃ পুং ; ঢোলক। ডংকা বাদক।

نقاره (নক্কারাঃ) ফাঃ নাঃ পুং ; ঢোল। বড় ঢোলক।

نقاش (নক্কাশ) ফাঃ নাঃ পুং ; শিল্পী। ভাস্কর। চিত্রকর।

نقاشی (নক্কাশী) ফাঃ নাঃ স্ত্রীং ; ভাস্কর্য। চিত্রকলা। শিল্পী। আঁকা আঁকি নেশা।

نقاط (নিকাত) ফাঃ নাঃ পুং ; (نقط -এর ব-ব) বিন্দুগুলো। সূক্ষ্ম বিষয়াবলী।

نقال (নক্কাল) আঃ নাঃ পুং ; অভিনেতা। অনুকরণকারী। ভাঁড়।

نقاهت (নাকাহাত) আঃ নাঃ স্ত্রীং ; দুর্বলতা। অক্ষমতা।

نقالی (নক্কালী) উঃ নাঃ স্ত্রীং ; ভাঁড়ামি।

نقب (নকব) আঃ নাঃ পুং ; রৌপ্য। রজত। সাদা ঘোড়া।

نقد (নক্‌দ) আঃ নাঃ পুং ; নগদ টাকা। টাকা-পয়সা।

نقره (নুকরাঃ) আঃ নাঃ পুং ; রৌপ্য রজত। সাদা রঙের ঘোড়া (উর্দুতে)।

نقرئی (নুকরাই) আঃ বিঃ ; রৌপ্য নির্মিত। শুভ্র।

نقش (নকশ) আঃ নাঃ পুং ; চিত্র। মুদ্রণ। ভাস্কর। ছবি। তাবিজ। ধ্যান। মন্ত্র।

نقش ونگار (নকশ ও নিগার) আঃ ফাঃ নাঃ পুং ; সজ্জা। কারুকার্য। চিত্রাবলী।

نقشبندی (নকশবন্দী) ফাঃ নাঃ স্ত্রীং ;

কারুকার্যকরণ। খাজা বাহাউদ্দীনের মুরীদ।

نقشه (নকশা) আঃ নাঃ পুং ; ছবি। প্রতিচিত্র। সৌসাদৃশ্য। রূপ। হুলিয়া। চেহারা।

نقص (নকস্) আঃ নাঃ পুং ; ত্রুটি। আঘাত। ক্ষতি। কম। ঘাটতি। ঘাপলা।

نقصان (নুকসান) ফাঃ নাঃ পুং ; ক্ষতি। অনিষ্ট। বিপত্তি। আঘাত। লোকসান।

نقض (নকয) আঃ নাঃ পুং ; ভাঙ্গা। চেরা। বিকৃত হওয়া।

نقطه (নুকতা) আঃ নাঃ পুং ; বিন্দু। স্বরচিহ্ন। কেন্দ্র। শূন্য।

نقطه عروض (নুকতায়ে-আরুজ) আঃ নাঃ পুং ; স্বর্ণ শিখর। পূর্ণতা। সাফল্য। শীর্ষ।

نقل (নকল) আঃ নাঃ স্ত্রীং ; ইতিহাস। গল্প। কাহিনী। রূপকথা।

نقل (নুকল) আঃ নাঃ পুং ; মদপান করে মুখের স্বাদ ফিরিয়ে আনার খাদ্য বিশেষ। বনভোজন। কৌতুক। রসিকতা।

نقلی (নকলী) বিঃ ; প্রতিলিপি। মিথ্যাবাদী। অকৃত্রিম।

نقوش (নুকুশ) আঃ নাঃ পুং ; (نقش -এর ব-ব) চিত্রাবলী।

نقی (নকী) আঃ বিঃ ; পবিত্র। খাঁটি।

نقوع (নুকু') আঃ নাঃ পুং ; সিরাপ। সালসা।

نقیب (নকীব) আঃ নাঃ পুং ; প্রধান দলপতি। ঘোষক।

نقیض (নকীয) আঃ নাঃ পুং ; বিরোধী। উল্টা। বৈসাদৃশ্যিক। শত্রুতা।

نقیه (নকীহ) আঃ বিঃ ; জীর্ণ। শীর্ণ। দুর্বল। ক্ষীনষায়।

ن - ک

نک (নক্) উঃ নাঃ স্ত্রীং ; ناک -এর সংক্ষেপ। নাক। নাসিকা।

نک بال (নক বাল) উঃ নাঃ পুং ; নাকের চুল।

نک دم (নক্ক দম) উঃ নাঃ পুং ; নাকে শ্বাস। হয়রান। পেরেশান।

نکا (নুক্কা) হিঃ নাঃ পুং ; সুঁচাল। চোখা।

نکا (নিক্কা) হিঃ নাঃ পুং ; ছোট ক্ষুদ্র। বেঁটে।

نکات (নাকাত) হিঃ বিঃ ; খারাপ। বেকার। অকর্মা।

نکات (নিকাত) আঃ নাঃ পুং ; (نکته -এর ব-ব) সূক্ষ্ম ব্যাপার বা কথা।

نکاح (নিকাহ্) আঃ নাঃ পুং ; সহবাস। বিবাহ। রতিমিলন। বিয়ে-শাদী। পাণি গ্রহণ। গর্ত করা। গিরা। আকদ।

نکاحی (নিকাহী) ফাঃ বিঃ ; দম্পতি। বিবাহিতা। কনে।

نکاس (নিকাস) হিঃ নাঃ পুং ; বহির্মুখী দ্বার। পয়ঃপ্রণালী। নিকাশ। ভিত্তি। মূল।

نکاسی (নিকাসী) হিঃ নাঃ স্ত্রীং ; খাজনা। উৎপাদন। উপকার। বিক্রী। আমদানী। ফলন।

نکال (নাকাল) আঃ নাঃ পুং ; আযাব। সাজা। দুঃখ। কষ্ট। দৃষ্টান্তমূলক শাস্তি।

نکالنا (নিকালনা) হিঃ মূঃ ; বের করা। বহিষ্কৃত করা। আবিষ্কার করা। উদ্বোধন করা।

نکبت (নাকবাত) আঃ নাঃ স্ত্রীং ; রিক্ত অবস্থা। নিঃস্বতা।

نکته (নুকতাঃ) আঃ নাঃ পুং ; সূক্ষ্মতা। বুদ্ধি। রসিকতা।

نکتی (নুকতী) হিঃ নাঃ স্ত্রীং ; পিঁয়াজু।

نکته بینی (নুকতাঃ বীনী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; সূক্ষ্মদর্শিতা।

نکته چینی (নুকতা চীনী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; ছিদ্রান্বেষণ। দোষ বের করা।

نکٹا (নাকটা) হিঃ বিঃ ; নাক-কান কাটা ব্যক্তি। বিঃ; অপমানিত। বোঁচা।

নির্লজ্জ। জুয়ার কড়ি।
نکٹی (নাকটী) হিঃ বিঃ ; নাক কাটা নারী। বোঁচা-নারী। বুঁচী।
نکسیر (নাকসীর) হিঃ নাঃ স্ত্রীং ; নাক দিয়ে রক্ত বের হওয়া।
نکڑ (নুককাড়) হিঃ নাঃ স্ত্রীং ; তীক্ষ্ম ফলা। চোখ। সুচাল কোণ।
نکس (নুকস) আঃ নাঃ পুং ; রোগ পুনরায় হওয়া।
نکلنا (নিকালনা) হিঃ মৃঃ ; বের হওয়া। দৃষ্ট হওয়া। আবিষ্কৃত হওয়া। উদিত হওয়া।
نکلوانا (নিকল্ওয়ানা) হিঃ মৃঃ ; বহিষ্কার করান। জ্ঞাত হওয়া।
نکلیس (নেকলেস–Necklace) ইং নাঃ পুং ; হার। মনিহার। মালা।
نکما (নেকম্মা) হিঃ বিঃ ; বেকার। অকর্মা। খারাপ। তুচ্ছ।
نکو (নাক্কু) হিঃ বিঃ ; বদনাম। অপমান। বড় নাকধারী। অভিশপ্ত। কলংকিত।
نکو (নিকু) ফাঃ বিঃ ; বহুত ভাল। অতি উত্তম। সুন্দর। সুস্থ।
نکو هش (নিকোহাশ) ফাঃ নাঃ স্ত্রীং ; ভর্ৎসনা। ধিক্কার। ধমকি।
نکوهیده (নিকুহীদা) ফাঃ বিঃ ; অসৎ। বিকৃত।
نکوئی (নিকুঈ) ফাঃ নাঃ স্ত্রীং ; নেকী। সততা।
نکه (নখ) হিঃ নাঃ পুং ; নব। কাঁচা রেশম।
نکهار (নিখার) হিঃ নাঃ পুং ; সাজ-সজ্জা। পরিচ্ছন্নতা। ঔজ্জ্বল্য।
نکهت (নাকহাত) ফাঃ নাঃ স্ত্রীং ; সৌরভ। সুগন্ধী। সুবাস। হিঃ নাঃ পুং ; পক্ষ। ১৫ দিন।
نکهتر (নিখাত্তর) হিঃ বিঃ ; তুচ্ছ। বিস্বাদ। তেঁতো। অকেজো।
نکهٹو (নিখটটু) হিঃ বিঃ ; অলস। অকর্ম। গলগ্রহ। বোকা।
نکهد (নিখাদ) হিঃ বিঃ ; অসৎ। অকেজো। অপ্রয়োজনীয়।
نکهرا (নখরা) নাঃ বিঃ ; সুন্দর। কমনীয়। লাবণ্যময়। পরিষ্কার।
نکهری (নিখরী) হিঃ বিঃ ; তরতাজা। পরিষ্কার। টাটকা।
نکهنڈ (নিখান্ড) হিঃ বিঃ ; আধা। ঠিক। যথার্থ।
نکهوڑا (নাখুড়া) হিঃ বিঃ ; অমানবিক।
نکی (নাক্কী) হিঃ নাঃ স্ত্রীং ; নাকে কথা বলে যে। নাহা।
نکیر (নকীর) আঃ নাঃ পুং ; কবরে প্রশ্নকারী ফেরেশতা।
نکیرین (নকীরাইন) আঃ নাঃ পুং ; মুনকার নকীর। প্রশ্নকারী দু'ফেরেশতা।
نکیل (নাকীল) হিঃ নাঃ স্ত্রীং ; উটের নাকে বাধা রশি। নাকিল।
نکیلا (নাকীলা) হিঃ বিঃ; সূচালো। চোখা। তীক্ষ্ম।

ن - گ

نگ (নগ্) হিঃ নাঃ পুং ; আংটির পাথর। মনি। নগিনা।
نگار (নিগার) ফাঃ নাঃ পুং ; চিত্রণ। চিত্র। প্রতিমা। সুন্দরী। প্রেমাস্পদ। অলঙ্কার। মেহেদীর দ্বারা চিত্রিত নকশা।
نگارش (নিগারশ) ফাঃ নাঃ স্ত্রীং ; লেখনী। লিখিত। প্রবন্ধ।
نگاریں (নিগারী) ফাঃ নাঃ স্ত্রীং ; মেহেদীরঙা। অলংকৃত। প্রেমাস্পদ।
نگالی (নিগালী) হিঃ নাঃ স্ত্রীং ; কল্কি। গাঁজা ও হুক্কার কল্কে।
نگاه (নিগাঃ) ফাঃ নাঃ স্ত্রীং ; দৃষ্টি। দৃষ্টিপাত। চাহনী। পর্যবেক্ষণ ; পাহারা। রক্ষক।
نگر (নগর) হিঃ ; শহর। নগর।
نگری (নগরী) নাঃ স্ত্রীং ; ছোট লোকালয়। ক্ষুদ্র নগরী।
نگران (নিগরান) ফাঃ বিঃ ; দর্শক। পাহারাদার। রক্ষক।

نگرانی (নিগরানী) ফাঃ নাঃ স্ত্রীং ; দেখ্‌ভাল। সংরক্ষণ। ব্যবস্থাপনা।

نگلنا (নিগালনা) হিঃ মূঃ ; গিলে ফেলা। গলধঃকরণ করা।

نگوڑا (নিগোড়া) হিঃ বিঃ ; দুর্ভাগা। নিষ্কর্মা। হতাশ। রাগি। ক্রোধশূন্য পুরুষকে সাধারণতঃ স্ত্রী লোকেরা এটা বলে থাকে।

نگم (নিগাম) সঃ বিঃ ; আসমানী কিতাব। প্রত্যাদেশ। পাক। পবিত্র। আরেফ বিল্লাহ। ওলী।

نگوں (নিগোঁ) ফাঃ বিঃ ; আনত। নত। উল্টা। (سرنگوں -সারনিগোঁ) লজ্জিত। অবনত মস্তক।

نگہ (নিগ্‌হ) ফাঃ নাঃ স্ত্রীং ; দৃষ্টি। نگاہ -এর সংক্ষিপ্তি।

نگہبان (নিগাহবান) ফাঃ নাঃ পুং ; পাহারাদার। রক্ষক।

نگین (নগীন) نگینہ (নগীনাঃ) ফাঃ নাঃ পুং ; আংটির পাথর। মণি।

نگینہ ساز (নগীনাঃ সায) ফাঃ বিঃ ; জওহরী। আংটির পাথর নির্মাতা।

ن – ل

نل (নল) হিঃ নাঃ পুং ; মোটা নল। পাইপ। চোঙ্গ।

نل کواں (নলকুয়াঁ) হিঃ নাঃ পুং ; নলকূপ। (টিউবওয়েল–Tubewell)।

نلا (নলা) হিঃ নাঃ পুং ; প্রস্রাবের নালী। পায়ের হাড্ডি। নলা। খুড়া।

نلاهٹ (নিলাহট) হিঃ বিঃ ; নীলাভ। নীলরঙা।

نلجا (নিলজ্জা) হিঃ বিঃ ; বেহায়া। নির্লজ্জ। আত্মসম্ভ্রমবোধহীন।

نلوہ (নলওহ) হিঃ বিঃ ; খাঁটি। বিনা পরিশ্রমের। বিনা সহায়তায়। ব্যয়হীন। ক্ষতহীন।

نلی (নলী) হিঃ নাঃ স্ত্রীং ; ফাঁপা নল। পায়ের হাড়। নলা। তাঁতের মাকু।

ن – م

نم (নম) ফাঃ বিঃ ; আর্দ্র। ভিজা। নাঃ ; আর্দ্রতা।

نماز (নামায) ফাঃ নাঃ স্ত্রীং ; সালাত। বন্দেগী। শিষ্টতা। ঈমানের পর সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ইবাদত।

نمازی (নামাযী) ফাঃ বিঃ ; মুসুল্লী।

نمام (নাম্মাম) আঃ বিঃ ; চোগলখোর। এদিকের কথা ওদিকে লাগায় যে।

نمائش (নুমাইশ) ফাঃ নাঃ স্ত্রীং ; দৃশ্য। প্রদর্শনী। বাহ্যাড়ম্বর।

نمائشی (নুমাইশী) ফাঃ বিঃ ; প্রদর্শনী।

نمائندگی (নুমায়েন্দগী) ফাঃ নাঃ স্ত্রীং ; প্রতিনিধিত্ব।

نمائندہ (নুমায়েন্দাঃ) ফাঃ নাঃ পুং ; প্রতিনিধি। মুখপাত্র।

نمایاں (নুমায়াঁ) আঃ বিঃ ; প্রতীয়মান। স্পষ্ট। উদগত। সুস্পষ্ট।

نمبر (নম্বর–Number) ইং নাঃ পুং ; সংখ্যা। স্তর। পালা। সুযোগ। অবকাশ।

نمد (নামদ) ফাঃ নাঃ পুং ; পশমী বিছানা।

نمرود (নমরূদ) আঃ নাঃ পুং ; হযরত ইব্রাহীম (আঃ)-কে যে পাপিষ্ঠ আগুনে ফেলেছিল।

نمس (নমস) উঃ নাঃ স্ত্রীং ; দুধের গেঁজা বা স্তর, যাতে মিস্‌রী মিলিয়ে খাওয়া হয়।

نمط (নমত্‌) ফাঃ নাঃ পুং ; লবণ। নুন। সৌন্দর্য। ঔদ্ধত্য। লাবণ্য।

نمک حرام (নেমক হারাম) ফাঃ বিঃ ; অকৃতজ্ঞ। কৃতঘ্ন।

نمک حرامی (নেমকহারামী) আঃ ফাঃ নাঃ স্ত্রীং ; অকৃজ্ঞতা। কৃতঘ্নতা। বিশ্বাস ঘাতকতা।

نمک خوار (নেমকখার) ফাঃ বিঃ ; খাদেম। অনুগত। চাকর।

نمکدانی (নেমকদানী) ফাঃ নাঃ পুং–স্ত্রীং ; লবণের বাটি।

نمک زار (নেমকযার) ফাঃ নাঃ পুং ; লবণের খনি। লবণ ফ্যাক্টরী। লবণ ক্ষেত্র।

نمک حلال (নেমক হালাল) আঃ বিঃ ; কৃতজ্ঞ।

نمکولی (নিমকুলী) হিঃ নাঃ স্ত্রীং ; নিমফল।

نمکین (নমকীন) ফাঃ বিঃ ; লবণাক্ত। লাবণ্যময়। সলটেস্। রসিক।

نمناک (নমনাক) ফাঃ বিঃ ; আর্দ্র। ভেজা।

نمود (নমূদ) ফাঃ নাঃ স্ত্রীং ; প্রকাশ্য। দৃশ্য। যশ।

نمودار (নমূদার) ফাঃ বিঃ ; প্রকাশিত। বিকশিত।

نمونه (নমুনাঃ) ফাঃ নাঃ পুং ; উদাহরণ। নমুনা। আদর্শ।

نمودیا (নমুদিয়া) উঃ নাঃ পুং ; ধনের বড়াই।

نمونیا (নিমূনিয়া) নিউমোনিয়া। Neumonia। ঠাণ্ডা জ্বর।

نموها (নিমুহা) হিঃ বিঃ ; অল্পভাষী। খামোশ। নিঃস্ব। অনাথ।

نمی (নমী) ফাঃ নাঃ স্ত্রীং ; আর্দ্র। ভিজা।

نمیقه (নমীকাঃ) আঃ নাঃ পুং ; চিঠি। পত্র। লেখনী। (ব–ব نمائو)

ن – ن

نن (নান–Nun) ইং নাঃ স্ত্রীং ; বৈরাগিনী। গীর্জাবাসিনী। সংসার ত্যাগী নারী।

ننا (নান্‌না) উঃ বিঃ ; ছোট। বাচ্চা। স্থুলবুদ্ধি।

نناوے (নিনানবে) নাঃ পুং ; এক কম একশ। নিরানব্বই। ৯৯।

نند (ননদ) হিঃ নাঃ স্ত্রীং ; স্বামীর বোন। ননদ।

نندا (নিন্দা) হিঃ নাঃ স্ত্রীং ; ভর্ৎসনা। গালি-গালাজ। বেইজ্জতি। নিন্দামন্দ।

نندوسی (নন্দুসী) হিঃ নাঃ পুং ; ননদী। ননদের স্বামী।

نندوئی (ননদোঈ) হিঃ নাঃ পুং ; ননদের স্বামী।

ننگ (নঙ্গ) ফাঃ নাঃ পুং ; শরম। লজ্জা। অপমান।

ننگا (নঙ্গা) নিরাভরণ করা। লুঠ করে লওয়া। ننگا کرنا (–করনা) অনাবৃত করা। ننگی تلوار (নঙ্গী তলওয়ার) খোলা তরবারি। ننگا لچا (নঙ্গা লুচ্চা) লম্পট।

ننگ و ناموس (নঙ্গ ও নামুস) ফাঃ নাঃ পুং ; লাজ সরম। সম্মান। প্রতিপত্তি। লজ্জা ও পবিত্রতা।

ننها (ননহা) বিঃ ; ছোট। শিশু। অবুঝ। স্ত্রীং ; ننهی (নন্‌হী)।

ننهیال (ননিহ্য়াল) হিঃ নাঃ পুং ; মাতামহের বাড়ী। মামারবাড়ী।

ننگ خاندان (নঙ্গে খান্দান) ফাঃ বিঃ ; কুলাঙ্গার।

ننهی (নানহী) হিঃ বিঃ ; কচি শিশু। কচি মেয়ে।

ن – و

نو (নও) হিঃ বিঃ ; নয়। ৯।

نواں (নওয়া) হিঃ বিঃ ; নবম। ৯ম।

نوتری (নওতরী) হিঃ নাঃ স্ত্রীং ; পাশা খেলা।

نوا (নওয়া) ফাঃ নাঃ স্ত্রীং ; শব্দ। স্বর। সুরেলা। প্রাচুর্য। ধন। ঐশ্বর্য।

نورتن (নওরতন) ফাঃ ; মোতি। হীরা। জমরূদ।

نواب (নওয়াব) আঃ নাঃ পুং ; শহর বা জেলার শাসনকর্তা। উপাধি বিশেষ। অভিজাত। অলস।

نوابی (নওয়াবী) আঃ নাঃ স্ত্রীং ; নবাবী। রাজত্ব। অপব্যয়। অমিতব্যয়িতা।

نواحی (নওয়াহী) আঃ নাঃ স্ত্রীং ; অঞ্চলসমূহ। আশপাশ। প্রান্তসকল।

نواڑ (নিওয়াড়) হিঃ নাঃ পুং ; চওড়া ফিতা বিশেষ। নেওয়ার।

نواز (নওয়ায) ফাঃ বিঃ ; প্রতিপালক। আরামদায়ক। সঙ্গীতজ্ঞ।

نوازش (নওয়াযিশ) ফাঃ নাঃ স্ত্রীং ; মেহেরবানি করা।

نواس (নিওয়াস) সঃ নাঃ পুং ; থাকা। অবস্থান করা। রাত যাপন করা। বাসভবন।

نواسا (নওয়াসা) ফাঃ নাঃ পুং ; কন্যার পুত্র। দৌহিত্র। দৌহিত্রী। কন্যার কন্যা।

نواصب (নওয়াসিব) আঃ নাঃ পুং ; খারেজী ফেরকার অপর নাম। এরা হযরত আলী (রাঃ)-কে মানে না।

نوافذ (নওয়াফিয) আঃ নাঃ পুং ; ইন্দ্রিয়। যে অঙ্গ দ্বারা কোন কিছু উপলব্ধি করা যায়। যেমন–মুখ, কান, নাক, চোখ।

نوافل (নওয়াফিল) আঃ নাঃ পুং ; (نافله -এর ব–ব) ফরয, ওয়াজিব ও সুন্নত ছাড়া অতিরিক্ত ইবাদত।

نوال (নওয়াল) আঃ নাঃ স্ত্রীং ; মেহেরবানি। অনুদান। রীতি।

نواله (নওয়ালাঃ) ফাঃ নাঃ পুং ; লোকমা। গ্রাস।

نوبت (নওবত) ফাঃ নাঃ স্ত্রীং ; পালা, সুযোগ। অবকাশ। ডংকা। ঘটনা। উপলক্ষ। পরিমাণ।

نوبت خانه (নওবত গাঃ) ফাঃ নাঃ স্ত্রীং ; ডংকাখানা। কয়েদখানা।

نوبتی (নওবতী) ফাঃ বিঃ ; পালাক্রম। চৌকিদার। বাদক। শাহী প্রহরী। বড় তাবু।

نوبل (নোবেল–Noble) ইং বিঃ ; অভিজাত। উঁচু বংশ। আমীর। রহিস।

نوبل پرائز (নোবেল প্রাইজ–Noble prize) পদার্থবিজ্ঞানী ডিনামাইটের আবিষ্কারক সুইডেনের আলফ্রেড নোবেলের অর্জিত ধন থেকে পাঁচটি বিষয়ের ওপর দেয়া বিশ্বখ্যাত পুরস্কার বিশেষ। সুইডেনের স্টকহোম সিটি থেকে এ পুরস্কার দেয়া হয়। পুরস্কারটি জাতি-ধর্ম নির্বিশেষে সবার জন্য উইলকৃত হলেও পাশ্চাত্যঘেঁষা লোকদেরকেই এটা দেয়া হচ্ছে বলে ধারনা করা হয়।

نوبهار (নওবাহার) ফাঃ বিঃ ; নব বসন্ত।

نوج (নোজ) উঃ ; খোদা না করুন। এমন যেন না হয়।

نوجوان (নওজওয়ান) ফাঃ বিঃ ; যুবক। যুবতী। نوجوانی (নওজওয়ানী) নবযৌবন।

نوچنا (নোচনা) হিঃ মূঃ ; নিষ্পেষণ করা। নখে আচড়ান। চেঁচে ফেলা।

نوچ (নোহ) হিঃ নাঃ স্ত্রীং ; চুলকানি।

نوچندی (নওচন্দী) নাঃ স্ত্রীং ; চান্দ্রমাসের প্রথম বৃহস্পতিবার।

نوح (নূহ) আঃ নাঃ পুং ; শান্তিদায়ক। বিখ্যাত এক নবীর নাম।

نوحه (নওহাঃ) আঃ নাঃ পুং ; ক্রন্দন। বিলাপ। শোকগাঁথা।

نوخیز (নওখীয) ফাঃ বিঃ ; যুবক। অভিজ্ঞতাহীন।

نور (নূর) আঃ নাঃ পুং ; আলো। দীপ্তি।

نورانی (নূরানী) ফাঃ বিঃ ; জ্যোতির্ময়। উজ্জ্বল।

نورباف (নূরবাফ) ফাঃ নাঃ পুং ; জোলা। তাঁতী।

نورد (নওরদ) ফাঃ নাঃ স্ত্রীং ; পর্যটক। ভ্রমণকারী

نوری (নূরী) চুনা পাথর। নূরী পাথর।

نوروز (নওরোজ) ফাঃ নাঃ পুং ; বছরের পয়লা তারিখ। নববর্ষ। হ্যাপি নিউ ইয়ার।

نوسکھیا (নওসিখয়া) হিঃ বিঃ ; অনভিজ্ঞ। নতুন লিখেছে যে। নবীন।

نوش (নোশ) ফাঃ নাঃ পুং ; জীবন সঞ্জীবনী পানি। আবে হায়াত। অমৃত। মধু। তৈরাক। বিঃ ; পানকারী।

نوشادر (নওশাদর) আঃ নাঃ পুং ;

নিশাদল। ঔষধ বিশেষ, যা এমোনিয়াম ও ক্লোরিন দিয়ে প্রস্তুত করা হয়।

نوشت (নবিশ্‌ত) ফাঃ নাঃ স্ত্রীং ; লেখা। লেখনী। লিপিকা।

نوشته (নবিশ্‌তাঃ) ফাঃ বিঃ ; লিখিত।

نوشه (নওশাঃ) ফাঃ নাঃ পুং ; বর। জামাই। নূতন বাদশাহ।

نوشین (নোশীন) ফাঃ বিঃ ; মিষ্টান্ন। মিঠাই। স্বাদযুক্ত।

نوع (নও') আঃ নাঃ পুং ; জাতি। রকম। প্রকার। পদ্ধতি।

نوع انسان (নও-এ-ইনসান) আঃ নাঃ পুং ; মানবজাতি।

نوعیت (নওইয়ত) আঃ নাঃ স্ত্রীং ; প্রকারভেদ। বৈশিষ্ট্য।

نوک (নোক) ফাঃ নাঃ স্ত্রীং ; চঞ্চু। ঠোঁট। ওষ্ঠ। তীক্ষ্ণ প্রান্ত।

نوک پلک (নোক পলক) নাঃ স্ত্রীং ; চেহারার সুষমা। হৃদয়গ্রাহী।

نوک جهوک (নোক ঝোক) সাধারণ ছিদ্রান্বেষণ। ভর্ৎসনা।

نوک زبان (নোক যবান) ফাঃ নাঃ স্ত্রীং ; জিভের মাথা।

نوکر (নওকর) ফাঃ নাঃ পুং ; গোলাম। খাদেম। ভৃত্য।

نوکرانی (নওকারানী) উঃ নাঃ স্ত্রীং ; চাকরাণী।

نوکری (নওকরী) ফাঃ নাঃ স্ত্রীং ; দাসত্ব। গোলামী।

نول (নওল) আঃ নাঃ পুং ; ভাড়া। নৌকা ইত্যাদির ভাড়া। দান। উপহার।

نولاسی (নওলাসী) হিঃ বিঃ ; নাযুক। নরম। স্পর্শকাতর।

نوم (নওম) আঃ নাঃ স্ত্রীং ; নিদ্রা। খাব। ঘুম।

نومی (নাবমী) হিঃ নাঃ স্ত্রীং ; হিন্দী মাসের ৯ম তারিখ। নবমী।

نومیدی (নওমীদী) ফাঃ নাঃ স্ত্রীং ; হতাশা। নৈরাশ্য।

نون (নুন) হিঃ নাঃ পুং ; নূন। লবণ।

نون تیل (নুন তেল) নাঃ পুং ; নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি।

نونا (নুনা) হিঃ বিঃ ; লোনা। ক্ষার। লবণাক্ত।

نونچا (নোনচা) হিঃ বিঃ ; ক্ষারি। লবনাক্তা। নোনতা।

نونی (নুনী) হিঃ নাঃ স্ত্রীং ; শিশু-লিঙ্গ।

نونیا (নুনিয়া) হিঃ বিঃ ; লবণচাষী।

نوی (নবে) ফাঃ বিঃ ; নতুন। নয়া। তাজা।

نونهال (নওনিহাল) ফাঃ নাঃ পুং ; কচি চারা। চারাগাছ। শিশু।

نوید (নবেদ) ফাঃ নাঃ পুং ; সুসংবাদ। সুসমাচার। বেশারত।

نویدن (নবেদন) হিঃ নাঃ পুং ; বিজ্ঞাপন। ঘোষণা। এলান। বিজ্ঞপ্তি। ইশতেহার।

نویس (নবীস) ফাঃ বিঃ ; লেখক। লিপিকার।

نویسنده (নবীসেন্দাঃ) ফাঃ বিঃ ; লেখক। (ব-ব نویسندگان)

نویلا (নবীলা) হিঃ বিঃ ; নয়া। তাজা। নতুন। আধুনিক। বিরল। এলেবেলে। আশ্চর্য। শ্রেয়।

نویلی (নবীলী) হিঃ নাঃ স্ত্রীং ; বিরল। অস্পৃশ্যা। কুমারী। অনুঢ়া। নতুনা। নবীনা।

نویں (নবীঁ) ফাঃ বিঃ ; নতুন। তাজা। টাটকা। সজীব। হিঃ বিঃ ; নবম। ৯ম।

ن – ه

نه (না) ফাঃ ; না। নয়।

نه (নু) ফাঃ নাঃ পুং ; নয়। ৯। একক সংখ্যা বিশেষ।

نهاد (নিহাদ) ফাঃ নাঃ পুং ; ভিত্তি। অভ্যাস। অবস্থা। বংশ।

نهار (নাহার) আঃ নাঃ পুং ; দিবা। দিন।

نهال (নিহাল) ফাঃ নাঃ পুং ; কচি চারা।

হিঃ ; সন্তুষ্ট। সুখী। কৃতকার্য।

نہاں (নিহাঁ) ফাঃ বিঃ ; গুপ্ত। লুক্কায়িত।

نہان (নাহান) হিঃ নাঃ পুং ; গোসল। অবগাহন। স্নান।

نہانا (নহানা) হিঃ মূঃ ; স্নান করা। ধৌত করা।

نہائی (নেহাঈ) হিঃ নাঃ স্ত্রীং ; নেহাই। যে লৌহদন্ডের উপর কর্মকার আঘাত করে।

نہایت (নেহায়েত) ফাঃ নাঃ স্ত্রীং ; শেষ প্রান্ত। সমাপ্তি। সীমা। প্রাচুর্য। অত্যন্ত।

نہتھا (নিহতথা) হিঃ বিঃ ; নিরস্ত্র।

نہج (নহজ) আঃ নাঃ পুং ; প্রশস্ত পথ। রীতি। পদ্ধতি। গঠনতন্ত্র।

نہر (নহর) ফাঃ নাঃ স্ত্রীং ; ছোট নদী। নালা। শাখা-নদী।

نہرنی (নহরনী) হিঃ নাঃ স্ত্রীং ; নখ কাটার অস্ত্র। নেইল কার্টার।

نہرنی (নহরূনী) হিঃ নাঃ স্ত্রীং ; নখ কাটার অস্ত্র।

نہضت (নেহযত) ফাঃ নাঃ স্ত্রীং ; উত্থান। সংকল্প। যাত্রা। উন্নয়ন। অগ্রগতি।

نہفتہ (নহুফতাঃ) ফাঃ বিঃ ; লুক্কায়িত। গুপ্ত।

نہلا (নহলা) হিঃ ; নয় ফোঁটাযুক্ত তাস। নহলা।

نہلانا (নাহলানা) হিঃ মূঃ ; গোসল করানো। ধৌত করানো।

نہنگ (নহঙ্গ) ফাঃ নাঃ পুং ; কুমীর। কুম্ভীর। হাঙ্গর।

نہنگ اجل (নহঙ্গে আজাল) ফাঃ নাঃ পুং ; আযরাঈল। মালাকুল মউত। মৃত্যুর ফেরেশতা। যমদূত।

نہنگ (নিহঙ্গ) হিঃ নাঃ পুং ; শিখদের একটি শাখা বিশেষ। এরা বেঢপ ও উঁচু পাগড়ি বেঁধে থাকে। দিগম্বর। উলঙ্গ। নেংটা। বেহায়া। নির্লজ্জ।

نہم (নহুম) ফাঃ বিঃ ; নবম।

نہوت (নহবত) হিঃ নাঃ স্ত্রীং ; নিঃস্বতা। রিক্ততা।

نہورا (নহোরা) হিঃ নাঃ পুং ; চাটুকারিতা। খোশামোদি। মিনতি।

نہیں (নেহী) আঃ নাঃ স্ত্রীং ; না। নিষেধ। নিষেধাজ্ঞা।

نہی (নহী) আঃ নাঃ পুং ; নিষেধ। বারণ।

نہیب (নাহীব) আঃ নাঃ পুং ; ভয়। ডর। ভীতি। লুটের মাল।

ن – ء

نئ (নই) হিঃ বিঃ ; হিঃ বিঃ ; নতুন।

نئ دنیا (নয়ী দুনিয়া) নাঃ স্ত্রীং আমেরিকা। নতুন বিশ্ব।

نئ نویلی (নয়ী নবিলী) নাঃ বিঃ ; নব বিবাহিতা। নববধু।

نئے (নয়ে) হিঃ বিঃ ; নতুন। তাজা। আধুনিক।

ن – ی

نی (নী) হিঃ নাঃ স্ত্রীং ; বিশেষ্যের শেষে যোগ হয়ে স্ত্রীলিঙ্গের অর্থ দেয়। যেমন– نٹنی – اونٹنی।

نے (নে) ফাঃ নাঃ স্ত্রীং ; বাঁশি। কঞ্চি। নল। হুক্কার নল।

نیستان (নেয়স্থান) ফাঃ নাঃ পুং ; বাঁশঝাড়। নল ঝাড়।

نے (নয়) ফাঃ ; না। নয়। না-বোধক অক্ষর।

نیا (নয়া) হিঃ নাঃ স্ত্রীং ; নৌকা।

نیابت (নিয়াবত) আঃ নাঃ স্ত্রীং ; প্রতিনিধিত্ব। অন্যের উপর ভার অর্পণ। স্থলাভিষিক্ত।

نیارا (নিয়ারা) হিঃ বিঃ ; পৃথক। আলাদা।

نیاریا (নিয়ারিয়া) স্বর্ণকারের দোকান বা ঘরের কাছে যে ব্যক্তি স্বর্ণ তালাশ করে বেড়ায়। চতুর। চালাক।

نیاز (নিয়ায) ফাঃ নাঃ স্ত্রীং ; আবেদন। প্রার্থনা। উৎসর্গ।

نیازمند (নিয়ায মান্দ) ফাঃ বিঃ; প্রার্থী।

نیازکیش (নিয়ায কেশ) ফাঃ বিঃ ; শিষ্ট। শিষ্টাচারী। অক্ষমতা। ভদ্রতা।

نیام (নিয়াম) ফাঃ নাঃ পুং ; কোষ। তরবারীর খাপ। ভাঙ্গা। ব্যান্ডেজ। পট্টি বাধা।

نیائش (নিয়াইশ) ফাঃ নাঃ স্ত্রীং ; প্রশংসা। দু'আ। শিষ্টতা। ভদ্রতা।

نیائک (নিয়াইক) সঃ বিঃ ; তর্কবাগীশ। দার্শনিক। তর্ক পন্ডিত।

نیائے (নেয়ায়ে) সঃ নাঃ পুং ; তর্ক-শাস্ত্র। তর্ক-জ্ঞান। সংবিধান। ইনসাফ।

نیب (নীব) হিঃ নাঃ স্ত্রীং ; নিমগাছ। তেঁতো বৃক্ষ।

نیبو (নেবু) হিঃ নাঃ পুং ; লেবু। নেবু। তেঁতো ফল বিশেষ। মাকাল ফল।

نیبو نچوڑ (নেবু নেচোড়) নাঃ বিঃ ; অনাহুত অতিথি। কৃপণ।

نیت (নিয়ত) আঃ নাঃ স্ত্রীং ; ইচ্ছা। অভিপ্রায়। পরিকল্পনা। উদ্দেশ্য।

نیتا (নেতা) সঃ নাঃ পুং ; দিশারী। লীডার। নেতা। মনিব।

نیٹ (নেট) হিঃ নাঃ পুং ; ঠিক। পরিষ্কার। সিধা।

نیچ (নীচ) হিঃ বিঃ ; নীচ। জঘন্য। নিম্নতর।

نیچ اونچ (নীচ উঁচ) হিঃ নাঃ স্ত্রীং ; উঁচু-নীচু। শুষ্ক-আর্দ্র। ভালো-মন্দ।

نیچا (নীচা) হিঃ বিঃ ; গভীর। অথৈ। উপত্যকা। খাদ। গিরিখাদ।

نیچر (ন্যাচার-Nature) ইং নাঃ স্ত্রীং ; স্বভাব। চরিত্র। প্রকৃতি। জন্ম। দুনিয়া।

نیچرل (ন্যাচারাল) ইং নাঃ ; কুদরতি। প্রাকৃতিক। জন্মগত। চারিত্রিক।

نیچہ (নয়চা) ফাঃ নাঃ পুং ; হুক্কার নল।

نیچے (নীচে) হিঃ ; অধীনস্থ। নিম্নতম।

نیر (নীয়র) সঃ নাঃ পুং ; পানি। নীহার। শিশির। সমুদ্র।

نیرا (নীরা) প্রাঃ বিঃ ; বদমাশ। উষালগ্ন।

نیر (নাইয়র) আঃ নাঃ পুং ; চন্দ্র। সূর্য।

نیر اعظم (নাইয়রে-আযম) আঃ নাঃ পুং ; জ্যোতিষ্ক। সৌরমন্ডল।

نیرنگ (নাইয়রযঙ্গ) ফাঃ নাঃ পুং ; প্রতারণা। কৌতুক। তামাসা। যাদু। ভোজবাজি। অলৌকিকতা।

نیز (নীয) ফাঃ ; আরও। ও । আবার। এমন কি। এইমত।

نیزہ (নেযা) ফাঃ নাঃ পুং ; বর্শা। বল্লম।

نیساں (নীসাঁ) ফাঃ নাঃ পুং ; সিরিয়া দেশে প্রচলিত ৭ম মাস বিশেষ।

نیست (নীস্ত) ফাঃ নাঃ পুং ; অস্তিত্বহীনতা। শূন্যতা। না।

نیستان (নয়স্‌তান) ফাঃ নাঃ পুং ; ইক্ষু ক্ষেত্র। বাঁশঝাড়।

نیستی (নীস্তী) ফাঃ নাঃ পুং ; অনস্তিত্ব। বিলীন। হতভাগ্য।

نیش (নীশ) ফাঃ নাঃ পুং ; কাঁটা। ক্ষার। কন্টক। বিষ।

نیشتر (নীশতর) ফাঃ নাঃ পুং ; কাঁচি। যখম খোলা কাঁচি।

نیشکر (নীশাকর) ফাঃ নাঃ পুং ; আখ। ইক্ষু।

نیشن (নেশন-Nation) ইং নাঃ স্ত্রীং ; জাতি। কওম।

نیشنل (ন্যাশনাল-National) ইং বিঃ ; জাতীয়।

نیشنل ازم (ন্যাশনালিজম- Nationa -lism) ইং নাঃ পুং ; জাতীয়তাবাদ।

نیشنل اسیمبلی (ন্যাশনাল এসেম্বলী) ইং নাঃ স্ত্রীং ; জাতীয় সংসদ।

نیشنلٹی (ন্যাশনালিটি) ইং নাঃ স্ত্রীং ; জাতীয়তা। নাগরিকত্ব।

نیفہ (নেফা) ফাঃ নাঃ পুং ; পাজামার উপরের দিকের অংশ, যাতে কোমর বন্ধনী পরানো হয়।

نیک (নেক) ফাঃ বিঃ ; ভাল। ভাগ্যবান। মঙ্গলজনক।

نیک اختر (নেক আখতার) ভাগ্যবান।

সৌভাগ্যশালী।

نیکی (নেকী) ফাঃ নাঃ স্ত্রীং ; কল্যাণ। মঙ্গল।

نیگ (নেগ্) হিঃ নাঃ পুং ; হিস্যা। অংশ। নযরানা। উপঢৌকন। বিবাহ উপহার।

نیگرو (নিগ্রো-Negro) ইং নাঃ পুং ; কৃষ্ণাঙ্গ। হাবশী।

نیل (নীল) ফাঃ নাঃ পুং ; নীল রঙ। মিশরের বিখ্যাত নদী।

نیل (নাইল) আঃ না পুং ; উদ্দেশ্য। মাকসাদ। মর্ম।

نیلا (নীলা) হিঃ বিঃ ; নীল রঙ্গের। নীলাভ।

نیلام (নীলাম) পর্তুঃ নাঃ পুং ; নীলাম। খোলা বিক্রী।

نیلامی (নীলামী) উঃ বিঃ ; নিলামী মাল।

نیلاهٹ (নীলাহাট) হিঃ বিঃ ; নীলাভ।

نیلک (নীলক) প্রাঃ নাঃ পুং ; বুটিদার কাপড়। কারুকার্যময় পোষাক।

نیلگوں (নীলগুঁ) ফাঃ বিঃ ; নীলরঙ বিশিষ্ট।

نیلم (নীলম) ফাঃ নাঃ পুং ; নীলকান্ত মনি।

نیلوفر (নীলুফর) ফাঃ নাঃ পুং ; পদ্মফুল।

نیم (নীম) হিঃ নাঃ পুং ; নিমগাছ।

نیم (নীম) ফাঃ বিঃ ; অর্ধেক। মধ্য।

نیم ملا (নীম মোল্লা) ফাঃ বিঃ আধা-মৌলভী।

نیموا (নীমওয়া) ফাঃ বিঃ ; অর্ধ-নিমিলীত।

نیمچه (নীমচাঃ) ফাঃ নাঃ পুং ; ছোট তলোয়ার।

نیمن (নীমন) হিঃ বিঃ ; মজবুত। মসৃণ। পরিপক্ক।

نیمه (নীমাঃ) ফাঃ নাঃ পুং ; অর্ধেক। আধা আধি। পার্শ্ব। প্রান্ত।

نیمی (নীমী) হিঃ নাঃ পুং ; ঈমানদার। পবিত্রাত্মা।

نین (নয়ন) হিঃ নাঃ পুং ; চোখ। নযর। দৃষ্টি।

نیناں (নয়নাঁ) হিঃ নাঃ পুং ; চোখগুলি।

نیند (নীন্দ) হিঃ নাঃ স্ত্রীং ; ঘুম। নিদ্রা। শয়ন।

نینو (নীনো) হিঃ নাঃ পুং ; ফুলদার কাপড়। ফুল-কাপড়। ছাপার কাপড়।

نیو (নেও) হিঃ নাঃ স্ত্রীং ; ভিত্তি। ভিত্তিপ্রস্তর।

نیوتا (নেওতা) হিঃ নাঃ পুং ; বিবাহের নগদ পয়নামা।

نیوش (নিউশ) ফাঃ বিঃ ; শোনা। শ্রোতা।

نیوگ (নিউগ) হিঃ নাঃ পুং ; সন্তান লাভের হিন্দুয়ানী প্রথা বিশেষ।

نیولا (নেউলা) হিঃ নাঃ পুং ; বেজী। নেউলে।

نیولی (নেউলী) হিঃ নাঃ স্ত্রীং ; তোড়া। ঘড়া।

نیوی (নেভী-Navy) ইং নাঃ স্ত্রীং ; নৌ বাহিনী।

نیه (নেহ্) হিঃ নাঃ পুং ; ভালবাসা। প্রেম। এশ্ক।

و

و (ওয়াও) আঃ নাঃ পুং ; উর্দুর তেত্রিশ, ফার্সীর ত্রিশ, আরবীর ছাব্বিশ ও হিন্দীর উনত্রিশতম অক্ষর। আবজাদ হিসেবে এর মান–৬।

و — ا

وا (ওয়া) ফাঃ বিঃ ; মুক্ত। উন্মুক্ত। পৃথক। বিণ ; পুনরায়। পুনর্বার।

وابسته (ওয়াবেস্‌তাঃ) ফাঃ বিঃ ; জড়িত। সম্পর্তিত। বদ্ধ। অধীন। (وابستگان ব-ব)

وابستگی (ওয়াবেস্তাগী) ফাঃ নাঃ স্ত্রীং ; জড়িত। সম্পর্কিত। বদ্ধ। অধীন।

واپس (ওয়াপাস) ফাঃ বিঃ ; প্রত্যাবর্তিত। আবর্তিত। পরবর্তী। আবার।

واپسی (ওয়াপাসী) নাঃ স্ত্রীং ; প্রত্যাবর্তন। ফিরিয়ে দেওয়া।

واثق (ওয়াছিক) আঃ বিঃ ; শক্ত। শক্তিশালী। দৃঢ়। নিরাপদ।

واجب (ওয়াজিব) আঃ বিঃ ; দরকারী। আবশ্যক। অবশ্য-কর্তব্য। উপযুক্ত। যথার্থ। উপযোগী। চিরন্তন। যুক্তিপূর্ণ। ওয়াজিব।

واجب الوجود (ওয়াজিবুল ওজুদ) আঃ বিঃ ; অবিনশ্বর সত্ত। চিরন্তনসত্ব।

واجبی (ওয়াজিবী) ফাঃ বিঃ ; জরুরী। আবশ্যকীয়। উঃ ; খোঁড়া। সামান্য।

واحد (ওয়াহিদ) আঃ বিঃ ; এক। প্রথম সম্পূর্ণ। একাকী। একক।

واحد حقیقی (ওয়াহিদে হাকীকী) আঃ বিঃ ; এককত্ব। অনন্য। একমাত্র। প্রকৃত একককসত্ত্বা।

وادی (ওয়াদী) আঃ নাঃ স্ত্রীং ; নিম্নভূমি। নীচু জমি। উপত্যকা।

وار (ওয়ার) হিঃ নাঃ পুং ; আঘাত। জখম। আক্রমণ। অপবাদ। সদকা। বিণ ; এদিকে।

وار (ওয়ার) ফাঃ নাঃ পুং ; বোঝা। সময়। পালা। সাহেব।

وارپار (ওয়ারপার) এই দিক হতে ওই দিক পর্যন্ত।

وارث (ওয়ারিছ) আঃ নাঃ পুং ; উত্তরাধিকারী। মালিক।

وارثی (ওয়ারেছি) আঃ নাঃ পুং ; ওয়ারিসী। আলী শাহ বোগদাদী এর অনুসারী।

وارد (ওয়ারিদ) আঃ বিঃ ; আগমনকারী। যাত্রী। বিদেশী।

واردات (ওয়ারিদাত) আঃ নাঃ স্ত্রীং ; ঘটনা। বিপত্তি।

وارستگی (ওয়ারেস্‌তাগী) ফাঃ নাঃ স্ত্রীং ; মুক্তি। পরিত্রাণ।

وارن (ওয়ারন) হিঃ ; ভেঁট। নৈবেদ্য।

وارنا (ওয়ারনা) হিঃ মূঃ ; উৎসর্গ করা। পরিবেষ্টন করা।

وارن (ওরান) হিঃ নাঃ পুং ; সদকা। দান। উপহার। তোহফা।

وارنٹ (ওয়ারেন্ট–Warrant) ইং নাঃ পুং ; গ্রেফতারী পরওয়ানা।

واڑ (ওয়াড়) হিঃ নাঃ স্ত্রীং ; প্রান্ত। পার্শ্ব। পরিবেষ্টিত স্থান। বাগান।

واڑی (ওয়াড়ী) হিঃ নাঃ স্ত্রীং ; বাগান। চমন। বাড়ী।

واری (ওয়ারী) হিঃ মূঃ ; মরে যাই। ভালবাসা প্রকাশক শব্দ।

واژگوں (ওয়াঝগুঁ) ফাঃ বিঃ ; উল্টো ; চিৎকরা। বিপরীত। অমঙ্গল সূচক।

واسطہ (ওয়াসেতাঃ) আঃ নাঃ পুং ; হিসাব। সম্বন্ধ। কারণ। মধ্যস্থতা।

মাধ্যম। সাহায্য।

واسطے (ওয়াসতে) ফাঃ ; জন্য, পক্ষে। কারণে। ওয়াস্তে(যেমন– আল্লাহ্‌র ওয়াস্তে)।

واسوخت (ওয়াসোখত) ফাঃ নাঃ স্ত্রীং ; কবিতায় আবেগপূর্ণ রীতি।

واشد (ওয়াশিদ) ফাঃ বিঃ ; মুক্ত। বিস্তৃত। অন্তর্হিত।

واصف (ওয়াসিফ) ফাঃ বিঃ ; গুণ বর্ণনাকারী।

واصل (ওয়াসিল) আঃ বিঃ ; সাক্ষাৎকারী। সম্মিলক। মিলে যে এমন।

واصلات (ওয়াসিলাত) আঃ নাঃ স্ত্রীং ; সম্পত্তির আমদানী বা ফলন।

واضح (ওয়াযিহ) আঃ বিঃ ; স্পষ্ট। প্রকাশিত। প্রতীয়মান। প্রকাশ।

واضع (ওয়াযি') আঃ বিঃ ; আবিষ্কারক। নির্মাতা। স্থাপক। প্রকাশ। স্থপতি।

واعظ (ওয়াইয) আঃ নাঃ পুং ; প্রচারক। উপদেশদাতা। বাগ্মী। বক্তা।

وافر (ওয়াফির) আঃ বিঃ ; অধিক। অসংখ্য। পূর্ণ। টইটুম্বুর।

وافی (ওয়াফী) আঃ বিঃ ; পরিপূর্ণ। ভরা। চক্ষুলজ্জা। একনিষ্ঠতা।

واقع (ওয়াকে') আঃ ; ঘটিত। স্থাপিত। নাঃ পুং ; বিপত্তি। ঘটনা।

واقعات (ওয়াকি'আত) আঃ নাঃ পুং ; ঘটিত ব্যাপার সমূহ।

واقعه (ওয়াকে'আঃ) আঃ নাঃ পুং ; ঘটনা। ব্যাপার।

واقعی (ওয়াকি'য়ী) আঃ বিণ ; নিশ্চয়ই। বাস্তবিক পক্ষে। যথার্থ। নিশ্চিত। প্রকৃত।

واقف (ওয়াকিফ) আঃ বিঃ ; পরিচিত। জ্ঞান। অভিজ্ঞান।

واقف حال (ওয়াকিফেহাল) আঃ ফাঃ নাঃ পুং ; ওয়াকিফহাল। বিজ্ঞ। পর্যবেক্ষক।

واقفیت (ওয়াকিফিয়্যাত) ফাঃ নাঃ স্ত্রীং ; জানাশোনা থাকা। পরিচয়। অভিজ্ঞতা।

واک آوٹ (ওয়াক আউট–Walk out) ইং নাঃ পুং ; বিপক্ষকে দুর্বল করতে সংসদ অধিবেশন বর্জন করা। কর্মবিরতি।

والا (ওয়ালা) ফাঃ বিঃ ; মহান। উচ্চ। বিখ্যাত। উন্নত। খ্যাতিমান।

والد (ওয়ালিদ) আঃ নাঃ পুং ; বাবা। বাপ। আব্বা। পিতা।

والده (ওয়ালিদাঃ) আঃ নাঃ স্ত্রীং ; মা। আম্মা। মাতা।

والدین (ওয়ালিদাইন) আঃ নাঃ পুং; মাতা-পিতা। বাবা-মা।

والنٹیر (ভলান্টিয়ার– Volunteer) ইং নাঃ পুং ; স্বেচ্ছাসেবক।

واله (ওয়ালেহ্) সাঃ বিঃ ; প্রতারিত। প্রবঞ্চিত। প্রেমিক।

والی (ওয়ালী) ফাঃ নাঃ পুং ; শাসক। মালিক। অভিভাবক।

وام (ওয়াম) ফাঃ নাঃ পুং ; কর্জ। ঋণ। ধার।

وامق (ওয়ামিক) আঃ নাঃ পুং ; আরব্য সাহিত্যের আযরার প্রেমিকার নাম। বন্ধু। সাথী।

وان (ওয়ান) হিঃ ; শব্দের শেষ যোগ হয়, যেমন– (کوچوان -কোচোয়ান) মালিক। সাহেব। প্রভু। মালিক।

وانی (ওয়ানী) সঃ নাঃ স্ত্রীং ; আওয়াজ। প্রতিধ্বনি। যবান। কথোপকথন।

واؤچر (ভাউচার–Voucher) ইং নাঃ পুং ; হিসাব। রসিদ। কুপন। হিসাবের ফর্দ। চোতা।

واه (ওয়াহ) ফাঃ ; বাহ্ ! কি মজা ! বেশ তো ! খারাপ কি!

واهرے (ওয়াহরে) সাবাশ। মারহাবা।

واثیقه (ওয়াছীকাঃ) আঃ নাঃ পুং ; প্রতিজ্ঞা। সনদ। চুক্তি।

واهب (ওয়াহিব) আঃ নাঃ পুং ; দাতা। হেবাকারী। ক্ষমাশীল। বিঃ ; উদার। মহান।

واهیّات (ওয়াহিয়্যাত) আঃ বিঃ ; (واهی -এর ব-ব)বাজে কথা। মনগড়া কথা।

وائے (ওয়ায়ে) ফাঃ ; পরিতাপার্থে, হায়! আহা !

واهمه (ওয়াহিমাঃ) আঃ নাঃ পুং ; কল্পনা। চিন্তাশক্তি।

واهی (ওয়াহী) আঃ বিঃ ; বেহুদা। খামাখা। অনর্থক।

وائر (ওয়ার–Wire) ইং নাঃ পুং ; তার। বৈদ্যুতিক তার।

وائر لیس (ওয়্যারলেস–Wirelese) ইং নাঃ স্ত্রীং ; তারহীন যন্ত্র। সংবাদ প্রেরণের মাধ্যম যন্ত্র।

واس (ভাইস–Vice) ইং বিঃ ; সহকারী। স্থলাভিষিক্ত। কায়েম মোকাম। নায়েব।

وائش چانسلر (ভাইস চ্যান্সেলার–Vice Chancellor) ইং নাঃ পুং ; উপাচার্য। সহকারী ভার্সিটি প্রধান।

وائسرائے (ভাইসরয়–Viceroy) ইঃ নাঃ পুং ; রাজার মুখপাত্র। সম্রাটের নায়েব। গভর্ণর জেনারেল।

وائل (ওয়ায়েল–Voil) ইং নাঃ পুং ; সুতি কাপড় বিশেষ।

وائن (ওয়ায়েন–Wine) ইং নাঃ স্ত্রীং ; মদ। শরাব।

وایا (ভায়া–Via) ইং পুং ; ভায়া। মাধ্যম। হয়ে।

و – ب

وبا (ওয়াবা) সঃ নাঃ স্ত্রীং ; প্লেগ। মহামারী।

وبال (ওয়াবাল) আঃ নাঃ পুং ; বোঝা। ভারী। আযাব। মুসিবত। শাস্তি। দায়।

و – ت

وتد (ওয়াতাদ) আঃ নাঃ পুং ; পেরেক। লাঠি।

وتر (ওয়াতার) আঃ নাঃ পুং ; ধনুকের রশি। বাদ্যযন্ত্রের তার।

وتر (বিত্‌র) আঃ নাঃ পুং ; নির্জনত্ব। একাকীত্ব। এশার নামাযের পর তিন রাকাত ওয়াজিব নামায।

وتیره (ওয়াতীরাঃ) আঃ নাঃ পুং ; অভ্যাস। নিয়ম। নিয়মানুবর্তিতা। রাস্তা। মত। পথ।

و – ٹ

وٹ (ওয়াট) হিঃ নাঃ পুং ; হিস্যা। অংশ। টুকরা।

وطامن (ভিতামিন) ইং নাঃ পুং ; খাদ্যপ্রাণ। রাসায়নিক পদার্থ, যা খাদ্যের মধ্যে আছে এবং মানুষের শরীর বর্দ্ধন ও রোগ নিরাময়ে কাজে আসে। ভিটামিন।

و – ث

وثاق (বিছাক) আঃ নাঃ পুং ; পট্টি। ব্যান্ডেজ। চুক্তি। স্থিরিকৃত। বাঁধন।

وثاقت (বিছাকত) আঃ নাঃ স্ত্রীং ; পরিপক্কতা। মজবুতী। অবস্থা।

وثائق (ওয়াছাইক) আঃ নাঃ পুং ; (وثیقه - এর-ব-ব) পরিপক্কতা। অঙ্গীকার। চুক্তি। দস্তাবেজ।

وثوق (উছূক) আঃ নাঃ পুং ; পরিপক্কতা। ভরসা। আস্থা। দস্তাবেজ।

وثیقه (ওয়াছীকাঃ) আঃ নাঃ পুং ; চুক্তি। প্রতিজ্ঞা। ভরসা। দলিল। দস্তাবেজ। পরিপক্কতা।

و - ج

وجاهت (ওয়াজাহাত) আঃ নাঃ স্ত্রীং ; সৌন্দর্য। কমনীয়তা। লাবণ্য। ইজ্জত। সম্মান। প্রভাব। প্রতিপত্তি।

وجد (ওয়াজদ) আঃ নাঃ পুং ; উন্মত্ততা। আন্তরিক প্রেম। হর্ষোল্লাস।

وجب (ওয়াজাব) আঃ নাঃ স্ত্রীং ; বিঘত।

وجدان (বিজদান) আঃ নাঃ পুং ; জানা। জ্ঞাত হওয়া। মেধা।

وجع (ওয়াজা') আঃ নাঃ পুং ; ব্যথা। রোগ ভোগ। শোক। বেদনা।

وجوب (উজূব) আঃ নাঃ পুং ; আবশ্যকীয়তা। জরুরী হওয়া। দরকারী হওয়া।

وجود (ওয়াজূদ) আঃ নাঃ পুং ; অস্তিত্ব। দেহ। বস্তু।

وجودى (ওয়াজূদী) আঃ বিঃ ; অস্তিত্ববান। বিদ্যমান। বিরাজমান।

وجوه (উজূহ) আঃ নাঃ পুং ; স্ত্রীং ; (وجه -এর ব-ব) কারণ। যুক্তি।

وجه (ওয়াজহ্) আঃ নাঃ স্ত্রীং ; চেহারা। মুখমন্ডল। মুখাবয়ব। ছুরত। কারণ। দলিল। প্রান্ত। পার্শ্ব। যুক্তি।

وجيه (ওয়াজীহ) আঃ বিঃ ; সুন্দর চেহারাবিশিষ্ট। সম্মানী। মান্যগন্য।

و - چ

وچار (বিচার) সঃ নাঃ পুং ; চিন্তা-ভাবনা। ধ্যান। গবেষণা।

وچن (বচন) সঃ নাঃ পুং ; কথা। অঙ্গীকার বচন।

و - ح

وحدانى (ওয়াহদানী) আঃ বিঃ ; একত্ববাদী। তৌহীদী।

وحدانيت (ওয়াহদানিয়্যাত) আঃ নাঃ স্ত্রীং ; একত্ববাদ। তৌহিদ।

وحدت (ওয়াহদাত) আঃ নাঃ স্ত্রীং ; একত্ব। অনন্যতা। একাকীত্ব। নিঃসঙ্গতা।

وحدت الشهود (ওয়াহদাতুশ শুহুদ) আঃ নাঃ স্ত্রীং ; সুফীবাদের পরিভাষায়-দুনিয়ার যাবতীয় বস্তুর সম্মুখে আল্লাহ তা'আলাকেই সর্বশক্তিমান মনে করা।

وحدت الوجود (ওয়াহদাতুল ওয়াজূদ) আঃ ফাঃ নাঃ পুং ; সুফীগণের ভাষায়-অস্তিত্বশীল গোটা সৃষ্টিজীবের খোদা তা'আলাকে এক ও অদ্বিতীয় মান্য করা। অবিনশ্বর।

وحش (ওয়াহ্শ) আঃ নাঃ পুং ; বন্য পশু। শ্বাপদ।

وحشت (ওয়াহশাত) আঃ নাঃ স্ত্রীং ; ভয়। আতংক। ভীতি। নির্জনতা। বিজনতা। বর্বরতা।

وحشت ناك (ওয়াহশাত নাক) আঃ নাঃ বিঃ ; ভীতিপ্রদ। ভয়াল।

وحوش (উ'হূশ) আঃ নাঃ পুং ; (وحش ওয়াহশুন-এর ব-ব) বন্য পশু।

وحشى (ওয়াহ্শী) আঃ বিঃ ; হিংস্র। বন্য। অসভ্য। জংলী।

وحشيانه (ওয়াহশীয়ানাঃ) ফাঃ নাঃ বিঃ ; বন্যদের মত। হিংস্রতা। কাপালিকতা।

وحى (ওহী) আঃ নাঃ স্ত্রীং ; প্রত্যাদেশ। কানে কানে কথা। গোপন খবর। আম্বিয়া আলাইহিমুস্সালাম গণের কাছে প্রেরিত খোদা তা'আলার ঐশী বাণী।

وحيد (ওয়াহীদ) আঃ বিঃ ; একাকী। অনুপম। অদ্বিতীয়। অনন্য।

و - د

وداد (বিদাদ) আঃ নাঃ স্ত্রীং ; চাহিদা। ভালবাসা। প্রেম। বন্ধুত্ব। মানবিকতা।

وداع (বিদা') আঃ নাঃ পুং ; বিদায়। বিদায় গ্রহণ। বধু বিদায়।

وداعی (বিদায়ী) আঃ বিঃ ; বিদায়ী। শেষের। চূড়ান্তী।

ودان (বিদ্দান) সঃ বিঃ ; জ্ঞানী। বিচক্ষণ। বিদ্বান। বিজ্ঞ।

ودود (ওয়াদূদ) আঃ বিঃ ; বন্ধু। মিত্র। আল্লাহর গুণ প্রকাশক নাম।

ودھوا (বিধওয়া) আঃ নাঃ স্ত্রীঃ ; বিধবা। স্বামীহারা।

ودیا (বিদ্যা) হিঃ নাঃ স্ত্রীং ; বিদ্যা। জ্ঞান। শিল্পকথা।

ودیعت (ওয়াদী'আত) আঃ নাঃ স্ত্রীং ; গচ্ছিত বস্তু।

و - ڈ

وڈیرا (ওডীরা) সিঃ নাঃ পুং ; জায়গীরদার। জমিদার।

و - ر

ور (ওয়ার) সঃ বিঃ ; পিছে। পশ্চাতে।

وراثت (বিরাছাত) আঃ নাঃ স্ত্রীং ; উত্তরাধিকার। ওয়ারিশী।

وراثۃ (বিরাছাতন) সাঃ বিণ ; উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত। ওয়ারিশ সূত্র।

ورائٹی (ভ্যারাইটি-Variety) ইং নাঃ স্ত্রীং ; রকমারী। নানা কিসিম। হরেক রকম।

ورد (ওয়ারদ) আঃ নাঃ পুং ; গোলাপ ফুল। ফুল-পাপড়ি।

ورد (বিরদ) আঃ নাঃ পুং ; প্রবেশানুমতি। উপস্থিতি। দৈনিক ব্যবহার। বিশেষ পোষাক। ঘাট। পিপাসা।

وردی (ওয়ারদী) হিঃ নাঃ স্ত্রীং ; সংযম। মিতাচার। অভ্যাস। শারীরিক। ব্যায়াম।

وردی (ওয়ারদী) হিঃ নাঃ স্ত্রীং ; সৈনিকের পোষাক। বিশেষ পোষাক। সকাল সন্ধ্যায় যে নহবত বা ঢাক বাজান হয়।

ورزش (ওয়ারযিশ) ফাঃ নাঃ স্ত্রীং ; সংযম। মিতাচার। অভ্যাস। শারীরিক ব্যায়াম।

ورطہ (ওয়ারতাঃ) আঃ নাঃ পুং ; গোলক ধাঁধাঁ। ঘূর্ণাবর্ত। বিষম সমস্যা।

ورغلانا (ওয়ারগালানা) হিঃ মূঃ ; প্রতারণা করা। ফুসলান। প্রলোভিত করা।

ورع (ওয়ারা') আঃ নাঃ স্ত্রীং ; সংযমশীলতা। পরহেযগারী।

ورق (ওয়ারাক) আঃ নাঃ পুং ; পৃষ্ঠা। পাপড়ি। তাস। পাতা।

ورقہ (ওয়ারকাঃ) নাঃ পুং ; কিতাবের পৃষ্ঠা। পাতা।

ورک (ওয়ারক) আঃ নাঃ পুং ; নিতম্ব। পাছা।

ورم (ওয়ার্‌ম) আঃ নাঃ পুং ; ফোলা। ফোসকা পড়া।

ورن (ওয়ার্‌ম) সাঃ নাঃ পুং ; বংশ। পোষাক। দেহ। প্রকারভেদ।

ورنہ (ওয়ারনাঃ) ফাঃ ; নতুবা। যদি।

ورود (উরুদ) আঃ নাঃ পুং ; অবতরণ। উপনীত হওয়া।

وروده (বিরুদ্ধ) সঃ নাঃ পুং ; বিরোধ। বৈরিতা। বিরুদ্ধ।

ورید (ওয়ারীদ) আঃ নাঃ স্ত্রীং ; শাহরগ। গলার বড় রগ।

و - ز

وزارت (ওযারাত) আঃ নাঃ স্ত্রীং ; মন্ত্রীত্ব। মন্ত্রণালয়। মিনিস্ট্রী।

وزن (ওযন) আঃ নাঃ পুং ; ওজন। পরিমাপ + ছন্দ। সুখ্যাতি। সম্মান। পরীক্ষা।

وزنہ (ওযনাঃ) উঃ নাঃ পুং ; যে পাথর দিয়ে পেপার চাপা দেয়া হয়। ওয়েট পেপার।

وزنی (ওযনী) ফাঃ বিঃ ; ভারী। বোঝা।

মসৃণ।

وزیر (ওয়াযীর) আঃ নাঃ পুং ; মন্ত্রী। দাবার শক্তিশালী ঘুঁটি।

وزیر اعظم (ওয়াযীরে আযম) আঃ নাঃ পুং ; প্রধাণমন্ত্রী। ইং ; প্রাইম মিনিস্টার।

وزیر اعلی (ওয়াযীরে আ'লা) আঃ নাঃ পুং ; মুখ্যমন্ত্রী। ইং ; চীফ মিনিস্টার।

وزیری (ওয়াযীরী) ফাঃ নাঃ স্ত্রীং ; মন্ত্রীত্ব। মন্ত্রনালয়। পাঠানদের একটি গোত্র।

و – س

وساطت (বিসাতাত) আঃ নাঃ স্ত্রীং ; উপায়। মধ্যস্থতা। সুপারিশ। মাধ্যমে। দ্বারা। সাহায্যে।

وساده (বিসাদাহ) আঃ নাঃ পুং ; তাকিয়া। মসনদ। গদি।

وسائل (ওয়াসায়িল) আঃ নাঃ পুং ; (وسیله -এর ব–ব) উসিলা। মাধ্যম।

وسط (ওয়াস্ত) আঃ নাঃ পুং ; মধ্যভাগ। কেন্দ্র।

وسطانی (উস্তানী) আঃ বিঃ ; মাধ্যমিক।

وسطی (উস্তা) ফাঃ বিঃ ; মধ্যকার। মধ্যভাগের। মাঝারি।

وسع (উস') আঃ নাঃ স্ত্রীং ; প্রশস্ততা। প্রস্থতা। বিশালতা। শক্তি। সামর্থ। সাধ্য।

وسعت (ওয়াসআত) আঃ নাঃ স্ত্রীং ; বিস্তৃতি। উম্মুক্ত। স্থান। অবকাশ। সুযোগ। আরাম।

وسواس (ওয়াসওয়াস) আঃ নাঃ পুং ; কু-চিন্তা। সন্দেহ। শংকা। ধারণা। বিমূঢ়তা। ওয়াসওয়াসা। কুমন্দ্রনা দানকারী।

وسوسه (ওয়াসওয়াসাঃ) আঃ নাঃ পুং ; সন্দেহ। অহেতুক সন্দেহ প্রবনতা। শংকা। দ্বিধা। ধারণা। কুমন্দ্রণা। ছুছিবায়ু।

وسیع (ওয়াসী') আঃ বিঃ ; বিস্তৃত। উন্মুক্ত। প্রশস্ত।

وسیله (ওয়াসীলাঃ) আঃ নাঃ পুং ; সম্মন্ধ। কারণ। উপকার। নির্ভর। উছিলা। মাধ্যম।

وسیم (ওয়াসীম) আঃ বিঃ ; সুন্দর। সুপুরুষ। সুগঠন।

ویسکی (উইসকি–Whisky) ইং নাঃ স্ত্রীং ; হুইস্কি। একপ্রকার মদ্য।

